৫০. **The antonym of 'vice' is–**
ক. honesty খ. values
গ. virtue ঘ. truthful উ. গ

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : Vice = পাপ/দোষ, virtue = পুণ্য/গুণ, honesty = সততা, values = মূল্যবোধ, truthful = সত্যবাদী।

৫১. ২১৯৫২ সংখ্যাটিকে কোন ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা ভাগ করলে ভাগফল পূর্ণবর্গ সংখ্যা হবে?

ক. ২ খ. ৪
গ. ৭ ঘ. ৮ উ. গ

ব্যাখ্যা :

২ | ২১৯৫২
২ | ১০৯৭৬
২ | ৫৪৮৮
২ | ২৭৪৪
২ | ১৩৭২
২ | ৬৮৬
৭ | ৩৪৩
৭ | ৪৯
৭

∴ ২১৯৫২ = (২×২)×(২×২)×(২×২)×(৭×৭)×৭

অতএব, ৭ দ্বারা ভাগ করলে ভাগফল পূর্ণবর্গ হবে। কারণ, একটি ৭ ব্যতীত বাকি সংখ্যাগুলো জোড়ায় জোড়ায় তথা বর্গাকারে বিদ্যমান।

৫২. ৯১, ১০১, ১১৭ এবং ১২৩ এর মধ্যে মৌলিক সংখ্যা কোনটি?

ক. ৯১ খ. ১০১
গ. ১১৭ ঘ. ১২৩ উ. খ

ব্যাখ্যা : কোনো সংখ্যাকে যদি ১ এবং সেই সংখ্যা ছাড়া অন্য কোনো সংখ্যা দ্বারা ভাগ করা না যায়, তাকে মৌলিক সংখ্যা বলে। এখানে ১০১ একটি মৌলিক সংখ্যা। বাকি সংখ্যাগুলোর বিভাজ্যরূপ নিম্নে প্রদান করা হলো :

৯১ = ৭ × ১৩
১১৭ = ৩ × ৩ × ১৩
১২৩ = ৩ × ৪১

অর্থাৎ, ৯১, ১১৭, ১২৩ মৌলিক সংখ্যা নয়। ১০১ মৌলিক সংখ্যা।

৫৩. $x - y = 2$ এবং $xy = 24$ হলে $x + y$ এর মান–

ক. ± 4 খ. ± 5
গ. ± 7 ঘ. ± 10 উ. ঘ

ব্যাখ্যা : আমরা জানি,

$(x + y)^2 = (x - y)^2 + 4xy$
বা $(x + y)^2 = 2^2 + 4 \times 24$
বা, $(x + y)^2 = 100$
বা, $(x + y)^2 = (10)^2$
∴ $(x + y) = \pm 10$

৫৪. $\sqrt[3]{a} = \sqrt{5}$ হলে a এর মান কত?

ক. $3\sqrt{5}$ খ. $5\sqrt{5}$
গ. 5 ঘ. $\sqrt[3]{5}$ উ. খ

ব্যাখ্যা : $\sqrt[3]{a} = \sqrt{5}$

বা, $a^{\frac{1}{3}} = \sqrt{5}$

বা, $\left(\frac{1}{a^3}\right)^3 = \sqrt{5}^3$ (ঘন করে)

বা, $a = \sqrt{5}^3$

বা, $a = \sqrt{5} \times \sqrt{5} \times \sqrt{5}$

বা, $a = \left(\sqrt{5}\right)^2 \times \sqrt{5}$

∴ $a = 5\sqrt{5}$

৫৫. $\log_{2\sqrt{5}} 400$ এর মান কত?

ক. 1 খ. 2
গ. $2\sqrt{5}$ ঘ. 4 উ. ঘ

ব্যাখ্যা : $\log_{2\sqrt{5}} 400$

$= \log_{2\sqrt{5}} \left(2\sqrt{5}\right)^4$

$= 4 \times \log_{2\sqrt{5}} 2\sqrt{5}$

$= 4 \times 1 \quad [\because \log_a a = 1]$

$= 4$

৫৬. m এর মান কত হলে $x^2 + x - m$ একটি পূর্ণবর্গ রাশি হবে।

ক. $\frac{1}{2}$ খ. $\frac{1}{4}$
গ. $-\frac{1}{2}$ ঘ. $-\frac{1}{4}$ উ. ঘ

ব্যাখ্যা : এখানে, $x^2 + x - m$

$= x^2 + 2.x.\frac{1}{2} + \left(\frac{1}{2}\right)^2 - \left(\frac{1}{2}\right)^2 - m$

$= \left(x + \frac{1}{2}\right)^2 - \frac{1}{4} - m$

∴ $-m - \frac{1}{4} = 0$

∴ $-\frac{1}{4} = m$

অর্থাৎ, $m = -\frac{1}{4}$

অতএব, রাশিটি পূর্ণবর্গ হবে যদি $m = -\frac{1}{4}$ হয়।

Scanned with CamScanner CamScanner

৫৭. দুইটি সংখ্যার অনুপাত ৩ : ২ এবং এদের গ.সা.গু. ৪ হলে সংখ্যা দুইটির ল.সা.গু. কত?

ক. ৪ খ. ৮
গ. ১৬ ঘ. ২৪ উ. ঘ

ব্যাখ্যা : ধরি, সংখ্যাদ্বয় ৩x এবং ২x
এদের গ.সা.গু. = x
∴ প্রশ্নমতে, x = ৪
∴ সংখ্যাদ্বয় (৩ × ৪ = ১২) এবং (২ × ৪ = ৮)

আমরা জানি ল.সা.গু. $= \frac{\text{সংখ্যাদ্বয়ের গুণফল}}{\text{গ.সা.গু.}} = \frac{১২ \times ৮}{৪}$

$= ২৪$

৫৮. a, b, c ক্রমিক সমানুপাতিক হলে নিচের কোনটি সঠিক?

ক. $ab = bc$ খ. $a^2 = bc$
গ. $b^2 = ca$ ঘ. $c^2 = ab$ উ. গ

ব্যাখ্যা : a, b, c ক্রমিক সমানুপাতিক হলে

$a : b = b : c$

বা, $\frac{a}{b} = \frac{b}{c}$

বা, $b^2 = ac$

∴ $b^2 = ca$

৫৯. একটি খুটির দৈর্ঘ্য 20 মিটার। এর ছায়ার দৈর্ঘ্য কত মিটার হলে উন্নতি কোণ 45° হবে?

ক. 20 মি. খ. 25 মি.
গ. 30 মি. ঘ. 40 মি. উ. ক

ব্যাখ্যা :



চিত্র অনুসারে, $\tan\theta = \frac{\text{লম্ব}}{\text{ভূমি}}$

$\tan 45° = \frac{AB}{BC}$

বা, $1 = \frac{20}{BC}$ [মান বসিয়ে]

∴ BC = 20

অর্থাৎ ছায়ার দৈর্ঘ্য = 20

৬০. একজন মাঝি দাঁড় বেয়ে 15 কি. মি. যেতে এবং সেখান থেকে ফিরে আসতে 4 ঘণ্টা সময় লাগে। সে স্রোতের অনুকূলে যতক্ষণে 5 কি.মি. যায়, স্রোতের প্রতিকূলে ততক্ষণে 3 কি. মি. যায়। স্রোতের বেগ কত?

ক. 8 খ. 4
গ. 2 ঘ. $\frac{1}{2}$ উ. গ

ব্যাখ্যা : ধরি, নৌকার বেগ ঘণ্টায় x কি.মি.
স্রোতের বেগ ঘণ্টায় y কি.মি.
∴ স্রোতের অনুকূলে বেগ = x + y কি.মি.
স্রোতের প্রতিকূলে বেগ = x − y কি.মি.

শর্তানুসারে, $\frac{15}{x+y} + \frac{15}{x-y} = 4$ ..... (i)

$\frac{5}{x+y} = \frac{3}{x-y}$ ..... (ii)

(ii) নং থেকে পাই $\frac{5}{x+y} = \frac{3}{x-y}$

বা, $5x - 5y = 3x + 3y$

বা, $5x - 3x = 3y + 5y$

বা, $2x = 8y$

∴ $x = 4y$ ..... (iii)

x এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,

$\frac{15}{4y+y} + \frac{15}{4y-y} = 4$

বা, $\frac{15}{5y} + \frac{15}{3y} = 4$

বা, $\frac{3}{y} + \frac{5}{y} = 4$

বা, $\frac{8}{y} = 4$

বা, $\frac{8}{4} = y$

∴ $y = 2$

৬১. একটি দ্রব্য x% ক্ষতিতে বিক্রয় করলে যে মূল্য পাওয়া যায় 3x% লাভে বিক্রয় করলে তার চেয়ে 18x টাকা বেশি পাওয়া যায়। দ্রব্যটির ক্রয়মূল্য কত?

ক. 400 টাকা খ. 500 টাকা
গ. 450 টাকা ঘ. 540 টাকা উ. গ

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : ধরি, ক্রয়মূল্য = 100 টাকা

∴ বিক্রয়মূল্যের পার্থক্য = (3x + x) = 4x টাকা

বিক্রয়মূল্যের পার্থক্য 4x হলে ক্রয়মূল্য = 100 টাকা

" " 1 " " $= \frac{100}{4x}$ "

" " 18x " " $= \frac{100 \times 18x}{4x}$

= 450 টাকা

৬২. 4% হার মুনাফায় কোনো টাকার 2 বছরের সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য 1 টাকা হলে আসল কত?

ক. 625 টাকা খ. 650 টাকা

গ. 600 টাকা ঘ. 725 টাকা উ. ক

ব্যাখ্যা : (ক) মুনাফার পার্থক্য নির্ণয়ের সূত্র : $P\left(\frac{r}{100}\right)^n$

অর্থাৎ, মুনাফার পার্থক্য = $P\left(\frac{r}{100}\right)^n$

বা, $1 = P\left(\frac{4}{100}\right)^2$

বা, $1 = P\left(\frac{1}{25}\right)^2$

বা, $1 = P\left(\frac{1}{625}\right)$

বা, $1 = \frac{P}{625}$

∴ P = 625

এখানে,
P = আসল
r = হার
n = সময়

৬৩. একটি আয়তাকার ঘরের মেঝের ক্ষেত্রফল 192 বর্গমিটার। মেঝের দৈর্ঘ্য 4 মিটার কমালে ও প্রস্থ 4 মিটার বাড়ালে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। মেঝের দৈর্ঘ্য কত?

ক. 16 মিটার খ. 12 মিটার

গ. 8 মিটার ঘ. 6 মিটার উ. ক

ব্যাখ্যা : ধরি, আয়তাকার মেঝের দৈর্ঘ্য = x মিটার

এবং প্রস্থ = y মিটার

∴ মেঝের ক্ষেত্রফল xy = 192

∴ $y = \frac{192}{x}$ ..... (i)

প্রশ্নানুসারে,

(x − 4) (y + 4) = 192

বা, $(x - 4)\left(\frac{192}{x} + 4\right) = 192$ [y এর মান বসিয়ে]

বা, $(x - 4)\left(\frac{192 + 4x}{x}\right) = 192$

বা, (192 + 4x) (x − 4) = 192x

বা, 192x − 768 + 4x² − 16x = 192x

বা, 192x − 768 + 4x² − 16x − 192x = 0

বা, 4x² − 16x − 768 = 0

বা, x² − 4x − 192 = 0

বা, x² − 16x + 12x − 192 = 0

বা, x(x − 16) + 12(x − 16) = 0

বা, (x − 16) (x + 12) = 0

এখানে, x − 16 = 0

∴ x = 16

আবার, x + 12 = 0

∴ x = − 12 [কিন্তু ঋণাত্মক মান গ্রহণযোগ্য নয়]

৬৪. একটি ত্রিভুজের ভূমি তার উচ্চতার দ্বিগুণ অপেক্ষা 6 cm বেশি। ত্রিভুজটির ক্ষেত্রফল 810 বর্গ cm হলে, এর উচ্চতা কত?

ক. 30 cm খ. 27 cm

গ. 33 cm ঘ. 36 cm উ. খ

ব্যাখ্যা : ধরি, ত্রিভুজের উচ্চতা = x সে.মি.

∴ " ভূমি = 2x + 6 "

আমরা জানি, ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা

প্রশ্নানুসারে, $\frac{1}{2} \times (2x + 6) \times x = 810$

বা, $2x^2 + 6x = 810 \times \frac{2}{1}$

বা, $2x^2 + 6x = 1620$

বা, $2x^2 + 6x - 1620 = 0$

বা, $x^2 + 3x - 810 = 0$

বা, $x^2 + 30x - 27x - 810 = 0$

বা, x(x + 30) − 27(x + 30) = 0

বা, (x + 30) (x − 27) = 0

এখানে, x + 30 = 0

∴ x = − 30 [কিন্তু ঋণাত্মক মান গ্রহণযোগ্য নয়]

আবার, x − 27 = 0

∴ x = 27 [এটি গ্রহণযোগ্য]

৬৫. একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহু দুইটির প্রত্যেকটি 5 একক এবং ভূমি 6 একক হলে, ক্ষেত্রফল কত?

ক. 6 খ. 8

গ. 10 ঘ. 12 উ. ঘ

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : আমরা জানি,

সর্বসমতা ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$ বর্গ একক

$= \frac{6}{4}\sqrt{4.5^2 - 6^2}$ "

$= \frac{6}{4}\sqrt{100 - 36}$ "

$= \frac{6}{4}\sqrt{64}$

$= \frac{6}{4}\sqrt{8^2}$

$= \frac{6}{4}.8$

$= 12$ বর্গ একক

৬৬. π ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের কোনো চাপ কেন্দ্রে x° কোণ উৎপন্ন করলে, চাপের দৈর্ঘ্য কত?

ক. $\frac{\pi r x}{180^\circ}$ একক খ. $\frac{rx}{180^\circ}$

গ. rx একক ঘ. $\frac{\pi x}{180^\circ}$ একক উ. ক

ব্যাখ্যা : আমরা জানি,

বৃত্তের ব্যাসার্ধ $= r$ হলে,

360° কোণ উৎপন্ন করলে, চাপের দৈর্ঘ্য = পরিধি $= 2\pi r$ একক

যেহেতু, 1° কোণ উৎপন্ন করলে, চাপের দৈর্ঘ্য $= \frac{2\pi r}{360^\circ}$ একক হয়

$\therefore x^\circ$ কোণ উৎপন্ন করলে, চাপের দৈর্ঘ্য $= \frac{2\pi r \times x}{360^\circ}$ একক

$= \frac{\pi r x}{180^\circ}$ একক

৬৭. $2\sin^2\theta + 3\cos\theta - 3$ হলে θ এর মান কত? যেখানে θ সূক্ষ্মকোণ।

ক. 60° খ. 0°

গ. 30° ঘ. 45° উ. ক

ব্যাখ্যা : দেওয়া আছে,

$2\sin^2\theta + 3\cos\theta - 3 = 0$

বা, $2(1 - \cos^2\theta) + 3\cos\theta - 3 = 0$

বা, $2 - 2\cos^2\theta + 3\cos\theta - 3 = 0$

বা, $-2\cos^2\theta + 3\cos\theta - 1 = 0$

বা, $2\cos^2\theta - 3\cos\theta + 1 = 0$

বা, $2\cos^2\theta - 2\cos\theta - \cos\theta + 1 = 0$

বা, $2\cos\theta(\cos\theta - 1) - 1(\cos\theta - 1) = 0$

বা, $(2\cos\theta - 1)(\cos\theta - 1) = 0$

এখানে, $2\cos\theta - 1 = 0$

বা, $2\cos\theta = 1$

$\therefore \cos\theta = \frac{1}{2}$

$\therefore \theta = 60^\circ$

আবার, $\cos\theta - 1 = 0$

$\therefore \cos\theta = 1$

$\therefore \theta = 90^\circ$ (গ্রহণযোগ্য নয়। যেহেতু প্রশ্নের শর্তানুসারে θ সূক্ষ্মকোণ। অর্থাৎ, 90° কোণ থেকে ছোট হবে।)

৬৮. একটি বৃত্তের ক্ষেত্রফল একটি বর্গের ক্ষেত্রফলের সমান হলে তাদের পরিসীমার অনুপাত কত হবে?

ক. $\pi : 2$ খ. $2 : \pi$

গ. $\pi : 2\sqrt{\pi}$ ঘ. $2\sqrt{\pi} : \pi$ উ. গ

ব্যাখ্যা : আমরা জানি,

বৃত্তের ব্যাসার্ধ $= r$ একক হলে, বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$, বৃত্তের পরিসীমা $= 2\pi r$

বর্গের এক বাহুর দৈর্ঘ্য $= a$ একক হলে, বর্গের ক্ষেত্রফল $= a^2$, বর্গের পরিসীমা $= 4a$

প্রশ্নমতে, $\pi r^2 = a^2$

$\therefore a = \sqrt{\pi}r$

$\therefore$ বৃত্ত ও বর্গের পরিসীমার অনুপাত $= 2\pi r : 4a$

$= 2\pi r : 4\sqrt{\pi}r$ [a এর মান বসিয়ে]

বা, $r = \frac{4\sqrt{\pi}r}{2r}$

$= \pi : 2\sqrt{\pi}$

৬৯. 1 ঘন সে. মি. কাঠের ওজন 7 ডেসিগ্রাম। কাঠের ওজন সমআয়তন পানির ওজনের শতকরা কতভাগ?

ক. 100 ভাগ খ. 70 ভাগ

গ. 10 ভাগ ঘ. 7 ভাগ উ. খ

ব্যাখ্যা : 1 ঘন সে. মি. কাঠের ওজন $= 7$ ডেসিগ্রাম

আবার, 1 ঘন সে. মি. পানির ওজন $= 10$ ডেসিগ্রাম

$\therefore$ কাঠের ওজন : পানির ওজন $= 7 : 10$

$= \frac{7}{10}$

$\therefore$ কাঠের ওজন সমআয়তন পানির শতকরা $= \frac{7}{10} \times 100$

$= 70$

Scanned with CamScanner CamScanner

৭০. একটি ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 26 মিটার, 28 মিটার এবং ক্ষেত্রফল 182 বর্গমিটার হলে, বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ নির্ণয় করুন।

ক. $60°$ খ. $30°$

গ. $45°$ ঘ. $90°$ উ. খ

ব্যাখ্যা : কোনো ত্রিভুজের দুটি বাহু যথাক্রমে a ও b এবং তাদের অন্তর্ভুক্ত কোণ θ হলে ক্ষেত্রফল $= \frac{1}{2} \times ab \times \sin\theta$

অতএব, $\frac{1}{2} \times 26 \times 28 \times \sin\theta = 182$

বা, $364 \times \sin\theta = 182$

বা, $\sin\theta = \frac{182}{364}$

বা, $\sin\theta = \frac{1}{2}$

$\therefore \theta = 30°$ [যেহেতু $\sin 30° = \frac{1}{2}$]

৭১. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত 1 : 1 : 2 হলে ত্রিভুজটি কোন ধরনের ত্রিভুজ?

ক. সমবাহু ত্রিভুজ খ. সমদ্বিবাহু ত্রিভুজ

গ. সমকোণী ত্রিভুজ ঘ. বিষমবাহু ত্রিভুজ উ. গ

ব্যাখ্যা : আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি $= 180°$

ধরি, কোণ তিনটি x, x এবং 2x

প্রশ্নমতে, $x + x + 2x = 180°$

বা, $4x = 180°$

$\therefore x = 45°$

$\therefore$ কোণত্রয় হচ্ছে $45°$, $45°$ এবং $90°$

অর্থাৎ, ত্রিভুজটি একটি সমকোণী ত্রিভুজ হবে।

৭২. $a^{-n} = \frac{1}{a^n}$ কোন শর্তে সত্য?

ক. $a = 0$ খ. $a \neq 0$

গ. $a > 0$ ঘ. $a < 0$ উ. খ

ব্যাখ্যা : ঋণাত্মক পূর্ণ সংখ্যার সূচকের সূত্রানুসারে

$a^{-n} = \frac{1}{a^n}$, যখন $a \in R, a \neq 0$ এবং $n \in N$

৭৩. $\frac{32}{(64)^x} = 8$ হলে x এর মান কত?

ক. $\frac{1}{3}$ খ. 3

গ. 4 ঘ. 8 উ. ক

ব্যাখ্যা : দেওয়া আছে, $\frac{32}{(64)^x} = 8$

বা, $\frac{2^5}{(2^6)^x} = 2^3$

বা, $2^{5-6x} = 2^3$

বা, $5-6x = 3$

বা, $-6x = 3-5$

বা, $-6x = -2$

বা, $x = \frac{2}{6}$

$\therefore x = \frac{1}{3}$

৭৪. একটি সমবৃত্তভূমিক বেলনের ভূমির ব্যাসার্ধ π এবং উচ্চতা h হলে উহার আয়তন–

ক. πr^2 খ. $2\pi rh$

গ. $2\pi r(r+h)$ ঘ. $\pi r^2 h$ উ. ঘ

ব্যাখ্যা : আমরা জানি,

সমবৃত্তভূমিক বেলনের ভূমির ব্যাসার্ধ r এবং উচ্চতা h হলে, ভূমির ক্ষেত্রফল $= \pi r^2$, বক্রপৃষ্ঠের ক্ষেত্রফল $= 2\pi rh$, পৃষ্ঠতলের ক্ষেত্রফল $= 2\pi r(r+h)$, আয়তন $= \pi r^2 h$।

৭৫. $x - \frac{1}{x} = \frac{3}{2}$ হলে, $x^3 - \frac{1}{x^3}$ এর মান কত?

ক. 36 খ. 63

গ. $\frac{36}{8}$ ঘ. $\frac{63}{8}$ উ. ঘ

ব্যাখ্যা : $x^3 - \frac{1}{x^3} = \left(x - \frac{1}{x}\right)^3 + 3.x.\frac{1}{x}\left(x - \frac{1}{x}\right)$

$= \left(\frac{3}{2}\right)^3 + 3\left(\frac{3}{2}\right)$ [মান বসিয়ে]

$= \frac{27}{8} + \frac{9}{2} = \frac{27+36}{8}$

$= \frac{63}{8}$

৭৬. বাংলাদেশের ভৌগোলিক অবস্থান কোনটি?

ক. $২৪°৩০'$ থেকে $২৮°৩৪'$ দক্ষিণ অক্ষাংশ

খ. $৮০°৩৪'$ থেকে $৪০°৯০'$ পশ্চিম দ্রাঘিমাংশ

গ. $৩৪°২৫'$ থেকে $২৮°৩৮'$ উত্তর অক্ষাংশ

ঘ. $৮৮°০১'$ থেকে $৯২°৪১'$ পূর্ব দ্রাঘিমাংশ উ. ঘ

ব্যাখ্যা :

বাংলাদেশের ভৌগোলিক অবস্থান	
অংক্ষাংশ	$২০°৩৪'$ উত্তর থেকে $২০°৩৮'$ পর্যন্ত
দ্রাঘিমাংশ	$৮৮°১'$ পূর্ব থেকে $৯২°৪১'$ পর্যন্ত

Scanned with CamScanner CamScanner

৭৭. বাংলার সর্বপ্রাচীন জনপদ কোনটি?
ক. পুণ্ড্র খ. সমতট
গ. রাঢ় ঘ. হরিকেল উ. ক

ব্যাখ্যা : বাংলাদেশের সবচেয়ে প্রাচীন জনপদ পুণ্ড্র (মনে রাখুন প্রাচীন = পুণ্ড্র)। এ জনপদের রাজধানী ছিল পুণ্ড্রনগর, যার বর্তমান মহাস্থানগড়। এটি বর্তমানে বগুড়া জেলায় অবস্থিত।

৭৮. বাংলাদেশে ব-দ্বীপ মহাপরিকল্পনা-২১০০ কোন দেশের পরিকল্পনাকে অনুসরণ করে করা হয়েছে?
ক. সুইজারল্যান্ড খ. নেদারল্যান্ডস
গ. আয়ারল্যান্ড ঘ. ফিনল্যান্ড উ. খ

ব্যাখ্যা : বিশ্বের বৃহত্তম Delta বা ব-দ্বীপ হচ্ছে বাংলাদেশ। বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের ফলে এ ব-দ্বীপকে রক্ষা করার জন্য নেদারল্যান্ডসের সহায়তায় 'Delta Plan 2100' প্রণয়ন করা হয়েছে বাংলাদেশে।

৭৯. বিলোনিয়া সীমান্ত কোন জেলার অন্তর্গত?
ক. ফেনী খ. নীলফামারী
গ. পঞ্চগড় ঘ. জয়পুরহাট উ. ক

ব্যাখ্যা : বিলোনিয়া সীমান্ত ফেনী জেলায় অবস্থিত। বাংলাদেশের সবচেয়ে উত্তরের স্থান ও উপজেলা যথাক্রমে বাংলাবান্ধা ও তেঁতুলিয়া, যা পঞ্চগড় এ অবস্থিত। নীলফামারী জেলার সীমান্তবর্তী স্থান চিলাহাটি। জয়পুরহাটের সীমান্তবর্তী স্থান পাঁচবিবি।

৮০. বাংলাদেশে বর্তমানে মোট কতটি শিক্ষাবোর্ড রয়েছে?
ক. ৮টি খ. ৯টি
গ. ১০টি ঘ. ১১টি উ. ঘ

ব্যাখ্যা : বাংলাদেশে বর্তমানে মোট ১১টি শিক্ষাবোর্ড রয়েছে। এদের মধ্যে ৯টি সাধারণ ১টি মাদ্রাসা এবং ১টি কারিগরী শিক্ষাবোর্ড। ১ম শিক্ষাবোর্ড ঢাকা (১৯২১) এবং সর্বশেষ শিক্ষাবোর্ড ময়মনসিংহ (২০১৭)।

৮১. ১৯৭১ সালের ৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান প্রদত্ত ভাষণটি ইউনেস্কো কোন তারিখে "বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য" হিসেবে ঘোষণা করে?
ক. ৩০ শে অক্টোবর, ২০১৭ সাল
খ. ৩০ শে নভেম্বর, ২০১৭ সাল
গ. ৩০ শে সেপ্টেম্বর, ২০১৮ সাল
ঘ. ৩০ শে অক্টোবর, ২০১৮ সাল উ. ক

ব্যাখ্যা : বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণকে ইউনেস্কো ৩০ অক্টোবর ২০১৭ বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য (World Documentary Heritage) হিসেবে স্বীকৃতি দেয়। শপথ, বাংলাদেশে ইউনেস্কো কর্তৃক স্বীকৃত ৩টি বিশ্ব ঐতিহ্য স্থান বা 'World Heritage Site' রয়েছে।

৮২. "বর্ধমান হাউজ" কোথায় অবস্থিত?
ক. ঢাকা খ. কলকাতা
গ. পশ্চিমবঙ্গ ঘ. কুষ্টিয়া উ. ক

ব্যাখ্যা : বর্ধমান হাউজে ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয়। ঢাকার এ স্থানটিতে অবিভক্ত বাংলার বর্ধমানের মহারাজা থাকতেন বলে এর নামকরণ করা হয়েছিল 'বর্ধমান হাউজ'।

৮৩. দেশের প্রস্তাবিত গভীর সমুদ্র বন্দর কোথায় হওয়ার কথা?
ক. সন্দ্বীপ খ. হাতিয়া
গ. মনপুরা ঘ. সোনাদিয়া উ. *

ব্যাখ্যা : *দেশের ১ম গভীর সমুদ্রবন্দর কক্সবাজারের সোনাদিয়ায় চীনের সহায়তায় নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছিল, যা পরবর্তীতে বাতিল করা হয়। বর্তমানে কক্সবাজারের মহেশখালী উপজেলার মাতারবাড়ীতে দেশের প্রথম গভীর সমুদ্রবন্দর নির্মিত হচ্ছে জাপানের সহায়তায়। উল্লেখ্য যে, দেশে ৩টি সমুদ্র বন্দর রয়েছে- চট্টগ্রাম, মোংলা, পায়রা।

৮৪. বিশ্বের সবচেয়ে বড় অর্থনৈতিক জোট কোনটি?
ক. ASEAN খ. SAFTA
গ. EU ঘ. WTO উ. গ

ব্যাখ্যা : বিশ্বের সবচেয়ে বড় অর্থনৈতিক জোট EU। কিন্তু বিশ্বের সবচেয়ে বড় বাণিজ্যিক সংস্থা- WTO (বিশ্ব বাণিজ্য সংস্থা)। EU এর সদর দফতর ব্রাসেলস, বেলজিয়াম এবং WTO এর সদর দফতর জেনেভা, সুইজারল্যান্ডে অবস্থিত।

৮৫. প্রোগ্রাম থেকে কপি করা ডেটা কোথায় সংরক্ষিত থাকে?
ক. হার্ডডিস্ক খ. RAM
গ. ক্লিপবোর্ড ঘ. ROM উ. গ

ব্যাখ্যা : কোন প্রোগ্রাম বা ফাইলের কোন অংশ copy বা cut করলে তা ক্লিপবোর্ডে অস্থায়ীভাবে সংরক্ষিত থাকে। ROM স্থায়ী মেমোরি, RAM অস্থায়ী মেমোরি।

৮৬. "আলোর কণা" তত্ত্বের প্রবক্তা কে?
ক. আইজ্যাক নিউটন খ. অ্যালো হ্যাজেন
গ. গ্যালিলিও ঘ. রামফোর্ড উ. ক

ব্যাখ্যা : আলোর কণা তত্ত্বের স্যার আইজ্যাক নিউটন। আধুনিক জ্যোতির্বিজ্ঞানের জনক গ্যালিলিও। বিগ ব্যাং তত্ত্বের জনক জি. লেমেটার।

৮৭. কোন শহরটি "বিগ অ্যাপেল" নামে পরিচিত?
ক. লন্ডন খ. প্যারিস
গ. সিঙ্গাপুর ঘ. নিউইয়র্ক উ. ঘ

ব্যাখ্যা : উপনাম : নিউইয়র্ক = বিগ আপেল/জাঁকজমকের নগরী; প্যারিস = আলোর শহর; সিঙ্গাপুর = প্রাচ্যের মুক্তা, লন্ডন = যুক্তরাজ্যের রাজধানী এবং যুক্তরাজ্যের সর্ববৃহত্তর শহর; ঢাকা = রিক্সার নগরী/মসজিদের শহর।

৮৮. আকাশের উজ্জ্বলতম নক্ষত্র কোনটি?
ক. লুব্ধক খ. সূর্য
গ. প্রক্সিমা সেন্টরাই ঘ. ধ্রুবতারা উ. ক

ব্যাখ্যা : আকাশের উজ্জ্বলতম নক্ষত্র লুব্ধক, পৃথিবীর নিকটতম নক্ষত্র সূর্য, সূর্যের নিকটতম নক্ষত্র প্রক্সিমা সেন্টারাই।

৮৯. আসাদগেট নামের পটভূমির সাথে জড়িত কোন সন?
ক. ১৯৪৭ সন খ. ১৯৫২ সন
গ. ১৯৬৯ সন ঘ. ১৯৭১ জন উ. গ

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : উনসত্তরের গণঅভ্যুত্থানের শহীদ আসাদের স্মৃতি রক্ষার্থে ঢাকার 'আইয়ুব গেট' এর নাম পরিবর্তন করে রাখা হয় 'আসাদ গেট'। আসাদ শহীদ হন- ২০ জানুয়ারি ১৯৬৯।

৯০. ঢাকার খোলাইখাল কে খনন করেন?
ক. ইসলাম খান খ. সরফরাজ খান
গ. মুর্শিদ কুলি খান ঘ. ঈশা খান উ. ক

ব্যাখ্যা : বাংলার ১ম মুঘল সুবাদার ইসলাম খান ঢাকার 'খোলাই খাল' খনন করেন। তিনি ১৬১০ সালে সর্বপ্রথম ঢাকাকে বাংলার রাজধানী বানান। মুঘল সম্রাট জাহাঙ্গীরের নামানুসারে তিনি ঢাকার নামকরণ করেন 'জাহাঙ্গীরনগর'।

৯১. ইউনেস্কো কবে সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্য হিসেবে ঘোষণা করে?
ক. ১৯৯৬ সাল খ. ১৯৯৭ সাল
গ. ১৯৯৮ সাল ঘ. ১৯৯৯ সাল উ. খ

ব্যাখ্যা : UNESCO সুন্দরবনকে World Heritage Site হিসেবে ঘোষণা করে ১৯৯৭ সালে। আর পাহাড়পুর বৌদ্ধ বিহার ও ষাটগম্বুজ মসজিদকে স্বীকৃতি দেয় ১৯৮৫ সালে। সুন্দরবনের মোট আয়তন ১০,০০০ বর্গ কিলোমিটার। তবে, বাংলাদেশের অংশে সুন্দরবন এর আয়তন ৬০১৭ বর্গ কিমি।

৯২. 'ভেটো' কথাটি কোন শব্দ থেকে আগত?
ক. ল্যাটিন খ. গ্রিক
গ. ফ্রেঞ্চ ঘ. ইংরেজি উ. ক

ব্যাখ্যা : Veto (ভেটো) একটি ল্যাটিন শব্দ: যার অর্থ 'আমি এটা মানি না'। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের ৫ স্থায়ী সদস্যের 'Veto' প্রদানের ক্ষমতা রয়েছে। দেশগুলো হল- যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া ও চীন।

৯৩. ভূ-মধ্যসাগর ও আটলান্টিক মহাসাগরের মধ্যে কোন প্রণালির অবস্থান?
ক. হরমুজ খ. বসফরাস
গ. পক ঘ. জিব্রাল্টার উ. ঘ

ব্যাখ্যা : জিব্রাল্টার প্রণালি ভূমধ্যসাগর ও আটলান্টিক মহাসাগরকে যুক্ত করেছে এবং আফ্রিকা ও ইউরোপ মহাদেশকে পৃথক করেছে। অন্যদিকে, হরমুজ প্রণালি যুক্ত করেছে পারস্য উপসাগর ও ওমান উপসাগরকে এবং পৃথক করেছে ইরান ও সংযুক্ত আরব আমিরাতকে। বসফরাস প্রণালি যুক্ত করেছে- কৃষ্ণ সাগর ও মর্মর সাগরকে এবং এশিয়া ও ইউরোপকে পৃথক করেছে। পক প্রণালি- ভারত মহাসাগর ও আরব সাগরকে এবং পৃথক করছে ভারত ও শ্রীলংকাকে।

৯৪. "War and Peace" উপন্যাসের রচয়িতা কে?
ক. কার্ল মার্কস খ. জেন অস্টিন
গ. মন্টেস্কু ঘ. লিও টলস্টয় উ. ঘ

ব্যাখ্যা :

বিখ্যাত গ্রন্থ	রচয়িতা
War and Peace	লিও টলস্টয়
Das Capital	কার্ল মার্কস
Pride and Prejudice	জেন অস্টিন
The Spirit of Laws	মন্টেস্কু

৯৫. কোনটিতে রোবটের ব্যবহার করা হয়?
ক. জটিল সার্জারি চিকিৎসায়
খ. ব্যক্তির স্বাক্ষর শনাক্তকরণে
গ. নতুন জাতের বীজ উৎপাদনে
ঘ. টেনিস বলের আকৃতি তৈরিতে উ. ক

ব্যাখ্যা : জটিল সার্জারি, শিল্পক্ষেত্র, বোমা চিহ্নিতকরণ, রেস্তোরাঁ ইত্যাদি ক্ষেত্রে রোবট ব্যবহৃত হয়। কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন রোবট 'সোফিয়া' (নির্মাতা হ্যানসন কর্পোরেশন)।

৯৬. "আল আকসা" মসজিদ কোথায় অবস্থিত?
ক. ফিলিস্তিন খ. ইসরাইল
গ. আলজেরিয়া ঘ. সৌদি আরব উ. ক

ব্যাখ্যা : আল আকসা মসজিদ বা বাইতুল মুকাদ্দাস ফিলিস্তিনের জেরুজালেম এ অবস্থিত। ইসরায়েল কর্তৃক ১৯৬৯ সালে এ মসজিদে আগুন লাগিয়ে দেয়ার প্রেক্ষিতে OIC গঠিত হয়। এটি মুসলমানদের ১ম কিবলা এবং ৩য় পবিত্রতম মসজিদ।

৯৭. পৃথিবীতে সবচেয়ে মূল্যবান ধাতু কোনটি?
ক. স্বর্ণ খ. হীরা
গ. সিলভার ঘ. প্লাটিনাম উ. ঘ

ব্যাখ্যা : পৃথিবীতে সবচেয়ে মূল্যবান ধাতু প্লাটিনাম। স্বর্ণ, সিলভার, হীরা, প্লাটিনাম এগুলো অভিজাত ধাতু। সবচেয়ে হালকা ধাতু লিথিয়াম, পানি অপেক্ষা হালকা ধাতু সোডিয়াম।

৯৮. দেহ বৃদ্ধিকারক হরমোন কোনটি?
ক. থাইরক্সিন খ. প্রোল্যাকটিন
গ. এড্রিনালিন ঘ. সোমাটোট্রফিক উ. ক

ব্যাখ্যা : থাইরক্সিন হরমোন দেহের বৃদ্ধি ঘটায়। এ হরমোন থাইরয়েড গ্রন্থি থেকে নিঃসৃত হয়। পিটুইটারি গ্রন্থিকে প্রভু গ্রন্থি বলা হয়। হরমোন মানবদেহে রাসায়নিক দূত হিসেবে কাজ করে।

৯৯. উচ্চ ফলনশীল শস্য উৎপাদনে কোন প্রযুক্তি ব্যবহৃত হয়?
ক. বায়োমেট্রিক্স খ. ভার্চুয়াল রিয়ালিটি
গ. ন্যানোটেকনোলজি ঘ. জেনেটিক ইঞ্জিনিয়ারিং উ. ঘ

ব্যাখ্যা : নতুন বৈশিষ্ট্য সৃষ্টির জন্য কোন জীবের DNA তে পরিবর্তন ঘটানোকে বলা হয় জিন প্রকৌশল। জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর মাধ্যমে বিভিন্ন উন্নত মানের শস্য উৎপন্ন করা হচ্ছে। জেনেটিক ইঞ্জিনিয়ারিং প্রাণী ও উদ্ভিদের বংশবিস্তার বিষয়ক বিজ্ঞান।

১০০. বাংলাদেশের উষ্ণতম স্থান কোনটি?
ক. লালখান খ. লালপুর
গ. রাজশাহী ঘ. বগুড়া উ. খ

ব্যাখ্যা :

উষ্ণতম স্থান	লালপুর (নাটোর)
শীতলতম স্থান	লালখাল (শ্রীমঙ্গল, মৌলভীবাজার)
শীতলতম মাস	জানুয়ারি
উষ্ণতম মাস	এপ্রিল

Scanned with CamScanner CamScanner

১৬তম কলেজ/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৯

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ৪০০; পরীক্ষার তারিখ : ৩০.০৮.২০১৯

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কর্তন করা হবে।]

১. 'বাংলা ভাষার ইতিবৃত্ত' গ্রন্থের রচয়িতা কে?
ক. মুহম্মদ শহীদুল্লাহ খ. দীনেশচন্দ্র সেন
গ. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ঘ. সুকুমার সেন **উ. ক**

ব্যাখ্যা : "বাংলা ভাষার ইতিবৃত্ত" গ্রন্থের রচয়িতা ড. মুহম্মদ শহীদুল্লাহ। তাঁর আরো কয়েকটি গ্রন্থ হচ্ছে- বাংলা সাহিত্যের কথা, ভাষা ও সাহিত্য ইত্যাদি।

২. বাক্যে কোন চিহ্নটি থাকলে থামার প্রয়োজন নেই?
ক. কোলন খ. সেমিকোলন
গ. হাইফেন ঘ. ড্যাস **উ. গ**

ব্যাখ্যা : হাইফেন, ইলেক বা লোপ চিহ্ন ও বন্ধনী চিহ্ন থাকলে থামার প্রয়োজন নেই।

৩. 'সংবাদ প্রভাকর' পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক কে ছিলেন?
ক. কাজী নজরুল ইসলাম খ. ঈশ্বরচন্দ্র গুপ্ত
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. প্রমথ চৌধুরী **উ. খ**

ব্যাখ্যা : 'সংবাদ প্রভাকর' পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক ছিলেন ঈশ্বরচন্দ্র গুপ্ত। পত্রিকাটি ১৮৩১ খ্রিস্টাব্দের ২৮ জানুয়ারি প্রথম প্রকাশিত হয়।

৪. 'পানি' শব্দের প্রতিশব্দ কোনটি?
ক. বারিধি খ. নলিনী
গ. অপ ঘ. পয়ঃ **উ. গ, ঘ**

ব্যাখ্যা : অপশনে পানি শব্দের ২টি প্রতিশব্দ (অপ, পয়ঃ) রয়েছে। বারিধি ও নলিনী শব্দের অর্থ যথাক্রমে সাগর ও পদ্ম।

৫. কোন বানানটি শুদ্ধ?
ক. মুমুর্ষু খ. মুমূর্ষু
গ. মূমুর্ষু ঘ. মূমূর্ষূ **উ. খ**

ব্যাখ্যা : 'মুমূর্ষু' বানানটি সঠিক। এরূপ আরো কয়েকটি বানান- অনুকূল, মুহূর্ত, মধুসূদন, শুশ্রূষা, দুরূহ ইত্যাদি।

৬. 'ধামাধরা' বাগধারাটির অর্থ কী?
ক. যথেচ্ছাচারী খ. বক ধার্মিক
গ. তোষামোদকারী ঘ. কদরহীন লোক **উ. গ**

ব্যাখ্যা : 'ধামাধরা' বাগধারাটির অর্থ- তোষামোদকারী, ঢাকের কাঠি, খয়ের খাঁ, আমড়া গাছি করা।

৭. 'দর্শনীয়' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়-
ক. $\sqrt{\text{দর্শন}}$ + ইয় খ. $\sqrt{\text{দৃশ}}$ + অনীয়
গ. $\sqrt{\text{দৃশ্য}}$ + নীয় ঘ. $\sqrt{\text{দর্শন}}$ + ঈয় **উ. খ**

ব্যাখ্যা : কর্ম ও ভাববাচ্যের ধাতুর পরে অনীয় প্রত্যয় যুক্ত হয়।

৮. 'সাথী' শব্দটি কোন লিঙ্গ?
ক. পুংলিঙ্গ খ. স্ত্রী লিঙ্গ
গ. ক্লীব লিঙ্গ ঘ. উভয় লিঙ্গ **উ. ঘ**

ব্যাখ্যা : যে শব্দ দ্বারা স্ত্রী-পুরুষ উভয় জাতিকেই বুঝায় তাকে উভয় লিঙ্গ বলে, যেমন : সাথী, সন্তান, শিশু, রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পাখি ইত্যাদি।

৯. 'সাপের খোলস' এক কথায় প্রকাশ-
ক. বৃত্তি খ. নির্মোক
গ. অজিন ঘ. করভ **উ. খ**

ব্যাখ্যা : সাপের খোলস- এককথায় প্রকাশে হবে- নির্মোক/কঞ্চুক, বৃত্তি- বাঘের চামড়া, অজিন-হরিণের চামড়া, করভ-হাতির শাবক।

১০. "রাজায় রাজায় লড়াই করছে"-এ বাক্যে 'রাজায় রাজায়' কী?
ক. প্রয়োজক কর্তা খ. মুখ্য কর্তা
গ. ব্যতিহার কর্তা ঘ. গিজন্ত কর্তা **উ. গ**

ব্যাখ্যা : যখন দুইজন কর্তা একই সাথে একই কাজ করে তখন তাকে ব্যতিহার কর্তা বলে। যেমন : রাজায়-রাজায়, বাঘে-মহিষে ইত্যাদি।

১১. "উষ্ণ' শব্দের যুক্তাক্ষরটি কোন কোন বর্ণের সমন্বয়ে গঠিত?
ক. ষ্ + ন খ. ষ্ +ণ
গ. ষ্ +ঞ ঘ. ষ্ +ঙ **উ. খ**

ব্যাখ্যা : 'উষ্ণ' শব্দের যুক্তাক্ষরটি 'ষ' ও 'ণ' এর সমন্বয়ে গঠিত।

১২. কোনটি সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তির উদাহরণ?
ক. ভিক্ষা দাও দেখিলে ভিক্ষুক
খ. ভিক্ষা দাও দুয়ারে ভিক্ষুক
গ. ভিক্ষুককে ভিক্ষা দাও ঘ. কোনোটির নয় **উ. গ**

ব্যাখ্যা : যাকে মালিকানা ত্যাগ করে দান করা হয় তাকে সম্প্রদান কারক বলে। সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি ব্যবহার হয়। তাই সঠিক উত্তর হবে- ভিক্ষুককে ভিক্ষা দাও।

১৩. 'প্রসারণ' এর বিপরীত শব্দ-
ক. সম্প্রসারণ খ. বিবর্ধন
গ. আকুঞ্চন ঘ. আকর্ণন **উ. গ**

ব্যাখ্যা : 'প্রসারণ এর বিপরীত শব্দ আকুঞ্চন।

১৪. কোনটি ফারসি শব্দ?
ক. চাবি খ. চাকর
গ. চাহিদা ঘ. চশমা **উ. ঘ**

ব্যাখ্যা : 'চশমা' ফারসি ভাষার শব্দ। চাবি, চাকর, চাহিদা শব্দগুলো যথাক্রমে পর্তুগিজ, তুর্কি ও পাঞ্জাবি ভাষার শব্দ।

১৫. কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ?
ক. বড় দাদা > বড়দা খ. কিছু > কিচ্ছু
গ. পিশাচ > পিচাশ ঘ. মুক্তা > মুকুতা **উ. গ**

ব্যাখ্যা : ধ্বনি বিপর্যয় মানেই পাশাপাশি অবস্থিত দুইটি ব্যঞ্জন ধ্বনির স্থান পরিবর্তন। যেমন : পিশাচ > পিচাশ, লাফ > ফাল ইত্যাদি।

Scanned with CamScanner CamScanner

১৬. 'কৃতবিদ্য' শব্দের ব্যাসবাক্য কোনটি?
ক. কৃত যে বিদ্য খ. কৃত যে বিদ্যা
গ. কৃত বিদ্যা যার ঘ. কৃত হয়েছে যার বিদ্যা উ. গ
ব্যাখ্যা : 'কৃতবিদ্য' শব্দের ব্যাসবাক্য হলো– কৃত বিদ্যা যার। এটি বহুব্রীহি সমাসের উদাহরণ।

১৭. কোন সমাসে পরপদের অর্থ প্রধান থাকে?
ক. অব্যয়ীভাব খ. বহুব্রীহি
গ. দ্বন্দ্ব ঘ. কর্মধারয় উ. ঘ
ব্যাখ্যা : কর্মধারয়, দ্বিগু ও তৎপুরুষ সমাসে পরপদের অর্থ প্রধান হয়।

১৮. "যারা বাইরে ঠাঁট বজায় রেখে চলে।"–এর অর্থ প্রকাশক বাগধারা কোনটি?
ক. বাহের আধুলি খ. লেফাফা দুরস্ত
গ. রাশভারি ঘ. ভিজে বেড়াল উ. খ
ব্যাখ্যা : যারা বাইরে ঠাঁট বজায় রেখে চলে– এর অর্থ প্রকাশক বাগধারা হলো– লেফাফা দুরস্ত।

১৯. যোগরূঢ় শব্দ কোনটি?
ক. বাঁশি খ. তৈল
গ. পঙ্কজ ঘ. চিকামারা উ. গ
ব্যাখ্যা : সমাস নিষ্পন্ন যে সকল শব্দ ব্যাসবাক্যের অনুগামী না হয়ে অন্য কোন বিশিষ্ট অর্থ গ্রহণ করে তাকে যোগরূঢ় শব্দ বলে। যেমন : পঙ্কজ, জলধি, রাজপুত, মহাযাত্রা ইত্যাদি।

২০. কোনটি সমার্থক শব্দ নয়?
ক. পাবক খ. পবন
গ. বহ্নি ঘ. অনল উ. খ
ব্যাখ্যা : পবন (বাতাস) শব্দটি সমার্থক নয়। পাবক, বহ্নি, অনল শব্দগুলোর অর্থ আগুন।

২১. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. কারো ফাগুন মাস, কারো সর্বনাশ
খ. সে প্রাণীবিদ্যায় দুর্বল
গ. আগত শনিবার কলেজ বন্ধ থাকবে
ঘ. বিধি লঙ্ঘিত হয়েছে উ. ঘ
ব্যাখ্যা : 'বিধি লঙ্ঘিত হয়েছে' -বাক্যটি শুদ্ধ। অন্য বাক্যগুলো প্রবাদ-প্রবচন, অর্থ ও বাহুল্যজনিত কারণে ভুল।

২২. সম্বন্ধ পদে কোন বিভক্তি যুক্ত হয়?
ক. কে, রে খ. প্রথমা, শূন্য
গ. র, এর ঘ. এ, তে উ. গ
ব্যাখ্যা : সম্বন্ধ পদে র/এর বিভক্তি'– যুক্ত হয়। যেমন : সুস্মিতার ভাই বাড়ি যাবে।

২৩. কোনটি ব্যঞ্জন সন্ধির উদাহরণ?
ক. শুভেচ্ছা খ. সংবাদ
গ. প্রত্যেক ঘ. অতীত উ. খ
ব্যাখ্যা : সম্ + বাদ = সংবাদ ব্যঞ্জন সন্ধির উদাহরণ। অন্য শব্দগুলো স্বর সন্ধির উদাহরণ।

২৪. 'ইউসুফ জোলেখা' কী জাতীয় রচনা?
ক. নাটক খ. উপন্যাস
গ. রোমান্টিক প্রণয় কাব্য ঘ. রম্যরচনা উ. গ
ব্যাখ্যা : 'ইউসুফ জোলেখা' বাংলা সাহিত্যের প্রথম মুসলিম কবি শাহ মুহম্মদ সগীর রচিত রোমান্টিক প্রণয়োপাখ্যান জাতীয় কাব্য।

২৫. কায়কোবাদের প্রকৃত নাম কী?
ক. কাজেম আল কোরেশী খ. আবু নাসের কায়কোবাদ
গ. কায়কোবাদ ইসলাম ঘ. আবুল হোসেন কায়কোবাদ উ. ক
ব্যাখ্যা : কায়কোবাদের প্রকৃত নাম মুহম্মদ কাজেম আল কোরেশী।

26. **Choose the correct sentence :**
ক. I know what does he want?
খ. I know what does he wans?
গ. I know what does he want.
ঘ. I know what he wants. উ. ঘ
ব্যাখ্যা : অন্য একটি বাক্যে বা প্রশ্নবোধক বাক্যের ভিতর যখন আরেকটি প্রশ্নবোধক বাক্য থাকে, তাকে Embedded question বলে। Embedded question দুভাবে গঠিত হয়।
(১) sub + verb + question word + sub + verb.
→ I know what he wants.
(২) Auxiliary verb + sub + verb + question word + sub + verb + ?
→ Do you know where he went?
সুতরাং শুদ্ধ বাক্য : I know what he wants.

27. **Which is the correct use of gerund?**
ক. I saw the girl dancing.
খ. I am dancing on the fioor.
গ. Dancing is a good exercise
ঘ. The girl came here dancing. উ. গ
ব্যাখ্যা : verb + ing যুক্ত word যদি একই সাথে verb ও noun-এর কাজ করে তাকে gerund বলে। 'Dancing is a good exercise' বাক্যে dancing noun-এর কাজ করেছে। এছাড়া অন্যান্য বাক্যে dancing participle হিসেবে কাজ করেছে।

28. **The correctly spelt word is —**
ক. Millennium খ. Milennium
গ. Mileninm ঘ. Millinium উ. ক
ব্যাখ্যা : সঠিক বানান Millennium (সহস্রাব্দ)।

29. **Which one is the correct sentence?**
ক. He is comparatively better today.
খ. He is good today than before.
গ. He is better today.
ঘ. He is best today than yesterday. উ. গ
ব্যাখ্যা : $\left\{\begin{matrix}\text{good}\\\text{well}\end{matrix}\right\}$ – better--best. সুতরাং better -এর পূর্বে comparatively আর comparative বাক্যে good and best ব্যবহার ভুল। সঠিক বাক্যটি হলো He is better today.

Scanned with CamScanner CamScanner

30. The word 'Homely' is —
ক. Noun খ. Adverb
গ. Verb ঘ. Adjective উ. ঘ

ব্যাখ্যা : সাধারণত ly যোগে adverb গঠিত হয়। কিন্তু কিছু কিছু noun, যেমন- time, friend, mother, father, brother, sister, scholar -এর শেষে -ly যুক্ত করে adjective গঠিত হয়। এখানে, Homely (ঘরোয়া) শব্দটি adjective.

31. What you (do) at this moment? The correct form of verb is —
ক. do you do খ. doing
গ. are you doing ঘ. have done উ. গ

ব্যাখ্যা : At this moment, At this time, now, right now ইত্যাদি থাকলে বাক্যটি সাধারণত Present Continuous tense হয়। অতএব, সঠিক অপশনটি হলো (গ) are you doing.

32. Choose the correct answer:
ক. He gave me good-bye. খ. He bade me good-bye.
গ. He told me good-bye.
ঘ. He wished me good-bye. উ. খ

ব্যাখ্যা : Good-bye, good night, farewell ইত্যাদির সাথে bid/bade বসে। অতএব, শুদ্ধ বাক্য : He bade me good-bye.

33. The word'adulteraion' can be best explained as —
ক. to mix something intensely
খ. to use unusual methods
গ. to make impure by adding inferior ingredients
ঘ. to mix poison উ. গ

ব্যাখ্যা : Adulteration অর্থ অপমিশ্রণ বা ভেজাল। এটি দ্বারা বোঝায় to make impure by adding inferior ingredients (নিকৃষ্ট উপাদান মিশ্রিত করে করে কোন কিছুকে দুষিত করা)।

34. It is high time to (change) our food habit. Here the correct form of verb is —
ক. change খ. have changed
গ. should have changed
ঘ. should change উ. ক

ব্যাখ্যা : It is time/It is high time এর পর subject থাকলে verb এর past form হয়; কিন্তু subject না থাকলে to + verb এর base form হয়। It is high time to change our food habit. It is high time you went there.

35. Five litres of milk is contained —the pot.
ক. by খ. to
গ. in ঘ. at উ. গ

ব্যাখ্যা : contained in অর্থ কোনো কিছুতে পূর্ণ থাকা বা বিদ্যমান থাকা।

36. I could not go —for the examination due to rain.
ক. in খ. by
গ. to ঘ. on উ. ক

ব্যাখ্যা : go in for অর্থ প্রতিযোগিতায় অংশগ্রহণ করা। বাক্যটির বাংলা অর্থ হল : বৃষ্টির কারণে আমি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারলাম না।

37. The phrase 'at loggerheads' means —
ক. very close খ. belligerent
গ. quarreling ঘ. distant relation উ. গ

ব্যাখ্যা : 'At loggerhead' কথাটির অর্থ quarreling বা ঝগড়ারত। অন্যদিকে, distant relation - দূরবর্তী সম্পর্ক; very close – খুব ঘনিষ্ঠ বা খুব নিকটবর্তী; belligerent অর্থ যুদ্ধরত

38. Hurry spoils —
ক. the work খ. the curry
গ. to tarry ঘ. and scary উ. খ

ব্যাখ্যা : 'Hurry spoils the curry' এটি একটি ইংরেজি প্রবাদ। এর বাংলা অর্থ 'তাড়াতাড়ি কোনো কাজ ভালো হয় না।' এখানে, curry অর্থ তরকারি, tarry অর্থ গড়িমসি করা, scary অর্থ ভীতিকর বা ভয়ঙ্কর।।

39. —water of this lake is pure.
ক. a খ. an or the
গ. the ঘ. on article উ. গ

ব্যাখ্যা : সাধারণত material noun -এর পূর্বে article বসে না। তবে নির্দিষ্টভাবে কোনো বিশেষ স্থানের পদার্থ বোঝালে the বসে। এখানে নির্দিষ্ট করে 'লেকের পানি, বোঝাতে water শব্দটির আগে the হবে।

40. I wanted the poster to —
ক. hang খ. to be hanged
গ. to be hunged ঘ. to be hung উ. ক

ব্যাখ্যা : 'to' এর পরে সাধারণত verb-এর base form হয়।

41. 'Leave no stone unturned' means —
ক. heavy stone খ. impossible
গ. rare stone ঘ. try every possible means উ. ঘ

ব্যাখ্যা : প্রশ্নে প্রবাদটির অর্থ অর্থ 'সম্ভাব্য সব ধরনের চেষ্টা করা'। আর এই অর্থ প্রকাশ পায়- 'try every possible means' দ্বারা। অন্যদিকে, rare stone অর্থ দুর্লভ পাথর, Imposible অর্থ অসম্ভব, heavy stone অর্থ ভারী পাথর।

42. Would you mind —me a cup of tea?
ক. giving খ. make
গ. bringing ঘ. bring উ. ক

ব্যাখ্যা : Would you mind/ cannot help-এর পরে verb আসলে পরবর্তী verb এর সাথে ing যুক্ত হয়। এখানে ing যুক্ত verb 'giving' এবং 'bringing'; তবে 'দেয়ার' জন্য বলার ক্ষেত্রে giving শব্দটি অর্থপূর্ণ হবে।

Scanned with CamScanner CamScanner

43. What is antonym of 'rear'?
ক. Not available খ. Behind
গ. Front ঘ. Available উ. গ
ব্যাখ্যা : Rear অর্থ পশ্চাদভাগ/পিছনের দিক। Rear শব্দটির antonym হলো front (সম্মুখভাগ)। অন্যদিকে, Available অর্থ প্রাপ্তিসাধ্য, not available অর্থ প্রাপ্তিসাধ্য নয়, Behind অর্থ পিছনে (যা Rear শব্দটির সমার্থক)।

88. ছেলেটি কাঁদতে কাঁদতে আমার কাছে এল।
ক. The boy came to me crying.
খ. The boy came near me crying.
গ. The boy came to me in crying.
ঘ. The boy came to me by crying. উ. ক
ব্যাখ্যা : come to somebody (me) অর্থ কারো কাছে আসা। কাঁদতে কাঁদতে, হাসতে হাসতে, নাচতে নাচতে, গাইতে, গাইতে, দৌড়াতে দৌড়াতে ইত্যাদি দ্বিত্ব শব্দ থাকলে present participle (v + ing) হয়। অতএব, সঠিক উত্তর অপশন (ক)।

45. Had I riches, I — (help) you.
ক. would helped খ. would have helped
গ. had helped ঘ. will help উ.*
ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। Unreal Conditional Sentence এর নিয়ম অনুযায়ী, Had যুক্ত Past Indefinite Tense + Sub + would + verb এর base form হয়। নিয়ম অনুযায়ী এখানে 'would helped' স্থলে 'would help' থাকলে তখন সঠিক উত্তর হতো অপশন (ক)।

46. What the appropriate meaning of Achilles' heel'?
ক. Important issue খ. Turning point
গ. Vulnerable point ঘ. Main point উ. গ
ব্যাখ্যা : Achilles' heal অর্থ দুর্বল জায়গা বা দুর্বল অংশ; এর সমার্থক valnerable point (স্পর্শকাতর বা দুর্বল স্থান)। অন্যদিকে, main point অর্থ মূল বিষয়, turning point অর্থ ক্রান্তিলগ্ন, Important issue অর্থ গুরুত্বপূর্ণ বিষয়।

47. 'লেবু কচ্‌লালে তেতো হয়' —The best translation is —
ক. The lemon becomes bitter if it is rubbed.
খ. A jest driven hard, loses its points.
গ. A hungry fox is an angry fox.
ঘ. Don't try to do anything anain and anain. উ. খ
ব্যাখ্যা : প্রবাদটির ইংরেজি অনুবাদ হলো- 'A just driven hard, loses its points.'

48. Which one below is a correct sentence?
ক. They have seen me yesterday.
খ. I like his child like simplicity.
গ. It is I who is to blame.
ঘ. The girl resembles to her mother. উ. খ
ব্যাখ্যা : অপশনে প্রদত্ত বাক্যগুলোর মধ্যে কেবল অপশন (খ) শুদ্ধ। কারণ, বাক্যটিতে, Sub + like + pronominal adjective + adjective + noun নিয়মটি অনুসরণ করা হয়েছে। বাক্য অপশনগুলোর মধ্যে অপশন (ঘ) resembles to-এর স্থলে resembles, (গ) who-এরপর is এর স্থলে am এবং অপশন (ক) have seen এর স্থলে saw হবে।

49. At the scene, —mother arose in her.
ক. a খ. the
গ. a or the ঘ. no article উ. খ
ব্যাখ্যা : 'Mother' এর পূর্বে সাধারণত কোনো article বসে না। কিন্তু, 'Mother' শব্দটির মাধ্যমে 'মা' কথাটি না বুঝিয়ে 'মাতৃত্ব' বা 'মাতৃস্নেহ' এই জাতীয় গুণকে বোঝায়, তখন mother-এর পূর্বে the ব্যবহৃত হবে। ঠিক একইভাবে 'father' কথাটির ক্ষেত্রে প্রযোজ্য।

50. What is the verb form of the word 'friend'?
ক. friend খ. friended
গ. Frinding ঘ. befriend উ. ঘ
ব্যাখ্যা : Befriend (বন্ধু বানানো) হলো Friend এর verb.

৫১. ৮৮, ৯১, ৯৫ এবং ৯৯ সংখ্যাগুলোর মধ্যে কোন সংখ্যাটির সর্বোচ্চ সংখ্যক উৎপাদক রয়েছে?
ক. ৮৮ খ. ৯১
গ. ৯৫ ঘ. ৯৯ উ. ক
ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত সংখ্যাগুলোর উৎপাদক হল-
৮৮ = ২ × ২ × ২ × ১১
৯১ = ৭ × ১৩
৯৫ = ৫ × ১৯
৯৯ = ৩ × ৩ × ১১
অতএব দেখা যাচ্ছে যে, ৮৮ সংখ্যাটির সর্বোচ্চ ৪টি উৎপাদক রয়েছে। তাই সঠিক উত্তর অপশন (ক)।

৫২. পানিভর্তি একটি বালতির ওজন ১২ কেজি। বালতির অর্ধেক পানিভর্তি হলে তার ওজন দাঁড়ায় ৭ কেজি। খালি বালতির ওজন কত?
ক. ৫ কেজি খ. ৭ কেজি
গ. ২ কেজি ঘ. ১ কেজি উ. গ
ব্যাখ্যা : মনে করি, বালতির ওজন = x এবং পানির ওজন = y
∴ x + y = ১২ ..... (i)
$x + \frac{y}{2} = ৭$ ..... (ii)
২ × (ii) নং− ১ নং
২x + y = ১৪
x + y = ১২
— — —
x = ২ কেজি

Scanned with CamScanner CamScanner

৫৩. একটি সরলরেখার উপর অংকিত বর্গের ক্ষেত্রফল ঐ সরলরেখার এক-তৃতীয়াংশের উপর অংকিত বর্গের ক্ষেত্রফল এর কতগুণ?

ক. ৩ খ. ৯
গ. ১৮ ঘ. ২৭ উ. খ

ব্যাখ্যা : ধরি, রেখাটি = a,
সুতরাং, রেখাটির উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল = a^2 বর্গ একক।

সরল রেখাটির এক তৃতীয়াংশ = $(\frac{a}{3})$

রেখাটির এক তৃতীয়াংশের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল

$= (\frac{a}{3})^2$ বর্গ একক। $= \frac{a^2}{9}$ বর্গ একক।

কোনো ছোট ক্ষেত্রের ক্ষেত্রফল বড় ক্ষেত্রের ক্ষেত্রফলের যত ভাগ, বড় ক্ষেত্রের ক্ষেত্রফল ছোট ক্ষেত্রের ক্ষেত্রফলের তত গুণ বড়।

অতএব, $a^2 \div \frac{a^2}{9}$

$= a^2 \times \frac{9}{a^2} = 9$ গুণ।

৫৪. একটি আয়তাকার বাগানের ক্ষেত্রফল ৪০০ বর্গমিটার এবং প্রস্থ ১৬ মিটার। বাগানের পরিসীমা কত মিটার?

ক. ১৬ খ. ২৫
গ. ৪১ ঘ. ৮২ উ. ঘ

ব্যাখ্যা : দেওয়া আছে, আয়তাকার বাগানের প্রস্থ = ১৬ মিটার এবং ক্ষেত্রফল = ৪০০ বর্গমিটার
আমরা জানি, আয়তকারের দৈর্ঘ্য × প্রস্থ = ক্ষেত্রফল
$\Rightarrow$ দৈর্ঘ্য × ১৬ = ৪০০
$\Rightarrow$ দৈর্ঘ্য $= \frac{৪০০}{১৬}$
$\therefore$ দৈর্ঘ্য = ২৫ মিটার।
আমরা জানি, আয়তকারের পরিসীমা = ২ (দৈর্ঘ্য + প্রস্থ)
= ২(২৫ + ১৬)
= ২ × ৪১
= ৮২ মিটার (উত্তর)

৫৫. একজন ফল বিক্রেতা প্রতি হালি কলা ২৫ টাকা দরে ক্রয় করে প্রতি ২ হালি ৫৬ টাকা দরে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

ক. ২৪% খ. ১২%
গ. ১৮% ঘ. ১৪% উ. খ

ব্যাখ্যা : ১ হালি কলার ক্রয়মূল্য = ২৫ টাকা
$\therefore$ ২ " " " = (২৫ × ২) টাকা
= ৫০ টাকা
$\therefore$ লাভ = (৫৬ − ৫০) টাকা = ৬ টাকা
এখন, ৫০ টাকায় লাভ হয় = ৬ টাকা
$\therefore$ ১ টাকায় লাভ হয় $= \frac{৬}{৫০}$ টাকা
$\therefore$ ১০০ টাকায় লাভ হয় $= \frac{৬ \times ১০০}{৫০}$ টাকা = ১২%

৫৬. ১০% সরল মুনাফায় ২০০০ টাকার ১ বছরের মুনাফা কত টাকা হবে?

ক. ২০০ টাকা খ. ৩০০ টাকা
গ. ৪০০ টাকা ঘ. ১০০ টাকা উ. ক

ব্যাখ্যা : আমরা জানি, সরল মুনাফার ক্ষেত্রে,
I = pnr
$= ২০০০ \times ১ \times \frac{১০}{১০০}$
= ২০০ টাকা

৫৭. 3 cotA = 4 হলে, sinA এর মান কত?

ক. $\frac{4}{5}$ খ. $\frac{3}{5}$
গ. $\frac{3}{4}$ ঘ. $\frac{4}{3}$ উ. খ

ব্যাখ্যা : দেওয়া আছে,
3cotA = 4
$\Rightarrow$ cotA $= \frac{4}{3}$
$\Rightarrow \cot^2 A = \frac{16}{9}$
$= 1 + \frac{16}{9}$
$= \frac{9+16}{9}$
$= \frac{25}{9}$
$\therefore$ cosecA $= \sqrt{\frac{25}{9}}$
$\therefore$ cosecA $= \frac{5}{3}$
$\therefore$ sinA $= \frac{3}{5}$

আমরা জানি,
$\text{cosec}^2 A = 1 + \cot^2 A$

৫৮. $9p^2 + 14p$ সাথে কত যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?

ক. $\frac{49}{9}$ খ. $\frac{14}{9}$
গ. $\frac{7}{3}$ ঘ. 7 উ. ক

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : $9P^2 + 14P$

$= (3P)^2 + 2.3P.\frac{7}{3} + \left(\frac{7}{3}\right)^2 - \left(\frac{7}{3}\right)^2$

$= \left(3P + \frac{7}{3}\right)^2 - \left(\frac{7}{3}\right)^2$

অতএব দেখা যাচ্ছে যে, $9p^2 + 14p$ এর সাথে $\left(\frac{7}{3}\right)^2$ বা $\frac{49}{9}$ যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে।

৫৯. $m - n = x$ এবং $mn = 6x^2$ হলে $m^3 - n^3 =$ কত?

ক. $19x^2$ খ. $19x^3$

গ. $18x^2$ ঘ. $18x^3$ উ. খ

ব্যাখ্যা : আমরা জানি, $m^3 - n^3 = (m-n)^3 + 3mn(m-n)$

$= x^3 + 3.6x^2.x$

$= x^3 + 18x^3$

$= 19x^3$ ((Ans)

৬০. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 6 সে. মি. এবং 8 সে. মি. হলে ক্ষেত্রফল কত হবে?

ক. 24 বর্গ সে.মি. খ. 42 বর্গ সে.মি.

গ. 44 বর্গ সে.মি. ঘ. 45 বর্গ সে. মি. উ. ক

ব্যাখ্যা : সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফলের সূত্র :

$\frac{1}{2} \times$ সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের দৈর্ঘ্য

$= \frac{1}{2} \times 6 \times 8$ বর্গ সে.মি.

$= 24$ বর্গ সেমি.

৬১. ΔABC একটি সমবাহু ত্রিভুজ। উহার AB এবং AC বাহুকে বর্ধিত করলে উৎপন্ন কোণদ্বয়ের সমষ্টি কত?

ক. ৩২০° খ. ২৮০°

গ. ২৪০° ঘ. ২৯০° উ. গ

ব্যাখ্যা :



আমরা জানি, সমবাহু ত্রিভুজের কোনো বাহুকে বর্ধিত করলে বহিঃস্থ উৎপন্ন প্রত্যেকটি কোণের মান ১২০°। যেহেতু এখানে দুটি বাহু বর্ধিত করা হয়েছে, তাই দুটি বহিঃস্থ কোণ উৎপন্ন হবে এবং উৎপন্ন কোণদ্বয়ের সমষ্টি = ১২০° + ১২০° = ২৪০°।

৬২. $x^2 - 3x$, $x^2 - 9$ এবং $x^2 - 4x + 3$ বীজগাণিতিক রাশির গ.সা.গু কত হবে?

ক. $x - 4$ খ. $x + 3$

গ. $x - 3$ ঘ. $x - 1$ উ. গ

ব্যাখ্যা : দেওয়া আছে,

১ম রাশি, $x^2 - 3x$

$= x(x-3)$

২য় রাশি, $x^2 - 9$

$= (x+3)(x-3)$

৩য় রাশি, $x^2 - 4x + 3$

$= x^2 - 3x - x + 3$

$= x(x-3) - 1(x-3)$

$= (x-3)(x-1)$

$\therefore$ বীজগাণিতিক রাশিগুলোর গ. সা. গু. $= x - 3$

৬৩. যদি $a^x = b$, $b^y = c$ এবং $c^z = a$ হয় তবে xyz এর মান কত হবে?

ক. 2 খ. 1

গ. -2 ঘ. -1 উ. খ

ব্যাখ্যা : দেওয়া আছে, $a^x = b$

বা, $(c^z)^x = b$ [যেহেতু, $c^z = a$]

বা, $c^{xz} = b$

বা, $(b)^{y.zx} = b$ [যেহেতু, $b^y = c$]

বা, $b^{xyz} = b^1$

$\therefore xyz = 1$

৬৪. $\log_{10}x = -2$ হলে x এর মান কত হবে?

ক. 0.01 খ. 0.001

গ. 0.02 ঘ. 0.002 উ. ক

ব্যাখ্যা : দেওয়া আছে, $\log_{10}x = -2$

বা, $x = 10^{-2}$

বা, $x = \frac{1}{100}$

$\therefore x = 0.01$

৬৫. একটি ত্রিভুজাকৃতি জমির ক্ষেত্রফল ২৬৪ বর্গমিটার এবং ভূমি ২২ মিটার হলে উচ্চতা কত হবে?

ক. ১২ মিটার খ. ১৫ মিটার

গ. ২৪ মিটার ঘ. ২৮ মিটার উ. গ

ব্যাখ্যা : ত্রিভুজের ক্ষেত্রফল : $\frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

$= \frac{১}{২} \times ২২ \times$ উচ্চতা $= ২৬৪$ [মান বসিয়ে]

$= \frac{২২}{২} \times$ উচ্চতা $= ২৬৪$

$\therefore$ উচ্চতা $= \frac{২৬৪ \times ২}{২২}$

$= ২৪$ মিটার।

CamScanner

৬৬. $x-\frac{1}{x}=52$ হলে $\left(x+\frac{1}{x}\right)^2$ এর মান কত?

ক. 25 খ. 27
গ. 28 ঘ. 29

ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। $x-\frac{1}{x}=5$ হলে তখন সঠিক উত্তর হবে = 29।

এখানে, $\left(x+\frac{1}{x}\right)^2$

$=\left(x-\frac{1}{x}\right)^2+4x.\frac{1}{x}$

$=5^2+4$

$=25+4$

$=29$

৬৭. $x^2-4, x^2+4+x+4, x^3-8$ বীজগাণিতিক রাশির ল. সা. গু কত?

ক. $(x+2)^2(x^3-8)$ খ. $(x-2)^2(x^3-8)$
গ. $(x^2-2)(x^3-8)$ ঘ. $(x^2+2)(x^3-8)$ উ. ক

ব্যাখ্যা : প্রশ্নে ভুল রয়েছে। প্রশ্নে প্রদত্ত ২য় রাশিতে $x^2+4+x+4$ এর স্থলে x^2+4x+4 হলে প্রশ্নটি শুদ্ধ হবে।

১ম রাশি $=x^2-4$

$=(x+2)(x-2)$

২য় রাশি $=x^2+4x+4$

$=(x+2)^2$

৩য় রাশি $=x^3-8$

$=x^3-2^3$

$=(x-2)(x^2+x.2+2^2)$

$=(x-2)(x^2+2x+4)$

$\therefore$ ল. সা. গু. $=(x+2)^2(x-2)(x^2+2x+4)$

$=(x+2)^2(x^3-8)$

৬৮. $x^2+\frac{1}{x^2}=3$ হলে $\frac{x^6+1}{x^3}$ এর মান কত?

ক. $3\sqrt{5}$ খ. $4\sqrt{5}$
গ. $2\sqrt{5}$ ঘ. $\sqrt{5}$ উ. গ

ব্যাখ্যা : দেওয়া আছে, $x^2+\frac{1}{x^2}=3$

$\Rightarrow\left(x+\frac{1}{x}\right)^2-2.x.\frac{1}{x}=3$

$\Rightarrow\left(x+\frac{1}{x}\right)^2=3+2$

$\Rightarrow x+\frac{1}{x}=\sqrt{5}$

এখন, $\frac{x^6+1}{x^3}$

$=x^3+\frac{1}{x^3}=\left(x+\frac{1}{x}\right)^3-3.x\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$

$=(\sqrt{5})^3-3\sqrt{5}$

$=(\sqrt{5})^2.\sqrt{5}-3\sqrt{5}$

$=5\sqrt{5}-3\sqrt{5}$

$=2\sqrt{5}$

৬৯. ক : খ = ৪ : ৭, খ : গ = ১০ : ৭ হলে ক : খ : গ কত হবে?

ক. ৪৯ : ৭০ : ৪০ খ. ৪০ : ৭০ : ৪৯
গ. ৭০ : ৪৯ : ৪০ ঘ. ৪৯ : ৪০ : ৭০ উ. খ

ব্যাখ্যা : ক : খ = ৪ : ৭ = (৪ × ১০) : (৭ × ১০) = ৪০ : ৭০

খ : গ = ১০ : ৭ = (১০ × ৭) : (৭ × ৭) = ৭০ : ৪৯

$\therefore$ ক : খ : গ = ৪০ : ৭০ : ৪৯ (উত্তর)

৭০. একটি গাড়ির চাকার পরিধি ৫ মিটার। ১ কিলোমিটার ৫০০ মিটার পথ যেতে চাকাটি কতবার ঘুরবে?

ক. ২০০ খ. ২৫০
গ. ৩০০ ঘ. ৩৫০ উ. গ

ব্যাখ্যা : ১ কিলোমিটার = ১০০০ মিটার।

$\therefore$ ১ কিলোমিটার ৫০০ মিটার = ১৫০০ মিটার।

গাড়ির চাকার পরিধি = ৫ মিটার হওয়ায় চাকাটি একবার ঘুরলে ৫ মিটার যেতে পারে।

$\therefore$ ৫ মিটার যেতে ঘুরবে = ১ বার

$\therefore$ ১ মিটার যেতে ঘুরবে $=\frac{১}{৫}$ বার

$\therefore$ ১৫০০ মিটার যেতে ঘুরবে $=\frac{১\times১৫০০}{৫}$ বার

= ৩০০ বার

৭১. একক ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের ক্ষেত্রফল কত হবে?

ক. 1 বর্গ একক খ. 2 বর্গ একক
গ. π বর্গ একক ঘ. π^2 বর্গ একক উ. গ

ব্যাখ্যা : আমরা জানি, বৃত্তের ব্যাসার্ধ r হলে, বৃত্তের ক্ষেত্রফল $=\pi r^2$

অতএব, বৃত্তের ব্যাসার্ধ 1 হলে,

বৃত্তের ক্ষেত্রফল $=\pi.(1)^2$

$=\pi$ (উত্তর)

৭২. কোনো বৃত্তের অধিচাপে অন্তর্লিখিত কোণ–

ক. সূক্ষ্ম কোণ খ. স্থূল কোণ
গ. সমকোণ ঘ. পূরক কোণ উ. ক

ব্যাখ্যা : আমরা জানি, বৃত্তের উপচাপে অন্তর্লিখিত কোণ স্থূলকোণ হয় এবং বৃত্তের অধিচাপে অন্তর্লিখিত কোণ সূক্ষ্মকোণ।



উপচাপ



অধিচাপ

Scanned with CamScanner CamScanner

৭৩. $\frac{\sin\theta+\cos\theta}{\sin\theta-\cos\theta}=7$ হলে $\sec\theta$ এর মান কত?

ক. $\frac{5}{3}$ খ. $\pm\frac{5}{3}$

গ. $\frac{-5}{3}$ ঘ. $\frac{3}{5}$ উ. খ

ব্যাখ্যা : $\frac{\sin\theta+\cos\theta}{\sin\theta-\cos\theta}=7$

বা, $\frac{\sin\theta+\cos\theta+\sin\theta-\cos\theta}{\sin\theta+\cos\theta-\sin\theta+\sin\theta+\cos\theta}=\frac{7+1}{7-1}$

বা, $\frac{2\sin\theta}{2\cos\theta}=\frac{8}{6}$

বা, $\tan\theta=\frac{4}{3}$

বা, $\tan^2\theta=\frac{16}{9}$

আবার, $\text{Sec}^2\theta=1+\tan^2\theta$

$=1+\frac{16}{9}$

$=\frac{9+16}{9}$

$=\frac{25}{9}$

$=\sqrt{\frac{25}{9}}$

$\therefore \sec\theta=\pm\frac{5}{3}$

৭৪. $x^2-x-6=0$ সমীকরণের মূলদ্বয় হবে–

ক. 3, 2 খ. 3, –2

গ. –3, 2 ঘ. –3, – 2 উ. খ

ব্যাখ্যা : $x^2-x-6=0$

বা, $x^2-3x+2x-6=0$

বা, $x(x-3)+2(x-3)=0$

বা, $(x-3)(x+2)=0$

$\therefore x-3=0$, অথবা $x+2=0$

$\Rightarrow x=3$

অথবা $x+2=0$

$\therefore x=-2$

$\therefore$ সমীকরণের মূলদ্বয় হবে : 3, –2।

৭৫. রহিম ও করিমের বয়সের গড় ৩৫ বছর। রহিম ও হামজার বয়সের গড় ২০ বছর। হামজার বয়স ১১ বছর হলে করিমের বয়স কত?

ক. ৪০ বছর খ. ৪১ বছর

গ. ৪২ বছর ঘ. ৪৩ বছর উ. খ

ব্যাখ্যা : রহিম + করিম (৩৫×২) $=৭০$

রহিম + হামজা $=(২০\times২)=৪০$

(-) (-)

(বিয়োগ করে) করে পাই,

করিম − হামজা $=৩০$

$\Rightarrow$ করিম $=৩০+$ হামজা

$\Rightarrow$ করিম $=৩০+১১$ [হামজার বয়স= ১১ বছর]

$\Rightarrow$ করিম $=৪১$।

$\therefore$ করিমের বয়স $=৪১$ বছর।

৭৬. স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য 'বীর প্রতীক' উপাধি লাভ করে কত জন?

ক. ৭ জন খ. ৬৮ জন

গ. ১৭৫ জন ঘ. ৪২৬ জন উ. ঘ

ব্যাখ্যা : মহান স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য মোট ৬৭৬ জনকে বীরত্বসূচক খেতাব দেয়া হয়। এর মধ্যে বীরশ্রেষ্ঠ ৭ জন, বীরউত্তম ৬৮ জন, বীরবিক্রম ১৭৫ জন এবং বীরপ্রতীক ৪২৬ জন। বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত মহিলা দুইজন : ডা. সেতারা বেগম (২ নং সেক্টর) এবং তারামন বিবি (১১ নং সেক্টর)। সিলেটের কাঁকন বিবি খেতাব পাননি। (মনে রাখুন এভাবে ০১৭, ৬৮, ১৭৫, ৪২৬)

৭৭. বাংলাদেশের সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য কে?

ক. ক্যাপ্টেন সেতারা বেগম খ. বেগম রাজিয়া বানু

গ. বেগম মতিয়া চৌধুরী ঘ. বেগম সুফিয়া কামাল উ. খ

ব্যাখ্যা : সংবিধান রচনা কমিটির মোট সদস্য ছিলেন ৩৪ জন। কমিটির সভাপতি ছিলেন আইনমন্ত্রী ড. কামাল হোসেন। আর কমিটির একমাত্র মহিলা সদস্য ছিলেন বেগম রাজিয়া বানু। উক্ত কমিটি ১২ অক্টোবর, ১৯৭২ খসড়া সংবিধান গণপরিষদে উত্থাপন করে। খসড়া সংবিধান গণপরিষদে গৃহীত হয় ৪ নভেম্বর ১৯৭২ এবং কার্যকর বা প্রবর্তিত হয় ১৬ ডিসেম্বর, ১৯৭২। উল্লেখ্য 'সংবিধান দিবস' ৪ নভেম্বর।

৭৮. বাংলাদেশের বৃহত্তম উপজেলা কোনটি?

ক. শ্যামনগর খ. ঘাটাইল

গ. সাভার ঘ. বরকল উ. ক

ব্যাখ্যা : আয়তনে বাংলাদেশের বৃহত্তম উপজেলা এবং থানা শ্যামনগর, সাতক্ষীরা এবং জনসংখ্যায় বৃহত্তম উপজেলা এবং থানা গাজীপুর সদর।

৭৯. মনপুরা '৭০ কী?

ক. একটি উপজেলা খ. একটি নদী বন্দর

গ. একটি উপন্যাস ঘ. একটি চিত্রশিল্প উ. ঘ

ব্যাখ্যা : শিল্পাচার্য জয়নুল আবেদীনের একটি বিখ্যাত চিত্রকর্ম হচ্ছে 'মনপুরা ৭০'। ১৯৭০ সালে দেশের দক্ষিণাঞ্চলে সংঘটিত ভয়াবহ ঘূর্ণিঝড়ের প্রেক্ষিতে তিনি এ চিত্রকর্মটি আঁকেন। তাঁর অন্যান্য চিত্রকর্মের মধ্যে রয়েছে সংগ্রাম, ম্যাডোনা-৪৩, বিদ্রোহী গরু, সাঁওতাল রমণী, গাঁয়ের বধূ, কাক, মইটানা, নবান্ন, দুর্ভিক্ষ ইত্যাদি। তিনি বাংলার দুর্ভিক্ষ (পঞ্চাশের মন্বন্তর) এর ছবি এঁকে আর্ন্তজাতিক খ্যাতি অর্জন করেন। উল্লেখ্য যে, মনপুরা ভোলা জেলার একটি উপজেলা।

Scanned with CamScanner CamScanner

৮০. বাংলাদেশের সংবিধান কতটি ভাষায় রচিত?
ক. ১টি খ. ২টি গ. ৩টি ঘ. ৪টি উ. খ

ব্যাখ্যা : বাংলাদেশের সংবিধান বাংলা ও ইংরেজি এ দুটি ভাষায় রচিত। "বাংলায় এই সংবিধানের একটি নির্ভরযোগ্য পাঠ এবং ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য অনুমোদিত পাঠ থাকিবে। বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে" (অনুচ্ছেদ ১৫৩)। হস্তলিখিত সংবিধানের মূল লেখক এ কে এম আব্দুর রউফ। সংবিধানে ১টি প্রস্তাবনা, ৭টি তফসিল, ১১টি ভাগ এবং ১৫৩টি অনুচ্ছেদ রয়েছে।

৮১. বাংলাদেশের কোন জেলা দুই দেশের সীমানা দ্বারা বেষ্টিত?
ক. খাগড়াছড়ি খ. বান্দরবান
গ. রাঙ্গামাটি ঘ. কুমিল্লা উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশের মোট সীমান্তবর্তী জেলা ৩২টি (মনে রাখুন মোট ৬৪টি জেলার ঠিক অর্ধেক অর্থাৎ ৩২টি)। এর মধ্যে ভারতের সাথে সীমান্তবর্তী জেলা ৩০টি আর মিয়ানমারের সাথে সীমান্তবর্তী জেলা ৩টি। এগুলোর মধ্যে রাঙ্গামাটি জেলাটির উভয় দেশের সাথে সীমান্ত আছে। অর্থাৎ রাঙ্গামাটি ৩টি দেশের সীমান্তবর্তী। (মনে রাখুন : বাংলাদেশের রাঙ্গামাটি জেলা ভারত ও মিয়ানমার উভয় দেশের রাঙিয়ে দেয়)

৮২. বাংলার প্রাচীর স্থান মহাস্থানগড় এর অবস্থান কোথায় ছিল?
ক. মুন্সিগঞ্জে খ. কুমিল্লায়
গ. বগুড়ায় ঘ. ফরিদপুরে উ. গ

ব্যাখ্যা : বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় করতোয়া নদীর তীরে মহাস্থানগড়ের অবস্থান। মহাস্থানগড়ের পূর্বনাম পুণ্ড্রনগর বা পুণ্ড্রবর্ধন। এটি বাংলাদেশের প্রাচীনতম নগর/প্রাচীনতম ঐতিহাসিক স্থান। এখানে রয়েছে শাহ সুলতান বলখীর মাজার, বেহুলার বাসর ঘর, শীলাদেবীর ঘাট, খোদার পাথর ভিটা, বৈরাগীর ভিটা, গোবিন্দ ভিটা ইত্যাদি। ১৮৮৯ সালে স্যার আলেকজান্ডার কানিংহাম স্থানটিকে প্রাচীন পুণ্ড্রনগরের রাজধানী হিসেবে চিহ্নিত করেন।

৮৩. বাংলাদেশে কবে থেকে বয়স্ক ভাতা চালু হয়?
ক. ১৯৯৬ সাল খ. ১৯৯৭ সাল
গ. ১৯৯৮ সাল ঘ. ১৯৯৯ সাল উ. গ

ব্যাখ্যা : বয়স্ক ভাতা বাংলাদেশ সরকারের একটি সামাজিক নিরাপত্তা কর্মসূচি। এটি ১৯৯৭-৯৮ অর্থবছরে প্রবর্তিত হয় এবং কার্যকর হয় ১৯৯৮ সাল থেকে। বর্তমানে (২০২৩-২৪ অর্থবছর) মাসিক ৬০০ টাকা হারে প্রবীণেরা বয়স্ক ভাতা পাচ্ছেন। উল্লেখ্য যে, বিধবা ভাতা চালু হয় ১৯৯৮-৯৯ অর্থবছরে। বর্তমানে (২০২৩-২৪ অর্থবছর) মাসিক ৫৫০ টাকা হারে বিধবারা এই ভাতা পাচ্ছেন।

৮৪. নদী ছাড়া 'মহানন্দা' কী?
ক. তরমুজ খ. সরিষা গ. আম ঘ. কলা উ. গ

ব্যাখ্যা : নদী ছাড়া 'মহানন্দা' আমের উন্নত একটি জাত। 'পদ্মা' নদী ছাড়া উন্নত তরমুজের জাত, 'যমুনা' নদী ছাড়া উন্নত মরিচের জাত, 'ময়না' পাখি ছাড়া ধানের উন্নত জাত, 'দোয়েল' 'বলাকা' পাখি ছাড়া গমের উন্নত জাত। অগ্নিশ্বর = কলা, 'বর্ণালী', 'শুভ্র' = ভূট্টা, 'সোনালিকা', 'আকবর' = গম।

৮৫. বাংলাদেশে প্রথম ইপিজেড (EPZ) কোথায় স্থাপিত হয়?
ক. সাভার খ. চট্টগ্রাম গ. মংলা ঘ. গাজীপুর উ. খ

ব্যাখ্যা : EPZ হচ্ছে Export Processing Zone বা রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা। বর্তমানে বাংলাদেশে ৮টি সরকারি এবং ২টি বেসরকারি EPZ রয়েছে। বাংলাদেশের প্রথম EPZ/ প্রথম সরকারি EPZ হচ্ছে 'চট্টগ্রাম ইপিজেড' যা ১৯৮৩ সালে চট্টগ্রামের হালিশহরে প্রতিষ্ঠিত হয়। দেশের সর্বশেষ EPZ/সর্বশেষ সরকারি EPZ হচ্ছে কর্ণফুলী EPZ।

৮৬. বাংলাদেশ ওয়ান ডে ক্রিকেটের শততম ম্যাচে কোন দেশকে পরাজিত করে?
ক. পাকিস্তান খ. ভারত
গ. জিম্বাবুয়ে ঘ. নিউজিল্যান্ডে উ. খ

ব্যাখ্যা : বাংলাদেশ ওয়ান ডে স্ট্যাটাস পায় ১৫ জুন, ১৯৯৭ সালে। এবং টেস্ট স্ট্যাটাস ২৬ জুন, ২০০০ সালে। বাংলাদেশ তার শততম One Day ম্যাচ খেলে ভারতের বিরুদ্ধে এবং ১৫ রানে ভারতকে পরাজিত করে। আর বাংলাদেশের শততম One Day জয় হলো আফগানিস্তানের বিরুদ্ধে। (অর্থাৎ একটি হলো শততম ম্যাচ আরেকটি হলো শততম জয়) উল্লেখ্য টেস্ট ক্রিকেটের শততম ম্যাচে বাংলাদেশ শ্রীলংকাকে পরাজিত করে।

৮৭. মূল্য সংযোজন কর একটি–
ক. প্রত্যক্ষ কর খ. পরোক্ষ কর
গ. পরিপূরক কর ঘ. সম্পূরক কর উ. খ

ব্যাখ্যা : বাংলাদেশে মূল্য সংযোজন কর মূসক (Value Added Tax বা VAT) চালু হয় ১ জুলাই ১৯৯১। এটি একটি পরোক্ষ কর। এ খাত থেকেই বাংলাদেশ সরকার সবচেয়ে বেশি রাজস্ব আয় করে। আয়কর, ভূমিকর হচ্ছে প্রত্যক্ষ কর। কর আদায়ের দায়িত্ব পালন করে National Board of Revenue (NBR)

৮৮. 'কারাগারের রোজনামচা' গ্রন্থটির লেখক কে?
ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
খ. মাওলানা ভাসানী
গ. জাহানারা ইমাম ঘ. ড. কামাল হোসেন উ. ক

ব্যাখ্যা : অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, আমার দেখা নয়াচীন– বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত গ্রন্থ। কারাগারের রোজনামচা গ্রন্থটি ২০১৭ সালের ১৭ মার্চ বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত হয়। এটি একটি আত্মজীবনীমূলক গ্রন্থ। এর নামকরণ করেন শেখ রেহানা। গ্রন্থটির ভূমিকা লিখেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এতে ১৯৬৬ থেকে ১৯৬৮ সাল পর্যন্ত কারা স্মৃতিগুলো স্থান পেয়েছে।

৮৯. বিশ্বব্যাংক থেকে সদস্য পদ প্রত্যাহারকারী দেশ কোনটি?
ক. কিউবা খ. ফিলিস্তিন
গ. ইরান ঘ. চীন উ. ক

ব্যাখ্যা : ব্রেটন উডস প্রতিষ্ঠান বিশ্বব্যাংক ১৯৪৪ সালে প্রতিষ্ঠিত হয়। কিন্তু আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে ১৯৪৬ সালে। ১৯৪৬ সালেই কিউবা বিশ্বব্যাংকের সদস্য হয়। কিন্তু ১৯৬০ সালে কিউবা বিশ্বব্যাংকের সদস্যপদ প্রত্যাহার করে নেয়। বর্তমানে

Scanned with CamScanner CamScanner

কিউবা বিশ্বব্যাংকের সদস্য নয়, উত্তর কোরিয়াও বিশ্বব্যাংকের সদস্য নয়। উল্লেখ্য বিশ্বব্যাংক = IBRD । আর বিশ্বব্যাংক গ্রুপ = IBRD + IDA + IFC + ICSID + MIGA

৯০. তুরস্কের মুদ্রার নাম কী?

ক. দিনার খ.দিরহাম
গ. ডলার ঘ. লিরা উ. ঘ

ব্যাখ্যা : তুরস্কের মুদ্রার নাম লিরা। রাজধানী আঙ্কারা। তুরস্ক প্রাচীন অটোম্যান সাম্রাজ্যের কেন্দ্রভূমি। মোস্তফা কামাল আতাতুর্ক আধুনিক তুরস্কের জনক। ইতিহাস বিখ্যাত ট্রয় নগরী তুরস্কেই অবস্থিত।

৯১. বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আরব দেশ হচ্ছে–

ক. সৌদি আরব খ. কুয়েত
গ. ইরাক ঘ. বাহরাইন উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম আরব দেশ/ মধ্যপ্রাচ্যের দেশ ইরাক (স্বীকৃতি দেয় ৮ জুলাই, ১৯৭২)। বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম রাষ্ট্র ভুটান আর ২য় রাষ্ট্র ভারত।

৯২. বাংলাদেশের প্রথম ইন্টারনেট সার্চ ইঞ্জিন কোনটি?

ক. পিপীলিকা খ. গোয়েল
গ. পদ্মা ঘ. অনুসন্ধান উ. ক

ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম ও পূর্ণাঙ্গ Search Engine হলো পিপীলিকা। এটি বাংলা ও ইংরেজি দুই ভাষাতেই কাজ করতে সক্ষম। ২০১৩ সালে চালুকৃত এই সার্চ ইঞ্জিন তৈরি করে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ। ওয়েবসাইট www.pipilika.com

৯৩. নিউজিল্যান্ডের আদিবাসী কারা?

ক. টোডা খ. আফ্রিদি
গ. জুলু ঘ. মাউরি উ. ঘ

ব্যাখ্যা : নিউজিল্যান্ডের আদিবাসী হচ্ছে মাউরি। মাউরি দেশটির আদিম অধিবাসী হিসেবে স্বীকৃতি। টোডা উপজাতি বাস করে দক্ষিণ ভারতের তামিলনাড়ু রাজ্যের নীলগিরি পর্বত অঞ্চলে। আর আফ্রিদি উপজাতি বাস করে পাকিস্থানে (মনে রাখুন শাহিদ আফ্রিদি পাকিস্তানের ক্রিকেটার) এবং জুলু উপজাতি বাস করে দক্ষিণ আফ্রিকায়।

৯৪. বিশ্ব পরিবেশ দিবস পালিত হয় কোন তারিখে?

ক. ৫ জানুয়ারি খ. ৮ মার্চ
গ. ৫ জুন ঘ. ১০ ডিসেম্বর উ. গ

২. উপপদের সাথে কৃদন্ত পদের যে সমাস হয় তাকে কোন সমাস বলে?
ক. উপমান খ. উপমিত
গ. কর্মধারয় ঘ. উপপদ তৎপুরুষ উ. ঘ

ব্যাখ্যা : উপপদের সাথে কৃদন্ত পদের যে সমাস হয় তাকে উপপদ তৎপুরুষ সমাস বলে। যেমন- সত্য বলে যে = সত্যবাদী; পকেট মারে যে = পকেটমার।

৩. কোনটি 'বহুব্রীহি' সমাসের উদাহরণ?
ক. বিমনা খ. সজ্জন
গ. প্রভাত ঘ. নির্বিঘ্ন উ. ক

ব্যাখ্যা : বিচলিত মন যার = বিমনা (বহুব্রীহি সমাস)। সৎ যে জন = সজ্জন (কর্মধারয় সমাস)। বিঘ্নের অভাব = নির্বিঘ্ন (অব্যয়ীভাব সমাস)। প্র (প্রকৃষ্ট রূপে) ভাত (আলোকিত) = প্রভাত (প্রাদি সমাস)।

৪. 'হাতি' শব্দের সমার্থক নয় কোনটি?
ক. কুঞ্জর খ. বারণ
গ. হস্তী ঘ. উরগ উ. ঘ

ব্যাখ্যা : হাতি শব্দের সমার্থক নয় 'উরগ'। 'উরগ' অর্থ সাপ। কুঞ্জর, হস্তী, বারণ হল হাতির সমার্থক শব্দ। উল্লেখ্য যে, 'বারণ' অর্থ - নিষেধ, মানা। আবার, 'বারণ' অর্থ - হাতিও হয়।

৫. 'কোরক' সমার্থক শব্দ কোনটি?
ক. কৃতকর্ম খ. কুঁড়ি
গ. কড়ি ঘ. কুহক উ. খ

ব্যাখ্যা : 'কোরক' শব্দের সমার্থক শব্দ কুঁড়ি , মুকুল, কলিকা ইত্যাদি। অন্যদিকে, কড়ি অর্থ ধন (টাকাকড়ি), কড়া বা তীব্র; কুহক অর্থ ছলনা, মায়াজাল। কৃতকর্ম এর সমার্থক- কর্মের ফল।

৬. বিরাম চিহ্ন ব্যবহৃত হয় না–
ক. বাক্যের অর্থ সহজভাবে বোঝাতে
খ. শ্বাস বিরতির জায়গা দেখাতে
গ. বাক্যকে অলংকৃত করতে
ঘ. বক্তার মেজাজকে স্পষ্ট করতে উ. ঘ

ব্যাখ্যা : বক্তার মেজাজকে স্পষ্ট করতে বিরাম চিহ্ন ব্যবহৃত হয় না।

৭. 'গৌরচন্দ্রিকা' বাগধারাটি কোন অর্থে ব্যবহৃত হয়?
ক. বাড়তি বোঝা খ. রূপের মোহ
গ. ভূমিকা ঘ. ফিটফাট উ. গ

ব্যাখ্যা : 'ভূমিকা' অর্থ বোঝাতে গৌরচন্দ্রিকা বাগধারাটি ব্যবহৃত হয়। 'গৌরচন্দ্রিকা' বাগধারার আরেকটি অর্থ- ভণিতা করা।

৮. 'মেঘ' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. বারীদ খ. পাথার
গ. অটবি ঘ. সলিল উ. ক

ব্যাখ্যা : 'মেঘ' শব্দের সমার্থক শব্দ বারীদ। অন্যদিকে, অটবি অর্থ বৃক্ষ বা বন। সলিল অর্থ পানি। পাথার অর্থ সাগর।

৯. 'সোম' শব্দের অর্থ কী?
ক. কান্তি খ. বিধু
গ. শৈল ঘ. মিত্র উ. খ

ব্যাখ্যা : 'সোম' শব্দের অর্থ বিধু বা চাঁদ। অন্যদিকে, মিত্র অর্থ বন্ধু বা সুহৃদ। শৈল অর্থ পাহাড় বা পর্বত। কান্তি অর্থ লাবণ্য বা সৌন্দর্য।

১০. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. সমুদয় পক্ষীই নীড় বাঁধে
খ. চোরটি সব মালসুদ্ধ ধরা পড়েছে
গ. তার বৈমাত্রেয় সহোদর অসুস্থ
ঘ. দশচক্রে ঈশ্বর ভূত উ. ক

ব্যাখ্যা : 'সমুদয় পক্ষীই নীড় বাঁধে'– বাক্যটি শুদ্ধ। অন্য বাক্যগুলোর শুদ্ধরূপ- খ. চোরটি মালসুদ্ধ ধরা পড়েছে। গ. তার সহোদর অসুস্থ। ঘ. দশচক্রে ভগবান ভূত (এটি একটি প্রবাদ)।

১১. প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয়–
ক. রূপক খ. উপমান
গ. উপমিত ঘ. উপমেয় উ. ঘ

ব্যাখ্যা : প্রত্যক্ষ কোন বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় উপমেয়। পরোক্ষ বস্তুটিকে অর্থাৎ যার সাথে তুলনা করা হয়েছে তাকে বলা উপমান। যেমন- তুষারশুভ্র = তুষারের ন্যায় শুভ্র। এখানে তুষার হল উপমান আর শুভ্র হল উপমেয়।

১২. 'কাচামিঠা' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?
ক. কাঁচা ও মিঠা খ. যা কাঁচা তাই মিঠা
গ. কাঁচা হয়েও মিঠা ঘ. কাঁচা যে মিঠা উ. খ

ব্যাখ্যা : 'কাঁচামিঠা এর ব্যাসবাক্য– যা কাঁচা তাই মিঠা। এটি একটি কর্মধারয় সমাস।

Scanned with CamScanner CamScanner

১৩. সমাস নিষ্পন্ন পদকে কি বলে?
ক. সমসামান পদ খ. সমস্ত পদ
গ. ব্যাসবাক্য ঘ. উত্তর পদ উ. খ
ব্যাখ্যা : সমাস নিষ্পন্ন পদকে সমস্ত পদ বলে। সমস্ত পদের অন্তর্গত প্রত্যেকটি পদকে সমস্যমান পদ বলে। সমস্যমান পদের প্রথমটিকে বলে পূর্বপদ এবং পরের পদকে বলা হয় উত্তর পদ। সমস্তপদকে ভাঙলে যে বাক্যাংশ পাওয়া যায়, তাকে 'ব্যাসবাক্য' বা 'বিগ্রহ বাক্য' বলে।

১৪. একটি পত্রের প্রধান অংশ কয়টি?
ক. দুইটি খ. তিনটি
গ. চারটি ঘ. পাঁচটি উ. ক
ব্যাখ্যা : একটি পত্রের প্রধান অংশ– ২টি। যথা: পত্রগর্ভ বা অন্তর্ভাগ এবং পত্রের বহির্ভাগ বা শিরোনাম। তবে, পত্রগর্ভ বা অন্তর্ভাগের ৬টি অংশ থাকে। ব্যক্তিগতপত্রের অংশও ৬টি।

১৫. বাংলা ভাষা কোন মূল ভাষার অন্তর্গত?
ক. দ্রাবিড় খ. ইন্দো-ইউরোপীয়
গ. দক্ষিণ-পূর্ব এশিয় ঘ. ইউরালীয় উ. খ
ব্যাখ্যা : বাংলা ভাষা ইন্দো-ইউরোপীয় মূল ভাষার অন্তর্গত। ইন্দো-ইউরোপীয় ভাষার প্রধান শাখা ২টি। যথা: কেন্তুম ও শতম। বাংলা ভাষার উৎপত্তি হয়েছে ইন্দো-ইউরোপীয় ভাষার শতম শাখা থেকে।

১৬. শুদ্ধ বানান গুচ্ছ নির্ণয় করুন–
ক. শষ্য, ভুবন, শ্রদ্ধাঞ্জলি খ. সমীচীন, সুষ্ঠ, সাক্ষরতা
গ. আকাঙ্ক্ষা, গ্রামীণ, দারিদ্র্য
ঘ. মুখস্থ, মন্ত্রীসভা, ব্রাহ্মন উ. গ
ব্যাখ্যা : শুদ্ধ বানান গুচ্ছ– আকাঙ্ক্ষা, গ্রামীণ, দারিদ্র্য। অন্য শব্দগুচ্ছের ভুলগুলোর শুদ্ধরূপ- শস্য, সুষ্ঠু, মন্ত্রিসভা, ব্রাহ্মণ।

১৭. শুদ্ধ বানান কোনটি?
ক. দুরন্ত খ. দোর্গা
গ. দোর্গ ঘ. দূর্বল উ. ক
ব্যাখ্যা : শুদ্ধ বানান– দুরন্ত। দুরন্ত অর্থ 'দামাল' বা 'উগ্র'। অন্য শব্দের ভুলগুলোর শুদ্ধরূপ- দুর্গা, দুর্বল।

১৮. বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর' বাক্যটির শুদ্ধরূপ কোনটি?
ক. বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ খ. বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর
গ. বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
ঘ. বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ উ. গ
ব্যাখ্যা : 'বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর'– বাক্যটির শুদ্ধরূপ– 'বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।'

১৯. 'স্বেচ্ছাচারী ব্যক্তি' কোন বাগধারা দিয়ে বোঝানো হয়েছে?
ক. ধর্মের ষাঁড় খ. পোয়া বারো
গ. রাহুর দশা ঘ. বুদ্ধির ঢেঁকি উ. ক
ব্যাখ্যা : 'স্বেচ্ছাচারী ব্যক্তি' বোঝাতে ধর্মের ষাঁড় বাগধারাটি ব্যবহৃত হয়। বাকি অপশনগুলোর অর্থ- বুদ্ধির ঢেঁকি = নির্বোধ। রাহুর দশা = দুঃসময়। পোয়া বারো = পরম সৌভাগ্য।

২০. কোনটি সাধুরীতির শব্দ?
ক. আজ খ. মিনতি
গ. জল ঘ. জোসনা উ.ঘ
ব্যাখ্যা : 'জোছনা' চলিত রীতির শব্দটির সাধু রীতির রূপ দুটি। যথা: 'জোসনা' ও 'জ্যোৎস্না'। 'জল' শব্দটি তৎসম ও তদ্ভব একই রূপ। তাই অপশন অনুযায়ী 'জোসনা' বেশি গ্রহণযোগ্য। অপশনে বাকি শব্দগুলো- আজ (চলিত)-অদ্য (সাধু), মিনতি (চলিত)-বিনতি (সাধু)

২১. একাধিক স্বাধীন বাক্যকে একটি বাক্যে লিখলে সেগুলোর মাঝখানে কোন চিহ্ন বসে?
ক. হাইফেন খ. সেমিকোলন
গ. ড্যাশ ঘ. কমা উ. খ
ব্যাখ্যা : কমার চেয়ে বেশি বিরতির প্রয়োজন হলে এবং একাধিক স্বাধীন বাক্যকে একটি বাক্যে লিখলে সেগুলোর মাঝখানে সেমিকোলন (;) চিহ্ন বসে। যেমন- শফিক চেয়েছিল শিক্ষক হতে; তার মা-বাবা চেয়েছিল বিজ্ঞানী হতে।

২২. দ্বিগু সমাসে কোন পদ প্রধান?
ক. পরপদ খ. পূর্বপদ
গ. উভয় পদ ঘ. অন্য পদ উ. ক
ব্যাখ্যা : দ্বিগু, তৎপুরুষ ও কর্মধারয় সমাসে পরপদ প্রধান হয়। দ্বিগু সমাসে সমাসনিষ্পন্ন পদটি তথা সমস্ত পদটি বিশেষ্য হয়।

২৩. 'নবপৃথিবী'-এর সঠিক ব্যসবাক্য কোনটি?
ক. নব ও পৃথিবী খ. নব পৃথিবী যার
গ. নব প্রথিবীর ন্যায় ঘ. নব যে পৃথিবী উ. ঘ
ব্যাখ্যা : নব যে পৃথিবী = নবপৃথিবী। একটি একটি কর্মধারয় সমাস।

২৪. শুদ্ধ বানান কোনটি?
ক. শান্তনা খ. শান্ত্বনা
গ. সান্তনা ঘ. সান্ত্বনা উ. ঘ
ব্যাখ্যা : 'সান্ত্বনা' শুদ্ধ বানান। 'সান্ত্বনা' শব্দের অর্থ প্রবোধদান।

২৫. সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়–
ক. অব্যয় খ. সম্বোধন পদ
গ. সর্বনাম ঘ. ক্রিয়া উ. ক
ব্যাখ্যা : সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়– অব্যয়। যেমন- ও, এবং, আর, হ্যাঁ, না ইত্যাদি। এগুলো চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়।

২৬. Which word is both a noun and a verb?
ক. believe খ. water
গ. advise ঘ. maker উ. খ
ব্যাখ্যা : Water শব্দটি একই সাথে verb ও noun। যেমন: Verb হিসেবে- He watered the cow. Noun হিসেবে- He fell into the water.

২৭. **Which one is the correct passive form of the sentence "Buy me a shirt"?**
ক. Let a shirt be bought
খ. Let a shirt be bought for me
গ. Let be a shirt be bought
ঘ. Let be bought a shirt
উ. খ

ব্যাখ্যা : Imperative sentence যদি শুধু মূল verb দিয়ে শুরু হয় এর passive voice করার নিয়ম : Let + object টি subject হয় + be + মূল verb এর past participle + for + Indirect object। সুতরাং সঠিক উত্তর (খ) Let a shirt be bought for me.

২৮. **'ছেলেটি দেখতে তার বাবার মতো।' Which is the correct English translation?**
ক. The boy takes after his father
খ. The boy looks after his father
গ. The boy resembles his father
ঘ. The boy looks like his fater
উ. *

ব্যাখ্যা : অপশন (ক) ও অপশন (গ) উভয়ই সঠিক। কারো মতো হওয়া বা সদৃশ হওয়া অর্থে 'take after', 'resemble' দুটিই ব্যবহৃত হতে পারে। তবে, 'take after' এর প্রচলন বেশি।

২৯. **He– home last Monday.**
ক. has left খ. had left
গ. has leave ঘ. left
উ. ঘ

ব্যাখ্যা : Last, last day, last night, last week, last month, last week, last year ইত্যাদি বাক্যে থাকলে সেই বাক্যটি Past Indefinite Tense-এর হয়। সুতরাং সঠিক উত্তর (ঘ) left.

৩০. **Which one is a collective noun?**
ক. friendship খ. gang
গ. doctor ঘ. honesty
উ. খ

ব্যাখ্যা : যে noun সমষ্টিবাচক কিছু বোঝায় তাকে collective noun বলে। উদাহরণ– Army, navy, family, committee, jury, gang, class etc.

৩১. **Choose the correct sentence :**
ক. He is temper খ. He is in tempers
গ. He is in a temper ঘ. He is in the temper
উ. গ

ব্যাখ্যা : In a temper একটি phrase যার অর্থ বদমেজাজ। সঠিক উত্তর (গ) He is in a temper.

৩২. **Choose the correct sentence :**
ক. I finished my duty, amn't I?
খ. I finished my duty, did I?
গ. I finisheed my duty, didn't I?
ঘ. I finished my duty, don't I?
উ. গ

ব্যাখ্যা : Tag question-এ affirmative থাকলে tense অনুযায়ী Negative করতে হয়। যেহেতু অপশনগুলো Past tense ও affirmative, সেহেতু সঠিক উত্তর (গ) I finished my duty, didn't I?

৩৩. **Choose the correct translation of : "There is a little milk in the cup."**
ক. পেয়ালায় অল্প দুধ আছে
খ. পেয়ালায় দুধ নেই বললেই চলে
গ. পেয়ালায় দুধ নেই
ঘ. পেয়ালায় একটুখানি দুধ নেই
উ. ক

ব্যাখ্যা : Uncountable noun-এ 'little' অর্থ 'নাই বললেই চলে', A little দ্বারা 'সামান্য আছে' বোঝায় এবং the little -সামান্য তবে তার সবটুকু আছে এমন বোঝায়। সুতরাং সঠিক উত্তর (ক) পেয়ালায় অল্প দুধ আছে।

৩৪. **It is high time he (change) his bad habits.**
ক. changing খ. has changed
গ. changed ঘ. has been changing
উ. গ

ব্যাখ্যা : It is high time/ It is time + sub + past form (v_2) বসে। সুতরাং সঠিক উত্তর (গ) changed.

৩৫. **What is the synonym of the word 'Redemption'?**
ক. forbidden খ. salvation
গ. assumption ঘ. award
উ. খ

ব্যাখ্যা : Redemption শব্দটি noun যার অর্থ পুনরুদ্ধার, দায়মোচন, মুক্তি। Salvation শব্দটির অর্থও মুক্তি বা দায়মোচন। যা পরস্পর সমার্থক। অন্যদিকে, Forbidden অর্থ নিষিদ্ধ, Assumption অর্থ ধারণা, Award অর্থ পুরস্কার বা সম্মাননা।

৩৬. **In which form of writing is it needed to mention the date and place of writing?**
ক. Paragraph খ. Essay
গ. Report ঘ. Novel
উ. গ

ব্যাখ্যা : সময় এবং স্থান উল্লেখ করতে হয় report/application-এ। সুতরাং সঠিক উত্তর (গ) Report.

৩৭. **How many paragraphs are there in a paragraph?**
ক. one খ. two
গ. three ঘ. four
উ. ক

ব্যাখ্যা : একটি paragraph-এ একটি paragraph-ই থাকে। উত্তর (ক) one। তবে, একটি paragraph এর প্রধানত তিনটি part থাকে। যথা) (১) Topic sentence (2) Supporting details বা body (৩) এবং Conclusion or closing sentence.

Scanned with CamScanner CamScanner

৩৮. **Choose the right Bangla translation of "He came off with flying colours."**
ক. তিনি গৌরমবময় সাফল্য অর্জন করেন
খ. তিনি উড়ন্ত রং নিয়ে এসেছিলেন
গ. তিনি রং ছিটাতে ছিটাতে এসেছিলেন
ঘ. বিজয়ের গৌরব নিয়ে তিনি উড়ে এসেছিলেন উ. ক

ব্যাখ্যা : 'With flying clours' একটি phrase, যার অর্থ বিজয় গৌরবে বা বিজয় সহকারে। সুতরাং সঠিক উত্তর (ক)।

৩৯. **What is the antonym of the word 'Punishment'?**
ক. prize খ. crime
গ. reward ঘ. presentation উ. গ

ব্যাখ্যা : Punishment- শাস্তি। অপশন (ক) prize -পুরস্কার; (খ) crime-অপরাধ; (গ) reward- পুরস্কার; এবং (ঘ) presentation- উপস্থাপন। অপশন (ক) ও (গ) উভয় সমার্থক তবে reward-ই punishment-এর অধিক যৌক্তিক বিপরীত শব্দ।

৪০. **Choose the correct passive form of the sentence.**
"His conduct annoyed me."
ক. I was annoyed at his conduct
খ. I was annyed to his conduct
গ. I was annoyed by his conduct
ঘ. I was annoyed with his conduct উ. ক

ব্যাখ্যা : Annoyed এর পর preposition at বসে। সুতরাং সঠিক উত্তর (ক) I was annoyed at his conduct.

৪১. কখনো অপরের নিন্দা করো না।
Choose the correct English translation :
ক. Never tell bad of others
খ. Never tell sick of others
গ. Never speak evil of other
ঘ. Never speak ill of others উ. ঘ

ব্যাখ্যা : 'Speak ill' অর্থ- অপরের নিন্দা করা। সুতরাং সঠিক উত্তর (ঘ) Never speak ill of others.

৪২. **I am looking forward to (receive) your letter.**
ক. receive খ. receiving
গ. for receiving ঘ. received উ. খ

ব্যাখ্যা : Look forward to, with a view to, cannot help, could not help এর পর verb + ing হয়। সুতরাং সঠিক উত্তর (খ) receiving.

৪৩. **'The Arabian Nights' (be) my favourite book.**
ক. is খ. are
গ. has ঘ. were উ. ক

ব্যাখ্যা : 'The Arabian Nights' হলো Sir Richard Burton এর একটি বিখ্যাত গ্রন্থ। আমরা জানি, বইয়ের নাম বা দেশের নাম দেখতে plural হলেও singular verb গ্রহণ করে। সঠিক উত্তর (ক) is.

৪৪. **The adjective of the word 'authority' is :**
ক. authorise খ. author
গ. authoritatively ঘ. authoritative উ. ঘ

ব্যাখ্যা : -live, -less, -ful, -ous, -able, -ibl ইত্যাদি suffix ব্যবহার করে adjective গঠিত হয়। 'Authority' একটি noun; এর অর্থ 'কর্তৃপক্ষ'। এর adjective 'Authoritative', যার অর্থ- কর্তৃত্বপূর্ণ। কাজেই সঠিক উত্তর (ঘ) authoritative. উল্লেখ্য যে, 'Authority' এর verb হল 'authorize'.

৪৫. **"I hardly go out after dusk." The correct Bangla translation is :**
ক. আমি সন্ধ্যার পর কদাচিৎ বাইরে যাই
খ. আমি সন্ধ্যার পর পরেই বাইরে যাই
গ. আমি সন্ধ্যার পর প্রায়ই বাইরে যাই
ঘ. আমি সন্ধ্যার পর মোটেও বাইরে যাই না উ. ক

ব্যাখ্যা : Hardly অর্থ কদাচিৎ। সুতরাং সঠিক উত্তর (ক) আমি সন্ধ্যার পর কদাচিৎ বাইরে যাই।

৪৬. **Identify the correct sentence from the options :**
ক. She prefers dancing more than singing
খ. She prefers to dance than to sing
গ. She prefers dancing to singing
ঘ. She prefers dance to sing উ. গ

ব্যাখ্যা : তুলনা বোঝাতে prefer এর পরের দুটি verb এর সাথে ing যুক্ত হয় এবং than এর পরিবর্তে to বসে। অতএব, সঠিক উত্তর (গ)।

৪৭. **Which of the following is the correct indirect form of the given direct speech :**
"Who are you and what do you want?" He said to me.
ক. He asked me who was I and what did I want
খ. He asked to me who were you and what did you want
গ. He asked me who I was and what I wanted
ঘ. He told me who you are and what you want উ. গ

ব্যাখ্যা : Interrogative sentence-কে Direct থেকে Indirect-এ রূপান্তর করার সময় reporting verb ask হয় এবং pronoun এর objective রূপ বসে। বাক্যের বাকি অংশ assertive হয়। সঠিক উত্তর (গ) He asked me who I was and what I wanted.

৪৮. **He kept on (sing) as he passed.**
ক. singing খ. to sing
গ. to have sung ঘ. sang **উ. ক**

ব্যাখ্যা : আমরা জানি, 'to' ছাড়া অন্য কোনো preposition এর পর verb আসলে, সেই verb শেষে সাধারণত ing যুক্ত হয়। অতএব, সঠিক উত্তর (ক) singing

৪৯. **'Man' has been used as a verb in :**
ক. He shouted at the man
খ. The captain has to man the ship carefully
গ. No man is infalliable
ঘ. He is a worthy man **উ. খ**

ব্যাখ্যা : অপশন (খ)-তে man শব্দটি verb হিসেবে ব্যবহৃত হয়েছে এবং বাকি অপশনগুলোতে noun হিসেবে ব্যবহৃত হয়েছে। অতএব, সঠিক উত্তর (খ)।

৫০. **The flight will take off – that the weather is good.**
ক. if খ. unless
গ. until ঘ. provided **উ. ঘ**

ব্যাখ্যা : 'এই শর্তে যে' বোঝাতে provided that ব্যবহৃত হয়। প্রশ্নে প্রদত্ত বাক্যে বলা হয়েছে- 'আবহাওয়া ভালো থাকা শর্তে ফ্লাইটটি উড়বে।' এখানে শূন্যস্থানের পর 'that' না থাকলে শূন্যস্থানে 'if' হত। সুতরাং সঠিক উত্তর (ঘ) provided.

৫১. **$3x + 4y = 14, 4x - 3y = 2$ এর সমাধান সেট কত হবে?**
ক. (2, 3) খ. (3, 2)
গ. (2, 2) ঘ. (3, 3) **উ. গ**

ব্যাখ্যা : দেওয়া আছে,
$3x + 4y = 14$ ..... (i)
$4x - 3y = 2$ ..... (ii)
(i) নং সমীকরণকে 3 দ্বারা এবং (ii) নং সমীকরণকে 4 দ্বারা গুণ করে
$9x + 12y = 42$
$16x - 12y = 8$
[+ করে] $25x = 50$
$\Rightarrow x = \frac{50}{25} = 2$
$\Rightarrow x = 2$ (i) নং সমীকরণে বসিয়ে পাই
$\Rightarrow 3 \times 2 + 4y = 14$
$\Rightarrow 4y = 14 - 6$
$\Rightarrow y = \frac{8}{4}$
$\therefore y = 2$
$\therefore$ নির্ণেয় সমাধান সেট = (2, 2)

৫২. **$x + 3y = 0$ সমীকরণের লেখচিত্র কি হবে?**
ক. বৃত্ত খ. পরাবৃত্ত
গ. মূল বিন্দুগামী সরলরেখা ঘ. বক্ররেখা **উ. গ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $x + 3y = 0$
$\Rightarrow 3y = -x$
$\Rightarrow 3y = -\frac{1}{x}$
$\Rightarrow y = \frac{-1}{3}x$
$\therefore y = \left(-\frac{1}{3}\right)x$ [মূলবিন্দুগামী সরলরেখার সমীকরণ $y = mx$]
$\therefore x + 3y = 0$ মূলবিন্দুগামী সরলরেখা
অতএব, উত্তর হবে অপশন (গ)।

৫৩. **৬০ ও ৮০ এর মধ্যবর্তী বৃহত্তর ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যার অন্তর হবে–**
ক. ৮ খ. ১২
গ. ১৮ ঘ. ১৪০ **উ. গ**

ব্যাখ্যা : ৬০ ও ৮০ এর মধ্যবর্তী মৌলিক সংখ্যাগুলো হল : ৬১, ৬৭, ৭১, ৭৩ ও ৭৯।
$\therefore$ ৬০ ও ৮০ এর মধ্যবর্তী বৃহত্তর ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যার অন্তর = (৭৯ − ৬১) = ১৮

৫৪. **একটি গোলকের ব্যাসার্ধ 5 সেমি হলে এর পৃষ্ঠের ক্ষেত্রফল কত?**
ক. 80 π বর্গ সেমি খ. 100 π বর্গ সেমি
গ. 200 π বর্গ সেমি ঘ. 300 π বর্গ সেমি **উ. খ**

ব্যাখ্যা : গোলকের ব্যাস = 2r ও গোলকের ব্যাসার্ধ = r হলে, গোলকের তলের ক্ষেত্রফল = $4\pi r^2$ বর্গ একক
$= 4 \times \pi (5)^2$ বর্গ সেমি
$= 4 \times \pi \times 25$ বর্গ সেমি
$= 100\pi$ বর্গ সেমি

৫৫. **একটি রম্বসের কর্ণদ্বয় 40 সেমি ও 60 সেমি। রম্বসের ক্ষেত্রফল কত?**
ক. 2400 বর্গ সেমি খ. 1200 বর্গ সেমি
গ. 600 বর্গ সেমি ঘ. 48 বর্গ সেমি **উ. খ**

ব্যাখ্যা : রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ দুই কর্ণদ্বয়ের গুণফল
$= \frac{1}{2} \times 40 \times 60$ বর্গ সেমি
$= \frac{1}{2} \times 2400$ বর্গ সেমি
$= 1200$ বর্গ সেমি

৫৬. **$5 + 8 + 11 + 14 +$ ..... ধারাটির কোন পদ 302?**
ক. 100 খ. 101
গ. 102 ঘ. 103 **উ. ক**

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : সমান্তর ধারাটির ১ম পদ $a = 5$
সাধারণ অন্তর $d = (8 - 5) = 3$
মনে করি, ধারাটির n তম পদ $= 302$
$\therefore$ n তম পদ $= a + (n - 1)d$
$\Rightarrow 302 = a + (n - 1)d$
$\Rightarrow 302 = 5 + (n - 1)3$
$\Rightarrow n - 1 = \frac{302 - 5}{3}$
$\Rightarrow n - 1 = 99$
$\therefore n = 99 + 1 = 100$

৫৭. দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ১৯৯ হলে বৃহত্তম সংখ্যাটি কত?
ক. ৯৮ খ. ৯৯
গ. ১০০ ঘ. ১০১ উ. গ

ব্যাখ্যা : সহজ শর্টকাট : বৃহত্তম সংখ্যাটি $= \frac{১৯৯ + ১}{২} = ১০০$

ক্ষুদ্রতম সংখ্যাটি $= \frac{১৯৯ - ১}{২} = ৯৯$

সুতরাং, উত্তর হবে অপশন (গ) ৯৯।

৫৮. দুটি সংখ্যার অনুপাত 5 : 6 এবং তাদের গ. সা. গু. 4 হলে, ছোট সংখ্যাটি কত?
ক. 10 খ. 15
গ. 20 ঘ. 24 উ. গ

ব্যাখ্যা : মনে করি, সংখ্যা দুটি যথাক্রমে $= 5x$ ও $6x$
$\therefore$ সংখ্যা দুটির গ. সা. গু $= x$
যেহেতু $x = 4$
$\therefore$ ছোট সংখ্যাটি $= 5x$
$= 5 \times 4 = 20$

৫৯. বার্ষিক শতকরা ৫.৫০ টাকা হার সুদে ৮০০ টাকার ৩ বছরের সুদ-আসল কত হবে?
ক. ৯৩২ টাকা খ. ১৫০০ টাকা
গ. ১০০০ টাকা ঘ. ১২৪৫ টাকা উ. ক

ব্যাখ্যা : আমরা জানি, $I = pnr$

$\Rightarrow I = ৮০০ \times ৩ \times \frac{৫.৫০}{১০০}$

$\Rightarrow I = ৮০০ \times ৩ \times \frac{৫৫০}{১০০ \times ১০০}$

$\therefore I = ১৩২$

$\therefore$ সুদাসল $= ১৩২ + ৮০০ = ৯৩২$

৬০. রুপরা, এষা ও খ্রিতুই ৫ মিনিট, ১০ মিনিট, ১৫ মিনিট অন্তর অন্তর একটি করে চকলেট খায়। কতক্ষণ পর তারা একত্রে চকলেট খায়?
ক. ২৫ মিনিট খ. ৫০ মিনিট
গ. ৪০ মিনিট ঘ. ৩০ মিনিট উ. ঘ

ব্যাখ্যা : ৫, ১০ এবং ১৫ এর ল. সা. গু. হবে নির্ণেয় সময়

৫ / ৫, ১০, ১৫
১, ২, ৩

$\therefore$ নির্ণেয় সময় $= ৫ \times ২ \times ৩$
$= ৩০$ মিনিট।

৬১. একটি ত্রিভুজের তিনটি কোণের পরিমাপ যথাক্রমে $x, \frac{x}{2}, \frac{3x}{2}$ হলে বৃহত্তম কোনটির মান কত?
ক. 90° খ. 45°
গ. 60° ঘ. 120° উ. ক

ব্যাখ্যা : যেকোনো ত্রিভুজের তিন কোণের সমষ্টি $= 180°$

প্রশ্নমতে, $x + \frac{x}{2} + \frac{3x}{2} = 180°$

$\Rightarrow \frac{2x + x + 3x}{2} = 180°$

$\Rightarrow 6x = 360°$

$\Rightarrow x = \frac{360°}{6}$

$\therefore x = 60°$

$\therefore$ ত্রিভুজের বৃহত্তর কোণ $= \frac{3 \times 60°}{2}$
$= 90°$

৬২. ACB বৃত্তে AB জ্যা-এর মধ্যবিন্দু D, $\angle ADC = 90°$, DC = ২ সেমি এবং বৃত্তটির ব্যাস ১০ সেমি হলে AB = কত?
ক. ৯ সেমি খ. ৮ সেমি
গ. ৬ সেমি ঘ. ৪ সেমি উ. খ

ব্যাখ্যা : ব্যাসার্ধ, $OA = \frac{১০}{২} = ৫$ সেমি

$\therefore OD = ৫ - ২ = ৩$ সেমি
সমকোণী ত্রিভুজ OAD এ
$OD^2 + AD^2 = OA^2$
$(৩)^2 + AD^2 = (৫)^2$
বা, $AD^2 = ২৫ - ৯$
বা, $AD = \sqrt{16}$
$\therefore AD = ৪$ সেমি
অতএব এখানে, $AB = ২AD$
$= ২ \times ৪$ [মান বসিয়ে]
$= ৮$ সেমি

৬৩. $x = 3 + 2\sqrt{2}$ হলে x^{-1} এর সঠিক মান হবে–
ক. $3 + 2\sqrt{2}$ খ. $\sqrt{3} + \sqrt{2}$
গ. $3 - 2\sqrt{2}$ ঘ. $\sqrt{3} - \sqrt{2}$ উ. গ

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : দেওয়া আছে, $x = 3 + 2\sqrt{2}$

এখানে, $x^{-1} = \frac{1}{x}$

$\therefore \frac{1}{x} = \frac{1}{3+2\sqrt{2}}$

$= \frac{3-2\sqrt{2}}{(3+2\sqrt{2})(3-2\sqrt{2})}$

$= \frac{3-2\sqrt{2}}{(3)^2-(2\sqrt{2})^2}$

$= \frac{3-2\sqrt{2}}{9-8}$

$= 3 - 2\sqrt{2}$

৬৪. $f(x) = \frac{x-3}{2x+1}$ হলে, $f(0)$ = কত?

ক. 3 খ. –3

গ. $\frac{1}{3}$ ঘ. $-\frac{1}{3}$ উ. খ

ব্যাখ্যা : $f(x) = \frac{x-3}{2x+1}$

$f(0) = \frac{0-3}{2\times 0+1}$

$= -3$

৬৫. দুটি সংখ্যার বর্গের সমষ্টি 41 সংখ্যা দুটির গুণফল 20। সংখ্যা দুটির বর্গের বিয়োগফল কত?

ক. 7 খ. 9

গ. 11 ঘ. 13 উ. খ

ব্যাখ্যা : মনে করি, সংখ্যা দুটি যথাক্রমে = x ও y

তাহলে, সংখ্যা দুটির গুণফল = $x \times y = 20$

প্রশ্নমতে, $(x^2 + y^2) = (41)$

$\Rightarrow (x^2 + y^2)^2 = (41)^2$ [উভয় পাশে বর্গ করে]

$\Rightarrow (x^2 - y^2)^2 + 4x^2y^2 = 1681$

$\Rightarrow (x^2 - y^2)^2 + 4(xy)^2 = 1681$

$\Rightarrow (x^2 - y^2)^2 + 4(20)^2 = 1681$ [মান বসিয়ে]

$\Rightarrow (x^2 - y^2)^2 + 4 \times 400 = 1681$

$\Rightarrow (x^2 - y^2)^2 = 1681 - 1600$

$\Rightarrow (x^2 - y^2)^2 = 81$

$\Rightarrow (x^2 - y^2)^2 = 9^2$

$\Rightarrow x^2 - y^2 = 9$

৬৬. একটি ভগ্নাংশের লব ও হরের পার্থক্য 1 এবং সমষ্টি 7। ভগ্নাংশটি কত?

ক. $\frac{4}{3}$ খ. $\frac{2}{5}$

গ. $\frac{3}{4}$ ঘ. $\frac{1}{6}$ উ. ক

ব্যাখ্যা : মনে করি, ভগ্নাংশটির লব = x

$\therefore$ ভগ্নাংশটির হর = $x - 1$

প্রশ্নমতে, $x + x - 1 = 7$

$\Rightarrow 2x = 8$

$\therefore x = 4$

$\therefore$ ভগ্নাংশটি = $\frac{x}{x-1}$

$= \frac{4}{4-1}$ [মান বসিয়ে]

$= \frac{4}{3}$

৬৭. $\tan\theta = \frac{5}{12}$ হলে, $\sec\theta$ = কত?

ক. $\frac{5}{13}$ খ. $\frac{13}{5}$ গ. $\frac{12}{13}$ ঘ. $\frac{13}{12}$ উ. ঘ

ব্যাখ্যা :



দেওয়া আছে, $\tan\theta = \frac{5}{12}$

আমরা জানি, $\tan\theta = \frac{\text{লম্ব}}{\text{ভূমি}}$

সুতরাং, এখানে লম্ব = 5, ভূমি = 12

$\therefore$ অতিভুজ = $\sqrt{\text{ভূমি}^2 + \text{লম্ব}^2}$

$= \sqrt{12^2 + 5^2} = 13$

$\therefore \cos\theta = \frac{12}{13}$

$\therefore \sec\theta = \frac{13}{12}$

৬৮. $x - \frac{1}{x} = 3$ হলে, $x^3 - \frac{1}{x^3}$ এর মান কত?

ক. 25 খ. 115

গ. 18 ঘ. কোনোটিই নয় উ. ঘ

ব্যাখ্যা : দেওয়া আছে, $x - \frac{1}{x} = 3$

এখন, $x^3 - \frac{1}{x^3}$

$= \left(x - \frac{1}{x}\right)^3 + 3.x.\frac{1}{x}\left(x - \frac{1}{x}\right)$

$= 3^3 + 3.3$

$= 27 + 9$

$= 36$

∴ উত্তর হবে অপশন (ঘ) কোনোটিই নয়।

৬৯. $1 + 2 + 3 + \ldots\ldots\ldots + 100 =$ কত?

ক. 4950 খ. 4850

গ. 5050 ঘ. 5060 উ. গ

ব্যাখ্যা : সমান্তর ধারার সমষ্টি $= \frac{n(n+1)}{2}$

$= \frac{100(100+1)}{2}$

$= 5050$

৭০. একটি চৌবাচ্চার দৈর্ঘ্য ৫ মিটার, প্রস্থ ৪ মিটার ও উচ্চতা ৩ মিটার। চৌবাচ্চাটিতে কত লিটার পানি ধরবে?

ক. ৬০ লিটার খ. ৬০০ লিটার

গ. ৬০০০ লিটার ঘ. ৬০০০০ লিটার উ. ঘ

ব্যাখ্যা : এখানে, চৌবাচ্চার দৈর্ঘ্য = ৫ মিটার, চৌবাচ্চার প্রস্থ = ৪ মিটার এবং চৌবাচ্চার উচ্চতা = ৩ মিটার

∴ চৌবাচ্চার আয়তন = ৫ × ৪ × ৩ ঘন মিটার

= ৬০ ঘন মিটার

= (৬০ × ১০০০) লিটার [∵ ১ ঘন মিটার = ১০০০ লিটার]

= ৬০,০০০ লিটার

৭১. পিতা ও তার দুই সন্তানের বয়সের গড় ২৫ বছর। দুই সন্তানের বয়সের গড় ২২ বছর হলে, পিতার বয়স–

ক. ২৫ বছর খ. ২১ বছর

গ. ৩১ বছর ঘ. ৩২ বছর উ. গ

ব্যাখ্যা : পিতা + দুই সন্তানের বয়সের সমষ্টি= ২৫×৩ = ৭৫ বছর

দুই সন্তানের বয়সের সমষ্টি = ২২ × ২ = ৪৪ বছর

∴ পিতার বয়স = ৭৫ − ৪৪ বছর।

= ৩১ বছর।

৭২. দুটি সংখ্যার গ. সা. গু. ও ল. সা. গু. যথাক্রমে ১৫ ও ১২৫। একটি সংখ্যা ৪৫ হলে অপর সংখ্যাটি–

ক. ১৫ খ. ২২৫

গ. ৭৫ ঘ. ২৫ উ. *

ব্যাখ্যা : প্রশ্নে ভুল আছে। ল. সা. গু. ১২৫-এর স্থানে ২২৫ হলে উত্তর হবে (গ)।

একটি সংখ্যা × অপরসংখ্যা = ল. সা. গু. × গ. সা. গু.

⇒ ৪৫ × অপরসংখ্যা = ১৫ × ১২৫

⇒ অপর সংখ্যা $= \frac{১৫ \times ১২৫}{৪৫}$

∴ অপর সংখ্যা = ৪১.৬৭

৭৩. $x^2 + x - (a+1)(a+2)$-এর উৎপাদক–

ক. $(x - a - 1)(x - a + 2)$

খ. $(x + a + 1)(x - a - 2)$

গ. $(x - a + 1)(x + a - 2)$

ঘ. $(x - a - 1)(x + a + 2)$ উ. ঘ

ব্যাখ্যা : মনে করি, $a + 1 = y$

এবং $a + 2 = y + 1$

$\therefore x^2 + x - y(y+1)$

$= x^2 + x - y^2 - y$

$= (x^2 - y^2) + x - y$

$= (x+y)(x-y) + (x-y)$

$= (x-y)(x+y+1)$

$= (x-a-1)(x+a+1+1)$

$= (x-a-1)(x+a+2)$

৭৪. একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য 6 মিটার, 8 মিটার ও 20 মিটার হলে ত্রিভুজটির ক্ষেত্রফল–

ক. 12 বর্গ মিটার খ. 24 বর্গ মিটার

গ. 10 বর্গ মিটার ঘ. কোনোটিই নয় উ. ঘ

ব্যাখ্যা : জ্যামিতিক সূত্র অনুযায়ী, ত্রিভুজের দুই বাহুর যোগফল তার তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর।

∴ $6 + 8 < 20$। অতএব, প্রশ্নে প্রদত্ত তিনটি বাহু দ্বারা প্রকৃতপক্ষে কোনো ত্রিভুজ আঁকা সম্ভবপর নয়।

অতএব, সঠিক উত্তর হবে অপশন (ঘ) কোনোটিই নয়।

৭৫. একটি ট্রাপিজিয়াম-এর সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য ১২ সেমি, ১৮ সেমি এবং এদের মধ্যবর্তী দূরত্ব ১০ সেমি হলে ইহার ক্ষেত্রফল–

ক. ১৫০ বর্গ মিটার খ. ১৫০ বর্গ সেমি

গ. ১৫০ বর্গ একক ঘ. কোনোটিই নয় উ. খ

ব্যাখ্যা : আমরা জানি, ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল =

$\frac{১}{২} \times$ (সমান্তরাল দুই বাহুর যোগফল) × উচ্চতা

$= \frac{১}{২} \times (১২ + ১৮)$ সেমি × ১০ সেমি

= ১৫০ বর্গ সেমি (উত্তর)

৭৬. বর্তমান বিশ্বে সবচেয়ে বেশি কার্বন নির্গমনকারী দেশ কোনটি?

ক. চীন খ. যুক্তরাষ্ট্র

গ. জাপান ঘ. ভারত উ. ক

ব্যাখ্যা : বর্তমান বিশ্বে সবচেয়ে বেশি কার্বণ নির্গমনকারী দেশ চীন। তবে, মাথাপিছু সবচেয়ে বেশি কার্বণ নির্গমনকারী দেশ- যুক্তরাষ্ট্র। কার্বণ নির্গমনকারী দেশের তালিকায় দ্বিতীয় ও তৃতীয় কার্বণ নির্গমনকারী দেশ হিসেবে রয়েছে যথাক্রমে যুক্তরাষ্ট্র ও ভারত। গ্রিন হাউস ইফেক্টস তথা বৈশ্বিক উষ্ণায়নের জন্য প্রধানত দায়ী কার্বন ডাই অক্সাইড (CO_2)।

$= 3^3 + 3.3$
$= 27 + 9$
$= 36$
∴ উত্তর হবে অপশন (ঘ) কোনোটিই নয়।

৬৯. $1 + 2 + 3 + \ldots\ldots\ldots + 100 =$ কত?
ক. 4950 খ. 4850
গ. 5050 ঘ. 5060 উ. গ

ব্যাখ্যা : সমান্তর ধারার সমষ্টি $= \frac{n(n+1)}{2}$
$= \frac{100(100+1)}{2}$
$= 5050$

৭০. একটি চৌবাচ্চার দৈর্ঘ্য ৫ মিটার, প্রস্থ ৪ মিটার ও উচ্চতা ও ৩ মিটার। চৌবাচ্চাটিতে কত লিটার পানি ধরবে?
ক. ৬০ লিটার খ. ৬০০ লিটার
গ. ৬০০০ লিটার ঘ. ৬০০০০ লিটার উ. ঘ

ব্যাখ্যা : এখানে, চৌবাচ্চার দৈর্ঘ্য = ৫ মিটার, চৌবাচ্চার প্রস্থ = ৪ মিটার এবং চৌবাচ্চার উচ্চতা = ৩ মিটার
∴চৌবাচ্চার আয়তন = ৫ × ৪ × ৩ ঘন মিটার
= ৬০ ঘন মিটার
= (৬০ × ১০০০) লিটার [∵ ১ ঘন মিটার = ১০০০ লিটার]
= ৬০,০০০ লিটার

৭১. পিতা ও তার দুই সন্তানের বয়সের গড় ২৫ বছর। দুই সন্তানের বয়সের গড় ২২ বছর হলে, পিতার বয়স–
ক. ২৫ বছর খ. ২১ বছর
গ. ৩১ বছর ঘ. ৩২ বছর উ. গ

ব্যাখ্যা : পিতা + দুই সন্তানের বয়সের সমষ্টি= ২৫×৩ = ৭৫ বছর
দুই সন্তানের বয়সের সমষ্টি = ২২ × ২ = ৪৪ বছর
∴ পিতার বয়স = ৭৫ − ৪৪ বছর।
= ৩১ বছর।

৭২. দুটি সংখ্যার গ. সা. গু. ও ল. সা. গু. যথাক্রমে ১৫ ও ১২৫। একটি সংখ্যা ৪৫ হলে অপর সংখ্যাটি–
ক. ১৫ খ. ২২৫
গ. ৭৫ ঘ. ২৫ উ. *

ব্যাখ্যা : প্রশ্নে ভুল আছে। ল. সা. গু. ১২৫-এর স্থানে ২২৫ হলে উত্তর হবে (গ)।
একটি সংখ্যা × অপরসংখ্যা = ল. সা. গু. × গ. সা. গু.
⇒ ৪৫ × অপরসংখ্যা = ১৫ × ১২৫
⇒ অপর সংখ্যা $= \frac{১৫ \times ১২৫}{৪৫}$
∴ অপর সংখ্যা = ৪১.৬৭

৭৩. $x^2 + x - (a+1)(a+2)$-এর উৎপাদক–
ক. $(x - a - 1)(x - a + 2)$
খ. $(x + a + 1)(x - a - 2)$
গ. $(x - a + 1)(x + a - 2)$
ঘ. $(x - a - 1)(x + a + 2)$ উ. ঘ

ব্যাখ্যা : মনে করি, $a + 1 = y$
এবং $a + 2 = y + 1$
∴ $x^2 + x - y(y+1)$
$= x^2 + x - y^2 - y$
$= (x^2 - y^2) + x - y$
$= (x+y)(x-y) + (x-y)$
$= (x-y)(x+y+1)$
$= (x-a-1)(x+a+1+1)$
$= (x-a-1)(x+a+2)$

৭৪. একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য 6 মিটার, 8 মিটার ও 20 মিটার হলে ত্রিভুজটির ক্ষেত্রফল–
ক. 12 বর্গ মিটার খ. 24 বর্গ মিটার
গ. 10 বর্গ মিটার ঘ. কোনোটিই নয় উ. ঘ

ব্যাখ্যা : জ্যামিতিক সূত্র অনুযায়ী, ত্রিভুজের দুই বাহুর যোগফল তার তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর।
∴ 6 + 8 < 20। অতএব, প্রশ্নে প্রদত্ত তিনটি বাহু দ্বারা প্রকৃতপক্ষে কোনো ত্রিভুজ আঁকা সম্ভবপর নয়।
অতএব, সঠিক উত্তর হবে অপশন (ঘ) কোনোটিই নয়।

৭৫. একটি ট্রাপিজিয়াম-এর সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য ১২ সেমি, ১৮ সেমি এবং এদের মধ্যবর্তী দূরত্ব ১০ সেমি হলে ইহার ক্ষেত্রফল–
ক. ১৫০ বর্গ মিটার খ. ১৫০ বর্গ সেমি
গ. ১৫০ বর্গ একক ঘ. কোনোটিই নয় উ. খ

ব্যাখ্যা : আমরা জানি, ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল =
$\frac{১}{২} \times$ (সমান্তরাল দুই বাহুর যোগফল) × উচ্চতা
$= \frac{১}{২} \times (১২ + ১৮)$ সেমি × ১০ সেমি
= ১৫০ বর্গ সেমি (উত্তর)

৭৬. বর্তমান বিশ্বে সবচেয়ে বেশি কার্বন নির্গমনকারী দেশ কোনটি?
ক. চীন খ. যুক্তরাষ্ট্র
গ. জাপান ঘ. ভারত উ. ক

ব্যাখ্যা : বর্তমান বিশ্বে সবচেয়ে বেশি কার্বণ নির্গমনকারী দেশ চীন। তবে, মাথাপিছু সবচেয়ে বেশি কার্বণ নির্গমনকারী দেশ-যুক্তরাষ্ট্র। কার্বণ নির্গমনকারী দেশের তালিকায় দ্বিতীয় ও তৃতীয় কার্বণ নির্গমনকারী দেশ হিসেবে রয়েছে যথাক্রমে যুক্তরাষ্ট্র ও ভারত। গ্রিন হাউস ইফেক্টস তথা বৈশ্বিক উষ্ণায়নের জন্য প্রধানত দায়ী কার্বন ডাই অক্সাইড (CO_2)।

৭৭. কঙ্গোর রাজধানী কোনটি?
ক. লুসাকা খ. রুয়ান্ডা
গ. জাম্বিয়া ঘ. কিনসাসা উ. ঘ
ব্যাখ্যা : 'গণতান্ত্রিক কঙ্গো' এর রাজধানী- কিনসাসা। জাম্বিয়ার রাজধানী- লুসাকা। রুয়ান্ডার রাজধানী কিগালি।

৭৮. বাংলাদেশের নতুন গ্যাস ফিল্ড আবিষ্কৃত হয় নোয়াখালীর কোম্পানীগঞ্জের–
ক. সুন্দরপুর খ. সুন্দলপুর
গ. হামহাপুর ঘ. জয়পুর উ. ক
ব্যাখ্যা : বাংলাদেশে বর্তমান গ্যাসক্ষেত্র ২৯টি (১ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত)। সর্বশেষ ও ২৯তম আবিষ্কৃত গ্যাসক্ষেত্র- ইলিশা-১, ভোলা জেলা। ১৯৫৫ সালে সিলেটের হরিপুরে প্রথম গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয় এবং ১৯৫৭ সালে এই গ্যাসক্ষেত্র থেকেই বাংলাদেশের প্রথম প্রাকৃতিক গ্যাস উত্তোলন শুরু হয়।

৭৯. মহিলা বিশ্বকাপ ফুটবল-২০১১ বিজয়ী কোন দেশ?
ক. চীন খ. জাপান
গ. কানাডা ঘ. অস্ট্রেলিয়া উ. খ
ব্যাখ্যা : ২০ জুলাই-২০ আগস্ট ২০২৩ সালে অনুষ্ঠিত ৯ম মহিলা বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডে যৌথভাবে। ৯ম মহিলা বিশ্বকাপ ফুটবলে চ্যাম্পিয়ন হয়- স্পেন এবং রানার্স-আপ হয়- ইংল্যান্ড। ৩য় স্থান অর্জন করে- সুইডেন এবং ৪র্থ স্থান অর্জন করে- অস্ট্রেলিয়া। অংশগ্রহণ করে ৩২টি দেশ।

৮০. ইন্টারনেটের জনক কে?
ক. Charles Babej খ. Vinton Gray Cerf
গ. Vinton Gray ঘ. Bill Gates উ. খ
ব্যাখ্যা : International Network এর সংক্ষিপ্ত রূপ Internet. Internet এর পূর্বসূরি ARPAnet। ১৯৬৯ সালে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগ ARPAnet চালু করে। Interent এর জনক বলা হয় Vinton Gray Cerf (ভিন্টন গ্রে চার্ফ)-কে। Charles Babej (চার্লস ব্যাবেজ) হলেন কম্পিউটারের জনক; মাইক্রো সফটের জনক হলেন- বিল গেটস।

৮১. ফেয়ার ফ্যাক্স কি?
ক. গোয়েন্দা সংস্থা খ. তথ্য-আদান-প্রদানের যন্ত্র
গ. N.G.O ঘ. উন্নয়ন সংস্থা উ. ক
ব্যাখ্যা : Fairfax হচ্ছে যুক্তরাষ্ট্রের বেসরকারি অর্থনৈতিক গোয়েন্দা সংস্থা। CIA, DIA, FBI এগুলোও যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থা। তবে, 'ইন্টারফ্যাক্স' রাশিয়ার সংবাদ সংস্থা।

৮২. বিশ্ব সাক্ষরতা দিবস পালিত হয় কোন দিন?
ক. ৬ সেপ্টেম্বর খ. ৭ সেপ্টেম্বর
গ. ৮ সেপ্টেম্বর ঘ. ৯. সেপ্টেম্বর উ. গ
ব্যাখ্যা : বিশ্ব স্বাক্ষরতা দিবস- ৮ সেপ্টেম্বর। বিশ্ব শিক্ষক দিবস- ৫ অক্টোবর এবং জাতীয় শিক্ষক দিবস ১৯ জানুয়ারি।

৮৩. নোবেল বিজয়ী প্রথম মুসলিম নারী কে?
ক. শিরিন এবাদি খ. শিরিন সুলতানা
গ. সালমা বেগম ঘ. বেনজীর ভুট্টো উ. ক
ব্যাখ্যা : নোবেলজয়ী প্রথম মুসলিম নারী ইরানের শিরিন এবাদি। তিনি শান্তিতে ২০০৩ সালে নোবেল পুরস্কার লাভ করেন। নোবেল জয়ী প্রথম নারী মেরি কুরি। নোবেলজয়ী প্রথম মুসলমান আনোয়ার সা'দাত (মিশর, ১৯৭৮)। তিনি শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছিলেন।

৮৪. দুই মহাদেশে অবস্থিত নগরী কোনটি?
ক. ইস্তাম্বুল খ. কায়রো
গ. ট্রয়নগরী ঘ. হ্যামারফোস্ট উ. ক
ব্যাখ্যা : তুরস্কের বৃহত্তম শহর 'ইস্তাম্বুল' এশিয়া ও ইউরোপ উভয় মহাদেশেই পড়েছে। তুরস্ক দেশটি দুই মহাদেশেই পড়েছে। তাই তুরস্ককে 'ইউরেশিয়ান' রাষ্ট্র বলা হয়। ইতিহাস বিখ্যাত ট্রয়নগরী তুরস্কে অবস্থিত।

৮৫. সুনামীর কারণ হলো–
ক. আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত খ. ঘূর্ণিঝড়
গ. চন্দ্র ও সূর্যের আকর্ষণ ঘ. সমুদ্রতলের ভূমিকম্প উ. ঘ
ব্যাখ্যা : সুনামি একটি জাপানি শব্দ। এর অর্থ হলো সামুদ্রিক ঢেউ/পোতাশ্রয়ের ঢেউ। সমুদ্র তলদেশে ভূমিকম্পের ফলে সুনামি হয়।

৮৬. রঙিন টেলিভিশন থেকে যে ক্ষতিকর রশ্মি বের হয় তা–
ক. রঞ্জন রশ্মি খ. বিটা রশ্মি
গ. গামা রশ্মি ঘ. কসমিক রশ্মি উ. ক
ব্যাখ্যা : রঙিন টেলিভিশন থেকে Xray নির্গত হয়। Xray এর অন্য নাম রঞ্জন রশ্মি। ১৮৯৫ সালে জার্মান পদার্থবিজ্ঞানী ইউলহেম রন্টজেন রঞ্জন রশ্মি আবিষ্কার করেন।

৮৭. তথ্যপ্রযুক্তি খাতের উন্নয়নে দেশের প্রথম হাইটেক পার্ক (Hi-Tech Park) কোথায় অবস্থিত?
ক. গাজীপুর জেলার কালিয়াকৈর খ. চট্টগ্রাম জেলার রাউজান
গ. সিলেট জেলার বিয়ানীবাজার ঘ. ঢাকা জেলার সাভার উ. ক
ব্যাখ্যা : গাজীপুর জেলার কালিয়াকৈরে নির্মিত হচ্ছে 'বঙ্গবন্ধু হাইটেক সিটি'। এটিই বাংলাদেশের প্রথম হাই-টেক পার্ক। শেখ হাসিনা সফটওয়ার টেকনোলজি পার্ক নির্মিত হচ্ছে যশোরে।

৮৮. কে প্রমাণ করেন যে অ্যানোফিলিস মশা ম্যালেরিয়া জ্বরের জন্য দায়ী?
ক. স্যার আইজ্যাক নিউটন খ. এডিসন
গ. লুই পাস্তর ঘ. স্যার রোনাল্ড রস উ. ঘ
ব্যাখ্যা : ম্যালেরিয়া (অর্থ 'দূষিত বাতাস') একটি মশাবাহিত জ্বর। সর্বপ্রথম ম্যালেরিয়া শব্দটি প্রয়োগ করেন Torti (টর্টি)। স্ত্রী অ্যানোফিলিস মশার ম্যালেরিয়া জ্বরের জন্য দায়ী এটা প্রমাণ করেন স্যার রোনাল্ড রস। আর এজন্য তিনি ১৯০২ সালে চিকিৎসায় নোবেল প্রাইজ লাভ করেন।

৮৯. ম্যালেরিয়ার ঔষধ 'কুইনিন' কোন গাছ থেকে পাওয়া যায়?
ক. নীম গাছ খ. পাথরকুচি
গ. সিনকোনা ঘ. তুলসী গাছ উ. গ

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : ম্যালেরিয়ার চিকিৎসায় 'কুইনিন' ব্যবহার করা হয়। সিনকোনা গাছের বাকলে কুইনিন পাওয়া যায়। ম্যালেরিয়ার জীবাণু আবিষ্কার করেন চার্লস লাভেরন।

৮৩. বাংলাদেশের দ্বিতীয় এভারেস্ট বিজয়ী কে?
ক. মুসা ইব্রাহিম খ. মুহিত ইব্রাহিম
গ. মোহাম্মদ মুসা ঘ. মোহাম্মদ আবদুল মোহিত উ. ঘ

ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম এভারেস্ট জয়ী মুসা ইব্রাহিম (২৩ মে ২০১০)। দ্বিতীয় বাংলাদেশি হিসেবে এভারেস্ট জয় করেন এম এ মোহিত (২১ মে, ২০১১)। তিনি দুইবার দুই পথে এভারেস্ট জয় করেন। এভারেস্ট জয়ী প্রথম বাংলাদেশি নারী নিশাত মজুমদার (২০১২) এবং দ্বিতীয় নারী ওয়াসফিয়া নাজনীন (২০১২)।

৯১. NASA (নাসা) কী?
ক. হলিউডের অংশ খ. বাতাস কেন্দ্র
গ. ভূমিকম্প কেন্দ্র ঘ. মহাকাশ গবেষণা কেন্দ্র উ. ঘ

ব্যাখ্যা : মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা NASA এর পূর্ণরূপ National Aeronautics and Space Administration। ১৯৫৮ সালে প্রতিষ্ঠিত সংস্থাটির সদর দফতর ওয়াশিংটন ডিসিতে।

৯২. ২০১০ বিশ্বকাপ ফুটবল 'গোল্ডেন বুট' পাওয়া খেলোয়াড় কে?
ক. ফোরলান খ. রোনালদো
গ. মেসি ঘ. তাবেজ উ. *

ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। ২০১০ সালের বিশ্বকাপে 'গোল্ডেন বুট' পান থমাস মুলার এবং 'গোল্ডেন বল' পান ফোরলান। ২০২২ সালে কাতারে অনুষ্ঠিত ফুটবল বিশ্বকাপে-
– গোল্ডেন বুট: কিলিয়ান এমবাপে (ফ্রান্স)।
– গোল্ডেন বল: লিওনেল মেসি (আর্জেন্টিনা)
– গোল্ডেন গ্লাভস : এমিলিয়ানো মার্টিনেজ (আর্জেন্টিনা)

৯৩. আদিম মানুষের সবচেয়ে বড় আবিষ্কার কোনটি?
ক. পাথরের অস্ত্র খ. আগুন
গ. কৃষিকাজ ঘ. পশু শিকার উ. খ

ব্যাখ্যা : আদিম মানুষের সবচেয়ে বড় আবিষ্কার আগুন। প্রস্তর যুগের মানুষেরা পাথরের সাথে পাথর ঘসে আগুন উৎপন্ন করত। তবে প্রাচীন যুগে চাকা আবিষ্কারের ফলে যোগাযোগ ব্যবস্থার প্রভূত উন্নতি সাধিত হয়।

৯৪. 'স্বোপার্জিত স্বাধীনতা' স্থাপত্যটির স্থপতি কে?
ক. আবদুল্লাহ খালিদ খ. হাশেম খান
গ. শামীম শিকদার ঘ. আবু জাফর উ. গ

ব্যাখ্যা : ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে অবস্থিত 'স্বোপার্জিত স্বাধীনতার' এর স্থপতি শামীম শিকদার। সৈয়দ আব্দুল্লাহ খালেদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে অবস্থিত 'অপরাজেয় বাংলা' এর স্থপতি।

৯৫. সোমপুর বিহার কোথায় অবস্থিত?
ক. নওগাঁ খ. সোনারগাঁও
গ. সাতগাঁও ঘ. মহাস্থানগড় উ. ক

ব্যাখ্যা : পাল রাজা ধর্মপাল ৮ম শতাব্দীতে সোমপুর বিহার প্রতিষ্ঠা করেন। সোমপুর বিহার এশিয়া মহাদেশের মধ্যে বৃহত্তম বিহার। নওগাঁ জেলার পাহাড়পুরে এর অবস্থান। এর অন্যনাম 'পাহাড়পুর বিহার'। এটি ইউনেস্কো ঘোষিত একটি 'বিশ্ব ঐতিহ্য'।

৯৬. বাংলাদেশের একমাত্র পানি বিদ্যুৎ কেন্দ্রটি কোথায়?
ক. ভেড়ামারা খ. মোড়াশাল
গ. আশুগঞ্জ ঘ. কাপ্তাই উ. ঘ

ব্যাখ্যা : বাংলাদেশের একমাত্র পানি বিদ্যুৎ কেন্দ্র হচ্ছে কর্ণফুলী পানি বিদ্যুৎ কেন্দ্র। ১৯৬২ সালে স্থাপিত এ পানি বিদ্যুৎ কেন্দ্রটি রাঙ্গামাটির কাপ্তাই উপজেলায় অবস্থিত। বাংলাদেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র পাবনার ঈশ্বরদীতে অবস্থিত।

৯৭. মুক্তিযুদ্ধের উপর রচিত কবিতা "সেপ্টেম্বর অন যশোর রোড" এর রচয়িতা কে?
ক. নোয়েল কাউয়ার্ড খ. বব ডিলান
গ. জর্জ হ্যারিসন ঘ. এলেন গিন্সবার্গ উ. ঘ

ব্যাখ্যা : মার্কিন কবি অ্যালেন গিনসবার্গ ১৯৭১ সালের সেপ্টেম্বর মাসে কলকাতা থেকে নৌকায় বাংলাদেশের যশোর সীমান্তে এসে বাঙালি শরণার্থীদের দুর্দশা প্রত্যক্ষ করেন এবং ১৪-১৬ নভেম্বর ১৯৭১ তারিখে রচনা করেন বিখ্যাত কবিতা 'September of Jessore Road'. ১৫১ লাইনের এ কবিতাটি নিউইয়র্ক টাইমস এ প্রকাশিত হয় ১৯৭১ সালেই।

৯৮. বাকল্যান্ড বাঁধ কোন নদীর তীরে অবস্থিত?
ক. কর্ণফুলী খ. বুড়িগঙ্গা
গ. মধুমতী ঘ. মহানন্দা উ. খ

ব্যাখ্যা : বাকল্যান্ড বাঁধ, লালবাগ কেল্লা, আহসান মঞ্জিল- এগুলো বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত। বাংলাদেশের একমাত্র পানি বিদ্যুৎ প্রকল্প কাপ্তাই কর্ণফুলী নদীর তীরে অবস্থিত। ফারাক্কা বাঁধ গঙ্গা নদীর উপর নির্মিত। আর টিপাইমুখ বাঁধ 'বরাক' নদীর উপর নির্মিত।

৯৯. প্রয়াত চিত্র পরিচালক তারেক মাসুদ-এর জঙ্গিবাদ ও তার প্রভাব সম্পর্কিত চলচ্চিত্রের নাম–
ক. মাটির ময়না খ. রানওয়ে
গ. মুক্তির গান ঘ. নরসুন্দর উ. খ

ব্যাখ্যা : চলচ্চিত্রকার তারেক মাসুদ এর একটি বিখ্যাত চলচ্চিত্র রানওয়ে (২০১০)। এতে তিনি জঙ্গিবাদসহ সমসাময়িক নানা ইস্যুকে তুলে ধরেছেন। তার অন্যান্য চলচ্চিত্রের মধ্যে আছে মুক্তির গান, মাটির ময়না, নরসুন্দর, অন্তর্যাত্রা, কাগজের ফুল। তবে, 'কাগজের ফুল' তিনি শেষ করতে পারেননি।

১০০. বাংলা বর্ণমালা এসেছে কোন লিপি থেকে?
ক. কিউনিফর্ম লিপি খ. ব্রাহ্মী লিপি
গ. ল্যাটিন লিপি ঘ. হায়রোগ্লিফিক লিপি উ. খ

ব্যাখ্যা : ব্রাহ্মী লিপি থেকে বাংলা লিপি ও বর্ণমালা এসেছে। ব্রাহ্মী লিপির কুটিল রূপ থেকে বাংলা বর্ণমালার উৎপত্তি হয়েছে। সকল ভারতীয় লিপিই জন্মলাভ করেছে ব্রাহ্মী লিপি থেকে।

Scanned with CamScanner CamScanner

৬ষ্ঠ কলেজ/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১০

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ৪০০; পরীক্ষার তারিখ : ১০.১২.২০১০

দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।

১. কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে?
ক. অসমিয়া খ. হিন্দি
গ. বঙ্গকামরূপী ঘ. সংস্কৃত উ. গ

ব্যাখ্যা : 'বঙ্গ-কামরূপী' ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে। 'বঙ্গ-কামরূপী' ভাষা বাংলা ভাষার পূর্ববর্তী স্তর। অন্যদিকে, অসমিয়া হল বাংলা ভাষার সহোদর ভাষা। বাংলা ভাষার ব্যাকরণের মূল রীতি-নীতি এসছে সংস্কৃত ভাষা থেকে।

২. ভাষার কোন রীতি পরিবর্তনশীল?
ক. সাধুরীতি খ. চলিত রীতি
গ. কথ্যরীতি ঘ. লেখ্যরীতি উ. খ

ব্যাখ্যা : ভাষার চলিত রীতি পরিবর্তনশীল। পরিবর্তনশীলতা চলিত রীতির অন্যতম বৈশিষ্ট্য। চলিত রীতির আরেকটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হল- চলিত রীতি তদ্ভব শব্দবহুল।

৩. 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. রদনী খ. নদীকান্ত
গ. কলত্র ঘ. আপ্লব উ. খ

ব্যাখ্যা : 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ নদীকান্ত। 'সমুদ্র' শব্দের আরও কিছু সমার্থক শব্দ হল- অর্ণব, সিন্ধু, পাথার, জলধর, জলনিধি, রত্নাকর, বারিধি, পারাবার ইত্যাদি।

৪. কোন বাক্যটি শুদ্ধ?
ক. তিনি স্বস্ত্রীক বেড়াতে গেছেন
খ. বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেয়
গ. আমার আর বাঁচিবার স্বাদ নাই
ঘ. কোনো বাক্যই শুদ্ধ নয় উ. ঘ

ব্যাখ্যা : কোনো বাক্যই শুদ্ধ নয়। অপশনে প্রদত্ত বাক্যগুলোর শুদ্ধরূপ হল- তিনি সস্ত্রীক বেড়াতে গেছেন। খ. বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেয়। গ. আমার আর বাঁচিবার সাধ নাই।

৫. দু'টি পদের সংযোগস্থলে কি বসে?
ক. ড্যাশ খ. হাইফেন
গ. কোলন ঘ. কোলন ড্যাশ উ. খ

ব্যাখ্যা : দুটি শব্দ বা পদের সংযোগস্থলে হাইফেন বসে। দুটি বাক্যের মধ্যে অর্থের সম্পর্ক থাকলে তাদের সংযোগস্থলে সেমিকোলন বসে। একটি অপূর্ণ বাক্যের পর অন্য আরেকটি বাক্যের অবতারণা করতে কোলন চিহ্ন বসে।

৬. 'অম্বু' শব্দের অর্থ কী?
ক. আগুন খ. নদী
গ. সূর্য ঘ. জল উ. ঘ

ব্যাখ্যা : 'অম্বু' শব্দের অর্থ জল, সলিল, বারি, উদক, তোয়, পয় ইত্যাদি।

৭. লেখার সময় বিশ্রামের জন্য আমরা যে চিহ্নগুলো ব্যবহার করে থাকি সেগুলোকে কি বলে?
ক. বিশ্রাম চিহ্ন খ. বিরাম চিহ্ন
গ. বিভাজন চিহ্ন ঘ. সাংস্কৃতিক চিহ্ন উ. খ

ব্যাখ্যা : লেখার সময় বিশ্রামের জন্য ব্যবহৃত চিহ্নগুলোকে বিরাম চিহ্ন বা যতি চিহ্ন বলে।

৮. 'মনমাঝি'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি?
ক. মন ও মাঝি খ. মন মাঝির ন্যায়
গ. মনরূপ মাঝি ঘ. মন যে মাঝি উ. গ

ব্যাখ্যা : 'মনমাঝি' এর ব্যাসবাক্য হল- মনরূপ মাঝি (রূপক কর্মধারয়)।

৯. বিরাম চিহ্ন কেন ব্যবহৃত হয়?
ক. বাক্য সংকোচনের জন্য খ. বাক্যের অর্থ স্পষ্টীকরণের জন্য
গ. বাক্যের সৌন্দর্যের জন্য ঘ. বাক্যকে অলংকৃত করার জন্য উ. খ

ব্যাখ্যা : বাক্যের অর্থ স্পষ্টীকরণের জন্য এবং পড়ার সময় বিশ্রামের জন্য বিরাম চিহ্ন ব্যবহৃত হয়।

১০. ব্যাখ্যার মাধ্যমে ভাবকে সহজ করে তোলার নামই হচ্ছে-
ক. সারাংশ খ. অনুবাদ
গ. ভাবসম্প্রসারণ ঘ. বাগধারা উ. গ

ব্যাখ্যা : ব্যাখ্যার মাধ্যমে ভাবকে সহজ করে তোলার নামই হচ্ছে- ভাবসম্প্রসারণ। অন্যদিকে, কোনো একটি বিষয়ের মূলভাবকে তুলে ধরার নাম- সরাংশ বা সারমর্ম। এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তরকে অনুবাদ বলে। যে শব্দ বা শব্দগুচ্ছ আভিধানিক বা ব্যাকরণগত অর্থ না বুঝিয়ে ভিন্ন কোনো অর্থ প্রকাশ করে, তাকে বাগধারা বলে।

১১. কোন বাগধারাটির অর্থ চির অশান্তি?
ক. কুল কাঠের আগুন খ. তুষের আগুন
গ. রাবণের চিতা ঘ. কলির সন্ধ্যা উ. গ

ব্যাখ্যা : 'রাবণের চিতা' বাগধারাটির অর্থ চির অশান্তি। অন্যদিকে, 'কুল কাঠের আগুন' বাগধারাটির অর্থ- তীব্র জ্বালা। 'তুষের আগুন' বাগধারাটির অর্থ- দুঃসহ ও দীর্ঘস্থায়ী যন্ত্রণা। 'কলির সন্ধ্যা' বাগধারাটির অর্থ- দুঃখের সূচনা।

Scanned with CamScanner CamScanner

১২. 'ফপর দালালি'-এর বাগধারাটির সঠিক অর্থ কোনটি?
ক. ঠোঁট কাটা খ. কাণ্ডজ্ঞানহীন
গ. গায়ে পড়ে মাতব্বরী ঘ. ধনের অহংকার উ. গ
ব্যাখ্যা : 'ফপর দালালি' বাগধারাটির অর্থ– গায়ে পড়ে মাতব্বরী বা অতিরিক্ত চালবাজি। অন্যদিকে, 'ঠোঁটকাটা' বাগধারাটির অর্থ- স্পষ্টভাষী বা নির্লজ্জ। 'কাণ্ডজ্ঞানহীন' অর্থপ্রকাশ করে 'গৌয়ার গোবিন্দ' বা 'তালকানা' বাগধারা। 'ধনের অহংকার' অর্থপ্রকাশ করে 'টাকার গরম' বাগধারা।

১৩. শুদ্ধ বানান কোনটি?
ক. দীনতা খ. দৈন্যতা
গ. দীন্যতা ঘ. দিনতা উ. ক
ব্যাখ্যা : 'দীনতা' বানানটি শুদ্ধ। 'দীনতা' একটি বিশেষ্য পদ। এর অর্থ হল- দারিদ্র্য বা অভাব।

১৪. সমাসের রীতি কোন ভাষা থেকে আগত?
ক. আরবি খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. ইংরেজি উ. গ
ব্যাখ্যা : 'সমাস' অর্থ সংক্ষেপণ। সমাসের রীতি সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে।

১৫. পর্বত শব্দের সমার্থক নয় কোনটি?
ক. অচল খ. ভূধর
গ. অদ্রি ঘ. উপল উ. ঘ
ব্যাখ্যা : 'উপল' অর্থ– পাথর, শিলা, রত্ন, মণি। এটি পর্বত শব্দের সমার্থক নয়। অন্যদিকে, অচল, ভূধর, অদ্রি পর্বত শব্দের সমার্থক শব্দ।

১৬. 'বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে-'এ উক্তিটির প্রকৃত তাৎপর্য হচ্ছে–
ক. বনের পশু বনে থাকতেই ভালবাসে
খ. প্রকৃতি রূপ সৌন্দর্য আদি ও অকৃত্রিম
গ. আদিবাসী মানুষ অরণ্য জনপদে বাস করে
ঘ. জীবমাত্রই স্বাভাবিক অবস্থানে সুন্দর উ. ঘ
ব্যাখ্যা : 'বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে'– এ উক্তিটি সন্ত্রীবচন্দ্র চট্টোপাধ্যায়ের। এই উক্তিটি প্রকৃত তাৎপর্য হচ্ছে– জীবমাত্রই স্বাভাবিক অবস্থানে সুন্দর।

১৭. 'ইঁদুর কপালে' বাগধারাটি কো অর্থে ব্যবহৃত হয়?
ক. মন্দ বাক্য খ. মন্দ ভাগ্য
গ. হাস্যকর চেহারা ঘ. ইঁদুরাকৃতি কপাল উ. খ
ব্যাখ্যা : 'ইঁদুর কপালে' বাগধারাটি 'মন্দ ভাগ্য' অর্থে ব্যবহৃত হয়।

১৮. 'বৈরাগ্য সাধনে – সে আমার নয়' শূন্যস্থান পূরণ করুন।
ক. মুক্তি খ. আনন্দ
গ. বিশ্বাস ঘ. আশ্বাস উ. ক
ব্যাখ্যা : 'বৈরাগ্য সাধনে মুক্তি, সে আমার নয়।'- এটি রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতার পঙ্‌ক্তি।

১৯. কোন বাক্যটি শুদ্ধ?
ক. আমি সন্তোষ হলাম খ. আমি সন্তোষ্ট হইলাম
গ. আমি সন্তুষ্ট হলাম ঘ. আমি সন্তুষ্ট হলাম উ. গ
ব্যাখ্যা : আমি সন্তুষ্ট হলাম– বাক্যটি শুদ্ধ।

২০. বাংলা ভাষায় মাত্রাহীন বর্ণ কয়টি?
ক. ৭টি খ. ৮টি
গ. ৯টি ঘ. ১০টি উ. ঘ
ব্যাখ্যা : বাংলা ভাষায় মাত্রাহীন বর্ণ– ১০টি। এর মধ্যে স্বরবর্ণ ৪টি এবং ব্যঞ্জনবর্ণে ৬টি মাত্রাহীন বর্ণ।

২১. সমাস শব্দের অর্থ কি?
ক. বিশ্লেষণ খ. সংক্ষেপণ
গ. সংযোজন ঘ. সংশ্লেষণ উ. খ
ব্যাখ্যা : সমাস শব্দের অর্থ– সংক্ষেপণ। সমাসের রীতি এসেছে সংস্কৃত ভাষা থেকে।

২২. 'গায়ে হলুদ' কোন সমাসের উদাহরণ?
ক. তৎপুরুষ সমাস খ. কর্মধারয় সমাস
গ. বহুব্রীহি সমাস ঘ. দ্বন্দ্ব সমাস উ. গ
ব্যাখ্যা : গায়ে হলুদ দেয়া হয় যে অনুষ্ঠানে = গায়ে হলুদ। এটি একটি মধ্যপদলোপী বহুব্রীহি সমাসের উদাহরণ।

২৩. কোনটি 'উপপদ তৎপুরুষের' উদহারণ?
ক. প্রতিবাদ খ. বিলাত ফেরত
গ. উপগ্রহ ঘ. ছেলেধরা উ. ঘ
ব্যাখ্যা : ছেলে ধরে যে = ছেলেধরা। এটি একটি উপপদ তৎপুরুষ সমাসের উদাহরণ। অন্যদিকে, বিরুদ্ধ বাদ = প্রতিবাদ (অব্যয়ীভাব সমাস)। গ্রহের তুল্য = উপগ্রহ (অব্যয়ীভাব সমাস)। বিলাত থেকে ফেরত = বিলাত ফেরত (পঞ্চমী তৎপুরুষ)।

২৪. 'সূর্য' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. সুধাংশু খ. বিধু
গ. পন্নগ ঘ. আদিত্য উ. ঘ
ব্যাখ্যা : 'সূর্য' শব্দের সমার্থক শব্দ আদিত্য। অন্যদিকে- সুধাংশু, বিধু অর্থ চন্দ্র। পন্নগ অর্থ- সাপ বা সর্প।

২৫. কোন্‌টি শুদ্ধ বানান?
ক. শকট খ. শকোট
গ. সকোট ঘ. সকট উ. ক
ব্যাখ্যা : 'শকট' বানানটি শুদ্ধ। 'শকট' শব্দটির অর্থ গাড়ি বা যান।

Fill in the blanks with the correct option. (২৬ – ৩০)

২৬. The machinery – working will.
ক. is খ. were
গ. are ঘ. should উ. ক

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : সঠিক উত্তর (ক) is. কারণ Machinery (যন্ত্রপাতি) একটি uncountable noun. তাই এর verb হবে singular।

২৭. **Three fourths of the work – finished.**
ক. have been খ. has been
গ. had ঘ. were উ. খ

ব্যাখ্যা : Fraction (ভগ্নাংশ) + uncountable noun + singular verb হয়। এখানে 'work' একটি uncountable noun তাই সঠিক উত্তর (খ) has been.

২৮. **At least one of the students – full marks everytime.**
ক. get খ. gets
গ. are getting ঘ. have got উ. খ

ব্যাখ্যা : One of + plural noun + singular verb হয়। কাজেই সঠিক উত্তর (খ) gets.

২৯. **I told him everything lest he–**
ক. misunderstood me
খ. should misunderstand me
গ. should not misunderstand me
ঘ. misunderstand me উ. খ

ব্যাখ্যা : Lest + sub + should/might + verb এর base form হয়। সুতরাং সঠিক উত্তর (খ)।

৩০. **I wish today – Friday.**
ক. is খ. was
গ. were ঘ. will be উ. গ

ব্যাখ্যা : কোনো অসম্ভব ইচ্ছা প্রকাশ করা বোঝাতে I wish/Would that ব্যবহৃত হয়। এর পর + sub + verb এর Past form ব্যবহৃত হয়। তবে be verb হিসেবে past form-এ সবসময় were হয়। কাজেই সঠিক উত্তর (গ) were.

৩১. **Which word is both a noun and a verb?**
ক. advice খ. practice
গ. belief ঘ. brush উ. ঘ

ব্যাখ্যা : Brush (noun) এবং এর verb-ও Brush. যেমন : verb হিসেবে- Kamal brushed his hair. Noun হিসেবে- Kamal ran a brush through his hair. অন্যদিকে, (ক) advice (noun)–advise (verb); (খ) practice (noun)–practise (verb); (গ) belief (noun)–believe (verb)। কাজেই সঠিক উত্তর (ঘ) Brush.

৩২. **The noun form of the word 'Hate' is–**
ক. Hateful খ. Hatred
গ. Hatefully ঘ. Hated উ. খ

ব্যাখ্যা : Hate (v) অর্থ ঘৃণা করা। অপশন (ক) Hateful (adj), (খ) Hatred (n) ঘৃণা; (গ) Hatefully (adv.) ঘৃণাভাবে। কাজেই সঠিক উত্তর (খ) Hatred।

৩৩. **Which one is an abstract noun?**
ক. Childhood খ. Honest
গ. Flock ঘ. Cattle উ. ক

ব্যাখ্যা : Childhood অর্থ শৈশব। এটি একটি abstract noun. অন্যদিকে, (খ) Honest (সৎ) adjective; (গ) Flock (পাখির ঝাঁক) collective noun এবং cattle (গবাদি পশু) collective noun. কাজেই সঠিক উত্তর (ক) childhood.

Choose the right form of verbs in the brackets (৩৪ - ৩৮)

৩৪. **He couldn't help (write) the letter.**
ক. to write খ. wrote
গ. writing ঘ. written উ. গ

ব্যাখ্যা : Couldn't help বা cannot help এর পর verb আসলে তার সাথে ing যুক্ত হয়। অতএব সঠিক উত্তর (গ) writing।

৩৫. **Had I been a millionaire I (establish) a hospital.**
ক. established
খ. would have established
গ. would established
ঘ. would have been established উ. খ

ব্যাখ্যা : Unreal condition এর নিয়মানুযায়ী বাক্যের প্রথমে Past perfect tense + sub + would have/could have/ should have + verb এর p.p হয়। অতএব, সঠিক উত্তর (খ) would have established.

৩৬. **It is I who (be) to blame.**
ক. is খ. are
গ. am ঘ. were উ. গ

ব্যাখ্যা : Relative pronoun (who/which/what etc.) এর পূর্ববর্তী subject তথা antecedent অনুযায়ী verb বসে। কাজেই সঠিক উত্তর (গ) am। কেননা relative pronoun who এর antecedent হচ্ছে (I)।

৩৭. **Nipa as well as her brothers (come) to me.**
ক. have come খ. are coming
গ. was came ঘ. has come উ. ঘ

ব্যাখ্যা : As well as, along with, with, together with, in addition, accompanied by ইত্যাদির verb তাদের পূর্ববর্তী subject অনুযায়ী হয়। সুতরাং সঠিক উত্তর (ঘ) has come.

Scanned with CamScanner CamScanner

৩৮. **I had (have) my meal before you came.**
ক. had খ. have
গ. been ঘ. have been উ. ক

ব্যাখ্যা : Past perfect tense + before + past indefinite tense. Have এর past participle হচ্ছে had। সুতরাং সঠিক উত্তর (ক) had.

৩৯. **"আমার বন্ধু নাই বললেই চলে"**
Which is the correct English Translation?
ক. I have a few Friends খ. I have no friend
গ. I have few friends ঘ. I have little friends
উ. গ

ব্যাখ্যা : 'Few' অর্থ 'নাই বললেই চলে'। A few অল্প সংখ্যক; the few -অল্প সংখ্যার এর সবগুলো। সুতরাং সঠিক উত্তর (গ) I have few friends.

৪০. **"গায়ে মানে না আপনি মোড়ল"**
The correct English Translation is–
ক. Every man is for himself
খ. He is a self-styled leader
গ. Opportunity makes the thieves
ঘ. Good wine needs no bush উ. খ

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি একটি প্রবাদ। 'Self-styled' কথাটির অর্থ নিজের মনগড়া, স্বঘোষিত কোনো নাম বা পদবি। অতএব, সঠিক উত্তর (খ)।

৪১. **"Call a spade a spade".**
The correct Bengali translation is–
ক. আগে ঘর তবেতো পর। খ. ঝোপ বুঝে কোপ মারা।
গ. স্পষ্টাস্পষ্টি কথা বলা। ঘ. জলেই জল বাঁধে উ. গ

ব্যাখ্যা : 'Call a spade a spade' এর অর্থ সোজাসুজি বা স্পষ্ট ভাষায় কথা বলা। সুতরাং সঠিক উত্তর (গ)।

৪২. **"The elephant is the largest quadruped animal in the world." The correct Bengali translation is–**
ক. হাতি পৃথিবীর সবচেয়ে বৃহৎ তৃণভোজী প্রাণী।
খ. হাতি পৃথিবীর সবচেয়ে বৃহৎ স্থলজ প্রাণী।
গ. হাতি পৃথিবীর সবচেয়ে বৃহৎ বনজ প্রাণী।
ঘ. হাতি পৃথিবীর সবচেয়ে বৃহৎ চতুষ্পদ প্রাণী। উ. ঘ

ব্যাখ্যা : 'Quadruped animal' অর্থ চতুষ্পদ প্রাণী। কাজেই সঠিক উত্তর (ঘ) হাতি পৃথিবীর সবচেয়ে বৃহৎ চতুষ্পদ প্রাণী।

৪৩. **A topic sentence can be put in the paragraph–**
ক. at the beginning খ. in the middle
গ. at the end ঘ. anywhere উ. ক

ব্যাখ্যা : Paragraph এর main idea Topic sentence -এ থাকে। যেকোনো paragraph এর সর্বপ্রথমে থাকে 'Topic sentence'। অর্থাৎ, at the beginning থাকে। অতএব, সঠিক উত্তর (ক)।

৪৪. **The correct passive form of the sentence "They laugh at us." is–**
ক. We are laughed at them
খ. We are laughed at with them
গ. We are laughed by them
ঘ. We are laughed at by them উ. ঘ

ব্যাখ্যা : 'They laugh at us.'- বাক্যটি present indefinite tense-এ আছে। বাক্যটিতে 'laugh at' একটি group verb। তাই, passive করার সময় 'laugh at' এর পরে এবং them এর আগে নিয়মানুযায়ী by বসেছে। অতএব, সঠিক উত্তর (ঘ)।

৪৫. **The correct active form of the sentence "Health should be taken care of" is–**
ক. We should take care of one's health
খ. One should take care of one's health
গ. We should take care of ones health
ঘ. We must take care of our health উ. খ

ব্যাখ্যা : Passive voice-এ object না থাকলে Active করার সময় passive voice এর অর্থ অনুযায়ী যথোপযুক্ত subject বসাতে হয়। এই ক্ষেত্রে Active করার সময় সাধারণত subject হিসেবে one অথবা we বসে। (ক) ও (গ) তে we এর possessive হিসেবে one's বসেছে; যা ভুল। কারণ one এর possessive form হল one's। অন্যদিকে, we এর possessive form our। অপশন (ঘ) we এর passessive our থাকলেও must থাকায় এটিও ভুল। সুতরাং সঠিক উত্তর (খ)।

৪৬. **Which one is the passive form of the sentence "Keep your word"?**
ক. Your word must kept
খ. Let your word be kept
গ. Your word should be kept
ঘ. Let be kept your word উ. খ

ব্যাখ্যা : Imperative sentence এর active voice-কে passive করার নিয়ম: Let + object + be + verb এর past participle হয়। কাজেই সঠিক উত্তর (খ)।

Scanned with CamScanner CamScanner

৪৭. Choose the correct indirect form–
She said, "I am happy to be here this evening."
ক. She said that she was happy to be there that evening
খ. She said she was happy to be there that evening
গ. She said that she is happy to be there that evening
ঘ. She said that she were happy to be there that evening
উ. ক

ব্যাখ্যা : অপশন (খ) ভুল; কারণ that নেই। অপশন (গ) ভুল; কারণ that এর পূর্বে past tense থাকলে পরেও past tense হবে। কিন্তু এতো পরে present tense (is) আছে। এবং (ঘ)-ও ভুল কারণ were না হয়ে was হবে। সবদিক দিয়ে অপশন (ক) সঠিক উত্তর।

৪৮. Choose the correct sentence.
ক. You are going to school, isn't you?
খ. You are going to school, aren't you?
গ. You are going to school, are you?
ঘ. You are going to school, do you? উ. খ

ব্যাখ্যা : Tag question-এর ক্ষেত্রে affirmative sentence হলে negative করতে হয় এবং প্রথমে auxiliary verb বসে। auxiliary verb এর পর not ও subject বসে। অতএব, নিয়মানুযায়ী (খ) সঠিক উত্তর।

৪৯. Choose the correct sentence.
ক. You, he and I am guilty
খ. You, he and I are guilty
গ. I, you and he are guilty
ঘ. He, I and you are guilty উ. গ

ব্যাখ্যা : বিভিন্ন person একসাথে লেখার সময় ভালো কাজের ক্ষেত্রে (231) এবং মন্দকাজের ক্ষেত্রে বা দোষ স্বীকার ক্ষেত্রে (123) এই নিয়মে বসবে। তাই, সঠিক উত্তর (গ)

৫০. Choose the right answer.
'We are in a quandary. We cannot thrive.'
What can't they do?
ক. Drive খ. Flourish
গ. Consecrate ঘ. Move উ. খ

ব্যাখ্যা : প্রশ্নে বলা হয়েছে- 'আমরা অনিশ্চিত অবস্থার মধ্যে আছি। আমরা সমৃদ্ধি লাভ করতে পারি না।'
- তারপর বলা হয়েছে- 'তারা কী করতে পারে না?'
অর্থাৎ, তারা সমৃদ্ধি লাভ করতে (flourish) পারে না।
এখানে Quandary শব্দের অর্থ অনিশ্চিত অবস্থা। Thrive শব্দের অর্থ সমৃদ্ধি লাভ করা। অপশনে প্রদত্ত 'flourish' অর্থ সমৃদ্ধি লাভ করা। যা প্রদত্ত প্রশ্নের উত্তরের সাথে অধিক সামঞ্জস্যপূর্ণ। অন্যদিকে, drive অর্থ যানবাহন চালনা করা; consecrate অর্থ পবিত্র করা; অর্থ move অর্থ নাড়াচাড়া করা বা চলা। কাজেই সঠিক উত্তর (খ) flourish;

৫১. $\frac{1}{3}+\frac{1}{3^2}+\frac{1}{3^3}+$ ..... অনন্ত ধারার মান কত হবে?
ক. $\frac{4}{3}$ খ. $\frac{1}{2}$
গ. $\frac{2}{3}$ ঘ. $\frac{3}{2}$ উ. খ

ব্যাখ্যা : এখানে, অনন্ত ধারাটির ১ম পদ $a=\frac{1}{3}$
অনন্ত ধারাটির সাধারণ অনুপাত $r=\frac{1}{3}$
∴ ধারাটির অসীমতক সমষ্টি, $s=\frac{a}{1-r}$
$=\frac{\frac{1}{3}}{1-\frac{1}{3}}$
$=\frac{1}{2}$

৫২. দু'টি স্বাভাবিক সংখ্যার পার্থক্য 2 এবং গুণফল 24 হলে ক্ষুদ্রতর সংখ্যাটি কত?
ক. 2 খ. 4
গ. 6 ঘ. 8 উ. খ

ব্যাখ্যা : মনে করি, বৃহত্তর সংখ্যাটি = x
এবং ক্ষুদ্রতর সংখ্যাটি = y
প্রশ্নমতে, $x-y=2$ ..... (i) নং
$xy=24$ ..... (ii) নং
আমরা জানি, $(x+y)^2=(x-y)^2+4xy$
$=4+4\times24$
∴ $x+y=10$ ..... (iii)
(i) নং + (iii) নং করে,
$x-y=2$
$x+y=10$
$2x=12$
∴ $x=6$
এখন x এর মান (ii) নং সমীকরণে বসিয়ে পাই,
$y=\frac{24}{6}$
$=4$
∴ ক্ষুদ্রতর সংখ্যাটি 4

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : বাংলা বর্ণমালায় ং, ঃ, ঁ -এই ৩টি বর্ণ স্বাধীনভাবে ব্যবহৃত হতে পারে না। এই বর্ণগুলো অন্য বর্ণের সঙ্গে মিলিত হয়ে উচ্চারিত হয়। তাই এ (ং, ঃ, ঁ) বর্ণগুলোকে পরাশ্রয়ী বর্ণ বলা হয়।

৩. নিচের কোনটি 'ষত্ব' বিধানের নিয়মে শুদ্ধ?
ক. মাস্টার খ. পোশাক
গ. জিনিস ঘ. পোস্ট মাস্টার উ. *

ব্যাখ্যা : 'ষ-ত্ব' বিধান অনুযায়ী বিদেশি শব্দের বাংলা বানানে কখনো ষ, ণ, হয় না। অপশনে প্রদত্ত মাস্টার, পোশাক, জিনিস, পোস্ট মাস্টার- সবগুলো অপশনই শুদ্ধ।

৪. 'দ্যুলোক' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. দ্যু + লোক খ. দুই + লোক
গ. দ্বি + লোক ঘ. দিব্ + লোক উ. ঘ

ব্যাখ্যা : 'দ্যুলোক' হল নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জন সন্ধি। সন্ধির প্রচলিত নিয়ম না মেনে যে সন্ধি হয় তাকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। এরকম আরো কয়েকটি নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জন সন্ধি হলো– প্রায় + চিত্ত = প্রায়শ্চিত্ত। গো + পদ = গোষ্পদ, ষট্ + দশ = ষোড়শ, পতৎ + অঞ্জলি = পতঞ্জলি, আ + চর্য = আশ্চার্য, এক + দশ = একাদশ।

৫. সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না– এর উদাহরণ কোনটি?
ক. অগ্রনায়ক খ. রতন
গ. আপন ঘ. অনুষ্ঠান উ. ক

ব্যাখ্যা : সমাসবদ্ধ শব্দে সাধারণত ণত্ব বিধান খাটে না। এক্ষেত্রে সাধারণত দন্ত্য-ন (ন) ব্যবহৃত হয়। যেমন : অগ্রনায়ক। ণ-ত্ব বিধান অনুযায়ী বানানটি 'অগ্রণায়ক' হওয়ার কথা ছিল। কিন্তু সমাসবদ্ধ শব্দ হওয়ার কারণে 'অগ্রনায়ক' শুদ্ধ বানান। এইরকম- ত্রিনয়ন, সর্বনাম, দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার, পরিনিন্দা, ছাত্রনিবাস ইত্যাদি।

৬. 'পুকুরে মাছ আছে' – এখানে পুকুর কোন অধিকরণ কারক?
ক. বৈষয়িক অধিকরণ খ. ভাবাধিকরণ
গ. অভিব্যাপক অধিকরণ ঘ. ঐকদেশিক অধিকরণ উ. গ

ব্যাখ্যা : বিশাল স্থানের মধ্যে চুল পরিমাণ জায়গাও যদি খালি থাকে তাহলে তাকে ঐকদেশিক আধারাধিকরণ বলে। যেমন : বনে বাঘ আছে, আকাশে চাঁদ উঠেছে, পুকুরে মাছ আছে।

৭. ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে–
ক. ধাতু প্রত্যয় খ. শব্দ প্রত্যয়
গ. কৃৎ প্রত্যয় ঘ. তদ্ধিত প্রত্যয় উ. গ

ব্যাখ্যা : ক্রিয়াপদের মূল অংশকে ক্রিয়া প্রকৃতি বা ধাতু বলে। আর শব্দ গঠনের উদ্দেশ্যে ক্রিয়া প্রকৃতির যে শব্দাংশ যুক্ত হয় তাকে কৃৎ প্রত্যয় বলে। যেমন : √পড় (ধাতু) + অন্ত (কৃৎ প্রত্যয়) = পড়ন্ত (ক্রিয়াপদ/কৃদন্ত পদ)।

৮. ভাবে সপ্তমীর উদাহরণ কোনটি?
ক. আমাদের সেনারা যুদ্ধে অপরাজেয়
খ. একদা প্রভাতে ভানুর প্রভাতে ফুটিল কমল কলি
গ. চন্দ্রোদয়ে কুমুদিনী বিকশিত হয়
ঘ. প্রভাতে উঠিল রবি লোহিত বরণ উ. গ

ব্যাখ্যা : যদি একটি ক্রিয়ার কারণে আরেকটি ক্রিয়া সংঘটিত হয় তবে অপেক্ষাকৃত আগের ক্রিয়াটি হচ্ছে ভাবাধিকরণ কারক। ভাবাধিকরণ কারকে সর্বদাই সপ্তমী বিভক্তি যুক্ত হয় বলে একে ভাবে সপ্তমীও বলা হয়। যেমন : সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়।

৯. "সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা"– এক কথায় প্রকাশ করলে কী হয়?
ক. প্রত্যুদ্গমন খ. অগ্রগামী
গ. শুভ পদার্পণ ঘ. স্বাগতম উ. ক

ব্যাখ্যা : সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা– প্রত্যুদ্গমন। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ একক্থায় প্রকাশ : অক্ষির সমক্ষে বর্তমান– প্রত্যক্ষ, চক্ষুর সম্মুখে সংঘটিত– চাক্ষুষ, কোন ভাবেই যা নিবারণ করা যায় না– অনিবার্য।

১০. 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ?
ক. বাংলা খ. পর্তুগিজ
গ. ফারসি ঘ. হিন্দি উ. খ

ব্যাখ্যা : 'পেয়ারা' পর্তুগিজ ভাষার শব্দ। এছাড়া আরো কিছু পর্তুগিজ শব্দ হচ্ছে– ইংরেজ, গির্জা, পাদ্রি, চাবি, গুদাম, আনারস, আলপিন ইত্যাদি।

১১. 'তামার বিষ' বাগধারাটির অর্থ কী?

ক. অর্থের কুপ্রভাব খ. অপচয়

গ. ক্ষণস্থায়ী বস্তু ঘ. কৃপণের কড়ি উ. ক

ব্যাখ্যা : 'তামার বিষ' বাগধারাটির অর্থ– অর্থের কুপ্রভাব। নয়ছয়– অপচয়, তাসের ঘর– ক্ষণস্থায়ী বস্তু, যক্ষের ধন– কৃপণের কড়ি।

১২. "গুণহীনের ব্যর্থ আস্ফালন"– অর্থটি কোন প্রবাদে ব্যক্ত হয়েছে?

ক. কানা ছেলের নাম পদ্মলোচন

খ. ঘুঘু দেখেছ ফাঁদ দেখনি

গ. অসারের তর্জন-গর্জন সার

ঘ. আসলে মুঘল নেই, ঢেঁকি ঘরে চাঁদোয়া উ. গ

ব্যাখ্যা : "গুণহীনের ব্যর্থ আস্ফালন", "শূন্য কলসি বাজে বেশি"– বোঝাতে অসারের তর্জন-গর্জন সার- প্রবাদ বাক্যটি ব্যবহৃত হয়।

১৩. বিপরীতার্থে 'পরা' উপসর্গ যুক্ত শব্দ কোনটি?

ক. পরাকাষ্ঠা খ. পরাক্রান্ত

গ. পরায়ণ ঘ. পরাভব উ. ঘ

ব্যাখ্যা : 'পরা' উপসর্গটি সংস্কৃত বা তৎসম উপসর্গ। এটি শব্দের পূর্বে যুক্ত হয়ে সাধারণত আতিশয্য ও বিপরীত অর্থ প্রকাশ করে, 'পরা' উপসর্গ যোগে গঠিত আতিশয্য অর্থ প্রকাশক কয়েকটি শব্দ পরাকাষ্ঠা, পরাক্রান্ত, পরায়ণ, পরাক্লান্ত। বিপরীত অর্থ প্রকাশক শব্দ– পরাজয়, পরাভব।

১৪. 'বীণাপাণি' সমস্ত পদটি কোন সমাস?

ক. ব্যধিকরণ বহুব্রীহি খ. ব্যতিহার বহুব্রীহি

গ. মধ্যপদলোপী বহুব্রীহি ঘ. অলুক বহুব্রীহি উ. ক

ব্যাখ্যা : 'বীণাপাণি' সমস্ত পদটির ব্যাসবাক্য হচ্ছে– বীণা পাণিতে যার। এখানে পূর্বপদ বীণা ও পরপদ পাণি দুটিই বিশেষ্য পদ। যে বহুব্রীহি সমাসে পূর্বপদ ও পরপদ দুটিই বিশেষ্য হয় তাকে ব্যধিকরণ বহুব্রীহি সমাস বলে।

১৫. বাংলা বর্ণমালার উৎস কী?

ক. তিব্বতি লিপি খ. ব্রাহ্মী লিপি

গ. খরোষ্ঠী লিপি ঘ. দেবনাগরি লিপি উ. খ

ব্যাখ্যা : বাংলা বর্ণমালা বা লিপির উৎস ব্রাহ্মী লিপি। অষ্টম শতাব্দীতে ব্রাহ্মী লিপি থেকে পশ্চিম লিপি, পূর্বী লিপি ও মধ্য-ভারতীয় লিপির সৃষ্টি হয়।

১৬. 'খ্রিস্টান' কোন জাতীয় মিশ্র শব্দ?

ক. ইংরেজি + বাংলা খ. ইংরেজি + আরবি

গ. ইংরেজি + ফারসি ঘ. ইংরেজি + তৎসম উ. ঘ

ব্যাখ্যা : প্রশ্নে ভুল রয়েছে। 'খিস্টান' এর স্থলে 'খ্রিস্টাব্দ' হবে। দুটি ভাষার দুটি শব্দের মিলনে যেসব শব্দ গঠিত হয়, তাকে মিশ্র শব্দ বলে। যেমন : পকেটমার (ইংরেজি + বাংলা), খ্রিস্টাব্দ (ইংরেজি + তৎসম), রাজা-বাদশা (তৎসম + ফারসি), হেড. মৌলভি (ইংরেজি + ফারসি) ইত্যাদি।

১৭. 'Call it a day' এর যথার্থ অনুবাদ কোনটি?

ক. পুনরায় শুরু করা খ. খুবই গুরুত্বপূর্ণ কাজ

গ. কাউকে ডেকে আনা ঘ. একটি স্মরণীয় দিন উ. ক

ব্যাখ্যা : 'Call it a day'- এর যথার্থ অনুবাদ হচ্ছে– দিনের কাজ শেষ হয়ে গেছে বলে ধরে নেওয়া; শুরু থেকে কার্য করা। তাই ঠিক উত্তর হবে– পুনরায় শুরু করা।

১৮. 'মরি! মরি! কী সুন্দর প্রভাতের রূপ'– এখানে অনন্বয়ী অব্যয় কিভাবে প্রকাশ পেয়েছে?

ক. যন্ত্রণা খ. বিরক্তি

গ. সম্মতি ঘ. উচ্ছ্বাস উ. ঘ

ব্যাখ্যা : যে সকল অব্যয় বাক্যের অন্য কোন পদের সঙ্গে কোন সম্বন্ধ না রেখে স্বাধীনভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয় তাদের অনন্বয়ী অব্যয় বলে। যেমন : উচ্ছ্বাস প্রকাশের– মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ! যন্ত্রণা প্রকাশে– উঃ! পায়ে বড্ড লেগেছে। সম্বোধনে– ওগো, আজ তোরা যাসনে ঘরের বাহিরে।

১৯. সম্বোধন পদের পরে যে চিহ্নটি ব্যবহৃত হয় তার নাম কী?

ক. কমা খ. দাড়ি

গ. কোলন ঘ. সেমিকোলন উ. ক

ব্যাখ্যা : সম্বোধন পদের পরে কমা ব্যবহৃত হয়। যেমন– শিক্ষা, এদিকে এসো। বাক্যের সমাপ্তি বোঝাতে দাঁড়ি (।) ব্যবহৃত হয়। একটি অপূর্ণ বাক্যের পর অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোলন (:) বসে। কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে সেমিকোলন (;) বসে।

২০. 'Book Post'– এর পারিভাষিক রূপ কোনটি?

ক. ডাকঘর খ. খোলা ডাক

গ. উপবিধি ঘ. লেখস্বত্ব উ. খ

ব্যাখ্যা : Book past- এর পারিভাষিক রূপ বা অর্থ খোলা ডাক। এছাড়া আরো কয়েকটি পারিভাষিক অর্থ হলো– post office- ডাকঘর, By law- উপবিধি, Copyright- লেখকস্বত্ব, Bankrupt- দেউলিয়া।

২১. কোনটি দেশি শব্দের উদাহরণ?

ক. লুঙ্গি খ. খোকা

গ. সম্রাট ঘ. গঞ্জ উ. ঘ

ব্যাখ্যা : বাংলাদেশের আদিম অধিবাসীদের ভাষাকে বলা হয় দেশি ভাষা। যেমন : গঞ্জ, পেট, কুড়ি, চুলা, টোপর, ডাব ইত্যাদি। 'খোকা' তুর্কি শব্দ; 'সম্রাট' সংস্কৃত শব্দ, 'লুঙ্গি' বার্মিজ শব্দ।

২২. কোনটি রূপক কর্মধারয় সমাস?

ক. কর কমল খ. কালস্রোত

গ. কর পল্লব ঘ. কচুকাটা উ. খ

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : উপমান (পরোক্ষ বস্তু) ও উপমেয়ের (প্রত্যক্ষ বস্তু) মধ্যে অভিন্নতা বা অভেদ কল্পনা করা হলে রূপক কর্মধারয় সমাস হয়। যেমন : কালস্রোত = কাল রূপ স্রোত, জীবনপ্রদীপ = জীবন রূপ প্রদীপ, মনমাঝি = মন রূপ মাঝি ইত্যাদি। অন্যদিকে 'করকমল' = কর কমলের ন্যায়, কর পল্লব = কর পল্লবের ন্যায়- উপমিত কর্মধারয় সমাস। তুষারশুভ্র = কুন্দ ন্যায় শুভ্র- উপমান কর্মধারয় সমাস।

২৩. "উষ্ণীষ"-এর শব্দার্থ–
ক. অত্যন্ত উষ্ণ খ. কুসুম কুসুম উষ্ণ
গ. পাগড়ি ঘ. শীতের আমেজ উ. গ

ব্যাখ্যা : 'উষ্ণীষ' শব্দটি সংস্কৃত বা তৎসম। 'উষ্ণীষ' শব্দটির অর্থ পাগড়ি, কিরীট।

২৪. 'নাটিকা' কোন অর্থে স্ত্রীবাচক শব্দ?
ক. সমার্থে খ. ক্ষুদ্রার্থে
গ. বৃহদার্থে ঘ. বিপরীতার্থে উ. খ

ব্যাখ্যা : ক্ষুদ্রার্থে স্ত্রীবাচক শব্দ বোঝাতে ইকা প্রত্যয় যোগ হয়। যেমন : নাটক-নাটিকা, পুস্তক-পুস্তিকা, মালা-মালিকা একাঙ্ক-একাঙ্কিকা। এগুলো ক্ষুদ্রার্থক প্রত্যয়।

২৫. 'শিবে-সংক্রান্তি' বাগধারাটির অর্থ কী?
ক. আসন্ন বিপদ খ. মাথা ব্যথা
গ. মহাবিপদ ঘ. মাথার বোঝা উ. ক

ব্যাখ্যা : 'শিবে-সংক্রান্তি' বাগধারাটির অর্থ আসন্ন বিপদ। সমজাতীয় আরো কয়েকটি বাগধারা হলো– অকূল পাথরে, আকাশ ভেঙে পড়া প্রভৃতি।

২৬. He tried his best. (Negative)
ক. He did not try a little.
খ. He did not stay unmoved.
গ. He left no stone unturned.
ঘ. He did not turn all stones. উ. গ

ব্যাখ্যা : Option 'ক' হবে না কারণ 'little' uncountable Noun' এর আগে article 'a' হবে না। Option 'খ' ও Option 'ঘ' প্রাসঙ্গিক নয়। Option 'গ' "He left no stone unturned" বোঝায়- full swing attempt or utmost effort.

২৭. She was used to— the poor.
ক. help খ. helped
গ. helping ঘ. to help উ. গ

ব্যাখ্যা : { Be used to / get used to } + ing হয়।

২৮. Which is the noun of the word 'brief'?
ক. briefly খ. brevity
গ. brieve ঘ. but উ. খ

ব্যাখ্যা : word-এর শেষে tion, sion, ity, ism, ship etc. থাকলে noun হয়। যেমন education, decision, brevity, nationalism, friendship.

২৯. It was high time we — our habits.
ক. changed খ. change
গ. had changed ঘ. should change উ. ক

ব্যাখ্যা : It is time/It was high time + V_1 হবে। তবে, It is/was high time + sub থাকলে V_2 হবে।

৩০. Curd is made — milk.
ক. of খ. by
গ. in ঘ. from উ. খ

ব্যাখ্যা : made of – কোনো উপকরণ দ্বারা সরাসরি তৈরি বোঝাতে his ring is made of gold. Made from (কোনো উপকরণ দ্বারা সরাসরি তৈরি নয় বোঝাতে) The paper is made from bamboo.

৩১. The Headmaster and the President of the school — present in the last meeting.
ক. was খ. were
গ. had been ঘ. have been উ. খ

ব্যাখ্যা : একবার article বসালে একই ব্যক্তি এবং verb singular হবে; the chairman and managing director is present. দুবার article বসালে ভিন্ন ব্যক্তি এবং verb plural হবে। The Headmaster and the president of the school were present in the last meeting.

৩২. If he — a human being, he would not have done this.
ক. is খ. was
গ. had been ঘ. were উ. গ

ব্যাখ্যা : 3rd conditional এর গঠন অনুযায়ী (would/could/might + have + V.P.P) দ্বিতীয় অংশে 'would not have done' থাকায় প্রথম অংশে perfect বা 3rd conditional এর প্রথম অংশের structure If + had + V.P.P হবে। তাই উত্তর হবে option 'গ' (had been).

৩৩. The antonym of the word 'benign' is—.
ক. tenfold খ. peaceful
গ. blessed ঘ. malignant উ. ঘ

ব্যাখ্যা : Benign অর্থ বিপজ্জনক বা ক্ষতিকর নয় এমন; দয়ালু। এর antonym হলো malignant। যার অর্থ হলো অপকারী, ক্ষতিকর। অন্যদিকে lenfold অর্থ দশগুণ, peaceful শান্তিপূর্ণ এবং blessed অর্থ আশীর্বাদপুষ্ট।

৩৪. Do not — what you can do today.
ক. put on খ. put to
গ. put off ঘ. put left উ. গ

ব্যাখ্যা : 'put off' group verb -টির অর্থ অর্থ স্থগিত রাখা put off' group verb -টির বাকাটির শূন্যস্থানে বসাবে বাংলা দাঁড়ায়- 'তুমি যা আজ করতে পারবে তা ফেলে রেখে না।'

৩৫. They tell us a tale about a tail. The word 'tale' is—
ক. noun খ. verb
গ. adjective ঘ. adverb উ. ক

ব্যাখ্যা : 'tale' অর্থ গল্প, কাহিনি। এটি একটি noun. তাছাড়া আমরা জানি, article ও preposition-এর মাঝে noun বসে। সুতরাং শব্দটি noun.

৩৬. Move or die. (Simple)
ক. In case of your failure to move, you will die
খ. You move, you will die
গ. If you move, you will die
ঘ. Move and die উ. ক

ব্যাখ্যা : যে বাক্যে একটিমাত্র subject ও একটিমাত্র finite verb থাকে তাকে simple sentence বলে। প্রদত্ত বাক্যটির simple form– In case of your failure to move, you will die.

৩৭. Which one is correct?
ক. Omnious খ. Extencion
গ. Hesitasion ঘ. Mischievous উ. ঘ

ব্যাখ্যা : শুদ্ধ বানান Mischivous (অনিষ্টকর, ক্ষতিকর)। বাকি অপশনগুলোর শুদ্ধ বানান- Hesitation (দ্বিধা; সিদ্ধান্তহীনতা), Extension (প্রসারণ) এবং . omnibus (বিভিন্ন বিষয় সংবলিত)।

৩৮. The opposite word of 'sluggish' is—
ক. animated খ. dull
গ. heavy ঘ. slow উ. ক

ব্যাখ্যা : 'Sluggish' অর্থ মন্থরগতি বা নিষ্ক্রিয়। 'Sluggish' -এর বিপরীত শব্দ হল animated; যার অর্থ উজ্জীবিত, প্রাণবন্ত। অন্যদিকে, dull- নির্বোধ, নিস্তেজ; heavy ভারী এবং slow মন্থর বা ধীর।

৩৯. I saw him play. (Passive)
ক. He was seen by me play.
খ. Play was seen him by me.
গ. He was seen playing by me.
ঘ. He was seen to play by me. উ. ঘ

ব্যাখ্যা : bid, behold, dare, feel, hear, know, need, saw, watch প্রকৃতি verb গুলোর পর active voice -এ to উহ্য থাকে। তবে passive করার সময় তাদের পর to বসে।

৪০. 'Boot leg' means to—
ক. distribute খ. export
গ. import ঘ. smuggle উ. ঘ

ব্যাখ্যা : 'Boot leg' অর্থ কর বা শুল্ক ফাঁকি দিয়ে বেআইনিভাবে পাচার করা। Smuggle অর্থ ও পাচার করা। এ ছাড়াও option 'ঘ' ছাড়া বাকি ৩টি শব্দ ইতিবাচক অর্থে ব্যবহৃত হয়। distribute -বণ্টন করা; export -রপ্তানি করা; import - আমদানি করা।

৪১. While I (play) in the field, I saw a dead cow.
ক. playing খ. was playing
গ. played ঘ. were playing উ. খ

ব্যাখ্যা : 'while' যুক্ত বাক্যে একটি clause Past Indefinite হলে অপর clause টি Past Continuous Tense হয়। তাছাড়া বাক্যে subject 1st person singular (I) থাকায় option 'খ' সঠিক উত্তর।

৪২. But for your help I—
ক. would have failed খ. would fail
গ. will fail ঘ. will have failed উ. ক

ব্যাখ্যা : এখানে 'But for your help' বলতে 3rd conditional (If + had + v.p.p = If you had not helped) ই বুঝায়। তাই 3rd conditional এর নিয়মানুযায়ী পরবর্তী অংশে would/could/might + have + v.p.p হবে।

৪৩. Choose the correct sentence :
ক. He had been hanged for murder.
খ. He has been hunged for murder.
গ. He was hanged for murder.
ঘ. He was hunged for murder. উ. গ

ব্যাখ্যা : Option 'খ' এবং 'ঘ' 'hang' verb এর ভুল ব্যবহারের জন্য উত্তর হবে না। option 'ক' তে Past Perfect tense আছে; তাই এই অপশনটিও ভুল। past Indefinite tense এর Pasive structure অনুযায়ী option 'গ' হবে। মনে রাখতে হবে, ফাঁসি দেওয়া অর্থে verb টি হবে- Hang-hanged-hanged.

৪৪. I went there to seek a job. (Compound)
ক. I went there and seeked a job.
খ. I went there so that I could seek a job.
গ. I went there for seeking a job.
ঘ. I went there and sought a job. উ. ঘ

ব্যাখ্যা : Simple sentence কে compound sentence পরিবর্তন করতে হলে অর্থানুযায়ী and, but, or, yet, still ইত্যাদি বসে। 'seek' verb এর ভুল past form এর জন্য option 'ক' ও 'গ' উত্তর হয়নি। আবার option 'খ' এ 'so that' linker ব্যবহৃত হয়েছে যা 'complex sentence' এর linker এর কাজ করে। তাই সঠিক উত্তর হল option 'ঘ'।

৪৫. Instead of 'confirm' we can say—
ক. bear out খ. bear on
গ. bear to ঘ. bear of উ. ক

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : bear out সমর্থন করা, bear on সহ্য করা, সঠিক উত্তর হবে option 'ক' bear out.

৪৬. **What is the antonym of 'abduct'?**
ক. Take away unlawfully খ. Kidnap
গ. Restore ঘ. None of them **উ. গ**

ব্যাখ্যা : 'Abduct' অর্থ অপহরণ করা, Restore অর্থ ফিরিয়ে আনা। Take away unlawfully অবৈধভাবে ছিনিয়ে নেয়া, kidnap অপহরণ করা, Restore ফিরিয়ে আনা। সঠিক উত্তর হল option 'গ' Restore.

৪৭. **The father with his seven daughters — left the house.**
ক. have খ. are
গ. has ঘ. was **উ. গ**

ব্যাখ্যা : As well as, with, along with, together with, accompanied by, and not যুক্ত বাক্যে verb সাধারণত তাদের পূর্ববর্তী subject অনুযায়ী হয়। তাই সঠিক উত্তর হবে option 'গ'।

৪৮. **She has no test — music.**
ক. of খ. for
গ. to ঘ. in **উ. খ**

ব্যাখ্যা : প্রশ্নে ভুল রয়েছে। প্রশ্নে 'test' শব্দের স্থলে 'taste' হবে। taste for something অর্থ কোন কিছুতে আগ্রহবোধ করা বা কোনো কিছু পছন্দ করা। তাই, সঠিক উত্তর হবে (খ)।

৪৯. **কর্তৃপক্ষ তাকে তিরস্কার করল।**
ক. The authority criticised him.
খ. The authority took him to task.
গ. The authority took him to book.
ঘ. The authority gave reins to him. **উ. খ**

ব্যাখ্যা : 'take someone to task' অর্থ হল কাউকে তিরস্কার করা। phrasal verb হওয়ায় এবং past tense হওয়া option 'খ' সঠিক উত্তর।

৫০. **সে নদীর কাছে এক কুটিরে বাস করত।**
ক. He lived a hut close with river.
খ. He lived in a hut close at the river.
গ. He lived in a hut close to the river.
ঘ. He lived in a hut close by the river. **উ. গ**

ব্যাখ্যা : close to something মানে কোন কিছুর নিকটে থাকা। তাই option 'গ' সঠিক উত্তর।

৫১. **নিচের কোনটি অমূলদ সংখ্যা?**
ক. .1.111..... খ. 1.1010101..,.....
গ. 1.1001001001..... ঘ. 1.1010010001.... **উ. ঘ**

ব্যাখ্যা : যে সংখ্যাকে দশমিকে প্রকাশ করলে তা শেষ হবে না তা-ই অমূলদ সংখ্যা। অপশন (ক), (খ) এবং (গ)-কে পৌনঃপুনিক দশমিক সংখ্যায় প্রকাশ করা যায়। আমরা জানি, পৌনঃপুনিক দশমিক সংখ্যা মূলদ সংখ্যা হয়। অন্যদিকে, অপশন (ঘ) পৌনঃপুনিক দশমিক সংখ্যা নয়। তাই এটি অমূলদ সংখ্যা।

এখানে, (ক) 1.111 ..... = 1.1
(খ) 1.1010101 ..... = 1.10
(গ) 1.1001001001 ..... = 1.100

৫২. **কোনো সামান্তরিকের একটি কোণ সমকোণ হলে উহা একটি–**
ক. বর্গ খ. রম্বস
গ. ট্রাপিজিয়াম ঘ. আয়তক্ষেত্র **উ. ঘ**

ব্যাখ্যা : যে সামান্তরিকের প্রতিটি কোণ সমান ও এক সমকোণ, তাকে আয়তক্ষেত্র বলে। কারণ, সামান্তরিক ও আয়তক্ষেত্রের বিপরীত বাহুগুলো সমান ও সমান্তরাল। কিন্তু, সামান্তরিকের কোনো কোণই এক সমকোণ নয়।

৫৩. **$p = a \times b$ হলে এবং a ও b উভয়কে একত্রে ১০% বৃদ্ধি করা হলে p-এর মান শতকরা কত বৃদ্ধি পাবে?**
ক. ১৫% খ. ২০%
গ. ২১% ঘ. ২৫% **উ. গ**

ব্যাখ্যা : ১০% বৃদ্ধি করলে a ও b এর নতুন মান হয় = ১.১ a ও ১.১ b
অতএব, $p = ১.১\ a \times ১.১\ b$
$= ১.২১\ ab$
p-এর মান বৃদ্ধি পায়, $১.২১\ ab - ab = ০.২১\ ab$
$\therefore$ শতকরা বৃদ্ধি পাবে $= \frac{০.২১ab \times ১০০\%}{ab} = ২১\%$ (উত্তর)

৫৪. $\frac{\ln x}{x-1}$ **এর মান নির্ণয়ের ক্ষেত্রে নিচের কোন শর্তটি প্রযোজ্য?**
ক. $x > 0$ এবং $x \neq 1$ খ. $x \geq 0$ এবং $x \neq 1$
গ. $x > 0$ অথবা $x \neq 1$ ঘ. $x \geq 0$ অথবা $x \neq 1$ **উ. ক**

ব্যাখ্যা : lnx-এর শর্ত হচ্ছে $x > 0$
কিন্তু কোনো ভগ্নাংশের হর শূন্য হতে পারে না। তাই এখানে দুটি শর্তই পূরণ করতে হবে। অতএব, সঠিক উত্তর হবে অপশন (ক)।

৫৫. **৬টি কাঠির গড় দৈর্ঘ্য ৪৪.২ সে.মি. এবং এদের ৫টির গড় দৈর্ঘ্য ৪৬ সে.মি.। ৬ষ্ঠ কাঠিটির দৈর্ঘ্য কত সে. মি.?**
ক. ৩৫.১ খ. ৩৫.২
গ. ৩৫.৩ ঘ. ৩৫.৪ **উ. খ**

ব্যাখ্যা : ৬টি কাঠির মোট দৈর্ঘ্য $= (৪৪.২ \times ৬)$ সেমি
$= ২৬৫.২$ সেমি
৫টি কাঠির গড় $= (৪৬ \times ৫)$ সেমি
$= ২৩০$ সেমি
$\therefore$ ৬ষ্ঠ কাঠিটির দৈর্ঘ্য $= (২৬৫.২ - ২৩০)$ সেমি
$= ৩৫.২$ সেমি

৫৬. **২৫% লাভে কোনো জিনিস ১৫ টাকায় বিক্রয় করলে বিক্রেতার কত টাকা লাভ হবে?**
ক. ২ খ. ৩
গ. ৪ ঘ. ৫ **উ. খ**

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : ২৫% লাভে বিক্রয়মূল্য হবে = (১০০ + ২৫) টাকা
= ১২৫ টাকা

$\therefore$ ক্রয়মূল্য হবে = $\frac{১০০ \times ১৫}{১২৫}$ = ১২ টাকা

লাভ হবে = ১৫ টাকা − ১২টাকা
= ৩ টাকা (উত্তর)

৫৭. নিচের কোনটি $x^3 - 6x^2 + 11x - 6$ এর উৎপাদক নয়?

ক. $x - 1$ খ. $x - 2$
গ. $x - 3$ ঘ. $x - 4$ উ. ঘ

ব্যাখ্যা : $x^3 - 6x^2 + 11x - 6$
$= (x)^3 - 3.(x)^2.2 + 3.x.(2)^2 - (2)^3 - x + 2$
$= (x-2)^3 - 1(x-2)$
$= (x-2)\{(x-2)^2 - 1\}$
$= (x-2)\{(x-2+1)(x-2-1)\}$
$= (x-2)(x-1)(x-3)$
সুতরাং, $(x-4)$ উৎপাদক নয়।

৫৮. $a \le b$ এবং $b \le a$ হলে নিচের কোনটি সত্য?

ক. $a < b$ খ. $a > b$
গ. $a = b$ ঘ. $a \neq b$ উ. গ

ব্যাখ্যা : $a < b$ সম্ভব নয়, কারণ $b \le a$
$a > b$ সম্ভব নয়, কারণ $a \le b$
$a \neq b$ সম্ভব নয়, কারণ $a \le b, b \le a$
অতএব, সঠিক হবে $a = b$ হবে, কারণ $a \le b$ এবং $b \le a$

৫৯. 2 সে. মি. ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের কেন্দ্র হতে 5 সে. মি. দূরের কোনো বিন্দু হতে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য কত সে. মি.?

ক. 4.58 খ. 5.38
গ. 3 ঘ. 5 উ. ক

ব্যাখ্যা :



এখানে, $OB \perp AB$
এখানে, স্পর্শক $AB = \sqrt{OA^2 - OB^2}$
$= \sqrt{5^2 - 2^2}$
$= \sqrt{25 - 4}$
$= \sqrt{21}$
$= 4.582576$ (Ans)

৬০. সাতটি সরলরেখার দৈর্ঘ্য যথাক্রমে 1, 2, 3, 4, 6 ও 7 সে. মি.। কয়টি ক্ষেত্রে এদের চারটি বাহু দিয়ে চতুর্ভুজ অংকন সম্ভব নয়?

ক. 2 খ. 3
গ. 4 ঘ. 5 উ. খ

ব্যাখ্যা : আমরা জানি, চতুর্ভুজের যে কোনো তিন বাহুর সমষ্টি অপর বাহু অপেক্ষা বৃহত্তর হবে।
এখানে, $1 + 2 + 3 = 6 < 7$
$1 + 2 + 4 = 7 = 7$
$1 + 2 + 3 = 6 = 6$
অতএব, এই তিন ক্ষেত্রে ক্ষেত্রে এদের চারটি বাহু দিয়ে চতুর্ভুজ অংকন সম্ভব নয়।

৬১. নিচের কোনটি বৃত্তস্থ চতুর্ভুজ হয় না?

ক. বর্গ খ. আয়ত
গ. ট্রাপিজিয়াম ঘ. রম্বস উ. ঘ

ব্যাখ্যা : রম্বস বৃত্তস্থ চতুর্ভুজ হয় না।



অতএব, দেখা গেল যে, ABCD রম্বসটি বৃত্তস্থ নয়।

৬২. $\sin\left(\frac{9\pi}{2} + \theta\right) = ?$

ক. $\sin\theta$ খ. $-\sin\theta$
গ. $\cos\theta$ ঘ. $-\cos\theta$ উ. গ

ব্যাখ্যা : $\sin\left(\frac{9\pi}{2} + \theta\right) = \cos\theta$

কারণ, $\frac{\pi}{2}$ এর গুণিতক হচ্ছে 9, যা বিজোড়। তাই, sin হয়ে যাবে cos। আবার, $9\frac{\pi}{2}$ যা দ্বিতীয় চতুর্ভাগ নির্দেশ করে। তাই চিহ্ন ধনাত্মক থাকবে। অতএব, সঠিক উত্তর অপশন (গ)।

৬৩. কোনো ত্রিভুজের শীর্ষবিন্দুগুলো দিয়ে অংকিত বৃত্তটির কেন্দ্রকে বলে–

ক. অন্তঃকেন্দ্র খ. পরিকেন্দ্র
গ. লম্ব কেন্দ্র ঘ. ভর কেন্দ্র উ. খ

ব্যাখ্যা : আমরা জানি, কোনো ত্রিভুজের শীর্ষবিন্দু দিয়ে অংকিত বৃত্তকে বলে পরিবৃত্ত এবং কেন্দ্রকে বলে পরিকেন্দ্র। তাই সঠিক উত্তর হবে অপশন (খ)।

Scanned with CamScanner CamScanner

$\tan\theta = \frac{a}{b}$ হলে নিচের কোনটি সত্য?

ক. $\sin\theta = \frac{b}{a^2+b^2}$ খ. $\cos\theta = \frac{a}{\sqrt{a^2+b^2}}$

গ. $\sec\theta = \frac{\sqrt{a^2+b^2}}{a}$ ঘ. $\text{cosec}\theta = \frac{\sqrt{a^2+b^2}}{a}$ উ. ঘ

খ্যা :



দেওয়া আছে, $\tan\theta = \frac{a}{b}$

$\therefore \sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

$\therefore \sin\theta = \frac{a}{\sqrt{a^2+b^2}}$ [মান বসিয়ে]

$\therefore \text{cosec}\theta = \frac{\sqrt{a^2+b^2}}{a}$

৬৫. $ax^2 + b$ এর মান $x = 1$ হলে 1 এবং $x = 3$ হলে 25 হয়। $x = 2$ হলে এর মান কত?

ক. 5 খ. 10

গ. 15 ঘ. 20 উ. খ

ব্যাখ্যা : এখানে,

$a.1^2 + b = 1 \Rightarrow a + b = 1$ ..... (i)

$a.3^2 + b = 25 \Rightarrow 9a + b = 25$ ..... (ii)

(i) নং ও (ii) নং সমাধান করে পাই $a = 3, b = -2$

$\therefore$ ফাংশনটি হবে, $f(x) = 3x^2 - 2$

বা, $f(2) = 3.2^2 - 2$

$= 12 - 2$

$= 10$ (Ans.)

৬৬. $\text{Log}_{10}(0.001) =$ কত?

ক. 3 খ. –3

গ. $\frac{1}{3}$ ঘ. $-\frac{1}{3}$ উ. গ

ব্যাখ্যা : $\log_{10}(0.001)$

$= \log_{10}\frac{1}{1000}$

$= \log_{10}\frac{1}{10^3}$

$= \log_{10}10^{-3}$

$= -3\log_{10}10$

$= -3 \times 1$

$= -3$ (Ans)

৬৭. $a^2 - 3a$, $a^3 - 9a$ এবং $a^3 - 4a^2 + 3a$ এর গ. সা. গু = ?

ক. $a(a-3)$ খ. $a-3$

গ. a ঘ. $a(a+3)$ উ. খ

ব্যাখ্যা : ১ম রাশি : $a^2 - 3a$

$= a(a-3)$

২য় রাশি : $a^3 - 9a$

$= a(a^2 - 9)$

$= a(a+3)(a-3)$

৩য় রাশি : $a^3 - 4a^2 + 3a$

$= a(a^2 - 4a + 3)$

$= a(a^2 - 3a - a + 3)$

$= a\{a(a-3) - 1(a-3)\}$

$= a(a-3)(a-1)$

$\therefore$ গ. সা. গু $= a(a-3)$

৬৮. একটি বর্গক্ষেত্রের পরিসীমা এর কর্ণের দৈর্ঘ্যের কত গুণ?

ক. $\frac{\sqrt{2}}{2}$ খ. $\sqrt{2}$

গ. $2\sqrt{2}$ ঘ. 2 উ. গ

ব্যাখ্যা : বর্গের বাহুর দৈর্ঘ্য, a একক হলে, পরিসীমা = 4a একক

এবং কর্ণ $= a\sqrt{2}$ একক

$\therefore \frac{\text{পরিসীমা}}{\text{কর্ণ}} = \frac{4a}{a\sqrt{2}}$ [মান বসিয়ে]

$= \frac{2 \times 2}{\sqrt{2}}$

$= \frac{2 \times \sqrt{2} \times \sqrt{2}}{\sqrt{2}}$

$= 2\sqrt{2}$ (Ans)

৬৯. চতুর্ভুজের চার কোণের অনুপাত 1 :2 : 2 : 3 হলে বৃহত্তম কোণের পরিমাণ কত হবে?

ক. 90° খ. 135°

গ. 175° ঘ. 210° উ. খ

ব্যাখ্যা : আমরা জানি, যেকোন চতুর্ভুজের চারটি কোণের সমষ্টি = 360°

$\Rightarrow x + 2x + 2x + 3x = 360°$

$\Rightarrow 8x = 360°$

$\Rightarrow x = 45°$

অতএব, বৃহত্তম কোণ $= 3x = 3 \times 45°$

$= 135°$ (Ans)

৭০. যদি 12 সদস্যবিশিষ্ট কোনো কমিটির সদস্যের মধ্যে 9 জন মহিলা হয়, তবে সদস্যদের মধ্যে শতকরা কত ভাগ পুরুষ?

ক. 25% খ. 40%
গ. 15% ঘ. 20% উ. ক

ব্যাখ্যা : 12 জনের মধ্যে মহিলা= 9 জন

$\therefore 1$ " " $= \frac{9}{12}$ "

$\therefore 100$ " " $= \frac{9 \times 100}{12}$

$= 75$ জন

$\therefore$ পুরুষ $= (100 - 75) = 25\%$ (উত্তর)

৭১. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 12, 15, 20 ও 25 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 11 অবশিষ্ট থাকে?

ক. 411 খ. 111
গ. 211 ঘ. 311 উ. ঘ

ব্যাখ্যা :
2 | 12, 15, 20, 25
2 | 6, 15, 10, 25
5 | 3, 15, 5, 25
3 | 3, 3, 1, 5
1 1 1 5

ল. সা. গু. $= 2 \times 2 \times 5 \times 3 \times 5 = 300$

$\therefore$ ক্ষুদ্রতম সংখ্যাটি হবে $= 300 + 11$

$= 311$ (উত্তর)

৭২. যদি $x + \frac{1}{x} = -5$ হয়, তবে $\frac{x}{x^2 + x + 1}$ এর মান কত?

ক. $\frac{1}{4}$ খ. 4
গ. -4 ঘ. $-\frac{1}{4}$ উ. ঘ

ব্যাখ্যা : $x + \frac{1}{x} = -5$

$\Rightarrow x^2 + 1 = -5x$

$\therefore \frac{x}{x^2 + x + 1}$

$= \frac{x}{x^2 + 1 + x}$

$= \frac{x}{-5x + x}$

$= \frac{x}{-4x}$

$= -\frac{1}{4}$ (উত্তর)

৭৩. 80 এর 75% এর 25% = কত?

ক. 10 খ. 15
গ. 20 ঘ. 25 উ. খ

ব্যাখ্যা : 80 এর 75% এর 25%

$80 \times \frac{75}{100} \times \frac{25}{100} = 15$

৭৪. কোনো ভগ্নাংশের লবের সাথে 1 যোগ করলে $\frac{1}{2}$ হয় এবং হরের সাথে 1 যোগ করলে তা $\frac{1}{3}$ হয়, ভগ্নাংশটি = কত?

ক. $\frac{2}{7}$ খ. $\frac{1}{8}$
গ. $\frac{3}{8}$ ঘ. $\frac{3}{5}$ উ. গ

ব্যাখ্যা : ধরি, লব x এবং হর y

$\therefore \frac{x + 1}{y} = \frac{1}{2}$ ..... (i)

$\frac{x}{y + 1} = \frac{1}{3}$ ..... (ii)

সমাধান করে, $x = 3, y = 8$

$\therefore$ ভগ্নাংশ $= \frac{3}{8}$

৭৫. বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে এর ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

ক. 4 খ. 9
গ. 12 ঘ. 16 উ. খ

ব্যাখ্যা : বৃত্তের ব্যাস = 2r হলে, বৃত্তের ব্যাসার্ধ = r এবং বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$

কোনো বৃত্তের ব্যাস ৩ গুণ বৃদ্ধি করলে ব্যাসার্ধও ৩ গুণ বৃদ্ধি পায়।

$\therefore$ প্রথম বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$ হলে,

নতুন বৃত্তের ক্ষেত্রফল $= \pi (3r)^2$

$= 9\pi r^2$

$\therefore$ ক্ষেত্রফল বৃদ্ধি পাবে $= \frac{9\pi r^2}{\pi r^2}$

$= 9$ গুণ (উত্তর)

৭৬. কোথায় প্রথম বিশ্ব নারী সম্মেলন অনুষ্ঠিত হয়?

ক. ডেনমার্ক খ. কেনিয়া
গ. বেইজিং ঘ. মেক্সিকো উ. ঘ

ব্যাখ্যা : প্রথম বিশ্ব নারী সম্মেলন অনুষ্ঠিত হয় মেক্সিকো সিটিতে ১৯৭৫ সালে। ২য় বিশ্ব নারী সম্মেলন = ডেনমার্ক (১৯৮০) ৩য় বিশ্ব নারী সম্মেলন = কেনিয়া (১৯৮৫) এবং ৪র্থ বিশ্ব নারী সম্মেলন = বেইজি, চীন (১৯৯৫)।

৭৭. মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন?
ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খ. তাজউদ্দিন আহমদ
গ. সৈয়দ নজরুল ইসলাম ঘ. খন্দকার মোশতাক আহমেদ
উ. ক

ব্যাখ্যা : মুজিবনগর/ অস্থায়ী সরকারের রাষ্ট্রপতি ছিলেন- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। উপ-রাষ্ট্রপতি- সৈয়দ নজরুল ইসলাম, প্রধানমন্ত্রী- তাজউদ্দিন আহমেদ, পররাষ্ট্রমন্ত্রী -খন্দকার মোশতাক আহমেদ।

৭৮. ইউনেস্কোর কততম সম্মেলনে ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে ঘোষণা করা হয়?
ক. ৩১ তম খ. ৩২ তম
গ. ৩৩ তম ঘ. ৩৪ তম উ. *

ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। জাতিসংঘের শিক্ষা বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা UNESCO ৩০তম সাধারণ অধিবেশনে (১৭ নভেম্বর, ১৯৯৯ তারিখে) ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা দেয়। তাই ২০০০ সাল থেকে সারাবিশ্বে ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হচ্ছে।

৭৯. দুর্যোগ ব্যবস্থাপনায় সাফল্যের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কোন সংস্থা পুরস্কৃত করে?
ক. EU খ. IDB
গ. ADB ঘ. IFRC উ. ঘ

ব্যাখ্যা : দুর্যোগ ব্যবস্থাপনায় সাফল্যের জন্য ২০১৬ সালে IFRC মাননীয় প্রধানমন্ত্রীকে পুরস্কৃত করে। (IFRC = International Federation of Red Cross and Red Crescent Societies)

৮০. 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' এর উৎক্ষেপণ দ্বারা বাংলাদেশ বিশ্বের কততম স্যাটেলাইট দেশ হিসেবে আত্মপ্রকাশ করে?
ক. ৩৭ তম খ. ৪৭ তম
গ. ৫৭ তম ঘ. ৬৭ তম উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম কৃত্রিম উপগ্রহ 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্যের কেপ কেনেডি থেকে এটি মহাকাশে উৎক্ষেপণ করা হয় ১২ মে ২০১৮ তারিখে। এর মাধ্যমে বাংলাদেশ ৫৭তম স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশ হিসেবে আত্মপ্রকাশ করে।

৮১. ২০১৯ সালের সার্ক সাহিত্য পুরস্কার লাভ করেন কে?
ক. সেলিনা হোসেন খ. শামসুর রাহমান
গ. অধ্যাপক আনিসুজ্জামান ঘ. ফকরুল আলম উ. গ

ব্যাখ্যা : ২০১৯ সালে সার্ক সাহিত্য পুরস্কার লাভ করেন জাতীয় অধ্যাপক অনিসুজ্জামান। এ পুরস্কার প্রবর্তিত হয় ২০০১ সালে।

৮২. বিশ্ব মানবাধিকার দিবস কবে?
ক. ৮ মার্চ খ. ৫ অক্টোবর
গ. ১০ ডিসেম্বর ঘ. ২৪ সেপ্টেম্বর উ. গ

ব্যাখ্যা : বিশ্ব মানবাধিকার দিবস ১০ ডিসেম্বর। ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর জাতিসংঘে Universal Declaration of Human Rights গৃহীত হয়। ৫ অক্টোবর = বিশ্ব শিক্ষক দিবস, ৮ মার্চ = বিশ্ব নারী দিবস, ২৪ অক্টোবর = জাতিসংঘ দিবস।

৮৩. SMS এর পূর্ণরূপ কী?
ক. Short Message Service খ. Short Mail Service
গ. Simple Message Service
ঘ. Simple Mail Service উ. ক

ব্যাখ্যা : SMS এর পূর্ণরূপ হচ্ছে Short Message Service। সামাজিক যোগাযোগ সাইট Twitter কে বলা হয় ইন্টারনেটের SMS। MMS এর পূর্ণরূপ হচ্ছে Multimedia Messaging Service।

৮৪. বিগ এ্যাপেল কোন শহরের নাম?
ক. নতুন দিল্লি খ. ইসলামাবাদ
গ. নিউইয়র্ক ঘ. শিকাগো উ. গ

ব্যাখ্যা : নিউইর্য়ক শহরের ভৌগোলিক উপনাম Big Apple। একে আরো বলা হয় বিশ্বের রাজধানী, গগনচুম্বী অট্টালিকার শহর। শিকাগোকে বলা হয় পৃথিবীর কসাইখানা, উন্যাদের শহর, বাতাসের শহর। ভারতের ও পাকিস্তানের রাজধানী যথাক্রমে নয়া দিল্লি ও ইসলামাবাদ।

৮৫. IMF এর সদর দপ্তর কোথায়?
ক. ওয়াশিংটন ডিসি খ. নিউইয়র্ক
গ. জেনেভা ঘ. রোম উ. ক

ব্যাখ্যা : IMF এর পূর্ণরূপ International Monetary Fund। এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে। এটি ১৯৪৪ সালে প্রতিষ্ঠিত হয় কিন্তু কার্যক্রম শুরু করে ১৯৪৭ সালে।

৮৬. শ্রীলংকার মুদ্রার নাম কী?
ক. ডলার খ. পাউন্ড
গ. টাকা ঘ. রুপি উ. ঘ

ব্যাখ্যা : শ্রীলঙ্কার মুদ্রার নাম রুপি। তাছাড়া ভারত, পাকিস্তান ও নেপালের মুদ্রাও রুপি (মালদ্বীপের মুদ্রা রুপিয়া)। টাকা বাংলাদেশের মুদ্রা। ডলার = যুক্তরাষ্ট্র, পাউন্ড = যুক্তরাজ্য।

৮৭. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?
ক. জয়নুল আবেদীন খ. কামরুল হাসান
গ. হামিদুর রহমান ঘ. হাশেম খান উ. খ

ব্যাখ্যা : বাংলাদেশের বর্তমান জাতীয় পতাকার ডিজাইনার পটুয়া কামরুল হাসান। আর মানচিত্র খচিত বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার ছিলেন শিব নারায়ণ দাশ। হামিদুর রহমান হলেন শহীদ মিনারের স্থপতি।

৮৮. UNESCO বাংলাদেশের কোন ধরনের গানকে Heritage of Humanity (মানবতার ধারক) হিসেবে আখ্যায়িত করেছে?
ক. কবি গান খ. বাউল গান
গ. লালন গীতি ঘ. ভাওয়াইয়া উ. খ

ব্যাখ্যা : UNESCO জাতিসংঘের শিক্ষা বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা। বাংলাদেশের বাউল গানকে এটি Heritage of Humanity বা মানবতার ধারক হিসেবে ঘোষণা করে ২০০৫ সালে।

৮৯. বাংলাদেশের সবচেয়ে বড় প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র কোনটি?
ক. হালদা নদী খ. চলন বিল
গ. পদ্মা নদী ঘ. মেঘনা নদী উ. ক

ব্যাখ্যা : বাংলাদেশের একমাত্র 'প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র' হচ্ছে হালদা নদী। এ নদী থেকে বাণিজ্যিক ভিত্তিতে মাছের রেণু পোনা সংগ্রহ করা হয়। খাগড়াছড়ির বদনাতলী পর্বতশৃঙ্গ থেকে এ নদী উৎপত্তি। হালদা ভ্যালি খাগড়াছড়িতে অবস্থিত। (মনে রাখুন: খিচুড়ির রং হলুদ। অর্থাৎ, হালদা ভ্যালি খাগড়াছড়িতে)

৯০. নাগরিকের প্রধান কর্তব্য হলো–
ক. রাষ্ট্রের সেবা করা খ. রাষ্ট্রের আইন মেনে চলা
গ. নিয়মিত কর প্রদান করা
ঘ. রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করা উ. খ

ব্যাখ্যা : নাগরিকের প্রধান কর্তব্য হলো রাষ্ট্রের আইন মেনে চলা। "সংবিধান ও আইন মান্য করা, শৃঙ্খলা রক্ষা করা, নাগরিক দায়িত্ব পালন করা এবং জাতীয় সম্পত্তি রক্ষা করা প্রত্যেক নাগরিকের কর্তব্য" (সংবিধানের ২১ (১) অনুচ্ছেদ)।

৯১. প্রকৃতিতে সবচেয়ে বেশি পাওয়া যায় কোন ধাতু?
ক. লোহা খ. দস্তা
গ. পটাশিয়াম ঘ. অ্যালুমিনিয়াম উ. ঘ

ব্যাখ্যা : প্রকৃতিতে যে ধাতু সবচেয়ে বেশি পাওয়া যায় তা হচ্ছে অ্যালুমিনিয়াম। সবচেয়ে সক্রিয় ধাতু = পটাশিয়াম, তাড়াতাড়ি ক্ষয়প্রাপ্ত হয় = দস্তা, সবচেয়ে বেশি ব্যবহৃত ধাতু = লোহা।

৯২. গাড়ির ব্যাটারিতে ব্যবহৃত এসিড কোনটি?
ক. HNO_3 খ. HCl
গ. H_2SO_4 ঘ. H_3PO_4 উ. গ

ব্যাখ্যা : গাড়ির ব্যাটারিতে ব্যবহৃত হয় সালফিউরিক এসিড। এর রাসায়নিক সংকেত H_2SO_4।

৯৩. ফোকেটিং (Folketing) কোন দেশের আইনসভা?
ক. বেলজিয়াম খ. নরওয়ে
গ. ফিনল্যান্ড ঘ. ডেনমার্ক উ. ঘ

ব্যাখ্যা : ডেনমার্কের আইনসভার নাম ফোকেটিং (Folketing)। নরওয়ে = স্টরাটিং, বেলজিয়াম = ফেডারেল পার্লামেন্ট, ফিনল্যান্ড = এডুসকুন্টা (Eduskunta)

৯৪. বাণিজ্যিকভাবে মৌমাছি পালনকে কী বলে?
ক. পিসিকালচার খ. এপিকালচার
গ. মেরিকালচার ঘ. সেরিকালচার উ. খ

ব্যাখ্যা : বাণিজ্যিকভাবে মৌমাছি পালনকে বলা হয় Apiculture. Sericulture = রেশম চাষ বিষয়ক বিজ্ঞান, Pisciculture = মৎস চাষ বিষয়ক বিজ্ঞান, Mariculture = সামুদ্রিক প্রাণী বিষয়ক চাষ।

৯৫. কোনটি স্থানীয় সরকার নয়?
ক. পৌরসভা খ. পল্লী বিদ্যুৎ
গ. সিটি কর্পোরেশন ঘ. উপজেলা পরিষদ উ. খ

ব্যাখ্যা : শহরাঞ্চলে ২ স্তর বিশিষ্ট স্থানীয় সরকার আছে পৌরসভা সিটি কর্পোরেশন। গ্রামাঞ্চলে ৩ স্তর বিশিষ্ট স্থানীয় সরকার আছে : ইউনিয়ন, উপজেলা ও জেলা পরিষদ। পল্লী বিদ্যুৎ কোনো স্থানীয় সরকার প্রতিষ্ঠান নয়। এটি একটি বিশেষায়িত সরকারি প্রতিষ্ঠান।

৯৬. বাংলার সর্বপ্রাচীন জনপদের নাম কী?
ক. পুণ্ড্র খ. তাম্রলিপ্ত
গ. গৌড় ঘ. হরিকেল উ. ক

ব্যাখ্যা : বাংলার ১৬টি প্রাচীন জনপদের মধ্যে সবচেয়ে প্রাচীন জনপদ পুণ্ড্র। পুণ্ড্র জনপদের রাজধানী ছিল পুণ্ড্রনগর। বর্তমান বগুড়ার মহাস্থানগড়ে এ জনপদের অবস্থান।

৯৭. বাঙালি জাতির প্রধান অংশ কোন মূল জাতিগোষ্ঠীর অন্তর্ভুক্ত?
ক. দ্রাবিড় খ. নেগ্রিটো
গ. ভোট চীন ঘ. অস্ট্রিক উ. ঘ

ব্যাখ্যা : বাঙালি একটি সংকর জাতি। এ জাতির প্রধান অংশ গড়ে উঠেছে অস্ট্রিক (অন্যনাম- নিষাদ) জাতিগোষ্ঠী থেকে। নৃতাত্ত্বিকভাবে বাংলাদেশের মানুষ প্রধানত আদি-অস্ট্রেলীয় জাতিগোষ্ঠীভুক্ত।

৯৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৬ দফা ঘোষণা করা হয় ১৯৬৬ সালের–
ক. জানুয়ারি মাসে খ. ফেব্রুয়ারি মাসে
গ. জুলাই মাসে ঘ. আগস্ট মাসে উ. খ

ব্যাখ্যা : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐতিহাসিক ৬ দফা ঘোষণা করেন ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি লাহোরে বিরোধী দলসমূহের সভায়। একে বলা হয় বাঙালি জাতির ম্যাগনাকার্টা (মুক্তিসনদ)।

৯৯. 'সংগ্রাম' ও 'প্রত্যাশা' কী?
ক. ধানের প্রজাতি খ. পাখির প্রজাতি
গ. বাংলাদেশ নৌবাহিনীর যুদ্ধ জাহাজ
ঘ. বাংলাদেশ বিমান বাহিনীর দুটি যুদ্ধ বিমান উ. গ

ব্যাখ্যা : 'সংগ্রাম' ও 'প্রত্যাশা' বাংলাদেশ বাংলাদেশ নৌবাহিনীর দুটি অত্যাধুনিক যুদ্ধজাহাজ। এগুলো নির্মিত হয় চীনে।

১০০. AIDS রোগের জন্য নিচের কোন ভাইরাসটি দায়ী?
ক. SARS খ. র‍্যাবিস
গ. HIV ঘ. ইবোলা উ. গ

ব্যাখ্যা : AIDS হচ্ছে Acquired Immune Deficiency Syndrome. এর জন্য দায়ী ভাইরাস HIV (Human Immunedeficiency Virus)। ১৯৮১ সালে যুক্তরাষ্ট্রে সর্বপ্রথম AIDS রোগীর সন্ধান পাওয়া যায়।

১৫তম স্কুল/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৯

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ৩০০; পরীক্ষার তারিখ : ১৯.০৪.২০১৯

দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কর্তন হবে।।

১. নিচের কোন শব্দটি প্রাতিপাদিক?
ক. লাঙ্গল খ. দম্পতি
গ. লেখা ঘ. সাধিত উ. ক

ব্যাখ্যা : যে পদ দ্বারা নাম বোঝায়, তাকে নাম পদ বলে। বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপাদিক বলে। এর আরেক নাম 'নাম প্রকৃতি'। যেমন : দিন, বই, লাঙ্গল, কলম ইত্যাদি।

২. কোনটির আগে স্ত্রীবাচক শব্দযোগে লিঙ্গান্তর করতে হয়?
ক. নেতা খ. কবি
গ. দাতা ঘ. বাদশাহ উ. খ

ব্যাখ্যা : এমন কিছু পুরুষবাচক শব্দ রয়েছে যেগুলোর শেষে স্ত্রীবাচক প্রত্যয় যোগ করা যায় না। তাই এগুলোর আগে স্ত্রীবাচক শব্দ যোগ করে লিঙ্গান্তর করতে হয়। যেমন : কবি- মহিলা কবি, কর্মী- মহিলা কর্মী, ডাক্তার-মহিলা ডাক্তার ইত্যাদি।

৩. 'আমন্ত্রণ' শব্দের সমার্থক শব্দ নিচের কোনটি নয়?
ক. আহ্বান খ. নিমন্ত্রণ
গ. প্রত্যাবান ঘ. আবাহন উ. গ

ব্যাখ্যা : আমন্ত্রণ শব্দের সমার্থক শব্দগুলো হচ্ছে- আহ্বান, আবাহন, নিমন্ত্রণ, সম্ভাষণ, সম্বোধন ইত্যাদি। 'প্রত্যাবান' নামে কোনো শব্দ বাংলা একাডেমির অভিধানে পাওয়া যায়নি। তাই সঠিক উত্তর হবে 'গ'।

৪. 'মন না মতি' বাগধারার অর্থ কী?
ক. চালবাজি খ. অস্থির মানব মন
গ. অরাজক পরিস্থিতি ঘ. অমূল্য সম্পদ উ. খ

ব্যাখ্যা : 'মন না মতি' বাগধরাটির অর্থ অস্থির মানব মন বা মানব মনের অস্থিরতা। ফপর দালালি- অর্থ চালবাজি, মগের মুল্লুক অর্থ- অরাজক পরিস্থিতি।

৫. 'বীর সন্তান প্রসব করে যে নারী'-এক কথায় তাকে কী বলে?
ক. বীরপুত্র খ. রত্নগর্ভা
গ. স্বর্গমাতা ঘ. বীরপ্রসূ উ. ঘ

ব্যাখ্যা : বীর সন্তান প্রসব করে যে নারী- বীরপ্রসূ, যে নারী সাগরে বিচরণ করে- সাগরিকা, যে নারী অন্য পুরুষের প্রতি আসক্ত হয় না- অনন্যা, যে নারীর কোনো সন্তান হয় না- বন্ধ্যা। যে নারী অত্যন্ত গুণবান/গুণবতী সন্তানের জন্মদাত্রী- রত্নগর্ভা

৬. অম্বু শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. জলধি খ. গগন
গ. পানি ঘ. অবনী উ. গ

ব্যাখ্যা : 'অম্বু' শব্দের সমার্থক- পানি, বারি, সলিল, উদক, সলিল ইত্যাদি। গগন শব্দের সমার্থক- আকাশ, অন্তরীক্ষ, ব্যোম, অম্বর; জলধি শব্দের সমার্থক- সমুদ্র, উদধি, পয়োধি, বারিধি, অম্বুধি, অর্ণব। অবনী শব্দের সমার্থক- অদিতি, উর্বী, পৃথিবী।

৭. 'দীপ্যমান' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. $\sqrt{\text{দীপ্য}}$ + মান খ. $\sqrt{\text{দিপ্য}}$ + মানচ
গ. $\sqrt{\text{দিপ্}}$ + শানচ ঘ. $\sqrt{\text{দীপ্}}$ + শানচ উ. ঘ

ব্যাখ্যা : সংস্কৃত কৃৎপ্রত্যয় সাধিত শব্দের শেষে মান থাকলে প্রত্যয় 'শানচ' হয়, শানচ প্রত্যয়ের 'শ' ও 'চ' ইৎ বাদ পড়ে যায়) হয়ে আন থাকে। কৃদন্ত পদে আন এর পরিবর্তে মান বসে। যেমন : দীপ্যমান = $\sqrt{\text{দীপ্}}$ - শানচ; বর্তমান = $\sqrt{\text{বৃৎ}}$ + শানচ; বর্ধমান = $\sqrt{\text{বৃধ্}}$ + শানচ

৮. নিচের কোনটি ঘোষ অল্পপ্রাণ বর্ণ?
ক. ট খ. থ
গ. ড ঘ. ভ উ. গ

ব্যাখ্যা : বর্গীয় ধ্বনি ২৫টি। বর্গীয় ধ্বনিগুলোর ১ম ও ২য় সারি অঘোষ এবং ৩য়, ৪র্থ ও ৫ম সারি হলো ঘোষ ধ্বনি। বর্গের ১ম ও ৩য় সারি হলো অল্প প্রাণ এবং ২য় ও ৪র্থ সারি হলো মহা প্রাণ। ঘোষ অল্পপ্রাণ ধ্বনিগুলো হচ্ছে- গ, জ, ড, দ, ব। সুতরাং সঠিক উত্তর হবে (গ)-ড।

৯. শুদ্ধ বানান কোনটি?
ক. ষ্টেশন খ. রুগ্ণ
গ. বিপ্রকর্স ঘ. সাধারন উ. খ

ব্যাখ্যা : শুদ্ধ বানান হলো রুগ্ণ। রুগ্ণ অর্থ- অসুস্থ, পীড়িত। ষ্টেশন, বিপ্রকর্স ও সাধারন শব্দের শুদ্ধ বানান যথাক্রমে- স্টেশন, বিপ্রকর্ষ ও সাধারণ।

১০. 'মহকুমা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. তুর্কি খ. আরবি
গ. ফারসি ঘ. ফরাসি উ. খ

ব্যাখ্যা : 'মহকুমা' শব্দটি আরবি ভাষা থেকে এসেছে। 'মহকুমা' শব্দটির অর্থ- জেলার অংশ বা কয়েকটি থানার সমষ্টি; বিচারালয়। এরকম আরো কয়েকটি আরবি শব্দ হচ্ছে- মুনসেফ, মোক্তার, মসনদ, হাশর, হাকিম, এজলাস, রায়, খারিজ ইত্যাদি।

১১. 'পাহাড়ের ঢাল বেয়ে জল নামছে'- বাক্যে 'জল' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তৃকারকে ৭মী খ. কর্মকারকে শূন্য
গ. কর্তৃকারকে শূন্য ঘ. করণ কারকে শূন্য উ. খ

ব্যাখ্যা : সাধারণত কী/কাকে দ্বারা প্রশ্ন করলে যে, উত্তর পাওয়া যায়, তাকে কর্মকারক বলে।

১২. কোনটি 'নিপাতনে সিদ্ধ' প্রত্যয়যুক্ত শব্দ?
ক. শৈব খ. সৌর
গ. দৈব ঘ. চৈত্র উ. খ

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : নিপাতনে সিদ্ধ প্রত্যয়যুক্ত শব্দ হচ্ছে– সৌর। কারণ, সৌর শব্দটির প্রকৃতি ও প্রত্যয় হচ্ছে– সূর্য + ষ্ণ = সৌর; যা সাধারণ নিয়মে হলে এভাবে হত– সুর + ষ্ণ = সৌর। শৈব = শিব + ষ্ণ, দৈব = দেব + ষ্ণ, চৈত্র = চিত্র + ষ্ণ। এ শব্দগুলো সংস্কৃত তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দ।

১৩. অর্থ অনুসারে 'হরিণ' কোন ধরনের শব্দ?
ক. যৌগিক খ. মৌলিক
গ. যোগরূঢ় ঘ. রূঢ়ি উ. ঘ

ব্যাখ্যা : সন্ধি, প্রত্যয় বা উপসর্গ সাধিত যে সকল শব্দ মূল শব্দের অর্থ না দিয়ে অন্য কোন বিশেষ অর্থ প্রদান করে তাকে রূঢ়ি শব্দ বলে। ব্যুৎপত্তিগতভাবে 'হরিণ' শব্দটি হচ্ছে– হৃ + ইন। যার অর্থ হচ্ছে– হৃদয় আছে যার; কিন্তু 'হরিণ' শব্দটি প্রচলিত অর্থে পশু বিশেষ বোঝায়।

১৪. বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রাহীন বর্ণের সংখ্যা যথাক্রমে–
ক. ৩২, ৮, ১০ খ. ৩২, ৭, ১১
গ. ৩০, ৮, ১২ ঘ. ৩২, ৭, ৯ উ. ক

ব্যাখ্যা : বাংলা বর্ণমালায় অর্ধমাত্রাযুক্ত বর্ণ হচ্ছে ৮টি। যথা : ঋ, থ, গ, ণ, থ, ধ, প, শ (মনে রাখার সহজ সূত্র : ণগধ শপথ ক্রপ)। মাত্রাহীন বর্ণ হচ্ছে ১০টি। যথা : এ, ঐ, ও, ঔ, ক্ষ, ঞ, ঙ, ং, ঃ, ঁ। এছাড়া বাকি ৩২টি হচ্ছে পূর্ণমাত্রাযুক্ত বর্ণ।

১৫. নিচের কোন শব্দটি সাধু ভাষায় ব্যবহারের উপযোগী?
ক. শুকনো খ. সাথে
গ. জুতা ঘ. বুনো উ. গ

ব্যাখ্যা : সাধু ভাষায় ব্যবহারের উপযোগী শব্দ হচ্ছে– জুতা (চলিত রূপ- জুতো)। এছাড়া শুকনো, সাথে, বুনো শব্দগুলোর সাধুভাষা যথাক্রমে– শুষ্ক, সহিত ও বন্য।

১৬. উদ্ধরণ চিহ্নের পূর্বে (খণ্ডবাক্যের শেষে) বসাতে হবে–
ক. কমা খ. কোলন
গ. কোলন ড্যাস ঘ. হাইফেন উ. ক

ব্যাখ্যা : উদ্ধরণ চিহ্নের পূর্বে (খণ্ডবাক্যের শেষে) কমা বসাতে হবে। যেমন : আয়েশা বলল, "আমি খুব সুখে আছি।" এছাড়া সময় নির্দেশ করতে কোলন (:) চিহ্ন, উদাহরণ প্রদান করতে কোলন ড্যাস (:-) এবং সমাসবদ্ধ শব্দ পৃথক করতে হাইফেন (-) চিহ্ন বসে।

১৭. 'খাতক'-এর বিপরীত শব্দ–
ক. অনিষ্টি খ. লায়েক
গ. লোকসান ঘ. মহাজন উ. ঘ

ব্যাখ্যা : 'খাতক' এর বিপরীত শব্দ মহাজন। এছাড়া লায়েক, লোকসান ও অনিষ্ট শব্দের বিপরীত শব্দ হচ্ছে যথাক্রমে নালায়েক, লাভ ও ইষ্ট।

১৮. Phoneme শব্দের অর্থ–
ক. শব্দমূল খ. নাম প্রকৃতি
গ. রূপ ঘ. ধ্বনিমূল উ. ঘ

ব্যাখ্যা : Phoneme শব্দের অর্থ হলো ধ্বনিমূল আর Morpheme অর্থ রূপমূল।

১৯. 'অরুণরাঙা' কোন সমাস নিষ্পন্ন সমস্ত পদ?
ক. উপমিত কর্মধারয় খ. রূপক কর্মধারয়
গ. অলুক তৎপুরুষ ঘ. উপমান কর্মধারয় উ. ঘ

ব্যাখ্যা : 'অরুণরাঙা' উপমান কর্মধারয় সমাস। উপমান এবং উপমেয়ের মধ্যে যদি পূর্বপদ noun, পরপদ adjective হয় এবং সমস্ত পদের তুলনা সত্য হয় তাহলে সেটি উপমান কর্মধারয় সমাস হয়। এখানে অরুণ (সূর্য noun) তে সবসময়ই রাঙ্গা (লাল adjective) হয়।

২০. 'হ্ম' এর সঠিক বিশ্লেষণ কোনটি?
ক. হ্ + য খ. হ্ + ম
গ. হ্ + ন ঘ. ষ্ + ণ উ. খ

ব্যাখ্যা : 'হ্ম' এর সঠিক বিশ্লেষণ হচ্ছে– হ্ + ম। এরূপ আরো কয়েকটি যুক্তবর্ণের বিশ্লেষিত রূপ হচ্ছে : ক্ষ = ক + ষ, হ্ম = হ্+ ম, হ্ন = হ্ + ন, হ্ণ = হ্ + ণ; ঘ্ণ = ষ + ণ, ক্ষ্ম = ক + ষ + ম।

২১. Apenthesis-এর অর্থ–
ক. স্বরসঙ্গতি খ. স্বরাগম
গ. অভিশ্রুতি ঘ. অপিনিহিতি উ. ঘ

ব্যাখ্যা : Apenthesis এর অর্থ– অপিনিহিতি। ধ্বনি পরিবর্তনের একটি প্রকার হচ্ছে অপিনিহিতি। ধ্বনি পরিবর্তনের এরকম আরো কয়েকটি প্রকারের ইংরেজি প্রতিশব্দ হচ্ছে– স্বরসঙ্গতি- Vowel harmony, আদিস্বরাগম- Prothesis, অভিশ্রুতি- Umlaut সমীভবন- Assimilation, বিষমীভবন- Dissimilation.

২২. 'ভাস্বর'-এর সন্ধি বিচ্ছেদ কী?
ক. ভাস্ + সর খ. ভাস + কর
গ. ভাস্ + বর ঘ. ভা + স্বর উ. গ

ব্যাখ্যা : প্রশ্নে 'সন্ধি বিচ্ছেদ' এর স্থলে 'প্রকৃতি-প্রত্যয়' হবে। কারণ, 'ভাস্বর' এর সন্ধি বিচ্ছেদ হয় না। এটি একটি কৃৎপ্রত্যয় সাধিত শব্দ। যার প্রকৃতি ও প্রত্যয় √ভাস্ + বর। কৃদন্ত বিশেষণ গঠনে সংস্কৃত কৃৎপ্রত্যয় ইষ্ণু, বর, র, উক– পদের কোন পরিবর্তন হয় না। যেমন : চলিষ্ণু = √চল্ + ইষ্ণু, নম্র = নিম্ + র, জাগরুক = √জাগ্ + উক।

২৩. আদেশ অর্থে অনুজ্ঞার উদাহরণ কোনটি?
ক. আমটা খাও খ. সবাই এখানে আসুন
গ. সুখী হও ঘ. নিজের দিকে খেয়াল রাখ উ. ক

ব্যাখ্যা : যে বাক্য দ্বারা আদেশ, উপদেশ, অনুরোধ, প্রার্থনা, আশীর্বাদ ইত্যাদি বোঝায়, তাকে অনুজ্ঞা বাক্য বলে। আদেশ অর্থে অনুজ্ঞার উদাহরণ হচ্ছে– আমটা খাও। এরকম আরো কয়েকটি উদাহরণ হচ্ছে– তুমি এখন যাও, ঘুমাতে যাও, অংকটি করে ফেল। 'সবাই এখানে আসুন' (অনুরোধ), 'সুখী হও' (প্রার্থনা), 'নিজের দিকে খেয়াল রাখ' (উপদেশ)।

২৪. 'চক্ষুদান করা'-বাগধারাটির অর্থ কী?
ক. পক্ষপাতিত্ব করা খ. সৌভাগ্য লাভ
গ. চুরি করা ঘ. নষ্ট করা উ. গ

Scanned with CamScanner CamScanner

ব্যা : 'চুরুলন করা' বাগধারাটির অর্থ হচ্ছে– চুরি করা। হাতটানের অভ্যাস = চুরির অভ্যাস, একচোখা = পক্ষপাতিত্ব করা, কপাল জোর= সৌভাগ্য লাভ, একাদশে বৃহস্পতি = পরম সৌভাগ্যের বিষয়, ছিনিমিনি খেলা = নষ্ট করা।

৫. গুণ ও বৃদ্ধি বলা হয়–
ক. কৃৎ-প্রকৃতির আদিস্বরের পরিবর্তনকে
খ. কৃৎ-প্রকৃতির অন্তস্বরের পরিবর্তনকে
গ. নাম-প্রকৃতির পরিবর্তনকে
ঘ. প্রতিপাদিকের পরিবর্তনকে **উ. ক**

ব্যাখ্যা : কোনো কোনো ক্ষেত্রে কৃৎ প্রত্যয় যোগ করলে কৃৎ প্রকৃতির আদিস্বর পরিবর্তিত হয়, কৃৎ-প্রকৃতির এই আদিস্বরের পরিবর্তনকে গুণ ও বৃদ্ধি বলে।

২৬. **His behaviur surprised me (Passive)**
ক. I surprised at his behavour
খ. I was surpised with behaviour
গ. I had been surprised at his behaviour
ঘ. I was surprised at his behaviour **উ. ঘ**

ব্যাখ্যা : কারো আচার ব্যবহারে বিস্মিত হওয়া বুঝাতে preposition 'at' ব্যবহৃত হয়। এবং প্রশ্নে প্রদত্ত বাক্যটি Past Indefinite Tense এর হওয়ায় সঠিক উত্তর হবে option 'ঘ'।

২৭. **While living in poverty, the poet had to — a gteat deal of sufferings.**
ক. see through খ. put up with
গ. pass by ঘ. fall back **উ. খ**

ব্যাখ্যা : 'put up with' অর্থ সহ্য করা। তাই option 'খ' হবে সঠিক উত্তর।

২৮. **The word 'camouflage' meahs–**
ক. disguise খ. difficult
গ. heavy ঘ. dangerous **উ. ক**

ব্যাখ্যা : camouflage শব্দের অর্থ ছদ্মবেশ বা ছদ্মবেশ দ্বারা ফাঁকি দেওয়া। option 'ক' এর disguise অর্থও ছদ্মবেশ। তাই option 'ক' হবে সঠিক উত্তর।

২৯. **It burns the prettiest of any wood. (Positive)**
ক. No other is as pretty as it burns
খ. No other wood burns is as pretty as it
গ. No other wood burns as pretty as it
ঘ. No other wood burn as pretty as it **উ. গ**

ব্যাখ্যা : superlative degree কে positive degree তে রূপান্তরের ক্ষেত্রে : No other + obj. + verb + as + Adjective + as + subj. । এই নিয়ম অনুসারে option 'গ' সঠিক উত্তর।

৩০. **Anybody can apply for the post. Here 'anybody' is–**
ক. Possessive pronoun খ. Indefinite pronoun
গ. Distributive pronoun ঘ. Relative pronoun **উ. খ**

ব্যাখ্যা : যে pronoun কোন নির্দিষ্ট ব্যক্তি বা বস্তুকে না বুঝিয়ে অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করে তাকে Indefinite pronoun বলে। যেমন, Anybody, any, anyone, another, someone, somebody ইত্যাদি।

৩১. **'Once in a blue moon' means–**
ক. full moon night খ. very rarely
গ. very often ঘ. moonlit night **উ. খ**

ব্যাখ্যা : এটি একটি Idiom, যার অর্থ কদাচিৎ বা বিরল বা দুর্লভ। তাই option 'খ' হবে সঠিক উত্তর।

৩২. **I opened the door as soon as I– the bell.**
ক. have heard খ. was hearing
গ. heard ঘ. am heard **উ. গ**

ব্যাখ্যা : As soon as দ্বারা দুটি বাক্য যুক্ত হলে, As soon as এর প্রথম অংশ Past Indefinite হলে পরের অংশও Past Indefinite হয়। তাই option 'গ' হবে উত্তর।

৩৩. **He talks as if–**
ক. he was mad খ. he is mad
গ. he were mad ঘ. he will be mad **উ. গ**

ব্যাখ্যা : As if/As though যুক্ত বাক্যে প্রথম অংশ Present Indefinite হলে পরের অংশ Past Indefinite হয়। এবং As if/As though যুক্ত বাক্যে Be verb সবসময় were হয়। উল্লেখ্য যে, As if/As though যুক্ত বাক্যে প্রথম অংশ Past Indefinite হলে পরের অংশ Past Perfect হয়।

৩৪. **He parted– his friends in tears.**
ক. with খ. from
গ. against ঘ. beside **উ. খ**

ব্যাখ্যা : কারো থেকে বিদায় নেওয়া বুঝাতে part from ব্যবহৃত হয়। তাই option 'খ' হবে উত্তর।

৩৫. **Choose the correct sentence–**
ক. It rained last night খ. It rains last night
গ. It will rain last night ঘ. It rain last night **উ. ক**

ব্যাখ্যা : Last night থাকাতে Past Indefinite Tense বোঝাচ্ছে। তাই verb -ও past form হবে। এ রকম আরও last day, last week, last month, last year ইত্যাদি থাকলেও Past Tense হয়। তাই option 'ক' হবে উত্তর।

৩৬. **'Get rid of' means–**
ক. listen খ. express
গ. pretend ঘ. to be free from **উ. ঘ**

ব্যাখ্যা : 'Get rid of' phrase এর অর্থ হল- 'কোনো কিছু থেকে মুক্তি লাভ করা'। option 'ঘ' এর to be free from অর্থ -ও একই। তাই সঠিক উত্তর অপশন 'ঘ'।

৩৭. **The teacher made the children– the book.**
ক. reading খ. to read
গ. read ঘ. reads **উ. গ**

ব্যাখ্যা : 'Make' verb -টি এখানে causative (প্রযোজক) sens এ ব্যবহৃত হয়েছে। make ও let verb যুক্ত বাক্যে দ্বিতী verb এর আগে কখনো 'to' ব্যবহৃত হয় না। শুধু verb base form ব্যবহৃত হয়। তাই option 'গ' হবে উত্তর।

Scanned with CamScanner CamScanner

৩৮. **The word 'homogeneous' means–**
ক. dissimilar খ. of the same place
গ. of the same density ঘ. of the same kind উ. ঘ
ব্যাখ্যা : homogenous শব্দের অর্থ সমজাতীয়; যা option 'ঘ' এর অর্থের সাথে মিলে।

৩৯. **আমরা বিষয়টি আলোচনা করব।**
ক. We shall discuss about the matter
খ. We shall discuss to the matter
গ. We should discuss on the matter
ঘ. We shall discuss the matter উ. ঘ
ব্যাখ্যা : কিছু verb আছে যেগুলো তাদের পরে preposition বসে না। যেমন, reach, discuss. তাই সঠিক উত্তর (ঘ)।

৪০. **এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি।**
ক. You will find such a country nowhere
খ. Nowhere you will find such a country
গ. Nowhere will you find such a country
ঘ. You will find a country like this nowhere উ. গ
ব্যাখ্যা : Inversion যুক্ত বাক্যে প্রথমে Negative Adverb + Auxiliary verb + Subj. + principal verb + Extension. উপরোক্ত নিয়মে option 'গ' সঠিক।

৪১. **Who is calling me? (Passive)**
ক. By whom am I called?
খ. By whom I am called?
গ. By whom I was called?
ঘ. By whom am I being called? উ. ঘ
ব্যাখ্যা : Who যুক্ত Interrogative sentence কে passive করতে who এর পরিবর্তে By whom + auxiliary verb + subj. + v.p.p + obj. তাই option 'ঘ' হবে উত্তর।

৪২. **The roads of Rajshahi are wider–**
ক. than those of Dhaka খ. than Dhaka
গ. than that of Dhaka ঘ. than Dhaka's roads উ. ক
ব্যাখ্যা : এক জাতীয় জিনিসের তুলনা হলে Comparative sentence এ পূর্ববর্তী subject অনুযায়ী পরবর্তী subject নির্ধারিত হয়। অর্থাৎ, Singular number এ 'than that of' এবং plural number এ 'than those of' ব্যবহৃত হয়। প্রশ্নে subj. 'the roads' plural থাকায় option 'ক' (than those of) উত্তর হবে।

৪৩. **A speech full of too many word is–**
ক. A big speech খ. Maiden speech
গ. An unimportant speech
ঘ. A verbose speech উ. ঘ
ব্যাখ্যা : Expressing an idea using more words than needed is a verbose speech. A Verbose speech অর্থ শব্দবহুল। তাই option 'ঘ' হবে উত্তর।

৪৪. **Credit Tk. 5,000– my account.**
ক. with খ. to
গ. in ঘ. for উ. খ
ব্যাখ্যা : Credit to অর্থ জমা করা। তাই সঠিক উত্তর অপশন 'খ'

৪৫. **All love flower. (Interrogative)**
ক. Who does not love flower?
খ. Who do not love flower?
গ. Who did not love flower?
ঘ. Do all love flower? উ. ক
ব্যাখ্যা : Everybody/Everyone/All যুক্ত Assertive বাক্যকে Interrogative করতে হলে Interrogative বাক্যে Who + does not /did not (tense, person ও number অনুযায়ী) + principal verb + বাকি অংশ + প্রশ্নবোধক চিহ্ন বসাতে হয়। তাই option 'ক' হবে উত্তর।

৪৬. **The adjective form of the word 'Study' is–**
ক. study খ. studily
গ. stupidity ঘ. studious উ. ঘ
ব্যাখ্যা : 'Study' শব্দটি Noun ও Verb দুটিই হতে পারে। তবে, 'Study' এর Adjective হচ্ছে studious। শব্দের শেষে 'ous' যুক্ত হলে সে শব্দটি Adjective -এ পরিণত হয়। 'Studious' অর্থ পড়ুয়া।

৪৭. **He said, 'I went to Tangail.' (Indirect)**
ক. He said that had he gone to Tangail
খ. He said that I had gone to Tangail
গ. He said that he had gone to Tangail
ঘ. He said that he went to Tangail উ. গ
ব্যাখ্যা : Narration এর ক্ষেত্রে Reporting verb Present Indefinite হলে Reported speech 'Past Indefinite' হবে। কিন্তু, Reporting verb Past Indefinite হলে Reported speech 'Past Perfect' হবে। এ নিয়মে option 'গ' হবে উত্তর।

৪৮. **The verb of the word 'economy' is–**
ক. economic খ. economical
গ. economically ঘ. economize উ. ঘ
ব্যাখ্যা : Economy শব্দের verb হল Economize যার অর্থ ব্যয় সংকোচন করা। কিছু শব্দের শেষে 'ize' যোগ করে verb করা যায়। যেমন, Formal-formalize, Natural-naturalize, National-nationalize.

৪৯. **A person whose head is in the clouds is–**
ক. proud খ. a day dreamer
গ. an aviator ঘ. Useless উ. খ
ব্যাখ্যা : A person who dreams air in the casthe is a day dreamer (দিবা স্বপ্ন দেখা লোক)। option 'খ' হবে উত্তর। 'A aviator' বিমান চালক বা বৈমানিক।

Scanned with CamScanner

৫০. শব্দটি কেটে দাও–
ক. Pen through the word খ. Cut the word
গ. Cut through the word ঘ. Cut out the word **উ. ক**

ব্যাখ্যা : 'Pen through something' অর্থ কোনো কিছু কেটে দেওয়া। অতএব, 'Pen through the word' এর সঠিক বাংলা অনুবাদ হল 'শব্দটি কেটে দাও'। option 'ক' উত্তর হবে।

৫১. ৩৯ সংখ্যাটি নিচের কোন সংখ্যাটির ৬৫%?
ক. ৬০ খ. ৬৫
গ. ৭৮ ঘ. ৯৫ **উ. ক**

ব্যাখ্যা : ধরি, সংখ্যাটি = ক

$\therefore$ ক $\times$ ৬৫% = ৩৯

$\Rightarrow$ ক $\times \frac{৬৫}{১০০} = ৩৯$

$\Rightarrow$ ক $\times$ ৬৫ = ৩৯ $\times$ ১০০

$\Rightarrow$ ক $= \frac{৩৯ \times ১০০}{৬৫}$

$\therefore$ ক = ৬০

৫২. ৬% বার্ষিক মুনাফায় কত টাকার বার্ষিক মুনাফা ১২০ টাকা?
ক. ১২০০ টাকা খ. ১০০০ টাকা
গ. ১৫০০ টাকা ঘ. ২০০০ টাকা **উ. ঘ**

ব্যাখ্যা : ৬% বার্ষিক মুনাফায়,
৬ টাকা মুনাফা হলে আসল = ১০০ টাকা

১ টাকা মুনাফা হলে আসল $= \frac{১০০}{৬}$ টাকা

১২০ টাকা মুনাফা হলে আসল $= \frac{১০০ \times ১২০}{৬}$ টাকা

= ২,০০০ টাকা (উত্তর)

৫৩. একটি ক্রমিক সমানুপাতের ১ম ও ৩য় রাশি যথাক্রমে ৩ ও ১২ হলে মধ্যসমানুপাতিক নির্ণয় কর।
ক. ৯ খ. ১৫
গ. ১০ ঘ. ৬ **উ. ঘ**

ব্যাখ্যা : দেওয়া আছে, ক্রমিক সমানুপাতের ১ম রাশি = ৩
ক্রমিক সমানুপাতের ২য় রাশি = ১২
আমরা জানি, ক্রমিক সমানুপাতের দ্বিতীয় রাশিটিকে প্রথম ও তৃতীয় রাশির মধ্য সমানুপাতি বলে।
(দ্বিতীয় রাশি)^২ = প্রথম রাশি $\times$ তৃতীয় রাশি
(দ্বিতীয় রাশি)^২ = ৩ $\times$ ১২
দ্বিতীয় রাশি $= \sqrt{৩৬}$
= ৬
$\therefore$ মধ্যসমানুপাতিক = ৬ (উত্তর)

৫৪. জামিল সাহেব ১০% মুনাফায় ব্যাংকে ৩,০০০ টাকা জমা রাখেন। প্রথম বছরান্তে তার চক্রবৃদ্ধি মূলধন–
ক. ৩১০০ টাকা খ. ৩২০০ টাকা
গ. ৩২৫০ টাকা ঘ. ৩৩০০ টাকা **উ. ঘ**

ব্যাখ্যা : চক্রবৃদ্ধির সূত্রানুসারে,
চক্রবৃদ্ধির সুদে সবৃদ্ধিমূল
$= p(1 + r)^n$
$= ৩০০০\left(১ + \frac{১০}{১০০}\right)^১$
$= ৩০০০\left(১ + \frac{১}{১০}\right)^১$
$= ৩০০০ \times \left(\frac{১১}{১০}\right)^১$
$= ৩০০০ \times \frac{১১}{১০} = ৩৩০০$ (উত্তর)

এখানে,
মুনাফা, r = ১০%
বছর, n = ১ বছর
মূলধন, p = ৩০০০ টাকা

৫৫. একজন কমলা বিক্রেতা প্রতিশত কমলা ১২০০ টাকায় কিনে ১৮০০ টাকায় বিক্রি করলেন। তার শতকরা কত লাভ হলো?
ক. ৫০% খ. ৫৫%
গ. ৬০% ঘ. ৪০% **উ. ক**

ব্যাখ্যা : বিক্রেতার ১০০টি কমলার ক্রয়মূল্য = ১২০০ টাকা
বিক্রেতার ১০০টি কমলার বিক্রয়মূল্য = ১৮০০ টাকা
$\therefore$ বিক্রেতার লাভ = (বিক্রয়মূল্য – ক্রয়মূল্য) টাকা
= (১৮০০ – ১২০০) টাকা = ৬০০ টাকা
$\therefore$ ১২০০ টাকায় লাভ হয় = ৬০০ টাকা
$\therefore$ ১ " " " $= \frac{৬০০}{১২০০}$ "
$\therefore$ ১০০ " " " $= \frac{৬০০ \times ১০০}{১২০০}$
= ৫০ টাকা (উত্তর)

৫৬. দুইটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার বর্গের অন্তর ১৭ হলে সংখ্যাদ্বয়ের যোগফল–
ক. ৮ খ. ৯
গ. ১৭ ঘ. ১৮ **উ. গ**

ব্যাখ্যা : মনে করি, দুইটি ক্রমিক স্বাভাবিক সংখ্যা যথাক্রমে x ও (x + ১)
শর্তমতে, $(x + 1)^২ - x^২ = ১৭$ [$\because x + ১ > x$]
$\Rightarrow x^২ + ২x + ১ - x^২ = ১৭$
$\Rightarrow ২x + ১ = ১৭$
$\Rightarrow ২x = ১৭ - ১$
$\Rightarrow x = \frac{১৬}{২}$
$\therefore x = ৮$
$\therefore$ ক্রমিক সংখ্যাদ্বয়ের যোগফল = x + x + ১
= ২x + ১
= ২ $\times$ ৮ + ১
= ১৭ (উত্তর)

৫৭. একটি প্লাটফর্মের দৈর্ঘ্য ২০০ মিটার। ২৫০ মিটার লম্বা একটি ট্রেনকে অতিক্রম করতে যে দূরত্ব অতিক্রম করতে হবে তা হলো–

ক. ২০০ মিটার খ. ২৫০ মিটার
গ. ৩৫০ মিটার ঘ. ৪৫০ মিটার উ. ঘ

ব্যাখ্যা : দেওয়া আছে, প্লাটফর্মের দৈর্ঘ্য = ২০০ মিটার
ট্রেনের দৈর্ঘ্য ২৫০ মিটার
ট্রেনটি যখন প্লাটফর্মকে অতিক্রম করবে, তখন ট্রেনটি নিজের দৈর্ঘ্য ও প্লাটফর্মের দৈর্ঘ্যকে অতিক্রম করবে।

∴ ট্রেনটি দূরত্ব অতিক্রম করবে = (২৫০+২০০) মিটার
= ৪৫০ মিটার (উত্তর)

৫৮. একটি বর্গের কর্ণের দৈর্ঘ্য $6\sqrt{2}$ একক হলে উহার পরিসীমার অর্ধেক–

ক. 6 একক খ. 12 একক
গ. 20 একক ঘ. 24 একক উ. খ

ব্যাখ্যা : আমরা জানি, বর্গের এক বাহুর দৈর্ঘ্য = a একক হলে
বর্গের কর্ণের দৈর্ঘ্য = $a\sqrt{2}$
বর্গের পরিসীমা = 4a

শর্তমতে, $a\sqrt{2} = 6\sqrt{2}$

$\Rightarrow a = \frac{6\sqrt{2}}{\sqrt{2}}$

$\therefore a = 6$

∴ বর্গের পরিসীমা হলো = 4a
$= 4 \times 6 = 24$ একক

∴ পরিসীমার অর্ধেক = $\frac{24}{2} = 12$ একক (উত্তর)।

৫৯. $x^2 - y^2, x^2 + xy + y^2, x^3 - y^3$ রাশিত্রয়ের ল. সা. গু–

ক. $(x^2 - y^2)(x^2 + xy + y^2)$
খ. $x^3 - y^3$
গ. $x - y$ ঘ. $x + y$ উ. ক

ব্যাখ্যা : 'বুদ্ধির মুক্তি আন্দোলন' এর মুখপত্র 'শিখা' পত্রিকার প্রতি সংখ্যায় উপর্যুক্ত স্লোগানটি লেখা থাকতে। ১৯২৬ সালে ঢাকায় প্রতিষ্ঠিত 'ঢাকা মুসলিম সাহিত্য সমাজ' এর মাধ্যমে 'বুদ্ধির মুক্তি আন্দোলন' এর সূচনা হয়।

৯১. SDG এর পূর্ণরূপ হলো–
ক. Successful Development Goals
খ. Successive Developmental Goals
গ. Sustainable Development Goals
ঘ. Sustantisl Development Goals উ. গ

ব্যাখ্যা : SDGs = Sustainable Development Goals বা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা। ২০১৫ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘ কর্তৃক SDGs গৃহীত হয়। এতে ১৭টি অভীষ্ট লক্ষ্যমাত্রা (Goals) এবং ১৬৯টি সুনির্দিষ্ট উদ্দেশ্য (Targets) রয়েছে। SDGs এর সময়কাল ১ জানুয়ারি ২০১৬-৩১ ডিসেম্বর ২০৩০ সাল পর্যন্ত মোট ১৫ বছর।

৯২. আলুর একটি জাতের নাম–
ক. রূপালী খ. ডায়মন্ড
গ. ড্রামহেড ঘ. ব্রিসাইল উ. খ

ব্যাখ্যা : ডায়মন্ড = আলুর উন্নত জাত, ড্রামহেড = উন্নত জাতের বাঁধাকপি, রূপালি ও ডেলফোজ = উন্নত জাতের তুলা, ব্রিশাইল = উন্নত জাতের ধান।

৯৩. পরিবেশ ও জীবদেহের সম্পর্ক বিষয়ক বিদ্যাকে কী বলে?
ক. বায়োলজি খ. সোসিওলজি
গ. এনভায়রনমেন্ট ঘ. ইকোলজি উ. ঘ

ব্যাখ্যা : Ecology = পরিবেশ ও জীবদেহের সম্পর্ক বিষয়ক বিদ্যা, Environment = পরিবেশ, Sociology = সমাজবিজ্ঞান, Biology = জীববিজ্ঞান।

৯৪. বেক্সিট কার্যকর হয় কত তারিখে?
ক. ১ ডিসেম্বর ২০১৯ খ. ১ জানুয়ারি ২০২০
গ. ১ ফেব্রুয়ারি ২০২০ ঘ. ১ মার্চ ২০২০ উ: *

ব্যাখ্যা : *অপশনে সঠিক উত্তর নেই। Brexit = British Exit। ইউরোপীয় ইউনিয়ন (Eu) থেকে ব্রিটেনের বের হয়ে যাওয়াকে ব্রেক্সিট বলে। ব্রেক্সিট আনুষ্ঠানিকভাবে কার্যকর হয় ৩১ জানুয়ারি, ২০২০।

৯৫. পৃথিবীর দীর্ঘতম পর্বতমালা কোনটি?
ক. হিমালয় পর্বতমালা খ. আল্পস পর্বতমালা
গ. আন্দিজ পর্বতমালা ঘ. আলাস্কা পর্বতমালা উ. গ

ব্যাখ্যা : দক্ষিণ আমেরিকায় অবস্থিত পৃথিবীর দীর্ঘতম পর্বতমালা 'আন্দিজ পর্বতমালা'। কিন্তু, পৃথিবীর সর্বোচ্চ পর্বতমালা হিমালয়, সর্বোচ্চ পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্ট। বাংলাদেশে বৃহত্তম পাহাড় গারো পাহাড়, সর্বোচ্চ পর্বত তাজিন্ডেং বা বিজয়।

৯৬. ২০২১ সালে অস্কার পুরস্কারপ্রাপ্ত শ্রেষ্ঠ চলচ্চিত্র হলো–
ক. প্যারাসাইট খ. নোমাডল্যান্ড
গ. মিনারি ঘ. ম্যারেজ স্টোরি উ: খ

ব্যাখ্যা : 'অস্কার' পুরস্কারকে বলা হয় চলচ্চিত্র জগতের 'নোবেল পুরস্কার'। অন্যনাম- একাডেমি অ্যাওয়ার্ড। ২০২৩ সালে ৯৫তম অস্কার পুরস্কারপ্রাপ্ত শ্রেষ্ঠ চলচ্চিত্র- 'অভরিথিং এভরিহোয়ার অল অ্যাট ওয়ান্স'।

৯৭. কোন দেশ আফ্রিকা মহাদেশের অন্তর্ভুক্ত নয়?
ক. মরক্কো খ. লিবিয়া
গ. তিউনিসিয়া ঘ. ইয়েমেন উ. ঘ

ব্যাখ্যা : অপশনে ইয়েমেন বাদে বাকি ৩টি দেশই আফ্রিকা মহাদেশে অবস্থিত। ইয়েমেন এশিয়া মহাদেশে অবস্থিত। ইয়েমেনের রাজধানী সানা।

৯৮. একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে বাংলাদেশের পক্ষে সর্বোচ্চ রানের ইনিংসটি কার?
ক. সাকিব আল হাসান খ. তামিম ইকবাল
গ. মোহাম্মদ আশরাফুল ঘ. লিটন দাস উ. ঘ

ব্যাখ্যা : ২০২০ সালে লিটন দাস জিম্বাবুয়ের বিরুদ্ধে ১৪৩ বলে ১৭৬ রান করেন যা একদিনের ক্রিকেটে বাংলাদেশের সর্বোচ্চ। বাংলাদেশ একদিনে ক্রিকেট (ODI) স্ট্যাটাস লাভ করে ১৫ জুন ১৯৯৭ এবং টেস্ট স্ট্যাটাস লাভ করে ২৬ জুন, ২০০০।

৯৯. আন্তর্জাতিক নারী দিবস পালিত হয় কোন তারিখে?
ক. ৮ মার্চ খ. ১০ এপ্রিল
গ. ৫ জুন ঘ. ১০ ডিসেম্বর উ. ক

ব্যাখ্যা : ৮ মার্চ = বিশ্ব নারী দিবস ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস, ১০ ডিসেম্বর = বিশ্ব মানবাধিকার দিবস। ১০ এপ্রিল বাংলাদেশের 'স্বাধীনতার ঘোষণাপত্র দিবস'।

১০০. জাতিসংঘ বিশ্ববিদ্যালয় কোথায়?
ক. যুক্তরাজ্যে খ. চীনে
গ. যুক্তরাষ্ট্রে ঘ. জাপানে উ. ঘ

ব্যাখ্যা : জাতিসংঘ বিশ্ববিদ্যালয় জাপানের রাজধানী টোকিওতে অবস্থিত (১৯৭৩ সালে প্রতিষ্ঠা)। সার্ক বিশ্ববিদ্যালয় ভারতের রাজধানী দিল্লীতে অবস্থিত।

Scanned with CamScanner CamScanner

১৬তম স্কুল-২/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৯

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ২০০; পরীক্ষার তারিখ : ৩০.০৮.২০১৯

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কর্তন হবে।]

১. বাংলা সাধু ভাষার জনক কে?
ক. হরলাল রায় খ. ড. সুনীতি কুমার চট্টোপাধ্যায়
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর উ. গ
ব্যাখ্যা : উনিশ শতকে বাংলা গদ্যের প্রসারকালে বিরামচিহ্ন প্রয়োগ করে সাধু ভাষার চূড়ান্ত উৎকর্ষ সাধন করেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। তিনি বাংলা সাধু ভাষার জনক। তবে বাংলা চলিত ভাষার জনক হলেন- প্রমথ চৌধুরী।

২. কোন ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট?
ক. কথ্য ভাষা খ. লেখ্য ভাষা
গ. সাধু ভাষা ঘ. চলিত ভাষা উ. গ
ব্যাখ্যা : সাধু ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট। সাধু ভাষা রীতি গুরুগাম্ভীর্য ও তৎসম শব্দবহুল। কিন্তু, চলিত রীতি পরিবর্তনশীল, সহজ ও প্রাঞ্জল।

৩. 'মেঘ' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. অম্বুদ খ. ভূ-ধর
গ. শূন্য ঘ. নীর উ. *
ব্যাখ্যা : অপশনে মেঘ শব্দের কোন সমার্থক শব্দ নেই। অপশন 'ক'-তে 'অম্বুদ' এর স্থলে 'অম্বুদ' হলে তখন এটি মেঘের সমার্থক হতো। মেঘ শব্দের সমার্থক শব্দ হলো– অম্বুদ, জলদ, পয়োদ, বারিদ, নীরদ, তোয়, বলাহক ইত্যাদি। অন্যদিকে, নীর এর সমার্থক- পানি; শূন্য এর সমার্থক- আকাশ; ভূ-ধর এর সমার্থক- পাহাড়।

৪. বিরাম চিহ্নের প্রবর্তক কে?
ক. প্রমথ চৌধুরী খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. আব্দুল হাকিম উ. খ
ব্যাখ্যা : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ১৮৪৭ সালে 'বেতাল পঞ্চবিংশতি' গ্রন্থে বিরাম চিহ্নের প্রথম সফল প্রয়োগ করেন। তাই বিরামচিহ্নে প্রবর্তক হলেন- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

৫. সমাসবদ্ধ পদের অংশগুলোর বিচ্ছিন্ন করে দেখাবার জন্য কোন চিহ্ন ব্যবহৃত হয়?
ক. কোলন খ. সেমিকোলন
গ. কমা ঘ. হাইফেন উ. ঘ
ব্যাখ্যা : 'বিরাম চিহ্ন' ব্যবহারের নিয়মানুযায়ী সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখাবার জন্য 'হাইফেন' চিহ্নের ব্যবহার করা হয়। যেমন- ছেলে ও মেয়ে = ছেলেমেয়ে। এখানে 'ছেলেমেয়ে' একটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ। উক্ত সমাসবদ্ধ পদকে আলাদা করে দেখালে হবে ছেলে-মেয়ে।

৬. 'খয়ের খাঁ' বাগধারাটির অর্থ কী?
ক. মন্দভাগ্য খ. তুচ্ছ পদার্থ
গ. চাটুকার ঘ. নির্বোধ উ. গ
ব্যাখ্যা : 'খয়ের খাঁ' বাগধারাটির অর্থ চাটুকার, তোষামদকারী। এর সমার্থক বাগধারা হলো– ঢাকের কাঠি, ধামাধরা, আমড়া গাছি করা, মোসাহেব ইত্যাদি।

৭. 'গঙ্গা' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. গোমতী খ. কৃষ্ণবেণী
গ. কাবেরী ঘ. সবগুলো উ. ক
ব্যাখ্যা : গঙ্গা এর সমার্থক শব্দ– গোমতী, ভাগীরথী, জাহ্নবী, জাহ্নকন্যা, সুরধুনী, শিবপত্নী ইত্যাদি।

৮. 'চন্দ্র' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. সোম খ. ভূষণ
গ. নকশা ঘ. নভঃ উ. ক
ব্যাখ্যা : চন্দ্র শব্দের সমার্থক শব্দ– সোম, সুধাকর, সুধানিধি, সুধাংশু, বিধু, ইন্দু ইত্যাদি। অন্যদিকে, ভূষণ অর্থ- অলংকার, সাজসজ্জা, প্রসাধন। নকশা অর্থ- রেখাচিত্র, চিত্রের কাঠামো। নভঃ অর্থ আকাশ।

৯. 'নৈসর্গিক' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. নকল খ. ঐহিক
গ. কৃত্রিম ঘ. তামসিক উ. গ
ব্যাখ্যা : নৈসর্গিক অর্থ– প্রাকৃতিক। নৈসর্গিক এর বিপরীত- কৃত্রিম। নকল এর বিপরীত- আসল। তামসিক এর বিপরীত- রাজসিক। ঐহিক এর বিপরীত- পারত্রিক।

১০. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. পিপীলিকা খ. পিপিলিকা
গ. পীপিলীকা ঘ. পিপীলীকা উ. ক
ব্যাখ্যা : 'পিপীলিকা' বানানটি শুদ্ধ। এরকম আরো কয়েকটি বানান- বিভীষিকা, নিপীড়িত, মরীচিকা।

১১. কোন বানানটি শুদ্ধ?
ক. শমীচিন খ. সমীচীন
গ. সমিচীন ঘ. শমীচীন উ. খ
ব্যাখ্যা : বাংলা বানানের নিয়মানুসারে সমীচীন বানানটি শুদ্ধ। সমীচীন অর্থ- উচিত; যথাযথ। এরূপ আরও কয়েকটি বানান– মনীষী, উদীচী, প্রতীচী ইত্যাদি।

১২. কোন বাক্যটি শুদ্ধ?
ক. দারিদ্রতাই প্রধান সমস্যা
খ. দারিদ্রতাই আমাদের মূল সমস্যা
গ. দারিদ্র্য আমাদের প্রধান সমস্যা
ঘ. দারিদ্রতাই আমাদের প্রধান সমস্যা উ. গ
ব্যাখ্যা : শুদ্ধ বানান দারিদ্র্য/দরিদ্রতা। তাই শুদ্ধ বাক্য– (গ) দারিদ্র্য আমাদের প্রধান সমস্যা।

Scanned with CamScanner CamScanner

১৩. 'তপোবন' কোন সমাস?
ক. দ্বন্দ্ব সমাস খ. চতুর্থী তৎপুরুষ সমাস
গ. প্রাদি সমাস ঘ. বহুব্রীহি সমাস **উ. খ**
ব্যাখ্যা : তপোবন এর ব্যাসবাক্য– তপের নিমিত্ত বন। জন্য বা নিমিত্ত অর্থে চতুর্থী তৎপুরুষ সমাস হয়।

১৪. সন্ধির প্রধান কাজ কী?
ক. ধ্বনি পরিবর্তন খ. অর্থের পরিবর্তন
গ. পদের পরিবর্তন ঘ. বাক্য সংকোচন **উ. ক**
ব্যাখ্যা : সন্ধি প্রধান কাজ হলো– ধ্বনির পরিবর্তন। সন্ধির মাধ্যমে স্বাভাবিক উচ্চারণে সহজ প্রবণতা ও ধ্বনিগত মাধুর্যের সৃষ্টি হয়।

১৫. সমাস গঠন প্রক্রিয়ায় সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটির নাম কী?
ক. সমস্যমান পদ খ. সমস্তপদ
গ. ব্যাসবাক্য ঘ. উত্তরপদ **উ. খ**
ব্যাখ্যা : সমাস গঠন প্রক্রিয়ায় সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটির নাম 'সমস্তপদ'। আর সমস্তপদকে বিশ্লেষণ করলে যে বাক্যাংশ পাওয়া যায় তার নাম ব্যাসবাক্য বা বিগ্রহবাক্য বা সমাসবাক্য। সমস্তপদের অন্তর্গত প্রত্যেকটি পদকে সমস্যমান পদ বলে। সমস্তপদের শেষ অংশকে বা শব্দকে উত্তরপদ বা পরপদ বলে।

১৬. 'তিলে তৈল হয়' বাক্যে 'তিলে' কোন কারক?
ক. কর্ম কারক খ. করণ কারক
গ. অপাদান কারক ঘ. অধিকরণ কারক **উ. গ**
ব্যাখ্যা : যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, আরম্ভ, উৎপন্ন, দূরীভূত ও রক্ষিত হয় তাকে অপাদান কারক বলে। যেমন : তিলে তৈল হয়। সুতায় কাপড় হয়। আটা থেকে রুটি হয়।

১৭. 'সিংহাসন' কোন সমাস?
ক. দ্বন্দ্ব সমাস খ. মধ্যপদলোপী কর্মধারয়
গ. মধ্যপদলোপী বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব সমাস **উ. খ**
ব্যাখ্যা : সিংহাসন এর ব্যাসবাক্য হলো– সিংহ চিহ্নিত আসন। সমস্তপদে 'চিহ্নিত' মধ্য পদটি লোপ পেয়েছে। যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদের লোপ হয় তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে।

১৮. 'রেলগাড়িটি স্টেশন ছেড়েছে' বাক্যে 'স্টেশন' কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে শূন্য খ. করণে শূন্য
গ. কর্তায় শূন্য ঘ. অধিকরণে শূন্য **উ. ক**
ব্যাখ্যা : কোন স্থান থেকে কোন কিছু ছেড়ে গেছে বোঝালে অপাদান কারক হয়। অতএব, এটি একটি অপাদান কারক।

১৯. 'মেঘের ধ্বনি' এর বাক্য সংকোচন কোনটি?
ক. মৃন্ময় খ. জীমূতমন্দ্র
গ. জীমূতেন্দ্র ঘ. শানকি **উ. খ**
ব্যাখ্যা : মেঘের ধ্বনি– বাক্য সংকোচন করলে হয় 'জীমূতমন্দ্র'। নূপুরের ধ্বনি– নিক্কণ। বীণার ধ্বনি- ঝংকার। গম্ভীর ধ্বনি = মন্দ্র। শুকনো পাতার ধ্বনি– মর্মর। মাটির তৈরি যা- মৃন্ময়। মাটির থালাকে এককথায় 'শানকি' বলা হয়।

২০. 'সপ্তকাণ্ড রামায়ণ' বাগধারাটির অর্থ কী?
ক. বৃহৎ বিষয় খ. গ্রন্থ
গ. ছোটগল্প ঘ. কোনোটি নয় **উ. ক**
ব্যাখ্যা : 'সপ্তকাণ্ড রামায়ণ' বাগধারাটির অর্থ বৃহৎ বিষয় বা মস্ত বড় ব্যাপার।

২১. 'সিঁদুরে মেঘ' বাগধারাটির অর্থ কী?
ক. বড় বিপদ খ. অল্পে ভয়
গ. বিপদের আশঙ্কা ঘ. আকাশ লাল **উ. খ**
ব্যাখ্যা : 'সিঁদুরে মেঘ' বাগধারাটির অর্থ অল্পে ভয়। অথৈ জল বাগধারাটির অর্থ- ভীষণ বিপদ। আকাশ ভেঙে পড়া বাগধারাটির অর্থ- হঠাৎ বিপদ হওয়া।

২২. 'লবণ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. লে + অন খ. লব + অন
গ. লো + অন ঘ. ল + বন **উ. গ**
ব্যাখ্যা : সন্ধিতে 'ও-কার' এর পরে 'অ' আসলে 'অব' হয়। যেমন : লো + অন = লবণ; পো + অন = পবন।

২৩. নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?
ক. কুলটা খ. যোগিনী
গ. রজকী ঘ. চাতকী **উ. ক**
ব্যাখ্যা : যেসব স্ত্রীবাচক শব্দের কোন পুরুষবাচক শব্দ নেই সেগুলো নিত্য স্ত্রীবাচক শব্দ বলে। যেমন : কুলটা, বিধবা, সধবা, সপত্নী ইত্যাদি।

২৪. 'কালসাপ' কোন সমাস?
ক. নিত্য সমাস খ. দ্বন্দ্ব সমাস
গ. বহুব্রীহি সমাস ঘ. কর্মধারয় সমাস **উ. ক**
ব্যাখ্যা : 'কালসাপ' এর ব্যাসবাক্য– কাল (যম) তুল্য সাপ। এটি নিত্য সমাসের উদাহরণ।

২৫. 'Watery grave'-এর অর্থ কী?
ক. পানির নালা খ. সলিল সমাধি
গ. পানিযুক্ত কবর ঘ. কোনোটি নয় **উ. খ**
ব্যাখ্যা : 'Watery grave'- পারিভাষিক শব্দ, এর অর্থ– সলিল সমাধি।

২৬. মানবজাতি এখন সংকটাপন্ন।
ক. Mankind are at a stake now.
খ. Mankind are at stake now.
গ. Mankind is at stake now.
ঘ. Men are at stake now. **উ. গ**
ব্যাখ্যা : Mankind শব্দটি uncountable এবং singular noun. এরপর subject–verb agreement 'গ' তে কেবল singular verb থাকায় সেটিই উত্তর হবে।

২৭. তার কোনো বন্ধু নাই বললেই চলে।
ক. He has no friends. খ. He has a few frientds.
গ. He has few friends.
ঘ. He does not have any friends. **উ. গ**

ব্যাখ্যা : বাক্যে সাধারণত অল্প সংখ্যক কিন্তু হ্যাঁ-বোধক অর্থে a few ব্যবহৃত হয়। এবং 'few' বোঝায় 'নাই বললেই চলে'। তাই option 'গ' হবে উত্তর।

২৮. বিনয় মহত্ত্বের ভূষণ।
ক. Modesty is the embellishment of greatness.
খ. Modesty is greatness.
গ. Modesty is great embellishment
ঘ. Modesty is embellishment to greatness. উ. ক

ব্যাখ্যা : Modesty is the embellishment of greatness এর অর্থ হল বিনয় মহত্ত্বের ভূষণ। option 'ক' হবে উত্তর।

২৯. **What is the antonym of 'agile'?**
ক. active খ. nimble
গ. lively ঘ. lazy উ. ঘ

ব্যাখ্যা : Agile– ক্ষিপ্রগতিসম্পন্ন। অপশনগুলো: active– কর্মঠ, nimble– দ্রুতগামী, lively– হাসিখুশি, lazy– অলস। Antonym চাওয়ায় option 'ঘ' হবে উত্তর।

৩০. **The antonym of 'optimism' is –**
ক. Pessimism খ. Opportunities
গ. Pestilence ঘ. Opulence উ. ক

ব্যাখ্যা : Optimism– আশাবাদ। Pessimism- দুঃখবাদ, opportunities– সুযোগ, pestilence– মহামারি ব্যাধি, opulence –প্রাচুর্য। অতএব, option 'ক' হল উত্তর।

৩১. **What is the synonym of 'alliance'?**
ক. Enmity খ. Alien
গ. Association ঘ. Separation উ. গ

ব্যাখ্যা : Alliance– মৈত্রী। অপশনগুলো: Alien– ভিন্নগ্রহের প্রাণী, Association– সভা/সমিতি, Enmity– শত্রুতা এবং separation পৃথকীকরণ। synonym চাওয়ায় অর্থানুযায়ী option 'গ' হবে উত্তর।

৩২. **The synonym of 'annihilate' is–**
ক. restore খ. preserve
গ. safe ঘ. destroy উ. ঘ

ব্যাখ্যা : Restore পুনরুদ্ধার করা, preserve সংরক্ষণ করা, safe নিরাপদ, destroy ধ্বংস করা এবং annihilate ধ্বংস করা।

৩৩. **Verb form of 'false' is–**
ক. falsify খ. falsely
গ. falsification ঘ. falcify উ. ক

ব্যাখ্যা : কিছু শব্দের শেষে 'fy' যুক্ত করে verb করা হয়। যেমন, classify, mollify, falsify. option 'ক' হবে উত্তর।

৩৪. **Adverb form of 'heart' is–**
ক. heartened খ. heartily
গ. hearty ঘ. heartening উ. খ

ব্যাখ্যা : Heart হল Noun; যার অর্থ হল হৃৎযন্ত্র। এর verb হল Hearten; adjective হল Heartening এবং adverb হল heartily. option 'খ' হবে উত্তর।

৩৫. **Adjective form of 'courage' is–**
ক. encourage খ. courageous
গ. curiosity ঘ. ecurageable উ. খ

ব্যাখ্যা : কিছু শব্দের শেষে 'ous' যুক্ত হয়ে Adjective হয়। যেমন, Fame – Famous, Notoriety – Notorious, courage – courageous.

৩৬. **What is the verb form of 'ability'?**
ক. ableness খ. enable
গ. ably ঘ. able উ. খ

ব্যাখ্যা : Ability একটি Noun যার অর্থ হল সক্ষমতা। 'En' prefix যোগে একে verb করতে হয়। এই রকম. enlighten, engulf, enmesh. option 'খ' হবে উত্তর।

৩৭. **It's time you — your mistakes.**
ক. realised খ. realise
গ. had realised ঘ. have realised উ. ক

ব্যাখ্যা : It is time, It is high time এর পর subject থাকলে verb Past Indefinite form হয়। option 'ক' হবে উত্তর।

৩৮. **Jamal walks as if he –.**
ক. is খ. has been
গ. were ঘ. was উ. গ

ব্যাখ্যা : 'as if/as though' এর আগের অংশ present indefinite tense হলে 'as if/as though' এর পরের অংশ past indefinite tense হয়। সে ক্ষেত্রে be verb আসলে তা সবসময় were হয়।

৩৯. **Uneasy lies the head that – a crown**
ক. wear খ. wears
গ. puts ঘ. keep উ. খ

ব্যাখ্যা : এখানে দুটো clause আছে, প্রথম clause এ verb singular form এ থাকায় দ্বিতীয় clause টিতে ও verb singular হবে। 'Uneasy lies in the head that wears a crown' একটি প্রবাদ যার অর্থ 'যে শিরে মুকুট থাকে সে শিরে স্বস্তি থাকে না'।

৪০. **Read diligently lest you– fail in the examination.**
ক. should খ. will
গ. shall ঘ. must উ. ক

ব্যাখ্যা : Lest যুক্ত বাক্যে lest এর পর একটি subject + should/might + পরের verb এর base form + বাকি অংশ। option 'ক' হবে উত্তর।

Scanned with CamScanner CamScanner

৪১. **He – me while I was reading.**
ক. Interrupts খ. interrupted
গ. is interrupting ঘ. interrupting উ. খ

ব্যাখ্যা : 'While' দ্বারা অতীতকালের দুটি বাক্যকে যুক্ত করলে 'While' যুক্ত অংশ past continuous tense হয় এবং বাকি অংশ past indefinite tense হয়।

৪২. **Corruption is one of the worst evils. (Positive)**
ক. Very few evils is as bad as corruption.
খ. No other evils are as bad as corruption.
গ. No other evil is as bad as corruption.
ঘ. Very few evils are as bad as corruption. উ. ঘ

ব্যাখ্যা : One of the যুক্ত superlative degree কে positive করার সময় প্রথমে very few + superlative degree এর পরের শব্দটি + verb + as + superlative degree এর positive form + as + subject. option 'ঘ' হবে উত্তর।

৪৩. **We should read books to gain knowledge (Make it complex)**
ক. We should read books for gaining knowledge.
খ. We should read books and gain knowledge.
গ. We should read books so that we can gain knowledge.
ঘ. We want to gain knowledge and so we should read books. উ. গ

ব্যাখ্যা : Simple sentence কে Complex sentence-এ পরিণত করতে হলে এক বা একাধিক subject তৈরি করে নিতে হবে এবং দুটো subject ও দুটো finite verb লাগবে। To Infinitive যুক্ত simple কে complex করতে হলে to Infinitive উঠিয়ে দিয়ে সে স্থানে So that + subject (প্রথম subject অনুযায়ী + Modal auxiliary + main verb + বাকী অংশ। option 'গ' হবে উত্তর।

৪৪. **'Please, keep quiet,' (Make it passive)**
ক. You are told for keeping quiet.
খ. You are requested to keep quiet.
গ. Your are requested for keep quiet.
ঘ. You are told to keep quiet. উ. খ

ব্যাখ্যা : Please বা kindly থকালে passive voice করার সময় please বা kindly উঠে গিয়ে তার স্থানে you are requested to + verb এর base form + বাকি অংশ। এ নিয়মানুযায়ী option 'খ' হবে উত্তর।

৪৫. **Trees are considered one of our best friends. (Make it active)**
ক. It is tree which is our best friend.
খ. Trees are our best friends.
গ. We considered trees one of our best friends.
ঘ. We consider trees one of our best friends উ. ঘ

ব্যাখ্যা : Present tense-এর passive বাক্যকে Active করার সময় প্রয়োজন অনুযায়ী we people ইত্যাদি বসে + tense, person ও Number অনুযায়ী verb বসবে + subjectiv এর objective form + বাকী অংশ। option 'গ' তে verb 'considered' এর জায়গায় consider হবে যেতে এটা Present Indefinite Tense এর বাক্য। option 'ঘ' হবে উত্তর।

৪৬. **Cricket is a very exciting game. (Make it Exclamatory)**
ক. Hurrah! cricket is an exciting game.
খ. How exciting game is cricket!
গ. How exciting is cricket when it plays!
ঘ. What an exciting game cricket is! উ. ঘ

ব্যাখ্যা : Assertive বাক্যে a/an থাকলে Exclamatory করার সময় প্রথমে what + an/a + adjective + noun + subject + verb + exclamatory sign. option 'ঘ' হবে উত্তর।

৪৭. **The word 'Banish' means–**
ক. exile খ. emerge
গ. drive away ঘ. expel উ. ক

ব্যাখ্যা : Banish অর্থ নির্বাসন দেওয়া; exile অর্থও নির্বাসন দেওয়া। অন্যদিকে, emerge-আবির্ভাব ঘটা, drive away-তাড়িয়ে দেওয়া, expel বহিষ্কার করা। অর্থগত মিল থাকায় option 'ক' হবে উত্তর।

৪৮. **'A cock and bull story' means–**
ক. an animal story
খ. a story about a cock and a bull
গ. a tragedy ঘ. a false story উ. ঘ

ব্যাখ্যা : 'A cock and bull story' একটি Idiom যার অর্থ আষাঢ়ে গল্প বা মিথ্যা গল্প।

৪৯. **'Big bug' means–**
ক. terrorist খ. a large bug
গ. important person ঘ. a large insect উ. গ

ব্যাখ্যা : Big bug একটি Idiom; যার অর্থ ক্ষমতাশীল ও গুরুত্বপূর্ণ ব্যক্তি। Terrorist- সন্ত্রাসী, a large bug- বড় ছারপোকা, Important person- গুরুত্বপূর্ণ ব্যক্তি এবং A large insect- একটি বড় পতঙ্গ। অর্থগত মিল থাকায় option 'গ' হবে উত্তর।

৫০. **'At a stretch' means–**
ক. without break খ. stretch mark
গ. long way ঘ. decay উ. ক

ব্যাখ্যা : At a stretch– একটানা এবং without break– বিরতিহীন। অন্যদিকে, stretch mark– স্থূলতার জন্য দেহে যে রেখা তৈরি হয়, long way– দীর্ঘ পথ, এবং decay ক্ষয় হওয়া। অতএব, option 'ক' হবে উত্তর।

Scanned with CamScanner CamScanner

৫১. $\frac{x}{y}$ এর সাথে কত যোগ করলে যোগফল $\frac{y}{x}$ হবে?

ক. $\frac{x^2-y^2}{xy}$ খ. $\frac{2x^2-y^2}{xy}$

গ. $\frac{y^2-x^2}{xy}$ ঘ. $\frac{x^2-2y^2}{xy}$ উ. গ

ব্যাখ্যা : $\frac{y}{x}-\frac{x}{y}$

$=\frac{y^2-x^2}{xy}$

৫২. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গুণফল ৩৫ এবং দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গুণফল ৬৩। দ্বিতীয় সংখ্যাটি কত?

ক. ৫ খ. ৬

গ. ৭ ঘ. ৮ উ. গ

ব্যাখ্যা : দেওয়া আছে, প্রথম ও দ্বিতীয় সংখ্যার গুণফল ৩৫ এবং দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গুণফল ৬৩।

সুতরাং, ৫ × ৭ = ৩৫,

এবং, ৭ × ৯ = ৬৩

৫৩. $x^2-11x+30$ এবং $x^3-4x^2-2x-15$ এর গ. সা. গু. কত?

ক. $x-5$ খ. $x-6$

গ. x^2+x+3 ঘ. x^2-x-3 উ. ক

ব্যাখ্যা : দেওয়া আছে, ১ম রাশি = $x^2-11x+30$

$=x^2-6x-5x+30$

$=x(x-6)-5(x-6)$

$=(x-6)(x-5)$

২য় রাশি = $x^3-4x^2-2x-15$

$=x^3-5x^2+x^2-5x+3x-15$

$=x^2(x-5)+x(x-5)+3(x-5)$

$=(x-5)(x^2+x+3)$

∴ গ. সা. গু. $=(x-5)$

৫৪. একটি সমবাহু ত্রিভুজের পরিসীমা 9 সে. মি. হলে এর উচ্চতা কত সে.মি.?

ক. $\frac{3\sqrt{3}}{2}$ খ. $2\sqrt{3}$

গ. $4\sqrt{3}$ ঘ. $\frac{3\sqrt{3}}{4}$ উ. ক

ব্যাখ্যা :



সমবাহু ত্রিভুজের বাহু = a হলে, সমবাহু ত্রিভুজের পরিসীমা 3a

∴ সমবাহু ত্রিভুজের পরিসীমা 3a = 9

$\Rightarrow a=3$

∴ উচ্চতা AD $=\sqrt{AB^2-BD^2}$

$=\sqrt{3^3-\frac{3^3}{2^2}}$ [মান বসিয়ে]

$=\sqrt{9-\frac{9}{4}}$

$=\sqrt{\frac{36-9}{4}}$

$=\sqrt{\frac{27}{4}}$

$=\sqrt{\frac{3^2\times 3}{2^2}}$

$=\frac{3\sqrt{3}}{2}$

৫৫. a : b = 2 : 3 এবং b : c = 6 : 7 হলে a : c = কত?

ক. 2 : 6 খ. 3 : 7

গ. 2 : 7 ঘ. 4 : 7 উ. ঘ

ব্যাখ্যা : a : b = 2 : 3 = 12 : 18

b : c = 6 : 7 = 18 : 21

∴ a : b : c = 12 : 18 : 21

$\Rightarrow$ a : c = 12 : 21 = 4 : 7

৫৬. $\log_{\sqrt{2}} 16$ = কত?

ক. 9 খ. 8

গ. 6 ঘ. 4 উ. খ

ব্যাখ্যা : $\log_{\sqrt{2}} 16$

$=\log_{\sqrt{2}}(\sqrt{2})^8$

$=8.1$

$=8$

৫৭. টাকায় ৬টি লেবু ক্রয় করে টাকায় ৫টি লেবু বিক্রয় করলে লাভের হার কত?

ক. ১৫% খ. ২০%

গ. ২৫% ঘ. ৩০% উ. খ

ব্যাখ্যা : শর্টকাট-

৫টি বিক্রয় করলে লাভ হয় = ১ টি

১টি বিক্রয় করলে লাভ হয় = $\frac{১}{৫}$ টি

১০০টি বিক্রয় করলে লাভ হয় = $\frac{১\times ১০০}{৫}$ টি

= ২০%

Scanned with CamScanner CamScanner

৫৮. $x^2 - y(y-2) - 1$ এর উৎপাদক নিচের কোনটি?

ক. $(x-y-1)(x-y+1)$

খ. $(x-y+1)(x+y-1)$

গ. $(x+y+1)(x-y-1)$

ঘ. $(x-y)(x+y+1)$ উ. খ

ব্যাখ্যা : $x^2 - y(y-2) - 1$

$= x^2 - y^2 + 2y - 1$

$= x^2 - (y^2 - 2y + 1)$

$= x^2 - (y-1)^2$

$= (x+y-1)(x-y+1)$

৫৯. একটি সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের পার্থক্য ৬°। ক্ষুদ্রতম কোণের মান কত?

ক. ৩২° খ. ৩৮°

গ. ৪২° ঘ. ৪৮° উ. গ

ব্যাখ্যা : আমরা জানি, যে ত্রিভুজের একটি কোণ = এক সমকোণ বা ৯০°, তাকে সমকোণী ত্রিভুজ বলে। সমকোণী ত্রিভুজের অপর কোণদ্বয়ের সমষ্টি ৯০°। বড় কোণ x এবং ছোট কোণ y হলে,

$x + y = ৯০°$ ..... (i)

$x - y = ৬°$ ..... (ii)

(i) নং থেকে (ii) নং বিয়োগ করে পাই,

$y = ৪২°$

৬০. $x^4 - x^2 - 1 = 0$ হলে $x^2 - \frac{1}{x^2} =$ কত?

ক. 0 খ. 1

গ. 2 ঘ. 4 উ. খ

ব্যাখ্যা : $x^4 - x^2 - 1 = 0$

বা, $x^2 - 1 - \frac{1}{x^2} = 0$ [x^2 দ্বারা ভাগ করে]

বা, $x^2 - \frac{1}{x^2} = 1$

৬১. $4(x+y)$, $10(x-y)$ এবং $12(x^2-y^2)$ এর গ. সা. গু. কত?

ক. $x-y$ খ. $x+y$

গ. $12(x^2-y^2)$ ঘ. 2 উ. ঘ

ব্যাখ্যা : দেওয়া আছে,

১ম রাশি $= 4(x+y)$

$= 2.2(x+y)$

২য় রাশি $= 10(x-y)$

$= 2.5(x-y)$

৩য় রাশি $= 12(x^2-y^2)$

$= 2.2.3(x+y)(x-y)$

সুতরাং, কেবল 2 দ্বারা তিনটি রাশিকে ভাগ করা যায়। তাই, উক্ত তিনটি রাশির গ.সা.গু. হবে = 2।

৬২. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে OD, AB জ্যা এর উপর লম্ব। AD = 3 সেমি. হলে AB = কত সেমি?

ক. 3 সেমি. খ. 4 সেমি.

গ. 5 সেমি. ঘ. 6 সেমি. উ. ঘ

ব্যাখ্যা : আমরা জানি, কেন্দ্র থেকে অঙ্কিত লম্ব জ্যাকে সমদ্বিখণ্ডিত করে।



$\therefore AB = 2AD$

$\therefore AB = 2 \times 3$ [মান বসিয়ে]

$= 6$ সেমি।

৬৩. ২৮° কোণের সম্পূরক কোণের অর্ধেক কত?

ক. ৬০° খ. ৪০°

গ. ৭৬° ঘ. ৩১° উ. গ

ব্যাখ্যা : আমরা জানি, পূরক কোণের মান = ৯০°। কিন্তু, সম্পূরক কোণের মান = ১৮০°। অর্থাৎ, যখন দুটি কোণের সমষ্টি ১৮০° হয়, তখন একটিকে অপরটির সম্পূরক কোণ বলে।

অতএব, সম্পূরক কোণের একটির মান ২৮° হলে, অপরটির মান হবে = ১৮০° − ২৮°

$= ১৫২°$

সুতরাং, কোণটির অর্ধেক হবে $= \frac{১৫২°}{২}$

$= ৭৬°$(উত্তর)

৬৪. দুটি সংখ্যার বর্গের সমষ্টি 13 এবং গুণফল 6 হলে, সংখ্যা দুটির বর্গের অন্তর কত?

ক. 4 খ. 5

গ. 6 ঘ. 7 উ. খ

ব্যাখ্যা : ধরি, সংখ্যা দুটি যথাক্রম a ও b

তাহলে, সংখ্যা দুটির বর্গের অন্তর হবে $= a^2 - b^2$

এখন, $a^2 - b^2 = \sqrt{(a^2+b^2)^2 - 4a^2b^2}$

$= \sqrt{(13)^2 - 4.(ab)^2}$ [মান বসিয়ে]

$= \sqrt{169 - 4.(6)^2}$

$= \sqrt{169 - 4.36}$

$= \sqrt{169 - 144}$

$= \sqrt{25}$

$= 5$

Scanned with CamScanner CamScanner

৬৫. $\sqrt[3]{\sqrt[3]{x^3}}$ = কত?

ক. $x^{\frac{1}{2}}$ খ. $x^{\frac{1}{3}}$

গ. $x^{\frac{2}{3}}$ ঘ. $x^{\frac{3}{2}}$ উ. খ

ব্যাখ্যা : $\sqrt[3]{\sqrt[3]{x^3}}$

$= \sqrt[3]{(x^3)^{\frac{1}{3}}}$

$= \sqrt[3]{x}$

$= x^{\frac{1}{3}}$

৬৬. একটি ঘনকের প্রতিটি ধার 5 সে. মি. হলে কর্ণের দৈর্ঘ্য কত?

ক. $5\sqrt{3}$ সে. মি. খ. $3\sqrt{5}$ সে. মি.

গ. $5\sqrt{5}$ সে. মি. ঘ. $5\sqrt{2}$ সে. মি. উ. ক

ব্যাখ্যা : আমরা জানি, ঘনকের কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{a^2 + b^2 + c^2}$

$= \sqrt{5^2 + 5^2 + 5^2}$

$= \sqrt{3.5^2}$

$= 5\sqrt{3}$

৬৭. শতকরা বার্ষিক 12 টাকা হার মুনাফায় 500 টাকার কত বছরের সরল মুনাফা 360 টাকা হবে?

ক. 5 বছর খ. 6 বছর

গ. 3 বছর ঘ. 2 বছর উ. খ

ব্যাখ্যা : $I = pnr$ এখানে, $I = 360$

$\Rightarrow n = \frac{I}{pr}$ $r = \frac{12}{100}$

$= \frac{360 \times 100}{500 \times 12}$ $p = 500$

$= 6$ বছর

৬৮. $3 + 6 + 9 + \ldots\ldots$ ধারাটির কততম পদ 33?

ক. 10 খ. 12

গ. 11 ঘ. 13 উ. গ

ব্যাখ্যা : মনে করি, সমান্তর ধারার প্রথম পদ, $a = 3$

সমান্তর ধারার সাধারণ অন্তর, $d = 3$

ধরি, n তম পদ $= 33$

$\therefore a + (n-1)d = 33$ [n তম পদ এর সূত্র বসিয়ে]

বা, $3 + (n-1)3 = 33$

বা, $1 + n - 1 = 11$

বা, $n = 11$

৬৯. একটি কলম 10% লাভে বিক্রয় করা হল। কলমটির বিক্রয় মূল্য ও ক্রয় মূল্যের অনুপাত কত?

ক. 11 : 10 খ. 9 : 10

গ. 10 : 11 ঘ. 10 : 9 উ. ক

ব্যাখ্যা : 10% লাভে কলমটির বিক্রয়মূল্য $(100 + 10)$ টাকা

$= 110$ টাকা

$\therefore$ বিক্রয়মূল্য : ক্রয়মূল্য $= 110 : 100$

$= 11 : 10$

৭০. ৩০০০ এর শতকরা ৫ ভাগ অপেক্ষা ৩০০০ এর শতকরা ১০ ভাগ কত বেশি?

ক. ১৭৫ খ. ১৬০

গ. ১৫০ ঘ. ১০০ উ. গ

ব্যাখ্যা : ৩০০০ এর শতকরা ৫ ভাগ $= ৩০০০ \times \frac{৫}{১০০} = ১৫০$

৩০০০ এর শতকরা ১০ ভাগ $= ৩০০০ \times \frac{১০}{১০০} = ৩০০$

সুতরাং পার্থক্য $= (৩০০ - ১৫০) = ১৫০$

৭১. $f(x) = 2x^2 + 3x - 1$ হলে $f(0)$ = কত?

ক. 6 খ. 4

গ. 1 ঘ. -1 উ. ঘ

ব্যাখ্যা : $f(x) = 2x^2 + 3x - 1$

$\therefore f(0) = 2.0^2 + 3.(0) - 1$

$= 0 + 0 - 1$

$= -1$ (Ans)

৭২. $2^{x+1} = 32$ হলে x এর মান কত?

ক. 4 খ. 3

গ. 2 ঘ. 1 উ. ক

ব্যাখ্যা : $2^{x+1} = 32$

বা, $2^{x+1} = 2^5$

বা, $x + 1 = 5$

বা, $x = 5 - 1$

$\therefore x = 4$ (Ans)

৭৩. ABCD সামন্তরিকের DC বাহুকে E পর্যন্ত বর্ধিত করা হলো। $\angle BAD = ১০০^\circ$ হলে, $\angle BCE$ = কত?

ক. ১০০° খ. ৯০°

গ. ৮০° ঘ. ৬৫° উ. গ

ব্যাখ্যা :



Scanned with CamScanner CamScanner

আমরা জানি, সামান্তরিকের বিপরীত কোণদ্বয় সমান হয়

$\therefore \angle BAD = 100^\circ = \angle BCD$

আবার, $\angle BCD + \angle x = ১৮০^\circ$

বা, $\angle x = ১৮০^\circ - \angle BCD$

$= ১৮০^\circ - ১০০^\circ$

$= ৮০^\circ$ (উত্তর)

৭৪. ঘণ্টায় ৬০ কিলোমিটার বেগে ১০০ মিটার দীর্ঘ একটি ট্রেনের ৩০০ মিটার দীর্ঘ একটি প্লাটফর্ম অতিক্রম করতে কত সময় লাগবে?

ক. ২০ সেকেন্ড খ. ২৪ সেকেন্ড

গ. ২০ মিনিট ঘ. ২৪ মিনিট **উ. খ**

ব্যাখ্যা : দেওয়া আছে, ট্রেনের বেগ = ৬০ কিলোমিটার/ঘণ্টা

$= ৬০ \times \frac{৫}{১৮}$ মি/সে

$= \frac{৫০}{৩}$

ট্রেনকে মোট অতিক্রম করতে হবে ট্রেনটির নিজের দৈর্ঘ্য ও প্লাটফর্মের দৈর্ঘ্য।

$\therefore$ ট্রেনটি মোট অতিক্রম করবে = (১০০ + ৩০০) = ৪০০ মিটার

$\therefore$ সময়, $t = \frac{S}{V} = \frac{৪০০}{\frac{৫০}{৩}}$

$= ৪০০ \times \frac{৩}{৫০} = ২৪$ সেকেন্ড।

৭৫. একটি কোণের মান তার পূরক কোণের মানের অর্ধেকের সমান। কোণটির মান কত?

ক. 60° খ. 45°

গ. 30° ঘ. 25° **উ. গ**

ব্যাখ্যা : আমরা জানি, পূরক কোণের মান = 90^0। অর্থাৎ, যখন দুটি কোণের সমষ্টি 90° হয়, তখন একটিকে অপরটির পূরক কোণ বলে।

তাহলে, প্রশ্নে প্রদত্ত কোণটির মান = x হলে, তার পূরক কোণ = $90^\circ - x$

$\therefore$ শর্তমতে, $x = \frac{90^\circ - x}{2}$

বা, $2x = 90^\circ - x$

বা, $2x + x = 90^\circ$

বা, $3x = 90^\circ$

$\therefore x = 30^\circ$ (উত্তর)

৭৬. সর্বপ্রথম 'বঙ্গ' দেশের নাম পাওয়া যায় যে গ্রন্থে–

ক. আইন-ই-আকবরী খ. বাঙালির ইতিহাস

গ. ঐতরেয় আরণ্যক ঘ. রঘুবংশ **উ. গ**

ব্যাখ্যা : সর্বপ্রথম 'বঙ্গ' দেশের নাম পাওয়া যায় ঋগ্বেদের 'ঐতরেয় আরণ্যক' গ্রন্থে। আর সর্বপ্রথম দেশবাচক 'বাংলা' শব্দের ব্যবহার হয় সম্রাট আকবরের সভাকবি আবুল ফজলের 'আইন-ই- আকবরী' গ্রন্থে।

৭৭. চাকমাদের বর্ষবরণ অনুষ্ঠানকে বলা হয়–

ক. সাংগ্রেন খ. বিজু

গ. তনচংগা ঘ. নও উৎসব **উ. খ**

ব্যাখ্যা : ত্রিপুরাদের বর্ষবরণ অনুষ্ঠান বৈসুক, মারমাদের বর্ষবরণ অনুষ্ঠান সাংগ্রাই আর চাকমাদের বর্ষবরণ অনুষ্ঠান বিজু। পার্বত্য এলাকার প্রধান তিনটি উপজাতিদের বর্ষবরণ অনুষ্ঠানকে সামগ্রিকভাবে 'বৈসাবি' বলে। বাংলাদেশের বৃহত্তম উপজাতি চাকমা।

৭৮. মহান মুক্তিযুদ্ধের সময় ঢাকা কত নম্বর সেক্টরের অধীন ছিল?

ক. ১ নং খ. ৩নং

গ. ২নং ঘ. ১০নং **উ. গ**

ব্যাখ্যা : মহান মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে ১১টি সেক্টরে এবং ৬৪টি সাব সেক্টরে ভাগ করা হয়ছিল। ঢাকা শহর ছিল ২নং সেক্টরের অধীনে আর ঢাকা জেলা ছিল ২ ও ৩ নং সেক্টরাধীন।

৭৯. জাপানের বৈদেশিক সাহায্য সংস্থার নাম কী?

ক. জাইকা খ. ডিএফআইডি

গ. ডানিডা ঘ. ওসিডি **উ. ক**

ব্যাখ্যা : 'সূর্যোদয়ের দেশ' জাপানের বৈদেশিক সাহায্য সংস্থার নাম JICA (Japan International Cooperation Agency)। ১৯৭৪ সালে 'জাইকা' প্রতিষ্ঠা করা হয়। বাংলাদেশকে সবচেয়ে বেশি বৈদেশিক সহায়তা দেয় জাপান।

৮০. বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?

ক. মানিকগঞ্জ খ. রংপুর

গ. ঢাকা ঘ. পাবনা **উ. গ**

ব্যাখ্যা : 'বাংলাদেশের পাট গবেষণা কেন্দ্র' ঢাকার মানিক মিয়া এ্যাভিনিউতে অবস্থিত। ১৯৭৪ সালে এটি প্রতিষ্ঠিত হয়। পাটের জীবন রহস্য আবিষ্কার করেন ড. মাকসুদুল আলম।

৮১. SPARRSO কোন মন্ত্রণালয়ের অধীন?

ক. শিল্প মন্ত্রণালয় খ. শিক্ষা মন্ত্রণালয়

গ. পরিবেশ মন্ত্রণালয় ঘ. প্রতিরক্ষা মন্ত্রণালয় **উ. ঘ**

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : SPARRSO হচ্ছে Bangladesh Space Research and Remote Sensing Organization ('বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুসন্ধান প্রতিষ্ঠান')। এটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনের একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠা : ১৯৮০ সালে। সদরদপ্তর আগারগাঁও, ঢাকায় অবস্থিত।

৮২. NATO কোন ধরনের জোট?

ক. অর্থনৈতিক খ. পরিবেশগত
গ. রাজনৈতিক ঘ. সামরিক **উ. ঘ**

ব্যাখ্যা : NATO এর পূর্ণরূপ হচ্ছে North Atlantic Treaty Organization. এটি একটি বহুজাতিক সামরিক জোট। এটি গঠিত হয় ৪ এপ্রিল, ১৯৪৯। সদর দফতর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত। বর্তমান সদস্য ৩১। সর্বশেষ সদস্যদেশ- ফিনল্যান্ড।

৮৩. ভারত ও আফগানিস্তানের মধ্যকার সীমানা চিহ্নিত লাইন–

ক. ডুরান্ড লাইন খ. র‍্যাডক্লিফ লাইন
গ. এলওসি ঘ. ম্যাজিনো লাইন **উ.***

ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। প্রকৃতপক্ষে ভারত ও আফগানিস্তানের মধ্যে বর্তমানে কোন সীমানা চিহ্নিত লাইন নেই। কারণ ভারতের সাথে আফগানিস্তানের কোনো সীমানা নেই। ডুরান্ড লাইন পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে সীমানা চিহ্নিত লাইন। 'র‍্যাডক্লিপ লাইন' এবং 'লাইন অব কন্ট্রোল'-ও (Line of Control- LOC) ভারত ও পাকিস্তানের মধ্যকার সীমানা চিহ্নিত লাইন। অন্যদিকে, ম্যাজিনো লাইন হচ্ছে ফ্রান্স ও জার্মানির সীমারেখা।

৮৪. 'বাংলাদেশ স্কয়ার' কোথায় অবস্থিত?

ক. লাইবেরিয়া খ. কঙ্গো
গ. সোমালিয়া ঘ. সুদান **উ. ক**

ব্যাখ্যা : বাংলাদেশ স্কয়ার লাইবেরিয়ায় অবস্থিত। সেখানে কর্মরত বাংলাদেশি শান্তিরক্ষীরা ২০০৮ সালে শিক্ষা ও বিনোদন কেন্দ্র হিসেবে এটি প্রতিষ্ঠা করে।

৮৫. বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়–

ক. ১০ জুলাই খ. ৫ জুন
গ. ২৪ সেপ্টেম্বর ঘ. ১২ এপ্রিল **উ. খ**

ব্যাখ্যা : ১৯৭২ সালের ৫ জুন সুইডেনের স্টকহোমে জাতিসংঘ মানব পরিবেশ সম্মেলন শুরু হয় এবং United Nations Environment Programme (UNEP) প্রতিষ্ঠিত হয়। তাই ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়। দিবসটি প্রথম পালিত হয় ১৯৭৪ সালে।

৮৬. সংবিধানের ১৫ অনুচ্ছেদের বিষয়বস্তু কী?

ক. জনস্বাস্থ্য ও নৈতিকতা খ. মৌলিক প্রয়োজনের ব্যবস্থা
গ. জাতীয় সংস্কৃতি ঘ. সুযোগের সমতা **উ. খ**

ব্যাখ্যা : সংবিধানের ১৫ অনুচ্ছেদ এর শিরোনাম "মৌলিক প্রয়োজনের ব্যবস্থা"। এখানে বলা হয়েছে- রাষ্ট্রের অন্যতম দায়িত্ব হবে খাদ্য, বস্ত্র, শিক্ষা, আশ্রয় ও চিকিৎসাসহ মৌলিক উপকরণ, কর্মের অধিকার, বিশ্রামের অধিকার ও সামাজিক নিরাপত্তার অধিকার নিশ্চিত করা।

৮৭. বাংলাদেশে বয়স্ক ভাতা কার্যক্রম কবে প্রথম শুরু হয়?

ক. ১৯৯৮ সালে খ. ১৯৯৯ সালে
গ. ২০০০ সালে ঘ. ২০০১ সালে **উ. ক**

ব্যাখ্যা : বয়স্ক ভাতা বাংলাদেশ সরকারের একটি সামাজিক নিরাপত্তা কর্মসূচি। এটি ১৯৯৭-৯৮ অর্থবছরে প্রবর্তিত হয় এবং কার্যকর হয় ১৯৯৮ সাল থেকে। বর্তমানে মাসিক ৬০০ টাকা হারে প্রবীণেরা বয়স্ক ভাতা পাচ্ছেন। উল্লেখ্য যে, বিধবা ভাতা চালু হয় ১৯৯৮-৯৯ অর্থবছরে। বর্তমানে বিধবা ভাতা- ৫৫০ টাকা।

৮৮. বাংলাদেশের জাতীয় স্বাস্থ্য নীতিমালা কবে প্রণীত হয়েছে?

ক. ২০১০ সালে খ. ২০১১ সালে
গ. ২০১২ সালে ঘ. ২০১৩ সালে **উ. খ**

ব্যাখ্যা : জাতীয় স্বাস্থ্য নীতিমালা ২০১১ সালে প্রণীত হয়। ২০১১ সালে জাতীয় নারী উন্নয়ন নীতি-ও প্রণীত হয়। ২০১০ সালে জাতীয় শিক্ষানীতি, ২০১২ সালে জাতীয় জনসংখ্যা নীতি, ২০১৩ সালে জাতীয় প্রবীণ নীতি প্রণীত হয়।

৮৯. 'Seven Sisters' কোন দেশে অবস্থিত?

ক. ভারত খ. পাকিস্তান
গ. মিয়ানমার ঘ. ভূটান **উ. ক**

ব্যাখ্যা : ভারতের উত্তর-পূর্বাঞ্চলের ৭টি রাজ্যকে বলা হয় 'Seven Sisters'। এর মধ্যে রয়েছে আসাম, মিজোরাম, অরুণাচল, মেঘালয়, ত্রিপুরা, মনিপুর ও নাগাল্যান্ড (মনে রাখুন = আমি কে? উত্তর = আমি অমেত্রি মনা)।

৯০. আগরতলা মামলা প্রত্যাহার করা হয়–

ক. ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ খ. ২০ মার্চ ১৯৬৯
গ. ১৮ ফেব্রুয়ারি ১৯৭০ ঘ. ৫ ডিসেম্বর ১৯৬৮ **উ. ক**

ব্যাখ্যা : প্রচণ্ড গণআন্দোলনের ফলে সরকার আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করে ২২ ফেব্রুয়ারি ১৯৬৯। পরদিন অর্থাৎ ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯ শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেয়া হয়। এ মামলার মোট আসামী ছিল ৩৫ জন, প্রধান আসামী ছিলেন বঙ্গবন্ধু।

৯১. বাংলাদেশে সরকারি EPZ মোট কতটি?

ক. ৭টি খ. ৮টি
গ. ৯টি ঘ. ১০টি **উ. খ**

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : বর্তমানে বাংলাদেশে মোট ১০টি Export Processing Zone (EPZ) রয়েছে। এগুলোর মধ্যে সরকারি EPZ ৮টি আর বেসরকারি EPZ ২টি। প্রথম সরকারি EPZ হচ্ছে চট্টগ্রাম ইপিজেড (প্রতিষ্ঠা ১৯৮৩)। বাংলাদেশের বৃহত্তম EPZ হচ্ছে চট্টগ্রাম ইপিজেড।

৯২. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন?

ক. ক্যাপ্টেন এম মনসুর আলী
খ. তাজউদ্দিন আহম্মদ
গ. সৈয়দ নজরুল ইসলাম
ঘ. খন্দকার মোশতাক আহমেদ

উ. ক

ব্যাখ্যা : মুজিবনগর সরকারে অর্থমন্ত্রী ছিলেন ক্যাপ্টেন এম মনসুর আলী। তাজউদ্দিন আহমেদ = প্রধানমন্ত্রী। সৈয়দ নজরুল ইসলাম = উপরাষ্ট্রপতি। খন্দকার মোশতাক আহমেদ = পররাষ্ট্রমন্ত্রী।

৯৩. বাংলাদেশের প্রথম আদমশুমারি হয়–

ক. ১৯৭৯ সালে
খ. ১৯৭২ সালে
গ. ১৯৭৩ সালে
ঘ. ১৯৭৪ সালে

উ. ঘ

ব্যাখ্যা : বাংলাদেশে প্রথম আদমশুমারি হয় ১৯৭৪ সালে। আদমশুমারি ১০ বছর পর পর হয়। ৬ষ্ঠ ও সর্বশেষ জনশুমারি ও গৃহগণনা (সাবেক নাম : আদমশুমারি) অনুষ্ঠিত হয় ১৫-২১ জুন, ২০২২। ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা হলো বাংলাদেশের প্রথম ডিজিটাল আদমশুমারি।

৯৪. সংবিধানের কোন অনুচ্ছেদ সরকারি কর্ম কমিশন গঠনের উল্লেখ আছে–

ক. ১৩০
খ. ১৩১
গ. ১৩৭
ঘ. ১৩০

উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন (BPSC) একটি সাংবিধানিক প্রতিষ্ঠান। বাংলাদেশে সংবিধানের ১৩৭ নং অনুচ্ছেদে সরকারি কর্ম কমিশন গঠনের কথা বলা হয়েছে। একজন সভাপতি এবং আইনের দ্বারা নির্ধারিত অন্যান্য সদস্য নিয়ে BPSC গঠিত হয়।

৯৫. নবায়নযোগ্য শক্তি কোনটি?

ক. তেল
খ. গ্যাস
গ. কয়লা
ঘ. সমুদ্রের ঢেউ

উ. ঘ

ব্যাখ্যা : নয়ায়নযোগ্য শক্তির মধ্যে আছে সূর্যশক্তি, বায়ু শক্তি, সমুদ্রের ঢেউ ইত্যাদি। পক্ষান্তরে তেল, গ্যাস, কয়লা এগুলো অনবায়নযোগ্য শক্তি। নবায়নযোগ্য শক্তি একেবারে নিঃশেষ হয় না। এগুলো বারবার ব্যবহার করা যায়।

৯৬. ইতিহাসের জনক কে?

ক. হেরোডোটাস
খ. এরিস্টটল
গ. ওয়াশিংটন
ঘ. নিউইয়র্ক

উ. ক

ব্যাখ্যা : গ্রিক দার্শনিক ও ঐতিহাসিক হেরোডোটাসকে বলা হয় ইতিহাসের জনক। এ্যারিস্টটল হলেন রাষ্ট্রবিজ্ঞান, প্রাণীবিদ্যা ও যুক্তিবিদ্যার ও গণতন্ত্রের জনক। বৈজ্ঞানিক ইতিহাসের জনক ধুকিডাইডিস।

৯৭. টেকসই উন্নয়ন অভীষ্ট কবে গৃহীত হয়?

ক. ২০১৫ সালের ২৩ সেপ্টেম্বর
খ. ২০১৬ সালের ২৩ সেপ্টেম্বর
গ. ২০১৫ সালের ২৫ সেপ্টেম্বর
ঘ. ২০১৫ সালের ২৪ সেপ্টেম্বর

উ. গ

ব্যাখ্যা : Sustainable Development Goals (SDGs) বা টেকসই উন্নয়ন অভীষ্ট/লক্ষ্যমাত্রা জাতিসংঘ কর্তৃক গৃহীত হয় ২০১৫ সালে ২৫ সেপ্টেম্বর। এর সময়সীমা ২০১৬ থেকে ২০৩০ (১৫ বছর)। এতে ১৭টি প্রধান লক্ষ্যমাত্রা এবং ১৬৯টি সূচক রয়েছে।

৯৮. ওয়াটার লু যুদ্ধক্ষেত্র কোথায় অবস্থিত?

ক. বেলজিয়াম
খ. জাপান
গ. জার্মানি
ঘ. ইংল্যান্ড

উ. ক

ব্যাখ্যা : বিখ্যাত যুদ্ধক্ষেত্র ওয়াটার লু বেলজিয়ামে অবস্থিত। এটি 'Battle of Waterloo' এর জন্য বিখ্যাতে। ১৮১৫ সালে এখানে ফরাসি সম্রাজ্যের নেপোলিয়ন বোনাপার্টের বাহিনী সম্মিলিত ব্রিটিশ-প্রুশিয়ান বাহিনীর কাছে পরাজিত হন। এবং এর মাধ্যমে ফরাসি সাম্রাজ্যে নেপোলিয়ন বোনাপার্টের শাসনের অবসান ঘটে।

৯৯. হাসপাতাল সমাজসেবা কার্যক্রম কোন মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত হয়?

ক. সমাজকল্যাণ মন্ত্রণালয়
খ. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গ. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ঘ. শিক্ষা মন্ত্রণালয়

উ. ক

ব্যাখ্যা : হাসপাতাল সমাজসেবা কার্যক্রম সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে 'সমাজসেবা অধিদফতর' কর্তৃক পরিচালিত একটি সমাজসেবামূলক কাজ। এর মাধ্যমে দরিদ্র ও অসহায় রোগীদের বিনা বিভিন্ন সহায়তা করা হয়। ১৯২৯ সালে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে এই সেবা প্রথম চালু হয়।

১০০. স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য 'বীরপ্রতীক' উপাধি লাভ করেন কত জন?

ক. ৭ জন
খ. ৬৮ জন
গ. ১৭৫ জন
ঘ. ৪২৬ জন

উ. ঘ

ব্যাখ্যা : বাংলাদেশের মহান স্বাধীনতাযুদ্ধে অবদানের জন্য বীরপ্রতীক উপাধি দেয়া হয় ৪২৬ জনকে। বীরবিক্রম- ১৭৫, বীরউত্তম- ৬৮ জন এবং বীরশ্রেষ্ঠ- ৭ জন।

Scanned with CamScanner CamScanner

১৫তম স্কুল-২/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৯

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড-১; বিষয় কোড : ২০০; পরীক্ষার তারিখ : ১৯.০৪.২০১৯

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি নয়?
ক. মসাধার খ. অন্যান্য
গ. মার্তণ্ড ঘ. কুলটা **উ. ক**

ব্যাখ্যা : 'মসাধার' নিপাতনে সিদ্ধ নয়। এর সন্ধি বিচ্ছেদ মসী + আধার = মসাধার। তৎসম স্বরসন্ধির নিয়মানুযায়ী ই/ঈ এ-কারের পরে অন্য স্বরধ্বনি থাকলে ই/ঈ এর স্থানে য-ফলা হয়। যেমন : ইতি + আদি = ইত্যাদি, অতি + অন্ত = অত্যন্ত।

২. 'ঠাকুর' শব্দের লিঙ্গান্তর কোনটি?
ক. ঠাকুরাইন খ. ঠাকুরানী
গ. ঠাকুরণী ঘ. ঠাকুরণি **উ. খ**

ব্যাখ্যা : 'বাংলা একাডেমি বাংলা ব্যবহারিক অভিধান' অনুযায়ী, 'ঠাকুর' শব্দের স্ত্রীবাচক শব্দ দুটি। যথা- ঠাকুরানী, ঠাকরুন (নোট: ঠাকুরুন' নয় কিন্তু)।

৩. নিচের কোনটির পুরুষবাচক শব্দ আছে?
ক. দাই খ. এয়ো
গ. সারী ঘ. সধবা **উ. গ**

ব্যাখ্যা : দাই, এয়ো, সধবা- এই শব্দগুলো নিত্য স্ত্রীবাচক শব্দ। এদের কোনো পুরুষবাচক শব্দ নেই। অন্যদিকে, সারী (স্ত্রী শালিক) এর পুরুষবাচক শব্দ হলো 'শুক'।

৪. যে মেয়ের বিয়ে হয়নি– এর বাক্য সংকোচন কোনটি?
ক. মৃতবৎসা খ. কৃতদার
গ. অনুজা ঘ. অনূঢ়া **উ. ঘ**

ব্যাখ্যা : 'যে মেয়ের বিয়ে হয়নি– এর বাক্য সংকোচন অনূঢ়া। কনিষ্ঠ ভগ্নী = অনুজা। যে পুরুষ বিবাহ করেছে (দার গ্রহণ করেছে) = কৃতদার। যে নারীর সন্তান বাঁচে না = মৃতবৎসা।

৫. হনন করার ইচ্ছা– এর বাক্য সংকোচন কোনটি?
ক. লিপ্সা খ. জিঘাংসা
গ. কৃতঘ্ন ঘ. জিতেন্দ্রিয় **উ. খ**

ব্যাখ্যা : 'হনন করার ইচ্ছা'– এর বাক্য সংকোচন জিঘাংসা। উপকারকারীর অপকার করেন যিনি- কৃতঘ্ন। ইন্দ্রিয়কে জয় করেন যিনি- জিতেন্দ্রিয়। লাভ করার ইচ্ছা– লিপ্সা।

৬. 'খাতক' শব্দটির বিপরীত শব্দ কোনটি?
ক. প্রসারণ খ. চেতন
গ. মহাজন ঘ. উত্তমর্ণ **উ. গ**

ব্যাখ্যা : 'খাতক' শব্দটির বিপরীত শব্দ 'মহাজন'। অন্যদিকে, প্রসারণ এর বিপরীত শব্দ আকুঞ্চন। উত্তমর্ণ এর বিপরীত- অধমর্ণ। চেতন এর বিপরীত- অচেতন।

৭. 'অহি' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. অচল খ. সাপ
গ. চাঁদ ঘ. দিন **উ. খ**

ব্যাখ্যা : 'অহি শব্দের সমার্থক শব্দ সাপ, সর্প, ফনী, আশীবিষ, ভুজঙ্গ ইত্যাদি। অচল শব্দের সমার্থক শব্দ পাহাড়, পর্বত।

৮. কোনটি চাঁদের সমার্থক শব্দ?
ক. হিমাংশু খ. সবিতা
গ. চিকুর ঘ. শৈল **উ. ক**

ব্যাখ্যা : চাঁদের সমার্থক শব্দ হিমাংশু, শশী, বিধু, শশাঙ্ক, চন্দ্র, ইন্দু, সুধাংশু ইত্যাদি। অন্যদিকে, শৈল শব্দের সমার্থক- পাহাড়। সবিতা এর সমার্থক- সূর্য। চিকুর এর সমার্থক- চুল, কেশ।

৯. কোনটি প্রাদি সমাসের উদাহরণ?
ক. গৃহস্থ খ. ছা-পোষা
গ. শতাব্দী ঘ. প্রগতি **উ. ঘ**

ব্যাখ্যা : প্র, প্রতি, পরি, অনু এই চারটি অব্যয়ের সঙ্গে যদি কৃৎপ্রত্যয় সাধিত বিশেষ্যের সমাস হয় তাহলে তাকে প্রাদি সমাস বলে। যেমন : প্রগতি, প্রবচন, প্রভাত, অনুতাপ ইত্যাদি। প্রগতি এর ব্যাসবাক্য = প্র (প্রকৃষ্ট রূপে) গতি। শত অব্দের সমাহার = শতাব্দী (দ্বিগু সমাস)। ছা পোষে যে = ছা-পোষা (উপপদ তৎপুরুষ সমাস)। গৃহে থাকে যে = গৃহস্থ (উপপদ তৎপুরুষ সমাস)।

১০. কানে কানে যে কথা = কানাকানি– এখানে কানাকানি কোন ধরনের বহুব্রীহি সমাস?
ক. সমানাধিকরণ বহুব্রীহি খ. ব্যতিহার বহুব্রীহি
গ. ব্যাধিকরণ বহুব্রীহি ঘ. মধ্যপদলোপী বহুব্রীহি **উ. খ**

ব্যাখ্যা : কানে কানে যে কথা = কানাকানি (ব্যতিহার বহুব্রীহি সমাস)। যে বহুব্রীহি সমাসের পূর্বপদ ও পরপদ একই বিশেষ্য হয় এবং পূর্বপদের শেষে আ-কার ও পরপদের শেষে ই-কার হয় তাকে ব্যতিহার বহুব্রীহি সমাস বলে। যেমন : হাতাহাতি, লাঠালাঠি, চুলাচুলি, হাসাহাসি ইত্যাদি।

১১. বিভক্তি যুক্ত শব্দকে কী বলে?
ক. পদ খ. প্রাতিপদিক
গ. অক্ষর ঘ. বাক্য **উ. ক**

ব্যাখ্যা : বিভক্তিযুক্ত শব্দকে 'পদ' বলে। বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপদিক বলে। কোনো শব্দের যতটুকু অংশ একটানে বা এক ঝোঁকে উচ্চারণ করা হয়, তাকে অক্ষর বলে। এক বা একাধিক পদ বা পদসমষ্টির মিলিত রূপ দ্বারা যদি বক্তার মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ পায়, তাকে বাক্য বলে।

Scanned with CamScanner CamScanner

১২. অপ্রাণিবাচক শব্দের উত্তর-এ কোন বিভক্তি হবে?
ক. কে খ. রে
গ. তে ঘ. শূন্য উ. ঘ
ব্যাখ্যা : অপ্রাণিবাচক শব্দের উত্তর-এ কোন শূন্য বা প্রথমা বিভক্তি হয়। এ জাতীয় শব্দ বাক্যে ব্যবহৃত হলে সেখানে শূন্য বিভক্তি ধরে নিতে হবে। যেমন : বই দাও।

১৩. খিলিপান (এর ভিতরে) দিয়ে ওষুধ খাবে– কোন কারক?
ক. করণ কারক খ. অপাদান কারক
গ. অধিকরণ কারক ঘ. কর্ম কারক উ. গ
ব্যাখ্যা : ক্রিয়া সংঘটিত হওয়ার সময়/স্থান/আধার/পাত্রকে অধিকরণ কারক বলে। যেমন : খিলিপান দিয়ে ওষুধ খাবে। রবিবার স্কুল বন্ধ।

১৪. প্রকৃত বাংলা ব্যঞ্জনসন্ধি কোন নিয়মে হয়ে থাকে?
ক. সমীভবন খ. বিষমীভবন
গ. অপিনিহিতি ঘ. অসমীকরণ উ. ক
ব্যাখ্যা : প্রকৃত বাংলা ব্যঞ্জন সন্ধি সমীভবন এর নিয়মেই হয়ে থাকে। এটি কথ্যরীতিতে প্রযোজ্য। যেমন- গল্প> গপ্প, কাঁদনা> কান্না, পদ্ম> পদ্দ।

১৫. সন্ধি ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ক. ধ্বনিতত্ত্বে খ. রূপতত্ত্বে
গ. বাক্যতত্ত্বে ঘ. অর্থতত্ত্বে উ. ক
ব্যাখ্যা : সন্ধি, ণ-ত্ব বিধান, ষ-ত্ব বিধান, ধ্বনির পরিবর্তন ধ্বনিতত্ত্বে আলোচিত হয়।

১৬. In the good book— অর্থ কী?
ক. সুন্দর দেখতে খ. সুনজরে
গ. শুভ কামনা ঘ. ভালো চাই উ. খ
ব্যাখ্যা : কারো সুনজরে থাকা বোঝাতে In the good books- কথাটি ব্যবহৃত হয়।

১৭. Man is the architect of his own life– এর সঠিক অনুবাদ কোনটি?
ক. মানুষ তার নিজ জীবনের স্থপতি
খ. মানুষ জীবনের স্থপিত
গ. মানুষই জীবনের স্থপতি ঘ. মানুষ জীবনের নির্মাতা উ. ক
ব্যাখ্যা : Man is the architect of his own life- এর সঠিক অনুবাদ- মানুষ তার নিজ জীবনের স্থপতি।

১৮. নিচের কোন বাক্যটি সঠিক?
ক. খানা দুই কম্বল চেয়েছিলাম
খ. দেশ গোটা ছারখার হয়ে গেছে
গ. গোটা সাতেক আম এনো
ঘ. কমলালেবু গোটা দুই আছে উ. গ
ব্যাখ্যা : 'গোটা' শব্দটি বচনবাচক শব্দের আগে বসে। তাই সঠিক বাক্য হবে– গোটা সাতেক আম এনো। বাকি অপশনগুলোর শুদ্ধরূপ- ক. দুইখানা কম্বল চেয়েছিলাম। খ. গোটা দেশ ছারখার হয়ে গেছে। ঘ. গোটা দুই কমলালেবু আছে।

১৯. নিচের কোন বানানটি সঠিক?
ক. ভাগিরথি খ. ভাগিরথী
গ. ভাগীরথি ঘ. ভাগীরথী উ. ঘ
ব্যাখ্যা : 'ভাগীরথী' বানানটি সঠিক। 'ভাগীরথী' অর্থ গঙ্গা।

২০. 'হাড়-হাভাতে'– বাগধারাটির অর্থ কী?
ক. হতভাগ্য খ. নিরেট মূর্খ
গ. চক্ষুশূল ঘ. নিতান্ত অলস উ. ক
ব্যাখ্যা : 'হাড়-হাভাতে' বাগধারাটির অর্থ হতভাগ্য। এর সমার্থক বাগধারা- ইঁদুর কপালে, আটকপালে, খণ্ডকপাল ইত্যাদি। অন্যদিকে, 'বুদ্ধির ঢেঁকি' বাগধারাটির অর্থ- নিরেট মূর্খ। 'চোখের বালি' বাগধারাটির অর্থ- চক্ষুশূল। 'গোঁফ খেজুরে' বাগধারাটির অর্থ- নিতান্ত অলস।

২১. 'তামার বিষ'– বাগধারাটির অর্থ কোনটি?
ক. অহংকার খ. ক্ষণস্থায়ী
গ. অর্থের কুপ্রভাব ঘ. টনক নড়া উ. গ
ব্যাখ্যা : 'তামার বিষ' বাগধারাটির অর্থ– অর্থের কুপ্রভাব। তাসের ঘর- ক্ষণস্থায়ী; সাপের পাঁচ পা দেখা– অহংকার; চৈতন্যোদয় হওয়া- টনক নড়া।

২২. বিরামচিহ্ন কেন ব্যবহৃত হয়?
ক. বাক্য সংকোচনের জন্য খ. বাক্যের অর্থ স্পষ্টকরণের জন্য
গ. বাক্যের সৌন্দর্যের জন্য
ঘ. বাক্যকে অলংকৃত করার জন্য উ. খ
ব্যাখ্যা : বাক্যের স্পষ্টকরণের জন্য বিরামচিহ্ন ব্যবহার হয়। যেমন- বিরামচিহ্ন ব্যবহার করলে আমরা স্পষ্ট বুঝতে পারি প্রশ্নবোধক বাক্য, বিস্ময়সূচক, বর্ণনামূলক বাক্য ইত্যাদি।

২৩. কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কোন বিরাম চিহ্ন বসে?
ক. দাঁড়ি খ. সেমিকোলন
গ. কোলন ঘ. হাইফেন উ. খ
ব্যাখ্যা : 'কমা' (১ বলতে যে সময় লাগে) অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে 'সেমিকোলন' (১ বলার দ্বিগুণ সময়) বসে।

২৪. কোনটি সাধুভাষার ক্ষেত্রে প্রযোজ্য?
ক. সহজবোধ্য খ. নাট্য সংলাপে ব্যবহার
গ. তদ্ভব শব্দবহুল ঘ. তৎসম শব্দবহুল উ. ঘ
ব্যাখ্যা : 'তৎসম শব্দবহুল' কথাটি সাধু ভাষার ক্ষেত্রে প্রযোজ্য। কারণ, সাধু ভাষা তৎসম শব্দবহুল ও গুরুগাম্ভীর্যপূর্ণ; যা নাটা সংলাপে ব্যবহারে অনুপযোগী। অন্য অপশনগুলো চলিত ভাষার ক্ষেত্রে প্রযোজ্য।

২৫. ভাষার মূল উপাদান কোনটি?
ক. ধ্বনি খ. শব্দ
গ. বাক্য ঘ. অর্থ উ. ক
ব্যাখ্যা : ভাষার মূল উপাদান ধ্বনি। ভাষার মূল উপকরণ বাক্য। অর্থাৎ ভাষার ক্ষুদ্রতম এককে ধ্বনি বলে। বাংলা ভাষায় মোট ৩৭টি মৌলিক ধ্বনি রয়েছে। এর মধ্যে ৭টি মৌলিক স্বর ধ্বনি।

Scanned with CamScanner CamScanner

২৬. **Unless you work hard, you will not succeed. (Compound)**
ক. Without working hard and you will not succeed
খ. Work hard or you will not succeed
গ. Work hard and you will not succeed
ঘ. You work hard and will succeed
উ. খ

ব্যাখ্যা : Complex Sentence এ এক বা একাধিক Subject এবং দুইটি finite verb যুক্ত clause লাগবে। প্রদত্ত বাক্যে Unless থাকায় এটি Negative (unless যদি না) meaning প্রদান করে। option 'ক' ও 'গ' গঠনগত ভুল আছে। option 'ঘ' এ প্রদত্ত বাক্যের অর্থ পরিবর্তন হয়ে যায়। তাই option 'খ' হবে উত্তর।

২৭. আমি তাকে উপহাস করিনি।
ক. I did not laugh at him
খ. I did not laugh with him
গ. I did not laugh in him
ঘ. I did not laugh upon him
উ. ক

ব্যাখ্যা : Laugh at অর্থ উপহাস বা বিদ্রুপ করা। option 'ক' হবে উত্তর।

২৮. **The girls <u>water</u> the plants. Here 'water' is–**
ক. noun
খ. verb
গ. adjective
ঘ. adverb
উ. খ

ব্যাখ্যা : 'water' শব্দটি Noun ও verb দুটিই হতে পারে। 'প্রদত্ত বাক্যে 'water' শব্দটি subject এরপর এবং verb এর জায়গায় বসেছে। তাই option 'খ' হবে উত্তর।

২৯. **'Pros and cons' means—**
ক. details
খ. liberate
গ. avoid
ঘ. angry
উ. ক

ব্যাখ্যা : 'pros and cons' একটি phrase যার অর্থ সবিস্তারে বা খুঁটিনাটি। অতএব, সঠিক উত্তর 'ক'।

৩০. **Noun form of 'guilty' is—**
ক. guiltness
খ. guilt
গ. guilting
ঘ. guiltys
উ. খ

ব্যাখ্যা : 'Guilty' Adjective-এর Noun form 'Guilt'; যার অর্থ দোষ। option 'খ' হবে উত্তর।

৩১. **What an excellent idea (Assertive)**
ক. It is a very excellent idea
খ. It is an excellent idea
গ. It is more excellent idea
ঘ. It is a very good idea
উ. ক

ব্যাখ্যা : What বা how যুক্ত Exclamatory বাক্যে Assertive করার জন্য প্রথমে what বা how উঠে যাবে + subject বসবে + tense, person ও number অনুযায়ী verb বসবে + very/great বসবে + adjective + বাকি অংশ + full stop (.) বসবে। option 'ক' হবে উত্তর।

৩২. **May Bangladesh prosper—**
ক. day to day
খ. day by day
গ. day with day
ঘ. day on day
উ. খ

ব্যাখ্যা : May Bangladesh prosper হল একটি optative sentence। এবং day by day একটি Idiom যার অর্থ দিনে দিনে। অর্থাৎ 'May Bangladesh prosper day by day' বলতে দিনে দিনে বাংলাদেশে কল্যাণ ও সমৃদ্ধি কামনা করা হয়েছে। তাই 'খ' হবে উত্তর।

৩৩. **All his hopes were—**
ক. null and void
খ. nipped in the bud
গ. out of date
ঘ. now and then
উ. খ

ব্যাখ্যা : null and void- বাতিল, nipped in the bud- অঙ্কুরেই বিনষ্ট হওয়া, out of date সেকেলে, now and then মাঝে মাঝে। অর্থগত দিক থেকে মিল থাকায় option 'খ' হবে উত্তর।

৩৪. **What is the synonym of 'remarkable'?**
ক. Noteworthy
খ. Remark
গ. Praiseworthy
ঘ. Memorable
উ. ক

ব্যাখ্যা : 'Remarkable' অর্থ- লক্ষণীয় বা উল্লেখযোগ্য। noteworthy- লক্ষণীয় বা উল্লেখযোগ্য। অন্যদিকে, remark- বিশেষভাবে লক্ষ্য করা, praiseworthy- প্রশংসার যোগ্য এবং memorable স্মরণীয়। প্রদত্ত বাক্যে adjective এর synonym জানতে চাওয়া হয়েছে। তাই option 'খ' Remark (verb) সম্পূর্ণ অপ্রাসঙ্গিক। option 'ক' এর অর্থের সাথে মিল থাকায় option 'ক' হবে উত্তর।

৩৫. **Academic is similar to—**
ক. scholar
খ. scholared
গ. scholastic
ঘ. scholastics
উ. গ

ব্যাখ্যা : 'Academic' (adjective) বিদ্যালয় সম্পর্কিত বা পান্ডিত্যপূর্ণ। option 'গ' এর 'scholastic' (adjective) অর্থ-ও পান্ডিত্যপূর্ণ। তাই option 'গ' হবে উত্তর।

৩৬. **Do or die. (Make it Simple)**
ক. By doing you will die
খ. Without doing you will die
গ. By doing you won't die
ঘ. Without doing you won't die
উ. খ

ব্যাখ্যা : Compound sentence কে simple sentence এ পরিণত করতে হলে একাধিক subject ও একাধিক finite verb কে একটি subject ও একটি finite clause এ পরিণত করতে হবে। দুটি finite verb-এর একটিকে finite verb হিসেবে রেখে অন্যটিকে Non finite verb করে নিতে হবে। compound এ 'or' conjunctive ব্যবহৃত হলে simple করার সময় without + প্রদত্ত বাক্যের প্রথম verb টিকে ing করে নিতে হবে + দ্বিতীয় clause এর শুরুতে second person subject (you – number অনুযায়ী verb + বাকী অংশ (যদি থাকে)। option 'খ' হবে উত্তর।

Scanned with CamScanner CamScanner

৩৭. **He was one of the worst men in the world. (Make Positive)**
ক. Very few men in the world were so bad as he
খ. Very few man in the world was so bad as he
গ. Very few men in the world was so bad so he
ঘ. Very few man in the world were as bad as he **উ. ক**

ব্যাখ্যা : one of the যুক্ত superlative বাক্যকে positive করতে হলে প্রথমে one of the উঠে গিয়ে very few + superlative degree এর পরের অংশটি + plural verb + as + superlative degree এর positive form + as + subject. অতএব, 'ক' হবে উত্তর।

৩৮. **The unfed should be fed. (Active)**
ক. Feed the unfed
খ. We should feed the unfed
গ. Please feed the unfed
ঘ. They should be feeding the unfed **উ. খ**

ব্যাখ্যা : passive থেকে Active করার সময় প্রথমে প্রয়োজনমত subject নিতে হবে + verb (প্রযোজ্য ক্ষেত্রে modal auxiliary ও principal verb) + বাকি অংশ। option 'খ' হবে উত্তর।

৩৯. **It is more than honesty. (Make it 'Positive').**
ক. Honesty is not as much as it
খ. Honesty are not as much as it
গ. Honesty is as much as it
ঘ. Honesty is less much as it **উ. ক**

ব্যাখ্যা : Than যুক্ত comparative বাক্যকে positive করতে হলে প্রথমে Than এর পরের শব্দটি নিতে হবে subject হিসেবে + verb (Negative form) + as + adjective এর positive form + as + subject. option 'ক' হবে উত্তর।

৪০. **We should live— harmony — others.**
ক. in, with খ. with, to
গ. in, include ঘ. to, with **উ. ক**

ব্যাখ্যা : 'live in harmony' একটি phrase; যার অর্থ সম্প্রীতির সাথে বাস করা। সাথে বুঝাতে preposition with ব্যবহৃত হয়। তাই option 'ক' হবে উত্তর।

৪১. **He made me — the car.**
ক. to drive খ. driven
গ. drove ঘ. drive **উ. ঘ**

ব্যাখ্যা : কাউকে দিয়ে কোন কাজ করিয়ে নেয়া বোঝালে causative verb হয়। Make ও let caustive হিসেবে ব্যবহৃত হলে এদের পরের verb সবসময় base form হয়। option 'ঘ' হবে উত্তর।

৪২. **The old man was very weak. His health broke — under the pressure of work.**
ক. down খ. upon
গ. through ঘ. away **উ. ক**

ব্যাখ্যা : break down একটি group verb যার অর্থ ভেঙ্গে পড়া। option 'ক' হবে উত্তর।

৪৩. **It is high time we (give up) smoking.**
ক. give up খ. gave up
গ. given up ঘ. should give up **উ. খ**

ব্যাখ্যা : It is time, It is high time এর পর subject থাকলে verb past tense হয় এবং subject না থাকলে to + verb এর base form হয়। option 'খ' হবে উত্তর।

৪৪. **Walk fast lest the train (miss).**
ক. would miss খ. would be missed
গ. will be missed ঘ. will miss **উ. খ**

ব্যাখ্যা : lest যুক্ত বাক্যকে passive করতে হলে প্রথমে lest + subject + would/might + be + principal verb এর v.p.p. form. তাই option 'খ' হবে উত্তর।

৪৫. **Mr. Rohan is very <u>friendly</u>. Here 'friendly' is—**
ক. adverb খ. noun
গ. adjective ঘ. pronoun **উ. গ**

ব্যাখ্যা : Noun এর শেষে 'ly' যুক্ত হলে Noun টি Adjective হয়। যেমন: Mother–Motherly, Brother–Brotherly Friend শব্দটি Noun। এর সাথে 'ly' যুক্ত হয়ে 'friendly' শব্দটি Adjective-এ পরিণত হয়েছে। option 'গ' হবে উত্তর।

৪৬. **The noun form of 'include' is—**
ক. inclusion খ. includable
গ. inclusive ঘ. includeness **উ. ক**

ব্যাখ্যা : শেষে d বা de যুক্ত শব্দকে noun করতে হলে d বা de উঠিয়ে দিয়ে sion যোগ করে করতে হয়। option 'ক' উত্তর।

৪৭. **কৃপণ ব্যক্তিরা অর্থ সঞ্চয়ে সময় ব্যয় করে।**
ক. The miser spends time to collect money
খ. The misers spends time collecting money
গ. The miser spend time in hoarding money
ঘ. The misers spend his time in hoarding money **উ.***

ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। কৃপণ ব্যক্তিরা বলাতে অপশন 'ক' এবং অপশন 'গ' বাদ। কারণ এ দুই অপশনে 'The miser' singular form এ দেওয়া আছে; যা 'The misers' plural হলে শুদ্ধ হত। অপশন 'খ' হবে না verb 'collect' এর জন্য। কারণ সঞ্চয় বলতে 'hoard' শব্দটি ব্যবহৃত হয়। অপশন 'ঘ' হবে না। কারণ, সে অপশনে 'his' এর জায়গায় 'their' হবে।

Scanned with CamScanner CamScanner

৪৮. 'বাতিটি নিভাও'– Translate it.

ক. Put on the lamp খ. Put out the lamp
গ. Put off the lamp ঘ. Put up the lamp **উ. খ**

ব্যাখ্যা : put on– পরিধান করা, put out– নিভিয়ে ফেলা, put off– ফেলে রাখা, put up– পেশ করা। option 'খ' হবে উত্তর।

৪৯. **We shall start the programme provided—**

ক. circumstances favour us
খ. circumstances favoured us
গ. circumstance favoured us
ঘ. circumstances are favouring us **উ. ক**

ব্যাখ্যা : প্রদত্ত option-এ provided শব্দটি verb এর part না বুঝিয়ে conjunction এর কাজ করেছে। প্রথম clause-এ verb future Indefinite tense থাকায় পরের clause এর verb present Indefinite tense হবে। তাই সঠিক উত্তর অপশন 'ক'।

৫০. **Rina proceeded as though she (know) everything.**

ক. knows খ. had known
গ. knew ঘ. known **উ. খ**

ব্যাখ্যা : As if/As though এর আগের অংশ Present Indefinite হলে পরের অংশ Past Indefinite হয়। আবার, As if/As though এর আগের অংশ Past Indefinite হলে পরের অংশ Past Perfect Tense হয়। option 'খ' হবে উত্তর।

৫১. **একটি ত্রিভুজের ভূমি 6 সে. মি. এবং এর উচ্চতা 5 সে. মি. হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?–**

ক. 11 বর্গ সে.মি. খ. 15 বর্গ সে.মি.
গ. 30 বর্গ সে.মি. ঘ. 25 বর্গ সে.মি. **উ. খ**

ব্যাখ্যা : আমরা জানি,

ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা বর্গ একক

$= \frac{1}{2} \times 6 \times 5$ বর্গ সেমি.

$= 15$ বর্গ সেমি. (উত্তর)

৫২. **অর্ধবৃত্তস্থ কোণ সমান কত?**

ক. ৩০° খ. ৪৫°
গ. ৬০° ঘ. ৯০° **উ. ঘ**

ব্যাখ্যা : আমরা জানি, বৃত্তস্থকোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক এবং অর্ধবৃত্তস্থ কোণ = ৯০° বা এক সমকোণ।

৫৩. **দুটি সংখ্যার গ. সা. গু., বিয়োগফল এবং ল. সা. গু. যথাক্রমে ১২, ৬০ এবং ২৪৪৮। সংখ্যা দুইটি কত?**

ক. ১০৪, ২০৪ খ. ১০৪, ১৪৪
গ. ১০৪, ২৪৪ ঘ. ১৪৪, ২০৪ **উ. ঘ**

ব্যাখ্যা : মনে করি,
সংখ্যা দুটি যথাক্রমে ১২x এবং ১২y

$\therefore$ ১২x – ১২y = ৬০

বা, ১২ (x – y) = ৬০

বা, $x - y = \frac{৬০}{১২}$

$\therefore x - y = ৫$ ..... (i) নং

আবার,

১২y = ২৪৪৮

বা, $xy = \frac{২৪৪৮}{১২}$

$\therefore xy = ২০৪$

এখন,

$(x + y)^2 = (x - y)^2 + 8xy$

বা, $(x + y)^2 - (৫)^2 + 8 \times ২০৪$

১০. 'রাজ্ঞী' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. রাজ + নী খ. রাপ + নী
গ. রাজ + জ্ঞী ঘ. রাপ + জ্ঞী উ. ক

১১. 'দুর্যোগ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. দুর + যোগ খ. দ্যু + যোগ
গ. দু + যোগ ঘ. দুর্যোঃ + যোগ উ. খ

১২. 'সতীশ' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. সতি + ইশ খ. সতি + ঈশ
গ. সতী + ইশ ঘ. সতী + ঈশ উ. ঘ

১৩. 'গবেষণা' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. গব + এষণা খ. গো + এষণা
গ. গো + ষণা ঘ. গ + বেষণা উ. খ

১৪. 'লবণ' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. লো + অন খ. লো + বন
গ. ল + বন ঘ. লৈ + বন উ. ক

১৫. নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ কোনটি? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. নিষ্কর খ. পরস্পর
গ. সন্তাপ ঘ. ষষ্ঠ উ. খ

১৬. 'ষড়ঋতু' শব্দের সন্ধিবিচ্ছেদ– [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. ষড় + ঋতু খ. ষড়্ + ঋতু
গ. ষট + ঋতু ঘ. ষট্ + ঋতু উ. ঘ

১৭. 'মতৈক্য' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. মতঃ + এক খ. মতঃ + ঐক্য
গ. মত + এক ঘ. মত + ঐক্য উ. ঘ

বিস্তারিত আলোচনা

সন্ধি: সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি। তথা, পাশাপাশি অবস্থিত দুটি ধ্বনির মিলনকে সন্ধি বলে। অর্থাৎ, এখানে দুটি ধ্বনির মিলন হবে, এবং সেই দুটি ধ্বনি পাশাপাশি অবস্থিত হবে। যেমন, 'নর + অধম = নরাধম'। এখানে 'নর'-এর শেষ ধ্বনি 'অ' (ন+অ+র+ অ), এবং 'অধম'র প্রথম ধ্বনি 'অ'। এখানে 'অ' ও 'অ' মিলিত হয়ে 'আ' হয়েছে। অর্থাৎ পাশাপাশি অবস্থিত দুটি ধ্বনি 'অ' ও 'অ' মিলিত হয়ে 'আ' হলো। আবার, পিতৃ + আলয় = পিত্রালয়, দিক + অন্ত = দিগন্ত।

সন্ধি নতুন শব্দ তৈরির একটি কৌশল, তবে এখানে সমাসের মতো নতুনভাবে সম্পূর্ণ শব্দ তৈরি হয় না। কেবল দুটো শব্দ মিলিত হওয়ারার সময় পাশাপাশি অবস্থিত ধ্বনি দুটি মিলিত হয়। এই দুটি ধ্বনির মিলনের মধ্য দিয়ে দুটি শব্দ মিলিত হয়ে নতুন একটি শব্দ তৈরি করে। অর্থাৎ শব্দ দুটি মিলিত হয় না, ধ্বনি দুটি মিলিত হয়। উল্লেখ্য, একাধিক শব্দের বা পদের মিলন হলে তাকে বলে সমাস।

সন্ধির উদ্দেশ্য: সন্ধির মাধ্যমে যেখানে দুটি উদ্দেশ্য পূরণ হবে, সেখানেই কেবল সন্ধি করা যাবে। এগুলো হলো–

১. সন্ধির ফলে উচ্চারণ আরো সহজ হবে (স্বাভাবিক উচ্চারণে সহজপ্রবণতা)।

২. সন্ধি করার পর শুনতে আরো ভালো লাগবে (ধ্বনিগত মাধুর্য সম্পাদন)।

সন্ধির প্রকারভেদ: বাংলা সন্ধি প্রধানত ২ প্রকার। যথা: ১. স্বরসন্ধি, ২. ব্যঞ্জনসন্ধি।

১. **স্বরসন্ধি :** স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনি মিলে যে সন্ধি হয় তাকে স্বরসন্ধি বলে।

১. সন্ধিতে দুটি সন্নিহিত স্বরের একটির লোপ হয়। যেমন–

(ক) অ + এ = এ (অ লোপ), যেমন– শত + এক = শতেক। এরূপ– কতেক।

(খ) আ + আ = আ (একটি আ লোপ)। যেমন– শাঁখা + আরি = শাঁখারি। এরূপ– রূপা + আলি = রূপালি।

(গ) আ + উ = উ (আ লোপ)। যেমন– মিথ্যা + উক = মিথ্যুক। এরূপ– হিংসুক, নিন্দুক ইত্যাদি।

(ঘ) ই + এ = ই (এ লোপ)। যেমন– কুড়ি + এক = কুড়িক। এরূপ– ধনিক, গুটিক ইত্যাদি।

আশি + এর = আশির (এ লোপ)। এরূপ– নদীর (নদী + এর)।

২. কোনো কোনো স্থলে পাশাপাশি দুটি স্বরের শেষেরটি লোপ পায়। যেমন– যা + ইচ্ছা + তাই = যাচ্ছে তাই। এখানে (আ + ই) এর মধ্যে ই লোপ পেয়েছে।

২. **ব্যঞ্জন সন্ধি :** স্বরে আর ব্যঞ্জনে, ব্যঞ্জনে আর ব্যঞ্জনে এবং ব্যঞ্জনে আর স্বরে মিলিত হয়ে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জন সন্ধি বলে। প্রকৃত বাংলা ব্যঞ্জন সন্ধি সমীভবন (Assimilation)-এর নিয়মেই হয়ে থাকে। আর তা-ও মূলত কথ্যরীতিতে সীমাবদ্ধ।

১. প্রথম ধ্বনি অঘোষ এবং পরবর্তী ধ্বনি ঘোষ হলে, দুটি মিলে ঘোষ ধ্বনি দ্বিত্ব হয়। অর্থাৎ সন্ধিতে ঘোষ ধ্বনির পূর্ববর্তী অঘোষ ধ্বনিও ঘোষ হয়। যেমন– ছোট + দা = ছোড়্দা।

২. হলন্ত র্ (বদ্ধ অক্ষর বিশিষ্ট) ধ্বনির পরে অন্য ব্যঞ্জন ধ্বনি থাকলে র্ লুপ্ত হয়ে পরবর্তী ধ্বনি দ্বিত্ব হয়। যেমন– আর্ + না = আন্না, চার + টি = চাট্টি, ধর্ + না = ধন্না, দুর্ + ছাই = দুচ্ছাই ইত্যাদি।

৩. চ-বর্গীয় ধ্বনির আগে যদি ত-বর্গীয় ধ্বনি আসে তাহলে, ত-বর্গীয় ধ্বনি লোপ হয় এবং চ-বর্গীয় ধ্বনির দ্বিত্ব হয়। অর্থাৎ ত-বর্গীয় ধ্বনি ও চ-বর্গীয় ধ্বনি পাশাপাশি এলে প্রথমটি লুপ্ত হয়ে পরবর্তী ধ্বনিটি দ্বিত্ব হয়। যেমন– নাত + জামাই = নাজ্জামাই (ত্ + জ্ = জ্জ), বদ্ + জাত = জাত = বজ্জাত, হাত + ছানি = হাচ্ছানি ইত্যাদি।

৪. 'প'– এর পরে 'চ' এবং 'স'– এর পরে 'ত' এলে চ ও ত এর স্থলে শ হয়। যেমন– পাঁচ + শ = পাঁশ্শ। সাত + শ = সাশ্শ, পাঁচ + সিকা = পাঁশশিকা।

Scanned with CamScanner

১. হলন্ত ধ্বনির সাথে স্বরধ্বনি যুক্ত হলে স্বরের লোপ হয় না। যেমন– বোন + আই = বোনাই, চুন + আরি = চুনারি, তিল + এক = তিলেক, বার + এক = বারেক, তিন + এক = তিনেক।

২. স্বরধ্বনির পরে ব্যঞ্জনধ্বনি এলে স্বরধ্বনিটি লুপ্ত হয়। যেমন– কাঁচা + কলা = কাঁচকলা, নাতি + বৌ = নাতবৌ, ঘোড়া + দৌড় = ঘোড়দৌড়, ঘোড়া + গাড়ি = ঘোড়গাড়ি ইত্যাদি।

তৎসম শব্দের সন্ধি

বাংলা ভাষায় বহু সংস্কৃত শব্দ অবিকৃত অবস্থায় রয়েছে। এসব শব্দই তৎসম (তৎ = সম = সমান)। তার সমান অর্থাৎ সংস্কৃতের সমান। এ শ্রেণির শব্দের সন্ধি সংস্কৃত ভাষার নিয়মেই সম্পাদিত হয়ে এসেছে। বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম সন্ধি তিন প্রকার। (১) স্বরসন্ধি (২) ব্যঞ্জন সন্ধি (৩) বিসর্গ সন্ধি।

১. **স্বরসন্ধি** : স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনির মিলনের নাম স্বরসন্ধি।

১. অ-কার কিংবা আ-কারের পর অ-কার কিংবা আ-কার থাকলে উভয়ে মিলে আ-কার হয়, আ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন–

অ + অ = আ নর + অধম = নরাধম। এরূপ-হিমাচল, প্রাণাধিক, হস্তান্তর, হিতাহিত ইত্যাদি।

অ + আ = আ হিম + আলয় = হিমালয়। এরূপ– দেবালয়, রত্নাকর, সিংহাসন ইত্যাদি।

আ + অ = আ যথা + অর্থ = যথার্থ। এরূপ– আশাতীত, কথামৃত, মহার্ঘ ইত্যাদি।

আ + আ = আ বিদ্যা + আলয় = বিদ্যালয়। এরূপ– কারাগার, মহাশয়, সদানন্দ ইত্যাদি।

২. অ-কার কিংবা আ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে এ-কার হয়; এ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন–

অ + ই = এ শুভ + ইচ্ছা = শুভেচ্ছা।

আ + ই = এ যথা + ইষ্ট = যথেষ্ট।

অ + ঈ = এ পরম + ঈশ = পরমেশ।

আ + ঈ = এ মহা + ঈশ = মহেশ।

এরূপ– পূর্ণেন্দু, শ্রবণেন্দ্রিয়, স্বেচ্ছা, নরেশ, রমেশ, নরেন্দ্র ইত্যাদি।

৩. অ-কার কিংবা আ-কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে ও-কার হয়; ও-কার পূর্ববর্তী ব্যঞ্জনে যুক্ত হয়। যেমন–

অ + উ = ও সূর্য + উদয় = সূর্যোদয়।

আ + উ = ও যথা + উচিত = যথোচিত।

অ + ঊ = ও গৃহ + ঊর্ধ্ব = গৃহোর্ধ্ব।

আ + উ = ও গঙ্গা + ঊর্মি = গঙ্গোর্মি।

এরূপ– নীলোৎপল, চলোর্মি, মহোৎসব, নবোঢ়া, ফলোদয়, যথোপযুক্ত, হিতোপদেশ, পরোপকার, প্রশ্নোত্তর ইত্যাদি।

৪. অ-কার কিংবা আ-কারের পর ঋ- কার থাকলে উভয়ে মিলে 'অর' হয় এবং তা রেফ (´) রূপে পরবর্তী বর্ণের সাথে লেখা হয়। যেমন–

অ + ঋ = অর দেব + ঋষি = দেবর্ষি।

আ + ঋ = অর মহা + ঋষি = মহর্ষি।

এরূপ– অধমর্ণ, উত্তমর্ণ, সপ্তর্ষি, রাজর্ষি ইত্যাদি।

৫. অ-কার কিংবা আ-কারের পর 'ঋত'-শব্দ থাকলে (অ, আ + ঋ) উভয় মিলে 'আর' হয় এবং বানানে পূর্ববর্তী বর্ণে আ ও পরবর্তী বর্ণে রেফ লেখা হয়। যেমন–

অ + ঋ = আর শীত + ঋত = শীতার্থ

আ + ঋ = আর তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত

এরূপ– ভয়ার্ত, ক্ষুধার্ত ইত্যাদি।

৬. অ-কার কিংবা আ-কারের পর এ-কার কিংবা ঐ-কার থাকলে উভয়ে মিলে ঐ-কার হয়; ঐ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন–

অ + এ = ঐ জন + এক = জনৈক।

আ + এ = ঐ সদা + এব = সদৈব।

অ + ঐ = ঐ মত + ঐক্য = মতৈক্য।

আ + ঐ = ঐ মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য।

এরূপ– হিতৈষী, সর্বৈব, অতুলৈশ্বর্য ইত্যাদি।

৭. অ-কার কিংবা আ-কারের পর ও-কার কিংবা ঔ-কার থাকলে উভয়ে মিলে ঔ-কার হয়; ঔ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন–

অ + ও = ঔ বন + ওষধি = বনৌষধি।

আ + ও = ঔ মহা + ওষধি = মহৌষধি।

অ + ঔ = ঔ পরম + ঔষধ = পরমৌষধ।

আ + ঔ = ঔ মহা + ঔষধ = মহৌষধ।

৮. ই-কার কিংবা ঈ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে দীর্ঘ ঈ-কার হয়। দীর্ঘ ঈ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন–

ই + ই = ঈ অতি + ইত + অতীত।

ই + ঈ = ঈ পরি + ঈক্ষা = পরীক্ষা।

ঈ + ই = ঈ সতী + ইন্দ্র = সতীন্দ্র।

ঈ + ঈ = ঈ সতী + ঈশ + সতীশ।

এরূপ– গিরীন্দ্র, ক্ষিতীশ, মহীন্দ্র, শ্রীশ, পৃথ্বীশ, অতীব, প্রতীক্ষা, প্রতীত, রবীন্দ্র, দিল্লীশ্বর ইত্যাদি।

৯. ই-কার কিংবা ঈ-কারের পর ই ও ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই বা ঈ স্থানে 'য' বা য(্য) ফলা হয়। য-ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়। যেমন–

ই + অ = য্ + অ অতি + অন্ত = অত্যন্ত।

ই + আ = য্ + আ ইতি + আদি = ইত্যাদি।

ই + উ = য্ + উ অতি + উক্তি = অত্যুক্তি।

ই + ঊ = য্ + ঊ প্রতি + ঊষ = প্রত্যূষ।

ঈ + আ = য্ + আ মসী + আধার = মস্যাধার।

ই + এ = য্ + এ প্রতি + এক = প্রত্যেক।

ঈ + অ = য্ + অ নদী + অম্বু = নদ্যম্বু।

এরূপ– প্রত্যহ, অত্যধিক, গত্যন্তর, প্রত্যাশা, প্রত্যাবর্তন, আদ্যন্ত, যদ্যপি, অভ্যুত্থান, অত্যাশ্চর্য, প্রত্যুপকার ইত্যাদি।

Scanned with CamScanner

১০. উ-কার কিংবা ঊ-কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে ঊ-কার হয়; উ-কার পূর্ববর্তী ব্যঞ্জন ধ্বনির সাথে যুক্ত হয়। যেমন–

উ + উ = ঊ মরু + উদ্যান = মরূদ্যান।
উ + ঊ = ঊ বহু + ঊর্ধ্ব = বহূর্ধ্ব।
ঊ + উ = ঊ বধূ + উৎসব = বধূৎসব।
ঊ + ঊ = ঊ ভূ + ঊর্ধ্ব = ভূর্ধ্ব।

১১. উ-কার কিংবা ঊ-কারের পর উ-কার ভিন্ন অন্য স্বর থাকলে উ বা ঊ স্থানে ব-ফলা হয় এবং লেখার সময় ব-ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। যেমন–

উ + অ = ব + অ সু + অল্প = স্বল্প।
উ + আ = ব + আ সু + আগত = স্বাগত।
উ + ই = ব + ই অনু + ইত = অন্বিত।
উ + ঈ = ব + ঈ তনু + ঈ = তন্বী।
উ + এ = ব + এ অনু + এষণ = অন্বেষণ।

এরূপ- পশ্বধম, পশ্চাচার, অস্বয়, মন্বন্তর ইত্যাদি।

১২. ঋ-কারের পর ঋ ভিন্ন অন্য স্বর থাকলে 'ঋ' স্থানে 'র' হয় এবং তা র-ফলা রূপে পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন- পিতৃ + আলয় = পিত্রালয়, পিতৃ + আদেশ = পিত্রাদেশ।

১৩. এ, ঐ, ও ঔ- কারের পর এ, ঐ স্থানে যথাক্রমে অয়, আয় এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যেমন–

এ + অ = অয় + অ নে + অন = নয়ন। শে + অন = শয়ন।
ঐ + অ = আয় + অ নৈ + অক = নায়ক। গৈ + অক = গায়ক।
ও + অ = অব্ + অ পো + অন = পবন। লো + অন = লবণ।
ঔ + অ = আব্ + অ পৌ + অক = পাবক।
ও + আ = অব্ + আ গো + আদি = গবাদি।
ও + এ = অব্ + এ গো + এষণা = গবেষণা।
ও + ই = অব্ + ই পো + ইত্র = পবিত্র।
ঔ + ই = আব্ + ই নৌ + ইক = নাবিক।
ঔ + উ = আব্ + উ ভৌ + উক = ভাবুক।

১৪. কতগুলো সন্ধি কোনো নিয়ম অনুসারে হয় না, এগুলোকে নিপাতনে সিদ্ধ বলে। যথা- কুল + অটা = কুলটা (কুলাটা নয়), গো + অক্ষ = গবাক্ষ (গবক্ষ নয়), প্র + ঊঢ় = প্রৌঢ় (প্রোঢ় নয়), অন্য + অন্য = অন্যান্য, মার্ত + অণ্ড = মার্তণ্ড, শুদ্ধ + ওদন = শুদ্ধোদন।

২. **ব্যঞ্জনসন্ধি :** স্বরে- ব্যঞ্জনে, ব্যঞ্জনে- স্বরে ও ব্যঞ্জনে- ব্যঞ্জনে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জন সন্ধি বলে। এদিক থেকে ব্যঞ্জন সন্ধিকে তিন ভাগে ভাগ করা যায়। যথা : ১. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি ২. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি ৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি।

১. **ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি :** ক, চ, ট, ত, প-এর পরে স্বরধ্বনি থাকলে সেগুলো যথাক্রমে গ, জ, ড (ড়), দ, ব হয়। পরবর্তী স্বরধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনধ্বনির সঙ্গে যুক্ত হয়। যেমন–

ক্ + অ = গ দিক্ + অন্ত = দিগন্ত।
চ্ + অ = জ বাচ্ + অন্ত = বাজন্ত।
ট্ + আ = ড় ষট্ + আনন = ষড়ানন।
ত + অ = দ তৎ + অবধি = তদবধি।
প + অ = ব সুপ + অন্ত = সুবন্ত।

এরূপ- বাগীশ, তদন্ত, বাগাড়ম্বর, কৃদন্ত, সদানন্দ, সদুপায়, সদুপদেশ, জগদিন্দ্র ইত্যাদি।

২. **স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি :** স্বরধ্বনির পর ছ থাকলে ঐ ব্যঞ্জনধ্বনিটি দ্বিত্ব। (চ্ছ) হয়। যথা–

অ + ছ = চ্ছ এক + ছত্র = একচ্ছত্র।
আ + ছ = চ্ছ কথা + ছলে = কথাচ্ছলে।
ই + ছ = চ্ছ পরি + ছদ = পরিচ্ছদ।

এরূপ- মুখচ্ছবি, নিচ্ছেদ, পরিচ্ছেদ, বিচ্ছিন্ন, অসচ্ছল, আলোকচ্ছটা, প্রতিচ্ছবি, প্রচ্ছদ, আচ্ছাদন, বৃক্ষচ্ছায়া, বাচ্ছেদ, অনুচ্ছেদ ইত্যাদি।

৩. **ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি :** (ক) ১. ত্ ও দ্-এর চ ও ছ থাকলে ত্ ও দ্ স্থানে চ্ হয়। যেমন–

ত্ + চ = চ্চ সৎ + চিন্তা = সচ্চিন্তা।
ত্ + ছ = চ্ছ উৎ + ছেদ = উচ্ছেদ।
দ্ + চ = চ্চ বিপদ + চয় = বিপচ্চয়।
দ্ + ছ = চ্ছ বিপদ + ছায়া = বিপচ্ছায়া।

এরূপ- উচ্চারণ, শরচ্চন্দ্র, সচ্চরিত্র, তচ্ছবি ইত্যাদি।

২. ত্ ও দ্- এরপর জ্ ও ঝ্ থাকলে ত্ ও দ্- এর স্থানে জ্ হয়। যেমন-

ত্ + জ = জ্জ সৎ + জন = সজ্জন।
দ্ + জ = জ্জ বিপদ + জাল = বিপজ্জাল।
ত্ + ঝ = জ্ঝ কুৎ + ঝটিকা = কুজ্ঝটিকা।

এরূপ- উজ্জ্বল, তজ্জন্য, যাবজ্জীবন, জগজ্জীবন, ইত্যাদি।

৩. ত্ ও দ্- এরপর শ্ থাকলে ত্ ও দ্-এর স্থলে চ্ এবং শ্-এর স্থলে ছ উচ্চারিত হয়। যেমন–

ত্ + শ + চ্ + ছ = চ্ছ উৎ + শ্বাস = উচ্ছ্বাস

এরূপ- চলচ্ছক্তি, উচ্ছৃঙ্খল ইত্যাদি।

৪. ত্ ও দ্-এর পর ড্ থাকলে ত্ ও দ্ এর স্থানে ড্ হয়। যেমন-

ত্ + ড = ড্ড উৎ + ডীন = উড্ডীন।

এরূপ- বৃহড্ঢক্কা।

৫. ত্ ও দ্ এর পর হ্ থাকলে ত্ ও দ্ এর স্থলে দ এবং হ্ এর স্থলে ধ্ হয়। যেমন–

ত্ + হ = দ্ + ধ = দ্ধ উৎ + হার = উদ্ধার।
দ্ + হ্ = দ্ + ধ = দ্ধ পদ্ + হতি = পদ্ধতি।

এরূপ- উদ্ধৃত, উদ্ধত, তদ্ধিত ইত্যাদি।

৬. ত্ ও দ্ এর পর ল্ থাকলে ত্ ও দ্-এর স্থলে ল উচ্চারিত হয়। যেমন–

ত্ + ল = ল্ল উৎ + লাস = উল্লাস।

এরূপ- উল্লেখ, উল্লিখিত, উল্লেখ্য, উল্লঙ্ঘন ইত্যাদি।

(খ) ১. ব্যঞ্জন ধ্বনিসমূহের যে কোনো বর্গের অঘোষ অল্পপ্রাণ ধ্বনির পর যে কোনো বর্গের ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ ধ্বনি কিংবা ঘোষ অল্পপ্রাণ তালব্য ধ্বনি, (য > জ), ঘোষ অল্পপ্রাণ ওষ্ঠ ধ্বনি (ব), ঘোষ কম্পনজাত দন্তমূলীয় ধ্বনি (র)

Scanned with CamScanner CamScanner

কিংবা ঘোষ অল্পপ্রাণ ওষ্ঠ্য ব্যঞ্জনধ্বনি (ব) থাকলে প্রথম অঘোষ অল্পপ্রাণ ধ্বনি ঘোষ অল্পপ্রাণরূপে উচ্চারিত হয়। যথা :

ক্ + দ = গ্ + দ	বাক্ + দান = বাগদান।
ট্ + য = ড্ + য	ষট্ + যন্ত্র = ষড়্যন্ত্র।
ত্ + ঘ = দ্ + ঘ	উৎ + ঘাটন = উদ্‌ঘাটন।
ত্ + য = দ্ + য	উৎ + যোগ = উদ্যোগ।
ত্ + ব = দ্ + ব	উৎ + বন্ধন = উদ্বন্ধন।
ত্ + র = দ্ + র	তৎ + রূপ = তদ্রূপ।

এরূপ- দিগ্বিজয়, উদ্যম, উদ্‌গার, উদ্‌গিরণ, উদ্ভব, বাগ্‌জাল, সদ্‌গুরু, বাগ্‌দেবী ইত্যাদি।

২. ঙ, ঞ, ণ, ন, ম পরে থাকলে পূর্ববর্তী অঘোষ অল্পপ্রাণ স্পর্শধ্বনি সেই বর্গীয় ঘোষ স্পর্শধ্বনি কিংবা নাসিক্যধ্বনি হয়। যথা :

ক্ + ন = গ্ঙ + ন	দিক্ + নির্ণয় = দিগ্‌নির্ণয় বা দিঙ্‌নির্ণয়।
ত্ + ম = দ্/ন + ম	তৎ + মধ্যে = তদ্‌মধ্যে বা তন্মধ্যে।

লক্ষণীয় : এরূপ ক্ষেত্রে সাধারণত নাসিক্য ব্যঞ্জনই বেশি প্রচলিত। যেমন- বাক্ - ময় = বাঙ্‌ময়, তৎ + ময় = তন্ময়, মৃৎ + ময় = মৃন্ময়, জগৎ + নাথ = জগন্নাথ ইত্যাদি। এরূপ- উন্নয়ন, উন্নীত, চিন্ময় ইত্যাদি।

৩. ম্ এর পর যে কোনো বর্গীয় ধ্বনি থাকলে ম্ ধ্বনিটি সেই বর্গের নাসিক্য ধ্বনি হয়। যেমন-

ম্ + ক্ = ঙ + ক্	শম্ + কা = শঙ্কা।
ম্ + চ্ + ঞ + চ্	সম্ + চয় = সঞ্চয়।
ম্ + ত্ = ন্ + ত্	সম্ + তাপ = সন্তাপ।

এরূপ- বিদ্যুত, সন্দর্শন, কিন্নর, সম্মান, সন্ধান, সন্ন্যাস ইত্যাদি।

দ্রষ্টব্য : আধুনিক বাংলায় ম্-এর পর কণ্ঠ্য-বর্গীয় ধ্বনি থাকলে ম্ স্থানে প্রায়ই ঙ না হয়ে অনুস্বার (ং) হয়। যেমন- সম্ + গত = সংগত, অহম্ + কার = অহংকার, সম্ + খ্যা = সংখ্যা। এরূপ- সংকীর্ণ, সংগীত, সংগঠন, সংঘাত ইত্যাদি।

৪. ম্-এর পর অন্তঃস্থ ধ্বনি য, র, ল, ব, কিংবা শ, ষ, স, হ থাকলে, ম্ স্থলে অনুস্বার (ং) হয়। যেমন-

সম্ + যম = সংযম,	সম্ + বাদ = সংবাদ,
সম্ + রক্ষণ = সংরক্ষণ,	সম্ + লাপ = সংলাপ
সম্ + শয় = সংশয়	সম্ + সার = সংসার,
সম্ + হার = সংহার।	

এরূপ- বারংবার, কিংবা, সংবরণ, সংযোগ, সংযোজন, সংশোধন, সর্বংসহা, স্বয়ংবরা। ব্যতিক্রম : সম্রাট (সম্ + রাট)।

৫. চ্ ও জ্-এর পরে নাসিক্য ধ্বনি তালব্য হয়। যেমন-

চ্ + ন = চ্ + ঞ,	যাচ্ + না = যাচ্ঞা,
রাজ্ + নী = রাজ্ঞী,	জ্ + ন = জ্ + ঞ,
যজ্ + ন = যজ্ঞ,	

৬. দ্ ও ধ্ এর পরে ক, চ, ট, ত, প, খ, ছ, ঠ, থ, ফ, থাকলে দ্ ও ধ্ স্থলে অঘোষ অল্পপ্রাণ ধ্বনি হয়। যেমন-

দ্ > ত্	তদ্ + কাল = তৎকাল
ধ্ > ত্	ক্ষুধ্ + পিপাসা = ক্ষুৎপিপাসা।

এরূপ- হৃৎকম্প, তৎপর, তত্ত্ব ইত্যাদি।

৭. দ্ কিংবা ধ্-এর পরে স্ থাকলে, দ ও ধ স্থলে অঘোষ অল্পপ্রাণ ধ্বনি হয়। যেমন- বিপদ্ + সংকুল = বিপৎসংকুল। এরূপ- তৎসম।

৮. য্-এর পরে ত্ বা থ থাকলে, যথাক্রমে ত্ ও থ স্থানে ট ও ঠ হয়। যেমন-

কৃষ্ + তি = কৃষ্টি, যষ্ + থ = যষ্ঠ।

৯. বিশেষ নিয়মে সাধিত কতগুলো সন্ধি

উৎ + স্থান = উত্থান	সম্ + কার = সংস্কার,
উৎ + স্থাপন = উত্থাপন,	সম্ + কৃত = সংস্কৃত,
পরি + কার = পরিষ্কার।	

এরূপ- সংস্কৃতি, পরিষ্কৃত ইত্যাদি।

১০. কতগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয়

আ + চর্য = আশ্চর্য	গো + পদ = গোষ্পদ,
বন্ + পতি = বনস্পতি	বৃহৎ + পতি = বৃহস্পতি,
তৎ + কর = তস্কর	পর্ + পর = পরস্পর,
মনস্ + ঈষা = মনীষা,	ষট্ + দশ = ষোড়শ
এক্ + দশ = একাদশ,	পতৎ + অঞ্জলি = পতঞ্জলি ইত্যাদি।

৩. **বিসর্গ সন্ধি**

সংস্কৃত সন্ধির নিয়মে পদের অন্তস্থিত র ও স অনেক ক্ষেত্রে অঘোষ উষ্মধ্বনি অর্থাৎ হ ধ্বনিরূপে উচ্চারিত হয় এবং তা বিসর্গ (ঃ) রূপে লেখা হয়। র্ ও স্ বিসর্গ ব্যঞ্জনধ্বনিমালার অন্তর্গত। সে কারণে বিসর্গ সন্ধি ব্যঞ্জন সন্ধির অন্তর্গত। বস্তুত বিসর্গ র্ এবং স্-এর সংক্ষিপ্ত রূপ। বিসর্গকে দুই ভাগে ভাগ করা হয়েছে : ১. র্- জাত বিসর্গ ও ২. স্- জাত বিসর্গ।

১. **র্- জাত বিসর্গ** : র স্থানে যে বিসর্গ হয় তাকে বলে র- জাত বিসর্গ। যেমন : অন্তর- অন্তঃ, প্রাতর- প্রাতঃ, পুনর- পুনঃ ইত্যাদি।

২. **র্- জাত বিসর্গ** : স্ স্থানে যে বিসর্গ হয় তাকে বলে স্- জাত বিসর্গ। যেমন : নমস্- নমঃ, পুরস্- পুরঃ, শিরস্- শিরঃ ইত্যাদি। বিসর্গের সাথে অর্থাৎ র্ ও স্- এর সাথে স্বরধ্বনির কিংবা ব্যঞ্জনধ্বনির যে সন্ধি হয় তাকে বিসর্গ সন্ধি বলে। বিসর্গ সন্ধি দুইভাবে সাধিত হয় : ১. বিসর্গ + স্বর এবং ২. বিসর্গ + ব্যঞ্জন।

১. **বিসর্গ ও স্বরের সন্ধি** : অ- ধ্বনির পরস্থিত (অঘোষ উষ্মধ্বনি) বিসর্গের পর অ ধ্বনি থাকলে অ + ঃ + অ- এ তিনে মিলে ও- কার হয়। যেমন- ততঃ + অধিক = ততোধিক।

২. **বিসর্গ ও ব্যঞ্জনের সন্ধি**

১. অ-কারের পরস্থিত স্- জাত বিসর্গের পর ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ ব্যঞ্জনধ্বনি, নাসিক্যধ্বনি কিংবা অন্তস্থ য, অন্তস্থ ব, র, ল, হ থাকলে অ- কার ও স্- জাত বিসর্গ উভয় স্থলে ও- কার হয়। যেমন- তিরঃ + ধান = তিরোধান, মনঃ + রম = মনোরম, মনঃ + হর = মনোহর, তপঃ + বন = তপোবন ইত্যাদি।

২. অ- কারের পরস্থিত র্- জাত বিসর্গের পর উপর্যুক্ত ধ্বনিসমূহের কোনোটি থাকলে বিসর্গ স্থানে 'র' হয়। যেমন- অন্তঃ + গত = অন্তর্গত, অন্তঃ + ধান = অন্তর্ধান, পুনঃ + আয় = পুনরায়, পুনঃ + উক্ত = পুনরুক্ত, অহঃ + অহ = অহরহ।

এরূপ- পুনর্জন্ম, পুনর্বার, প্রাতরুত্থান, অন্তর্ভুক্ত, পুনরপি, অন্তরবর্তী ইত্যাদি।

Scanned with CamScanner CamScanner

৩. অ ও আ ভিন্ন অন্য স্বরের পরে বিসর্গ থাকলে এবং তার সঙ্গে অ, আ, বর্গীয় ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ নাসিকাধ্বনি কিংবা য, র, ল, ব, হ এর সন্ধি হলে বিসর্গ স্থানে 'র' হয়। যেমন

নিঃ + আকার = নিরাকার, আশীঃ + বাদ = আশীর্বাদ, দুঃ + যোগ = দুর্যোগ ইত্যাদি।

এরূপ নিরাকরণ, জ্যোতির্ময়, প্রাদুর্ভাব, নির্জন, বহির্গত, দুর্লোভ, দুরন্ত ইত্যাদি।

ব্যতিক্রম : ই কিংবা উ ধ্বনির পরের বিসর্গের সঙ্গে 'র' এর সন্ধি হলে বিসর্গের লোপ হয় ও বিসর্গের পূর্ববর্তী হ্রস্ব স্বর দীর্ঘ হয়। যেমন নিঃ + রব = নীরব, নিঃ + রস = নীরস ইত্যাদি।

৪. বিসর্গের পর অঘোষ অল্পপ্রাণ কিংবা মহাপ্রাণ তালব্য ব্যঞ্জন থাকলে বিসর্গের স্থলে তালব্য শিশ ধ্বনি হয়, অঘোষ অল্পপ্রাণ কিংবা অঘোষ মহাপ্রাণ মূর্ধন্য ব্যঞ্জন থাকলে বিসর্গ স্থলে মূর্ধন্য শিশ ধ্বনি হয়, অঘোষ অল্পপ্রাণ কিংবা অঘোষ মহাপ্রাণ দন্ত্য ব্যঞ্জনের স্থলে দন্ত্য শিশ ধ্বনি হয়। যেমন–

ঃ + চ / ছ = শ + চ / ছ নিঃ + চয় = নিশ্চয়,
শিরঃ + ছেদ = শিরশ্ছেদ, ঃ + ট / ঠ = ষ + ট / ঠ
ধনুঃ + টঙ্কার = ধনুষ্টঙ্কার, নিঃ + ঠুর = নিষ্ঠুর।
ঃ + ত / থ = স + ত / থ দুঃ + তর = দুস্তর,
দুঃ + থ = দুস্থ।

৫. অঘোষ অল্পপ্রাণ ও অঘোষ মহাপ্রাণ কণ্ঠ্য কিংবা ওষ্ঠ্য ব্যঞ্জন (ক, খ, প, ফ) পরে থাকলে অ বা আ ধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ দন্ত্য শিশ ধ্বনি (স্) হয় এবং অ বা আ ব্যতীত অন্য স্বরধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ মূর্ধন্য শিশ্ ধ্বনি (ষ) হয়। যেমন–

অ এর পরে বিসর্গ ঃ + ক = স্ + ক নমঃ + কার = নমস্কার।
অ এর পরে বিসর্গ ঃ + খ = স্ + খ পদঃ + খলন = পদস্খলন।
ই এর পরে বিসর্গ ঃ + ক = ষ + ক নিঃ + কর = নিষ্কর।
উ এর পরে বিসর্গ ঃ + ক = ষ + ক দুঃ + কর = দুষ্কর।

এরূপ– পুরস্কার, মনস্কামনা, তিরস্কার, চতুষ্পদ, নিষ্ফল, নিষ্পাপ, দুষ্প্রাপ্য, বহিষ্কৃত, দুষ্কৃতি, আবিষ্কার, চতুষ্কোণ, বাচস্পতি, ভাস্কর ইত্যাদি।

৬. কোনো কোনো ক্ষেত্রে সন্ধির বিসর্গ লোপ হয় না। যেমন–
প্রাতঃ + কাল = প্রাতঃকাল, মনঃ + কষ্ট = মনঃকষ্ট, শিরঃ + পীড়া + শিরঃপীড়া।

৭. যুক্ত ব্যঞ্জন ধ্বনি স্ত, স্থ কিংবা স্প পরে থাকলে পূর্ববর্তী বিসর্গ অবিকৃত থাকে অথবা লোপ পায়। যেমন–
নিঃ + স্তব্ধ = নিঃস্তব্ধ কিংবা নিস্তব্ধ। দুঃ + স্থ = দুঃস্থ কিংবা দুস্থ। নিঃ + স্পন্দ = নিঃস্পন্দ কিংবা নিস্পন্দ।

কয়েকটি বিশেষ বিসর্গ সন্ধির উদাহরণ

বাচঃ + পতি = বাচস্পতি, ভাঃ + কর = ভাস্কর, অহঃ + নিশা = অহর্নিশ, অহঃ + অহ = অহরহ ইত্যাদি।



তবে শিক্ষক নিবন্ধন ও অন্যান্য প্রতিযোগিতামূলক পরীক্ষায় ঘুরে ফিরে কেবল কয়েকটি গুরুত্বপূর্ণ সন্ধিই বেশি আসে। শিক্ষক নিবন্ধন ও অন্যান্য প্রতিযোগিতামূলক পরীক্ষায় ঘুরে ফিরে নিচের কয়েকটি সন্ধিই আসে। তবে আপনি যদি সন্ধি নিয়ে ভালোভাবে পড়তে চান, তবে আপনার জন্য ভালো হবে উপরিউক্ত সন্ধির আলোচনাটি ভালোভাবে রপ্ত করা।

- দ্যুলোক = দিব + লোক।
- রত্নাকর = রত্ন + আকর।
- বাগাড়ম্বর = বাক + আড়ম্বর
- গ্রামান্তর = গ্রাম + অন্তর।
- রবীন্দ্র = রবি + ইন্দ্র।
- পরীক্ষা = পরি + ঈক্ষা।
- পর্যালোচনা = পরি + আলোচনা
- স্বাগত = সু + আগত
- গবেষণা = গো + এষণা।
- পাগলামী = পাগল + আমি
- সিংহাসন = সিংহ + আসন।
- অতীত = অতি + ইত।
- আশাতীত = আশা + অতীত
- গবাক্ষ = গো + অক্ষ।
- কটূক্তি = কটু + উক্তি।
- মানবেতর = মানব + ইতর।
- যথেষ্ট = যথা + ইষ্ট।
- শুভেচ্ছা = শুভ + ইচ্ছা।
- ঢাকেশ্বরী = ঢাকা + ঈশ্বরী।
- নবোদয় = নব + উদয়।
- কথোপকথন = কথা + উপকথন।
- স্বচ্ছ = সু + অচ্ছ।
- সপ্তর্ষি = সপ্ত + ঋষি।
- শীতার্ত = শীত + ঋত।
- জনৈক = জন + এক।
- দৈনিক = দিন + এক।
- প্রত্যেক = প্রতি + এক।
- প্রত্যূষ = প্রতি + ঊষ।
- ব্যর্থ = বি + অর্থ।
- তন্বী = তনু + ঈ।
- বাগদান = বাক্ + দান
- বনৌষধি = বন + ওষধি। (নোট : অ+ও = ঔ)
- মহৌষধ = মহা + ঔষধ। (নোট : আ+ঔ = ঔ)
- প্রত্যহ = প্রতি + অহ।
- অত্যন্ত = অতি + অন্ত।

Scanned with CamScanner

- ইত্যাদি = ইতি + আদি।
- উন্নত = উৎ + নত
- উন্নীত = উৎ + নীত
- উচ্ছ্বাস = উৎ + শ্বাস।
- দোলনা = দুল্ + না
- লবণ = লো + অন
- নায়ক = নৈ + অক
- গায়ক = গৈ + অক
- দর্শনীয় = দৃশ + অনীয়
- মোড়ক = মুড় + অক
- পরিচ্ছেদ = পরি + ছেদ।
- চলচ্চিত্র = চলৎ + চিত্র।
- সংস্কৃতি = সম্ + কৃতি
- ষড়ঋতু = ষট্ + ঋতু।
- ষড়যন্ত্র = ষট্ + যন্ত্র
- বৃষ্টি = বৃষ্ + তি।
- পদ্ধতি = পদ্ + হতি।
- উল্লাস = উৎ + লাস।
- ক্ষুধার্ত = ক্ষুধা + ঋত।
- প্রাতঃকাল = প্রাতঃ + কাল।
- প্রাতরাশ = প্রাতঃ + আশ।
- মনোযোগ = মনঃ + যোগ।
- মনঃকষ্ট = মনঃ + কষ্ট।
- মনস্তাপ = মনঃ + তাপ
- শিরশ্ছেদ = শিরঃ + ছেদ।
- ততোধিক = ততঃ + অধিক।
- অহর্নিশ = অহঃ + নিশা।
- অহরহ = অহঃ + অহ
- পরস্পর = পর + পর।
- অন্যান্য = অন্য + অন্য।
- বনস্পতি = বন + পতি।
- পরিষ্কার = পরি + কার।
- পুরস্কার = পুরঃ + কার।
- পুনরায় = পুনঃ + আয়।
- দুরবস্থা = দুঃ + অবস্থা।
- আশীর্বাদ = আশীঃ + বাদ।
- মনীষা = মনস + ঈষা।
- যাচ্ছেতাই = যা + ইচ্ছা + তাই।
- সংবিধান = সম্ + বিধান।
- সংসার = সম্ + সার।
- সংবাদ = সম্ + বাদ।
- বিচ্ছেদ = বি + ছেদ
- জগদীশ = জগৎ + ঈশ
- দিগন্ত = দিক্ + অন্ত
- ষড়ানন = ষট্ + আনন
- তদবধি = তৎ + অবধি
- বিচ্ছিন্ন = বি + ছিন্ন
- তদ্ধিত = তদ্ + হিত
- উল্লাস = উৎ + লাস
- এদ্দূর = এত + দূর
- উদ্যোগ = উৎ + যোগ
- উন্নয়ন = উৎ + নয়ন
- মৃন্ময় = মৃৎ + ময়
- অলংকার = অলম্ + কার
- সংগীত = সম্ + গীত
- দংশন = দম্ + শন
- সংলাপ = সম্ + লাপ
- সঞ্চয় = সম্ + চয়
- ক্ষুৎপিপাসা = ক্ষুধ্ + পিপাসা
- ষষ্ঠ = ষষ্ + থ
- কাঁদুনি = কাঁদ + উনি
- চিরুনি = চির্ + উনি
- তাৎক্ষণিক = তৎক্ষণ + ইক
- রান্না = রাঁধ্ + না
- বৈঠক = বৈঠ + ক
- সদাশয় = সৎ + আশয়
- দর্শক = দৃশ্ + অক
- বর্জন = বৃজ্ + অন
- অধোগতি = অধঃ + গতি
- তপোবন = তপঃ + বন
- নীরস = নিঃ + রস
- দুর্নীতি = দুঃ + নীতি
- দুর্যোগ = দুঃ + যোগ
- নিশ্চয় = নিঃ + চয়
- শিরশ্ছেদ = শিরঃ + ছেদ
- ইতস্তত = ইতঃ + তত
- দুশ্চরিত্র = দুঃ + চরিত্র
- চতুষ্পদ = চতুঃ + পদ
- আশ্চর্য = আ + চর্য
- ষোড়শ = ষট্ + দশ
- নিরাময় = নিঃ + আময় (সূত্রঃ ভাষা শিক্ষা- হায়াৎ মামুদ)
- নিরাময় = নির্ + আময় (সূত্রঃ বাংলা একাডেমি বাংলা ব্যবহারিক অভিধান)

Scanned with CamScanner CamScanner

MCQ Test

১) পরস্পর কাছাকাছি ধ্বনি বা বর্ণের মিলনকে বলে?
ক) সন্ধি খ) সমাস
গ) কারক ঘ) প্রত্যয় উত্তর: ক

২) সন্ধির প্রধান সুবিধা কি?
ক) উচ্চারণের সুবিধা খ) লেখার সুবিধা
গ) শোনার সুবিধা ঘ) পড়ার সুবিধা উত্তর: ক

৩) সন্ধির উদ্দেশ্য কোনটি?
ক) শব্দের মিলন খ) ধ্বনিগত মাধুর্য সৃষ্টি
গ) শব্দগত মাধুর্য সৃষ্টি ঘ) বর্ণের মিল উত্তর: খ

৪) কোন বাংলা পদের সাথে সন্ধি হয় না?
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) ক্রিয়া ঘ) অব্যয় উত্তর: গ

৫) 'পরীক্ষা' সন্ধি বিচ্ছেদ কি হবে?
ক) পরী+ঈক্ষা খ) পরি+ইক্ষা
গ) পরী+ঈক্ষা ঘ) পরি+ঈক্ষা উত্তর: ঘ

৬) 'রবীন্দ্র' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কি?
ক) রবি + ইন্দ্র খ) রবি + ঈন্দ্র
গ) রবী + ইন্দ্র ঘ) রবী + ঈন্দ্র উত্তর: ক

৭) 'পর্যালোচনা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ-
ক) পর্য+আলোচনা খ) পরি+আলোচনা
গ) পর্যা+আলোচনা ঘ) পর্যা+আলোচনা উত্তর: খ

৮) 'স্বাগত'এর সন্ধি বিচ্ছেদ কি?
ক) সু+আগত খ) স্বা+গত
গ) সু+গত ঘ) সা+আগত উত্তর: ক

৯) 'উল্লাস'-এর সন্ধি বিচ্ছেদ-
ক) উৎ+লাস খ) উদ+লাস
গ) উল+লাস ঘ) উঃ+লাস উত্তর: ক

১০) 'উন্নত' শব্দের সন্ধিবিচ্ছেদ হচ্ছে-
ক) উৎ+নীত খ) উৎ+নত
গ) উন্নী+ত ঘ) উন+নত উত্তর: খ

১১) 'দ্যুলোক' শব্দের যথার্থ সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) দ্যুঃ+লোক খ) দিব্+লোক
গ) দ্বি+লোক ঘ) দ্বি+লোক উত্তর: খ

১২) সচ্চরিত্র এর সন্ধি বিচ্ছেদ কি?
ক) সাচ্চ + চরিত্র খ) সৎ + চরিত্র
গ) সচ্চ + বিত্র ঘ) সৎ + চারিত্রিক উত্তর: খ

১৩) কোনটি 'নিরাময়' শব্দের সন্ধি বিচ্ছেদ?
ক) নিরা+ময় খ) নির+ময়
গ) নির+আময় ঘ) নিঃ+ময় উত্তর: খ

১৪) 'সংবাদ'-এর সন্ধিবিচ্ছেদ কি?
ক) সং+বাদ খ) সং+ আবাদ
গ) সম্+বাদ ঘ) সুম+বাদ উত্তর: ক

১৫) 'অলংকার' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কি?
ক) অলম্+কার খ) অলং+কার
গ) অ+লঙ্কার ঘ) অলঙ্ক+কার উত্তর: ক

১৬) 'দর্শনীয়' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) দৃশ+অনীয় খ) দৃশ্য+অনীয়
গ) দৃশ্য+নীয় ঘ) দৃশ্য+নীয় উত্তর: ক

১৭) 'সাহচর্য' শব্দের শুদ্ধ গঠন কোনটি?
ক) সাহ+চর+র্য খ) সহচর+য-ফলা
গ) সহচর+য ঘ) সাহচর+য উত্তর: গ

১৮) 'প্রাতরাশ' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কি?
ক) প্রাত + রাশ খ) প্রাতঃ + আশ
গ) প্রাতঃ + রাশ ঘ) প্রাঃ+রাশ উত্তর: গ

১৯) 'অহরহ' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কি?
ক) অহঃ + রহ খ) অহ + রহ
গ) অহ + অহ ঘ) অহঃ+অহ উত্তর: গ



Scanned with CamScanner CamScanner

৬. কারক বিভক্তি [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. 'পাপে বিরত থাকো'– কোন কারকে কোন বিভক্তি? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. অপাদানে ৭মী খ. করণ কারকে ৭মী
গ. অধিকরণে ৭মী ঘ. কর্ম কারকে ৭মী উ. ক

২. কোনটি সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তির উদাহরণ? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. ভিক্ষা দাও দেখিলে ভিক্ষুক খ. ভিক্ষা দাও দুয়ারে ভিক্ষুক
গ. ভিক্ষুককে ভিক্ষা দাও ঘ. কোনোটির নয় উ. গ

৩. সম্বন্ধ পদে কোন বিভক্তি যুক্ত হয়? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. কে, রে খ. প্রথমা, শূন্য
গ. র, এর ঘ. এ, তে উ. গ

৪. বিভক্তিহীন নাম শব্দকে বলে– *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. প্রাতিপদিক খ. সাধিত শব্দ
গ. নামপদ ঘ. ক্রিয়াপদ উ. ক

৫. 'আমার গানের মালা আমি করব কারে দান।" বাক্যটিতে 'কারে–শব্দটির কারক ও বিভক্তি কোনটি? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. কর্তায় সপ্তমী খ. কর্মে সপ্তমী
গ. করণে সপ্তমী ঘ. অপাদানে সপ্তমী উ. খ

৬. উদ্যম বিহনে কার পুরে মনোরথ– এখানে 'উদ্যম বিহনে' কোন কারকে কোন বিভক্তি? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. কর্তৃকারকে ৭মী খ. অধিকরণে ৭মী
গ. অপাদানে ১ম ঘ. কর্মে ৭মী উ. ঘ

৭. 'পড়ায় আমার মন বসে না'– এখানে 'পড়ায়' কোন কারকে কোন বিভক্তি? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. কর্ম কারকে ৭মী বিভক্তি খ. অধিকরণ কারকে ৭মী বিভক্তি
গ. আপাদান কারকে ৭মী বিভক্তি
ঘ. করণ কারকে ৭মী বিভক্তি উ. খ

৮. 'গাড়ী 'স্টেশন' ছাড়ল- এখানে 'স্টেশন' কোন কারকে কোন বিভক্তি? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
ক. কর্মকারকের শূন্য বিভিক্তি খ. অধিকরণ কারকের শূন্য
গ. অপাদান কারকের শূন্য ঘ. করণ কারকের শূন্য উ. গ

৯. দোষী ছাত্রটিকে জরিমানা করা হয়েছে। –এখানে 'ছাত্রটিকে' কোন কারকে কোন বিভক্তি? *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. কর্তায় দ্বিতীয়া খ. করণে দ্বিতীয়া
গ. অধিকরণে দ্বিতীয়া ঘ. কর্মকারকে দ্বিতীয়া উ. ঘ

১০. কারক নির্ণয় করুন- লোভে পাপ পাপে মৃত্যু। *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. কর্মকারক খ. সম্প্রদান কারক
গ. অপাদান কারক ঘ. অধিকরণ কারক উ. গ

১১. 'গাড়ি স্টেশন ছাড়লো'- কোন কারক? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. অধিকরণ কারক খ. করণ কারক
গ. অপাদান কারক ঘ. কর্ম কারক উ. গ

স্কুল পর্যায়

১. 'পড়াশোনায় মন দাও' বাক্যে পড়াশোনায় শব্দটি কোন কারকে কোন বিভক্তি? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. ঘ

২. "এবারের সংগ্রাম, স্বাধীনতার সংগ্রাম"– বাক্যটিতে স্বাধীনতার শব্দটি কোন কারকে কোন বিভক্তি? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. কর্মে ষষ্ঠী খ. নিমিত্তার্থে ষষ্ঠী
গ. করণে ষষ্ঠী ঘ. সম্প্রদানে ষষ্ঠী উ. গ

৩. 'পুকুরে মাছ আছে' – এখানে পুকুর কোন অধিকরণ কারক? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. বৈষয়িক অধিকরণ খ. ভাবাধিকরণ
গ. অভিব্যাপক অধিকরণ ঘ. ঐকদেশিক অধিকরণ উ. গ

৪. ভাবে সপ্তমীর উদাহরণ কোনটি? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. আমাদের সেনারা যুদ্ধে অপরাজেয়
খ. একদা প্রভাতে ভানুর প্রভাতে ফুটিল কমল কলি
গ. চন্দ্রোদয়ে কুমুদিনী বিকশিত হয়
ঘ. প্রভাতে উঠিল রবি লোহিত বরণ উ. গ

৫. 'পাহাড়ের ঢাল বেয়ে জল নামছে'– বাক্যে 'জল' কোন কারকে কোন বিভক্তি? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. কর্তৃকারকে ৭মী খ. কর্মকারকে শূন্য
গ. কর্তৃকারকে শূন্য ঘ. করণ কারকে শূন্য উ. খ

৬. 'তিলে তৈল হয়'– 'তিলে' কোন কারকে কোন বিভক্তি? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. কর্মকারকে ৭মী খ. অপাদান কারকে ৭মী
গ. করণ কারকে ৭মী ঘ. অধিকরণ কারকে ৭মী উ. খ

৭. 'পাপে বিরত থাকো' কোন কারকে কোন বিভক্তি? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. অপাদান কারকে সপ্তমী বিভক্তি
খ. করণ কারকে সপ্তমী বিভক্তি
গ. অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি
ঘ. কর্ম কারকে সপ্তমী বিভক্তি উ. ক

৮. 'ডাক্তার' ডাক' কোন কারকে কোন বিভক্তি? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. কর্তৃকারকে ষষ্ঠী বিভক্তি খ. কর্ম কারকে শূন্য বিভক্তি
গ. করণ কারকে শূন্য বিভক্তি ঘ. কর্তৃকারকে শূন্য বিভক্তি উ. খ

৯. 'আকাশে চাঁদ উঠেছে'। এখানে 'আকাশে' কোন প্রকারের অধিকরণ? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. ভাবাধিকরণ খ. ঐকদেশিক অধিকরণ
গ. কালাধিকরণ ঘ. বৈষয়িক উ. খ

Scanned with CamScanner CamScanner

১০. 'জিজ্ঞাসিব জনে জনে'– এখানে 'জনে জনে' কোন কারকে কোন বিভক্তি? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. করণে ৭ম খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. খ

১১. ফুলে ফুলে ঘর ভরেছে। কোন কারকে কোন বিভক্তি? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. কর্ম কারকে সপ্তমী বিভক্তি
খ. আপাদান কারকে সপ্তমী বিভক্তি
গ. করণ কারকে সপ্তমী বিভক্তি
ঘ. অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি উ. গ

১২. 'পরীক্ষা' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? *[৯ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. পরী + ইক্ষা খ. পরি + ঈক্ষা
গ. পারী + ঈক্ষা ঘ. পরি + ইক্ষা উ. খ

স্কুল পর্যায়-২

১. 'গরুতে দুধ দেয়' বাক্যে 'গরুতে' কোন কারকে কোন বিভক্তি? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. করণে সপ্তমী খ. কর্তৃকারকে সপ্তমী
গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী উ. গ

২. 'অহঙ্কার পতনের মূল' বাক্যে 'অহঙ্কার' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য উ. খ

৩. 'তিলে তৈল হয়' বাক্যে 'তিলে' কোন কারক? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. কর্ম কারক খ. করণ কারক
গ. অপাদান কারক ঘ. অধিকরণ কারক উ. গ

৪. 'রেলগাড়িটি স্টেশন ছেড়েছে' বাক্যে 'স্টেশন' কোন কারকে কোন বিভক্তি? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. অপাদানে শূন্য খ. করণে শূন্য
গ. কর্তায় শূন্য ঘ. অধিকরণে শূন্য উ. ক

৫. বিভক্তি যুক্ত শব্দকে কী বলে? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. পদ খ. প্রাতিপদিক
গ. অক্ষর ঘ. বাক্য উ. ক

৬. অপ্রাণিবাচক শব্দের উত্তর-এ কোন বিভক্তি হবে? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. কে খ. রে
গ. তে ঘ. শূন্য উ. ঘ

৭. খিলিপান (এর ভিতরে) দিয়ে ওষুধ খাবে– কোন কারক? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. করণ কারক খ. অপাদান কারক
গ. অধিকরণ কারক ঘ. কর্ম কারক উ. গ

৮. সামীপ্য অর্থে কোন অধিকরণ হয়? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. অভিব্যাপক খ. আধারাধিকরণ
গ. ঐকদেশিক ঘ. কালাধিকরণ উ. খ

৯. 'আমি কি ডরাই সখী ভিখারি রাঘবে?'– 'রাঘবে' কোন কারক কোন বিভক্তি? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী
গ. করণে ৭মী ঘ. অপাদানে ৭মী উ. খ

১০. প্রাতিপদিক কী? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. সাধিত শব্দ খ. বিভক্তিযুক্ত শব্দ
গ. বিভক্তিহীন নাম শব্দ ঘ. প্রত্যয়যুক্ত শব্দ উ. গ

১১. 'ফুলে ফুলে ঘর ভরেছে'– কোন কারকে কোন বিভক্তি? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. কর্মে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. খ

১২. 'আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে'– এখানে 'রাঘবে' কোন কারকে কোন বিভক্তি? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. অপাদানে ৭মী খ. কর্তৃকারকে ৭মী
গ. অধিকরণে ৭মী ঘ. কর্মে ৭মী উ. খ

১৩. 'ভিখারিকে ভিক্ষা দাও'– কোন কারকে কোন বিভক্তি? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. কর্মে ৪র্থী খ. করণে ৪র্থী
গ. সম্প্রদানে ৪র্থী ঘ. অপাদানে ৪র্থী উ. গ

১৪. 'ফুলে ফুলে ঘর ভরেছে'– বাক্যে 'ফুলে ফুলে' কোন কারক কোন বিভক্তি? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. কর্মে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. খ

১৫. আমার যাওয়া হয়নি– 'আমার' কোন কারকে কোন বিভক্তি *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. কর্মে শূন্য খ. কর্তায় শূন্য
গ. কর্তায় ষষ্ঠী ঘ. কর্মে ষষ্ঠী উ. গ

১৬. জল পড়ে, পাতা নড়ে– নিম্নরেখা শব্দটি কোন কারকে কোন বিভক্তি? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. কর্তায় শূন্য খ. অপাদানে শূন্য
গ. কর্মে শূন্য ঘ. করণে শূন্য উ. ক

১৭. 'অন্ধজনে দেহ আলো।' –বাক্যে 'অন্ধজনে' কোন কারক কোন বিভক্তি? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. কর্মে ৭মী খ. কর্মে ২য়া
গ. সম্প্রদানে ৭মী ঘ. সম্প্রদানে ৪র্থী উ. গ

বিস্তারিত আলোচনা

☐ বিভক্তি নির্ণয়ের সহজ কৌশল

বাক্যের একটি শব্দের সঙ্গে আরেকটি শব্দের সম্পর্ক স্থাপনের জন্য শব্দগুলোর সঙ্গে কিছু শব্দাংশ যুক্ত করতে হয়। এই শব্দাংশগুলোকে বলা হয় বিভক্তি। যেমন- মা শিশু চাঁদ দেখা।

উপরের বাক্যটিতে কোন শব্দের সঙ্গে বিভক্তি যুক্ত করা হয়নি। এর ফলে বাক্যের শব্দগুলোর মধ্যে কোন সম্পর্ক সৃষ্টি হয়নি, এবং এগুলো দিয়ে বাক্যও হয়ে উঠতে পারেনি। এখন শিশু'র সঙ্গে কে বিভক্তি যুক্ত করে দেখা'র সঙ্গে ছেন' বিভক্তি যোগ করলে বাক্যটি হবে- মা শিশুকে চাঁদ

Scanned with CamScanner CamScanner

দেখাচ্ছেন। অর্থাৎ, শব্দগুলোর মধ্যে পারস্পরিক সম্পর্ক সৃষ্টির মাধ্যমে একটি বাক্য সম্পূর্ণ হলো এবং এখন আর এগুলো শব্দ নয়, এগুলো প্রত্যেকটি একেকটি পদ।

শব্দের সঙ্গে বিভক্তি যুক্ত হলে তখন সেগুলোকে বলা হয় পদ। বাক্যে বিভক্তি ছাড়া কোন পদ থাকে না বলে ধরা হয়। তাই কোন শব্দে কোন বিভক্তি যোগ করার প্রয়োজন না হলেও ধরে নেয়া হয় তার সঙ্গে একটি বিভক্তি যুক্ত হয়েছে এবং এই বিভক্তিটিকে বলা হয় শূন্য বিভক্তি। উপরের বাক্যটিতে 'মা' ও 'চাঁদ' শব্দ দুটির সঙ্গে কোন বিভক্তি যোগ করার প্রয়োজন হয়নি। তাই ধরে নিতে হবে এই শব্দ দুটির সঙ্গে শূন্য বিভক্তি যোগ হয়ে এগুলো বাক্যে ব্যবহৃত হয়েছে এবং এই দুটিও এখন পদ।

মৌলিক বাংলা শব্দ বিভক্তিগুলো হলো- শূন্য বিভক্তি (০), এ, য়, তে, কে, রে, র(এর)। তবে এছাড়াও কিছু কিছু অব্যয় শব্দ কারক সম্বন্ধ নির্ণয়ের জন্য ব্যবহৃত হয়। এগুলো হলো- দ্বারা, দিয়া, কর্তৃক, হতে, থেকে, চেয়ে, ইত্যাদি। বাংলা শব্দ বিভক্তি ৭ প্রকার-

বিভক্তির নাম	বিভক্তি
প্রথমা বা শূন্য বিভক্তি	০, অ, রা, গণ
দ্বিতীয়া বিভক্তি	কে, রে, ব্যাপিয়া
তৃতীয়া বিভক্তি	দ্বারা, দিয়া (দিয়ে), কর্তৃক
চতুর্থী বিভক্তি	কে, রে, নিমিত্ত, জন্য
পঞ্চমী বিভক্তি	হতে (হইতে), থেকে, চেয়ে
ষষ্ঠী বিভক্তি	র, এর
সপ্তমী বিভক্তি	এ, য়, তে

- দান, সেবা, ভক্তি অর্থে 'কে' অথবা 'রে' বিভক্তি যুক্ত হলে তা চতুর্থী বিভক্তি হবে। অর্থাৎ, চতুর্থী বিভক্তি শুধু সম্প্রদান কারকে যুক্ত হয়। নিচের উদাহরণগুলো লক্ষ করুন–
  'ভিক্ষুককে ভিক্ষা দাও' – সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি
  'আমাকে একটি বই দাও' – কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি
  'তোমারে টাকাটি ভিক্ষা দিলাম' – সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি
  'আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা' – কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি
- বচনভেদে বিভক্তির আকৃতি পরিবর্তিত হয়। তবে কোন বিভক্তি চিহ্নিত করার জন্য উপরের বিভক্তির তালিকাটি মনে রাখলেই চলবে।
- বিভক্তির নাম লেখার সময় কখনো সংক্ষিপ্ত আকারে লেখা যাবে না। অর্থাৎ দ্বিতীয়া বিভক্তিকে কখনোই ২য়া বিভক্তি লেখা যাবে না।
- বিভক্তির তালিকাটি ভালোভাবে আত্মস্থ করতে হবে, প্রয়োজন হলে মুখস্থ করতে হবে।
- শব্দ বিভক্তি – ৭ প্রকার।

❐ কারক

কারক শব্দের আক্ষরিক অর্থ 'যা ক্রিয়া সম্পাদন করে'। বাক্যের ক্রিয়াপদের সঙ্গে নামপদের সম্পর্ককে কারক বলে। অর্থাৎ, বাক্যের ক্রিয়াপদের সঙ্গে অন্যান্য পদের যে সম্পর্ক, তাকে কারক বলে। কারক ৬ প্রকার-

১. **কর্তৃকারক** : বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে, তাকে ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক বলে। ক্রিয়াকে 'কে/ কারা' দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, সেটিই কর্তৃকারক। (কর্মবাচ্য ও ভাববাচ্যের বাক্যে এই নিয়ম খাটবে না। সেক্ষেত্রে একটু সাবধানতা অবলম্বন করতে হবে।)
উদাহরণ- গরু ঘাস খায়। (কে খায়) : কর্তৃকারকে শূন্য বিভক্তি

২. **কর্ম কারক** : যাকে অবলম্বন করে কর্তা ক্রিয়া সম্পাদন করে, তাকে ক্রিয়ার কর্ম বা কর্মকারক বলে। ক্রিয়াকে 'কী/ কাকে' দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, সেটিই কর্মকারক। বাক্যে দুইটি কর্ম থাকলে বস্তুবাচক কর্মটিকে প্রধান বা মুখ্য কর্ম ও ব্যক্তিবাচক কর্মটিকে গৌণ কর্ম বলে। তবে দুইটি একই ধরনের কর্ম থাকলে প্রথম কর্মটিকে উদ্দেশ্য কর্ম ও দ্বিতীয়টিকে বিধেয় কর্ম বলে। যেমন- 'দুধকে মোরা দুগ্ধ বলি, হলুদকে বলি হরিদ্রা'। এখানে 'দুধ' ও 'হলুদ' উদ্দেশ্য কর্ম, 'দুগ্ধ' ও 'হরিদ্রা' বিধেয় কর্ম। কর্তা নিজে কাজ না করে কর্মকে দিয়ে কাজ করিয়ে নিলে তাকে প্রযোজক ক্রিয়ার কর্ম বলে। ক্রিয়াপদ ও কর্মপদ একই ধাতু থেকে গঠিত হলে তাকে সমধাতুজ কর্ম বলে। [ক্রিয়াপদ] উদাহরণ-

বাবা আমাকে একটি ল্যাপটপ কিনে দিয়েছেন। (কাকে দিয়েছেন? আমাকে। কী দিয়েছেন? ল্যাপটপ) : আমাকে- কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি (গৌণ কর্ম), ল্যাপটপ : কর্মকারকে শূন্য বিভক্তি (মুখ্য কর্ম)

ডাক্তার ডাক। (কাকে ডাক?) : কর্মকারকে শূন্য বিভক্তি

আমাকে একটা বই দাও। (কাকে দাও? আমাকে। কী দাও? বই) : আমাকে- কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি (গৌণ কর্ম), বই- কর্মকারকে শূন্য বিভক্তি (মুখ্য কর্ম)

আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা। (কাকে করিবে? আমারে) : কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি

তোমার দেখা নাই। (কার দেখা? তোমার) : কর্মকারকে ষষ্ঠী বিভক্তি

জিজ্ঞাসিবে জনে জনে। (কাকে জিজ্ঞাসিবে? জনে জনে) : কর্মকারকে সপ্তমী বিভক্তি

৩. **করণ কারক** : করণ শব্দের অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। যে উপাদান বা উপায়ে ক্রিয়া সম্পাদন করা হয়, তাকে করণ কারক বলে। ক্রিয়াকে 'কী দিয়ে/ কী উপায়ে' দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাই করণ কারক। উদাহরণ-

পিয়াল কলম দিয়ে লিখছে। (কী দিয়ে লেখে? কলম দিয়ে) : করণ কারকে তৃতীয়া বিভক্তি

কীর্তিমান হয় সাধনায়। (কী উপায়ে হয়? সাধনায়) : করণ কারকে সপ্তমী বিভক্তি

Scanned with CamScanner CamScanner

ডাকাতেরা গৃহকর্তার মাথায় লাঠি মেরেছে। (কী দিয়ে মেরেছে? লাঠি) : করণ কারকে শূন্য বিভক্তি

লাঙ্গল দিয়ে জমি চাষ করা হয়। (কী দিয়ে চাষ করা হয়? লাঙ্গল দিয়ে) : করণ কারকে তৃতীয়া বিভক্তি

মন দিয়ে পড়াশুনা কর। (কী উপায়ে/ দিয়ে কর? মন দিয়ে) : করণ কারকে তৃতীয়া বিভক্তি

ফুলে ফুলে ঘর ভরেছে। (কী দিয়ে ভরেছে? ফুলে ফুলে) : করণ কারকে সপ্তমী বিভক্তি

শিকারি বিড়াল গোঁফে চেনা যায়। (কী দিয়ে/ উপায়ে চেনা যায়? গোঁফে) : করণ কারকে সপ্তমী বিভক্তি

সাধনায় সব হয়। (কী উপায়ে সব হয়? সাধনায়) : করণ কারকে সপ্তমী বিভক্তি

এ সুতায় কাপড় হয় না। (কী দিয়ে হয় না? সুতায়) : করণ কারকে সপ্তমী বিভক্তি

☞ **৪. সম্প্রদান কারক :** যাকে স্বত্ব ত্যাগ করে কিছু দেয়া হয়, তাকে সম্প্রদান কারক বলে। 'কাকে দান করা হল' প্রশ্নের উত্তরই হলো সম্প্রদান কারক। সম্প্রদান কারকের নিয়ম অন্যান্য নিয়মের মতোই সংস্কৃত ব্যাকরণ থেকেই এসেছে। তবে অনেক বাংলা ব্যাকরণবিদ/ বৈয়াকরণ একে আলাদা কোন কারক হিসেবে স্বীকার করেন না। তারা একেও কর্ম কারক হিসেবেই গণ্য করেন। কর্মকারক ও সম্প্রদান কারকের বৈশিষ্ট্যও একই। কেবল স্বত্ব ত্যাগ করে দান করার ক্ষেত্রে কর্মকারক হিসেবে গণ্য না করে কর্মপদটিকে সম্প্রদান কারক হিসেবে গণ্য করা হয়। সম্প্রদান কারকে দ্বিতীয়া বিভক্তির বদলে চতুর্থী বিভক্তি যুক্ত হয়। চতুর্থী বিভক্তি আর কোথাও যুক্ত হয় না। অর্থাৎ 'কে/ রে' বিভক্তি দুটি সম্প্রদান কারকের সঙ্গে থাকলে তা চতুর্থী বিভক্তি। অন্য কোন কারকের সঙ্গে থাকলে তা দ্বিতীয়া বিভক্তি। তবে কোথাও নিমিত্তার্থে 'কে' বিভক্তি যুক্ত হলে তা চতুর্থী বিভক্তি হয়। যেমন- বেলা যে পড়ে এল, জলকে চল। (নিমিত্তার্থে চতুর্থী বিভক্তি)। উদাহরণ-

ভিখারিকে ভিক্ষা দাও। (কাকে দান করা হল? ভিখারিকে।) : সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি

অসহায়কে খাদ্য দাও। (কাকে দান করা হল? অসহায়কে।) : সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি

অন্ধজনে দেহ আলো, মৃতজনে দেহ প্রাণ। (কাকে দান করা হল? অন্ধজনে।) : সম্প্রদান কারকে সপ্তমী বিভক্তি

সমিতিতে চাঁদা দাও। (কাকে দান করা হল? সমিতিতে।) : সম্প্রদান কারকে সপ্তমী বিভক্তি

☞ **৫. অপাদান কারক :** যা থেকে কোন কিছু গৃহীত, বিচ্যুত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত, রক্ষিত, ভীত হয়, তাকে অপাদান কারক বলে। অর্থাৎ, অপাদান কারক থেকে কোন কিছু বের হওয়া বোঝায়। 'কি হতে বের হল' প্রশ্নের উত্তরই অপাদান কারক। উদাহরণ-

গাছ থেকে পাতা পড়ে। (কী হতে বের হল/ পড়ল? গাছ থেকে) : অপাদান কারকে পঞ্চমী বিভক্তি

ভক্তি থেকে মুক্তি মেলে। (কী হতে বের হল? ভক্তি থেকে) : অপাদান কারকে পঞ্চমী বিভক্তি

জমি থেকে ফসল পাই। (কী হতে বের হল? জমি থেকে) অপাদান কারকে পঞ্চমী বিভক্তি

দেশ থেকে হায়েনারা চলে গেছে। (কী হতে বের হল? দে থেকে) : অপাদান কারকে পঞ্চমী বিভক্তি

বিপদ থেকে বাঁচাও। (কী হতে বাঁচাও? বিপদ হতে) : অপাদ কারকে পঞ্চমী বিভক্তি

বাঘকে ভয় পায় না কে? (কী হতে ভয় বের হল? বাঘ হতে অপাদান কারকে দ্বিতীয়া বিভক্তি

মনে পড়ে সেই জৈষ্ঠ্যের দুপুরে পাঠশালা পলায়ন। (কী হ বের হল/ পলায়ন? পাঠশালা হতে) : অপাদান কারকে শূ বিভক্তি

বাবাকে বড্ড ভয় পাই। (কী হতে ভয় বের হয়? বাবা হতে অপাদান কারকে দ্বিতীয়া বিভক্তি

তিনি চট্টগ্রাম থেকে এসেছেন। (কী হতে বের হয়েছে এসেছেন? চট্টগ্রাম হতে) : অপাদান কারকে পঞ্চমী বিভক্তি

বিমান থেকে বোমা ফেলা হয়েছিলো। (কী হতে বের হল/ ফে হল? বিমান হতে) : অপাদান কারকে পঞ্চমী বিভক্তি

☞ **৬. অধিকরণ কারক :** ক্রিয়া সম্পাদনের কাল এবং আধারে (সময় এবং স্থানকে) অধিকরণ কারক বলে। ক্রিয়াকে 'কোথা কখন/ কী বিষয়ে' দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা অধিকরণ কারক। উদাহরণ-

পুকুরে মাছ আছে। (কোথায় আছে? পুকুরে) : অধিকরণ কারে সপ্তমী বিভক্তি

বনে বাঘ আছে। (কোথায় আছে? বনে) : অধিকরণ কারে সপ্তমী বিভক্তি

ঘাটে নৌকা বাঁধা আছে। (কোথায় বাঁধা আছে? ঘাটে) : অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি

রাজার দুয়ারে হাতি বাঁধা। (কোথায় বাঁধা? দুয়ারে) : অধিকর কারকে সপ্তমী বিভক্তি

সকালে সূর্য ওঠে। (কখন ওঠে? সকালে) : অধিকরণ কারে সপ্তমী বিভক্তি

এ বাড়িতে কেউ নেই। (কোথায় কেউ নেই? বাড়িতে) : অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি

নদীতে পানি আছে। (কোথায় আছে? নদীতে) : অধিকর কারকে সপ্তমী বিভক্তি

রবিন অঙ্কে কাঁচা। (কী বিষয়ে কাঁচা? অঙ্কে) : অধিকরণ কারে সপ্তমী বিভক্তি

সজিব ব্যাকরণে ভাল। (কী বিষয়ে কাঁচা? ব্যাকরণে) : অধিকর কারকে সপ্তমী বিভক্তি

ঘরের মধ্যে কে রে? (কোথায়? ঘরে) : অধিকরণ কারে অনুসর্গ মধ্যে

বাড়ি থেকে নদী দেখা যায়। (কোথায় থেকে দেখা যায়? বা থেকে) : অধিকরণে পঞ্চমী বিভক্তি

* শেষ উদাহরণটিতে নদী বাড়ি থেকে বের হয়নি, তাই এ অপাদান কারক নয়। নদী বাড়ি থেকেই দেখা যায়। অর্থা ক্রিয়াটি বাড়িতেই ঘটছে, তাই এটি অধিকরণ কারক।

Scanned with CamScanner CamScanner

অধিকরণ কারকের প্রকারভেদ : অধিকরণ কারক ৩ প্রকার। যথা-

ক। ভাবাধিকরণ কারক
খ। কালাধিকরণ কারক
গ। আধারাধিকরণ কারক

ক। **ভাবাধিকরণ কারক :** যদি কোনো ক্রিয়াবাচক বিশেষ্য (ইংরেজিতে যাকে 'Gerund' বলা যায়) অন্য ক্রিয়ার কোনোরূপ ভাবের অভিব্যক্তি প্রকাশ করে (অর্থাৎ 'Gerund' এর মতো কাজ করে), তাকে ভাবাধিকরণ কারক বলে। যেমন-

কান্নায় শোক মন্দীভূত হয়।
সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়।

খ। **কালাধিকরণ কারক :** ক্রিয়া সম্পাদনের কাল বা সময়কে কালাধিকরণ কারক বলে। যেমন-

প্রভাতে সূর্য ওঠে।
সে *গতকাল* এসেছে।

গ। **আধারাধিকরণ কারক :** 'আধার' অর্থ 'স্থান'। যে কারক দ্বারা কোনো স্থানকে বোঝায়, তাকে আধারাধিকরণ কারক বলে।

আধারাধিকরণ কারক আবার তিন প্রকার। যথা- ১) ঐকদেশিক আধারাধিকরণ, ২) অভিব্যাপক আধারাধিকরণ, ৩) বৈষয়িক আধারাধিকরণ।

১) **ঐকদেশিক আধারাধিকরণ :** বিরাট বা বিশাল কোনো স্থানের সম্পূর্ণ অংশে ক্রিয়া সংঘটিত না হয়ে আংশিক বা একটি অংশে ক্রিয়া সংঘটিত হলে তাকে ঐকদেশিক আধারাধিকরণ বলে। যেমন-

আকাশে চাঁদ উঠেছে। (আকাশের কোনো এক অংশে)
বনে বাঘ আছে। (বনের যে কোনো এক অংশে)
পুকুরে মাছ আছে । (পুকুরের যে কোনো এক স্থানে)
নদীতে মাছ আছে । (নদীর যে কোনো এক স্থানে)

সামীপ্য বা নৈকট্য অর্থেও ঐকদেশিক আধারাধিকরণ হয়। যেমন-

রাজার *দুয়ারে* হাতি বাঁধা। (দুয়ারের কাছে)
ঘাটে নৌকা বাঁধা আছে। (ঘাটের কাছে)

২) *অভিব্যাপক আধারাধিকরণ :* উদ্দিষ্ট বস্তু যদি সমগ্র স্থানে বিরাজমান বা বিদ্যমান থাকে, তাকে অভিব্যাপক আধারাধিকরণ বলে। যেমন-

নদীতে পানি আছে। (নদীর সমস্ত অংশ ব্যাপ্ত করে)
তিলে তৈল আছে। (তিলের সারা অংশ ব্যাপী)

৩) **বৈষয়িক আধারাধিকরণ :** কোনো বিষয়ে বা ক্ষেত্রে দক্ষতা, অদক্ষতা বা ক্ষমতা বোঝালে তাকে বৈষয়িক আধারাধিকরণ বলে। যেমন-

কামাল *অঙ্কে* কাঁচা, কিন্তু *ব্যাকরণে* ভালো।
আমাদের সেনারা *সাহসে* দুর্জয়, *যুদ্ধে* অপরাজেয়।

অপাদান-অধিকরণ কারকের পার্থক্য

অপাদান ও অধিকরণ কারক আলাদা করতে গিয়ে অনেকেরই সমস্যা হয়। অপাদান ও অধিকরণ কারককে আলাদা করে চেনার সহজ উপায় হলো, অপাদান কারক থেকে কোনো কিছু বের হয় বোঝায়; কিন্তু অধিকরণ কারকের কোনো মাঝে বিদ্যমান আছে বোঝায়। আরো সহজভাবে বললে, কোনো কিছু থেকে বিয়োগ (-) বোঝালে অপাদান কারক; কিন্তু কোনো কিছুতে যোগ (+) হওয়া বোঝালে অধিকরণ কারক।

যেমন- 'তিলে থেকে তেল হয়'; 'তিলে তেল আছে'। প্রথম বাক্যে তিলের ভেতর ক্রিয়া সংঘটিত হয়নি; বরং তিল থেকে তেল বের হওয়ার কথা বোঝাচ্ছে। মানে বিয়োগ (-) হচ্ছে। আর দ্বিতীয় বাক্যে তিলের ভেতরই তিল থাকার কথা বলছে। এই 'আছে' ক্রিয়াটি তিলের ভেতরে থেকেই কাজ করছে। মানে যোগ (+) বোঝাচ্ছে। এরকম- 'ছাদ থেকে পানি পড়ে' (অপাদান); 'ছাদে পানি পড়ে' (অধিকরণ)। 'ঝিনুক থেকে মুক্তা মিলে' (অপাদান); 'ঝিনুকে মুক্তা আছে' (অধিকরণ)।

বিপদ থেকে বাঁচাও- অপাদান কারক
বিপদে বাঁচাও- অধিকরণ কারক
শুক্তি থেকে মুক্তি মেলে- অপাদান কারক
শুক্তিতে মুক্তি হয়- অধিকরণ কারক
জমি থেকে ফসল পাই- অপাদান কারক
জমিতে ফসল হয়- অধিকরণ কারক

একনজরে কারক নির্ণয়ের সহজ উপায়

- যদি প্রশ্ন করো কে, কারা- দেখা যাবে কর্তৃ যারা (কর্তৃকারক)।
- যদি প্রশ্ন করো কী, কাকে- দেখা যাবে কর্মটাকে (কর্মকারক)।
- দান, সেবা, ভক্তি- সম্প্রদানের শক্তি (সম্প্রদান কারক)।
- উৎপাদন, জাত, বিচ্যুত, ভয়- এগুলো অপাদান কারক হয় (অপাদান কারক)।
- যন্ত্র, উপকরণের সহায়ক- এগুলোকে করণ কারক কয় (করণ কারক)।
- যদি দেখো স্থান, কাল, পাত্র- ধরে নিবে অধিকরণের ছাত্র (অধিকরণ কারক)।

কারক ও বিভক্তি নিয়ে কিছু গুরুত্বপূর্ণ প্রশ্নোত্তর পড়ুন

প্রশ্নঃ 'ছেলেটিকে বিছানায় শোয়াও'- 'ছেলেটিকে' কোন কর্ম? **উত্তরঃ** প্রযোজক ক্রিয়ার কর্ম।

প্রশ্নঃ 'তিনি চোখে দেখেন না' -'চোখে' কোন কারক? **উত্তরঃ** করণ কারক।

প্রশ্নঃ 'জগতে কীর্তিমান হও সাধনায়।'-এখানে 'সাধনায়' শব্দটি কোন কারক ও কোন বিভক্তি? **উত্তরঃ** করণকারকে সপ্তমী।

প্রশ্নঃ কোনটি সম্প্রদান কারকে ৭মী বিভক্তির উদাহরণ ? **উত্তরঃ** দীনে দয়া কর।

প্রশ্নঃ 'মাঠে ধান ফলেছে।' বাক্যে 'মাঠে' কোন কারক? **উত্তরঃ** স্থানধিকরণ।

Scanned with CamScanner CamScanner

প্রশ্নঃ 'কাননে কুসুমকলি সকলি ফুটিল'-এ বাক্যে 'কাননে' কোন কারক ও বিভক্তি? উত্তরঃ অধিকরণে সপ্তমী।

প্রশ্নঃ 'পড়াশোনায় মন দাও' - বাক্যে 'পড়াশোনায়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ অধিকরণে সপ্তমী।

প্রশ্নঃ 'ডাক্তার ডাক' - বাক্যে 'ডাক্তার' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ কর্মকারকে শূন্য।

প্রশ্নঃ 'অহঙ্কার পতনের মূল' - বাক্যে অহঙ্কার শব্দটি কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ করণে শূন্য।

প্রশ্নঃ শহরের লোকেরা গায়ে এসেছে- এ বাক্যে 'লোকেরা' কোন কারকে? উত্তরঃ কর্তৃকারক।

প্রশ্নঃ 'তিনি ব্যাকরণে পণ্ডিত।' - এ বাক্যে 'ব্যাকরণে' কোন কারক ও কোন বিভক্তি? উত্তরঃ অধিকরণ কারকে সপ্তমী।

প্রশ্নঃ 'তিলে তৈল হয়'- এ বাক্যে কোন কারকে কোন বিভক্তি বিদ্যমান? উত্তরঃ অপাদান কারকে সপ্তমী।

প্রশ্নঃ 'মেঘে বৃষ্টি হয়' - এখানে 'মেঘে' কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ অপাদান কারকে সপ্তমী।

প্রশ্নঃ কোনটি অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ? উত্তরঃ বাবা বাড়ি নেই।

প্রশ্নঃ 'ব্যায়ামে শরীর ভাল হয়' - বাক্যে 'ব্যায়ামে' শব্দটি কোন কারকে কোন্ বিভক্তি? উত্তরঃ করণ কারকে সপ্তমী।

প্রশ্নঃ টাকায় অসাধ্য সাধন হয় - বাক্যে 'টাকায়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ করণ কারকে সপ্তমী।

প্রশ্নঃ 'আধার' শব্দের অর্থ কী? উত্তরঃ স্থান।

প্রশ্নঃ নীল আকাশের নিচে আমি রাস্তা চলেছি একা। চিহ্নিত শব্দটির কারক ও বিভক্তি কোনটি ? উত্তরঃ করণে শূন্য।

প্রশ্নঃ 'রাজায় রাজায় লড়াই হয়।' - 'রাজায় রাজায়' পদটি কোন কারকে কোন বিভক্তি হয়? উত্তরঃ কর্তৃকারকে ৭মী বিভক্তি।

প্রশ্নঃ 'আমার গানের মালা আমি করব কারে দান' - 'মালা' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ করণকারকে শূন্য।

প্রশ্নঃ 'আমার গানের মালা আমি করব কারে দান' - 'কারে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ কর্মে সপ্তমী।

প্রশ্নঃ কর্তা যা দ্বারা ক্রিয়া সম্পাদন করে, তাকে বলে – উত্তরঃ করণকারক।

প্রশ্নঃ 'টাকায় কি না হয়'- 'টাকায়' কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ করণে ৭মী।

প্রশ্নঃ 'বেলা যে পড়ে এল জলকে চল।' - কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ নিমিত্তার্থে ৪র্থী।

প্রশ্নঃ 'অল্প শোকে কাতর' - বাক্যে 'শোকে' কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ করণ কারকে সপ্তমী।

প্রশ্নঃ 'করণ' শব্দটির অর্থ কি? উত্তরঃ সহায়ক।

প্রশ্নঃ 'আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা' -এ বাক্যে 'আমারে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ কর্মকারকে দ্বিতীয়া।

প্রশ্নঃ কোনটি সম্প্রদানে সপ্তমীর উদাহরণ? উত্তরঃ অন্ধজনে দেহ আলো।

প্রশ্নঃ 'আবেফ বই পড়ে' - বাক্যে 'বই' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ কর্মকারকে শূন্য।

প্রশ্নঃ 'বাবাকে বড় ভয় পাই।' -'বাবাকে' কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ অপাদানে দ্বিতীয়া।

প্রশ্নঃ ক্রিয়া পদের সাথে সম্বন্ধযুক্ত পদকে কী বলে? উত্তরঃ কারক।

প্রশ্নঃ 'বাঘে-মহিষে এক ঘাটে জল খায়'-'বাঘে মহিষে' কর্তৃকারকে প্রকারভেদে কোন কর্তার উদাহরণ? উত্তরঃ ব্যতিহার কর্তা।

প্রশ্নঃ অপ্রাণী বা ইতর প্রাণীবাচক শব্দের বহুবচনে কোন বিভক্তি যুক্ত হয় না? উত্তরঃ রা।

প্রশ্নঃ 'সর্বাঙ্গে ব্যাথা, ঔষধ দিব কোথা' -এই বাক্যে 'ঔষধ' শব্দ কোন কারকে কোন বিভক্তির উদাহরণ? উত্তরঃ কর্মকারকে শূন্য।

প্রশ্নঃ 'ঘরেতে ভ্রমর এল গুণগুণিয়ে'- 'ঘরেতে' কোন কারক? উত্তরঃ অধিকরণে সপ্তমী।

প্রশ্নঃ 'শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে' - বাক্যে 'পাঠে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ অধিকরণে সপ্তমী।

প্রশ্নঃ 'বসন্তে ফুল ফোটে' - 'বসন্তে' কোন কারক? উত্তরঃ অধিকরণ কারক।

প্রশ্নঃ অনেক বৈয়াকরণ কোন কারক স্বীকার করেন না? উত্তরঃ সম্প্রদান।

প্রশ্নঃ 'যখন পড়বে না মোর পায়ের চিহ্ন' - বাক্যে 'পায়ের' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ করণ কারকে ষষ্ঠী।

প্রশ্নঃ 'ছেলেরা ক্রিকেট খেলে' - বাক্যে 'ক্রিকেট' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ কর্মে শূন্য।

প্রশ্নঃ যে বিশেষ্য বা সর্বনাম ক্রিয়া সম্পন্ন করে তাকে কোন কারক বলে? উত্তরঃ কর্তৃকারক।

প্রশ্নঃ 'বাড়ি থেকে নদী দেখা যায়' - বাক্যে 'বাড়ি' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ অধিকরণ কারকে শূন্য বিভক্তি।

প্রশ্নঃ 'হালিমা ফুল তুলছে' - এ বাক্যে 'ফুল' কোন কারক? উত্তরঃ কর্মকারক।

প্রশ্নঃ নিচের কোনটি কর্তৃকারকে ৭মী বিভক্তির উদাহরণ? উত্তরঃ গায়ে মানে না আপনি মড়ল।

প্রশ্নঃ 'জল পড়ে পাতা নড়ে' - এখানে 'জল ও পাতা' কোন কারক-বিভক্তি? উত্তরঃ কর্মে শূন্য।

প্রশ্নঃ সম্বন্ধ পদে কোন বিভক্তি যুক্ত হয়ে থাকে? উত্তরঃ 'র' বা 'এর'।

প্রশ্নঃ ভাইয়ে ভাইয়ে বেশ মিল - বাক্যে ভাইয়ে ভাইয়ে কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ কর্তায় ৭মী।

প্রশ্নঃ একই ধাতু থেকে ক্রিয়া ও কর্ম গঠিত হলে তাকে কী কর্ম বলে? উত্তরঃ সমধাতুজ কর্ম।

প্রশ্নঃ 'প্রভাতে উদল রবি লোহিত বরণ' - বাক্যে প্রভাতে শব্দটি কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ অধিকরণে ৭মী।

প্রশ্নঃ 'আমি কাল বাড়ি যাব।' 'আমি' কোন কারকে কোন বিভক্তি? উত্তরঃ কর্তৃকারকে ১মা।

প্রশ্নঃ 'নদীতে মাছ ধরা সহজ নয়।'- এখানে 'নদীতে' পদটি কোন কারক ও কোন বিভক্তি? উত্তরঃ অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি।

Scanned with CamScanner CamScanner

প্রশ্ন: 'আষাঢ়ে বৃষ্টি নামে' - বাক্যে 'আষাঢ়ে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** অধিকরণে সপ্তমী।

প্রশ্ন: 'তিনি চোখে দেখেন না।' - এখানে 'চোখে' কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** করণ কারকে সপ্তমী।

প্রশ্ন: 'আমার যাওয়া হয়নি' - বাক্যের 'আমার' কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** কর্তায় ষষ্ঠী।

প্রশ্ন: 'সব ঝিনুকে মুক্তা মিলে না'- বাক্যে 'ঝিনুকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** অপাদানে ৭মী।

প্রশ্ন: কোনটি সম্প্রদান কারকের উদাহরণ? **উত্তর:** 'অন্ধজনে' দেহ আলো।

প্রশ্ন: 'বনে ফুল ফোটে' - 'বনে' কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি।

প্রশ্ন: অধিকরণ কারকে পঞ্চমী বিভক্তির উদাহরণ- **উত্তর:** বাড়ি থেকে নদী দেখা যায়।

প্রশ্ন: 'ফুলে মালা গাঁথা' - এখানে 'ফুলে' কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** করণ কারকে সপ্তমী বিভক্তি।

প্রশ্ন: 'শুক্রবার স্কুল বন্ধ' - বাক্যে 'স্কুল' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** কর্মে শূন্য।

প্রশ্ন: 'শুক্রবার স্কুল বন্ধ' - বাক্যে 'শুক্রবার' কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** অধিকরণ কারকে শূন্য বিভক্তি।

প্রশ্ন: নিচের কোনটি ঐকদেশিক অধিকরণের উদাহরণ? **উত্তর:** মাঠে চাঁদ উঠেছে।

প্রশ্ন: বাঁশি বাজে- 'বাঁশি' কোন কর্তা? **উত্তর:** কর্ম-কর্তৃবাচ্যের কর্তা

প্রশ্ন: 'আকাশে তো আমি রাখি নাই মোর উড়িবার ইতিহাস'- এই বাক্যে 'আকাশে' শব্দটি কোন কারকে কোন বিভক্তির উদাহরণ? **উত্তর:** অধিকরণে কারকে সপ্তমী।

পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে–

- ছেলেরা বল খেলে - ছেলেরা কী খেলে? উত্তর- বল খেলে। আমরা জানি, বল একটি উপকরণ তাই এটি হবে করণ কারক।
  ছাত্ররা ক্রিকেট খেলে - ছাত্ররা কী খেলে? উত্তর- ক্রিকেট খেলে। এখানে ক্রিকেট একটি খেলার নাম, কিন্তু কোন উপকরণ নয় তাই এটি কর্ম কারক।
- ছাদে পানি পড়ে - ছাদ একটি জায়গা, তাই এটি অধিকরণ কারক।
  ছাদ থেকে পানি পড়ে - ছাদ থেকে পানি বিচ্যুত হচ্ছে, সেহেতু ছাদ এখানে অপাদান কারক। আমরা জানি বিচ্যুত বুঝালে অপাদান কারক হয়।
- তিলে তৈল হয় - সেহেতু তিল থেকে তৈল উৎপন্ন হয় সেজন্য সেটি হবে অপাদান কারক। আমরা জানি, উৎপন্ন বুঝাতে অপাদান কারক হয়।
  তিলে তৈল আছে - যেহেতু তিলের ভিতরে তৈল আছে, অর্থাৎ একটি স্থানকে নির্দেশ করছে। তাই এটি অধিকরণ কারক।
- টাকায় টাকা আনে - টাকা থেকে যেহেতু আরো টাকা উৎপন্ন করে, সেহেতু এটি অপাদান কারক। আমরা জানি, উৎপন্ন বুঝাতে অপাদান কারক হয়।
  টাকায় কী না হয় - যেহেতু টাকার দ্বারা সব হয় বুঝানো হয়েছে। এখানে টাকা একটি উপকরণ, যার দ্বারা সবকিছু হয় বুঝানো হয়েছে, সুতরাং এটি করণ কারক।
  টাকায় অসাধ্য সাধন হয় - যেহেতু টাকার দ্বারা অসাধ্য সাধন করা হয়। এখানে টাকা একটি উপকরণ, যার দ্বারা সবকিছু হয় বুঝানো হয়েছে, সুতরাং এটি করণ কারক।
- ডাক্তার ডাক - যেহেতু ডাক্তারকে আমি না ডেকে অন্যজনে ডাকবে। অর্থাৎ আমি অন্যের মাধ্যমে কাজটি সম্পন্ন করব, সে কারণে এটি হবে কর্ম কারক।
  আমাকে যেতে হবে - যেহেতু আমি নিজে যাব, আমাকেই কাজটি করতে হবে। সুতরাং এটি কর্তৃকারক।

MCQ Test

১. **'কারক' (কৃ+ণক) শব্দটির অর্থ?**
ক. যা পদকে সম্পাদন করে
খ. যা পদ ও সমাসকে সম্পাদন করে
গ. যা ক্রিয়া সম্পাদন করে
ঘ. যা সমাস সম্পাদন করে — উ. গ

২. **বাক্যের প্রতিটি শব্দের সাথে অন্বয় সাধনের জন্য যে সকল বর্ণ যুক্ত হয় তাদের কী বলে?**
ক. কারক — খ. বিভক্তি
গ. সমাস — ঘ. সম্বন্ধ পদ — উ. খ

৩. **বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে কোন পদের সম্পর্ককে কারক বলে?**
ক. বিশেষণ পদের — খ. অব্যয় পদের
গ. নাম পদের — ঘ. ক্রিয়া বিশেষণ পদের — উ. গ

৪. **'বুলবুলিতে ধান খেয়েছে' এই বাক্যের বুলবুলিতে' শব্দে কোন কারকে ও কোন বিভক্তি রয়েছে?**
ক. করণে ৭মী — খ. অধিকরণে ৭মী
গ. কর্তৃকারকে ৭মী — ঘ. অপাদানে ৭মী — উ. গ

৫. **'আমাকে যেতে হবে'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
ক. কর্তৃকারকে দ্বিতীয়া — খ. কর্মে দ্বিতীয়া
গ. করণে দ্বিতীয়া — ঘ. অপাদানে দ্বিতীয়া — উ. ক

৬. **'সকলকে মরতে হবে' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
ক. কর্তৃকারকে দ্বিতীয়া — খ. কর্মকারকে দ্বিতীয়া
গ. অপাদানে দ্বিতীয়া — ঘ. অধিকরণে দ্বিতীয়া — উ. ক

৭. **দশে মিলে করি কাজ – বাক্যে 'দশে' কোন কারকে কোন বিভক্তি?**
ক. কর্তৃকারকে ২য়া — খ. সম্প্রদান কারকে ৭মী
গ. কর্তৃকারকে ৭মী — ঘ. কর্তৃকারকে ৪র্থী — উ. গ

Scanned with CamScanner CamScanner

৮. 'তাকে দিয়ে কিছু হবে না' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তৃকারকে দ্বিতীয়া খ. কর্মে দ্বিতীয়া
গ. করণে দ্বিতীয়া ঘ. অধিকরণে দ্বিতীয়া উ. ক

৯. কর্তৃকারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি?
ক. ছাগলে কিনা খায় খ. টাকায় টাকা আনে
গ. আরেফ বই পড়ে ঘ. ডাক্তার ডাক উ. গ

১০. কোনটি কর্তৃকারকে সপ্তমী বিভক্তির উদাহরণ :
ক. কোদালে মাটি কাটব খ. জাহাজ চট্টগ্রাম ছাড়ল
গ. সাপের হাঁসি বেদে চেনে ঘ. আমারে তুমি রক্ষা করো উ. ঘ

১১. 'লোভে পাপ, পাপে মৃত্যু' - কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে শূন্য খ. কর্মে সপ্তমী
গ. কর্তায় সপ্তমী ঘ. অপাদানে সপ্তমী উ. ঘ

১২. 'গুণহীনে ত্যাগ কর' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৭মী খ. অধিকরণে ৭মী
গ. সম্প্রদানে ৭মী ঘ. অপাদানে ৭মী উ. ক

১৩. কর্তা যা দ্বারা ক্রিয়া সম্পাদন করেন তাকে বলে–
ক. করণ কারক খ. কর্মকারক
গ. অপাদান কারক ঘ. কর্তৃকারক উ. ক

১৪. 'কালির দাগ দাও' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অধিকরণে শূন্য খ. অপাদানে শূন্য
গ. করণে ষষ্ঠী ঘ. কর্মে ২য়া উ. গ

১৫. 'জগতে কীর্তিমান হও সাধনায়' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় ৭মী খ. কর্মে ২য়া
গ. অধিকরণে ৭মী ঘ. করণে ৭মী উ. ঘ

১৬. আলোয় আঁধার কাটে – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অধিকরনে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. কর্তায় ৭মী উ. খ

১৭. ব্যায়ামে শরীর ভাল থাকে– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে ৭মী খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. ক

১৮. 'অহঙ্কার পতনের মূল' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য উ. খ

১৯. 'তিনি চোখে দেখেন না' -বাক্যে 'চোখে' কোন কারক?
ক. করণ কারক খ. অপাদান কারক
গ. সম্প্রদান কারক ঘ. অধিকরণ কারক উ. ক

২০. অল্প শোকে কাতর – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তৃকারকে ২য়া খ. করণ কারকে ৭মী
গ. অপাদান কারকে ৭মী ঘ. অধিকরণ কারকে ৭মী উ. খ

২১. 'যখন পড়বে না মোর পায়ের চিহ্ন।' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মকারকে দ্বিতীয়া খ. করণ কারকে ষষ্ঠী
গ. অপাদান কারকে ষষ্ঠী ঘ. অধিকরণ কারকে ষষ্ঠী উ. গ

২২. 'ছাত্ররা বল খেলে' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. অপাদানে পঞ্চমী ঘ. সম্প্রদানে শূন্য উ. খ

২৩. 'নীল আকাশের নিচে আমি রাস্তা চলেছি একা' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. সম্প্রদানে শূন্য উ. খ

২৪. 'টাকায় কি না হয়' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে ৭মী খ. কর্মে শূন্য
গ. করণে ৭মী ঘ. কর্তায় ২য়া উ. গ

২৫. 'টাকায় অসাধ্য সাধন হয়' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মকারকে সপ্তমী খ. করণ কারকে সপ্তমী
গ. অধিকরণ কারকে সপ্তমী ঘ. অপাদান কারকে সপ্তমী উ. খ

২৬. নিচের কোন বাক্যে করণ কারকে শূন্য বিভক্তি ব্যবহৃত হয়েছে?
ক. ঘোড়াকে চাবুক মার খ. ডাক্তার ডাক
গ. গাড়ি স্টেশন ছেড়েছে ঘ. মুষলধারে বৃষ্টি পড়ছে উ. ঘ

২৭. 'আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়' – বাক্যে 'ছলনে' কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে সপ্তমী খ. অধিকরণে সপ্তমী
গ. অপাদানে সপ্তমী ঘ. কর্মে সপ্তমী উ. খ

২৮. 'ফুলে ফুলে ঘর ভরেছে' – কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে প্রথমা খ. অপাদানে সপ্তমী
গ. করণে সপ্তমী ঘ. করণে শূন্য উ. গ

২৯. 'অন্ধজনে দেহ আলো' – এখানে 'অন্ধজনে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে সপ্তমী খ. কর্তৃকারকে শূন্য
গ. সম্প্রদানে সপ্তমী ঘ. করণে সপ্তমী উ. গ

৩০. 'তোমার পূজার ছলে তোমায় ভুলেই থাকি' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. সম্প্রদানে ৬ষ্ঠী খ. কর্মে ৭মী
গ. সম্প্রদানে ৭মী ঘ. অপাদানে ৬ষ্ঠী উ. ক

৩১. 'গুরুজনে ভক্তি কর।' – 'গুরুজনে' কোন কারক?
ক. কর্তৃকারক খ. করণ কারক
গ. কর্মকারক ঘ. সম্প্রদান কারক উ. ঘ

৩২. 'সব ঝিনুকে মুক্তা মিলে না' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় দ্বিতীয়া খ. অপাদানে ৭মী
গ. কর্মে দ্বিতীয়া ঘ. অধিকরণে ৭মী উ. খ

Scanned with CamScanner CamScanner

৩৩. 'সাদা মেঘে বৃষ্টি হয় না' – এখানে 'মেঘে' কোন কারক
ক. কর্মকারক খ. অপাদান কারক
গ. সম্প্রদান কারক ঘ. অধিকরণ কারক উ. খ

৩৪. নিচের বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? পরাজয়ে ডরে না বীর।
ক. কর্মে ২য়া খ. করণে ৭মী
গ. অপাদানে ৫মী ঘ. অপাদানে ৭মী উ. ঘ

৩৫. 'টাকায় টাকা হয়' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. গ

৩৬. 'আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে?' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ২য়া খ. অপাদানে ৭মী
গ. করণে ৭মী ঘ. অপাদানে ৫মী উ. খ

৩৭. 'গাড়ী স্টেশন ছাড়ল' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য উ. গ

৩৮. 'যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যা হয়।' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে ষষ্ঠী খ. কর্মে ষষ্ঠী
গ. অপাদানে সপ্তমী ঘ. করণে শূন্য উ. ক

৩৯. 'পাপে বিরত হও' – পাপে কোন কারকে কোন বিভক্তি :
ক. কর্মকারকে তৃতীয়া খ. অপাদান কারকে শূন্য
গ. অপাদান কারকে সপ্তমী ঘ. অধিকরণ কারকে সপ্তমী উ. গ

৪০. 'বিপদে মোরে রক্ষা কর এ নহে মোর প্রার্থনা'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে সপ্তমী খ. অপাদানে পঞ্চমী
গ. অপাদানে সপ্তমী ঘ. কর্তায় শূন্য উ. গ

৪১. অধিকরণ কারক কত প্রকার?
ক. দুই প্রকার খ. তিন প্রকার
গ. চার প্রকার ঘ. পাঁচ প্রকার উ. খ

৪২. 'কান্নায় শোক কমে' – বাক্যে 'কান্নায়' কোন কারক?
ক. করণ কারক খ. অপাদান কারক
গ. সম্প্রদান কারক ঘ. অধিকরণ কারক উ. ঘ

৪৩. 'আজকে নগদ কালকে ধার' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে ২য়া খ. অধিকরণে ২য়া
গ. কর্মে শূন্য ঘ. করণে ২য়া উ. খ

৪৪. 'কাননে কুসুম কলি সকলি ফুটিল'– এই বাক্যে 'কাননে' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে সপ্তমী খ. করণে শূন্য
গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী উ. ঘ

৪৫. অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি?
ক. আমার আহারে রুচি নাই খ. আগামীকাল বাড়ি যাব
গ. আকাশ মেঘে আচ্ছন্ন ঘ. কাজে অবসর নিলাম উ. খ

৪৬. 'নেহাল অঙ্কে খুব কাঁচা' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. ঘ

৪৭. 'আষাঢ়ে বৃষ্টি নামে' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. ঘ

৪৮. 'পড়াশোনায় মন দাও' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. ঘ

৪৯. 'পাতায় পাতায় পড়ে নিশির শিশির' – 'পাতায় পাতায়' কোন কারকে কোন বিভক্তি?
ক. অধিকরণে ষষ্ঠী খ. অধিকরণে ৭মী
গ. অপাদানে ষষ্ঠী ঘ. অপাদানে ৭মী উ. খ

৫০. 'শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অধিকরণে সপ্তমী খ. অপাদানে পঞ্চমী
গ. কর্মে সপ্তমী ঘ. অধিকরণে পঞ্চমী উ. ক

৫১. 'বাড়ি থেকে নদী দেখা যায়' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় সপ্তমী খ. অধিকরণে পঞ্চমী
গ. কর্মে দ্বিতীয়া ঘ. অপাদানে শূন্য উ. খ

৫২. 'হৃদয় আমার নাচেরে আজিকে' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে ৭মী খ. অধিকরণে ২য়া
গ. কর্মে ষষ্ঠী ঘ. করণে ২য়া উ. খ

৫৩. ভাবাধিকরণের উদাহরণ কোনটি সঠিক?
ক. বাড়ি থেকে নদী দেখা যায় খ. আমি ঢাকায় যাই
গ. সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয় ঘ. তিলে তৈল আছে উ. গ

৫৪. 'ধর্মে তোমার মতি হোক' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে সপ্তমী খ. কর্মে সপ্তমী
গ. কর্তৃকারকে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী উ. ঘ

৫৫. 'খনিতে সোনা পাওয়া যায়'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে ৭মী খ. কর্মে ৭মী
গ. অধিকরণে ৭মী ঘ. কর্তায় ৭মী উ. গ

৫৬. 'তিনি ব্যাকরণে পণ্ডিত'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে ৭মী খ. কর্মে ৭মী
গ. অধিকরণে ৭মী ঘ. অপাদানে ৭মী উ. গ

৫৭. 'আকাশে তো আমি রাখিনাই মোর উড়িবার ইতিহাস'– এই বাক্যে 'আকাশে' শব্দটি কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?
ক. কর্তৃকারকে সপ্তমী খ. কর্মকারকে সপ্তমী
গ. অপাদান কারকে তৃতীয়া ঘ. অধিকরণ কারকে সপ্তমী উ. ঘ

Scanned with CamScanner CamScanner

৭. সমাস ও প্রত্যয় বিন্যাস [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

(ক) সমাস

কলেজ পর্যায়

(ক) সমাস

১. সমাসবদ্ধ পদ কোনটি? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. আকাশ খ. ছাড়পত্র
গ. মৃত্তিকা ঘ. সাগর
উ. খ

২. কোনটি ব্যতিহার বহুব্রীহি সমাস এর উদাহরণ? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. চিরসুখী খ. দশানন
গ. গায়েহলুদ ঘ. কানাকানি
উ. ঘ

৩. কোনটি 'উপপদ তৎপুরুষের' উদাহরণ? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. ছেলেধরা খ. প্রতিবাদ
গ. বিলাতফেরত ঘ. উপগ্রহ
উ. ক

৪. 'কৃতবিদ্য' শব্দের ব্যাসবাক্য কোনটি? [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. কৃত যে বিদ্য খ. কৃত যে বিদ্যা
গ. কৃত বিদ্যা যার ঘ. কৃত হয়েছে যার বিদ্যা
উ. গ

৫. কোন সমাসে পরপদের অর্থ প্রধান থাকে? [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. অব্যয়ীভাব খ. বহুব্রীহি
গ. দ্বন্দ্ব ঘ. কর্মধারয়
উ. ঘ

৬. 'অনেক' শব্দটি– [১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. অলুক তৎপুরুষ খ. উপপদ তৎপুরুষ
গ. ন্ এ তৎপুরুষ ঘ. নিত্য সমাস
উ. গ

৭. কোনটি নিত্য সমাসের উদাহরণ? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. অন্যগৃহ খ. মিলের অভাব
গ. স্ত্রীর অভাব ঘ. প্রকৃষ্ট গতি
উ. ক

৮. 'উপকণ্ঠ' শব্দটির সঠিক ব্যাসবাক্য কোনটি? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. কণ্ঠের সমীপে খ. কণ্ঠের সদৃশ
গ. উপ যে কণ্ঠ ঘ. কণ্ঠ পর্যন্ত
উ. ক

৯. কোন তৎপুরুষ সমাস? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. ভালোমন্দ খ. মধুমাখা
গ. যথাসাধ্য ঘ. সত্যনিষ্ঠ
উ. খ

১০. কোনটি দ্বিগু সমাস? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. সপ্তাহ খ. পরিভ্রমণ
গ. আমরণ ঘ. মনগড়া
উ. ক

১১. নতুন শব্দ গঠন করে- [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. সন্ধি ও সমাস খ. সন্ধি ও কারক
গ. সমাস ও পদ ঘ. প্রত্যয় ও পুরুষ
উ. ক

১২. 'বীণাপাণি' কোন সমাস? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. দ্বন্দ্ব সমাস খ. কর্মধারয় সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. বহুব্রীহি সমাস
উ. ঘ

১৩. সমাস নির্ণয় করুন- 'ধানের ক্ষেত'- [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ষষ্ঠী তৎপুরুষ খ. বহুব্রীহি
গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব
উ. ঘ

১৪. সমাস নির্ণয় করুন- বেআইনি [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. অব্যয়ীভাব খ. নঞ তৎপুরুষ
গ. উপপদ তৎপুরুষ ঘ. নিত্য সমাস
উ. ঘ

১৫. কোন সমাসে উভয়পদই বিশেষ্য? [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. দ্বন্দ্ব সমাস খ. কর্মধারয় সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. প্রাদি সমাস
উ. ঘ

১৬. 'বীণাপাণি' কোন সমাস? [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. বহুব্রীহি খ. অব্যয়ীভাব
গ. কর্মধারয় ঘ. তৎপুরুষ
উ. ঘ

১৭. অব্যয়ীভাব সমাসে 'অব্যয়' পদের অর্থ– [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. পরিবর্তিত হয় খ. প্রধান থাকে
গ. সংকুচিত হয় ঘ. বৃদ্ধি ঘটে
উ. খ

১৮. তৎপুরুষ সমাসে কোন পদ প্রধান? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. পরপদ খ. পূর্বপদ
গ. উভয়পদ ঘ. অন্যপদ
উ. ক

১৯. কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাস? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. গুরুদেব খ. মৌমাছি
গ. মহাজন ঘ. কাঁচামিঠে
উ. খ

২০. সংখ্যাবাচক শব্দ পূর্বে বসে সমষ্টি বা সমাহার বা ত্রিক বোঝালে কোন সমাস হয়? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. অব্যয়ীভাব খ. দ্বিগু
গ. বহুব্রীহি ঘ. কর্মধারয়
উ. খ

২১. যে সকল পদের সমন্বয়ে সমাস হয় তাকে কি বলে? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. সমস্ত পদ খ. সমস্যমান পদ
গ. পূর্বপদ ঘ. উভয়পদ
উ. খ

২২. সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয় তাকে বলা হয়– [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. উপমান কর্মধারয় খ. উপমিত কর্মধারয়
গ. রূপক কর্মধারয় ঘ. ইতিহাসবেত্তা
উ. খ

২৩. 'লঙ্কা বাটা' এর সঠিক ব্যাস বাক্য কোনটি? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. লঙ্কা ও বাটা খ. যা লঙ্কা তাই বাটা
গ. লঙ্কার বাটা ঘ. বাটা যে লঙ্কা
উ. খ

২৪. 'তেপান্তর' কোন সমাসের উদাহরণ? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. দ্বিগু খ. অব্যয়ীভাব
গ. নিত্য সমাস ঘ. বহুব্রীহি
উ. ঘ

২৫. উপপদের সাথে কৃদন্ত পদের যে সমাস হয় তাকে কোন সমাস বলে? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. উপমান খ. উপমিত
গ. কর্মধারয় ঘ. উপপদ তৎপুরুষ
উ. ঘ

Scanned with CamScanner CamScanner

২৬. কোনটি 'বহুব্রীহি' সমাসের উদাহরণ? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. নিমনা খ. সজ্জন
গ. প্রভাত ঘ. নির্বিঘ্ন উ. ক

২৭. প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয়— [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. রূপক খ. উপমান
গ. উপমিত ঘ. উপমেয় উ. খ

২৮. 'কাচামিঠা' এর সঠিক ব্যাসবাক্য কোনটি? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. কাঁচা ও মিঠা খ. যা কাঁচা তাই মিঠা
গ. কাঁচা হয়েও মিঠা ঘ. কাঁচা যে মিঠা উ. খ

২৯. সমাস নিষ্পন্ন পদকে কি বলে? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. সমাসমান পদ খ. সমস্ত পদ
গ. ব্যাসবাক্য ঘ. উত্তর পদ উ. খ

৩০. দ্বিগু সমাসে কোন পদ প্রধান? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. পরপদ খ. পূর্বপদ
গ. উভয় পদ ঘ. অন্য পদ উ. ক

৩১. 'নবপৃথিবী'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. নব ও পৃথিবী খ. নব পৃথিবী যার
গ. নব পৃথিবীর ন্যায় ঘ. নব যে পৃথিবী উ. ঘ

৩২. সমাসের রীতি কোন ভাষা থেকে আগত? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. আরবি খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. ইংরেজি উ. গ

৩৩. সমাস শব্দের অর্থ কি? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. বিশ্লেষণ খ. সংক্ষেপণ
গ. সংযোজন ঘ. সংশ্লেষণ উ. খ

৩৪. 'মনমাঝি'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. মন ও মাঝি খ. মন মাঝির ন্যায়
গ. মনরূপ মাঝি ঘ. মন যে মাঝি উ. গ

৩৫. 'গায়ে হলুদ' কোন সমাসের উদাহরণ? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. তৎপুরুষ সমাস খ. কর্মধারয় সমাস
গ. বহুব্রীহি সমাস ঘ. দ্বন্দ্ব সমাস উ. গ

৩৬. কোনটি 'উপপদ তৎপুরুষের' উদাহরণ? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. প্রতিবাদ খ. বিলাত ফেরত
গ. উপগ্রহ ঘ. ছেলেধরা উ. ঘ

স্কুল পর্যায়

(ক) সমাস

১. 'কালান্তর' শব্দটির ব্যাসবাক্য কোনটি? [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. অন্যকাল খ. ক্ষুদ্রকাল
গ. কালের অন্তর ঘ. কাল ও অন্তর উ. ক

২. 'মুজিববর্ষ' কোন সমাস? [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. দ্বন্দ্ব সমাস খ. দ্বিগু সমাস
গ. কর্মধারয় সমাস ঘ. অব্যয়ীভাব সমাস উ. গ

৩. 'বীণাপাণি' সমস্ত পদটি কোন সমাস? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. ব্যধিকরণ বহুব্রীহি খ. ব্যতিহার বহুব্রীহি
গ. মধ্যপদলোপী বহুব্রীহি ঘ. অলুক বহুব্রীহি উ. ক

৪. কোনটি রূপক কর্মধারয় সমাস? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. কর কমল খ. কালস্রোত
গ. কর পল্লব ঘ. কচুকাটা উ. খ

৫. 'অরুণরাঙা' কোন সমাস নিষ্পন্ন সমস্ত পদ? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. উপমিত কর্মধারয় খ. রূপক কর্মধারয়
গ. অলুক তৎপুরুষ ঘ. উপমান কর্মধারয় উ. খ

৬. নীলাম্বর কোন সমাস? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. দ্বন্দ্ব খ. তৎপুরুষ
গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব উ. গ

৭. 'সিংহপুরুষ' কোন সমাস? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. উপমান কর্মধারয় খ. উপপদ তৎপুরুষ
গ. উপমিত কর্মধারয় ঘ. অব্যয়ীভাব উ. গ

৮. 'মৌমাছি' কোন সমাস? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. কর্মধারয় সমাস খ. বহুব্রীহি সমাস
গ. দ্বিগু সমাস ঘ. অব্যয়ীভাব সমাস উ. ক

৯. পূর্বপদ প্রধান সমাস কোনটি? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. দ্বন্দ্ব খ. অব্যয়ীভাব
গ. তৎপুরুষ ঘ. বহুব্রীহি উ. খ

১০. কোনটি নিত্য সমাস? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. কলেছাঁটা খ. ভবনদী
গ. জয়ধ্বনি ঘ. জলমাত্র উ. ঘ

১১. নিচের কোনটি প্রত্যয়যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. বাঁদী খ. সভানেত্রী
গ. জেলেনী ঘ. পেত্নী উ. গ

১২. নিচের কোনটি নিত্য সমাস? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. পদ্মানদ খ. বেয়াদব
গ. দেশান্তর ঘ. ভালমন্দ উ. গ

১৩. সমাসের রীতি কোন ভাষা থেকে আগত? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. আরবি খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. ইংরেজি উ. গ

১৪. কোন সমাসে সাধারণ ধর্মের উল্লেখ থাকে না? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. উপমিত কর্মধারয় খ. মধ্যপদলোপী কর্মধারয়
গ. উপমান কর্মধারয় ঘ. রূপক কর্মধারয় উ. ক

১৫. অলুক দ্বন্দ্ব সমাস সাধিত শব্দ কোনটি? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. দুধে-ভাতে খ. মাতাপিতা
গ. কমবেশি ঘ. সাত-পাঁচ উ. ক

১৬. সমাসের রীতি কোন ভাষা হতে আগত? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. আরবি খ. সংস্কৃত
গ. ফারসি ঘ. ইংরেজি উ. খ

১৭. উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. মুখচন্দ্র খ. ক্রোধানল
গ. তুষারশুভ্র ঘ. মনমাঝি উ. গ

১৮. 'আশীবিষ' কোন সমাসের উদাহরণ? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. বহুব্রীহি সমাস খ. দ্বিগু সমাস
গ. দ্বন্দ্ব সমাস ঘ. নিত্য সমাস উ. ক

১৯. সমাস সাধিত পদ কোনটি? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. চাষী খ. মানব
গ. দম্পতি ঘ. বোনাই উ. গ

Scanned with CamScanner CamScanner

২০. 'পরমিল'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. মিল ও অমিল খ. অমিলের সদৃশ
গ. মিলের অভাব ঘ. পর ও মিল উ. গ

২১. নিচের কোনটি দ্বিগু সমাসের সমস্ত পদ? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. সাতসমুদ্র খ. প্রতিদিন
গ. নীলকণ্ঠ ঘ. মুখেভাত উ. ক

২২. যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটি পদকে কী বলে? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. ব্যাসবাক্য খ. সমসামান পদ
গ. সমস্তপদ ঘ. উত্তরপদ উ. খ

২৩. ব্যাসবাক্যের অপর নাম কী? [৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]
ক. বিগ্রহ বাক্য খ. উত্তরপদ
গ. পূর্বপদ ঘ. সমস্ত পদ উ. ক

২৪. 'মহাকীর্তি'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি? [৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]
ক. মহতী যে কীর্তি খ. মহা যে কীর্তি
গ. মহান যে কীর্তি ঘ. মহান কীর্তি যার উ. ক

২৫. নিচের কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ? [৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]
ক. নির্জন খ. পঞ্চবটী
গ. দেশান্তর ঘ. অনুতাপ উ. ক

২৬. 'পকেটমার' কোন সমাসের উদাহরণ? [৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]
ক. পঞ্চমী তৎপুরুষ খ. উপপদ তৎপুরুষ
গ. প্রাদি সমাস ঘ. বহুব্রীহি সমাস উ. খ

২৭. পূর্বপদ বিশেষণ ও পরপদ বিশেষ্য হলে কোন বহুব্রীহি সমাস হয়? [৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]
ক. সমানাধিকরণ খ. প্রত্যয়ান্ত
গ. ব্যাধিকরণ ঘ. ব্যতিহার উ. ক

২৮. "যৌবন সূর্য" কোন সমাস? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. মধ্যপদলোপী কর্মধারয় সমাস খ. দ্বন্দ্ব সমাস
গ. ষষ্ঠী তৎপুরুষ সমাস ঘ. রূপক কর্মধারয় সমাস উ. ঘ

২৯. কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. আপাদমস্তক খ. কথাসর্বস্ব
গ. হতশ্রী ঘ. অল্পবয়সী উ. ক

৩০. ব্যাসবাক্যের অন্তর্গত প্রত্যেকটি পদকে কি বলে? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. পূর্বপদ খ. পরপদ
গ. সমস্ত পদ ঘ. সমসামান পদ উ. ঘ

৩১. সংখ্যাবাচক শব্দ পূর্বপদে বসে কোন সমাস হয়? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. বহুব্রীহি সমাস খ. তৎপুরুষ সমাস
গ. দ্বিগু সমাস ঘ. কর্মধারয় সমাস উ. গ

স্কুল পর্যায়-২

(ক) সমাস

১. সমাস শব্দের অর্থ কী? ? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. সংক্ষেপণ খ. সমন্বয়
গ. দুর্বোধ্য ঘ. ভাষান্তরকরণ উ. ক

২. 'তপোবন' কোন সমাস? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. দ্বন্দ্ব সমাস খ. চতুর্থী তৎপুরুষ সমাস
গ. প্রাদি সমাস ঘ. বহুব্রীহি সমাস উ. ঘ

৩. সমাস গঠন প্রক্রিয়ায় সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটির নাম কী? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. সমস্যামান পদ খ. সমাস্তপদ
গ. ব্যাসবাক্য ঘ. উত্তরপদ উ. খ

৪. 'সিংহাসন' কোন সমাস? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. দ্বন্দ্ব সমাস খ. মধ্যপদলোপী কর্মধারয়
গ. মধ্যপদলোপী বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব সমাস উ. খ

৫. 'কালসাপ' কোন সমাস? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. নিত্য সমাস খ. দ্বন্দ্ব সমাস
গ. বহুব্রীহি সমাস ঘ. কর্মধারয় সমাস উ. ঘ

৬. কোনটি প্রাদি সমাসের উদাহরণ? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. গৃহস্থ খ. ছা-পোষা
গ. শতাব্দী ঘ. প্রগতি উ. খ

৭. কানে কানে যে কথা = কানাকানি– এখানে কানাকানি কোন ধরনের বহুব্রীহি সমাস? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. সমানাধিকরণ বহুব্রীহি খ. ব্যতিহার বহুব্রীহি
গ. ব্যাধিকরণ বহুব্রীহি ঘ. মধ্যপদলোপী বহুব্রীহি উ. খ

৮. কৃদন্ত পদের সাথে উপপদের যে সমাস হয় তাকে কী বলে? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. উপপদ তৎপুরুষ খ. উপমান কর্মধারয়
গ. উপমিত কর্মধারয় ঘ. নিত্য সমাস উ. ক

৯. 'অন্তরীপ' সমস্তপদটি কোন বহুব্রীহি সমাসের অন্তর্গত? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. প্রত্যয়ান্ত বহুব্রীহি খ. সংখ্যাবাচক বহুব্রীহি
গ. নিপাতনে সিদ্ধ বহুব্রীহি ঘ. ব্যাধিকরণ বহুব্রীহি উ. গ

১০. কোনটি নিত্য সমাসের সমস্তপদ? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. সেতার খ. প্রত্যহ
গ. গ্রামান্তর ঘ. সহোদর উ. গ

১১. 'সংখ্যাবাচক' শব্দের সাথে বিশেষ্যপদের যে সমাস হয়, তাকে কী সমাস বলে? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. দ্বন্দ্ব খ. দ্বিগু
গ. কর্মধারয় ঘ. বহুব্রীহি উ. খ

১২. ব্যাসবাক্যের অপর নাম কী? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. যৌগিক বাক্য খ. বিগ্রহ বাক্য
গ. সমস্ত পদ ঘ. সমস্যামান পদ উ. খ

১৩. 'চাঁদের ন্যায় মুখ' = চাঁদমুখ' কোন প্রকার কর্মধারয় সমাস? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. রূপক খ. উপমিত
গ. উপমান ঘ. মধ্যপদলোপী উ. খ

১৪. 'চৌচালা' কোন সমাসের উদাহরণ? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. বহুব্রীহি খ. দ্বিগু
গ. তৎপুরুষ ঘ. কর্মধারয় উ. ঘ

১৫. সমাসের রীতি কোন ভাষা হতে বাংলায় এসেছে? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. হিন্দি খ. সংস্কৃত
গ. প্রাকৃত ঘ. ইংরেজি উ. খ

Scanned with CamScanner CamScanner

১৩ হরিষের ভাবার্থ উদ্দীপক কোনটি? [১১তম ব্যাচ-২ সিলেট ২০১৪]
ক. ফুলের ঘুমিয়ে থাকায় খ. মুষলধারে বৃষ্টি পড়ায়
গ. বাগানটিতে এক ঘোমটা জল হয়ে ঘ. শিক্ষক ছাত্রদের বাজারে পাঠানোয় উ. খ

১৪ বকুলপথ-এর রাসবাক্য কোনটি হবে? [১০ম ব্যাচ-২ সিলেট ২০১৪]
ক. পথের বকুল খ. বকুলের পথ
গ. বকুল বিছানো পথ ঘ. বকুলের পথ উ. ক

১৫ 'দুপহর' কোন সমাসের উদাহরণ? [১০ম ব্যাচ-২ সিলেট ২০১৪]
ক. তৎপুরুষ সমাস খ. কর্মধারয় সমাস
গ. দ্বন্দ্বসমাস ঘ. বহুব্রীহি সমাস উ. খ

বিস্তারিত আলোচনা

বাংলা প্রথমপত্র শিক্ষক নিয়োগ পরীক্ষাসহ যেকোনো প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য খুবই গুরুত্বপূর্ণ একটি টপিক। কিন্তু সমস্যা হইতেছে এই টপিকটি খুব কঠিনভাবে উপস্থাপন করা হয়েছে। তাই অনেকের কাছে 'সমাস' অনেক কঠিন একটি বিষয়। স্কুল জীবন ছাড়ে যখন 'সমাস' পড়ানো হত, তখন স্যারেরা একটু বুদ্ধি করেই বলতেন 'সমাস' শিখতে নাকি ছয় মাস লাগে! যদিও কথাটি পুরোপুরি ভুল বলা, কিন্তু কথাটি অনেকাংশেই সত্যি। ৬ মাস তো দূরে থাক ৬ বছরেও শিখা হলো না কোনটা কোন সমাস। আজ আমরা প্রচলিত বইয়ের প্রথাগত নিয়মের বাইরে গিয়ে একটু ভিন্ন ভাবে সহজভাবে 'সমাস' শিখার চেষ্টা করব।

- **সমাস :** সমাস শব্দের অর্থ সংক্ষেপ, মিলন, একাধিক পদের একপদীকরণ। অর্থাৎ, সম্বন্ধ আছে এমন একাধিক শব্দের মিলিত হয়ে একটি নতুন শব্দ তৈরির ব্যাকরণ সম্মত প্রক্রিয়াকেই বলা হয় সমাস। মূলত, সমাসে একটি বাক্যাংশ একটি শব্দে পরিণত হয়। সমাসের রীতি বাংলায় এসেছে সংস্কৃত ভাষা থেকে। বাক্যে শব্দের ব্যবহার কমানোর উদ্দেশ্যে সমাস ব্যবহার করা হয়।

উল্লেখ্য যে, সমাস অর্থ সম্বন্ধপূর্ণ একাধিক শব্দের মিলন। আর সন্ধি পাশাপাশি অবস্থিত দুইটি ধ্বনির মিলন। অর্থাৎ, শব্দের মিলনে সমাস বা স্বর ধ্বনির মিলনে সন্ধি হয়।

খুব ভালোভাবে বোঝার জন্য আগে সমাসের কয়েকটি টার্মস জানা দরকার। এগুলো হলো-

- **সমস্ত পদ :** সমাসের প্রক্রিয়ায় সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটির নাম সমস্ত পদ। অর্থাৎ, ব্যাসবাক্য থেকে সমাসের মাধ্যমে যে নতুন শব্দ তৈরি হয়, তাকে বলা হয় সমস্ত পদ।
- **সমস্যমান পদ :** সমস্ত পদ বা সমাসবদ্ধ পদটির অন্তর্গত পদগুলোকে সমস্যমান পদ বলে। অর্থাৎ, ব্যাসবাক্যের যে সব শব্দ সমস্ত পদে অন্তর্গত থাকে, সমস্ত পদের সেই শব্দগুলোকে একসাথে সমস্যমান পদ বলে।
- **পূর্বপদ:** সমস্ত পদের প্রথম অংশ বা শব্দকে পূর্বপদ বলে। অর্থাৎ, সমস্ত পদের প্রথম সমস্যমান পদটিই পূর্বপদ।
- **পরপদ বা উত্তরপদ :** সমস্ত পদের শেষ অংশ বা শব্দকে পরপদ বা উত্তরপদ বলে। অর্থাৎ, সমস্ত পদের শেষ সমস্যমান পদটিই পরপদ।
- **ব্যাসবাক্য:** সমস্ত পদকে ভেঙ্গে যে বাক্যাংশ হয়, তাকে ব্যাস ব্যাসবাক্য। অর্থাৎ, যে বাক্যাংশ থেকে সমাসের মাধ্যমে নতুন শব্দ তৈরি হয়, তাকে বলা হয় ব্যাসবাক্য। ব্যাসবাক্যকে সমাসবাক্য বা বিগ্রহবাক্যও বলা হয়। যেমন- সিংহ চিহ্নিত আসন = সিংহাসন।

এখানে ব্যাসবাক্য হলো- 'সিংহ চিহ্নিত আসন'। আর সমস্ত পদ হলো 'সিংহাসন'। সমস্যমান পদ হলো 'সিংহ' আর 'আসন'। এদের মধ্যে 'সিংহ' পূর্বপদ, আর 'আসন' পরপদ।

আবার, অমিত্রের অভাব = নির্মিত্র। এখানে, পূর্বপদ 'নির্' বা অভাব। আর পরপদ হলো 'অমিত্র'।

উল্লেখ্য যে, কিছু সমস্ত পদ এমন আছে, যেসব সমস্ত পদ কয়েকভাবে ভেঙ্গে কয়েক ধরনের ব্যাসবাক্য তৈরি করা যেতে পারে। তাই এক্ষেত্রে সঠিক ব্যাসবাক্যও কয়েক ধরনের হতে পারে। সেক্ষেত্রে ব্যাসবাক্য অনুযায়ী সেটি কোন সমাস তা নির্ণয় করতে হবে। যেমন- বিদ্যাসাগর= বিদ্যা রূপ সাগর (রূপক কর্মধারয় সমাস), বিদ্যাসাগর= বিদ্যার সাগর (ষষ্ঠী তৎপুরুষ সমাস)।

তবে খেয়াল রাখতে হবে, ব্যাসবাক্যের সঙ্গে সমস্ত পদের অর্থসঙ্গতি যেন ঠিক থাকে। যেমন, 'বিপদে আপন্ন = বিপদাপন্ন', এই সমাসটি এভাবে ভাঙলে তা ভুল হবে। এটা করতে হবে 'বিপদকে আপন্ন = বিপদাপন্ন'।

সমাসের প্রকারভেদ: সমাস প্রধানত ৬ প্রকার- দ্বন্দ্ব সমাস, কর্মধারয় সমাস, তৎপুরুষ সমাস, বহুব্রীহি সমাস, দ্বিগু সমাস ও অব্যয়ীভাব সমাস। তবে অনেকেই দ্বিগু সমাসকে কর্মধারয় সমাসের অন্তর্ভুক্ত মনে করে থাকেন। আবার অনেকে কর্মধারয় সমাসকে তৎপুরুষ সমাসের অন্তর্ভুক্ত করে থাকেন। সমস্যমান পদের অর্থ প্রাধান্য বিবেচনা করে তারা এই মত দিয়ে থাকেন। সমস্যমান পদ বা পূর্বপদ-পরপদের অর্থ প্রাধান্য বিবেচনা করলে সমাস মূলত ৪ প্রকার- দ্বন্দ্ব সমাস, তৎপুরুষ সমাস, বহুব্রীহি সমাস ও অব্যয়ীভাব সমাস। এছাড়াও কিছু অপ্রধান সমাস রয়েছে। যেমন- প্রাদি, নিত্য, অলুক ইত্যাদি।

আমরা চাইলে একটি ছন্দের দ্বারা এই ৬ প্রকার সমাসের ব্যাসবাক্যের মাধ্যমে সহজে চিহ্নিত করতে পারি।

- ও, এবং, আর মিলে যদি হয় **দ্বন্দ্ব**
- সমাহারে **দ্বিগু** হলে নয় সেটা মন্দ।
- যে, যিনি, তিনি যদি হয় **কর্মধারয়**
- যাহার বাক্যের শেষে থাকলে তাকে **বহুব্রীহি** কয়।
- বিভক্তি লোপ পেলে যদি **তৎপুরুষ** হয়।
- বিভক্তি না লোপ পেলে তাকে **অলুক** কয়।
- তবে ব্যয়হীন পদটি সব সময় **অব্যয়ী** হয়।

[বি.দ্র: 'যে' যদি ব্যাসবাক্যের মাঝখানে থাকে, তাহলে সেটি 'কর্মধারয়' সমাস হবে। কিন্তু 'যে' যদি ব্যাসবাক্যের শেষে থাকে, তাহলে সেটি 'উপপদ তৎপুরুষ' সমাস হবে। যেমন, নীলাকাশ= নীল যে আকাশ (কর্মধারয় সমাস)। পকেটমার= পকেট মারে যে (উপপদ তৎপুরুষ সমাস)।

Scanned with CamScanner CamScanner

➪ সমাসের বিস্তারিত আলোচনা

১. দ্বন্দ্ব সমাস : চেনার উপায়- ব্যাসবাক্যে 'ও' 'এবং', 'আর' থাকবে। উভয় পদের অর্থ প্রাধান্য পাবে।

সমীকরণ : সমজাতীয় পদ + ও + সমজাতীয় পদ।

[এখানে সমজাতীয় পদ মানে প্রথম পদটি বিশেষ্য হলে শেষের পদটিও বিশেষ্য হবে; অনুরূপভাবে প্রথমটি পদটি বিশেষণ, সর্বনাম বা ক্রিয়া হলে যথাক্রমে শেষের পদটিও বিশেষণ, সর্বনাম বা ক্রিয়া হবে।]

উদাহরণ : মাতা + ও + পিতা = মাতাপিতা [বিশেষ্য+ও+বিশেষ্য]; ভালো + ও + মন্দ = ভালো-মন্দ [বিশেষণ+ও+বিশেষণ]; যা + ও + তা = যা-তা [সর্বনাম+ও+সর্বনাম]; দেখা + ও + শোনা = দেখা-শোনা [ক্রিয়া+ও+ ক্রিয়া]।

☞ **অলুক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসে কোনো সমসামান পদের বিভক্তি লোপ পায় পায় না তাকে অলুক দ্বন্দ্ব সমাস বলে।

অলুক দ্বন্দ্ব সমাস চেনার সহজ উপায়: পূর্বপদে 'ে' থাকবে এবং পরপদেও 'ে' থাকবে; কিন্তু সমস্তপদে 'ে-কার' লোপ পাবে না। অর্থাৎ পূর্বপদ এবং পরপদ উভয়পদেরই বিভক্তি অপরিবর্তিত থাকবে।

উদাহরণ: দুধে-ভাতে = দুধে-ভাতে; জলে-স্থলে = জলে-স্থলে; দেশে-বিদেশে = দেশে-বিদেশে; হাতে-কলমে = হাতে-কলমে।

বহুপদী দ্বন্দ্ব সমাস চেনার সহজ উপায়: 'বহু' মানে অনেক বা বেশি। সুতরাং, যে দ্বন্দ্ব সমাসে তিন বা তারও বেশি পদ বা শব্দ থাকবে সেটাই বহুপদী দ্বন্দ্ব সমাস। যেমন: সাহেব, বিবি ও গোলাম = সাহেব-বিবি-গোলাম, হাত, পা, নাক ও চোখ = হাত-পা-নাক-চোখ।

☞ বিভিন্ন অর্থবোধক দ্বন্দ্ব সমাস:

১. **মিলনার্থক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসের দুটি শব্দ দ্বারা মিলন বোঝাবে, তাকে মিলনার্থক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: মা-বাবা, চাচা-চাচি, মাসি-পিসি, জ্বিন-পরি, চা-বিস্কুট ইত্যাদি।

২. **সমার্থক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসের দুটি শব্দ দ্বারা সমার্থক বোঝাবে, তাকে সমার্থক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: হাট-বাজার, ঘর-দুয়ার, কল-কারখানা, খাতা-পত্র ইত্যাদি।

৩. **বিরোধার্থক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসের দুটি শব্দ দ্বারা বিরোধ বোঝাবে, তাকে বিরোধার্থক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: দা-কুমড়া, অহি-নকুল, স্বর্গ-নরক, আকাশ-পাতাল ইত্যাদি।

৪. **বিপরীতার্থক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসের দুটি শব্দ দ্বারা বিপরীত অর্থ বোঝাবে, তাকে বিপরীতার্থক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: আয়-ব্যয়, জমা-খরচ, লাভ-লোকসান, বড়-ছোট, ছেলে-বুড়ো ইত্যাদি।

৫. **প্রায় সমার্থক ও সহচর দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসের দুটি শব্দ দ্বারা প্রায় সমার্থক অর্থ বোঝাবে কিন্তু পুরোপুরি সমার্থক বলা যায় না, তাকে প্রায় সমার্থক ও সহচর দ্বন্দ্ব সমাস বলে। যেমন: ধুতি-চাদর, কাপড়-চোপড়, পোকা-মাকড়, দয়া-মায়া ইত্যাদি।

৬. **অঙ্গবাচক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসের দুটি শব্দ দ্বারা শরীরের কোনো অঙ্গকে বোঝাবে, তাকে অঙ্গবাচক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: বুক-পিঠ, হাত-পা, নাক-কান মাথা-মুণ্ড ইত্যাদি।

৭. **সংখ্যাবাচক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসের দুটি শব্দ দ্বারা সংখ্যা বোঝাবে, তাকে সংখ্যাবাচক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: ৭-৮, উনিশ-বিশ, সাত-পাঁচ ইত্যাদি।

৮. **দুটি সর্বনামযোগে দ্বন্দ্ব সমাস:** এই ধরনের দ্বন্দ্ব সমাস দুটি সর্বনামবাচক (Pronoun) শব্দযোগে গঠিত হয়। যেমন: তিনি, যে-সে, যা-তা, তুমি-আমি ইত্যাদি।

৯. **দুটি বিশেষণযোগে দ্বন্দ্ব সমাস:** এই ধরনের দ্বন্দ্ব সমাস দুটি বিশেষণবাচক (Adjective) শব্দযোগে গঠিত হয়। যেমন: ভালো-মন্দ, আসল-নকল, নরম-গরম, কম-বেশি ইত্যাদি।

১০. **দুটি ক্রিয়াযোগে দ্বন্দ্ব সমাস:** এই ধরনের দ্বন্দ্ব সমাস দুটি ক্রিয়াবাচক (Verb) শব্দযোগে গঠিত হয়। যেমন: চলা-ফেরা, দেখা-শোনা, আসা-যাওয়া ইত্যাদি।

১১. **দুটি ক্রিয়া বিশেষণযোগে দ্বন্দ্ব সমাস:** এই ধরনের দ্বন্দ্ব সমাস দুটি ক্রিয়া বিশেষণ (Adverb) শব্দযোগে গঠিত হয়। যেমন: ধীরে-সুস্থে, আকারে-ইঙ্গিতে, আগে-পিছে ইত্যাদি।

দ্বন্দ্ব সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ: দম্পতি = জায়া ও পতি; অহিনকুল = অহি ও নকুল; জমাখরচ = জমা ও খরচ; ভাই বোন = ভাই ও বোন; হাটবাজার = হাট ও বাজার (সমার্থক শব্দ); আলোছায়া = আলো ও ছায়া।

২. কর্মধারয় সমাস : চেনার উপায়: খুব বেশি আসে পড়ুন এখান থেকে। কর্মধারয় সমাসে "যে/যে-সে/যিনি-তিনি/যার" এ শব্দগুলো থাকবেই। যেমন: 'চালাকচতুর' এটি কোন সমাস 'চালাকচতুর' মানে যে চালাক সে চতুর; তাহলে এখানে 'যে' এ আছে, অতএব এটি কর্মধারয় সমাস। 'জজসাহেব' এটি কোন সমাস 'জজসাহেব' মানে যিনি জজ তিনি সাহেব; তাহলে এখানে 'যিনি তিনি' কথাটি আছে, অতএব এটি কর্মধারয় সমাস।

কর্মধারয় সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : নীলাম্বর= যে অম্বর; নীলাকাশ= নীল যে আকাশ; কদাচার= কু যে আচার সুখবর= সু যে খবর; খাসমহল= খাস যে মহল; হারামণি= হারিয়ে যে মণি; মহাকীর্তি= মহতী যে কীর্তি; কাঁচা-মিঠা= যা কাঁচা তা মি নরাধম= অধম যে নর; শ্বেতবস্ত্র= শ্বেত যে বস্ত্র; নবান্ন= নব যে ধ

তবে কর্মধারয় সমাস ৪ প্রকার আছে। যথা: (১.) মধ্যপদলো কর্মধারয়, (২.) উপমান কর্মধারয়, (৩.) উপমিত কর্মধারয় ও রূপক কর্মধারয়।

(১.) মধ্যপদলোপী কর্মধারয় : মূলত এই ৪ প্রকার থেকেই বেশি হয়। প্রথমেই আসুন মধ্যপদলোপী কর্মধারয় চিনি। নামটা খেয়াল করুন, 'মধ্যপদলোপী'। মানে মধ্য অর্থাৎ মাঝখানের পদটা লোপ পাবে, মানে চলে যাবে। যা করে বললে হয়, যেখানে মাঝখানের পদটা চলে যায় মধ্যপদলোপী কর্মধারয় সমাস। যেমন: 'সিংহাসন' কো সমাস? সিংহাসন মানে 'সিংহ চিহ্নিত যে আসন'। দেখুন, এখানে 'সিংহ চিহ্নিত যে আসন' বাক্যটি মাঝখানের 'চিহ্নিত' শব্দটি বাদ দিলে অর্থাৎ মধ্যপদ শব্দটি লোপ পেলে হয় 'সিংহাসন'। যেহেতু মধ্যপদ পেয়েছে, অতএব এটি মধ্যপদলোপী কর্মধারয় সমাস।

Scanned with CamScanner CamScanner

মধ্যপদলোপী কর্মধারয় সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : জ্যোৎস্নাবাত্র = জ্যোৎস্না শোভিত রাত; পলান্ন = পল (মাংস) মিশ্রিত অন্ন; মৌমাছি = মৌ-সঞ্চয়কারী মাছি; জাদুঘর = জাদু পরিপূর্ণ ঘর; প্রীতিভোজ = প্রীতি উপলক্ষে ভোজ; সিংহাসন= সিংহ চিহ্নিত আসন; প্রাণভয় = প্রাণ যাওয়ার ভয়; আত্মজীবনী = আত্মলিখিত জীবনী; বৌভাত= বৌ পরিবেশন করা ভাত; একাদশ= এক অধিক দশ; আয়কর= আয়ের উপর কর; স্মৃতিসৌধ= স্মৃতি রক্ষার্থে সৌধ; সাহিত্যসভা= সাহিত্য বিষয়ক সভা; ঘরজামাই= ঘরে আশ্রিত জামাই।

(২.) **উপমান কর্মধারয় :** উপমান কর্মধারয় সমাস কীভাবে চিনবেন জানেন? যদি দুটি জিনিসের সত্য তুলনা করা এবং দুটির মান সমান তবে সেটি হবে উপমান কর্মধারয় সমাস। যেমন: 'তুষারশুভ্র' কোন সমাসের উদাহরণ? এটি পরীক্ষায় অনেকবার এসেছে। শব্দটি খেয়াল করুন 'তুষারশুভ্র'। তুষার মানে বরফ, আর শুভ্র মানে সাদা। বরফ তো দেখতে সাদা। তাহলে তো এটি তুলনা করা যায়। অতএব এটি উপমান কর্মধারয়। একইভাবে 'কাজলকালো' এটিও উপমান কর্মধারয় সমাস। কারণ কাজল দেখতে তো কালো রঙেরই হয়। তার মানে তুলনা করা যাচ্ছে। অতএব এটি উপমান কর্মধারয়। অর্থাৎ, যে দুটি শব্দের সাথে তুলনা করা হয় তাদেও মধ্যে যদি একই রকম গুণ তাকে অর্থাৎ তুলনাটি যদি সত্য হয় তাহলে এটি হবে উপমান কর্মধারয় সমাস। যেমন- এখানে তুষার দেখতে সাদা আবার শুভ্র মানেও সাদা অতএব দুজনের মধ্যে একই গুণ আছে অর্থাৎ দুজনের মান সমান অতএব এটি উপমান কর্মধারয় সমাস।

উপমান কর্মধারয় সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : বাকধার্মিক= বকের ন্যায় ধার্মিক; কুসুমকোমল= কুসুমের ন্যায় কোমল; অরুণরাঙা= অরুণের ন্যায় রাঙা; কাজলকালো= কাজলের ন্যায় কালো; হিমশীতল= হিমের ন্যায় শীতল।

(৩) **উপমিত কর্মধারয় :** উপমিত কর্মধারয় মানে যেটা মিথ্যা তুলনা করা হয়; অর্থাৎ যা বাস্তবে তুলনা যোগ্য নয়। বিগত পরীক্ষাগুলোতে একটি প্রশ্ন ছিল- 'সিংহপুরুষ' কোন সমাসের উদাহরণ? খেয়াল করুন শব্দটি। সিংহপুরুষ মানে সিংহ আর পুরুষ। আচ্ছা, সিংহ কি কখনো পুরুষের মতো হতে পারে নাকি পুরুষ কখনো সিংহের মতো হতে পারে? একটা মানুষ আর অন্যটা জন্তু, কেউ কারো মত হতে পারে না। অর্থাৎ এটি একটি মিথ্যা তুলনা। তার মানে যেহেতু মিথ্যা তুলনা, অতএব এটি উপমিত কর্মধারয় সমাস।

'চন্দ্রমুখ' শব্দটি কোন সমাস? খেয়াল করুন মুখ কি কখনো চাঁদের মত হতে পারে, নাকি চাঁদ কখনো মুখের মত হতে পারে? কোনোটাই কোনটার মত হতে পারেনা। অর্থাৎ এটি একটি মিথ্যা তুলনা। তার মানে যেহেতু মিথ্যা তুলনা, অতএব এটি উপমিত কর্মধারয় সমাস।

এক কথায়, একই মান সম্পন্ন দুটি জিনিসের মধ্যে কোনো সত্য তুলনা বোঝালে তা উপমান কর্মধারয় সমাস। আবার একই মান সম্পন্ন নয় এমন দুটি জিনিসের মধ্যে কোনো মিথ্যা তুলনা বোঝালে তা হবে উপমিত কর্মধারয় সমাস।

(টেকনিকে মনে রাখুন: মান সমান হলে উপমান, মিথ্যা তুলনা বোঝালে উপমিত)

উপমিত কর্মধারয় সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : ফুলকুমারী= কুমারী ফুলের ন্যায়; বীরসিংহ= বীর সিংহের ন্যায়; কথামৃত= কথা অমৃতের ন্যায়; পুরুষসিংহ= পুরুষ সিংহের ন্যায়;

(৪.) **রূপক কর্মধারয় :** বাকি থাকল রূপক কর্মধারয় সমাস। এটিও খুব সোজা। ব্যাসবাক্যে 'রূপ'- কথাটি থাকলেই রূপক কর্মধারয়। যেমন: 'বিষাদসিন্ধু'-এটি কোন সমাস? বিষাদসিন্ধুকে ব্যাসবাক্য করলে হবে 'বিষাদ রূপ সিন্ধু'। যেহেতু এখানে 'রূপ' কথাটি আছে, অতএব এটি একটি রূপক কর্মধারয় সমাস। একইভাবে মনমাঝি = মনরূপ মাঝি, ক্রোধানল = ক্রোধ রূপ অনল, এগুলোও রূপক কর্মধারয় সমাস, যেহেতু 'রূপ' কথাটা আছে।

আসুন রূপক কর্মধারয় সমাসটি আরো সহজভাবে শিখি- যদি সমস্ত পদের প্রথমে একটি অদৃশ্যমান জিনিস থাকে এবং শেষে একটি দৃশ্যমান জিনিস থাকে তাহলে সেটি হবে রূপক কর্মধারয়। অর্থাৎ, **অদৃশ্যমান জিনিস+ দৃশ্যমান জিনিস = রূপক কর্মধারয়।**

ব্যাখ্যা: 'মনমাঝি' কোন সমাস? খেয়াল করুন, উক্ত সমস্ত পদের প্রথমে আছে 'মন' এবং শেষে 'মাঝি'; এবার আপনিই বলুন মনকে কি কখনো দেখা যায়, ছোঁয়া যায়? কিন্তু শেষে 'মাঝি' শব্দটি আছে, কিন্তু আমরা মাঝিকে দেখতে পাই, ছুঁতে পাই অর্থাৎ দৃশ্যমান; অতএব এটি একটি রূপক কর্মধারয়। একইভাবে, 'ক্রোধানল'= ক্রোধ+অনল। ক্রোধ মানে রাগ, রাগকে দেখা যায় না, ছোঁয়া যায় না কিন্তু অনল মানে আগুনকে দেখা যায়, ছোঁয়া যায়; অতএব এটি একটি রূপক কর্মধারয়!

রূপক কর্মধারয় সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : বিদ্যাধন= বিদ্যা রূপ ধন; জীবনপ্রদীপ= জীবন রূপ প্রদীপ; জীবনতরী= জীবন রূপ তরী; শোকানল= শোক রূপ অনল; জ্ঞানবৃক্ষ= জ্ঞান রূপ বৃক্ষ; ক্ষুধিতপাষাণ= ক্ষুধিত রূপ পাষাণ; বিদ্যাসাগর= বিদ্যা রূপ সাগর (বিদ্যার সাগর= বিদ্যাসাগর : ষষ্ঠী তৎপুরুষ সমাসও হয়)।

উপমান কর্মধারয়, উপমিত কর্মধারয় ও রূপক কর্মধারয় সমাসের মধ্যে মূল পার্থক্য:

যদি দুটি জিনিসের সত্য তুলনা বোঝায় এবং দুটির মান সমান হয় তবে সেটি হবে উপমান কর্মধারয় সমাস (যেমন: 'তুষারশুভ্র'); কিন্তু যদি দুটি জিনিসের মধ্যে মিথ্যা তুলনা বোঝায় এবং দুটির মান সমান না হয়ে মিথ্যা হয় তবে সেটি হবে উপমিত কর্মধারয় সমাস (যেমন: পুরুষসিংহ)।

আচ্ছা এটা না হয় বোঝা গেলো যে- মান সমান হলে উপমান; মান সমান না হয়ে মিথ্যা তুলনা বোঝালে উপমিত। কিন্তু রূপক কর্মধারয়

Scanned with CamScanner

সমাসের ক্ষেত্রেও তো দুটি জিনিসের মাঝে মিথ্যা তুলনা বোঝায় এবং দুটির মান সমান হয় না (যেমন: 'ক্রোধানল' একটি রূপক সমাসের উদাহরণ। এখানে 'ক্রোধ'-কে 'অনল'-এর সাথে তুলনা করা হয়েছে। কিন্তু 'ক্রোধ' কি কখনো অনল এর মতো হতে পারে?); তাহলে আমরা কীভাবে বোঝবো যে এটি উপমিত কর্মধারয় সমাস নাকি রূপক কর্মধারয় সমাস?

উত্তর : একদম সহজ- উপমিত কর্মধারয় সমাস এবং রূপক কর্মধারয় সমাস উভয়ের ক্ষেত্রেই মিথ্যা তুলনা বোঝাবে। তবে উপমিত কর্মধারয় সমাসের ক্ষেত্রে তুলনা মিথ্যা হলেও দুটি জিনিসই দৃশ্যমান হবে, অর্থাৎ দেখা যায় এমন। কিন্তু রূপক কর্মধারয় সমাসের ক্ষেত্রে দুটিই জিনিসের মধ্যে মিথ্যা তুলনা বোঝাবে কিন্তু এর মাঝে প্রথম পদে অদৃশ্যমান জিনিস থাকে এবং পরপদে দৃশ্যমান জিনিস থাকে। যেমন- ক্রোধানল'= ক্রোধ+ অনল। এখানে প্রথম পদে 'ক্রোধ' মানে 'রাগ' শব্দটি আছে। রাগকে দেখা যায় না, ছোঁয়া যায় না কিন্তু 'অনল' মানে আগুনকে দেখা যায়, ছোঁয়া যায়; অতএব এটি একটি রূপক কর্মধারয়।

আবার 'সিংহপুরুষ' মানে সিংহ আর পুরুষ। আচ্ছা, সিংহ কি কখনো পুরুষের মতো হতে পারে নাকি পুরুষ কখনো সিংহের মতো হতে পারে? একটা মানুষ আর অন্যটা জন্তু, কেউ কারো মত হতে পারে না। অর্থাৎ এটি একটি মিথ্যা তুলনা। তার মানে যেহেতু মিথ্যা তুলনা, অতএব এটি উপমিত কর্মধারয় সমাস। কিন্তু এখানে দুটি জিনিসের মধ্যে তুলনা মিথ্যা হলেও 'সিংহ' এবং 'পুরুষ' দুটিই দৃশ্যমান; অর্থাৎ আমরা দুটিকেই দেখতে পাই।

অতএত, আমরা বোঝলাম দুটি জিনিসের মধ্যে তুলনা সত্য তথা মান সমান হলে হবে উপমান কর্মধারয়। দুটি জিনিসের মধ্যে তুলনা মিথ্যা হবে কিন্তু দুটি জিনিসই দৃশ্যমান হলে উপমিত কর্মধারয়। আবার দুটি জিনিসের মধ্যে মিথ্যা তুলনা হলে এর মাঝে প্রথম জিনিসটি অদৃশ্যমান এবং পরের জিনিসটি দৃশ্যমান হলে তাকে বলা হবে রূপক কর্মধারয় সমাস। কি এবার বোঝেছেন তো?

৩. তৎপুরুষ সমাস : সহজ চেনার উপায়: পূর্বপদে দ্বিতীয়া বিভক্তি থেকে শুরু করে সপ্তমী বিভক্তি পর্যন্ত যে কোনো একটি বিভক্তি থাকবে কিন্তু সমস্ত পদে সেই বিভক্তি লোপ পেয়ে পরপদের অর্থ প্রাধান্য পাবে। যেমন-

* ব্যাসবাক্যে কে, রে (সাধারণ অর্থে) থাকলে- ২য়া

উদাহরণ : বিপদকে আপন্ন = বিপদাপন্ন; দুঃখকে প্রাপ্ত = দুঃখপ্রাপ্ত।

আবার ব্যাসবাক্যের মাঝে 'ব্যাপিয়া' থাকলে- ২য়া তৎপুরুষ সমাস।

উদাহরণ : চিরকাল ব্যাপিয়া সুখী = চিরসুখী, ক্ষীণকাল ব্যাপিয়া স্থায়ী = ক্ষণস্থায়ী।

* ব্যাসবাক্যের মাঝে দ্বারা, দিয়া, কর্তৃক থাকলে- ৩য়া তৎপুরুষ সমাস

উদাহরণ : পদ দ্বারা দলিত = পদদলিত; মন দিয়ে গড়া = মনগড়া; মধু দিয়ে মাখা = মধুমাখা।

* ব্যাসবাক্যে কে, রে থাকলে- ৪র্থী (দান, সেবা, ভক্তি ও সম্প্রদান অর্থে)

উদাহরণ : গুরুকে ভক্তি = গুরুভক্তি

* ব্যাসবাক্যের মধ্যে নিমিত্তে, উদ্দেশ্য, জন্যে থাকলে- ৪র্থী

উদাহরণ : বসতের নিমিত্তে বাড়ি = বসতবাড়ি; আয়ের জন্য কর = আয়কর; বিয়ের জন্য পাগলা = বিয়েপাগলা।

* ব্যাসবাক্যে হইতে, থেকে, চেয়ে থাকলে- ৫মী

উদাহরণ : বিলাত থেকে ফেরত = বিলাত ফেরত; স্কুল থেকে পালানো = স্কুল পালানো (মনে রাখুন, অপাদান কারক অর্থে ৫মী তৎপুরুষ সমাস)

* ব্যাসবাক্যে র, এর থাকলে- ৬ষ্ঠী

উদাহরণ : রাজার পুত্র = রাজপুত্র; পথের রাজা = রাজপথ।

* ব্যাসবাক্যে এ, য়, তে থাকলে- ৭মী

উদাহরণ : গাছে (গাছ+এ) পাকা = গাছপাকা; দিবায় নিদ্রা = দিবানিদ্রা; বিশ্বে বিখ্যাত = বিশ্ববিখ্যাত

[বি.দ্র: দান, সেবা, ভক্তি তথা সম্প্রদান অর্থে কে, রে বিভক্তি থাকলে ৪র্থী; কিন্তু সাধারণ বর্ণনা অর্থে কে, রে বিভক্তি থাকলে দ্বিতীয়া হয়। যেমন: গুরুকে ভক্তি = গুরুভক্তি। ৪র্থী তৎপুরুষ সমাস। কেন এখানে 'কে' বিভক্তি দ্বারা ভক্তি বোঝানো হয়েছে। আবার, বিপদ আপন্ন = বিপদাপন্ন। দ্বিতীয়া তৎপুরুষ সমাস। কেননা, এখা সাধারণ অর্থে 'কে' বিভক্তি এসেছে।]

*ব্যাসবাক্যে বিশেষ্য+ক্রিয়া+যে / যা থাকলে উপপদ তৎপুরুষ সমাস হয়।

উদাহরণ : ধামা + ধরে + যে = ধামাধরা

[বিশেষ্য+ক্রিয়া+যে]

একইভাবে, পকেটমারে যে = পকেটমার; সত্য বলে যে = সত্যবাদী

[বি.দ্র: উপপদ তৎপুরুষ সমাসের ব্যাসবাক্যে 'যে' বাক্যের শেষে কিন্তু 'কর্মধারয় সমাসে 'যে' ব্যাসবাক্যের মাঝখানে বসে। যেম 'নীল যে পদ্ম = নীল'-এটি কর্মধারয় সমাসের উদাহরণ।]

*ব্যাসবাক্যের শুরুতে ন, নয়, নাই থাকলে- নঞ তৎপুরুষ সমাস হয়।

উদাহরণ : ন (নাই) জানা = অজানা; ন আচার = অনাচার।

[বি.দ্র. ব্যাসবাক্যের শুরুতে ন, নাই এবং ব্যাসবাক্যের শেষে যে/য থাকলে সেটি নঞ বহুব্রীহি সমাস, নঞ তৎপুরুষ সমাস হয় ন যেমন : নাই জানা যা = অজানা (নঞ বহুব্রীহি)]

*ব্যাসবাক্যের বিভক্তি সমস্তপদে লোপ না পেলে- অলুক তৎপু সমাস হয়।

উদাহরণ : চোখের (চোখ+এর) বালি = চোখের বালি (এই বা 'এর' বিভক্তি লোপ পায়নি]

তৎপুরুষ সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : ইত্যাদি= ইহা হতে আদি (পঞ্চমী তৎপুরুষ); মধুমাখা= মধু দ্বারা মাখা (তৃতী তৎপুরুষ); বিশ্বকবি= বিশ্বের কবি (ষষ্ঠী তৎপুরুষ); ছায়াশীতল ছায়া দ্বারা শীতল (তৃতীয়া তৎপুরুষ); কলেছাঁটা= কলে ছাঁটা (তৃ তৎপুরুষ); চিরসুখী= চিরকাল ব্যাপিয়া সুখী (দ্বিতীয় তৎপুরু বাগদত্তা= বাক দিয়ে দত্তা (তৃতীয়া তৎপুরুষ)।

Scanned with CamScanner CamScanner

৩ বহুব্রীহি সমাস : চেনার উপায়: যে সমাসে পূর্বপদ বা পরপদ কোনটির অর্থ না বুঝিয়ে অন্য কোনো বিশেষ অর্থ প্রকাশ করবে। তবে আমাদের মনে রাখতে হবে, **বহুব্রীহি সমাস ৮ প্রকার**। তবে এর মধ্যে গুরুত্বপূর্ণ বহুব্রীহি সমাস হলো ব্যতিহার বহুব্রীহি, অলুক বহুব্রীহি ও নঞ বহুব্রীহি সমাস।

*ব্যাসবাক্যে বিশেষ্য + বিশেষ্য + যে/যার থাকলে- সমানাধিকরণ বহুব্রীহি।

উদাহরণ : নীল + কণ্ঠ + যার = নীলকণ্ঠ (নীলকণ্ঠ হিন্দুদের একটি দেবতার নাম)

[বিশেষ্য + বিশেষ্য + যার]

একইভাবে, খোশ মেজাজ যার = খোশমেজাজ

*ব্যাসবাক্যে বিশেষ্য + বিশেষ্য + যে / যার থাকলে- ব্যাধিকরণ বহুব্রীহি।

উদাহরণ : আশীতে (দাঁতে) + বিষ + যার = আশীবিষ (সাপ)

[বিশেষ্য + বিশেষ্য + যার]

একইভাবে, কথা সর্বস্ব যার = কথাসর্বস্ব

* ব্যাসবাক্যে একই বিশেষ্য দুবার পাশাপাশি বসবে + যে + বিশেষ্য থাকলে- ব্যতিহার বহুব্রীহি।

উদাহরণ : কানে কানে + যে + কথা = কানাকানি

[একই বিশেষ্য পদ + বিশেষ্য]

একইভাবে, হাতে হাতে যে যুদ্ধ = হাতাহাতি, লাঠিতে লাঠিতে যে যুদ্ধ = লাঠালাঠি

কিন্তু আমরা চাইলে এই ব্যতিহার বহুব্রীহি সমাসকে আরো সহজে চিহ্নিত করতে পারি। ব্যতিহার বহুব্রীহি সমাসের সমস্ত পদের পূর্বপদের শেষ বর্ণের সাথে 'আ-কার' (া) থাকবে এবং পরপদের শেষ বর্ণের সাথে 'ই-কার' (ি) থাকবে। যেমন: হাতাহাতি, ঘুষাঘুষি।

*ব্যাসবাক্যে নাই / নয় + বিশেষ্য + যে / যার থাকলে- নঞ বহুব্রীহি।

উদাহরণ : নাই + তার + যার = বেতার

একইভাবে, নি (নাই) ভুল যার = নির্ভুল, নি (নাই) উপায় যার = নিরুপায়।

এক কথায়, যে বহুব্রীহি সমাসের প্রথমে 'না-বাচক' কোনো শব্দ থাকে তাকে নঞ বহুব্রীহি বলে।

*ব্যাসবাক্যে সংখ্যা + বিশেষ্য + যার থাকলে- সংখ্যাবাচক বহুব্রীহি।

উদাহরণ : সে (তিন) + তার + যার = সেতার

একইভাবে- চৌচালা, তেপায়া।

অলুক বহুব্রীহি : যে বহুব্রীহি সমাসে পূর্বপদ ও পরপদের কোনো পরিবর্তন হয় না তাকে অলুক বহুব্রীহি সমাস বলে।

উদাহরণ: মাথায় পাগড়ি যার = মাথায়পাগড়ি। এখানে পূর্বপদ 'মাথায়' এবং পরপদ হলো 'পাগড়ি' যা সমস্ত পদে যেমন, ব্যাসবাক্যেও তেমন, এর কোনো পরিবর্তন হয় নি।

একইভাবে- মাথায় পাগড়ি যার = মাথায়পাগড়ি, গলায় গামছা যার = গলায়গামছা, গায়ে হলুদ দেয়া হয় যে অনুষ্ঠানে = গায়েহলুদ, হাতে খড়ি দেয়া হয় যে অনুষ্ঠানে = হাতেখড়ি, মুখে ভাত দেয়া হয় যে অনুষ্ঠানে = মুখেভাত।

নোট: **অলুক বহুব্রীহি ও অলুক দ্বন্দ্ব সমাস চেনার সহজ উপায়:** অলুক বহুব্রীহি সমাসের ক্ষেত্রে শুধু পূর্বপদে সপ্তমী বিভক্তি (এ, য়, তে) হবে, কিন্তু অলুক দ্বন্দ্ব সমাসের ক্ষেত্রে পূর্বপদ ও পরপদ উভয় পদ ক্ষেত্রেই সপ্তমী বিভক্তি থাকবে এবং তা শুধু 'ে-কার' থাকবে। যেমন, হাতে-কলমে (অলুক দ্বন্দ্ব); মুখেভাত (বহুব্রীহি)।

* ব্যাসবাক্যের মধ্যে 'সহিত' কথাটি থাকলেও বহুব্রীহি সমাস হয়।

উদাহরণ : স্ত্রীর সহিত বর্তমান = সস্ত্রীক

উল্লেখ্য, অনেকেই 'সেতার' শব্দটিকে দ্বিগু সমাস মনে করে এভাবে ব্যাসবাক্য করতে চান- 'সে (তিন) তারের সমাহার = সেতার।' কিন্তু 'সেতার' বলতে শুধু তিনটি তারকে বুঝায় না, এটি বিশেষ বাদ্যযন্ত্রকে বুঝায়- যার তিন তার রয়েছে। অর্থাৎ এটি অন্য অর্থে / ভিন্ন পদের অর্থে ব্যবহৃত হয়েছে। তাই এটি দ্বিগু সমাস না হয়ে সংখ্যাবাচক বহুব্রীহি সমাস হবে।

বহুব্রীহী সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : সহোদর= সমান উদর যাদের; গোঁফ-খেজুরে= গোঁফে খেজুর পড়ে থাকলেও যায় না যে (মধ্যপদলোপী বহুব্রীহি); বীণাপাণি= বীণা পাণিতে যার (ব্যাধিকরণ বহুব্রীহি)।

৪ দ্বিগু সমাস : চেনার উপায় : দ্বিগু সমাস কিভাবে চিনবেন জানেন? আচ্ছা, দ্বিগু শব্দের 'দ্বি' মানে কী? 'দ্বিতীয়' শব্দটিতে 'দ্বি' আছে না? আমরা ২ বোঝাতে 'দ্বি' শব্দটি ব্যবহার করি। ২ মানে কী? একটি সংখ্যা। তাহলে যে শব্দে সংখ্যা প্রকাশ পাবে এখন থেকে সেটাকেই 'দ্বিগু' সমাস বলে ধরে নিবেন। যেমন পরীক্ষায় আসলো 'শতাব্দী' কোন সমাস? আচ্ছা, শতাব্দী মানে হল 'শত অব্দের সমাহার।' অর্থাৎ প্রথমেই আছে 'শত' মানে একশো, যা একটি সংখ্যা। সুতরাং এটি একটি দ্বিগু সমাস। একইভাবে 'ত্রিপদী' (তিন পদের সমাহার)-এটিও দ্বিগু সমাস। কারণ এখানেও একটি সংখ্যা (৩) আছে। এবার যেকোনো ব্যাকরণ বই নিয়ে দ্বিগু সমাসের যত উদাহরণ আছে সব এই সূত্রের সাহায্যে মিলিয়ে নিন।

মনে রাখতে হবে, দ্বিগু সমাসের ব্যাসবাক্যের শুরুতে সংখ্যা থাকবে এবং শেষে সমাহার কথাটি থাকবে। পরপদের অর্থ প্রাধান্য পাবে।

সমীকরণ : সংখ্যা + বিশেষ্য + এর + সমাহার।

উদাহরণ : পঞ্চ (পাঁচ)+নদীর (নদী+এর)+ সমাহার = পঞ্চনদ

[সংখ্যা + বিশেষ্য + এর + সমাহার]

একইভাবে- চৌ (চার) রাস্তার সমাহার = চৌরাস্তা।

দ্বিগু সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : চতুরঙ্গ= চার অঙ্গের সমাহার; শতাব্দী= শত অব্দের সমাহার; তেমোহনা= তিন মোহনার মিলন; পঞ্চভূত= পঞ্চ ভূতের সমাহার; ষড়ঋতু= ছয় ঋতুর সমাহার; নবরত্ন= নব (নয়) রত্নের সমাহার; সপ্তর্ষি= সপ্ত ঋষির সমাহার।

৫ অব্যয়ীভাব সমাস : চেনার উপায়: অব্যয়ীভাব সমাসে 'অব্যয়' কথাটি নিহিত। অর্থাৎ, যে সমাসের সমস্ত পদের প্রথমে কোনো অব্যয় থাকে এবং সেই অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে তাকে অব্যয়ীভাব সমাস বলে।

ব্যাসবাক্যে সমীপে, সদৃশ, মতো, পুনঃপুনঃ (পদের দ্বিরুক্তি), অভাব, পর্যন্ত, অতিক্রম না করে, অধিকার করে, অতিক্রান্ত, বিরুদ্ধ, যোগ্য, ক্ষুদ্র, পশ্চাৎ, ঈষৎ, প্রতি অব্যয় থাকবে।

☞ আসুন আমরা এই অব্যয়গুলো একটি স্পেশাল টেকনিকের মাধ্যমে মনে রাখার চেষ্টা করি। **'আহা নিষ্পরাধ অনুর পরিপূর্ণ উপকারের প্রতি যথার্থ উৎসাহ থাকা উচিত।'**

আ= আমরণ, হা= হাযর, নি= নির্বাসিত, অনু= অনুগমন, পরিপূর্ণ= পরিপূর্ণ, উপ= উপকূল, প্রতি= প্রতিদিন, যথা= যথারীতি।

Scanned with CamScanner CamScanner

উল্লেখ্য, সমস্ত পদের প্রথমে উপসর্গ (উপ, অনু, প্রতি, দূর, আ, যথা ইত্যাদি) থাকবে এবং পূর্ব পদের অর্থ প্রাধান্য পাবে। উপসর্গকে অব্যয়জাত শব্দাংশ বলা হয়।

উদাহরণ: কূলের সমীপে = উপকূল; কণ্ঠের সমীপে = উপকণ্ঠ; বনের সদৃশ = উপবন; গ্রহের তুল্য = উপগ্রহ; পাগলা মতো = পাগলাটে; দিন দিন = প্রতিদিন; ভিক্ষার অভাব = দুর্ভিক্ষ; মরণ পর্যন্ত = আমরণ; শক্তিকে অতিক্রম না করে = যথাশক্তি; বেলাকে অতিক্রান্ত = উদ্বেল; বিরুদ্ধ বাদ = প্রতিবাদ; রূপের যোগ্য = অনুরূপ; ক্ষুদ্র অঙ্গ = প্রত্যঙ্গ; গমনের পশ্চাৎ = অনুগমন; ঈষৎ রাজি = নিমরাজি।

এ রকম আরো কিছু অব্যয়ীভাব সমাসের উদাহরণ: আরক্তিম, আনত, প্রতিক্ষণে, অণুক্ষণ, প্রতিনিধি, প্রতিদ্বন্দ্বী, প্রতিচ্ছায়া, নির্ভাবনা, পরোক্ষ।

- **প্রাদি সমাস:** প্র, পরি ইত্যাদি অব্যয় বা উপসর্গের সঙ্গে কৃৎ প্রত্যয় সাধিত বিশেষ্য বা ক্রিয়াবাচক বিশেষ্যের সমাস হলে তাকে প্রাদি সমাস বলে। যেমন, প্র (প্রকৃষ্ট) যে বচন = প্রবচন। এখানে বচন সমস্যমান পদটি একটি বিশেষ্য, যার মূল (ধাতু) বচ ধাতু বা কৃৎ প্রত্যয়। 'প্র' অব্যয়ের সঙ্গে কৃৎ প্রত্যয় সাধিত বিশেষ্য 'বচন'র সমাস হয়ে সমস্ত পদ 'প্রবচন' শব্দটি তৈরি হয়েছে। সুতরাং, এটি প্রাদি সমাস। একইভাবে, প্র (প্রকৃষ্ট রূপে) ভাত (আলোকিত) = প্রভাত, প্র (প্রকৃষ্ট রূপে) গতি = প্রগতি, পরি (চতুর্দিকে) যে ভ্রমণ = পরিভ্রমণ।

- **নিত্য সমাস:** যে সমাসের সমস্তপদ নিত্য সমাসবদ্ধ থাকে; অর্থাৎ, সমস্ত পদই ব্যাসবাক্যের কাজ করে, আলাদা করে ব্যাসবাক্য তৈরি করতে হয় না; কিন্তু আলাদা করে ব্যাসবাক্য তৈরি করতে গেলে সমস্যমান পদের বাইরে গিয়ে ভিন্ন কোনো পদের আশ্রয় নিতে হয়, তাকে নিত্য সমাস বলে। যেমন- 'দেশান্তর' সমস্ত পদটি ভাঙতে গেলে 'দেশের অন্তর' বললে চলবে না, বলতে হবে 'অন্য দেশ'। এখানে, 'অন্য দেশ' ব্যাসবাক্যটি তৈরি করতে গিয়ে 'দেশান্তর' সমস্তপদটির অন্তর্গত সমস্যমান পদ 'দেশ' এবং 'অন্তর' এই দুটি পদের বাইরে গিয়ে 'অন্য' নামক সম্পূর্ণ আলাদা একটি পদ বাহির থেকে নিতে হয়েছে; তবে তারা প্রায় একই অর্থ প্রকাশ করে। ঠিক একইভাবে শ্রবণমাত্র = কেবল শ্রবণ; এখানে 'কেবল শ্রবণ' ব্যাসবাক্যটি তৈরি করতে গিয়ে 'শ্রবণমাত্র' সমস্তপদটির অন্তর্গত সমস্যমান পদ 'শ্রবণ' এবং 'মাত্র' এই দুটি পদের বাইরে গিয়ে 'কেবল' নামক সম্পূর্ণ আলাদা একটি পদ বাহির থেকে নিতে হয়েছে। তাই এটি নিত্য সমাস। একইভাবে, অন্য গৃহ = গৃহান্তর; কেবল দর্শন = দর্শনমাত্র; দুই এবং নব্বই = বিরানব্বই; তুমি, আমি ও সে = আমরা ('আমরা' একশেষ দ্বন্দ্ব সমাসও হয়)।

মনে রাখার সহজ টেকনিক: মাত্র দুটি সহজ টেকনিকের সাহায্যে নিত্য সমাস মনে রাখুন-

- **টেকনিক-১:** যদি কোনো সমস্তপদের শেষে 'অন্তর' কথাটি থাকে, তাহলে তা হবে 'নিত্য সমাস' এবং ব্যাসবাক্য তৈরি করার সময় 'অন্তর' এর স্থলে 'অন্য' কথাটি ব্যবহার করতে হবে। যেমন, অন্য দেশ = দেশান্তর; অন্য গ্রাম = গ্রামান্তর; অন্য গৃহ = গৃহান্তর; অন্য ধর্ম = ধর্মান্তর; অন্য ভাষা = ভাষান্তর। এখানে সমস্তপদের শেষে 'অন্তর' কথাটি এবং ব্যাসবাক্য তৈরি করার সময় 'অন্তর' কথাটির বদলে 'অন্য' কথাটি ব্যবহার করা হয়েছে।

- **টেকনিক-২:** যদি কোনো সমস্তপদের শেষে 'মাত্র' কথাটি থাকে, তাহলে তা হবে 'নিত্য সমাস' এবং ব্যাসবাক্য তৈরি করার সময় 'মাত্র' এর স্থলে 'কেবল' কথাটি ব্যবহার করতে হবে। যেমন, দর্শনমাত্র = কেবল দর্শন; জলমাত্র = কেবল জল। এখানে সমস্তপদের শেষে 'মাত্র' কথাটি এবং ব্যাসবাক্য তৈরি করার সময় 'মাত্র' কথাটির বদলে 'কেবল' কথাটি ব্যবহার করা হয়েছে।

MCQ Test

১. 'সমাস'শব্দের অর্থ হলো-
ক. সংযোজন খ. বিশ্লেষণ
গ. সংশ্লেষণ ঘ. সংক্ষেপণ উত্তর:

২. 'সমাস' ভাষাকে --
ক. সংক্ষেপ করে খ. বিস্তৃত করে
গ. ভাষারূপ করে ঘ. অর্থবোধক করে উত্তর:

৩. পরস্পর অন্বয়যুক্ত দুই বা ততোধিক পদকে এক পদে পরিণত করার নাম-
ক. সন্ধি খ. প্রত্যয়
গ. সমাস ঘ. পুরুষ উত্তর:

৪. সমাস নিষ্পন্ন পদটির নাম কি?
ক. অব্যয় পদ খ. বিগ্রহ পদ
গ. সমস্যমান পদ ঘ. সমস্ত পদ উত্তর:

৫. যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটিকে কি বলে?
ক. সমস্যমান পদ খ. সমস্তপদ
গ. উত্তরপদ ঘ. পূর্বপদ উত্তর:

৬. ব্যাসবাক্যের অপর নাম কি?
ক. গরল বাক্য খ. যৌগিক বাক্য
গ. বিগ্রহ বাক্য ঘ. জটিল বাক্য উত্তর:

৭. সমাস কত প্রকার?
ক. ৩ প্রকার খ. ৪ প্রকার
গ. ৬ প্রকার ঘ. ৮ প্রকার উত্তর:

৮. সমাসের রীতি কোন ভাষা থেকে আগত?
ক. আরবি খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. ইংরেজি উত্তর:

৯. 'জয়া ও পতি' সমাস করলে কি হয়?
ক. স্বামী-স্ত্রী খ. পতি-পত্নী
গ. দম্পতি ঘ. জয়া-পতি উত্তর:

১০. 'নীল যে আকাশ = নীলাকাশ' কোন সমাস?
ক. বহুব্রীহি খ. দ্বিগু
গ. কর্মধারয় ঘ. অব্যয়ভাব উত্তর:

১১. 'নীল যে অম্বর = নীলাম্বর' কোন সমাস?
ক. বহুব্রীহি খ. তৎপুরুষ
গ. কর্মধারয় ঘ. দ্বিগু উত্তর:

১২. 'মহর্ষি' কোন সমাস?
ক. তৎপুরুষ খ. বহুব্রীহি
গ. দ্বিগু ঘ. কর্মধারয় উত্তর:

১৩. 'ক্ষুধিতপাষাণ' কোন সমাস?
ক. বহুব্রীহি খ. তৎপুরুষ
গ. কর্মধারয় ঘ. দ্বিগু উত্তর:

Scanned with CamScanner

১৪. 'কদাচার' শব্দটি কোনসমাস?
ক. তৎপুরুষ খ. বহুব্রীহি
গ. দ্বিগু ঘ. কর্মধারয় উত্তরঃ ঘ

১৫. 'সিংহাসন' শব্দটি কোন সমাস?
ক. ষষ্ঠী তৎপুরুষ খ. মধ্যপদলোপী কর্মধারয়
গ. নিমিত্তার্থে ষষ্ঠী ঘ. নিত্য সমাস উত্তরঃ খ

১৬. 'গোবরগণেশ' কোন সমাস?
ক. উপমানকর্মধারয় খ. মধ্যপদলোপীকর্মধারয়
গ. দ্বন্দ্ব ঘ. দ্বিগু উত্তরঃ খ

১৭. প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোন বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয়?
ক. উপমিত খ. উপমান
গ. উপমেয় ঘ. রূপক উত্তরঃ গ

১৮. 'চাঁদমুখ'এর ব্যাসবাক্য হলো?
ক. চাঁদ মুখের ন্যায় খ. চাঁদের মত মুখ
গ. চাঁদ মুখ যার ঘ. মুখ চাঁদের ন্যায় উত্তরঃ খ

১৯. 'চাঁদমুখ' কোন সমাস?
ক. উপমান খ. উপমিত
গ. রূপক ঘ. অব্যয়ীভাব উত্তরঃ খ

২০. 'ফুলকুমারী' শব্দটি কোন সমাস?
ক. উপমিত খ. উপমান
গ. রূপক ঘ. ষষ্ঠীতৎপুরুষ উত্তরঃ ক

২১. যে সমাসের পূর্বপদ সংখ্যাবাচক এবং সমস্ত পদের দ্বারা সমাহার বোঝায় তাকে বলে?
ক. দ্বন্দ্ব সমাস খ. রূপক সমাস
গ. বহুব্রীহি সমাস ঘ. দ্বিগু সমাস উত্তরঃ ঘ

২২. 'শতাব্দী' কোনসমাস?
ক. দ্বিগু সমাস খ. বহুব্রীহিসমাস
গ. তৎপুরুষসমাস ঘ. কর্মধারয়সমাস উত্তরঃ ক

২৩. 'সহোদর' কোন সমাস?
ক. দ্বন্দ্ব খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব উত্তরঃ গ

২৪. কোন শব্দটি বহুব্রীহি সমাসে নিষ্পন্ন?
ক. বিণাপাণি খ. সিংহাসন
গ. চৌরাস্তা ঘ. বনস্পতি উত্তরঃ ক

২৫. 'সোনামুখী' কোন সমাস?
ক. উপমান খ. উপমিত
গ. রূপক ঘ. মধ্যপদলোপী বহুব্রীহিউত্তরঃ খ

২৬. 'অধর্ম' শব্দের সমস্যমান পদ কোনটি?
ক. ধর্ম নেই যার খ. ধর্মহীন যে
গ. ধর্মের অভাব ঘ. নেই ধর্ম যার উত্তরঃ ঘ

২৭. 'দাঠালাঠি' কোন সমাস?
ক. প্রাদি সমাস খ. ব্যাতিহার বহুব্রীহি সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. কর্মধারয় সমাস উত্তরঃ খ

২৮. 'কানাকানি' শব্দটি কোন সমাস?
ক. বহুব্রীহি খ. কর্মধারয়
গ. দ্বিগু ঘ. তৎপুরুষ উত্তরঃ ক

২৯. কোনটি ব্যতিহার বহুব্রীহির উদাহরণ?
ক. দশহাতি খ. হাতাহাতি
গ. দশানন ঘ. দ্বিপদ উত্তরঃ খ

৩০. 'গোফ খেজুরে' কোন সমাসের উদাহরণ?
ক. মধ্যপদলোপী বহুব্রীহি খ. ব্যাতিহার বহুব্রীহি
গ. ব্যাধিকরণ বহুব্রীহি ঘ. দ্বিগু উত্তরঃ ক

৩১. 'আশীবিষ' কোন সমাস?
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব উত্তরঃ গ

৩২. 'লবান্ন'শব্দটি কোন প্রক্রিয়ায় গঠিত?
ক. সমাস খ. সন্ধি
গ. প্রত্যয় ঘ. উপসর্গ উত্তরঃ ক

৩৩. 'অর্ধচন্দ্র' কোন সমাস?
ক. বহুব্রীহি খ. দ্বন্দ্ব
গ. তৎপুরুষ ঘ. কর্মধারয় উত্তরঃ ক

৩৪. 'বইপড়া' কোন সমাস?
ক. বহুব্রীহি খ. দ্বন্দ্ব
গ. তৎপুরুষ ঘ. কর্মধারয় উত্তরঃ গ

৩৫. কোনটি উপপদ তৎপুরুষ সমাসের উদাহরণ?
ক. প্রতিবাদ খ. বিলেত ফেরত
গ. উপগ্রহ ঘ. তেলেপরা উত্তরঃ ঘ

৩৬. 'হাভাতে' কোন সমাস?
ক. প্রাদি খ. অব্যয়ীভাব
গ. উপপদ তৎপুরুষ ঘ. বহুব্রীহি উত্তরঃ খ

৩৭. 'বেহায়া' কোন সমাস?
ক. দ্বন্দ্ব খ. নিত্য
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব উত্তরঃ ঘ

৩৮. কোনটি ঈষৎ অর্থে অব্যয়ীভাব সমাস?
ক. আজীবন খ. আরক্তিম
গ. আগাছা ঘ. আপনী উত্তরঃ খ

৩৯. 'উপশহর'শব্দটি কোন সমাস?
ক. দ্বন্দ্ব খ. নিত্য
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব উত্তরঃ ঘ

৪০. কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ?
ক. খোশমেজাজ খ. প্রতিদিন
গ. আকাল ঘ. সেতার উত্তরঃ খ

৪১. কোনটি অলুক দ্বন্দ্ব সমাস?
ক. ঘরে- বাইরে খ. ঘর-বাড়ি
গ. ভাই-বোন ঘ. আমরা উত্তরঃ ক

৪২. 'তেলেভাজা' কোন সমাস?
ক. বহুব্রীহি খ. দ্বন্দ্ব
গ. কর্মধারয় ঘ. তৎপুরুষ উত্তরঃ ঘ

৪৩. যে সমাসের ব্যাসবাক্য হয় না কিংবা তা করতে গেলে অন্য পদের সাহায্য নিতে হয়, তাকে বলা হয়-
ক. দ্বন্দ্ব সমাস খ. অব্যয়ীভাব সমাস
গ. প্রাদি সমাস ঘ. নিত্য সমাস উত্তরঃ ঘ

৪৪. কোনটি নিত্য সমাস?
ক. পদ্মদল খ. বেয়াদব
গ. দেশান্তর ঘ. ভালমন্দ উত্তরঃ গ

Scanned with CamScanner CamScanner

(খ) প্রত্যয় বিন্যাস

কলেজ পর্যায়

(খ) প্রত্যয়

১. 'মানব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. মুন+ষ্ণ খ. মনু+অব
গ. মনু+ষ্ণ ঘ. মা+নব উ. গ

২. বিভক্তিহীন নামপদকে কী বলে? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. বিশেষ্য খ. সমাস
গ. অব্যয় ঘ. প্রাতিপাদিক উ. ঘ

৩. 'দর্শনীয়' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়– [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. √দর্শন + ইয় খ. √দৃশ্ + অনীয়
গ. √দৃশ্য + নীয় ঘ. √দর্শন + ঈয় উ. খ

৪. 'দীপ্যমান' শব্দের প্রকৃতি ও প্রত্যয় সঠিক কোনটি? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. √দীপ্য + মান খ. √দিপ্য + মানচ
গ. √দীপ্ + শানচ ঘ. √দিপ + শানচ উ. গ

৫. 'নয়ন' শব্দটি সঠিক প্রত্যয় নির্ণয়– [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. নী + অন খ. নে + অন
গ. নৌ + অন ঘ. নয় + ন উ. ক

৬. পাঠক শব্দের যথার্থ প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. √পাঠ্ + অক খ. √পঠ্ + অক
গ. √পঠ্ + ঠক ঘ. √পঠ্ + টক উ. খ

৭. প্রত্যয় কয় প্রকার? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. এক খ. দুই
গ. তিন ঘ. চার উ. খ

৮. কোনটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ঢাকা + ই খ. মিশ্ + উক
গ. চোর + আ ঘ. সোনা + আলি উ. খ

স্কুল পর্যায়

(খ) প্রত্যয়

১. 'মুক্তি'-এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. √মুচ্ + ক্তি খ. √মুহ্ + ক্তি
গ. √মুক্ + ক্তি ঘ. √মুচ্ + ক্তি উ. ক

২. 'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. শ্রবণ + অ খ. √শ্রী + অন
গ. √শ্রু + অন ঘ. √শ্রব + অন উ. গ

৩. ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে– [১৩তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. ধাতু প্রত্যয় খ. শব্দ প্রত্যয়
গ. কৃৎ প্রত্যয় ঘ. তদ্ধিত প্রত্যয় উ. গ

৪. নিচের কোন শব্দটি প্রাতিপাদিক? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. লাঙল খ. দম্পতি
গ. লেখা ঘ. সাধিত উ. ক

৫. 'দীপ্যমান' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. √দীপ্য + মান খ. √দিপ্য + মানচ
গ. √দিপ + শানচ ঘ. √দীপ + শানচ উ. খ

৬. কোনটি 'নিপাতনে সিদ্ধ' প্রত্যয়যুক্ত শব্দ? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. শৈব খ. সৌর
গ. দৈব ঘ. চৈত্র উ. ঘ

৭. 'ভাস্বর'-এর সন্ধি বিচ্ছেদ কী? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. ভাস্ + সর খ. ভাস + কর
গ. ভাস্ + বর ঘ. ভা + স্বর উ. ঘ
ব্যাখ্যা : 'ভাস্বর' এর সন্ধি বিচ্ছেদ হয় না। এটি একটি কৃৎপ্রত্যয় সাধিত শব্দ। যার প্রকৃতি ও প্রত্যয় √ভাস্ + বর।

৮. গুণ ও বৃদ্ধি বলা হয়– [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. কৃৎ-প্রকৃতির আদিস্বরের পরিবর্তনকে
খ. কৃৎ-প্রকৃতির অন্তস্বরের পরিবর্তনকে
গ. নাম-প্রকৃতির পরিবর্তনকে
ঘ. প্রাতিপাদিকের পরিবর্তনকে উ. ঘ

৯. 'বক্তব্য' এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. √বক্ + তব্য খ. √বক্ত + অব্য
গ. √বক্ত + ব্য ঘ. √বচ্ + তব্য উ. ঘ

১০. নিচের কোনটি 'সৃষ্টি' এর প্রকৃতি ও প্রত্যয়? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. সৃষ + টি খ. সৃশ্ + তি
গ. সৃজ্ + তি ঘ. স্রী + ষ্টি উ. গ

১১. 'মানব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. মনু + ষ্ণ খ. মনু + অব
গ. মা + নব ঘ. মান + অব উ. ক

১২. 'মহিমা' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. মহি + মা খ. মহৎ + ইমন
গ. মহা + ইমা ঘ. মহিম + আ উ. ঘ

১৩. 'শৈশব'-এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. শিশু + ষ্ণ খ. শিশু + ষ্ণ্য
গ. শিশু + শব ঘ. শৈ + শব উ. খ

১৪. 'মুক্ত' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. √মু + ক্ত খ. √মহ্ + ক্ত
গ. √মুচ্ + ক্ত ঘ. √মৃচ্ + ক্ত উ. গ

১৫. 'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. শ্রবণ + অ খ. √শ্রী + অন
গ. √শ্রু + অন ঘ. √শ্রব + অন উ. ঘ

১৬. উক্তি এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি? [১০ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. √উক্ + তি খ. √উচ্ + ক্তি
গ. √বচ্ + ক্তি ঘ. √বচ্ + তি উ. ঘ

Scanned with CamScanner CamScanner

১৭. কোনটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. মানব খ. পানীয়
গ. জয় ঘ. স্মরণীয় উ. ক

১৮. 'দর্শক' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ- [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. দৃ + অক খ. দৃশ্ + ণ্বক
গ. দৃশ্ +অক ঘ. দৃ + শক্ উ. গ
*নোট: প্রশ্নে 'সন্ধি বিচ্ছেদ' এর স্থলে 'প্রকৃতি-প্রত্যয়' হবে। 'দর্শক' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় হচ্ছে- $\sqrt{দৃশ্}$ + ণক = দৃশ্ + অক = দর্শক।

স্কুল পর্যায়-২

(ঘ) প্রত্যয়

১. 'দাতা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. √দা + তৃচ্ খ. √দাতৃ + আ
গ. √দা + তা ঘ. √দাত + আ উ. ক

২. 'মুক্ত' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. √মু + ক্ত খ. √মুক + ত
গ. √মুহ + ক্ত ঘ. √মুচ্ + ক্ত উ. ঘ

৩. প্রত্যয়ের কোন নিয়মটি সঠিক? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. নীল + মা = নীলিমা খ. নীল + ইমন = নীলিমা
গ. নী + ইলিমা = নীলিমা ঘ. নিলী + মা = নীলিমা উ. খ

৪. 'গায়ক' শব্দটির সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. √গিং + অক খ. √গায় + নক
গ. √গৈং + ণক ঘ. √গে + ণক উ. ঘ

৫. 'মুক্তি' শব্দটির সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. √মুচ্ + তি খ. √মুক্ + ক্তি
গ. √মুক + ক্তি ঘ. √মুচ্ + ক্তি উ. ঘ

৬. √কাঁদ + অন – কোন প্রত্যয়ের অন্তর্ভুক্ত? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. কৃৎ প্রত্যয় খ. তদ্ধিত প্রত্যয়
গ. সংস্কৃত তদ্ধিত প্রত্যয় ঘ. বাংলা কৃৎ প্রত্যয় উ. ক

৭. 'মুক্তি'– এর সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. √মুচ্ + ক্তি খ. √মুচ্ + তি
গ. √মুক্ + ক্তি ঘ. √মুক্ + তি উ. ক

৮. নিম্নের কোনটিতে বৃত্তি অর্থে 'ঈ' প্রত্যয় যুক্ত হয়েছে? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. জমিদারী খ. পোদ্দারী
গ. উমেদারী ঘ. সরকারী উ. খ

৯. 'উক্তি'-এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. বচ্ + ক্ত খ. বচ্ + উক্তি
গ. √বচ্ + ক্তি ঘ. বচ্ + তি উ. গ

১০. 'বক্তব্য এর প্রকৃতি প্রত্যয় কোনটি? [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. √বক্ + তব্য খ. √বক্ + অব্য
গ. √বক্ত + ব্য ঘ. √বচ্ + তব্য উ. ঘ

বিস্তারিত আলোচনা

➲ **প্রকৃতি :** শব্দ ও ধাতুর মূলকে 'প্রকৃতি' বলে। অর্থাৎ, যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় তার নাম হলো 'প্রকৃতি'। ধাতুর মূলকে বলা হয় 'ক্রিয়া প্রকৃতি', শব্দের মূলকে বলা হয় 'নাম প্রকৃতি'। অর্থাৎ, প্রকৃতি ২ প্রকার। যথা- 'ক্রিয়া প্রকৃতি' ও 'নাম প্রকৃতি'।

➲ **প্রত্যয় :** শব্দ বা ধাতুর মূলের সঙ্গে যে ধ্বনি বা ধ্বনিসমষ্টি যুক্ত হয়, তাকে 'প্রত্যয়' বলে। ধাতু বা ক্রিয়ার মূলের সাথে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলা হয় 'কৃৎ-প্রত্যয়'; শব্দের মূলের সাথে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলা হয় 'তদ্ধিত প্রত্যয়'। ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার মূল উদ্দেশ্য হলো- নতুন শব্দ গঠন।

📖 **প্রকৃতির প্রকারভেদ :** প্রকৃতি ২ প্রকার। যথা- ১। 'ক্রিয়া প্রকৃতি' ও ২। 'নাম প্রকৃতি'।

(১) **ক্রিয়া প্রকৃতি:** ধাতু তথা ক্রিয়ামূলের সঙ্গে যখন কোনো ধ্বনি বা ধ্বনি-সমষ্টি যুক্ত হয়ে বিশেষ্য বা বিশেষণ পদ গঠন করে, তখন সেই ক্রিয়ামূল বা ধাতুকে **ক্রিয়া প্রকৃতি** বলা হয়। যেমন– √পড় + উয়া = পড়ুয়া। এখানে 'পড়' হলো একটি ধাতু বা ক্রিয়ামূল এবং 'উয়া' হলো একটি প্রত্যয়। যেহেতু 'পড়' ক্রিয়ামূল তথা ধাতুর সঙ্গে 'উয়া' প্রত্যয়টি যুক্ত হয়ে 'পড়ুয়া' বিশেষণ পদটি গঠন করেছে; অতএব, এখানে 'পড়' ক্রিয়াবাচক শব্দটি একটি ক্রিয়া প্রকৃতি।

(২) **নাম প্রকৃতি:** শব্দমূল তথা শব্দের সঙ্গে যখন কোনো ধ্বনি বা ধ্বনি-সমষ্টি যুক্ত হয়ে বিশেষ্য বা বিশেষণ পদ গঠন করে, তখন সেই শব্দমূল তথা শব্দকে **নাম প্রকৃতি** বলা হয়। যেমন– ঘর + আমি = ঘরামি। এখানে 'ঘর' হলো একটি শব্দমূল তথা শব্দ এবং 'আমি' হলো একটি প্রত্যয়। যেহেতু 'ঘর' নামবাচক শব্দ তথা শব্দমূলের সঙ্গে 'আমি' প্রত্যয়টি যুক্ত হয়ে 'ঘরামি' বিশেষ্য পদটি গঠন করেছে; অতএব, এখানে 'ঘর' নামবাচক শব্দটি একটি নাম প্রকৃতি।

➲ **ধাতু বা ক্রিয়ামূল :** একটি বাক্যের অন্তর্গত প্রত্যেকটি শব্দই এক একটি পদ। বাক্যের কর্তা যার দ্বারা তার কার্য সম্পাদন করে তাকে ক্রিয়াপদ বলে। ক্রিয়াপদের মূল অংশকে বলা হয় 'ধাতু' বা 'ক্রিয়ামূল'। অন্যকথায়, ক্রিয়ামূলকে বলা হয় ধাতু, আর ধাতুর সঙ্গে পুরুষ ও কালবাচক বিভক্তি যোগ করে গঠন করা হয় ক্রিয়াপদ।

📖 **প্রত্যয়ের প্রকারভেদ :** প্রত্যয় প্রধানত ২ প্রকার। যথা- (ক). কৃৎ-প্রত্যয় এবং (খ) তদ্ধিত প্রত্যয়।

আবার, কৃৎ-প্রত্যয়কে ২ ভাগে ভাগ করা হয়েছে। যথা- ১. বাংলা কৃৎ-প্রত্যয় এবং ২. সংস্কৃত কৃৎ-প্রত্য

(খ) তদ্ধিত-প্রত্যয়কে ৩ ভাগে ভাগ করা হয়েছে।
ক. বাংলা তদ্ধিত প্রত্যয়
খ. তৎসম বা সংস্কৃত তদ্ধিত প্রত্যয়।
গ. বিদেশি তদ্ধিত প্রত্যয়।

➲ **কৃৎ-প্রত্যয় :** ক্রিয়া প্রকৃতির সঙ্গে যে ধ্বনি বা ধ্বনিসমষ্টি যুক্ত হয়, তাকে 'কৃৎ-প্রত্যয়' বলে। যেমন– চল্ (ক্রিয়া প্রকৃতি) + অন (কৃৎ-

Scanned with CamScanner CamScanner

প্রত্যয়) = চলন (বিশেষ্য পদ)। চল্ (ক্রিয়া প্রকৃতি) + অন্ত (কৃৎ-প্রত্যয়) = চলন্ত (বিশেষণ পদ)।

এখানে উল্লেখ্য যে, 'কৃৎ-প্রকৃতি' কথাটি বোঝানোর জন্য প্রকৃতির আগে √ চিহ্ন ব্যবহার করা হয়। এ প্রকৃতি চিহ্নটি ব্যবহার করলে 'প্রকৃতি' শব্দটি লেখার প্রয়োজন হয় না। যেমন– √পড় + উয়া = পড়ুয়া। √নাচ্ + উনে = নাচুনে।

➲ **কৃদন্ত পদ** : কৃৎ-প্রত্যয় সাধিত পদটিকে বলা হয় কৃদন্ত পদ। যেমন– ওপরের উদাহরণে 'পড়ুয়া' ও 'নাচুনে' কৃদন্ত পদ। তৎসম বা সংস্কৃত প্রকৃতির সঙ্গেও অনুরূপভাবে কৃৎ-প্রত্যয় যোগে কৃদন্ত পদ সাধিত হয়। যেমন– √গম্ + অন = গমন, √কৃ + তব্য = কর্তব্য।

➲ **তদ্ধিত প্রত্যয়** : নাম শব্দের সঙ্গে (শেষে) যেসব প্রত্যয় যোগে নতুন শব্দ গঠিত হয়, তাদের তদ্ধিত প্রত্যয় বলা হয়।

☞ ছেলেটি বড় লাজুক।
☞ বড়াই করা ভালো না।
☞ ঘরামি ডেকে ঘর ছেয়ে নে।

ওপরের 'লাজুক', 'বড়াই', 'ঘরামি' শব্দগুলো গঠিত হয়েছে এভাবে : লাজ + উক= লাজুক; বড়+আই= বড়াই; ঘর+আমি= ঘরামি। 'লাজ' 'বড়' ও 'ঘর' শব্দগুলোর পরে যথাক্রমে 'উক', 'আই' ও 'আমি' (প্রত্যয়) যোগ করে নতুন শব্দ গঠিত হয়েছে।

বিশেষ দ্রষ্টব্য : 'লাজ' 'বড়' ও 'ঘর'– এ শব্দগুলোর সাথে কোনো শব্দ/বিভক্তি যুক্ত হয়নি। বিভক্তিহীন নাম শব্দকে বলা হয় প্রাতিপদিক। প্রাতিপদিক তদ্ধিত প্রত্যয়ের প্রকৃতি বলে প্রাতিপদিককে 'নাম প্রকৃতি'ও বলা হয়। অর্থাৎ, প্রাতিপদিকের আরেক নাম হলো 'নাম প্রকৃতি'। তবে বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে বলা হয় 'পদ'। 'ধাতু' যেমন কৃৎ-প্রত্যয়ের প্রকৃতি, তেমনি প্রাতিপাদিকও তদ্ধিত প্রত্যয়ের প্রকৃতি। প্রত্যয় যুক্ত হলে ধাতুকে বলা হয় ক্রিয়া প্রকৃতি; কিন্তু প্রত্যয় যুক্ত হলে শব্দকে বলা হয় নাম প্রকৃতি।

➲ **গুণ ও বৃদ্ধি** : কোনো কোনো ক্ষেত্রে কৃৎ-প্রত্যয় যোগ করলে কৃৎ-প্রকৃতির আদিস্বর পরিবর্তিত হয়। এ পরিবর্তনকে বলা হয় গুণ ও বৃদ্ধি।

☑ **গুণ** : (ক) ই, ঈ-স্থলে এ, (খ) উ, ঊ-স্থলে ও এবং (গ) ঋ-স্থলে অর্ হয়। যেমন– √চিন্+আ=চেনা (ই স্থলে এ হলো); √নী+আ=নেওয়া (ঈ স্থলে এ); √ধু+আ = ধোয়া (উ স্থলে ও); কৃ+তা = করতা>কর্তা (ঋ স্থলে অর্)।

☑ **বৃদ্ধি** : (ক) অ-স্থলে আ, (খ) ই ও ঈ-স্থলে ঐ, (গ) উ ও ঊ স্থলে ঔ এবং (ঘ) ঋ-স্থলে আর্ হয়। যেমন– পচ্ + অ (ণক) = পাচক (পচ-এর অ স্থলে 'আ'); শিশু + অ(ষ্ণ) = শৈশব (ই স্থলে ঐ); যুব+অন=যৌবন (উ স্থলে ঔ); কৃ+ঘ্যণ= কার্য (ঋ স্থলে আর্)

☞ পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে-

নিপাতনে সিদ্ধ কৃৎ-প্রত্যয় যোগে গঠিত শব্দ: বুদ্ধি, শক্তি, সিদ্ধি, গীতি। [মনে রাখার সহজ টেকনিক: বুদ্ধি শক্তি থাকলে সিদ্ধি খেয়ে গীতি গাওয়া লাগে না।]।

নিপাতনে সিদ্ধ সংস্কৃত তদ্ধিত প্রত্যয় : সূর্য + ষ্ণ = সৌর (সাধারণ নিয়মে : সুর + ষ্ণ (অ) = সৌর)।

গুরুত্বপূর্ণ MCQ

১. ক্রিয়াপদের মূল অংশকে কি বলে?
ক. বিভক্তি | খ. কারক
গ. ধাতু | ঘ. প্রত্যয়

২. ধাতু কয় প্রকার?
ক. এক | খ. দুই
গ. তিন | ঘ. চার

৩. কোনটি বাংলা ধাতু?
ক. কাট্ | খ. কৃ
গ. মাগ্ | ঘ. গম্

৪. কোনটি নাম ধাতুর উদাহরণ?
ক. দেখায় | খ. পড়াচ্ছি
গ. মুচড়ানো | ঘ. শোনায়

৫. কোন ধাতুগুলো মূলত এক?
ক. সংযোগমূলক ধাতু ও সাধিত ধাতু
খ. প্রযোজক ধাতু ও কর্মবাচ্যের ধাতু
গ. কর্মবাচ্যের ধাতু ও সংযোগমূলক ধাতু
ঘ. সমধাতু ও প্রযোজক ধাতু

৬. যা কিছু হারায় গিন্নী বলেন, 'কেষ্টা বেটাই চোর।'- হারায় কোন ধাতুর?
ক. প্রযোজক ধাতু | খ. ভাব বাচ্যের ধাতু
গ. সংযোগমূলক ধাতু | ঘ. নাম ধাতু

৭. প্রকৃতি বলতে কি বোঝায়?
ক. ধাতুর মূল | খ. শব্দের মূল
গ. প্রত্যয়যুক্ত শব্দ | ঘ. শব্দ ও ধাতুর মূল

৮. শব্দ ও ধাতুর মূলকে বলে–
ক. বিভক্তি | খ. ধাতু
গ. প্রকৃতি | ঘ. কারক

৯. যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় তার নাম কী?
ক. কারক | খ. বিভক্তি
গ. যতি | ঘ. প্রকৃতি

১০. বিভক্তিহীন নাম শব্দকে বলে–
ক. প্রাতিপদিক | খ. সাধিত পদ
গ. নামপদ | ঘ. ক্রিয়াপদ

১১. ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য কী?
ক. নতুন শব্দ গঠন | খ. বাক্যে অলঙ্কার
গ. শব্দের মিলন | ঘ. ভাষা সংক্ষেপণ

১২. প্রত্যয় কত প্রকার?
ক. ২ প্রকার | খ. ৩ প্রকার
গ. ৪ প্রকার | ঘ. ৫ প্রকার

১৩. ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে-
ক. ধাতু প্রত্যয় | খ. শব্দ প্রত্যয়
গ. কৃৎ প্রত্যয় | ঘ. তদ্ধিত প্রত্যয়

১৪. নিচের কোন শব্দটি প্রত্যয়সাধিত?
ক. প্রলয় | খ. খণ্ডিত
গ. নিঃশ্বাস | ঘ. অনুপম

CamScanner

১৮. 'উক্তি' এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক. √উক্ + তি খ. √উক্ + ক্তি
গ. √উক্ + ক্তি ঘ. √উক্ + তি উ. গ

১৯. √কৃৎ + অন- কোন প্রত্যয় অন্তর্ভুক্ত?
ক. কৃৎ প্রত্যয় খ. তদ্ধিত প্রত্যয় উ. ক
গ. প্রাতিপদিক ঘ. সংস্কৃত তদ্ধিত প্রত্যয়

২০. দর্শনীয় শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?
ক. দৃশ + অনীয় খ. দৃশ্য + অনীয়
গ. দৃশ্য + নীয় ঘ. দৃশ + নীয় উ. ক

২১. 'দেলনা' শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক. √দুল + অনা খ. √দোল্ + না
গ. √দোল + নীয় ঘ. √দুল্ + নীয় উ. ক

২২. 'নায়ক' শব্দের কৃৎ-প্রত্যয় হচ্ছে—
ক. নী + অক খ. নী + অক
গ. √নৈ + অক ঘ. √নী + অক উ. গ

২৩. 'গায়ক' শব্দটির সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক. √গিঃ + অক খ. √গায় + নক
গ. √গৈঃ + নক ঘ. √গৈ + অক উ. ঘ

২৪. 'পাঠক' শব্দের যথার্থ প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক. √পাঠ + অক খ. √পাঠ + অক
গ. √পা + ঠক ঘ. √পাঠ + টক উ. খ

২৫. কোন শব্দে ধাতুর সঙ্গে প্রত্যয় যুক্ত হয়েছে?
ক. গৌ খ. পানসে
গ. পাঠক ঘ. সেলামী উ. গ

২৬. 'নয়ন' শব্দটির সঠিক প্রত্যয় নির্ণয়—
ক. নী + অন খ. নৈ + অন
গ. নৌ + অন ঘ. নয় + ন উ. ক

২৭. বক্তব্য— এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক. √বক + তব্য খ. √বক + অব্য
গ. √বক্ত + ব্য ঘ. √বক্ত + তব্য উ. ঘ

২৮. 'মুক্ত'-এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর—
ক. √মু + ক্ত খ. √মুহ্ + ক্ত
গ. √মুক + ক্তি ঘ. √মুচ্ + ক্ত উ. ঘ

২৯. 'মুক্তি'-এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর—
ক. √মুচ + ক্তি খ. √মুহ্ + ক্তি
গ. √মুক + ক্তি ঘ. √মুচ্ + ক্তি উ. ক

৩০. কোনটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ?
ক. ঢাকা + ই খ. মিশ + উক
গ. ঢোর + আ ঘ. সোনা + আলি উ. খ

৩১. 'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. শ্রবণ + অ খ. √শ্রী + অন
গ. √শ্রু + অন ঘ. √শ্রব + অন উ. গ

৩২. তদ্ধিত প্রত্যয়যুক্ত শব্দ কোনটি?
ক. দর্শন খ. দর্শন
গ. বর্ষণ ঘ. বাংলাদেশি উ. ঘ

৩৩. 'মাধ্যমিক'-এর প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক. মাধ্য + ষ্ণিক খ. মাধ্য + মিক
গ. মাধ্যমিক + অ ঘ. মধ্যম + ষ্ণিক উ. ঘ

৩৪. 'মানব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. মানব + অ খ. মনুষ্য + অ
গ. মনু + ষ্ণ ঘ. মনু + অব উ. গ

৩৫. 'শৈশব' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. শিশু + ষ্ণ খ. শিশু + ষ্ণ
গ. শিশু + শব ঘ. শৈ + শব উ. ক

৩৬. 'গৌরব' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. গৌ + ষ্ণ খ. গৌ + রব
গ. গুরু + ষ্ণ ঘ. গুরু + অব উ. গ

৩৭. 'মেছো' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. মাছ + ও খ. মেছ + ও
গ. মাছি + উ + ও ঘ. মাছ + উয়া + ও উ. ঘ

৩৮. 'মহিমা' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. মহি + মা খ. মহৎ + ইমন
গ. মহা + ইমা ঘ. মহিম + আ উ. খ

৩৯. 'মেধাবী' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. মেধা + বি খ. মেধা + বিন
গ. মেধা + বিনী ঘ. মে + ধাবী উ. খ

৪০. 'সাহচর্য' শব্দের শুদ্ধ গঠন কোনটি?
ক. সাহ + চর + র্য খ. সহচর + য – ফলা
গ. সহচর + য ঘ. কোনোটিই নয় উ. গ

৪১. কোন শব্দের প্রত্যয় উপজীবিকা অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. গেঁয়ো খ. মেছো
গ. টেকো ঘ. গেছো উ. খ

৪২. নিম্নের কোনটিতে বৃত্তি অর্থে 'ঈ' প্রত্যয় যুক্ত হয়েছে?
ক. জমিদারি খ. পোদ্দারী
গ. উমেদারি ঘ. সরকারি উ. খ

৪৩. 'খেলনা' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. খেল + না খ. খেল্ + না
গ. খে + আলনা ঘ. খেলন + আ উ. খ

৮. সমার্থক ও বিপরীতার্থক শব্দ [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

(ক) সমার্থক শব্দ

কলেজ পর্যায়

(ক) সমার্থক শব্দ

১. 'জায়া' শব্দের সমার্থক শব্দ কোনটি? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. অর্ধাঙ্গিনী খ. কন্যা
গ. নন্দিনী ঘ. ভাগনী উ. ক

২. 'পানি' শব্দের প্রতিশব্দ কোনটি? [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. বারিধি খ. নলিনী
গ. অপ ঘ. পয়ঃ উ. গ, ঘ
ব্যাখ্যা : অপশনে পানি শব্দের ২টি প্রতিশব্দ (অপ, পয়ঃ) রয়েছে। বারিধি ও নলিনী শব্দের অর্থ যথাক্রমে সাগর ও পদ্ম।

৩. কোনটি সমার্থক শব্দ নয়? [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. পাবক খ. পবন
গ. বহ্নি ঘ. অনল উ. খ

৪. শীকর শব্দের অর্থ– [১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. গাছের মূল খ. মেনে নেয়া
গ. জলকণা ঘ. রাজস্ব উ. গ

৫. প্রসূন এর প্রতিশব্দ হলো– [১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. ভ্রমর খ. পত্র
গ. ফল ঘ. পুষ্প উ. ঘ

৬. 'অগ্নি' এর সমার্থক শব্দ নয় কোনটি? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. হুতাশন খ. কৃশানু
গ. বায়ুসখা ঘ. দ্যুতি উ. ঘ

৭. 'পতাকা'-এর সমার্থক শব্দ কোনটি? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক.কেতন খ. মার্গ
গ. নলিন ঘ. ভাজন উ. ক

৮. চন্দ্রের প্রতিশব্দ নয়– [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. সোম খ. হিমাংশু
গ. সবিতা ঘ. দ্বিজরাজ উ. গ

৯. 'নদী' -এর সমার্থক শব্দ কোনটি? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. সরিৎ খ. নগ
গ. গিরি ঘ. বিহগ উ. ক

১০. 'পাখির নীড়ের মত চোখ তুলে নাটোরের বনলতা সেন' এখানে 'নীড়' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. নান্দনিক খ. আশ্রয়
গ. রহস্যময় ঘ. পাখির বাসা উ. খ

১১. 'আকাশ' শব্দের সমার্থক শব্দ কোনটি? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. অন্তরীক্ষ খ. বিভু
গ. প্রভাকর ঘ. সুধাকর উ. ক

১২. 'জলাশয়' শব্দের সমার্থক শব্দ হচ্ছে- [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. সরোবর খ. জলধর
গ. অম্বু ঘ. সলিল উ. ক

১৩. কোন শব্দটি ঘোড়ার সমার্থক? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. তুরঙ্গ খ. ভুজঙ্গ
গ. কুরঙ্গ ঘ. বিহঙ্গ উ. ক

১৪. 'দ্যুলোক' শব্দের অর্থ- [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. আকাশ খ. বাতাস
গ. পৃথিবী ঘ. পাতাল উ. ক

১৫. 'হাতি' শব্দের প্রতিশব্দ কোনটি? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. কুরঙ্গ খ. ভুজঙ্গ
গ. করী ঘ. কেশরী উ. গ

১৬. কোনটি 'সূর্য' এর সমার্থক শব্দ নয়? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. তপন খ. প্রভাকর
গ. অর্ক ঘ. অর্ণব উ. ঘ

১৭. কোন শব্দযুগল সমার্থক নয়? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. অটবি, বিটপী খ. হেম, সুবর্ণ
গ. তটিনী, ঝর্ণা ঘ. ধরা, মেদিনী উ. গ

১৮. 'শর্বরী' শব্দের সমার্থক শব্দ কোনটি? [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. দিবস খ. সকাল
গ. সন্ধ্যা ঘ. রাত্রি উ. ঘ

১৯. সমার্থক শব্দ ব্যবহার করলে– [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. শব্দ ভান্ডার সমৃদ্ধ হয় খ. শব্দার্থ পরিবর্তিত হয়
গ. শব্দার্থের অবনতি ঘটে ঘ. শব্দ ভান্ডার হ্রাস পায় উ. ক

২০. 'অংশু' শব্দের সমার্থক শব্দ কোনটি? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. কুটুম খ. দীপ্তি
গ. দৃষ্টি ঘ. উজ্জ্বল উ. খ

২১. সমার্থক শব্দ ব্যবহার করলে বাক্যের– [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. অর্থ পরিবর্তিত হয় খ. অর্থের অবনতি ঘটে
গ. সৌন্দর্য বৃদ্ধি পায় ঘ. সৌন্দর্য হ্রাস পায় উ. গ

২২. 'পৃথিবী' শব্দের সমার্থক নয়– [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. পুরী খ. মেদিনী
গ. প্রাণদ ঘ. ধরিত্রী উ. গ

২৩. 'হাতি' শব্দের সমার্থক নয় কোনটি? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. কুঞ্জর খ. বারণ
গ. হস্তী ঘ. উরগ উ. ঘ

২৪. 'কোরক' সমার্থক শব্দ কোনটি? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. কৃতকর্ম খ. কুঁড়ি
গ. কড়ি ঘ. কুহক উ. খ

২৫. 'মেঘ' শব্দের সমার্থক শব্দ কোনটি? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. বারীদ খ. পাথার
গ. অটবি ঘ. সলিল উ. ক

২৬. 'সোম' শব্দের অর্থ কী? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. কান্তি খ. বিধু
গ. শৈল ঘ. মিত্র উ. খ

Scanned with CamScanner CamScanner

২৭. 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. রদনী খ. নদীকান্ত
গ. কলত্র ঘ. আপ্লব উ. খ

২৮. 'সূর্য' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. সুধাংশু খ. বিধু
গ. পন্নগ ঘ. আদিত্য উ. ঘ

২৯. 'অম্বু' শব্দের অর্থ কী? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. আগুন খ. নদী
গ. সূর্য ঘ. জল উ. ঘ

৩০. পর্বত শব্দের সমার্থক নয় কোনটি? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. অচল খ. ভূধর
গ. অদ্রি ঘ. উপল উ. ঘ

স্কুল পর্যায়

(ক) সমার্থক শব্দ

১. পৃথিবী'র সমার্থক শব্দ কোনটি? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. অচল খ. অদ্রি
গ. ভূধর ঘ. অবনী উ. ঘ

২. 'প্রথিত' শব্দের অর্থ কোনটি? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. প্রথা অনুসারে খ. যা প্রার্থনা
গ. বিখ্যাত ঘ. যা পুঁতে রাখা হচ্ছে উ. গ

৩. "উষ্ণীষ"-এর শব্দার্থ– *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. অত্যন্ত উষ্ণ খ. কুসুম কুসুম উষ্ণ
গ. পাগড়ি ঘ. শীতের আমেজ উ. গ

৪. 'আমন্ত্রণ' শব্দের সমার্থক শব্দ নিচের কোনটি নয়? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. আহ্বান খ. নিমন্ত্রণ
গ. প্রত্যাবান ঘ. আবাহন উ. গ

৫. অম্বু শব্দের সমার্থক শব্দ কোনটি? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. জলধি খ. গগন
গ. পানি ঘ. অবনী উ. গ

৬. 'সূর্য' এর প্রতিশব্দ কোনটি? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. সুধাংশু খ. শশাঙ্ক
গ. বিধু ঘ. আদিত্য উ. ঘ

৭. 'জায়া' শব্দের সমার্থক শব্দ– *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. অর্ধাঙ্গী খ. কন্যা
গ. নন্দিনী ঘ. ভগিনী উ. ক

৮. 'রাত্রি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. শর্বরী খ. ত্রিযামা
গ. ক্ষণদা ঘ. ভানু উ. ঘ

৯. 'হাতি'-এর সমার্থক শব্দ কোনটি? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. কুন্তল খ. ফণী
গ. তনু ঘ. কর উ. *

ব্যাখ্যা : অপশনগুলোতে 'হাতি' এর সমার্থক শব্দ নেই। অপশনে প্রদত্ত শব্দগুলোর সমার্থক শব্দ হচ্ছে– কুন্তল-চুল, ফনী-সাপ, অনু-দেহ, কর-হাত, কিরণ। হাতি এর সমার্থক শব্দ হচ্ছে– হস্তী, করী, গজ, দ্বিপ, দন্তী, দ্বিরদ ইত্যাদি।

১০. 'আগুন'-এর সমার্থক শব্দ কোনটি? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. সুবর্ণ খ. অনল
গ. মার্তণ্ড ঘ. কর উ. খ

১১. 'পঙ্কজ'-এর সমার্থক শব্দ কোনটি? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. শৈল খ. উৎপন্ন
গ. সুবর্ণ ঘ. কুসুম উ. *

ব্যাখ্যা : পঙ্কজ-এর সমার্থক শব্দ অপশনগুলোতে নেই। এর সমার্থক শব্দ হচ্ছে– পদ্ম, কুমুদ, কমল, কুবলয়, কোকনদ, রাজীব ইত্যাদি।

১২. অর্ণব-এর প্রতিশব্দ– *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. ঝড় খ. সূর্য
গ. বায়ু ঘ. সমুদ্র উ. ঘ

১৩. 'পাখি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. বিহগ খ. গরুড়
গ. পৃপ ঘ. বিহঙ্গ উ. গ

১৪. 'অম্বর'-এর প্রতিশব্দ কোনটি? *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*
ক. পৃথিবী খ. জল
গ. সমুদ্র ঘ. আকাশ উ. ঘ

১৫. 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. তরঙ্গিনী খ. তটিনী
গ. হিল্লোল ঘ. পাথার উ. ঘ

স্কুল পর্যায়-২

(ক) সমার্থক শব্দ

১. 'পরভৃত' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. পিক খ. ধেনু
গ. বিভব ঘ. অম্বু উ: *

ব্যাখ্যা : *প্রশ্নে ভুল রয়েছে। 'পরভৃত' স্থলে 'পরভৃত' হলে তখন উত্তর হতো অপশন (ক) পিক। 'পরভৃত' নামে বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে কোনো শব্দ নেই।

২. 'মেঘ' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. অমুদ খ. ভূ-ধর
গ. শূন্য ঘ. নীর উ. *

ব্যাখ্যা : অপশনে মেঘ শব্দের কোন সমার্থক শব্দ নেই। অপশন 'ক'-তে 'অমুদ' এর স্থলে 'অম্বুদ' হলে তখন এটি মেঘের সমার্থক হত।

৩. 'গঙ্গা' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. গোমতী খ. কৃষ্ণবেণী
গ. কাবেরী ঘ. সবগুলো উ. ক

৪. 'চন্দ্র' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. সোম খ. ভূষণ
গ. নকশা ঘ. নভঃ উ. ক

৫. 'অহি' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. অচল খ. সাপ
গ. চাদ ঘ. দিন উ. খ

৬. কোনটি চাঁদের সমার্থক শব্দ? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. হিমাংশু খ. সবিতা
গ. চিকুর ঘ. শৈল উ. ক

Scanned with CamScanner CamScanner

৭. 'অম্বর' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. চন্দ্র খ. সূর্য
গ. নভঃ ঘ. মেঘ
উ. গ

৮. 'প্রসূন' এর প্রতিশব্দ? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. ভ্রমর খ. পক্ষী
গ. পুষ্প ঘ. ফল
উ. গ

৯. 'মাতঙ্গ' কার সমার্থক? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. হরিণ খ. ভুজঙ্গ
গ. হাতি ঘ. অশ্ব
উ. গ

১০. কোনটি 'পানি' শব্দের সমার্থক শব্দ? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. সবিতা খ. সলিল
গ. সাগর ঘ. সৈকত
উ. খ

১১. 'চাঁদ' এর সমার্থক শব্দ কোনটি? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. সবিতা খ. তপন
গ. আদিত্য ঘ. বিধু
উ. ঘ

১২. 'পর্বত' এর সমার্থক শব্দ নয় কোনটি? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. শৈল খ. অদ্রি
গ. মেদিনী ঘ. অচল
উ. গ

১৩. 'পৃথিবী'-এর সমার্থক শব্দ নয় কোনটি? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. ভূধর খ. অবনী
গ. ধরিত্রী ঘ. ধরণী
উ. ক

১৪. কোন শব্দটি 'সাগর' শব্দটির সমার্থক শব্দ নয়? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. জলধি খ. পাথার
গ. অর্ণব ঘ. ভূপতি
উ. ঘ

বিস্তারিত আলোচনা

শিক্ষক নিবন্ধন পরীক্ষাসহ যেকোনো চাকরির পরীক্ষার কমন প্রশ্ন হলো প্রতিশব্দ বা সমার্থক শব্দ। কিন্তু বাজারে প্রচলিত বইগুলোতে এটি টপিকটি ব্যাপক পরিমাণে ও এলোমেলো আকারে দেয়া আছে। তাই এই বইটিতে কেবল গুরুত্বপূর্ণ শব্দগুলো সাজিয়ে দেয়া হয়েছে, যা অন্য কোনো বইয়ে পাবেন না। অধিক গুরুত্বপূর্ণ বোঝাতে স্টার চিহ্ন দেয়া আছে।

***অগ্নি = অনল, পাবক, দহন, বহ্নি, হুতাশন, বৈশ্বানর, আগুন, সর্বভুক, শিখা, হোমাগ্নি, কৃশানু, সর্বশুচি, বিভাবসু, বায়ুসখা।

***পৃথিবী = অবনি, অদিতি, অখিল, ক্ষিতি, উর্বী, পৃথ্বী, ধরা, ধরণি, ধরিত্রী, বসুধা, বসুন্ধরা, বসুমতী, ভূ, ভূমণ্ডল, মহী, মেদিনী, জগৎ, মর্ত্যলোক, ব্রহ্মাণ্ড, ভুবন, ভূলোক, মরলোক।

***চন্দ্র = চাঁদ, সুধাকর, হিমকর, সুধাংশু, হিমাংশু, সিতাংশু, শীতাংশু, শীতকর, নিশাকর, নিশাপতি, নিশাকান্ত, সুধানিধি, কলানিধি, কলানাথ, কলাভৃৎ, কুমুদনাথ, কুমুদিনীনাথ, রজনিকান্ত, রজনিনাথ, দ্বিজরাজ, দ্বিজপতি, মৃগাঙ্ক, ইন্দু, চন্দ্রমা।

**সূর্য = অর্ক, অরুণ, রবি, আফতাব, আদিত্য, তপন, দিনেশ, সবিতা, ভানু, ভাস্কর, দিবাকর, প্রভাকর, বিভাকর, বিভাবসু, দিবাবসু, দিনমণি, দিননাথ, অংশুমালী, কিরণমালী, ময়ূখমালী, মার্তণ্ড, অর্ঘমা, পুষা, সুর, বিবস্বান, মিহির।

***সমুদ্র = সাগর, সিন্ধু, অর্ণব, রত্নাকর, জলধি, উদধি, পয়োধি, বারিধি, বারীশ, বারীন্দ্র, অম্বুধি, অম্বুনিধি, জলনিধি, পয়োনিধি, তোয়নিধি, বারিনিধি, পাথার, জলধর, পারাবার, নীলাম্বু, নদীকান্ত।

***বায়ু = অনিল, পবন, বাত, বাতাস, সমীরণ, সমীর, মরুৎ, মারুত, প্রভঞ্জন, গন্ধবহ।

***মেঘ = ঘন, বারিদ, জলদ, জলধর, অম্বুদ, পয়োদ, পয়োধর, নীরদ, জীমূত, তোয়দ, তোয়ধর, বলাহক, অভ্র।

***জল = সলিল, বারি, নীর, উদক, অম্বু, অপ্, পয়ঃ, ক্ষীর, পানি, অম্ভঃ, অর্ণঃ।

***নদী = স্রোতস্বিনী, স্রোতস্বতী, তটিনী, তরঙ্গিনী, প্রবাহিনী, শৈবলিনী, কলস্বিনী, কল্লোলিনী, পয়স্বিনী, নির্ঝরিণী, সরিৎ, গাঙ।

***পর্বত = পাহাড়, গিরি, অচল, শৈল, ভূধর, মহীধর, শৃঙ্গধর, শৃঙ্গী, শিখরী, মহীধ্র, ভূভৃৎ, অদ্রি, নগ, নগেন্দ্র।

**বন = জঙ্গল, অরণ্য, অটবি, কানন, বিপিন, গহন, কুঞ্জ, কান্তার, উপবন, বনানী, বাগান।

**বৃক্ষ = তরু, গাছ, পাদপ, বিটপী, দ্রুম, মহীরুহ, শৃঙ্গী, শাখী, শিখরী, পর্ণী, অটবি।

**রাত্রি = রাত, রজনি, শর্বরী, যামিনী, বিভাবরী, ক্ষণদা, ত্রিযামা, নিশা, নিশি, নিশীথিনী।

**কিরণ = প্রভা, কর, দীপ্তি, জ্যোতি, আলো, আলোক, রশ্মি অংশু, বিভা, ময়ূখ।

**অশ্ব = হয়, ঘোড়া, ঘোটক, বাজী, তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম, হেষা।

**ঊর্মি = ঢেউ, তরঙ্গ, বীচি।

**কোকিল = কাকপুষ্ট, পরপুষ্ট, অন্যপুষ্ট, কলকণ্ঠ, পিক, পরভৃত, দূত, মধুস্বর, মধুসখা।

**ময়ূর = কেকা, কেকী, কলাপী, শিখী, শিখণ্ডী, বর্হী।

**আকাশ = খ, গগন, নভঃ, নভোমণ্ডল, অন্তরীক্ষ, শূন্য, ব্যোম, দ্যুলোক, ছায়ালোক, অনন্ত, আসমান, অম্বর, দ্যু।

**পদ্ম = শতদল, উৎপল, নলিনী, অরবিন্দ, সরোজ, সরসিজ, সরোরুহ, পঙ্কজ, কমল, কুবলয়, কোকনদ, তামরস, ইন্দীবর, কুমুদ, রাজীব, পুষ্কর।

**হস্তী = হাতি, দন্তী, করী, মাতঙ্গ, বারণ, গজ, কুঞ্জর, দ্বিপ, দ্বিরদ।

**ভ্রমর = মধুকর, ষট্‌পদ, মধুপ, অলি, ভৃঙ্গ, শিলীমুখ, মধুলিট্, মধুলিহ, মধুভৃৎ, মধুমক্ষিকা, মৌমাছি, দ্বিরেপ, ভোমরা।

**কেশ = চুল, চিকুর, কুন্তল, কেশপাশ, কেশদাম, কবরী, অলক।

*কোরক = কুঁড়ি, মুকুল, কলি, কলিকা, বউল (আমের মুকুল)।

*গৃহ = আলয়, নিলয়, নিকেতন, ভবন, সদন, আগার, ঘর, বাড়ি, আবাস, নিবাস, নিকেত, ধাম, বাটী।

*বধূ = স্ত্রী, পত্নী, সহধর্মিণী, অর্ধাঙ্গিনী, গৃহিণী, গিন্নি, দার, দারা, কলত্র, অঙ্গনা, বনিতা, ভার্যা, জায়া, ।

*যুদ্ধ = সংগ্রাম, সমর, আহব, বিগ্রহ, রণ।

*সর্প = সাপ, নাগ, ফণী, ভুজঙ্গ, ভুজগ, ভুজঙ্গম, অহি, পন্নগ, উরগ, আশীবিষ, ফণাধর, বিষধর, ফণধর বায়ুভুক।

*আনন্দ = হর্ষ, পুলক, সুখ, খুশি, তৃপ্তি, সন্তোষ, আহ্লাদ।

Scanned with CamScanner CamScanner

একক বিশ্লেষণ Analysis

পৃথ্বী	=	ধরণী, ধরা, ধরণ, অভিধর, অভিধ্রুব, ধরিত্রি, বসুধা, মহল, স্থল, মহাধর, ভূমিতল, অম্বর।
ললাট	=	ভাল, ফলক, নিটিল, অলিক, অদৃষ্ট, দৈব।
আকাশ	=	ব্যোম, বিহায়, বিহায়স, বিহিত, খে, বিয়ৎ, শূন্যপথ, পরমাকাশ, অম্বর।
চক্ষু	=	দৃষ্টি, নয়ন, নেত্র, অক্ষি, চক্ষু, নয়ন, লোচন, নেত্র।
	=	অক্ষি, চোখ, আঁখি, নয়ন, লোচন, নেত্র, নয়ন।
নারী	=	নারী, যোষা, যোষিৎ, কৌশীন, অভিজাত্য, ভার্যা, বধূ।
	=	ললনা, অঙ্গনা, ললনা, কামিনী, রমণী, ভামিনী, বনিতা, কান্তা, বামা, রামা, পত্নী, সীমন্তিনী।
পুত্র	=	সুত, তনয়, আত্মজ, দুহিতা, সুত, নন্দন, দুলাল, সূনু, অঙ্গজ।
	=	সুত, তনয়, আত্মজ, সুত, নন্দন, দুলাল, সূনু, অঙ্গজ।
গরু	=	গো, গবাদি, পয়স্বিনী, ধেনু।
দেহ	=	অঙ্গ, শরীর, গা, গাত্র, তনু, কায়, কায়া, কলেবর।
রাত্রি	=	নিশা, নিশীথ, নিশা, তমসাতন্ত্রিনী, অযামিনী, যামিনী, রাত্রি।
অন্ধকার	=	আঁধার, আন্ধার, আঁধিয়ার, তিমির, তমিস্র, তমঃ।
পাখি	=	পক্ষী, বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম, শকুন্ত, খেচর, দ্বিজ, বিহঙ্গ, পতত্রী, খগ, গরুত্ব।
বিদ্যুৎ	=	বিজলি, তড়িৎ, ক্ষণপ্রভা, দামিনী, সৌদামিনী, চপলা, চঞ্চলা, চিকুর, শম্পা, অচিরপ্রভা।

☞ পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে–

অনল অর্থ আগুন কিন্তু **অনিল** অর্থ বাতাস; **পাবক** অর্থ আগুন কিন্তু **পবন** অর্থ বাতাস; **দ্বিপ** অর্থ হাতি কিন্তু **দ্বিজ** অর্থ পাখি, আবার **দ্বিজরাজ** অর্থ চন্দ্র; **নাগ** অর্থ সাপ কিন্তু **নগ** অর্থ পর্বত, আবার **নগেন্দ্র** অর্থ পর্বত, আবার **নরেন্দ্র** অর্থ রাজা কিন্তু **মৃগেন্দ্র** অর্থ সিংহ; **কুরঙ্গ** অর্থ হরিণ কিন্তু **মাতঙ্গ** অর্থ হাতি, আবার **মার্তণ্ড** অর্থ সূর্য; **বহ্নি** অর্থ আগুন কিন্তু **বর্হী** অর্থ ময়ূর; **কর** অর্থ কিরণ কিন্তু **করী** অর্থ হাতি; **শর্বর** অর্থ অন্ধকার কিন্তু **শর্বরী** রাত্রি; **বিভাবরী** অর্থ রাত্রি কিন্তু **বিভাবসু** অর্থ সূর্য, আবার **বিভাবসু** অর্থ আগুন; **কপোত** অর্থ কবুতর কিন্তু **কপোল** অর্থ গাল; **উদক** অর্থ পানি কিন্তু **উদধি** অর্থ সমুদ্র; **বারিদ** অর্থ মেঘ কিন্তু **বারিধি** অর্থ সমুদ্র; **জলধর** অর্থ মেঘ, আবার **জলধর** অর্থ সমুদ্র কিন্তু **জলধি** অর্থ সমুদ্র; **জলদ** অর্থ মেঘ কিন্তু **জলনিধি** অর্থ সমুদ্র; **বীরুৎ** অর্থ বৃক্ষ কিন্তু **অটবি** অর্থ বৃক্ষ, আবার **অটবি** অর্থ বন; **শাখী** অর্থ বৃক্ষ কিন্তু **শিখী** অর্থ ময়ূর; **পর্ণী** অর্থ বৃক্ষ কিন্তু **ফণী** অর্থ সাপ। **বিভাবসু** অর্থ সূর্য, আবার **বিভাবসু** অর্থ আগুন, কিন্তু **বিভা** অর্থ আলো কিন্তু **বিভু** অর্থ ঈশ্বর; **পরভৃত** অর্থ কোকিল কিন্তু **পরভৃৎ** অর্থ কাক; **চিকুর** অর্থ চুল আবার **চিকুর** অর্থ বিদ্যুৎ **পয়োদ** অর্থ মেঘ কিন্তু **পয়োধি** অর্থ সমুদ্র, **পয়োনিধি** অর্থ সমুদ্র; **পয়স্বিনী** অর্থ নদী, আবার **পয়স্বিনী** অর্থ গাভী; **অম্বু** অর্থ পানি কিন্তু **অম্বুদ** অর্থ মেঘ, আবার **অম্বুধি** অর্থ সমুদ্র, **অম্বুনিধি** অর্থ সমুদ্র কিন্তু **অম্বর** অর্থ আকাশ; **কুম্ভ** অর্থ কলস কিন্তু **কুম্ভর** অর্থ হাতি, **মহীধর** অর্থ পর্বত কিন্তু **মহীরুহ** অর্থ বৃক্ষ; **শৃঙ্গী** অর্থ বৃক্ষ, আবার **শৃঙ্গী** অর্থ পর্বত; **শিখরী** অর্থ বৃক্ষ, আবার **শিখরী** অর্থ পর্বত।

MCQ Test

১. 'অদিতি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?
ক. নীব খ. পৃথ্বী
গ. ক্ষিতি ঘ. ধরণী — উত্তর: ক

২. 'মেদিনী' শব্দের সমার্থক শব্দ নিম্নের কোনটি?
ক. আকাশ খ. পৃথিবী
গ. সমুদ্র ঘ. অন্ধকার — উত্তর: খ

৩. 'আকাশ' শব্দের অর্থ কি?
ক. অর্ণব খ. রাহুল
গ. অর্ক ঘ. জলধি — উত্তর: গ

৪. 'সূর্য' এর প্রতিশব্দ কোনটি?
ক. সুধাংশু খ. শশাংক
গ. বিধু ঘ. অদিতা — উত্তর: ঘ

৫. 'চাঁদ' এর সমার্থক শব্দ কোনটি?
ক. যামিনী খ. বিধু
গ. তটিনী ঘ. উর্মি — উত্তর: খ

৬. 'শশাঙ্ক' শব্দের সঠিক অর্থ কোনটি?
ক. খরগোস খ. সমুদ্র
গ. সূর্য ঘ. চন্দ্র — উত্তর: ঘ

৭. কোনটি চাঁদের সমার্থক শব্দ নয়?
ক. রজনীকান্ত খ. ইন্দু
গ. শীতকর ঘ. সবিতা — উত্তর: ঘ

৮. 'স্বামী' শব্দের প্রতিশব্দ কোনটি?
ক. কান্ত খ. নায়িত
গ. নাথ ঘ. উপরের সবগুলো — উত্তর: ঘ

৯. কোনটি 'নারী' শব্দের প্রতিশব্দ নয়?
ক. সামন্তিনী খ. কামিনী
গ. আত্মজ ঘ. ভামিনী — উত্তর: গ

১০. কোন শব্দটি ভিন্নার্থক?
ক. কামিনী খ. রামা
গ. অঙ্গনা ঘ. চারু — উত্তর: ঘ

১১. 'পুত্র' এর সমার্থক শব্দ কোনটি?
ক. পতি খ. তনু
গ. তনয় ঘ. কোনটিই নয় — উত্তর: গ

১২. 'নন্দিনী' এর সমার্থক শব্দ কোনটি?
ক. ননতিনী খ. নারী
গ. তনয়া ঘ. সুন্দরী — উত্তর: গ

১৩. নিচের কোনটি 'তাম্বুলিক' শব্দের সমার্থক নয়?
ক. তামলিক খ. বারুই
গ. পান-ব্যবসায়ী ঘ. পর্ণকার — উত্তর: ক

১৪. কোনটি 'রাজা' শব্দের প্রতিশব্দ নয়?
ক. নরেন্দ্র খ. কিরণমালী
গ. নৃপতি ঘ. ভূপাল — উত্তর: খ

১৫. কোনটি ভিন্নার্থক?
ক. নৃপতি খ. ভূপতি
গ. নরেন্দ্র ঘ. নগেন্দ্র — উত্তর: গ

১৬. 'পাণি' শব্দের অর্থ কি?
ক. জল খ. হাত
গ. পরিষ্কার ঘ. সৌন্দর্য — উত্তর: খ

১৭. 'অশ্রু' শব্দের প্রতিশব্দ কোনটি?
ক. নীর খ. সরিৎ
গ. লোর ঘ. বিধু
উত্তরঃ গ

১৮. কোনটি 'কান্নার' সমার্থক শব্দ?
ক. বিলাপ খ. আহাজারি
গ. রোনাজারি ঘ. অশ্রু
উত্তরঃ গ

১৯. 'নেত্র' শব্দের সঠিক অর্থ কোনটি?
ক. চোখ খ. চন্দ্র
গ. সূর্য ঘ. ক্ষেত্র
উত্তরঃ ক

২০. 'কপোল' শব্দের অর্থ কি?
ক. ললাট খ. চিবুক
গ. গণ্ডদেশ ঘ. চোখের পাতা
উত্তরঃ গ

২১. 'কেশ' শব্দের অর্থ নয় কোনটি?
ক. কুন্তল খ. ললাট
গ. অলক ঘ. চুল
উত্তরঃ খ

২২. 'চন্দ্রিকা' শব্দের সঠিক অর্থ কোনটি?
ক. চাঁদ খ. সূর্য
গ. জ্যোৎস্না ঘ. কিলয়
উত্তরঃ গ

২৩. 'শর্বরী' কথাটির অর্থ কি?
ক. রাত খ. শিকারী
গ. চাঁদ ঘ. আলোকবর্তীকা
উত্তরঃ ক

২৪. 'বিভাবরী' শব্দের অর্থ কোনটি?
ক. দিবস খ. সকাল
গ. রাত ঘ. দুপুর
উত্তরঃ গ

২৫. কোনটি রাত্রি শব্দের সমার্থক শব্দ নয়?
ক. শর্বরী খ. কাদম্বিনী
গ. যামিনী ঘ. যশদা
উত্তরঃ খ

২৬. 'কিরণ' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?
ক. রবি খ. রশ্মি
গ. প্রভা ঘ. কর
উত্তরঃ ক

২৭. 'আকাশ' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?
ক. গগণ খ. অন্তরীক্ষ
গ. অম্বর ঘ. ভুবন
উত্তরঃ ঘ

২৮. 'সমীর' শব্দের অর্থ কি?
ক. সমুদ্র খ. কুয়াশা
গ. উত্তরীয় ঘ. বাতাস
উত্তরঃ ঘ

২৯. 'অনিল' শব্দের অর্থ কি?
ক. বাতাস খ. যা নীল নয়
গ. কোকিল ঘ. জল
উত্তরঃ ক

৩০. 'মরুৎ' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. পানি খ. বাতাস
গ. মাটি ঘ. মরুদ্যান
উত্তরঃ খ

৩১. 'পবন' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. পাবক খ. সমীরণ
গ. ভানু ঘ. প্রভা
উত্তরঃ খ

৩২. 'পাবক' শব্দের প্রতিশব্দ কোনটি?
ক. কিরণ খ. দিবস
গ. অগ্নি ঘ. বাতাস
উত্তরঃ গ

৩৩. কোনটি সমার্থক শব্দ নয়?
ক. পাবক খ. পবন
গ. বহ্নি ঘ. অনল
উত্তরঃ

৩৪. 'অম্বু' শব্দের অর্থ কি?
ক. আগুন খ. নদী
গ. সূর্য ঘ. জল
উত্তরঃ

(খ) বিপরীতার্থক শব্দ

কলেজ পর্যায়

(খ) বিপরীতার্থক শব্দ

১. 'আবির্ভাব' এর বিপরীত শব্দ কোনটি? [১৭তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. অভাব খ. স্বভাব
গ. অনুভাব ঘ. তিরোভাব
উ. ঘ

২. 'প্রসারণ' এর বিপরীত শব্দ– [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. সম্প্রসারণ খ. বিবর্ধন
গ. আকুঞ্চন ঘ. আকর্ণন
উ. গ

৩. মনীষা শব্দের বিপরীত শব্দ– [১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. নির্বোধ খ. প্রজ্ঞা
গ. স্থিরতা ঘ. মনস্বিতা
উ. ক

৪. 'অলীক'-এর বিপরীত শব্দ- [১৩তম কলেজ নিবন্ধন-২০১৮]
ক. বাস্তব খ. কল্পনা
গ. উন্নতি ঘ. আয়ত্ত
উ. ক

৫. 'অনুমোদিত' শব্দটির বিপরীতার্থক শব্দ কোনটি? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. অননুমেয় খ. অনাবশ্যক
গ. অননুমোদিত ঘ. মতানৈক্য
উ. গ

৬. কোন শব্দটি 'সিক্ত'র বিপরীত? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. অর্জন খ. বর্জন
গ. শুষ্ক ঘ. তীব্র
উ. গ

৭. অনুরাগ শব্দটির বিপরীত শব্দ কোনটি? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. বিরক্ত খ. উপহাস
গ. বিরাগ ঘ. প্রতিঘাত
উ. গ

৮. 'শোক' শব্দের বিপরীত- [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. দুঃখ খ. হর্ষ
গ. অনুতপ্ত ঘ. ব্যথা
উ. খ

৯. 'উগ্র' এর বিপরীত শব্দ- [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. অনুগ্র খ. সৌম্য
গ. ধীর ঘ. স্থির
উ. খ

১০. 'ঋজু' শব্দের বিপরীত- [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. সোজা খ. বাঁকা
গ. কঠিন ঘ. তরল
উ. খ

১১. 'ঔদ্ধত্য' শব্দের বিপরীত শব্দ কী? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. সরল খ. মহানুভব
গ. বিনয় ঘ. জ্ঞানী
উ. গ

Scanned with CamScanner CamScanner

স্কুল পর্যায়

(খ) বিপরীতার্থক শব্দ

১. 'শিষ্টাচার' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? [১৭তম স্কুল নিবন্ধন ২০২১]
ক. সরলপথ খ. চিলেকোঠা
গ. রাজপথ ঘ. সিংহদ্বার **উ. ঘ**

২. বিপরীতার্থে 'পরা' উপসর্গ যুক্ত শব্দ কোনটি? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. পরাকাষ্ঠা খ. পরাক্রান্ত
গ. পরায়ণ ঘ. পরাভব **উ. ঘ**

৩. 'খাতক'-এর বিপরীত শব্দ– [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. অনিষ্টি খ. নায়েক
গ. লোকসান ঘ. মহাজন **উ. ঘ**

৪. 'সংশয়'-এর বিপরীত শব্দ কোনটি? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. নির্ভয় খ. প্রত্যয়
গ. বিস্ময় ঘ. দ্বিধা **উ. খ**

৫. 'অন্তরঙ্গ'– এর বিপরীত শব্দ কী? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. শত্রুতা খ. সম্পর্কহীন
গ. বহিরাঙ্গ ঘ. বৈরীভাব **উ. ঘ**

ব্যাখ্যা : 'অন্তরঙ্গ' এর বিপরীত শব্দ 'বহিরঙ্গ'। অপশন 'গ'-তে 'বহিরাঙ্গ' এর স্থলে 'বহিরঙ্গ' বানান হলে তখন এটি সঠিক হত।

৬. দুহিতা-এর বিপরীত শব্দ কোনটি? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. পুত্র খ. কন্যা
গ. স্ত্রী ঘ. স্বামী **উ. ক**

৭. 'আবির্ভাব' এর বিপরীত শব্দ কোনটি? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. অভাব খ. স্বভাব
গ. তিরোভাব ঘ. অনুভাব **উ. গ**

৮. সৌম্য শব্দের বিপরীত শব্দ কোনটি? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. শান্ত খ. সুন্দর
গ. উগ্র ঘ. কৃষ্ণ **উ. গ**

৯. 'খাতক'-এর বিপরীত শব্দ কোনটি? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. ঘাতক খ. স্বজন
গ. মহাজন ঘ. কুজন **উ. গ**

১০. ক্ষীয়মান-এর বিপরীত শব্দ কী? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. বৃহৎ খ. বর্ধিষ্ণু
গ. বর্ধমান ঘ. বৃদ্ধিপ্রাপ্ত **উ. গ**

১১. 'বিধি' শব্দের বিপরীত শব্দ কোনটি? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. বিরোধ খ. অবিধি
গ. নিষেধ ঘ. নিষিদ্ধ **উ. গ**

১২. ইতর-এর বিপরীত শব্দ কোনটি? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. অভদ্র খ. মিথ্যা
গ. উত্তম ঘ. ভদ্র **উ. ঘ**

১৩. অর্বাচীন শব্দের বিপরীত শব্দ কোনটি? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. প্রাচীন খ. নবীন
গ. নির্বাচিত ঘ. অনির্বাচিত **উ. ক**

১৪. 'পাশ্চাত্য' শব্দের বিপরীত শব্দ- [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. প্রতীচ্য খ. পাশ্চা
গ. পাশ্চমা ঘ. পূর্ব-পাশ্চম **উ. গ**

স্কুল পর্যায়-২

(খ) বিপরীতার্থক শব্দ

১. 'আকৃষ্ণন' শব্দের বিপরীত শব্দ কোনটি? [১৭তম স্কুল ও নিবন্ধন ২০২১]
ক. শান্ত খ. আকাঙ্ক্ষা
গ. প্রসারণ ঘ. কুণ্ঠিত **উ. গ**

২. 'নৈসর্গিক' শব্দের বিপরীত শব্দ কোনটি? [১৬তম স্কুল ও নিবন্ধন ২০১৯]
ক. নকল খ. নৈতিক
গ. কৃত্রিম ঘ. তামসিক **উ. গ**

৩. 'খাতক' শব্দটির বিপরীত শব্দ কোনটি? [১৫তম স্কুল ও নিবন্ধন ২০১৯]
ক. প্রসারণ খ. চেতন
গ. মহাজন ঘ. উত্তমর্ণ **উ. গ**

৪. 'প্রসারণ'-এর বিপরীতার্থক শব্দ কোনটি? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. অপ্রসারণ খ. অপসরণ
গ. আকিঞ্চন ঘ. আকুঞ্চন **উ. ঘ**

৫. 'স্বকীয়' শব্দটির বিপরীত শব্দ কোনটি? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. অপর খ. নিজস্ব
গ. স্বকীয়তা ঘ. পরকীয় **উ. ঘ**

৬. 'তেজি' শব্দের বিপরীত শব্দ কোনটি? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. দুর্বল খ. নিস্তেজ
গ. সতেজ ঘ. রুগ্ন **উ. খ**

৭. 'সচেষ্ট'-এর সঠিক বিপরীত শব্দ কোনটি? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. অনিষ্ট খ. অনিষ্ট
গ. লঘিষ্ঠ ঘ. নিশ্চেষ্ট **উ. ঘ**

৮. 'গ্রহণ' শব্দের বিপরীত শব্দ কোনটি? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. পরিহার খ. বর্জন
গ. অগ্রাহ্য ঘ. প্রদান **উ. খ**

৯. 'তেজী' শব্দের বিপরীত শব্দ কোনটি? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. দুর্বল খ. রুগ্ন
গ. নিস্তেজ ঘ. সতেজ **উ. গ**

১০. খাতক শব্দের বিপরীত শব্দ কোনটি? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. মহাজন খ. পরতন্ত্র
গ. তিরোভাব ঘ. শাস **উ. ক**

১১. 'উৎকর্ষ' শব্দের বিপরীত শব্দ কোনটি? [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. উৎকৃষ্ট খ. অপকৃষ্ট
গ. নিকৃষ্ট ঘ. অপকর্ষ **উ. ঘ**

বিস্তারিত আলোচনা

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
অনুগ্রহ	নিগ্রহ
অনুজ	অগ্রজ
অন্ধকার	আলোক
অবনত	উন্নত
অর্বাচীন	প্রাচীন
অশন	অনশন
অর্জন	বর্জন
অর্পণ	গ্রহণ
অনুলোম	প্রতিলোম
অনুরক্ত	বিরক্ত
অনুরাগ	বিরাগ
অদ্য	পশ্চাৎ
অসীম	সসীম
অপকার	উপকার
অমৃত	গরল/বিষ
অতিকায়	ক্ষুদ্রকায়
অলীক	সত্য
অবিরল	বিরল
অম্ল	মধুর
অভ্যাস	অনভ্যাস
অধিত্যকা	উপত্যকা
অপরাধ	নিরপরাধ
অপচয়	উপচয়
অগ্রগামী	পশ্চৎগামী
অনির্বাণ	নির্বাণ
অলস	পরিশ্রমী
আলসে	কর্মঠ
আলস্য	শ্রম
আলো	আঁধার
আদান	প্রদান
আকুঞ্চন	প্রসারণ
আদর	ঘৃণা
আগম	লোপ
আশ্লেষ	বিশ্লেষ
আসক্ত	বিরক্ত
আদ্য	অন্ত্য
আবিল	অনাবিল
আবাহন	বিসর্জন
আবির্ভাব	তিরোভাব
আশু	বিলম্ব

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
আচার	অনাচার
আগমন	নির্গমন/প্রত্যাগমন
আলোক	অন্ধকার
আঁঠি	শাঁস
আরোহণ	অবতরণ
আবদ্ধ	মুক্ত
আর্দ্র	শুষ্ক
আদেশ	নিষেধ
আদিষ্ট	নিষিদ্ধ
আগ্রহ	উপেক্ষা
আসামি	বাদী
আগম	নির্গম
আকস্মিক	চিরন্তন
আলো	আঁধার
আবৃত	অনাবৃত/উন্মুক্ত
ইহ	পরত্র
ইতর	ভদ্র
ইষ্ট	অনিষ্ট
ঈষৎ	অধিক
ঈদৃশ	তাদৃশ
ঈর্ষা	প্রীতি
ঈপ্সিত	অনীপ্সিত
উচ্চ	নীচ
উত্তমর্ণ	অধমর্ণ
উন্মুখ	বিমুখ
উন্মীলন	নিমীলন
উজান	ভাটি
উক্ত	অনুক্ত
উত্তম	অধম
উপরোধ (অর্থ- বিশেষ অনুরোধ)	আদেশ
উগ্র	সৌম্য/মৃদু
উৎকর্ষ	অপকর্ষ
উহ্য	স্পষ্ট
উজ্জ্বল	ম্লান
উন্নতি	অবনতি
উৎকৃষ্ট	অপকৃষ্ট
উপসর্গ	অনুসর্গ
উপগত	অপগত
উদ্ধত	বিনীত
উত্তরণ	অবতরণ
উদার	সংকীর্ণ
উর্ধ্ব	অধঃ

Scanned with CamScanner CamScanner

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
[illegible]	নিরুপায়ী
[illegible]	বক্র
[illegible]	সেকাল
[illegible]	বকনা
[illegible]	পারত্রিক
[illegible]	আবশ্যিক
[illegible]	দারিদ্র্য
[illegible]	অনৈক্য
[illegible]	কার্পণ্য
[illegible]	বিনয়
[illegible]	বিনীত
[illegible]	কোমল
[illegible]	সরল
[illegible]	বদান্য
[illegible]	সৌম্য
[illegible]	অকপট
[illegible]	অকেজো
[illegible]	কোমল
[illegible]	স্থূল
কোমল	কঠিন/কর্কশ
ক্রোধ	প্রীতি
ক্ষীণ	পুষ্ট
ক্ষয়িষ্ণু	ক্ষয়িষ্ণু
ক্ষীয়মাণ	বর্ধমান
খাতক	মহাজন
গরল	অমৃত
গরিষ্ঠ	লঘিষ্ঠ
গাম্ভীর্য	চাপল্য
গঞ্জনা	প্রশংসা
গুরু	লঘু
গুরু	শিষ্য
গুপ্ত	প্রকাশিত
গোপন	প্রকাশ
গৌণ	মুখ্য
গৌরব	লাঘব
গ্রহীতা	দাতা
গৃহী	সন্ন্যাসী
ঘাত	প্রতিঘাত
চঞ্চল	স্থির
চতুর	নির্বোধ
চেতন	জড়
চোখা	ভোঁতা
চয়	অপচয়

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
চক্ষুষ্মান	অন্ধ
চড়াই	উৎরাই
চোর	সাধু
জঙ্গম	স্থাবর
জরা	যৌবন
জড়	চেতন
জাগরিত	নিদ্রিত
জঘাত	সুপ্ত
জীবিত	মৃত/হত
জ্ঞানী	মূর্খ
ঝানু	অপটু/অপক্ক
টাটকা	বাসি
ঠিক	বেঠিক
ঠুনকা	মজবুত
ঢেংগা	খাটো
ডাগর	ছোট
ঢোসা	হালকা
তরুণ	প্রবীণ
তারুণ্য	বার্ধক্য
তিক্ত	মধুর
তুরা	বিলম্ব
তিমির	আলোক
তরল	কঠিন
তিরস্কার	পুরস্কার
তৃপ্তি	অতৃপ্তি
তাপ	শৈত্য
তস্কর (চোর)	সাধু
তেজি	মেদা,মন্দা
তেজ	নিস্তেজ
তীব্র	লঘু
তামসিক	রাজসিক
দীন	ধনী
নশ্বর	অবিনশ্বর
দীর্ঘ	হ্রস্ব
দুরন্ত	শান্ত
দুর্দান্ত	নিরীহ
দুর্বার	নির্বার
দুর্লভ	সুলভ
দরদি	নির্দয়
দেনা	পাওনা
দৃশ্য	অদৃশ্য
দুশমন	দোস্ত

Scanned with CamScanner CamScanner

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
দুষ্কৃতি	সুকৃতি
দ্যুলোক	ভূলোক
দৃষ্টি	অদৃষ্টি
ধবল/শুক্ল	কৃষ্ণ
ধর্ম	অধর্ম
ধনী	গরিব/নির্ধন
ধূর্ত	সাধু
নম্র	উদ্ধত
নরম	কঠিন
নশ্বর	অবিনশ্বর/শাশ্বত
ন্যূন	অধিক
নিদ্রা	জাগরণ
নির্মল	মলিন/পঙ্কিল
নিন্দুক	স্তাবক
নিষ্চেষ্ট	সচেষ্ট
নিত্য	নৈমিত্তিক
নিরাকার	সাকার
নিরত	বিরত
নিষেধ	বিধি
নিন্দা	স্তুতি
নন্দিত	নিন্দিত
নিরক্ষর	সাক্ষর
নির্লজ্জ	সলজ্জ
নগণ্য	গণ্য
নিরর্থক	সার্থক
নিঃশ্বাস	প্রশ্বাস
নীরস	সরস
পচা	টাটকা/তাজা
প্রফুল্ল	ম্লান
প্রসন্ন	বিষণ্ণ
পণ্ড	সফল
প্রবল	দুর্বল
পণ্ডিত	মূর্খ
পরিশ্রমী	অলস
পশ্চাৎ	সম্মুখ
পতি	পত্নী
পরকীয়	স্বকীয়
পালক	পালিত
পারত্রিক	ঐহিক
পূর্ণিমা	অমাবস্যা
পুষ্ট	ক্ষীণ
প্রস্থান	আগমন

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
প্রবৃত্তি	নিবৃত্তি
প্রশস্তি	নিন্দা
প্রবীণ	নবীন
প্রত্যক্ষ	পরোক্ষ
প্রশস্ত	সংকীর্ণ
প্রত্যাদেশ	আদেশ
প্রভু	ভৃত্য
পদস্থ	নিম্নস্থ
পুরোভাগ	পশ্চাদ্ভাগ
পটু	অপটু
প্রসন্ন	বিষণ্ণ
পড়তি	উঠতি
প্রতিযোগী	সহযোগী
প্রাচ্য	প্রতীচ্য
প্রাচীন	অর্বাচীন
প্রাচ্য	পাশ্চাত্য
বন্ধুর	মসৃণ
বিস্তৃত	সংক্ষিপ্ত
বিষাদ	আনন্দ
বিরহ	মিলন
বিবাদ	মিত্রতা
বদ্ধ	মুক্ত
বন্ধন	মুক্তি
বাধ্য	অবাধ্য
বিনীত	গর্বিত
বিরল	বহুল
বিপদ	সম্পদ
বিদিত	অজ্ঞাত
বিধি	নিষেধ
বিষ	অমৃত
বিশেষ	সামান্য
বিজেতা	বিজিত
বিরত	নিরত
বৃদ্ধি	লাঘব
বর্ধমান	ক্ষীয়মাণ
বিশ্লেষণ	সংশ্লেষণ
বাচাল	স্বল্পভাষী
বেরসিক	রসিক
বৈরাগ্য	আসক্তি
ব্যর্থ	সার্থক
ব্যষ্টি	সমষ্টি
ব্যষ্টিক	সামষ্টিক

Scanned with CamScanner CamScanner

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
ব্যয়	সঞ্চয়
ভক্ত	সাধু
ভদ্র	ইতর
ভর্তি	উন/খালি/শূন্য
ভূত	ভবিষ্যৎ
ভোঁতা	ধারাল/তীক্ষ্ণ
ভীরু	সাহসী
ভাটা	জোয়ার
মনীষা	নির্বোধ
মজবুত	হালকা
মহৎ	ক্ষুদ্র
মানা	অপমান
মুখ্য	গৌণ
মৃদু	তীব্র
মৌন	মুখর
মনোনীত	অমনোনীত
মিলন	বিরহ
মধুর	কটু
যশ	অপযশ/নিন্দা
যতি	সংযতী
যোজক	প্রণালি
রুষ্ট	তুষ্ট
রম্য	কুৎসিত
রাগ	বিরাগ
রোষ	প্রসাদ
রোগী	নীরোগ
রুদ্ধ	মুক্ত
রিক্ত	পূর্ণ
লব	হর
লঘু	গুরু
লক্ষ্য	অলক্ষ্য
লয়	সৃষ্টি
লাজুক	নির্লজ্জ
লাঘব	গৌরব
শত্রু	মিত্র
শীত	গ্রীষ্ম
শুক্ল	কৃষ্ণ
শুভ	অশুভ
শোক	হর্ষ
শ্রী	বিশ্রী
শিষ্ট	অশিষ্ট
শিষ্য	গুরু

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
শীতল	উষ্ণ
শক্ত	নরম
শূন্য	পূর্ণ
শীর্ণ	স্থূল
শান্ত	দুরন্ত
শঠ	সাধু
শ্রদ্ধা	ঘৃণা
শ্রম	বিশ্রাম
শুখো (শুষ্ক)	হাজা
স্থির	চঞ্চল
স্মরণ	বিস্মরণ
স্বকীয়	পরকীয়
স্বচ্ছ	ঘোলা
স্বতন্ত্র	পরতন্ত্র
সমক্ষ	পরোক্ষ
সরল	বক্র
সাবধান	অসাবধান
সমষ্টি	ব্যষ্টি
সঞ্চয়	অপচয়
সুলভ	দুর্লভ
সংক্ষেপ	বাহুল্য
সংক্ষিপ্ত	বিস্তৃত
সংশ্লেষণ	বিশ্লেষণ
স্পৃশ্য	অস্পৃশ্য
সার্থক	ব্যর্থ
সংযোগ	বিয়োগ
সংযোজন	বিয়োজন
সম্পদ	বিপদ
সূক্ষ্ম	স্থূল
সৃষ্টি	সংহার
সিত	কৃষ্ণ
স্নিগ্ধ	রুক্ষ
স্থাবর	জঙ্গম
সমতল	অসমতল
সহিষ্ণু	অসহিষ্ণু
সুগম	দুর্গম
সার	অসার
সহযোগী	প্রতিযোগী
স্তুতি	নিন্দা
সদাচার	কদাচার
সুরভি	পুতি
সমাপ্ত	আরম্ভ

Scanned with CamScanner CamScanner

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
সুশীল	দুঃশীল
সুশ্রী	বিশ্রী
সংকীর্ণ	প্রশস্ত
সংশয়	প্রত্যয়
সন্ধি	বিগ্রহ
সংক্ষিপ্ত	বিস্তৃত
সংশ্লেষণ	বিশ্লেষণ
সৌম্য	উগ্র
হর্তা	ভর্তা
হরণ	পূরণ
হত	জীবিত
হ্রাস	বৃদ্ধি
হরদম	কদাচিৎ
হৃষ্ট	বিষণ্ন
হাল	সাবেক
হৃদ্যতা	কপটতা
হর্ষ	বিষাদ
হক	নাহক

☞ পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে-

উদ্ধত এর বিপরীত বিনীত, কিন্তু ঔদ্ধত্য এর বিপরীত বিনয়, আবার গর্বিত এর বিপরীত বিনয়।

তরুণ এর বিপরীত শব্দ প্রবীণ, কিন্তু তারুণ্য এর বিপরীত শব্দ বার্ধক্য (দুইটার শেষে 'য' আছে)।

বাহুল্য এর বিপরীত সংক্ষেপ, কিন্তু বিস্তৃত এর বিপরীত সংক্ষিপ্ত।

সংকীর্ণ এর বিপরীত প্রশস্ত, কিন্তু সঙ্কুচিত এর বিপরীত প্রশাসারিত, আবার সংক্ষিপ্ত এর বিপরীত বিস্তৃত।

আদেশ এর বিপরীত প্রত্যাদেশ, কিন্তু আদিষ্ট এর বিপরীত নিষিদ্ধ (দুইটার শেষেই যুক্তবর্ণ আছে), আবার বিধি এর বিপরীত নিষেধ।

প্রসন্ন এর বিপরীত বিষণ্ন কিন্তু প্রফুল্ল এর বিপরীত ম্লান।

মুক্ত এর বিপরীত বদ্ধ, কিন্তু মুক্তি এর বিপরীত বন্ধন (প্রথম দুটি ছোট এবং পরের দুটি বড়। 'মুক্তি' শব্দে 'ি' একটি বেশি আছে এবং 'বন্ধন' শব্দে 'ন' একটি বেশি আছে)।

অলস এর বিপরীত পরিশ্রমী, কিন্তু আলসে এর বিপরীত কর্মঠ, আবার আলস্য এর বিপরীত শ্রম।

জাগরিত এর বিপরীত নিদ্রিত (দুটিতেই হ্রস্ব-কার এবং 'ত' আছে) কিন্তু জাগ্রত এর বিপরীত সুপ্ত (শেষের দুটি 'ত' বর্ণটি মিল আছে)।

MCQ Test

১. 'অর্পণ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. প্রদান খ. গ্রহীতা
গ. দাতা ঘ. গ্রহণ
উ. ঘ

২. 'অর্বাচীন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অচেনা খ. নবীন
গ. প্রাচীন ঘ. তরুণ
উ. খ

৩. 'প্রাচীন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. নতুন খ. বর্তমান
গ. অর্বাচীন ঘ. কোনটিই নয়
উ. খ

৪. 'অনুগ্রহ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. দয়া খ. কঠোর
গ. বিগ্রহ ঘ. নিগ্রহ
উ. ঘ

৫. 'অনুরক্ত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. আসক্ত খ. সংযুক্ত
গ. আরক্ত ঘ. বিরক্ত
উ. ঘ

৬. 'অকর্মণ্য' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অকর্মক খ. কর্মকার
গ. কর্মঠ ঘ. সকর্মক
উ. গ

৭. কোন শব্দটি 'অমৃত' শব্দের বিপরীত শব্দ?
ক. মৃত খ. গরল
গ. তিক্ত ঘ. সারস
উ. খ

৮. 'অলীক' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অলৌকিক খ. লৌকিক
গ. বাস্তব ঘ. অবাস্তব
উ. গ

৯. 'অলীক' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. মিথ্যা খ. সত্য
গ. আশা ঘ. অনীহা
উ. খ

১০. 'অধিত্যকা' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অন্ধকার খ. তিরোভাব
গ. হালকা ঘ. উপত্যকা
উ. ঘ

১১. 'অপসৃয়মান' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. উদীয়মান খ. ক্ষয়মান
গ. বিলীয়মান ঘ. বিবর্তনমান
উ. খ

১২. 'বিদিত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অজ্ঞাত খ. গৃহীত
গ. বিদীর্ণ ঘ. বিসর্জন
উ. ক

১৩. 'আরোহন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অবরোহন খ. সংশ্লেষণ
গ. বিসর্জ ঘ. বর্হিগমন
উ. ক

১৪. 'আদিষ্ট' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. নির্দেশিত খ. উপেক্ষিত
গ. নিষিদ্ধ ঘ. সিদ্ধ
উ. গ

১৫. 'উগ্র' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. মেজাজ খ. চপল
গ. সৌম্য ঘ. বিজ্ঞ
উ. গ

১৬. 'উষ্ণ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. শৈত খ. শীত
গ. বরফ ঘ. শীতল
উ. খ

১৭. 'উদার' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. কঠিন খ. কোমল
গ. সংকীর্ণ ঘ. হৃদয়বান
উ. গ

১৮. 'উষর' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অনুর্বর খ. উর্বর
গ. ধূসর ঘ. শস্যশ্যামল
উ. খ

Scanned with CamScanner CamScanner

১৯. 'ঋজু' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. সরল খ. ভঙ্গুর
গ. বঙ্কিম ঘ. বেঁটে উত্তরঃ গ

২০. 'ঐহিক' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অকৃতজ্ঞ খ. পারত্রিক
গ. অদৃশ্য ঘ. অবনতি উত্তরঃ খ

২১. 'কৃষ্ণ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. সাদা খ. শুক্ল
গ. অন্ধকার ঘ. আলো উত্তরঃ খ

২২. 'কোমল' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. কর্কশ খ. কঠিন
গ. শক্ত ঘ. মমত্ব উত্তরঃ ক

২৩. 'ক্ষীয়মান' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. বৃহৎ খ. বর্ধিষ্ণু
গ. বর্ধমান ঘ. বৃদ্ধিপ্রাপ্ত উত্তরঃ গ

২৪. 'ক্ষয়িষ্ণু' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. বাড়ন্ত খ. কৃশ
গ. বর্ধিষ্ণু ঘ. অবনতি উত্তরঃ গ

২৫. 'খিড়কি' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. বাতায়ন খ. গুপ্তপথ
গ. চিলেকোঠা ঘ. সিংহদ্বার উত্তরঃ ঘ

২৬. 'খাতক' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. বন্ধু খ. সম্পদ
গ. মহাজন ঘ. জমি উত্তরঃ গ

২৭. 'গৌরব' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অপমান খ. অমর্যাদা
গ. মানহানি ঘ. লজ্জা উত্তরঃ ঘ

২৮. 'গুপ্ত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. প্রকাশ খ. উন্মীলিত
গ. অব্যক্ত ঘ. ব্যক্ত উত্তরঃ ঘ

২৯. 'চপল' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. স্তব্ধ খ. রাশভারী
গ. ঠান্ডা ঘ. গম্ভীর উত্তরঃ ঘ

৩০. 'চিরায়ত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. সমসাময়িক খ. কদাচিৎ
গ. প্রতিদিন ঘ. অক্ষয় উত্তরঃ খ

৩১. 'জঙ্গম' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অরণ্য খ. পর্বত
গ. স্থাবর ঘ. সমুদ্র উত্তরঃ গ

৩২. 'জরা' এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. যৌবন খ. পতিত
গ. জীবন ঘ. মৃত্যু উত্তরঃ ক

৩৩. 'তাপ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. শৈত্য খ. শীতল
গ. উত্তাপ ঘ. হিম উত্তরঃ ক

৩৪. 'তিমির' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অম্বর খ. আত্মজ
গ. সদন ঘ. প্রভা উত্তরঃ ঘ

৩৫. 'দুষ্কৃতি' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. সৎ খ. ধার্মিক
গ. সদয় ঘ. সুকৃতি উত্তরঃ ঘ

৩৬. 'নিরাকার' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. আকার খ. সাকার
গ. অদৃশ্য ঘ. দৃশ্যমান উত্তরঃ খ

৩৭. 'নির্মল' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. প্রফুল্ল খ. বিশুদ্ধ
গ. পঙ্কিল ঘ. সদয় উত্তরঃ গ

৩৮. 'প্রসন্ন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. দুঃখ খ. বিষণ্ণ
গ. কণ্ঠ ঘ. কোনটিই নয় উত্তরঃ খ

৩৯. 'বন্ধন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. মুক্ত খ. মুক্তি
গ. উন্মুক্ত ঘ. খোলা উত্তরঃ খ

৪০. 'বিনীত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অবিনীত খ. দুর্বিনীত
গ. অবিনত ঘ. অভদ্র উত্তরঃ ক

৪১. 'বিধি' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. নিয়ম খ. অনিয়ম
গ. প্রথা ঘ. নিষেধ উত্তরঃ ঘ

৪২. 'বাহুল্য' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. প্রয়োজনীয় খ. সংক্ষেপ
গ. বিনীত ঘ. অনুগ্রহ উত্তরঃ খ

৪৩. 'মনীষা' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. নির্বোধ খ. প্রভা
গ. মনস্বিতা ঘ. স্থিরতা উত্তরঃ ক

৪৪. 'যোজক' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. প্রণালী খ. বিয়োজক
গ. হ্রাস ঘ. প্রসারিত উত্তরঃ ক

৪৫. 'সংক্ষিপ্ত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. চওড়া খ. প্রসারিত
গ. প্রশস্ত ঘ. বিস্তৃত উত্তরঃ ঘ

৪৬. 'সংশয়' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. নির্ভয় খ. বিস্ময়
গ. প্রত্যয় ঘ. দ্বিধা উত্তরঃ গ

৪৭. 'সমষ্টি' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. গুচ্ছ খ. যৌগ
গ. বিচ্ছিন্ন ঘ. ব্যষ্টি উত্তরঃ ঘ

৪৮. 'সংকুচিত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. চওড়া খ. প্রসারিত
গ. প্রশস্ত ঘ. বিস্তৃত উত্তরঃ খ

৪৯. 'হিত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. বিহিত খ. অহিত
গ. সুহৃদ ঘ. বিপরীত উত্তরঃ খ

৫০. যথাযথ বিপরীত শব্দজোড় নয় কোনটি?
ক. গৃহী-সন্ন্যাসী খ. উত্তম-মধ্যম
গ. আকাশ-পাতাল ঘ. কান্না-হাসি উত্তরঃ খ

Scanned with CamScanner

৯. বাক্য সংকোচন (*স্কুল ও স্কুল পর্যায়-২)

কলেজ পর্যায়

'বাক্য সংকোচন' টপিকটি যদিও 'কলেজ পর্যায়' নিবন্ধন পরীক্ষার সিলেবাসের অন্তর্ভুক্ত নয়; 'স্কুল পর্যায়' ও 'স্কুল পর্যায়-২' নিবন্ধন পরীক্ষার সিলেবাসের অন্তর্ভুক্ত, তারপরও এই টপিক থেকে 'কলেজ পর্যায়' নিবন্ধন পরীক্ষায় প্রায়ই প্রশ্ন আসে-

১. 'সাপের খোলস' এক কথায় প্রকাশ- *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. কৃত্তি খ. নির্মোক
গ. অজিন ঘ. করন্ড

২. 'নির্মোক' কোন শব্দসমূহের সংকুচিত রূপ? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. পত্তর খোলস খ. নির্মোহ লোক
গ. নিমোক রাখার পাত্র ঘ. সাপের খোলস **উ. ঘ**

৩. 'বীরসন্তান প্রসব করে যে নারী'-এর এক কথায় প্রকাশ- *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. বীরভোগ্যা খ. রত্নগর্ভা
গ. বীরপ্রসূ ঘ. স্বর্ণমাতা **উ. গ**

৪. 'নাদ' শব্দের অর্থ কী? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. মেঘের ডাক খ. বাঘের ডাক
গ. সিংহের ডাক ঘ. ময়ূরের ডাক **উ. ক**

৫. সর্বজনের হিতকর-এককথায় কী হবে? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
ক. সর্বজনীন খ. সার্বজনীন
গ. বিশ্বজনীন ঘ. সর্বহিতকর **উ. ক**

৬. গাছে উঠতে পটু যে-এক কথায় কী হবে? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
ক. গাছো খ. গাছি
গ. গেছো ঘ. আরোহী **উ. গ**

৭. নষ্ট হওয়া স্বভাব নয় যার- এক কথায় কী হবে? *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. অবিনশ্বর খ. নশ্বর
গ. নষ্ট স্বভাব ঘ. বিনষ্ট **উ. ক**

৮. 'খেচর' শব্দটির অর্থ কী? *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. খচ্চর খ. দুষ্ট প্রকৃতির লোক
গ. চাকর ঘ. যে প্রাণী জলেও চরে স্থলেও চরে **উ :***
ব্যাখ্যা : *অপশনে সঠিক উত্তর নেই। 'খেচর' শব্দটির অর্থ আকাশচারী। আকাশে চড়ে যে, এককথায়- খেচর। যে প্রাণী জলেও চরে স্থলেও চরে, তাকে উভয়চর বলে। 'খচ্চর' দ্বারা বোঝায়- দুষ্ট প্রকৃতির লোক। চাকর অর্থ গোলাম।

৯. 'টীকা ভাষ্য' অর্থ- *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. ব্যাখ্যা বিশ্লেষণ খ. সারকথা
গ. উৎস খোঁজা ঘ. নির্ঘণ্ট **উ. ক**

১০. ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি- এক কথায় কী হবে? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. ঐতিহাসিক খ. ইতিহাসবিদ
গ. ইতিহাস রচয়িতা ঘ. ইতিহাসবেত্তা **উ. ঘ**

স্কুল পর্যায়

১. 'কর্মে অতিশয় তৎপর' এ কথায় কী হবে? *[১৭তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. ত্বরিৎকর্মা খ. কর্মবীর
গ. কর্মপটু ঘ. কর্মনিষ্ঠ **উ. ক**

২. 'যা বলা হবে' এর বাক্য সংকোচন কোনটি? *[১৭তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. উক্ত খ. বাচ্য
গ. ভনিতব্য ঘ. বক্তব্য **উ. ঘ**

৩. "সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা"- এক কথায় প্রকাশ করলে কী হয়? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. প্রত্যুদ্গমন খ. অগ্রগামী
গ. শুভ পদার্পণ ঘ. স্বাগতম **উ. ক**

৪. 'বীর সন্তান প্রসব করে যে নারী'-এক কথায় তাকে কী বলে? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. বীরপুত্র খ. রত্নগর্ভা
গ. স্বর্ণমাতা ঘ. বীরপ্রসূ **উ. ঘ**

৫. 'উপকারীর অপকার করে যে' নিচের কোনটি শুদ্ধ? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. কৃতজ্ঞ খ. বেঈমান
গ. কৃতঘ্ন ঘ. কৃতঘ্ন **উ. গ**

৬. 'শুভক্ষণে জন্ম যার'- এক কথায় কী হবে? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. ক্ষণজন্মা খ. শুভজন্মা
গ. জন্মাধীর ঘ. শুভজন্মকাল **উ. ক**

৭. যে উপকারীর অপকার করে- *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. কৃতজ্ঞ খ. অকৃতজ্ঞ
গ. কৃতঘ্ন ঘ. অকৃতঘ্ন **উ. গ**

৮. 'পূর্বে ছিল এখন নেই' বাক্য সংকোচন কোনটি? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. ভূতপূর্ব খ. অভূতপূর্ব
গ. অতীত ঘ. বর্তমান **উ. ক**

৯. 'নষ্ট হওয়া স্বভাব যার'-এক কথায় কী বলে? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. নশ্বর খ. উরগ
গ. নষ্ট স্বভাব ঘ. বিনষ্ট **উ. ক**

১০. 'সাপের খোলস'-বাক্য সংকোচন কী হবে? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. প্লবগ খ. উরগ
গ. নির্মোক ঘ. কৃত্তি **উ. গ**

১১. নূপুরের ধ্বনি- এক কথায় কি বলে? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. শিঞ্জন খ. রুমঝুম
গ. ঝংকার ঘ. নিক্কণ **উ. গ**

Scanned with CamScanner CamScanner

স্কুল পর্যায়-২

১. 'ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি'– ? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. ইতিহাসবেত্তা খ. ঐতিহাসিক
গ. ইতিহাসবিজ্ঞ ঘ. ইতিহাসবিদ **উ. ক**

২. 'মেঘের ধ্বনি' এর বাক্য সংকোচন কোনটি? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. মৃন্ময় খ. জীমূতমন্দ্র
গ. জীমূতেন্দ্র ঘ. শানকি **উ. খ**

৩. যে মেয়ের বিয়ে হয়নি– এর বাক্য সংকোচন কোনটি? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. মৃতবৎসা খ. কৃতদার
গ. অনুজা ঘ. অনূঢ়া **উ. ঘ**

৪. হনন করার ইচ্ছা– এর বাক্য সংকোচন কোনটি? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. লিপ্সা খ. জিঘাংসা
গ. কৃতঘ্ন ঘ. জিতেন্দ্রিয় **উ. খ**

৫. 'ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি'– এক কথায় কী হবে? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. ইতিহাসসচেতন খ. ঐতিহাসিক
গ. ইতিহাসবেত্তা ঘ. চিন্তাবিদ **উ. গ**

৬. 'শত্রুকে দমন করে যে' এক কথায় প্রকাশ– [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. শত্রুঘ্ন খ. অরিন্দম
গ. শত্রু হত্যা ঘ. কৃতঘ্ন **উ. খ**

৭. 'সকলের জন্য প্রযোজ্য'– এক কথায় কী হবে? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. সর্বজনীন খ. সার্বজনীন
গ. সর্বজনস্বীকৃত ঘ. সর্বজনগ্রাহ্য **উ. ক**

৮. 'সকলের জন্য প্রযোজ্য'– এক কথায় কী হবে? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. সর্বজনীন খ. সার্বজনীন
গ. সর্বজনস্বীকৃত ঘ. সর্বজনগ্রাহ্য **উ. ক**

৯. 'যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ– এক কথায় কী বলে? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. দুর্গম খ. শ্বাপদসংকুল
গ. অরণ্য জনপদ ঘ. বিপদসংকুল **উ. খ**

১০. 'দীপ্তি পাচ্ছে এমন'– এক কথায় কী হবে? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. দ্বীপ্যমান খ. দীপ্তমান
গ. দীপ্যমান ঘ. দেদীপ্যমান **উ. গ**

১১. অনূঢ়া কোনটির বাক্য সংকোচন? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. যে নারীর কোনো সন্তান হয় না
খ. যে নারী বীর সন্তান প্রসব করে
গ. যে নারীর সন্তান বাঁচে না
ঘ. যে মেয়ের বিয়ে হয়নি **উ. ঘ**

১২. 'যা বলা হয়নি'– এক কথায় প্রকাশ কী হবে? [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. অকথ্য খ. অনুক্ত
গ. নির্বাক ঘ. মুক **উ. খ**

বিস্তারিত আলোচনা

বাক্য সংকোচন : একটি মাত্র শব্দে ভাবকে প্রকাশ করাকে বাক্য সংকোচন বা এক কথায় প্রকাশ বলে।

এক কথায় প্রকাশ বা বাক্য সংকোচন মনে রাখার ২টি স্পেশাল টেকনিক রয়েছে। যা পরীক্ষার হলে আপনাকে কনফিউশন থেকে বাঁচিয়ে দিতে পারে-

➢ **স্পেশাল টেকনিক-১:** 'যায় না'/ 'অসম্ভব' কিছু বোঝালে অর্থাৎ যা কোনোভাবেই সম্ভবপর নয়= 'অ' দ্বারা শুরু হবে। উদাহরণ:
যা অতিক্রম করা যায় না= অনতিক্রম্য যা
কোনোভাবে নিবারণ করা যায় না= অনিবার্য
যা দমন করা যায় না= অদম্য যা লাভ
করা যায় না= অলভ্য

➢ **স্পেশাল টেকনিক-২:** 'কষ্টে'/ 'সহজে নয়' কিছু বোঝালে অর্থাৎ যা সম্ভবপর কিন্তু সহজ নয়, কষ্টকর = 'দু' বা 'দুর' দ্বারা শুরু হবে।
যা সহজে অতিক্রম করা যায় না= দুরতিক্রম্য
যা অতি কষ্টে নিবারণ করা যায়= দুর্নিবার
যা অনেক কষ্টে দমন করা যায়= দুর্দমনীয়
যা কষ্টে লাভ করা যায়= দুর্লভ

যে এককথায় প্রকাশ বা বাক্য সংকোচন পরীক্ষায় বারবার আসে, তা নিম্নে দেয়া হলো-

অক্ষি

১। অক্ষির সমীপে- সমক্ষ।
২। অক্ষির সমক্ষে বর্তমান- প্রত্যক্ষ।
৩। অক্ষির অভিমুখে- প্রত্যক্ষ।
৪। অক্ষির অগোচরে- পরোক্ষ।
৫। চক্ষুর সম্মুখে সংঘটিত- চাক্ষুষ।

গাছ/বৃক্ষ

১। যে গাছ অন্য গাছকে আশ্রয় করে বাঁচে- পরগাছা।
২। যে গাছ কোনো কাজে লাগে না- আগাছা।
৩। যে গাছে ফল ধরে, কিন্তু ফুল ধরে না- বনস্পতি।
৪। ফল পাকলে যে গাছ মরে যায়- ওষধি।
৫। যে গাছ থেকে ওষুধ তৈরি করা হয় - ঔষধি

জয়ন্তী

১। জয়ের জন্য যে উৎসব- জয়ন্তী (অপশনে 'জয়ন্তী' না থাকলে 'জয়োৎসব' উত্তর দিতে হবে।)
২। পঁচিশ বছর পূর্ণ হওয়ার উৎসব- রজত জয়ন্তী।
৩। পঞ্চাশ বছর পূর্ণ হওয়ার উৎসব- সুবর্ণ জয়ন্তী।
৪। ষাট বছর পূর্ণ হওয়ার উৎসব- হীরক জয়ন্তী।
৫। পঁচাত্তর বছর পূর্ণ হওয়ার উৎসব- প্লাটিনাম জয়ন্তী।
৬। একশত বছর পূর্তি- শত বর্ষ।
৭। একশত পঞ্চাশ বছর পূর্তি- সার্ধশত বর্ষ।

Scanned with CamScanner CamScanner

যায় না/অসম্ভব/কষ্টকর

১। কোনোভাবেই যা নিবারণ করা যায় না- অনিবার্য।
২। নিবারণ করা যায় না এমন- অনিবার্য।
৩। পরিহার করা যায় না এমন- অপরিহার্য।
৪। যা সহজে লাভ করা যায়- সুলভ।
৫। যা কষ্টে লাভ করা যায়- দুর্লভ।
৬। যা কষ্টে জয় করা যায়- দুর্জয়।
২৬। যা দমন করা কষ্টকর- দুর্দমনীয়।
৭। যা দমন করা যায় না- অদম্য।
৮। যা নিবারণ করা কষ্টকর- দুর্নিবার।
৯। যা সহজে ভেঙ্গে যায়- ভঙ্গুর।
১০। যা প্রতিরোধ করা যায় না- অপ্রতিরোধ্য
১১। যা কোনোভাবেই প্রমাণ করা যায় না- অপ্রমেয়
১২। যা উচ্চারণ করা কঠিন- দুরুচ্চার্য।
১৩। যা উচ্চারণ করা যায় না- অনুচ্চার্য।
১৪। দমন করা কষ্টকর যাকে- দুর্দমনীয়
১৫। দমন করা যায় না যাকে- অদম্য
১৬। নষ্ট হওয়া স্বভাব যার- নশ্বর।
১৭। যা কখনো নষ্ট হয় না - অবিনশ্বর
১৮। যা অতিক্রম করা যায় না- অনতিক্রম্য
১৯। যা অপনয়ন (দূর) করা কষ্টকর- দূরপনেয়
২০। যা অপনয়ন (দূর) করা যায় না- অনপনেয়
২১। যা চিন্তা করা যায় না- অচিন্তনীয়/অচিন্ত্য।
২২। যা স্থায়ী নয় - অস্থায়ী
২৩। যা ক্ষণকাল ব্যাপী স্থায় - ক্ষণস্থায়ী
২৪। যা চিরস্থায়ী নয় - নশ্বর
২৫। নষ্ট হওয়ার স্বভাব যার - নশ্বর

পূর্ব

. যা পূর্বে কখনো ছিল না- অভূতপূর্ব।
. যা পূর্বে ছিল, কিন্তু এখন নেই- ভূতপূর্ব।
. যা পূর্বে দেখা যায় নি- অদৃষ্টপূর্ব।
. যা পূর্বে শোনা যায় নি- অশ্রুতপূর্ব।
. যা পূর্বে কখনো ঘটেনি- অভূতপূর্ব
. যা পূর্বে চিন্তা করা যায়নি- অচিন্তিতপূর্ব

প্রকাশ/ব্যক্ত

যা ব্যক্ত করা হয় নি- অব্যক্ত।
যা প্রকাশ করা হয় নি- অব্যক্ত।
যা বলা হয় নি- অনুক্ত।
যা বলা হয়েছে- উক্ত।
যা বলা হচ্ছে- বক্ষ্যমাণ
যা বলার যোগ্য নয়- অকথ্য।
যা বর্ণনা করা যায় না- অবর্ণনীয়
যা বচনে প্রকাশ করার যোগ্য নয়/যায় না- অনির্বচনীয়
৯. যা বাক্যে প্রকাশ করার যোগ্য নয়/যায় না- অনির্বচনীয়
১০. অন্যের মনোরঞ্জনের জন্য অসত্য ভাষণ- উপচার
১১. ভুলহীন ঋষি বাক্য- আপ্তবাক্য
১২. পঙ্‌ক্তিতে বসার অনুপযুক্ত- অপাঙক্তেয়
১৩. হরেক রকম বলে যে- হরবোলা।

ব্যক্তিগণ

১. আপনাকে কেন্দ্র করে চিন্তা- আত্মকেন্দ্রিক
২. ইতিহাস রচনা করেন যিনি- ঐতিহাসিক।
১. নিম্নের কোন ভগ্নাংশটি সবচেয়ে ছোট?

ক. $\frac{২}{১১}$ খ. $\frac{৩}{১১}$

গ. $\frac{২}{১৩}$ ঘ. $\frac{৪}{১৫}$ উত্তর : গ

২. নিম্নের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক. $\frac{২}{৩}$ খ. $\frac{৩}{৪}$

গ. $\frac{৪}{৫}$ ঘ. $\frac{৫}{৭}$ উত্তর : গ

সমাধান : $\frac{২}{৩} = ০.৬৬৬$, $\frac{৩}{৪} = ০.৭৫$

$\frac{৪}{৫} = ০.৮$, $\frac{৫}{৭} = ০.৭১৪২$

৩. কোন সংখ্যাটি বৃহত্তম?

ক. 0.3 খ. $\frac{১}{৩}$

গ. $\sqrt{০৩}$ ঘ. $\frac{২}{৫}$ উত্তর : গ

ব্যাখ্যা : $\frac{১}{৩} = 0.333$

$\sqrt{০৩} = 0.5477$

$\frac{২}{৫} = 0.4$

৪. কোন ভগ্নাংশটি $\frac{২}{৩}$ থেকে বড়?

ক. $\frac{৩৩}{৫০}$ খ. $\frac{৮}{১১}$

গ. $\frac{৩}{৫}$ ঘ. $\frac{১৩}{২৭}$ উত্তর : গ

ব্যাখ্যা : $\frac{২}{৩} = ০.৬৬৬$

(ক) $\frac{৩৩}{৫০} = ০.৬৬$, (খ) $\frac{৮}{১১} = ০.৭২৭২$

(গ) $\frac{৩}{৫} = ০.৬$, (ঘ) $\frac{১৩}{২৭} = ০.৪৮১৪$

৫. নিম্নের কোনটি সবচেয়ে বড় সংখ্যা?

ক. $\sqrt{০.০৩}$ খ. $\sqrt{০.৩}$

গ. $\sqrt{০.০০৩}$ ঘ. $\sqrt{০.০০০৩}$ উত্তর : খ

ব্যাখ্যা : সবগুলো বর্গ করে পাই

(ক) $.০৩ = \frac{৩}{১০০}$ (খ) $.৩ = \frac{৩}{১০}$

(গ) $.০০৩ = \frac{৩}{১০০০}$ (ঘ) $.০০০৩ = \frac{৩}{১০০০০}$

৬. কোন ভগ্নাংশটি $\frac{২}{৩}$ থেকে বড়?

ক. $\frac{৩৩}{৫০}$ খ. $\frac{৮}{১১}$

গ. $\frac{৩}{৫}$ ঘ. $\frac{১৩}{২৭}$ উত্তর : ক

ব্যাখ্যা : $\frac{২}{৩} = ০.৬৬৭$

(ক) $\frac{৩৩}{৫০} = ০.৬৬$ (খ) $\frac{৮}{১১} = ০.৭২৭২$

(গ) $\frac{৩}{৫} = ০.৬$ (ঘ) $\frac{১৩}{২৭} = ০.৪৮১$

২. গড় [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. রহিম ও করিমের বয়সের গড় ৩৫ বছর। রহিম ও হামজার বয়সের গড় ২০ বছর। হামজার বয়স ১১ বছর হলে করিমের বয়স কত? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. ৪০ বছর খ. ৪১ বছর
গ. ৪২ বছর ঘ. ৪৩ বছর **উ. খ**

২. ৫টি সংখ্যার গড় ৪০। এর সাথে ৩টি সংখ্যা যোগ করা হলো, সংখ্যা তিনটির গড় ২২। সমষ্টিগতভাবে ৮টি সংখ্যার গড় কত? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. ৩৩.২ খ. ৩৩.৫০
গ. ৩৩.২৫ ঘ. কোনোটিই নয় **উ. গ**

৩. পিতা ও পুত্রের বয়সের গড় ৪০ বছর এবং মাতা ও ঐ পুত্রের বয়সে গড় ৩৫ বছর। মাতার বয়স ৫০ বছর হলে, পিতার বয়স কত? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*

ক. ৫০ বছর খ. ৬০ বছর
গ. ৪০ বছর ঘ. ৮৫ বছর **উ. খ**

৪. ৬, ৮, ১০ এর গাণিতিক গড়টি; ৭, ৯ এবং কোন সংখ্যার গাণিতিক গড়ের সমান? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*

ক. ৫ খ. ৮
গ. ৬ ঘ. ৯ **উ. খ**

৫. তিন সদস্যের একটি বিতর্ক দলের সদস্যদের গড় বয়স ২৪ বছর। যদি কোনো সদস্যের বয়সই ২১ বছরের নিচে না হয়, তবে তাদের কোনো একজনের সর্বোচ্চ বয়স কত? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*

ক. ৩০ বছর খ. ২৫ বছর
গ. ২৮ বছর ঘ. ৩২ বছর **উ. ক**

৬. কালাম ও ৪ পুত্রের বয়সের গড় ২০ বছর। কালামের স্ত্রী ও ঐ ৪ পুত্রের বয়সের গড় ১৭ বছর। কালামের বয়স ৪০ বছর হলে, স্ত্রীর বয়স কত? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*

ক. ২৫ বছর খ. ৩০ বছর
গ. ২৪ বছর ঘ. ২৬ বছর **উ. ক**

৭. পিতা ও তার দুই সন্তানের বয়সের গড় ২৫ বছর। দুই সন্তানের বয়সের গড় ২২ বছর হলে, পিতার বয়স– *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*

ক. ২৫ বছর খ. ২১ বছর
গ. ৩১ বছর ঘ. ৩২ বছর **উ. গ**

৮. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গড় ২৫। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গড় ৩০ হলে, তৃতীয় সংখ্যাটি কত? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*

ক. ২৫ খ. ৪০
গ. ৯০ ঘ. ৫০ **উ. খ**

স্কুল পর্যায়

১. পিতা ও পুত্রের বয়সের গড় ৩০ বছর। ৬ বছর পরে তাদের বয়সের অনুপাত ৫ : ১ হলে, পুত্রের বর্তমান বয়স কত বছর? *[১৭তম স্কুল নিবন্ধন-২০২২]*

ক. ৫ খ. ৬
গ. ৮ ঘ. ৯ **উ. খ**

২. ৬টি কাঠির গড় দৈর্ঘ্য ৪৪.২ সে.মি. এবং এদের ৫টির গড় দৈর্ঘ্য ৪৬ সে.মি.। ৬ষ্ঠ কাঠিটির দৈর্ঘ্য কত সে. মি.? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*

ক. ৩৫.১ খ. ৩৫.২
গ. ৩৫.৩ ঘ. ৩৫.৪ **উ. খ**

৩. প্রথম দশটি স্বাভাবিক সংখ্যার গড়– *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*

ক. ৫ খ. ৫.৫০
গ. ১০ ঘ. ৫৫.৫০ **উ. খ**

৪. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গড় ২৫। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গড় ৩০ হলে, তৃতীয় সংখ্যাটি কত? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৪]*

ক. ২৫ খ. ৪০
গ. ৯০ ঘ. ৫০ **উ. খ**

৫. 0, 5, 7 এর গড় কত? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*

ক. 6 খ. 0
গ. 4 ঘ. 1 **উ. গ**

৬. নিচের কোনটি রাশির গড় নির্দেশ করে? *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*

ক. রাশির সমষ্টি × রাশির সংখ্যা খ. $\frac{\text{রাশির সমষ্টি}}{\text{রাশির সংখ্যা}}$

গ. $\frac{\text{রাশির সংখ্যা}}{\text{রাশির সমষ্টি}}$ ঘ. কোনোটিই নয় **উ. খ**

স্কুল পর্যায়-২

১. ১০৫ থেকে ১৩৫ পর্যন্ত সংখ্যার মধ্যবর্তী ক্ষুদ্রতম ও বৃহত্তম মৌলিক সংখ্যাদ্বয়ের গড় কত? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*

ক. ১১৯ খ. ১২০
গ. ১২১ ঘ. ১২৩ **উ. ক**

২. ৭, ১২, ১৭, ৩, ১১, ৬, ১৩, ৩ সংখ্যাগুলোর গড় কত? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*

ক. ৬ খ. ৭
গ. ৮ ঘ. ৯ **উ. ঘ**

৩. 5, 11, 13, 7, 8 এবং 10 সংখ্যাগুলোর গড় কত? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*

ক. 6 খ. 7
গ. 8 ঘ. 9 **উ. ঘ**

Scanned with CamScanner CamScanner

৪. ৭টি সংখ্যার গড় ১২। একটি সংখ্যা বাতিল করলে গড় হয় ১১। বাতিলকৃত সংখ্যাটি কত? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*

ক. ১০ খ. ১২
গ. ১৫ ঘ. ১৮ উ. ঘ

৫. তিনটি পূর্ণ সংখ্যার গড় ১৫০ এবং ক্ষুদ্রতম সংখ্যা দুইটির গড় ১২০ বৃহত্তম সংখ্যাটি কত? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

ক. ২৩০ খ. ২১০
গ. ২০০ ঘ. ১৯০ উ. খ

বিস্তারিত আলোচনা

গড় (Average) : একই ধরণের কতগুলো রাশির যোগফল রাশির সংখ্যা দ্বারা ভাগ করলে গড় পাওয়া যায়। তবে কোনো সংখ্যার গড়ের যে মান পাওয়া যায় তা সবসময় সেই সংখ্যাগুলোর সমষ্টি তথা যোগফলের মানের চেয়ে কম হয়।

(ক) $\text{গড়} = \frac{\text{রাশির সমষ্টি}}{\text{রাশির সংখ্যা}}$

(খ) সমষ্টি = সংখ্যা × গড়

(গ) $\text{সংখ্যা} = \frac{\text{সমষ্টি}}{\text{গড়}}$

(ঘ) দূরত্ব ও সময় দেওয়া থাকলে গড় গতি বেগ $= \frac{\text{মোট দূরত্ব}}{\text{মোট ব্যয়িত সময়}}$

(ঙ) দুই বা ততোধিক ঘণ্টার গতি বেগ দেওয়া থাকলে গড় গতি বেগ $= \frac{2xy}{x+y}$ [x, y প্রতি ঘণ্টার গতি বেগ]

(চ) সমান্তর ধারার ক্ষেত্রে গড় $= \frac{\text{শেষ পদ} + ১\text{ম পদ}}{২}$

১. ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাগুলোর গড় কত?

ক. ৪৯৫০ খ. ৫০৫০
গ. ৫০০০ ঘ. ৫০.৫০ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : এটি একটি সমান্তর ধারা। অতএব, ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাগুলোর

$$\text{গড়} = \frac{\text{শেষ পদ} + ১\text{ম পদ}}{২}$$

$$= \frac{১০০ + ১}{২} = ৫০.৫০$$

২. ১ থেকে ৯৯ পর্যন্ত সংখ্যাসমূহের গড় কত?

ক. ১০ খ. ২৫
গ. ৫০ ঘ. ১০০ **উত্তর : গ**

ব্যাখ্যা : এটি একটি সমান্তর ধারা। অতএব, ১ থেকে ৯৯ পর্যন্ত সংখ্যাগুলোর

$$\text{গড়} = \frac{\text{শেষ পদ} + ১\text{ম পদ}}{২}$$

$$= \frac{৯৯ + ১}{২} = ৫০$$

৩. ১ থেকে ৪৯ পর্যন্ত সংখ্যাগুলোর গড় কত?

ক. 23 খ. 24.5
গ. 25 ঘ. 26.5 **উত্তর : গ**

ব্যাখ্যা : সংখ্যাগুলোর গড় $= \frac{\text{প্রথম পদ} + \text{শেষ পদ}}{২}$

$$= \frac{১ + ৪৯}{২} = ২৫$$

৪. ২ থেকে শুরু করে পর পর পাঁচটি জোড়া সংখ্যার গড় কত হবে?

ক. ৪ খ. ৫
গ. ৬ ঘ. ৭ **উত্তর : গ**

ব্যাখ্যা : $\frac{২ + ৪ + ৬ + ৮ + ১০}{৫} = ৬$

৫. $\frac{১}{২}, \frac{১}{৪}, \frac{৩}{৪}$ এর গড় মান কত?

ক. $\frac{১}{৪}$ খ. $\frac{৩}{৪}$
গ. $\frac{১}{২}$ ঘ. $\frac{২}{৪}$ **উত্তর : গ**

ব্যাখ্যা : সংখ্যাগুলোর গড় $= \frac{\frac{১}{২} + \frac{১}{৪} + \frac{৩}{৪}}{৩} = \frac{\frac{২ + ১ + ৩}{৪}}{৩}$

$$= \frac{৬}{৪} \times \frac{১}{৩} = \frac{১}{২}$$

৬. $\frac{১}{২}, \frac{৫}{৬}, \frac{৩}{৪}, \frac{৫}{১২}$ এর গড় কত?

ক. $\frac{৫}{৪}$ খ. $\frac{৫}{২}$
গ. $\frac{৫}{৮}$ ঘ. $\frac{৫}{২২}$ **উত্তর : গ**

ব্যাখ্যা : সংখ্যাগুলোর সমষ্টি $= \frac{১}{২} + \frac{৫}{৬} + \frac{৩}{৪} + \frac{৫}{১২}$

$$= \frac{৬ + ১০ + ৯ + ৫}{১২}$$

$$= \frac{৩০}{১২} = \frac{৫}{২}$$

সংখ্যাগুলোর গড় $= \frac{২}{৪} = \frac{৫}{২} \times \frac{১}{৪} = \frac{৫}{৮}$

৭. P সংখ্যক সংখ্যার গড় a এবং q সংখ্যক সংখ্যার গড় b। সবগুলোর সংখ্যার গড়–

ক. $\frac{a+b}{2}$ খ. $\frac{ap+bq}{2}$
গ. $\frac{ap+bq}{p+q}$ ঘ. $\frac{ap+bq}{a+b}$ **উত্তর : গ**

ব্যাখ্যা : p সংখ্যক সংখ্যার গড় a

∴ p সংখ্যক সংখ্যার সমষ্টি pa

q সংখ্যক সংখ্যার গড় b

∴ q সংখ্যক সংখ্যার সমষ্টি qb

এবং সংখ্যাগুলো সংখ্যা p + q

∴ সবগুলো সংখ্যার গড় = $\frac{pa + qb}{p + q}$ বা, $\frac{ap + bq}{p + q}$

৮. তিনটি পূর্ণ সংখ্যার গড় ১৫০ এবং ক্ষুদ্রতম সংখ্যা দুইটির গড় ১২০ বৃহত্তম সংখ্যাটি কত?

ক. ২৩০ খ. ২১০

গ. ২০০ ঘ. ১৯০ উত্তর : খ

ব্যাখ্যা : ৩টি পূর্ণ সংখ্যার গড় ১৫০

∴ ৩টি পূর্ণসংখ্যার সমষ্টি = ১৫০ × ৩ = ৪৫০

আবার ক্ষুদ্রতম সংখ্যা দুটির গড় ১২০

∴ ক্ষুদ্রতম সংখ্যা সমষ্টি = ১২০ × ২ = ২৪০

∴ বৃহত্তম সংখ্যা সমষ্টি = ৪৫০ − ২৪০ = ২১০

৯. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গড় ২৫। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গড় ৩০ হলে, তৃতীয় সংখ্যাটি কত?

ক. ২৫ খ. ৪০

গ. ৯০ ঘ. ৫০ উত্তর : খ

১০. ছয়টি সংখ্যার গড় ৬। যদি প্রত্যেকটি সংখ্যা থেকে ৩ বিয়োগ করা হয় তবে নতুন সংখ্যাগুলোর গড় কত হবে?

ক. ৩ খ. ৩.৫

গ. ৪ ঘ. কোনোটিই নয় উত্তর : ক

ব্যাখ্যা : ছয়টি সংখ্যার সমষ্টি = (৬ × ৬) বা ৩৬

প্রত্যেক সংখ্যা থেকে ৩ বিয়োগ করলে নতুন ছয়টি সংখ্যার সমষ্টি = ৩৬ − (৬ × ৩)

= ৩৬ − ১৮ = ১৮

∴ নতুন ছয়টি সংখ্যার গড় = $\frac{১৮}{৬}$ = ৩

১১. ০.৬ হলো ০.২, ০.৮, ১ এবং x এর গড় মান। x এর মান কত?

ক. ০.২ খ. ০.৪

গ. ০.৬৭ ঘ. ২.৪ উত্তর : খ

ব্যাখ্যা : ০.২, ০.৮, ১ এবং x এর গড় = $\frac{০.২ + ০.৮ + ১ + x}{৪}$

= $\frac{২ + x}{৪}$

শর্তমতে, $\frac{২ + x}{৪}$ = ০.৬ বা, ২ + x = ২.৪

∴ x = ২.৪ − ২ = ০.৪

১২. x ও y এর মানের গড় ১০ এবং z = ১৩ হলে, x, y, z এর মানের গড় কত হবে?

ক. ১১ খ. ৯

গ. ১৮ ঘ. ১২ উত্তর : ক

ব্যাখ্যা : x ও y এর মানের সমষ্টি = (২ × ১০) = ২০

দেয়া আছে, z = ১৩

∴ x, y ও z এর মানের গড় = $\frac{(২০ + ১৩)}{৩} = \frac{৩৩}{৩}$ = ১১

১৩. পাঁচটি সংখ্যার গড় ৪৬ এবং সংখ্যাগুলোর প্রথম চারটি সংখ্যার গড় ৪৫। পঞ্চম সংখ্যাটি কত?

ক. ৪৮ খ. ৪৯

গ. ৫০ ঘ. কোনোটিই নয় উত্তর : গ

ব্যাখ্যা : পাঁচটি সংখ্যার সমষ্টি (৫ × ৪৬) বা ২৩০

চারটি " " (৪ × ৪৫) বা ১৮০

∴ পঞ্চম সংখ্যাটি = ৫০

১৪. যদি ১৫ জন ছাত্র ইংরেজিতে গড়ে শতকরা ৮০ নম্বর এবং ১০ জন ছাত্র গড়ে শতকরা ৯০ নম্বর পায়, তাহলে ২৫ জন ছাত্রের শতকরা হিসাবে গড় নম্বর কত?

ক. ৮৪ খ. ৮৪%

গ. ৮৩% ঘ. ৮৩$\frac{১}{৩}$% উত্তর : ক

ব্যাখ্যা : ১৫ জনের মোট নম্বর = ১৫ × ৮০ =১২০০

১০ " " " = ১০ × ৯০ = ৯০০

∴ ২৫ জনের মোট নম্বর = (১২০০ + ৯০০) = ২১০০

∴ ২৫ জনের গড় নম্বর = ২১০০ ÷ ২৫ = ৮৪

১৫. কোনো শ্রেণি ১২ জন ছাত্রের কোনো পরীক্ষার ফলাফলের গড় ৭০। অপর ১৮ জনের ফলাফলের গড় ৮০। তবে ৩০ জন ছাত্রের ফলাফলের সার্বিক গড় কত?

ক. ৭৩.৭৫ খ. ৭৫.২৫

গ. ৭৬ ঘ. ৭৭.২৫ উত্তর : গ

ব্যাখ্যা : ১২ জন ছাত্রের কোনো পরীক্ষার ফলাফলের সমষ্টি = (৭০ × ১২)

= ৮৪০

১৮ জন ছাত্রের কোনো পরীক্ষার ফলাফলের সমষ্টি = (৮০ × ১৮)

= ১৪৪০

৩০ জন ছাত্রের ফলাফলের সমষ্টি = ৮৪০ + ১৪৪০

= ২২৮০

৩০ জন ছাত্রের ফলাফলের সার্বিক গড় = $\frac{২২৮০}{৩০}$ = ৭৬

১৬. খ এর দৈনিক আয়ের দ্বিগুণ এবং গ এর দৈনিক আয় খ এর দ্বিগুণ। তাদের তিনজনের আয়ের যোগফল ১১২০ টাকা হলে গ এর দৈনিক আয় কত টাকা?

ক. ৫৬০ খ. ৬৪০

গ. ৬৮৪ ঘ. কোনোটিই নয় উত্তর : খ

ব্যাখ্যা : ধরি, ক এর দৈনিক আয় x টাকা

∴ খ " " " 2x

∴ গ " " " 8x

∴ x + 2x + 8x = ১১২০

$\Rightarrow x = \frac{১১২০}{৭}$

∴ x = ১৬০

∴ গ এর দৈনিক আয় (৪ × ১৬০) বা ৬৪০ টাকা

১৭. একজন ক্রিকেটারের ১০ ইনিংসের রানের গড় ৪৫.৫। ১১তম ইনিংসে কত রানকরে আউট হলে সব ইনিংসে মিলিয়ে তার রানের গড় ৫০ হবে।

ক. ৫৫ রান খ. ৪৫ রান

গ. ৯৫ রান ঘ. কোনোটিই নয় **উত্তর : গ**

ব্যাখ্যা : ১০ ইনিংসের রানের গড় ৪৫.৫। মোট রান =৪৫৫

১১ ইনিংসের রানের গড় ৫০ হলে মোট রান = ৫৫০

∴ ১১তম ইনিংসে ৫৫০ − ৪৫৫ = ৯৫ রান করে আউট হলে সব ইনিংস মিলিয়ে তার রানের গড় ৫০ হবে

১৮. এগারজন বালকের মধ্যে প্রথম ছয়জন বালকের গড় উচ্চতা ৮৭ সেমি। শেষের পাঁচজন বালকের গড় উচ্চতা ১৩১ সেমি। ঐ এগারজন বালকের গড় উচ্চতা কত?

ক. ১০৫ সেমি খ. ১১১ সেমি

গ. ১০৩ সেমি ঘ. ১০৭ সেমি **উত্তর : ঘ**

ব্যাখ্যা : প্রথম ছয়জন বালকের মোট উচ্চতা ৮৭ × ৬ সেমি = ৫২২ সেমি।

শেষের পাঁচজন বালকের মোট উচ্চতা ১৩১ × ৫ সেমি = ৬৫৫ সেমি।

ঐ এগারজন বালকের গড় উচ্চতা (৫২২ + ৬৫৫) ÷ ১১ = ১০৭ সেমি।

১৯. ১১ জন লোকের গড় ওজন ৭০ কেজি। ৯০ কেজি ওজনের একজন লোক চলে গেলে বাকিদের গড় ওজন কত হয়?

ক. ৬২ কেজি খ. ৬৮ কেজি

গ. ৮০ কেজি ঘ. ৭২ কেজি **উত্তর : খ**

ব্যাখ্যা : ১১ জন লোকের ওজনের গড় = ৭০ কেজি

১১ জন লোকের ওজনের সমষ্টি = (৭০ × ১১) কেজি = ৭৭০ কেজি

৯০ কেজি ওজনের একজন লোক বাদ দিলে

বাকি ১০ জনের ওজনের সমষ্টি = (৭৭০ − ৯০) কেজি = ৬৮০ কেজি।

∴ " ১০ " " গড় $= \frac{৬৮০}{১০}$ কেজি = ৬৮ কেজি

২০. ক, খ ও গ এর মাসিক গড় বেতন ৫০০ টাকা। খ, গ ও ঘ এর মাসিক গড় বেতন ৪৫০ টাকা। ক এর বেতন ৫৪০ টাকাহলে ঘ এর বেতন কত?

ক. ৩৭৫ টাকা খ. ৩৮০ টাকা

গ. ৩৮৫ টাকা ঘ. ৩৯০ টাকা **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ক + খ + গ-এর বেতনের সমষ্টি = (৫০০ × ৩) টাকা

= ১৫০০ টাকা

খ + গ + ঘ-এর বেতনের সমষ্টি = (৪৫০ × ৩) টাকা

= ১৩৫০ টাকা

ক − ঘ বেতনের পার্থক্য = ১৫০ টাকা

∴ ঘ এর বেতন = ৫৪০ − ১৫০ = ৩৯০ টাকা।

২১. একজন শ্রমিক প্রতিদিন প্রথম ৮ ঘন্টা কাজ করার জন্য ঘন্টায় ১০ টাকা করে এবং পরবর্তী সময়ের জন্য ঘন্টায় ১৫ টাকা করে মজুরি পায়। দৈনিক ১০ ঘন্টা করে কাজ করলে তার ঘন্টা প্রতি গড় মজুরি কত?

ক. ১১ টাকা খ. ১২ টাকা

গ. ১২.৫০ টাকা ঘ. ১৩ টাকা **উত্তর : ক**

ব্যাখ্যা : প্রথম ৮ ঘন্টার জন্য মজুরি পায় = (১০ × ৮) টাকা = ৮০

পরবর্তী ২ ঘন্টার জন্য মজুরি পায় = (১৫ × ২) টাকা = ৩০ টাকা

∴ সর্বমোট ১০ ঘন্টার জন্য মজুরি পায় = (৮০ + ৩০) টাকা

= ১১০ টাকা

প্রতি ঘন্টার জন্য গড়ে মজুরি পায় $= \frac{১১০}{১০}$ টাকা = ১১ টাকা

২২. ৩০ টাকা দরের ২ সের সয়াবিন তেলের সাথে ১৮ টাকা সের দরের ১ সের পামওয়েল মিশালে মিশ্রিত তেলের প্রতি সেরের দাম কত?

ক. ১৬ খ. ১৮

গ. ২৬ ঘ. ২৮ **উত্তর : গ**

ব্যাখ্যা : ২ সের সয়াবিন তেলের মূল্য = (৩০ × ২) টাকা = ৬০ টাকা।

মিশ্রণের পর (২ + ১) সের বা ৩ সের মোট মূল্য = (৬০ + ১৮) টাকা। ৭৮ টাকা

সুতরাং, মিশ্রিত তেলের প্রতি সেরের গড় মূল্য $= \frac{৭৮}{৩}$ টাকা

= ২৬ টাকা

২৩. কোনো শ্রেণিতে ২০ জন ছাত্রের বয়সের গড় ১০ বছর। শিক্ষকসহ তাদের বয়সের গড় ১২ বছর হলে শিক্ষকের বয়স কত?

ক. ৩২ বছর খ. ৪২ বছর

গ. ৬২ বছর ঘ. ৫২ বছর **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ২০ জন ছাত্রের মোট বয়স = (১০ × ২০) বছর

= ২০০ বছর

শিক্ষকসহ ২০ জন ছাত্রের মোট বয়স = (১২ × ২১) বছর

= ২৫২ বছর

∴ শিক্ষকের বয়স = (২৫২ − ২০০) বছর = ৫২ বছর

২৪. পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের চারগুণ। ৬ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের দশগুণ ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত?

ক. ৫৬ বছর এবং ১৪ বছর খ. ৩৬ বছর এবং ৯ বছর

গ. ৪০ বছর এবং ১০ বছর ঘ. ৩২ বছর এবং ৮ বছর

উত্তর : খ

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : পুত্রের বর্তমান বয়স x বছর হলে পিতার বর্তমান বয়স 8x বছর।

৬ বছর পূর্বে পিতার বয়স = (8x − ৬) বছর এবং

৬ " " পুত্রের " = (x − ৬) বছর।

প্রশ্নমতে, 8x − ৬ = ১০(x − ৬)

বা, ১০x − 8x = ৫৪

বা, x = ৯

∴ পিতার বর্তমান বয়স = 8x = ৩৬ বছর এবং

পুত্রের বর্তমান বয়স = ৯ বছর।

২৫. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৭৪ বছর এবং তাদের বয়সের অনুপাত ১০ বছর পূর্বে ছিল ৭ ঃ ২। ১০ বছর পরে তাদের বয়সের অনুপাত কত হবে?

ক. ২ ঃ ২ খ. ৭ ঃ ৩

গ. ৩১ ঃ ১৬ ঘ. ৭ ঃ ২ উত্তর : গ

ব্যাখ্য : ১০ বছর পূর্বে তাদের বয়সের অনুপাত ৭x ও ২x বর্তমানে

৭x + ১০ ও ২x + ১০

শর্তমতে,

৭x + ১০ + ২x + ১০ = ৭৪

বা, ৭x + ১০ + ২x + ১০ = ৭৪

বা, ৯x + ২০ = ৭৪

বা, ৯x = ৫৪

বা, $x = \frac{৫৪}{৯}$

∴ x = ৬

পিতার বর্তমান বয়স ৭ × ৬ + ১০ = ৫২

পুত্রের বর্তমান বয়স ২ × ৬ + ১০ = ২২

১০ বছর পর পিতার বয়স ৫২ + ১০ = ৬২

১০ বছর পর পুত্রের বয়স ২২ + ১০ = ৩২

৬২ ঃ ৩২ = ৩১ ঃ ১৬

২৬. তিন বছর আগে রহিম ও করিমের বয়সের গড় ছিল ১৮ বছর। আলম তাদের সঙ্গে যোগদান করায় তাদের বয়সের গড় বেড়ে ২২ বছর হয়। আলমের বয়স কত?

ক. ৩০ বছর খ. ২৮ বছর

গ. ২৭ বছর ঘ. ২৪ বছর উত্তর : ঘ

ব্যাখ্যা : তিন বছর আগে রহিম ও করিমের বয়সের সমষ্টি = (১৮ × ২)

= ৩৬ বছর

বর্তমানে তাদের রয়স ৩৬ + (৩ × ২) = ৩৬ + ৬ = ৪২

আলমসহ বয়সের সমষ্টি (২২ × ৩) = ৬৬ বছর

আলমের বয়স (৬৬ − ৪২) = ২৪ বছর

২৭. পিতা ও দুই সন্তানের গড় বয়স ৩০ বছর। দুই সন্তানের বয়সের গড় ২০ বছর হলে, পিতার বয়স কত?

ক. ২০ বছর খ. ৩০ বছর

গ. ৪০ বছর ঘ. ৫০ বছর উত্তর : ঘ

ব্যাখ্যা : পিতা ও দুই সন্তানের বয়সের সমষ্টি

= (৩০ × ৩) = ৯০ বছর

এবং দুই সন্তানের বয়সের সমষ্টি

= (২০ × ২) = ৪০ বছর

∴ পিতার বয়স = (৯০ − ৪০) = ৫০ বছর

২৮. পিতা ও পুত্রের বয়সের অনুপাত ৭ ঃ ৩। ৪ বছর পূর্বে তাদের বয়সের অনুপাত ছিল ১৩ ঃ ৫। বর্তমানে কার বয়স কত?

ক. ৬৬ বছর, ৩৪ বছর খ. ৭৬ বছর, ৩৪ বছর

গ. ৪৬ বছর, ১৪ বছর ঘ. ৫৬ বছর, ২৪ বছর উত্তর : খ

ব্যাখ্যা : মনে করি, পিতার বর্তমান বয়স ৭x পুত্রের বর্তমান বয়স ৩x

৪ বছর পূর্বে পিতার বয়স ৭x − ৪

৪ বছর পূর্বে পুত্রের বয়স ৩x − ৪

প্রশ্নমতে,

৭x − ৪ ঃ ৩x − ৪ = ১৩ ঃ ৫

বা, $\frac{৭x - ৪}{৩x - ৪} = \frac{১৩}{৫}$

বা, ৩৯x − ৫২ = ৩৫x − ২০

বা, ৪x = − ২০ + ৫২

বা, ৪x = ৩২

বা, $x = \frac{৩২}{৪}$

∴ = ৮

পিতার বর্তমান বয়স = ৭ × ৮ = ৫৬ বছর

পুত্রের বর্তমান বয়স = ৩ × ৮ = ২৪ বছর

২৯. ২০ জন বালক ও ১৫ জন বালিকার গড় বয়স ১৫ বছর। বালকদের গড় বয়স ১৫.৫ বছর হলে বালিকাদের গড় বয়স কত?

ক. ১৪ বছর খ. ১৪ বছর ৪ মাস

গ. ১৪ বছর ৬ মাস ঘ. ১৪ বছর ৮ মাস উত্তর : খ

ব্যাখ্যা : ২০ জন বালক ও ১৫ জন বালিকার বয়সের সমষ্টি (৩৫ × ১৫)

= ৫২৫।

বালকদের বয়সের সমষ্টি (১৫.৫ × ২০) = ৩১০ বছর

বালিকাদের বয়স (৫২৫ − ৩১০) = ২১৫ বছর

∴ বালিকাদের বয়সের গড় = ২১৫ ÷ ১৫

= ১৪.৩৩ বছর

বা, ১৪ বছর ৪ মাস (প্রায়)।

৩০. পিতা ও ২ সন্তানের বয়সের গড় ৩০ বছর। ২ সন্তানের বয়সের গড় ২০ বছর হলে, পিতার বয়স কত?

ক. ৫০ বছর খ. ৬০ বছর

গ. ৫৫ বছর ঘ. ৪০ বছর উত্তর : ক

ব্যাখ্যা : পিতা ও ২ সন্তানের বয়সের সমষ্টি = (৩০ × ৩) = ৯০ বছর

২ সন্তানের বয়সের সমষ্টি (২ × ২০) = ৪০ বছর

পিতার বয়স (৯০ − ৪০) = ৫০ বছর।

Scanned with CamScanner CamScanner

৩১. কোন শ্রেণিতে ২৫ জন ছাত্রের বয়সের গড় ১০ বছর। শিক্ষকসহ তাদের বয়সের গড় ১২ হলে, শিক্ষকের বয়স কত?

ক. ৫৬ বছর খ. ৬২ বছর
গ. ৬৪ বছর ঘ. ৬৫ বছর **উত্তর : খ**

ব্যাখ্যা : ২৫ জন ছাত্রের বয়সের সমষ্টি = ২৫ × ১০
= ২৫০
শিক্ষকসহ তাদের বয়সের সমষ্টি = ২৬ × ১২
= ৩১২
শিক্ষকের বয়স = (৩১২ − ২৫০)
= ৬২ বছর

৩২. পিতা ও মাতার গড় বয়স ৩৬ বছর। পিতা, মাতা ও পুত্রের গড় বয়স ২৮ বছর হলে, পুত্রের বয়স কত?

ক. ৯ বছর খ. ১১ বছর
গ. ১২ বছর ঘ. ১৫ বছর **উত্তর : গ**

ব্যাখ্যা : পিতা ও মাতার বয়সের সমিষ্ট = ৩৬ × ২
= ৭২ বছর
পিতা মাতা ও পুত্রের সমষ্টি = ২৮ × ৩
= ৮৪ বছর
পুত্রের বয়স (৮৪− ৭২) = ১২ বছর।

৩৩. পিতা ও মাতার গড় বয়স ৩৫ বছর। পিতা, মাতা ও পুত্রের গড় বয়স ২৭ বছর হলে পুত্রের বয়স কত?

ক. ৯ বছর খ. ১১ বছর
গ. ১২ বছর ঘ. ১৪ বছর **উত্তর : খ**

ব্যাখ্যা : পিতা ও মাতার মোট বয়স = (৩৫ × ২)
= ৭০ বছর
পিতা, মাতা ও পুত্রের মোট বয়স = (২৭ × ৩)
= ৮১ বছর
∴ পুত্রের বয়স = (৮১ − ৭০)
= ১১ বছর

৩৪. ক-এর বয়স খ-এর বয়সের দ্বিগুণ এবং ক-এর বয়স গ-এর বয়সের তিনগুণ। তাদের বয়সের সমষ্টি ৭৭ বছর হলে ক ও খ-এর বয়সের পার্থক্য হবে−

ক. ১৮ বছর খ. ২১ বছর
গ. ২২ বছর ঘ. ২৩ বছর **উত্তর : খ**

ব্যাখ্যা : ক = ২খ
$\therefore$ খ $= \frac{ক}{২}$
ক = ৩গ
$\therefore$ গ $= \frac{ক}{৩}$
$\therefore ক + \frac{ক}{২} + \frac{ক}{৩} = ৭৭$
বা, $\frac{৬ক + ৩ক + ২ক}{৬} = ৭৭$
বা, ১১ক = ৭৭ × ৬
বা, ক $= \frac{৭৭ \times ৬}{১১}$ $\therefore$ ক = ৪২।

বিকল্প পদ্ধতি: ক ঃ খ = ২ ঃ ১ = ৬ ঃ ৩
ক ঃ গ = ৩ ঃ ১ = ৬ ঃ ২
এখন ক ঃ খ ঃ গ = ৬ ঃ ৩ ঃ ২
সুতরাং ক এর বয়স $৭৭ \times \frac{৬}{৬+৩+২} = ৪২$ বছর।

৩৫. তিন পুত্রের বয়সের গড় ১৬ বছর। পিতাসহ পুত্রদের বয়সের গড় ২৫ বছর। পিতার বয়স কত?

ক. ৪৫ বছর খ. ৪৮ বছর
গ. ৫০ বছর ঘ. ৫২ বছর **উত্তর : ঘ**

ব্যাখ্যা : তিন পুত্রের বয়সের সমষ্টি (১৬×৩) = ৪৮ বছর
পিতাসহ তিন পুত্রের বয়সের সমষ্টি (২৫×৪) = ১০০ বছর।
পিতার বয়স (১০০ − ৪৮) = ৫২ বছর।
উত্তর : ৫২ বছর।

৩৬. কোনো ক্লাসে বালকদের গড় বয়স বালিকাদের সংখ্যার দ্বিগুণ। ৩৬ জনের ঐ ক্লাসে বালক ও বালিকাদের সংখ্যার অনুপাত হলো ৫:১। ঐ ক্লাসের বালকদের মোট বয়স কত বছর?

ক. ৩০০ খ. ৩২০
গ. ৩৬০ ঘ. ৪০০ **উত্তর : গ**

ব্যাখ্যা : ৩৬ জনের ঐ ক্লাসে বালকের সংখ্যা ৩৬ এর $\frac{৫}{৫+১}$ জন = ৩০ জন
এবং বালিকার সংখ্যা $\left(৩৬ \text{ এর } \frac{১}{৬}\right)$ জন = ৬ জন
$\therefore$ বালিকাদের বয়সের দ্বিগুণ (৬ × ২) বা ১২ বছর
$\therefore$ বালকদের মোট বয়স (৩০ × ১২) বছর = ৩৬০ বছর

৩৭. ২৪ জন ছাত্র এবং একজন শিক্ষকের বয়সের গড় ১৫ বছর। শিক্ষককে বাদ দিয়ে ছাত্রদের বয়সের গড় করলে গড় ১ বছর কমে যায়। শিক্ষকের বয়স কত?

ক. ৩৮ খ. ৪০
গ. ১২ ঘ. কোনোটিই নয় **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ছাত্র ও শিক্ষকসহ ২৫ জনের বয়সের সমষ্টি = (২৫ × ১৫)
= ৩৭৫
ছাত্রের বয়সের সমষ্টি = ২৪ × (১৫ − ১)
= ৩৩৬
$\therefore$ শিক্ষকের বয়স = (৩৭৫ − ৩৩৬)
= ৩৯

Scanned with CamScanner CamScanner

৩৮. কোনো শ্রেণির ২৪ জন ছাত্রের বয়স ১৪ বছর। যদি একজন শ্রেণি শিক্ষকের বয়স তাদের বয়সের সাথে যোগ করা হয় তবে বয়সের গড় এক বছর বৃদ্ধি পায়। শিক্ষকের বয়স কত?

ক. ৪০ বৎসর খ. ৩৯ বৎসর
গ. ৪৫ বৎসর ঘ. ৩৫ বৎসর **উত্তর : খ**

ব্যাখ্যা : শ্রেণির ২৪ জন ছাত্রের গড় বয়স ১৪ বছর
∴ শ্রেণির ২৪ জন ছাত্রের মোট বয়স (২৪ × ১৪) বছর = ৩৩৬ বছর
আবার, একজন শ্রেণি শিক্ষকের বয়স তাদের বয়সের সাথে যোগ করা হলে তবে বয়সের গড় এক বছর বৃদ্ধি পায়।
অর্থাৎ (২৪ + ১) বা, ২৫ জনের গড় বয়স (১৪ + ১) বা ১৫ বছর
∴ ২৫ জনের মোট বয়স (২৫ × ১৫) বছর
= ৩৭৫ বছর
∴ শিক্ষকের বয়স (৩৭৫ − ৩৩৬) বছর
= ৩৯ বছর

৩৯. কোনো শ্রেণিতে ২০ জন ছাত্রীর বয়সের গড় ১২ বছর। ৪ জন নতুন ছাত্রী ভর্তি হওয়াতে বয়সের গড় ৪ মাস কমে গেল। নতুন ৪ জন ছাত্রীর বয়সের গড় কত?

ক. ৮ বছর খ. ৯ বছর
গ. ১০ বছর ঘ. ১১ বছর **উত্তর : গ**

ব্যাখ্যা : ২০ জন ছাত্রীর বয়সের সমষ্টি = ২০ × ১২ = ২৪০ বছর
৪ জন নতুন ছাত্রী ভর্তি হওয়াতে মোট ছাত্রী ২৪ জন।
বয়সের গড় ৪ মাস কমে = ১১ বছর ৮ মাস
২৪ জন ছাত্রীর বয়সের সমষ্টি = ২৪ × ১১ বছর ৮ মান = ২৬৪ বছর ১৯২ মাস
= ২৬৪ + ১৬ = ২৮০ বছর
নতুন ৪ জন ছাত্রীর বয়সের গড় = (২৮০ − ২৪০) ÷ ৪ = ১০ বছর

৪০. কোন শ্রেণিতে ২০ জন ছাত্রের বয়সের গড় ১০ বছর। শিক্ষকসহ তাদের বয়সের গড় ১২ বছর হলে শিক্ষকের বয়স কত?

ক. ৩২ বছর খ. ৪২ বছর
গ. ৬২ বছর ঘ. ৫২ বছর **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ২০ ছাত্রের বয়সের সমষ্টি = ২০ × ১০ = ২০০ বছর
শিক্ষকসহ ২১ জনের বয়সের সমষ্টি = ২১ × ১২ = ২৫২ বছর
শিক্ষকের বয়স = ২৫২ − ২০০ = ৫২ বছর।

৪১. পিতা ও দুই পুত্রের বয়স অপেক্ষা মাতা ও উক্ত দুই পুত্রের বয়সের গড় ২ বছর কম। মাতার বয়স ২৫ বছর হলে পিতার বয়স কত?

ক. ৩০ বছর খ. ৩১ বছর
গ. ৩২ বছর ঘ. ৩৪ বছর

সহজ শর্টকাট: মাতা/পিতাসহ সন্তানের বয়সের গড় কম হলে পিতা/মাতার বয়স বের করার সহজ টেকনিক-

পিতার বয়স = মাতার বয়স + (গড় যত কম × মাতাসহ সন্তানের সংখ্যা)
পিতার বয়স = ২৫ + (২ × ৩) বছর
= ২৫ + ৬ বছর, ∴ পিতার বয়স = ৩১ বছর।

সহজ শর্টকাট: মাতা/পিতাসহ সন্তানের বয়সের গড় কম হলে পিতা/মাতার বয়স বের করার সহজ টেকনিক-

মাতার বয়স = পিতার বয়স - (গড় যত কম × পিতাসহ সন্তানের সংখ্যা)
মাতার বয়স = ৩২ − (৩ × ৩) বছর
= ৩২ − ৯ বছর, ∴ মাতার বয়স = ২৩ বছর।

৪২. পিতা ও দুই পুত্রের বয়স অপেক্ষা মাতা ও উক্ত দুই পুত্রের বয়সের গড় ২ বছর কম। পিতার বয়স ৩০ বছর হলে মাতার বয়স কত?

ক. ২০ বছর খ. ২২ বছর
গ. ২৪ বছর ঘ. ২৫ বছর **উত্তর : গ**

ব্যাখ্যা : সহজ শর্টকাট: মাতার বয়স = পিতার বয়স - (গড় যত কম × পিতাসহ সন্তানের সংখ্যা)
মাতার বয়স = ৩০ − (২ × ৩) বছর
= ৩০ − ৬ বছর, ∴ মাতার বয়স = ২৪ বছর।

[*নোট: খেয়াল করুন, পিতার বয়স করতে হলে: পিতার বয়স = মাতার বয়স + (গড় যত কম × মাতাসহ সন্তানের সংখ্যা)। মাতার বয়স বের করতে হলে মাতার বয়স = পিতার বয়স - (গড় যত কম × পিতাসহ সন্তানের সংখ্যা)।]

Scanned with CamScanner CamScanner

৩. ঐকিক নিয়ম [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. একজন মাঝি দাঁড় বেয়ে 15 কি. মি. যেতে এবং সেখান থেকে ফিরে আসতে 4 ঘণ্টা সময় লাগে। সে স্রোতের অনুকূলে যতক্ষণে 5 কি.মি. যায়, স্রোতের প্রতিকূলে ততক্ষণে 3 কি. মি. যায়। স্রোতের বেগ কত? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*

ক. 8 খ. 4

গ. 2 ঘ. $\frac{1}{2}$ উ. গ

২. একটি গাড়ির চাকার পরিধি ৫ মিটার। ১ কিলোমিটার ৫০০ মিটার পথ যেতে চাকাটি কতবার ঘুরবে? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. ২০০ খ. ২৫০

গ. ৩০০ ঘ. ৩৫০ উ. গ

৩. ঘণ্টায় y মাইল বেগে x মাইল দূরত্ব অতিক্রম করতে কত ঘণ্টা সময় লাগবে? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. $\frac{x}{y}$ ঘণ্টা খ. $\frac{y}{x}$ ঘণ্টা

গ. xy ঘণ্টা ঘ. কোনোটিই নয় উ. ক

৪. ১৬ জন শ্রমিক একটি কাজ ৩ ঘণ্টায় সম্পন্ন করতে পারে। উক্ত কাজটি সম্পন্ন করতে ৫ জন শ্রমিকের কত সময় লাগবে? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. $\frac{১৫}{১৬}$ ঘণ্টা খ. ১৫ ঘণ্টা

গ. $৭\frac{৩}{৫}$ ঘণ্টা ঘ. $৯\frac{৩}{৫}$ ঘণ্টা উ. ঘ

৫. ১৫ জন লোক একটি কাজ শেষ করে ৩ ঘণ্টায়। ৫ জন লোক ঐ কাজ কত সময়ে শেষ করবে? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*

ক. ৬ ঘণ্টায় খ. ৫ ঘণ্টায়

গ. ৩ ঘণ্টায় ঘ. ৯ ঘণ্টায় উ. ঘ

৬. একটি কাজ 'ক' ৩ দিনে এবং 'খ' ৬ দিনে করতে পারে। ক ও খ একত্রে কাজটি কত দিনে করতে পারবে? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*

ক. ৫ দিন খ. ৪ দিন

গ. ৩ দিন ঘ. ২ দিন উ. ঘ

৭. ১৫ টি ছাগলের মূল্য ৩টি গরুর মূল্যের সমান। ৩০টি ছাগলের পরিবর্তে কয়টি গরু পাওয়া যাবে? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*

ক. ৪টি খ. ৮টি

গ. ৬টি ঘ. ৫টি উ. গ

৮. ৩ দিনে একটি কাজের $\frac{১}{১৮}$ অংশ শেষ হলে, ঐ কাজের ৪ গুণ কাজ করতে কতদিন লাগবে? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*

ক. ২১৬ দিন খ. ৫৪ দিন

গ. ২৪ দিন ঘ. ২৪৩ দিন উ. ক

৯. ১৫টি ছাগলের মূল্য ৩টি গরুর মূল্যের সমান। ২০টি ছাগলের পরিবর্তে কয়টি গরু পাওয়া যাবে? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*

ক. ৪টি খ. ৫টি

গ. ৬টি ঘ. ১০টি উ. ক

১০. রহিম একটি কাজ ২০ দিনে, করিম ঐ কাজ ৩০ দিনে করতে পারে। তারা একত্রে কাজটি কত দিনে শেষ করতে পারবে? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*

ক. ৬ দিন খ. ১১ দিন

গ. ১৮ দিন ঘ. ৮ দিন উ. খ

স্কুল পর্যায়

১. যদি ৩ জন পুরুষ বা ৫ জন বালক একটি কাজ ১০ দিনে করতে পারে তবে ৪ জন পুরুষ এবং ১০ জন বালক ঐ কাজটি কত দিনে করতে পারবে? *[১৭তম স্কুল নিবন্ধন-২০২২]*

ক. ১০ খ. ৯

গ. ৮ ঘ. ৬ উ. ঘ

২. ৮ জন লোক একটি কাজ ১২ দিনে করতে পারে। দুই জন লোক কমিয়ে দিলে কাজটি সম্পন্ন করতে শতকরা কত দিন বেশি লাগবে? *[১৭তম স্কুল নিবন্ধন-২০২২]*

ক. ২৫ খ. ৫০

গ. $৩৩\frac{১}{৩}$ ঘ. $৬৬\frac{২}{৩}$ উ. গ

৩. একটি প্লাটফর্মের দৈর্ঘ্য ২০০ মিটার। ২৫০ মিটার লম্বা একটি ট্রেনকে অতিক্রম করতে যে দূরত্ব অতিক্রম করতে হবে তা হলো– *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*

ক. ২০০ মিটার খ. ২৫০ মিটার

গ. ৩৫০ মিটার ঘ. ৪৫০ মিটার উ. ঘ

৪. ঘণ্টায় x মাইল বেগে y মাইল দূরত্ব অতিক্রম করতে কত ঘণ্টা লাগবে? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*

ক. $\frac{x}{y}$ ঘণ্টা খ. $\frac{y}{x}$ ঘণ্টা

গ. xy ঘণ্টা ঘ. x + y ঘণ্টা উ. খ

Scanned with CamScanner CamScanner

৫. ১৫ জন লোক একটি কাজ ২০ দিনে করলে, ঐ কাজটি ১ দিনে করতে লোক লাগবে– [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]

ক. ১০০ জন খ. ১৫০ জন
গ. ২০০ জন ঘ. ৩০০ জন উ. ঘ

৬. ঘণ্টায় x মাইল বেগে y মাইল দূরত্ব অতিক্রম করতে কত সময় লাগবে? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]

ক. $\frac{x}{y}$ ঘণ্টা খ. x ঘণ্টা
গ. y ঘণ্টা ঘ. $\frac{y}{x}$ ঘণ্টা উ. ঘ

৭. একটি নির্দিষ্ট কাজ শেষ করতে শ্রমিক সংখ্যা দ্বিগুণ করতে হলে, কাজটি করতে পূর্বের কতগুণ সময় লাগবে? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]

ক. ৪ গুণ খ. $\frac{১}{৪}$ গুণ
গ. ২ গুণ ঘ. $\frac{১}{২}$ গুণ উ. ঘ

৮. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ১২ বার ঘোরে। চাকাটি পাঁচ সেকেন্ডে কত ডিগ্রি ঘোরে? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]

ক. ৩৬০° খ. ৩০০°
গ. ১৮০° ঘ. ৩০° উ. ক

৯. ১৫ জন লোক একটি কাজ শেষ করে ৩ ঘন্টায়। ৫ জন লোক ঐ কাজ কত সময়ে শেষ করবে? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]

ক. ৫ ঘণ্টা খ. ৭.৫ ঘণ্টা
গ. ৯ ঘণ্টা ঘ. ৪ ঘণ্টা উ. গ

১০. প্রথম 6টি 7-এর অযুগ্ম গুণিতকের গড় কত? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]

ক. 40 খ. 41
গ. 42 ঘ. 43 উ. গ

স্কুল পর্যায়-২

১. কোনো খাদ্য 24 জন লোকের 20 দিন চলে, ঐ একই পরিমাণ খাদ্যে 40 জন লোকের কত দিন চলবে? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]

ক. 10 খ. 12
গ. 14 ঘ. 16 উ. খ

২. ঘণ্টায় ৬০ কিলোমিটার বেগে ১০০ মিটার দীর্ঘ একটি ট্রেনের ৩০০ মিটার দীর্ঘ একটি প্লাটফর্ম অতিক্রম করতে কত সময় লাগবে? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]

ক. ২০ সেকেন্ড খ. ২৪ সেকেন্ড
গ. ২০ মিনিট ঘ. ২৪ মিনিট উ. খ

৩. ১২ জন শ্রমিক ৩ দিনে ৭২০ টাকা আয় করে। ৯ জন শ্রমিক সমপরিমাণ টাকা আয় করবে কত দিনে? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০২১]

ক. ৫ দিনে খ. ৪ দিনে
গ. ৬ দিনে ঘ. ৩ দিনে উ. খ

৪. ৩০ জন শ্রমিক ২০ দিনে একটি বাড়ি তৈরি করতে পারে। ১২ জন শ্রমিক কত দিনে ঐ বাড়িটি তৈরি করতে পারবে? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]

ক. ৩০ দিনে খ. ৪৫ দিনে
গ. ৫০ দিনে ঘ. ৬০ দিনে উ. গ

৫. এক ডজন কলার দাম ৩০ টাকা হলে, দুই হালি তিনটি কলার দাম কত টাকা? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]

ক. ৮০ টাকা খ. ২৭.৫০ টাকা
গ. ৩৭.৫০ টাকা ঘ. ২০ টাকা উ. খ

৬. ৭ জন লোক একদিনে একটি কাজের $\frac{১}{৭}$ অংশ করে। ৭ দিনে একজন লোক ঐ কাজের কত অংশ করতে পারবে? [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]

ক. $\frac{১}{৪৯}$ অংশ খ. $\frac{১}{১৪}$ অংশ
গ. $\frac{১}{৭}$ অংশ ঘ. সম্পূর্ণ কাজ উ. গ

বিস্তারিত আলোচনা

(ক) কাজ ও সময়

কাজ ও সময় :

☞ ঐকিক নিয়ম : একটি জিনিসের দাম, ওজন, পরিমাণ ইত্যাদি বের করে নির্দিষ্ট সংখ্যক ঐ জাতীয় জিনিসের দাম, ওজন, পরিমাণ ইত্যাদি বের করার নিয়মকে ঐকিক নিয়ম বলে। কাজ ও সময়ের গণিতগুলো ঐকিক নিয়মের অন্তর্ভুক্ত।

☞ সমস্যা সমাধানের নিয়মঃ সমাধানের জন্য বাক্যটিকে এমনভাবে সাজাতে হবে যেন তাদের মধ্যে যে জিনিসটি দেওয়া আছে তা বাম দিকে এবং যে জিনিসটির দাম/ওজন/পরিমাণ ইত্যাদি বের করতে হবে তা ডানদিকে লেখা হয়। গুণ ও ভাগের কাজ সবশেষে করা সুবিধাজনক।

☞ উপরের লাইন থেকে নিচের লাইন দ্বারা কম বোঝালে ভাগ হবে এবং উপরের লাইন থেকে বেশি বোঝালে গুণ হবে।

☞ ১ জন লোক একটি কাজ করতে যত সময় লাগে ২ জন লোক সেই কাজটি করতে আরো কম সময় লাগে তাই ঐকিক নিয়মে এই ক্ষেত্রে দিন বের করার জন্য ভাগ করতে হয়।

☞ ২ জন লোক একটি কাজ করতে যত সময় লাগে ১ জন লোক সেই কাজটি ১ দিনে করতে চাইলে করতে আরো বেশি সময় লাগে তাই ঐকিক নিয়মে এই ক্ষেত্রে দিন বের করার জন্য গুণ করতে হয়।

Scanned with CamScanner CamScanner

১. যদি ২ জন টাইপিস্ট ২ মিনিটে ২পৃষ্ঠা টাইপ করতে পারে তবে কতজন টাইপিস্ট ৬ মিনিটে ১৮ পৃষ্ঠা টইপ করতে পারবেন?

ক. 3 খ. 6

গ. 9 ঘ. 18 উত্তর: খ

সমাধানঃ 2 মিনিটে 2 পৃষ্ঠা টাইপ করে = 2 জন টাইপিস্ট

1 ,, 1 ,, ,, ,, $= \frac{2\times 2}{2}$,, ,,

6 ,, 18 ,, ,, ,, $= \frac{2\times 2\times 18}{2\times 6}$,, ,,

= 6 জন টাইপিস্ট

২. যদি একটি কাজ ৯ জন লোক ১২ দিনে করতে পারে, অতিরিক্ত ৩ জন লোক নিয়োগ করলে কাজটি কতদিনে শেষ হবে?

ক.৭ খ.৯

গ.১০ ঘ.১২ উত্তর: খ

সমাধানঃ অতিরিক্তি ৩ জন লোক নিয়োগ করলে মোট লোক = (৯+৩) জন = ১২ জন

একটি কাজ ৯ জন লোক করতে পারে = ১২ দিনে

" " ১ " " " " $= (১২\times ৯)$ "

" " ১২ " " " " $= \frac{12\times 9}{12}$

= ৯ দিনে ।

৩. ১২ জন শ্রমিক ৩ দিনে ৭২০ টাকা আয় করে । তবে ৯ জন শ্রমিক সম পরিমাণ টাকা আয় করবে-

ক. ৫ দিনে খ. ৪ দিনে

গ. ৬ দিনে ঘ. ৩ দিনে উত্তর: খ

সমাধানঃ ১২ জন শ্রমিক ৭২০ টাকা আয় করে = ৩ দিনে

১ " " " " " " $= (৩\times ১২)$ দিনে

৯ " " " " " " $= \frac{3\times 12}{9}$ দিনে

= ৪ দিনে ।

৪. ক যে কাজটি ১২ দিনে করতে পারে , খ সেটি ১৫ দিনে এবং গ তা ২০ দিনে করতে পারে ওরা তিন জন একত্রে কাজটি করতে পারে -

ক. ৬ দিনে খ.৮ দিনে

গ. ৪ দিনে ঘ. ৫ দিনে উত্তর: ঘ

সমাধান ঃ ক 1 দিনে করে $= \frac{1}{12}$ অংশ কাজ

খ 1 দিনে করে $= \frac{1}{15}$ অংশ কাজ

গ 1 " " $= \frac{1}{20}$ অংশ কাজ

ক, খ, গ একত্রে, 1 দিনে করে $= (\frac{1}{12}+\frac{1}{15}+\frac{1}{20})$

$= (\frac{5+4+3}{60})$

$= \frac{12}{24} = \frac{1}{5}$ অংশ

$\frac{1}{5}$ অংশ কাজ করে = 1 দিনে

1 অংশ " " = 5 দিনে।

৫. দুই ব্যক্তি একত্রে একটি কাজ ৮ দিনে করতে পারে। প্রথম ব্যক্তি একাকী কাজটি ১২ দিনে করতে পারে। দ্বিতীয় ব্যক্তি একাকী কাজটি কত দিনে করতে পারবে?

ক. ২০দিন খ. ২২দিন

গ. ২৪দিন ঘ. ২৬দিন উত্তর: গ

সমাধান ঃ দুই ব্যক্তি একত্রে, ১দিনে করে $= \frac{১}{৮}$ অংশ কাজ

১ম ব্যক্তি, ১ " " $= \frac{১}{১২}$ অংশ কাজ

২য় ব্যক্তি, ১দিনে করে $= (\frac{১}{৮}-\frac{১}{১২})$

$= \frac{৩-২}{২৪} = \frac{১}{২৪}$ অংশ কাজ

$\frac{১}{২৪}$ অংশ কাজ করে = ১ দিনে

সমস্ত (১) অংশ কাজ করে = ২৪ দিনে

৬. ক এবং খ একত্রে মিলে একটি কাজ ১২ দিনে করতে পারে। ক একা কাজটি ২০ দিনে করতে পারে, খ একা কাজটি করতে পারবে কত দিনে?

ক. ২৫দিন খ. ৩০দিন

গ. ৩৫দিন ঘ. ৪০দিন উত্তর: খ

সমাধান ঃ ক ১দিনে করতে পারে $= \frac{১}{২০}$ কাজ

ক এবং খ একত্রে, ১ দিনে করতে পারে $= \frac{১}{১২}$ কাজ

খ ১ দিনে করতে পারে $= (\frac{১}{১২}-\frac{১}{২০})$ কাজ

$= \frac{৫-৩}{৬০} = \frac{২}{৬০} = \frac{১}{৩০}$ কাজ

খ $\frac{১}{৩০}$ কাজ করে =১ দিনে

খ ১ " " $= (৩০\times ১)$

= ৩০ দিনে।

Scanned with CamScanner CamScanner

৭. 'ক' যে কাজ ১২ দিনে করে 'খ' সে কাজ ১৮ দিনে করে। 'ক' কাজটির $\frac{২}{৩}$ অংশ করার পর 'খ' বাকি অংশ একা সম্পন্ন করল। কাজটি মোট কত দিনে শেষ হল?

ক. ১৬দিন খ. ১৩দিন

গ. ১৫দিন ঘ. ১৪দিন উত্তর: ঘ

সমাধান : ক 1 অংশ কাজ করে = 12 দিনে

" $\frac{2}{3}$ " " " $= \frac{2 \times 12}{3} = ৮$ দিনে

বাকি কাজ $= (1 - \frac{2}{3})$ অংশ $= \frac{1}{3}$ অংশ

খ 1 অংশ কাজ করে = 18 দিনে

" $\frac{1}{3}$ " " " $= \frac{1 \times 18}{3} = 6$ দিন

মোট সময় = (8+6) দিনে = 14 দিন

(খ) ট্রেন, সময় ও দূরত্ব

☞ সংক্ষিপ্তরূপ: বেগ (Velocity) = v, দূরত্ব (distance) = d, সময় (time) = t

➲ দূরত্ব (d) = বেগ (v) × সময় (t)

➲ বেগ $= \frac{\text{দূরত্ব(d)}}{\text{সময়(t)}}$ (iv) সময় $= \frac{\text{দূরত্ব(d)}}{\text{বেগ(v)}}$

➲ একইদিকে বা সমান্তরালে চললে বেগদ্বয়ের মধ্যে বিয়োগ করতে হবে।

➲ বিপরীত দিক থেকে আসলে বা গেলে বেগদ্বয়ের মধ্যে যোগ করতে হবে।

➲ একই দিকে বা সমান্তরালে বা বিপরীত দিকে আসলে বা বিপরীত দিকে গেলে এ জাতীয় কোন কথা উল্লেখ না থাকলে শুধু উল্লেখ থাকে মিলিত হয়ে অতিক্রম করে। তখন বেগদ্বয়কে যোগ করতে হবে।

☞ মনে রাখতে হবে:

১ কি. মি. = ১,০০০ মি. = ১,০০,০০০ সে. মি. = $১০^৫$ সে. মি.

১ কি. মি. = ১০০০০০০ মি.মি. = $১০^৬$ মি.মি.

[কিলো মিটারের সাথে ঘণ্টার সম্পর্ক অর্থাৎ কি. মি./ঘণ্টা এবং মিটারের সাথে সেকেন্ডের সম্পর্ক অর্থাৎ মি./সে.]

➲ ১ কিলোমিটার/ ঘণ্টা $= \frac{১০০ \text{ মিটার}}{৬০ \times ৬০ \text{ সেকেন্ড}} = \frac{১০০০}{৬০ \times ৬০}$ মিটার/সেকেন্ড

☞ 'কিলোমিটার/ঘণ্টা' থেকে 'মিটার/সেকেন্ডকে' পরিবর্তন করার শর্টকাট নিয়ম: ১ কিলোমিটার/ঘণ্টা $= \frac{৫}{১৮}$ মিটার/সেকেন্ড

☞ 'মিটার/সেকেন্ড' থেকে 'কিলোমিটার/ঘণ্টায়' পরিবর্তন করার শর্টকাট নিয়ম: ১ মিটার/সেকেন্ড $= \frac{১৮}{৫}$ ১ কিলোমিটার/ ঘণ্টা

১. একজন লোক ঘণ্টায় y কিমি হাঁটতে পারে। x কিমি দূরত্ব অতিক্রম করতে ঐ লোকের কত মিনিট সময় লাগবে?

ক. $\frac{x}{y}$ খ. $\frac{y}{x}$

গ. $\frac{60x}{y}$ ঘ. $\frac{60y}{x}$ উত্তর: খ

ব্যাখ্যা : y কিমি হাঁটতে পারে ৬০ মিনিটে

x " " " $\frac{60 \times x}{y}$ মিনিটে $= \frac{60x}{y}$ মিনিটে

২. একটি ট্রেন ঘণ্টায় ৬০ কিলোমিটার বেগে চলে ১০০ মিটার যেতে ট্রেনটির কত সময় লাগবে?

ক. ৬০ সেকেন্ড খ. ১ সেকেন্ড

গ. ৬ সেকেন্ড ঘ. ০.৬ সেকেন্ড উত্তর: খ

ব্যাখ্যা : ৬০ কিমি = ৬০,০০০ মিটার

১ ঘণ্টা = ৬০ × ৬০ সেকেন্ড = ৩৬০০ সেকেন্ড

ট্রেনটি ৬০,০০০ মিটার যায় ৩৬০০ সেকেন্ডে

∴ " ১০০ " " $\frac{৩৬০০}{৬০,০০০} \times ১০০$ "

$= \frac{৩৬}{৬} = ৬$ সেকেন্ডে

৩. ঢাকা ও চট্টগ্রাম রেল স্টেশন থেকে প্রতি ঘণ্টায় একটি করে ট্রেন উভয় স্টেশনের দিকে যাত্রা করে। প্রত্যেক ট্রেন সমান গতিতে চলে এবং গন্তব্যস্থলে পৌঁছতে ৫ ঘণ্টা সময় লাগে। এক স্টেশন থেকে যাত্রা করে অন্য স্টেশনে পৌঁছা পর্যন্ত একটি ট্রেন কয়টি ট্রেনের দেখা পাবে?

ক. ৫ খ. ১০

গ. ১১ ঘ. ৮ উত্তর: খ

ব্যাখ্যা : একটি স্টেশন থেকে যাত্রা শুরু করে অপর স্টেশন পর্যন্ত প্রতি ঘণ্টায় একটি ট্রেন ৫টি ট্রেনের দেখা পাবে এবং পথে ৫টি ট্রেন আগে থেকে ছিল। মোট (৫ + ৫) বা ১০টি ট্রেনের দেখা পাবে।

৪. একটি ট্রেন প্রতি ঘণ্টায় ৩০ কিমি বেগে চলে গন্তব্য স্থানে পৌঁছল। ট্রেনটির বেগ ঘণ্টায় ২৭ কি.মি. হলে গন্তব্য স্থানে পৌঁছতে ২০ মিনিট সময় বেশি লাগত। পথের দূরত্ব নির্ণয় করুন।

ক. ৯০ কিমি খ. ৮০ কিমি

গ. ৭০ কিমি ঘ. ৯৫ কিমি উত্তর: খ

ব্যাখ্যা : ধরি, পথের দূরত্ব = ক কি. মি.

৩০ কি.মি. যায় = ১ ঘণ্টায়

ক " " $= \frac{ক}{৩০}$ ঘণ্টায়

আবার, ২৭ কি.মি. যায় = ১ ঘণ্টায়

ক " " $= \frac{ক}{২৭}$ ঘণ্টায়

এখন, ২০ মিনিট $= \frac{২০}{৬০}$ ঘণ্টা $= \frac{১}{৩}$ ঘণ্টা

শর্তমতে, $\frac{ক}{২৭} - \frac{ক}{৩০} = \frac{১}{৩}$

$\frac{ক}{২৭০} = \frac{১}{৩}$

$ক = \frac{২৭০}{৩} = ৯০$

৫. একটি ট্রেন ৪৬ মিনিটে শহর A থেকে শহর B তে পৌঁছায়। দুইটি শহরের দূরত্ব ৫৯.৮ মাইল হলে, ঘণ্টায় ট্রেনটির গড় গতিবেগ কত মাইল?

ক. ৬১ খ. ৪৮

গ. ৪৬ ঘ. ৭৮ উত্তর : ঘ

ব্যাখ্যা : ৪৬ মিনিটে যায় = ৫৯.৮ মাইল

১ " " $= \frac{৫৯.৮}{৪৬}$ মাইল

৬০ " " $= \frac{৫৯.৮ \times ৬০}{৪৬}$ মাইল = ৭৮ মাইল

ট্রেনটির গড় গতিবেগ ৭৮ মাইল/ ঘণ্টা।

৬. ঢাকা ও চট্টগ্রামের দূরত্ব ৩০০ কি. মি.। ঢাকা হতে একটি ট্রেন সকাল ৭ টায় ছেড়ে গিয়ে বিকেল ৩টায় চট্টগ্রাম পৌঁছে। ট্রেনটির গড় গতি ঘণ্টায় কত ছিল?

ক. ২৪.৫ কি. মি. খ. ৩৭.৫ কি. মি.

গ. ৪২.০ কি. মি. ঘ. ৪৫.০ কি. মি. উত্তর : খ

ব্যাখ্যা : সকাল ৭টা থেকে বিকেল ৩টা পর্যন্ত মধ্যবর্তী সময়ের পার্থক্য = ৮

$\therefore$ গড় গতিবেগ $= \frac{\text{মোট অতিক্রান্ত দূরত্ব}}{\text{মোট ব্যয়িত সময়}} = \frac{৩০০}{৮}$ কিমি

= ৩৭.৫ কি.মি.

৭. ৩. একটি ট্রেন ঘণ্টায় ৪৮ কি. মি. বেগে চলে ৩৬০ মিটার দীর্ঘ একটি প্লাটফর্ম ১ মিনিটে অতিক্রম করল। ট্রেনটির দৈর্ঘ্য নির্ণয় করুন।

ক. ৪০০ মি. খ. ৪৪০ মি.

গ. ৩৬০ মি. ঘ. ২৮০ মি. উত্তর : খ

ব্যাখ্যা : ১ কি. মি. = ১০০০ মিটার

৪৮ কি. মি. = ৪৮০০০ মিটার

ট্রেনটি ১ ঘণ্টা বা ৬০ মিনিট অতিক্রম করে ৪৮০০০ মি.

ট্রেনটি ১ মিনিটে অতিক্রম করে $\frac{৪৮০০০}{৬০}$ মি. = ৮০০ মি.

ট্রেনের দৈর্ঘ্য = ৮০০-প্লাটফর্মের দৈর্ঘ্য = (৮০০-৩৬০) মিটার

= ৪৪০ মিটার।

৮. একটি ট্রেন ৪৮ কি. মি. বেগে চলে ২২০ মিটার সেতু ৩০ সে. মি. অতিক্রম করে। ট্রেনের দৈর্ঘ্য কত মিটার?

ক. ১৮০ মি. খ. ২০০ মি.

গ. ২২০ মি. ঘ. ২৪০ মি. উত্তর : ক

শর্টকার্ট : $d = \frac{5}{18} \times 48 \times 30 = 400$ মি.।

ট্রেনের দৈর্ঘ্য = 400- সেতুর দৈর্ঘ্য = 400 - 220 = 180 মি.

৯. ঘণ্টায় ৬০ কিলোমিটার বেগে চলা ১০০ মিটার দৈর্ঘ্যের একটি ট্রেন ৩০০ মিটার দীর্ঘ একটি প্লাটফর্ম অতিক্রম করতে কত সময় লাগবে?

ক. ২৪ সেকেন্ড খ. ২০ সেকেন্ড

গ. ৪০ সেকেন্ড ঘ. উপরের কোনটিই নয়

উত্তর : ক

ব্যাখ্যা : $t = \frac{18}{5} \times \frac{d_1 + d_2}{V}$

$= \frac{18}{5} \times \frac{100 + 300}{60}$

$= \frac{18}{5} \times \frac{400}{60} = 24$

১০. রেল লাইনের পাশে একটি তালগাছ রয়েছে। ঘণ্টায় ৪৫ কি.মি. বেগে ধাবমান ১৫০ মি. লম্বা একটি ট্রেন কত সময়ে ঐ তালগাছটি অতিক্রম করবে?

ক. ১১ সেকেন্ডে খ. ১২ সেকেন্ডে

গ. ১৩ সেকেন্ডে ঘ. ১৪ সেকেন্ডে উত্তর : খ

শর্টকাট টেকনিক : সময় $= \frac{\text{মোট অতিক্রান্ত দূরত্ব}}{\text{গতিবেগ}}$

আমরা জানি, ১কিমি = ১০০০ মিটার এবং ৬০ মিনিট

=৩৬০০ সেকেন্ড।

$= \frac{৪৫ \times ১০০০}{৩৬০০}$ মি./সে. $= \frac{২৫}{২}$ মি. সে.

ব্যাখ্যা: সময় $= \frac{\text{মোট অতিক্রান্ত দূরত্ব}}{\text{গতিবেগ}}$

সময় $= \frac{১৫০}{\frac{২৫}{২}} = \frac{১৫০ \times ২}{২৫}$

সময় $= ৬ \times ২$

= ১২ সেকেন্ড (উত্তর)

৪. ল.সা.গু ও গ.সা.গু. [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. ২১৯৫২ সংখ্যাটিকে কোন ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা ভাগ করলে ভাগফল পূর্ণবর্গ সংখ্যা হবে? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. ২ খ. ৪
গ. ৭ ঘ. ৮ উ. গ

২. দুইটি সংখ্যার অনুপাত ৩ : ২ এবং এদের গ.সা.গু. ৪ হলে সংখ্যা দুইটির ল.সা.গু. কত? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. ৪ খ. ৮
গ. ১৬ ঘ. ২৪ উ. ঘ

৩. দুটি সংখ্যার ল. সা. গু. ১৪৪ এবং গ. সা. গু. ১২। একটি সংখ্যা ৪৮ হলে অপরটি কত? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. ১৮ খ. ৩৬
গ. ১২ ঘ. ২৪ উ. খ

৪. দুটি সংখ্যার অনুপাত ৭ : ৮ এবং তাদের গ. সা. গু. ৯ হলে তাদের ল. সা. গু কত? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. ৫০২ খ. ৫০৪
গ. ৪০৫ ঘ. ৩৪৫ উ. খ

৫. দুইটি সংখ্যার ল. সা. গু. ৮৪, গ. সা. গু. ৭। একটি সংখ্যা ২১ হলে অপর সংখ্যাটি কত? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ৪ খ. ১২
গ. ৩২ ঘ. ২৮ উ. ঘ

৬. দুইটি সংখ্যা অনুপাত 5 : 6 এবং তাদের ল. সা. গু 120 হলে সংখ্যা দুইটির গ. সা. গু. কত? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. 4 খ. 5
গ. 6 ঘ. 8 উ. ক

৭. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৭ এবং তাদের গ. সা. গু. ৪ হলে, সংখ্যা দুটির ল. সা. গু. কত? [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. ১৪৪ খ. ১৪২
গ. ১৪০ ঘ. ১২০ উ. গ

৮. $\frac{৩}{৪}, \frac{৪}{৫}$ ও $\frac{৫}{৬}$ এর গ. সা. গু. কত? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. ৬০ খ. ৩০
গ. $\frac{১}{৩০}$ ঘ. $\frac{১}{৬০}$ উ. ঘ

৯. দুইটি সংখ্যার অনুপাত ৩ : ৪ এবং তাদের ল. সা. গু. ১৮০ হলে, বড় সংখ্যাটি কত? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. ৪০ খ. ৫০
গ. ৬০ ঘ. ৭০ উ. গ

১০. দুটি সংখ্যার অনুপাত 5 : 6 এবং তাদের গ. সা. গু. 4 হলে, ছোট সংখ্যাটি কত? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. 10 খ. 15
গ. 20 ঘ. 24 উ. গ

১১. বুশরা, এষা ও খ্রিতুই ৫ মিনিট, ১০ মিনিট, ১৫ মিনিট অন্তর অন্তর একটি করে চকলেট খায়। কতক্ষণ পর তারা একত্রে চকলেট খায়? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. ২৫ মিনিট খ. ৫০ মিনিট
গ. ৪০ মিনিট ঘ. ৩০ মিনিট উ. ঘ

১২. দুটি সংখ্যার গ. সা. গু. ও ল. সা. গু. যথাক্রমে ১৫ ও ১২৫। একটি সংখ্যা ৪৫ হলে অপর সংখ্যাটি– [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. ১৫ খ. ২২৫
গ. ৭৫ ঘ. ২৫ উ. *

ব্যাখ্যা : প্রশ্নে ভুল আছে। ল. সা. গু. ১২৫-এর স্থানে ২২৫ হলে উত্তর হবে (গ)।

একটি সংখ্যা × অপরসংখ্যা = ল. সা. গু. × গ. সা. গু.

$\Rightarrow$ ৪৫ × অপরসংখ্যা = ১৫ × ১২৫

$\Rightarrow$ অপর সংখ্যা $= \frac{১৫ \times ১২৫}{৪৫}$

$\therefore$ অপর সংখ্যা = ৪১.৬৭

১৩. দুটি সংখ্যার ল. সা. গু. ও গ. সা. গু যথাক্রমে ২৮৮ ও ১২। একটি সংখ্যা ৩৬ হলে, অপরটি কত? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. ৯৬ খ. ৭২
গ. ৯২ ঘ. কোনটাই নয় উ. ক

স্কুল পর্যায়

১. পাঁচটি ঘন্টা একত্রে বেজে যথাক্রমে ৩, ৬, ৯, ১২, ১৫ সেকেন্ড অন্তর বাজতে লাগল। কতক্ষণ পর ঘন্টাগুলো পুনরায় একত্রে বাজবে? [১৭তম স্কুল নিবন্ধন-২০২২]
ক. ৩০ সেকেন্ড খ. ৯০ সেকেন্ড
গ. ৩ মিনিট ঘ. ৫ মিনিট উ. গ

২. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 12, 15, 20 ও 25 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 11 অবশিষ্ট থাকে? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. 411 খ. 111
গ. 211 ঘ. 311 উ. ঘ

৩. দুইটি সংখ্যার গ. সা. গু 7 এবং ল. সা. গু 84 সংখ্যা দুইটির একটি 42 হলে অপরটি কত? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. 7 খ. 14
গ. 21 ঘ. 28 উ. খ

৪. দুইটি সংখ্যার ল. সা. গু. a এবং গ. সা. গু. b। একটি সংখ্যা c হলে অপর সংখ্যাটি কত? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. ab খ. bc
গ. $\frac{ab}{c}$ ঘ. $\frac{ac}{b}$ উ. গ

Scanned with CamScanner CamScanner

২. পাঁচটি ঘণ্টা একত্রে বেজে যথাক্রমে ৫, ১০, ১৫, ২০ ও ২৫ সেকেন্ড অন্তর বাজতে লাগল, কতক্ষণ পর ঘণ্টাগুলো আবার একত্রে বাজবে? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. ৫ মিনিট খ. ৬ মিনিট
গ. ৪ মিনিট ঘ. ৬ ঘণ্টা উ. ক

৬. দুইটি সংখ্যার গুণফল ৫৪ এবং ল. সা. গু. ১৮ হলে, তাদের গ. সা. গু. কত? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. ২ খ. ৪
গ. ১ ঘ. ৩ উ. ঘ

৭. দুইটি সংখ্যার ল. সা. গু ৩৬ ও গ. সা. গু ৬। একটি সংখ্যার ১২ হলে, অপর সংখ্যাটি কত? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. ৯ খ. ১২
গ. ১৫ ঘ. ১৮ উ. ঘ

৮. 0, 2, 3 এর গ. সা. গু কত? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. 3 খ. 2
গ. 1 ঘ. 0 উ. গ

৯. তিনটি ঘণ্টা একত্রে বাজার পর তারা যথাক্রমে 2 ঘণ্টা, 3 ঘণ্টা ও 4 ঘণ্টা পরপর বাজতে থাকলো। 1 দিনে তারা কতবার একত্রে বাজবে? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. 12 বার খ. 6 বার
গ. 4 বার ঘ. 3 বার উ. ঘ

১০. দুইটি সংখ্যার অনুপাত 3 ঃ 4 এবং তাদের ল. সা. গু. 180 সংখ্যা দুটি কি কি? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. 70, 60 খ. 60, 50
গ. 50, 40 ঘ. 45, 60 উ. ঘ

১১. ৪, ৩ $\frac{১}{৫}, \frac{৩২}{৩৫}$ ভগ্নাংশ তিনটির গ. সা. গু. নিচের কোনটি? [বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]
ক. $\frac{৪}{৫}$ খ. $\frac{৪}{৩৫}$
গ. $\frac{৩২}{১৭৫}$ ঘ. $\frac{৩২}{৫}$ উ. খ

স্কুল পর্যায়-২

১. দুইটি সংখ্যার গ.সা.গু ও ল.সা.গু যথাক্রমে ২ ও ৩৬০। একটি সংখ্যা ১০ হলে, অপর সংখ্যাটি কত? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. ২৪ খ. ৪৮
গ. ৬০ ঘ. ৭২ উ. ঘ

২. দুটি সংখ্যার গ. সা. গু., বিয়োগফল এবং ল. সা. গু. যথাক্রমে ১২, ৬০ এবং ২৪৪৮। সংখ্যা দুইটি কত? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. ১০৪, ২০৪ খ. ১০৪, ১৪৪
গ. ১০৪, ২৪৪ ঘ. ১৪৪, ২০৪ উ. ঘ

৩. দুটি সংখ্যার অনুপাত 3 : 2 এবং গ. সা. গু 4 হলে, তাদের গ. সা. গু কত? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. 6 খ. 8
গ. 12 ঘ. 24 উ. ঘ

৪. দুইটি সংখ্যার অনুপাত ৫ ঃ ৬, তাদের গ. সা. গু. ৪ হলে, সংখ্যা দুইটির ল. সা. গু. কত? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. ৩৬০ খ. ২৪০
গ. ১৮০ ঘ. ১২০ উ. ঘ

৫. $\frac{১}{৪}, \frac{৩}{১৬}, \frac{৯}{২০}$ এর সাধারণ গুণিতক নিচের কোনটি? [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. $\frac{১}{৪}$ খ. $\frac{৪}{৯}$
গ. $\frac{৯}{২০}$ ঘ. $\frac{৯}{৪}$ উ. ঘ

বিস্তারিত আলোচনা

গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক (Highest Common Factor): কোনো সংখ্যার কয়েকটি সাধারণ গুণনীয়ক বা উৎপাদক থাকলে, তার মধ্যে সবচেয়ে বড় গুণনীয়কটিকে উক্ত সংখ্যার গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক বলা হয়। যাকে সংক্ষেপে গ.সা.গু বলা হয়।

- গ. সা. গু নির্ণয়ের পদ্ধতিঃ

১) মৌলিক উৎপাদক দ্বারা: প্রদত্ত সংখ্যাগুলোর গ.সা.গু. হবে সাধারণ মৌলিক গুণনীয়কগুলোর ধারাবাহিক গুণফলের সমান।

২৪ = ২× ২× ২× ৩
৩৬ = ২× ২× ৩ × ৩
২৪ ও ৩৬ এর সাধারণ মৌলিক উৎপাদক হল ২, ২, ৩। অর্থাৎ মোট দুটি ২ এবং একটি ৩ রয়েছে ২৪ ও ৩৬ এর মাঝে সাধারণ মৌলিক উৎপাদক হিসেবে। অতএব, ২৪ ও ৩৬ এর গ. সা. গু = ২× ২× ৩ = ১২।

২) ইউক্লিডীয় পদ্ধতি ঃ

২৪)৩৬(১
২৪
১২)২৪(২
২৪
০

∴ ২৪ ও ৩৬ এর গ. সা. গু = শেষ ভাজক = ১২

লঘিষ্ঠ সাধারণ গুণিতক (Lowest Common Multiple): দুই বা ততোধিক সংখ্যার একটি সাধারণ গুণণীয় হলো গ.সা.গু। প্রদত্ত সংখ্যাগুলোর ক্ষুদ্রতম সাধারণ গুণিতককে তাদের লঘিষ্ঠ সাধারণ গুণিতক তথা ল.সা.গু বলে।

- লঘিষ্ঠ সাধারণ গুণিতককে সংক্ষেপে ল.সা.গু লেখা হয়।
- ল.সা.গু নির্ণয়ের পদ্ধতিঃ

১) মৌলিক উৎপাদকের দ্বারা:

১২ = ২×২×৩
১৮ = ৩×৩×২
৪০ = ২×২×২×৫

প্রদত্ত সংখ্যাগুলোর মৌলিক উৎপাদকে ২ আছে সর্বাধিক তিনবার, ৩ দুইবার, ৫ একবার। কাজেই ২ চারবার, ৩ দুইবার ও ৫ একবার নিয়ে ধারাবাহিক গুণফল করলে ল.সা.গু পাওয়া যায়।

১২, ১৮ এবং ৪০ এর ল.সা.গু = ২×২×২×৩×৩×৫ = ৩৬০

২) প্রচলিত পদ্ধতি ঃ

২ |১২, ১৮, ৪০
২ |৬, ৯, ২০
৩ |৩, ৯, ১০
১, ৩, ১০

১২, ১৮ এবং ৪০ এর ল.সা.গু = ২×২×৩×৩×১০ = ৩৬০।

১. কত বালককে ১২৫টি কমলালেবু এবং ১৪৫টি কলা সমানভাবে ভাগ করে দেয়া যায়?

ক) ২৫ জনকে খ) ১৫ জনকে
গ) ৩২ জনকে ঘ) ৫ জনকে **উত্তর: ঘ**

সমাধান ঃ ১২৫) ১৪৫ (১
১২৫
২০) ১২৫(৬
১২০
৫) ২০(৪
২০
০

১২৫ ও ১৪৫ এর গ. সা. গু = শেষ ভাজক = ৫

২. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গুণফল ৩৫ এবং দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গুণফল ৬৩। দ্বিতীয় সংখ্যাটি কত?

ক. ৫ খ. ৬
গ. ৭ ঘ. ৮ **উত্তর: গ**

সমাধান : ২য় সংখ্যাটি হবে ৩৫ ও ৬৩ এর গ. সা. গু।

৩৫)৬৩(১
৩৫
২৮)৩৫(১
২৮
৭)২৮(৪
২৮
০

∴ নির্ণেয় সংখ্যা= ৭

৩. পাঁচটি ঘন্টা একত্রে বেজে যথাক্রমে ৩, ৫, ৭, ৮ ও ১০ সেকেন্ড অন্তর অন্তর বাজতে লাগল। কতক্ষণ পরে ঘন্টাগুলো পুনরায় একত্রে বাজবে?

ক. ১০মিনিট খ. ৯০ সেকেন্ড
গ. ১৪মিনিট ঘ. ২৪০ সেকেন্ড **উত্তর: গ**

সমাধান : ২ |৩, ৫, ৭, ৮, ১০
৫ |৩, ৫, ৭, ৪, ৫
৩, ১, ৭, ৪, ১

৩, ৫, ৭, ৮ এবং ১০ এর ল. সা গু = ২×৫×৩×৭×৪ = ৮৪০

ঘন্টাগুলো পুনরায় একত্রে বাজবে = ৮৪০ সেকেন্ড = $\frac{৮৪০}{৬০}$ মিনিট

= ১৪ মিনিট পর।

৪. কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ৩ যোগ করলে যোগফল ২৪, ৩৬ এবং ৪৮ দ্বারা বিভাজ্য হবে?

ক. ৮৯ খ. ১৪১
গ. ২৪৮ ঘ. ১৭০ **উত্তর: খ**

সমাধান : ২ |২৪, ৩৬, ৪৮
২ |১২, ১৮, ২৪
২ |৬, ৯, ১২
৩ |৬, ৯, ১২
৩ |৩, ৯, ৬
১, ৩, ২

২৪, ৩৬ এবং ৪৮ এর ল. সা. গু = ২×২×২×৩×৩×২=১৪৪

∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = ১৪৪-৩= ১৪১

[বিদ্রঃ মনে রাখবেন, ল. সা. গু এর ক্ষেত্রে যোগ করতে বললে, শেষে বিয়োগ করতে হয়; বিয়োগ করতে বললে যোগ করতে হয়।]

৫. কোন ক্ষুদ্রতম সংখ্যা হতে ১ বিয়োগ করলে বিয়োগফল ৯, ১২, ১৫ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?

ক. ১২১ খ. ১৮১
গ. ২৪১ ঘ. ৩৬১ **উত্তর: খ**

সমাধান : ৩ |৯, ১২, ১৫
৩, ৪, ৫

9, 12 এবং 15 এর ল. সা. গু = 3×3×4×5=180

∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = 180+1=181

৬. তিন অংকের ক্ষুদ্রতম সংখ্যা হতে কোন লঘিষ্ঠ সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল ৫, ১০, ১৫ দ্বারা বিভাজ্য হবে?

ক. ৫ খ. ১৫
গ. ১০ ঘ. ২০ **উত্তর: গ**

সমাধান : ৫ |৫, ১০, ১৫
১, ২, ৩

৫, ১০ এবং ১৫ এর ল. সা. গু =৫×২×৩=৩০

তিন অংকের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০

৩০)১০০(৩
৯০
১০

∴ নির্ণেয় লঘিষ্ঠ সংখ্যা = ১০

৭. দুটি সংখ্যার গুণফল ১৫৩৬। সংখ্যা দুটির ল. সা. গু ৯৬ হলে গ. সা. গু কত?

ক. ১৬ খ. ২৪
গ. ৩২ ঘ. ১২ **উত্তর: ক**

Scanned with CamScanner CamScanner

সমাধান : আমরা জানি,

সংখ্যাগুলোর গুণফল = গ. সা. গু × ল. সা. গু

গ. সা. গু × ৯৬ = ১৫৩৬

$$\text{গ. সা. গু} = \frac{১৫৩৬}{৯৬} = ১৬$$

৮. দুটি সংখ্যার গ. সা. গু ১৬ এবং ল. সা. গু ১৯২। একটি সংখ্যা ৪৮ হলে, অপর সংখ্যাটি কত?

ক. ৬০ খ. ৬২

গ. ৬৪ ঘ. ৬৮ উত্তর: গ

সমাধান ঃ ধরি, অপর সংখ্যা = x

আমরা জানি, গ. সা. গু × ল. সা. গু = সংখ্যাগুলোর গুণফল

$$192\times16=48\times x$$

$$3072=48\times x$$

$$x=\frac{3072}{48}=64$$

৯. দুটি সংখ্যার ল. সা. গু ৪৮ এবং গ. সা. গু ৪। একটি সংখ্যা ১৬ হলে, অপর সংখ্যাটি কত?

ক. ১২ খ. ২২

গ. ২৪ ঘ. ৩২ উত্তর: ক

সমাধানঃ ধরি, অপর সংখ্যা= x

আমরা জানি, ল. সা. গু × গ. সা. গু = সংখ্যা দুটির গুণফল

$$48\times4=16\times x$$

$$=\frac{48\times4}{16}=12$$

১০. দুটি সংখ্যার অনুপাত ৫ঃ ৬ এবং তাদের গ. সা. গু ৪ হলে, সংখ্যা দুটির ল. সা. গু কত?

ক. ১০০ খ. ১২০

গ. ১৫০ ঘ. ১৮০ উত্তর: খ

সমাধানঃ যেহেতু সংখ্যাদ্বয়ের অনুপাত ৫ ঃ ৬ এবং গ. সা. গু ৪

ল. সা. গু = অনুপাতদ্বয়ের গুণফল × গ. সা. গু

= ৫ × ৬ × ৪ = ১২০

১১. দুটি সংখ্যার অনুপাত ৫ ঃ ৬ এবং তাদের ল.সা.গু ৩৬০ হলে সংখ্যা দুটি কী কী?

ক) ৪৫, ৫৪ খ) ২২, ৪৪

গ) ৬০,৭২ ঘ) ২৪,৪৮ উত্তর ঃ গ

সমাধানঃ মনে করি, দুটি সংখ্যা যথাক্রমে ৫x ও 6x

ল.সা.গু = ৩০x

শর্তমতে, ৩০x = ৩৬০ বা, x = ১২ ∴ একটি সংখ্যা = ৫×১২ = ৬০ এবং অপর সংখ্যাটি = ৬×১২ = ৭২।

১২. দুটি সংখ্যার গ. সা. গু, বিয়োগফল ও ল. সা. গু যথাক্রমে ১২, ৬০ এবং ২৪৪৮। সংখ্যা দুটি কত?

ক) ১০৪, ২০৪ খ) ১০৪, ১৪৪

গ) ১০৪, ২৪৪ ঘ) ১৪৪, ২০৪ উত্তরঃ ঘ

সহজ টেকনিক: (ঘ) ২০৪-১৪৪=৬০ গ. সা. গু =১২, ল. সা. গু = ২৪৪৮।

শর্ত অনুসারে যে উত্তর দ্বয়ের মধ্যে যাদের বিয়োগফল ৬০ হবে তাহাই সঠিক উত্তর।

অন্য কোনো উত্তরে বিয়োগফল ৬০ নেই।

বিস্তারিত সমাধানঃ মনে করি, একটি সংখ্যা = ১২x এবং

অপর সংখ্যা = ১২y

$\therefore 12x-12y=60$

$\Rightarrow 12(x-y)=60$

$(x-y)=5$.....(i)

আবার, $12xy=2448$

$\Rightarrow xy=204$.....(ii)

এখন, $(x+y)^2=(x-y)^2+4xy$

$=5^2+4\times204$ [মান বসিয়ে]

$=25+816=841$

$\therefore x+y=29$.....(iii)

(i) নং ও (ii) নং সমীকরণ যোগ করে পাই,

$x-y=5$

$x+y=29$

$2x=34$

$\therefore x=17$

x এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,

$17-y=5$

$y=17-5=12$

একটি সংখ্যা = 12×17 = 204 এবং অপর সংখ্যা

= 12×12 = 144

১৩. একটি গাড়ির সামনের চাকার পরিধি ২ মিটার এবং পিছনের চাকার পরিধি ৩ মিটার। কমপক্ষে কত দূরত্ব অতিক্রম করলে সামনের চাকা পিছনের চাকা অপেক্ষা ১০ বার বেশি ঘুরবে?

ক. ২০মিটার খ. ৩০মিটার

গ. ৪০মিটার ঘ. ৬০মিটার উত্তর: ঘ

সমাধানঃ সামনের চাকা পিছনের চাকার চেয়ে ১ বার বেশি ঘোরে সেক্ষেত্রে অতিক্রান্ত দূরত্ব হবে ২ ও ৩ ল. সা. গু এর সমান।

২, ৩ এর ল. সা. গু =৬

১ বার বেশি ঘুরলে অতিক্রান্ত দূরত্ব = ৬ মিটার

১০ " " " " " = (৬ × ১০) মিটার

= ৬০ মিটার

৫. শতকরা [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. 1 ঘন সে. মি. কাঠের ওজন 7 গ্রেমিগ্রাম। কাঠের ওজন সমআয়তন পানির ওজনের শতকরা কতভাগ? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. 100 ভাগ খ. 70 ভাগ
গ. 10 ভাগ ঘ. 7 ভাগ উ. খ

২. কোনো পরীক্ষায় পরীক্ষার্থীর ৮০% গণিত এবং ৭০% বাংলায় পাস করল। উভয় বিষয়ে পাস করল ৬০%। উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করল? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. ৩০% খ. ২০%
গ. ১৫% ঘ. ১০% উ. ঘ

৩. ০.২ এর ২০% কত? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. ৪ খ. ০.০৪
গ. ০.৪ ঘ. ০.০০৪ উ. খ

৪. ২০টি কমলার ২০% পচা হলে, ভাল কমলার সংখ্যা নিচের কোনটি? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. ৪ টি খ. ৮ টি
গ. ১৬ টি ঘ. ২০ টি উ. গ

৫. কোন সংখ্যার ৪০% এর সাথে ৪২ যোগ করলে যোগফল ঐ সংখ্যাটি। সংখ্যাটি কত? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. ৪০ খ. ৭০
গ. ৯০ ঘ. ৭৫ উ. খ

৬. কোনো সংখ্যার ৬০% থেকে ৬০ বিয়োগ করলে বিয়োগফল ৬০ হলে সংখ্যাটি হবে– [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ২৫০ খ. ৩০০
গ. ১০০ ঘ. ২০০ উ. ঘ

৭. ৬০ জন ছাত্রের মধ্যে ৪২ জন ফেল করলে পাসের হার কত? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ২৫% খ. ৩০%
গ. ৩২% ঘ. ৪০% উ. খ

৮. ২৪ সংখ্যাটি কোন সংখ্যার ৩২% এর সমান? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ৬০ খ. ৬৫
গ. ৭০ ঘ. ৭৫ উ. ঘ

৯. ৮০ জন ছাত্রের মধ্যে ৪৪ জন ফেল করলে পাসের হার কত? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ৪৫% খ. ৩০%
গ. ৫৫% ঘ. ৪০% উ. ক

১০. চিনি মূল্য ২০% কমে গেল কিন্তু এর ব্যবহার ২০% বৃদ্ধি পেল। এতে চিনি বাবদ ব্যয় শতকরা কত বাড়লো বা কমলো? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ৫% কমলো খ. ৫% বাড়লো
গ. ৪% কমলো ঘ. ৪% বাড়লো উ. গ

স্কুল পর্যায়

১. p = a × b হলে এবং a ও b উভয়কে একত্রে ১০% বৃদ্ধি করা হলে p-এর মান শতকরা কত বৃদ্ধি পাবে? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. ১৫% খ. ২০%
গ. ২১% ঘ. ২৫% উ. গ

২. যদি 12 সদস্যবিশিষ্ট কোনো কমিটির সদস্যের মধ্যে 9 জন মহিলা হয়, তবে সদস্যদের মধ্যে শতকরা কত ভাগ পুরুষ? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. 25% খ. 40%
গ. 15% ঘ. 20% উ. ক

৩. 80 এর 75% এর 25% = কত? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. 10 খ. 15
গ. 20 ঘ. 25 উ. খ

৪. ৩৯ সংখ্যাটি নিচের কোন সংখ্যাটির ৬৫%? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. ৬০ খ. ৬৫
গ. ৭৮ ঘ. ৯৫ উ. ক

৫. 60 জন ছাত্রের মধ্যে 42 জন ফেল করলে পাসের হার কত? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. 25% খ. 28%
গ. 30% ঘ. 32% উ. গ

৬. 250 এর 10% এর মান কত? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. 25 খ. 50
গ. 100 ঘ. 75 উ. ক

৭. ৭৫ সংখ্যাটি কোন সংখ্যার ২৫%? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. ২০০ খ. ৩০০
গ. ১০০ ঘ. ৪০০ উ. খ

৮. কোন সংখ্যার ৭৫% = ৩? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. ৮ খ. ১৬
গ. ২ ঘ. ৪ উ. ঘ

৯. ১৪৪ কোন সংখ্যার ৪০%? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ৩৫০ খ. ২৬০
গ. ৩৬০ ঘ. ৩৭০ উ. গ

১০. 30 টাকা 75 টাকার শতকরা কত? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. 40% খ. 35%
গ. 25% ঘ. $37\frac{1}{2}\%$ উ. ক

Scanned with CamScanner CamScanner

১১. ৪৫০ এর ২২% = কত? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*

ক. ৬৬ খ. ৭৭

গ. ৮৮ ঘ. ৯৯ উ. ঘ

স্কুল পর্যায়-২

১. 15 টাকা 25 টাকার শতকরা কত? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*

ক. 45% খ. 50%

গ. 60% ঘ. 75% উ. গ

২. ৩০০০ এর শতকরা ৫ ভাগ অপেক্ষা ৩০০০ এর শতকরা ১০ ভাগ কত বেশি? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*

ক. ১৭৫ খ. ১৬০

গ. ১৫০ ঘ. ১০০ উ. গ

৩. ছোয়াদ সাহেব ৩০০ টাকার বই কিনলেন। দোকানদার তাকে $\frac{১৯}{২}$% কমিশন দিলেন। তিনি কত টাকা কমিশন পেলেন? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*

ক. ১৯.৫ টাকা খ. ২৮.৫ টাকা

গ. ৫১.৫ টাকা ঘ. ৫৭.০০ টাকা উ. খ

৪. ১৮ নিচের কোন সংখ্যার ৮% এর সমান? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*

ক. ৪৪.৪৪ খ. ১.৪৪

গ. ১৮০ ঘ. ২২৫ উ. ঘ

৫. কোন সংখ্যার ১৫% ৫৪ হবে? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*

ক. ৩০০ খ. ৩৫০

গ. ৩৬০ ঘ. ৩৭৫ উ. গ

৬. জাওয়াদ মোবাইলে 5 মিনিট কথা বলল। প্রতি মিনিটের মূল্য 1.50 টাকা এবং ভ্যাট 15% হলে মোট কত টাকা বিল হবে? *[১০তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*

ক. 8.625 টাকা খ. 8.652 টাকা

গ. 7.500 টাকা ঘ. 1.125 টাকা উ. ক

৭. ৯০ কোন সংখ্যার ৭৫%? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*

ক. ১২০ খ. ১২৫

গ. ১৫০ ঘ. ২৭৫ উ. ক

৮. ৩৭৫ এর ২০% = কত? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

ক. ৭৫ খ. ৬২.০

গ. ৬০.০ ঘ. ৩৭.০ উ. ক

৯. ১৫০ এর ১০% কত? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

ক. ১.৫ খ. ১৫০

গ. ১০ ঘ. ১৫ উ. ঘ

বিস্তারিত আলোচনা

শতকরা (Percentage): 'শতকরা' বলতে বোঝায় 'প্রতি শতে'। শতকরা এমন একটি ভগ্নাংশ যার প্রতিক্ষেত্রে সবসময় হর ১০০ হয়। শতকরা শব্দটিকে সংক্ষেপে % প্রতীক দ্বারা প্রকাশ করা হয়। আর, % প্রতীক = $\frac{১}{১০০}$।

যেমন, শতকরা ৫ অর্থ হলো= $\frac{৫}{১০০}$ এবং একে ৫% লেখা হয়।

মনে রাখুন :

- ভগ্নাংশের মান যেমন ১ এর চেয়ে বেশি হতে পারে, শতকরার মানও তেমনি ১০০% এর বেশি হতে পারে।
- ১০০% বললে কোনো কিছুর সম্পূর্ণ অংশ বোঝায়। ২০০% বা ৩০০% বললে যথাক্রমে সম্পূর্ণ অংশের দ্বিগুণ এবং তিনগুণ বোঝায়।
- যদি শতকরা/হার নির্ণয় করতে বলে তাহলে ১০০ সবার নিচে থাকবে।
- যদি শতকরা/হার দেয়া থাকে, অন্যকিছু নির্ণয় করতে বলে তাহলে ১০০ সবার উপরে থাকবে। অর্থাৎ, যেটা ফাইনালি বের করতে হয়, সেটাই সাধারণত সবার নিচে থাকবে।

১. ৯০ কোন সংখ্যার ৭৫%?

ক. ১২০ খ. ১২৫

গ. ১৫০ ঘ. ২৭৫ উত্তর: ক

সমাধান : 75% = 90

$1\% = \frac{90}{75}$

$100\% = \frac{100 \times 90}{75} = 120$

২. ৫-এর কত শতাংশ ৭ হবে–

ক. ৪০ খ. ১২৫

গ. ৯০ ঘ. ১৪০ উত্তর : গ

ব্যাখ্যা : ধরি, ৫ এর ক% = ৭

বা, ৫ এর $\frac{ক}{১০০} = ৭$

বা, $ক = \frac{৭০০}{৫}$

$\therefore ক = ১৪০$

৩. ০.২ এর ২০% কত?

ক. ১ খ. ৪

গ. ০.০৪ ঘ. ০.৪ উত্তর : গ

ব্যাখ্যা : $০.২ \times \frac{২০}{১০০} = ০.০৪$

৪. ১৫.৬ এর ৮% কত?
ক. ০.১২৪৮ খ. ১.২৪৮
গ. ১২.৪৮ ঘ. ১২৪.৮ উত্তর : খ

ব্যাখ্যা : ১৫.৬ এর ৮% = ১.২৪৮

৫. ১ এর ১০% কত?
ক. ০.১ খ. ০.০১
গ. ১০ ঘ. ১.১ উত্তর : ক

ব্যাখ্যা : ১ এর ১০% = ১ এর $\frac{১০}{১০০} = \frac{১}{১০} = ০.১$

৬. ৯০ কোন সংখ্যাটির ৭৫%?
ক. ১২০ খ. ১২৫
গ. ১৫০ ঘ. ২৭৫ উত্তর : ক

ব্যাখ্যা : মনে করি সংখ্যা x

x এর ৭৫% = ৯০

$\Rightarrow x \times \frac{75}{100} = 90$

$\Rightarrow \frac{3x}{4} = 90$

$\Rightarrow x = \frac{90 \times 4}{3}$

$\therefore x = 120$

৭. কোনো সংখ্যা ৪০% এর সাথে ৪৫ যোগ করলে যোগফল যদি ঐ সংখ্যাটিই হয়, তাহলে সংখ্যাটি কত?
ক. ৭০ খ. ৮৫
গ. ৬৪ ঘ. ৭৫ উত্তর : ঘ

ব্যাখ্যা : সংখ্যাটি x হলে, x এর ৪০% + ৪৫ = x

$\Rightarrow \frac{৪০x}{১০০} + ৪৫ = x$

$\Rightarrow \frac{২x}{৫} + ৪৫ = x$

$\Rightarrow ২x + ২২৫ = ৫x$

$\Rightarrow ৫x - ২x = ২২৫$

$\Rightarrow ৩x = ২২৫$

$\Rightarrow x = \frac{২২৫}{৩}$

$\therefore x = ৭৫$

৮. একটি সংখ্যা থেকে সংখ্যাটির ৪০% বিয়োগ করলে ৩০ থাকে। সংখ্যাটি কত?
ক. ৫০ খ. ৫৬
গ. ৬০ ঘ. কোনোটিই নয় উত্তর : ক

ব্যাখ্যা : ধরি, সংখ্যাটি x

$\therefore x - x$ এর $\frac{৪০}{১০০} = ৩০$

$\Rightarrow x - \frac{২x}{৫} = ৩০$

$\Rightarrow \frac{৫x - ২x}{৫} = ৩০$

$\Rightarrow x = \frac{৩০ \times ৫}{৩}$

$\therefore x = ৫০$

৯. একটি ক্লাসে ৬৪০ জন ছাত্র-ছাত্রী আছে যার মধ্যে ৪০% ছাত্র। সেই ক্লাসে ছাত্রীর সংখ্যা কত?
ক. ২৫৬ খ. ৩৮৪
গ. ২৫২ ঘ. ২৬৫ উত্তর : খ

ব্যাখ্যা : একটি ক্লাসে ৬৪০ জন ছাত্র-ছাত্রী আছে।

এখানে ৬৪০ জন-ছাত্র-ছাত্রীর মধ্যে ছাত্র সংখ্যা = ৪০%

$\therefore$ ছাত্রীর সংখ্যা = (১০০% − ৪০%) = ৬০%

$\therefore$ ছাত্রের সংখ্যা = $\frac{৬৪০ \times ৪০}{১০০} = ২৫৬$

$\therefore$ ছাত্রীর সংখ্যা = (৬৪০ − ২৫৬) = ৩৮৪

১০. কোন কারখানায় কর্মীদের জনপ্রতি দৈনিক মজুরী ছিল ১০০ টাকা। মন্দার কারণে তাদের দৈনিক মজুরী ৫০% কমানো হয়েছিল। সম্প্রতি দৈনিক মজুরী ৬০% বাড়ানো হয়েছে। বর্তমানে জনপ্রতি দৈনিক মজুরী কত টাকা।
ক. ১৬০ খ. ১১০
গ. ৮০ ঘ. ৬০ উত্তর : গ

ব্যাখ্যা : ৫০% কমে দৈনিক মজুরী (১০০ − ১০০ এর ৫০%) টাকা

$= \left(১০০ - ১০০ \text{ এর } \frac{৫০}{১০০}\right) = ৫০$ টাকা

৬০% বৃদ্ধিতে বর্তমান দৈনিক মজুরী = (৫০ + ৫০ এর ৬০%) টাকা

$\left(৫০ + ৫০ \text{ এর } \frac{৬০}{১০০}\right)$ " = (৫০ + ৩০) টাকা = ৮০ টাকা

১১. আরিফের বেতন ৬০ টাকা বাড়ালে তার বেতন বাবুর বেতনের ৫০% হবে। যদি বাবুর বেতন ২০০০ টাকা হয় তবে আরিফের বর্তমান বেতন কত?
ক. ৮৪০ খ. ৯০০
গ. ৯৪০ ঘ. কোনোটিই নয় উত্তর : গ

ব্যাখ্যা : ধরি আরিফের বর্তমান বেতন x টাকা

$\therefore x + ৬০ = ২০০০$ এর $\frac{৫০}{১০০}$ "

$\Rightarrow x = ১০০০ - ৬০$

$\therefore x = ৯৪০$

১২. ৫% ভ্যাটে ৪০৮০ টাকার বিলে ভ্যাটের পরিমাণ কত টাকা?
ক. ৫ টাকা খ. ৯৫ টাকা
গ. ২০৪ টাকা ঘ. ৪০৮ টাকা **উত্তর : গ**

ব্যাখ্যা : ৪০৮০ টাকার ৫% = $৪০৮০ \times \frac{৫}{১০০}$ টাকা = ২০৪
∴ ভ্যাট ২০৪ টাকা

১৩. নিচের কোনটি ৪৮ ঃ ৬০ এর শতকরায় প্রকাশ?
ক. ৪৮% খ. ৬০%
গ. ২০% ঘ. ৮০% **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ৪৮ ÷ ৬০ × ১০০ = ৮০%

১৪. ৪% লবণ রয়েছে এমন ৬ লিটার সমুদ্রজল থেকে ১ লিটার পানি বাষ্পীভূত করলে তার লবণাক্ততা কত শতাংশ হবে?
ক. ৪ খ. ৩.৬
গ. ৪.৮ ঘ. ৫.২ **উত্তর : গ**

ব্যাখ্যা : যেহেতু, শতকরা ৪% লবণ রয়েছে, তাই
১০০ লিটার সমুদ্রজলে লবণের পরিমাণ = ৪ লিটার

∴ ১ " " " " = $\frac{৪}{১০০}$ লিটার

৬ " " " " = $\frac{৪ \times ৬}{১০০}$ " = $\frac{৬}{২৫}$ "

আবার, ১ লিটার পানি বাষ্পীভূত করলে অবশিষ্ট পানি থাকে = (৬ − ১) = ৫ লিটার

তখন, ৫ লিটার সমুদ্রজলে লবণ আছে = $\frac{৬}{২৫}$ লিটার

∴ ১ " " " " = $\frac{৬}{২৫} \div ৫$

∴ ১০০ " " " " = $\frac{৬}{২৫} \div ৫ \times ১০০$

$= \frac{৬}{২৫} \times \frac{১}{৫} \times ১০০$

= ৪.৮%

১৫. একটি ক্লাসে ৬৪০ জন ছাত্র-ছাত্রী আছে যার মধ্যে ৪০% ছাত্র। সেই ক্লাসে ছাত্রীর সংখ্যা কত?
ক. ৩৫৬ খ. ৩৮৪
গ. ২৫২ ঘ. ২৬৫ **উত্তর : খ**

ব্যাখ্যা : ৬৪০ এর ৪০% = $৬৪০ \times \frac{৪০}{১০০}$ = ২৫৬
অর্থাৎ ২৫৬ জন ছাত্র
∴ ছাত্রীর সংখ্যা = ৬৪০ − ২৫৬ = ৩৮৪ জন

১৬. ৩৫০ টাকা দরে ৩ কেজি মিষ্টি কিনে ৪ টাকা হারে ভ্যাট দিলে মোট কত ভ্যাট দিতে হবে?
ক. ১৪ টাকা খ. ৪২ টাকা
গ. ১২ টাকা ঘ. ১০৫ টাকা **উত্তর : খ**

ব্যাখ্যা : ৩ কেজি মিষ্টির মূল্য = (৩৫০ × ৩) টাকা = ১০৫০ টাকা
১০০ টাকায় ভ্যাট দিতে হয় ৪ টাকা
∴ ১০৫০ টাকায় ভ্যাট দিতে হয় = $\frac{১০৫০ \times ৪}{১০০}$ টাকা = ৪২ টাকা

১৭. একটি দ্রব্য ২৫% লাভে বিক্রয় করলে উহার ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত কত?
ক. ৪ ঃ ৫ খ. ৪ ঃ ৬
গ. ৫ ঃ ৬ ঘ. ৫ ঃ ৪
ঙ. কোনোটিই নয় **উত্তর : ক**

ব্যাখ্যা : ২৫% লাভে ১০০ টাকার দ্রব্যের বিক্রয়মূল্য = ১০০ + ২৫ = ১২৫ টাকা
∴ ক্রয়মূল্য ঃ বিক্রয়মূল্য = ১০০ ঃ ১২৫
= (৪ × ২৫) ঃ (৫ × ২৫) = ৪ ঃ ৫

১৮. একটি জিনিস ১২০ টাকায় ক্রয় করে ১৪৪ টাকায় বিক্রি করলে ক্রয়মূল্য ও লাভের অনুপাত কত হবে?
ক. ১ ঃ ৫ খ. ৫ ঃ ১
গ. ২ ঃ ৫ ঘ. ৫ ঃ ২ **উত্তর : খ**

ব্যাখ্যা : ক্রয়মূল্য = ১২০ টাকা। বিক্রয়মূল্য = ১৪৪ টাকা।
লাভ = ১৪৪ − ১২০ = ২৪ টাকা।
∴ ক্রয়মূল্য ও লাভের অনুপাত = ১২০ ঃ ২৪ = ৫ ঃ ১

১৯. কোনো পণ্যের পূর্বমূল্য ঃ বর্তমান মূল্য = ৫ ঃ ৭, শতকরা মূল্য বৃদ্ধির পরিমাণ–
ক. ৪০% খ. ২০%
গ. ৫০% ঘ. ১০০% **উত্তর : ক**

ব্যাখ্যা : ৫ টাকায় মূল্য পেয়েছে (৭ − ৫) বা, ২ টাকা

∴ ১ " " " = $\frac{২}{৫}$ টাকা

∴ ১০০ " " " = $\frac{২ \times ১০০}{৫}$ টাকা = ৪০ টাকা

২০. প্রতি বছর কোনো শহরের লোকসংখ্যার ৭% জন্মগ্রহণ করে এবং ৩% মারা যায়। এক বছরে শহরে ৪০০ জন লোক বৃদ্ধি পেলে ঐ শহরের মোট লোকসংখ্যা কত?
ক. ৪০০০ খ. ৭০০০
গ. ১০০০০ ঘ. ১৪০০০ **উত্তর : গ**

ব্যাখ্যা : প্রতি বছর লোক বৃদ্ধি পায় ১০০ জনে (৭ − ৩) = ৪ জন
∴ এক বছরে শহরে ৪ জন লোক বৃদ্ধি পেলে ঐ শহরের মোট লোকসংখ্যা ১০০ জন
" " " ৪০০ " " " " "
১০০ × ১০০ = ১০০০০ জন

২১. একটি স্কুলে ৪৫০ জন শিক্ষার্থী আছে এবং তার মধ্যে ১৮% ছাত্রী। ঐ স্কুলে কতজন ছাত্রী আছে?
ক. ৮১ জন খ. ৮২ জন
গ. ৮৩ জন ঘ. ৮৪ জন **উত্তর : ক**

ব্যাখ্যা : ১০০ জনে ছাত্রী ১৮ জন
∴ ৪৫০ " " = $\frac{১৮ \times ৪৫০}{১০০}$ = ৮১ জন

২২. মানিকের মাসিক বেতন ৯% বৃদ্ধি পাওয়ার ফলে তার মাসিক সঞ্চয় সমান হারে বৃদ্ধি পেয়ে ১,৮৫৩ টাকা হলো। মানিকের মাসিক সঞ্চয় আগে কত ছিল?

ক. ১,৬৫০ টাকা খ. ১,৬০০ টাকা
গ. ১,৭০০ টাকা ঘ. ১,৭৫০ টাকা
ঙ. কোনোটিই নয় **উত্তর : গ**

ব্যাখ্যা : ৯% বৃদ্ধিতে, বর্তমান সঞ্চয় ১০৯ টাকা হলে পূর্বে ছিল ১০০ টাকা

" " ১ " " " " $= \frac{১০০}{১০৯}$ "

∴ " " ১৮৫৩ " " " " $= \frac{১০০ \times ১৮৫৩}{১০৯}$ "

$= ১৭০০$ টাকা

২৩. একটি গ্রামের লোকসংখ্যা ৬% হারে বর্ধিত হয়ে ১৪৮৪ হলে পূর্বের লোকসংখ্যা কত ছিল?

ক. ১৩৫০ খ. ১৪০০
গ. ১৪৪০ ঘ. ১৪৬০ **উত্তর : খ**

ব্যাখ্যা : ৬% বৃদ্ধিতে, বর্তমানে লোকসংখ্যা ১০৬ জন হলে পূর্বে ছিল = ১০০ জন

∴ " " ১ " " " " $= \frac{১০০}{১০৬}$ "

∴ " " ১৪৮৪ " " " " $= \frac{১০০ \times ১৪৮৪}{১০৬}$ "

$= ১৪০০$ জন

২৪. কোন গ্রামের ২৫,০০০ জনসংখ্যার মধ্যে ১,৫০০ জন শিক্ষিত। ঐ গ্রামে শিক্ষিতের হার কত?

ক. ৪% খ. ৫%
গ. ৬% ঘ. ৭% **উত্তর : গ**

ব্যাখ্যা : গ্রামের ২৫,০০০ জনসংখ্যার মধ্যে শিক্ষিত = ১,৫০০ জন

" ১ " " " $= \frac{১৫০০}{২৫০০০}$ "

" ১০০ " " " $= \frac{১৫০০ \times ১০০}{২৫০০০} = ৬$ জন

২৫. যদি ১২ সদস্যবিশিষ্ট কোন কমিটির সদস্যদের মধ্যে ৯ জন মহিলা হয়, তা হলে সদস্যের কত ভাগ পুরুষ?

ক. ৩০% খ. ৭৫%
গ. ২৫% ঘ. ৪০% **উত্তর : গ**

ব্যাখ্যা : ১২ সদস্যবিশিষ্ট কোনো কমিটির পুরুষ সদস্য = (১২ − ৯) জন = ৩ জন

১০০ " " " " " $= \frac{৩ \times ১০০}{১২}$ জন $= ২৫$ জন

২৬. একজন ছাত্র ৮০০ নম্বরের মধ্যে ২০০ নম্বর পেল। সে শতকরা কত নম্বর পেল?

ক. ৭৫ খ. ২৫
গ. ৪০ ঘ. ২০ **উত্তর : খ**

ব্যাখ্যা : ৮০০ নম্বরের মধ্যে পেল = ২০০ নম্বর

১০০ " " " $= \frac{২০০ \times ১০০}{৮০০} = ২৫$ নম্বর

২৭. ৬টি কলমের দাম ১৫টি পেন্সিলের দামের সমান হলে, ১০টি কলমের পরিবর্তে কতটি পেন্সিল পাওয়া যাবে?

ক. ১০টি খ. ২৫টি
গ. ৩০টি ঘ. ২২টি **উত্তর : খ**

ব্যাখ্যা : ৬টি কলমের দাম = ১৫টি পেন্সিলের দাম

∴ ১টি " " $= \frac{১৫}{৬}$ টি পেন্সিলের দাম

∴ ১০টি " " $= \frac{১৫ \times ১০}{৬}$ টি পেন্সিলের দাম

$= ২৫$টি পেন্সিল

২৮. ১ ডজন ডিমের দাম ৫৪ টাকা হলে, ৪৫ টাকায় কয়টি ডিম পাওয়া যাবে?

ক. ৮টি খ. ১০টি
গ. ৯টি ঘ. ১১টি **উত্তর : খ**

ব্যাখ্যা : আমরা জানি, ১ ডজন = ১২টি

∴ ১ ডজন বা ১২টি ডিমের দাম ৫৪ টাকা

এখন, ৫৪ টাকায় পাওয়া যায় ১২টি ডিম

∴ ১ " পাওয়া যায় $\frac{১২}{৫৪}$ টি ডিম

∴ ৪৫ " " $= \frac{১২ \times ৪৫}{৫৪}$ টি ডিম $= ১০$ টি ডিম

২৯. পানের মূল্য ২৫% বৃদ্ধি পাওয়ায় একটি পরিবার পান খাওয়া এমনভাবে কমালো যে পান বাবদ ব্যয় বৃদ্ধি হলো না। পান বাবদ খরচ শতকরা কত কমেছিল?

ক. ১৮% খ. ১৯%
গ. ২০% ঘ. ২১% **উত্তর : গ**

ব্যাখ্যা : ২৫% বৃদ্ধিতে পানের বর্তমান মূল্য = ১০০ + ২৫ = ১২৫ টাকা

বর্তমান মূল্য ১২৫ টাকা হলে পূর্বমূল্য = ১০০ টাকা

∴ বর্তমান মূল্য ১০০ টাকা বেশি হলে পূর্বমূল্য

$= \left(\frac{১০০ \times ১০০}{১২৫}\right)$ টাকা $= ৮০$ টাকা

∴ পানের ব্যবহার কমাতে হবে = (১০০ − ৮০)% = ২০%

৩০. বেতন ৩০% বৃদ্ধি পাওয়ায় একজন কেরানি ১১০৫ টাকা পায়। তার আগের বেতন ছিল–

ক. ৭৫০ টাকা খ. ৮৫০ টাকা
গ. ৯০০ টাকা ঘ. ৯২০ টাকা **উত্তর : খ**

ব্যাখ্যা : বেতন ৩০% বৃদ্ধি পাওয়ায় কেরানির বর্তমান বেতন ১৩০ টাকা হলে আগের বেতন = ১০০ টাকা

" " " ১১০৫ " " " " $= \frac{১০০ \times ১১০৫}{১৩০}$ টাকা

$= ৮৫০$ টাকা

৩১. ইসলামের আয় আছমার আয় অপেক্ষা ২৫% বেশি। আসমার আয় ইসলামের আয় অপেক্ষা শতকরা কত কম?

ক. ১০% খ. ১৫%

গ. ২০% ঘ. ২৫% উত্তর : গ

ব্যাখ্যা : ধরি, আছমার আয় = ১০০ টাকা;

∴ ইসলামের আয় = (১০০ + ২৫) টাকা = ১২৫ টাকা

ইসলামের আয় ১২৫ টাকা হলে আছমার আয় = ১০০ টাকা

" " ১০০ " " " " $= \frac{১০০ \times ১০০}{১২৫}$

= ৮০ টাকা

আসমার আয় কম = (১০০ − ৮০) টাকা = ২০ টাকা

৩২. একটি পরীক্ষায় ৭৫টি প্রশ্ন ছিল। রফিক ৬০টি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে। সে শতকরা কতটি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে?

ক. ৮০% খ. ৯০%

গ. ৬০% ঘ. ৭৫% উত্তর : ক

ব্যাখ্যা : ৭৫টি প্রশ্নে শুদ্ধ উত্তর ৬০টি

∴ ১০০টি " " " $\frac{৬০}{৭৫} \times ১০০ = ৮০$টি

৩৩. মাসুদের আয় ও ব্যয়ের অনুপাত ২০ ঃ ১৫ হলে তার মাসিক সঞ্চয় আয়ের শতকরা কত অংশ?

ক. ২০% খ. ১৫%

গ. ২৫% ঘ. ৩০% উত্তর : গ

ব্যাখ্যা : মাসিক সঞ্চয় (২০ − ১৫) = ৫

∴ মাসিক সঞ্চয় শতকরা আয়ের $= \frac{৫}{২০} \times ১০০ = ২৫\%$

৩৪. হেলালের মাসিক আয় ৪,২০০ টাকা এবং ব্যয় ২৯৪০ টাকা। তার মাসিক ব্যয় মাসিক আয়ের শতকরা কত টাকা?

ক. ৭৫% খ. ৬৫%

গ. ৮০% ঘ. ৭০% উত্তর : ঘ

ব্যাখ্যা : $\frac{২৯৪০}{৪২০০} \times ১০০\% = ৭০\%$

৩৫. ডালের মূল্য ২৫% বৃদ্ধি পেলে পূর্বে যে ডালের কেজি প্রতি মূল্য ৭২ টাকা ছিল বর্তমানে ঐ ডালের মূল্য কেজি প্রতি কত?

ক. ৯০ টাকা খ. ৯৫ টাকা

গ. ১০০ টাকা ঘ. ১২৫ টাকা উত্তর : ক

ব্যাখ্যা : ২৫% বৃদ্ধিতে, ডালের পূর্বমূল্য ১০০ টাকা হলে বর্তমান মূল্য ১২৫ টাকা

∴ " " ১ " " " " $\frac{১২৫}{১০০}$ "

∴ " " ৭২ " " " " $\frac{১২৫ \times ৭২}{১০০}$ " = ৯০ টাকা

৩৬. গমের মূল্য ১৫% কমে যাওয়ায় ৬,০০০ টাকায় পূর্বাপেক্ষা ১ কুইন্টাল গম বেশি পাওয়া যায়। ১ কেজি গমের বর্তমান মূল্য কত?

ক. ৬ টাকা খ. ৭ টাকা

গ. ৮ টাকা ঘ. ৯ টাকা উত্তর : ঘ

ব্যাখ্যা : ১০০ টাকায় কমে ১৫ টাকা

∴ ৬,০০০ " " $\frac{১৫ \times ৬০০০}{১০০} = ৯০০$ টাকা

১ কুইন্টাল বা ১০০ কেজি চালের দাম ৯০০ টাকা

∴ " " ১ " " " $\frac{৯০০}{১০০} = ৯$ টাকা।

৩৭. কোন নির্বাচনী এলাকায় মোট ভোটার সংখ্যার ৮ শতাংশ বৃদ্ধ ভোটার। একটি নির্বাচনে বৃদ্ধ ভোটারদের ৮০ শতাংশে ভোট প্রদান করলে ভোট প্রদানকারী বৃদ্ধদের সংখ্যা মোট ভোটার সংখ্যার কত শতাংশ?

ক. ৪০ খ. ৬.৪

গ. ৮.০ ঘ. ১০ উত্তর : খ

ব্যাখ্যা : ধরি, মোট ভোটার সংখ্যা = ১০০ জন;

বৃদ্ধ ভোটার সংখ্যা = ৮ জন

বৃদ্ধ ভোটারদের প্রতি ১০০ জনে ভোট প্রদান করে = ৮০ জন

" " " ৮ " " " " $= \frac{৮০ \times ৮}{১০০}$ জন

= ৬.৪ জন

৩৮. ক- এর বেতন খ- এর বেতন অপেক্ষা শতকরা ৩৫ টাকা বেশি হলে, খ-এর বেতন ক-এর বেতন অপেক্ষা কত টাকা কম?

ক. ২৭ টাকা খ. ২৫.৯৩ টাকা

গ. ৪০ টাকা ঘ. ২৫.৫০ টাকা উত্তর: খ

সমাধানঃ ধরি, খ এর বেতন = 100 টাকা; ক এর বেতন =(100+35)=135 টাকা

∴ক এর বেতন 135 টাকা হলে খ এর বেতন= ১০০টাকা

" " " 100 " " " " "

$= \frac{100 \times 100}{135} = 74.07$ টাকা

∴খ এর বেতন কম = (100-74.07) টাকা = 25.93 টাকা

∴খ এর বেতন ক এর চেয়ে 25.93% কম।

৩৯. একটি শ্রেণির ২০ জন ছাত্রী ও ৩০ জন ছাত্র একটি বনভোজনের আয়োজন করল। ৩০% ছাত্রী এবং ৪০% ছাত্র বনভোজনে অংশগ্রহণ করল। শতকরা কতজন ছাত্রছাত্রী বনভোজনে অংশগ্রহণ করল?

ক. 32.5 খ. 35

গ. 36 ঘ. 37.5 উত্তর: গ

সমাধান: মোট ছাত্র ছাত্রী (২০ + ৩০) = ৫০ জন

বনভোজনে অংশ গ্রহণ করে (২০ এর $\frac{৩০}{১০০}$ + ৩০ এর $\frac{৪০}{১০০}$ জন

= ৬ + ১২ জন = ১৮ জন

Scanned with CamScanner CamScanner

৫০ জনের মধ্যে বনভোজনে যায় = ১৮ জন

১০০ " " " " $= \frac{১৮ \times ১০}{৫০}$ জন

= ৩৬ জন।

৪০. চিনির মূল্য ২৫% বৃদ্ধি পাওয়াতে একটি পরিবার চিনি খাওয়া এমনভাবে কমালো যে চিনি বাবদ ব্যয় বৃদ্ধি পেল না। ঐ পরিবার চিনি খাওয়া বাবদ শতকরা কত কমালো?

ক. ২২% খ. ২৫%

গ. ২০% ঘ. ৩০% উত্তর: গ

সমাধানঃ চিনির মূল্য ২৫% বৃদ্ধি পাওয়ায় বর্তমান মূল্য= (১০০+২৫)=১২৫ টাকা

বর্তমান মূল্য ১২৫ টাকা হলে পূর্বমূল্য = ১০০ টাকা

" " ১ " " " $= \frac{১০০}{১২৫}$ টাকা

" " ১০০ " " " $= \frac{100 \times 100}{125}$ টাকা

= ৮০ টাকা

∴ চিনির খরচ কমাতে হবে = (১০০-৮০) টাকা = ২০ টাকা

শটকাটঃ চিনির খরচ কমাতে হবে $= \frac{১০০ \times \text{মূল্য বৃদ্ধির হার}}{১০০ + \text{মূল্য বৃদ্ধির হার}}$

$= \frac{১০০ \times ২৫}{১০০ + ২৫}$

$= \frac{১০০ \times ২৫}{১২৫}$

= ২০ টাকা।

৪১. কাপড়ের মূল্য ২০% কমে গেলে কাপড়ের ব্যবহার শতকরা কি পরিমাণ বাড়ালে কাপড়ের জন্য খরচের কোনো পরিবর্তন হবে না?

ক. ১৫% খ. ২০%

গ. ২৫% ঘ. ৩০% উত্তর: গ

সমাধান ঃ কাপড়ের মূল্য ২০%কমায়,

বর্তমান মূল্য ৮০ টাকা হলে পূর্বমূল্য = ১০০ টাকা

" " ১০০ " " " $= \frac{100 \times 100}{80} = ১২৫$ টাকা

কাপড়ের ব্যবহার বাড়াতে হবে (১২৫-১০০) = ২৫ টাকা

শটকাটঃ শতকরা ব্যবহার বাড়াতে হবে $= \frac{১০০ \times ২০}{১০০ - ২০}$

$= \frac{১০০ \times ২০}{৮০} = ২৫$ টাকা

৪২. চিনির মূল্য ২০% কমলো, কিন্তু চিনির ব্যবহার ২০%বৃদ্ধি পেল। এতে চিনি বাবদ ব্যয় শতকরা কত বাড়লো বা কমলো?

ক. ১% বাড়লো খ. ২% বাড়লো

গ. ৩% বাড়লো ঘ. ৪% বাড়লো উত্তর: ঘ

সমাধান ঃ ২০%কমে চিনির মূল্য= (১০০-২০)=৮০টাকা

চিনির ব্যবহার ২০% বাড়লো,

১০০টাকার স্থলে চিনির ব্যবহার হয় =১২০ টাকা

৮০ " " " " " $= \frac{80 \times 120}{100} = ৯৬$ টাকা

চিনি বাবদ খরচ কমলো = (১০০-৯৬)= ৪ টাকা

৪৩. ৬৪ কিলোগ্রাম বালি ও পাথরের টুকরার মিশ্রণে বালির পরিমাণ ২৫%। কত কিলোগ্রাম বালি মেশালে নতুন মিশ্রণে পাথর টুকরার পরিমাণ ৪০%হবে?

ক. ৯.৬ কিলোগ্রাম খ. ৪৮ কিলোগ্রাম

গ. ১১কিলোগ্রাম ঘ. ৫৬ কিলোগ্রাম উত্তর: ঘ

সমাধান ঃ প্রথম ক্ষেত্রে, মিশ্রণ ১০০ কেজি হলে বালির পরিমাণ = ২৫ কেজি

" ৬৪ " " " " $= \frac{25 \times 64}{100} = ১৬$ কেজি

অতএব, পাথরের পরিমাণ = (৬৪-১৬) কেজি = ৪৮ কেজি

পরবর্তী মিশ্রণে,

পাথর ৪০ কেজি হলে মিশ্রণ হবে= ১০০ কেজি

" ৪৮ " " " " $= \frac{100 \times 48}{40}$ কেজি = ১২০ কেজি

নতুন মিশ্রণে বালির পরিমাণ =(১২০-৪৮)=৭২ কেজি

অতএব, বালি মেশাতে হবে= (৭২-১৬)=৫৬ কেজি

৪৪. জ্বালানি তেলের মূল্য ২৫% বৃদ্ধি পাওয়ায় বাসের টিকিটের মূল্যও একই হারে বৃদ্ধি পেল। পুরানো ও নতুন বাস ভাড়ার অনুপাত কত?

ক. ৪ : ৫ খ. ৫ : ৬

গ. ১২ : ১৩ ঘ. ১৫ : ১৬ উত্তর : ক

ব্যাখ্যা : ২৫% বৃদ্ধিতে বাসের নতুন ভাড়া ১২৫ টাকা

∴ পুরানো ও নতুন বাস ভাড়ার অনুপাত = ১০০ : ১২৫ = ৪ : ৫

৪৫. ৬০ জন ছাত্রের মধ্যে ৪২ জন ফেল করলে পাসের হার কত?

ক. ২৫% খ. ২৮%

গ. ৩০% ঘ. ৩২% উত্তর : গ

ব্যাখ্যা : ৬০ জন ছাত্রের ভিতর ফেল করে = ৪২ জন

১ " " " " " $= \frac{৪২}{৬০}$ জন

১০০ " " " " " $= \frac{৪২ \times ১০০}{৬০} = ৭০$ জন

∴ ১০০ জন ছাত্রের ভিতর পাস করে = (১০০ − ৭০) জন

= ৩০ জন।

৪৬. কোনো ক্লাসে চল্লিশ জন ছাত্রের মধ্যে ২৪ জন পাশ করল। ঐ ক্লাসে শতকরা কতজন ছাত্র পাশ করতে পারেনি?

ক. ৪০% খ. ৪৮%

গ. ৫০% ঘ. কোনোটিই নয় উত্তর : ক

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : ৪০ জনে পাশ করে ২৪ জন

$\therefore$ ১০০ " " " $= \frac{২৪ \times ১০০}{৪০} = ৬০$ জন

$\therefore$ শতকরা পাশ করতে পারেনি $(১০০ - ৬০)$ জন $= ৪০$ জন

৪৭. 400 জন লোকের একটি দলের 375 জন ইংরেজি ও 200 বাংলায় কথা বলতে পারে। কতজন উভয় ভাষায় কথা বলতে পারে?

ক. 175 খ. 25

গ. 200 ঘ. 75 **উত্তর : ক**

ব্যাখ্যা : ইংরেজিতে কথা বলে = 375 জন

বাংলায় কথা বলে = 200 জন

$\therefore$ উভয় বিষয়ে কথা বলে $= (375 + 200) - 400$

$= 575 - 400 = 175$ জন

৪৮. কফিলাতলী হাইস্কুলে ৭০% পরীক্ষার্থী ইংরেজিতে এবং ৮০% পরীক্ষার্থী বাংলায় পাস করে। উভয় বিষয়ে ফেল করেছে ১০%, যদি উভয় বিষয়ে ৩৬০ জন পাশ করে তবে ঐ স্কুলে কত জন পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছে?

ক. ৫০০ জন খ. ৭০০ জন

গ. ৮০০ জন ঘ. ৬০০ জন **উত্তর : ঘ**

ব্যাখ্যা : শুধু ইংরেজিতে ফেল করেছে $= (১০০ - ৭০ - ১০)\% = ২০\%$

শুধু বাংলাতে ফেল করেছে $= (১০০ - ৮০ - ১০)\% = ১০\%$

মোট ফেল করে $= (২০ + ১০ + ১০)\% = ৪০\%$

উভয় বিষয়ে পাস করে $= (১০০ - ৪০)\% = ৬০\%$

উভয় বিষয়ে ৬০ জন পাস করলে মোট পরীক্ষার্থী = ১০০

" " ১ " " " " " $= \frac{১০০}{৬০}$ "

" " ৩৬০ " " " " $= \frac{১০০ \times ৩৬০}{৬০}$

$= ৬০০$ জন

৪৯. কোন পরীক্ষায় ৮৫% ছাত্র ইংরেজিতে পাস করেছে। ইংরেজিতে ফেলের সংখ্যা মোট ৭৫ জন হলে, পরীক্ষার্থীর সংখ্যা কত?

ক. ৫০০ জন খ. ৩০০ জন

গ. ৭৭৫ জন ঘ. ৬৫০ জন

সহজ টেকনিক : মোট পরীক্ষার্থী $= \frac{\text{ফেলের সংখ্যা}}{১০০ - \text{ফেলের হার}} \times ১০০$

$= \frac{৭৫}{১৫} \times ১০০ = ৫০০$

ব্যাখ্যা : ইংরেজিতে ফেলের সংখ্যা $(১০০-৮৫)$ জন = ১৫ জন।

১৫ জন ফেল করে যখন মোট পরীক্ষার্থীর সংখ্যা= ১০০ জন

১ " " " " " $= \frac{১০০}{১৫}$ জন

৭৫ " " " " " $= \frac{১০০ \times ৭৫}{১৫} = ৫০০$ জন

৫০. কোনো পরীক্ষায় ৫২% পরীক্ষার্থী ইংরেজিতে এবং ৪২% পরীক্ষার্থী গণিতে ফেল করল। যদি উভয় বিষয়ে ১৭% ফেল করে থাকে, তবে কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাস করেছে?

ক. ২৪ জন খ. ২৫ জন

গ. ২৬ জন ঘ. ২৩ জন

ব্যাখ্যা : **সহজ শর্টকাট:** উভয় বিষয়ে পাশ করে= ১০০-(দুটি বিষয়ে ফেলের হার - উভয় বিষয়ে ফেলের হার)

$\therefore$ উভয় বিষয়ে পাশ করে = ১০০-(৫২+৪২-১৭) জন

বা, ১০০-৭৭ জন,

অতএব, উভয় বিষয়ে পাশ করে= ২৩ জন।

৫১. কোনো পরীক্ষায় পরীক্ষার্থী ৮০% গণিতে এবং ৭০% বাংলায় পাশ করলো। উভয় বিষয়ে পাশ করলো ৬০%, উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করলো?

ক. ১০% খ. ১৫%

গ. ১২% ঘ. ১১% **উত্তর : ক**

ব্যাখ্যা : শুধু গণিতে পাশ করে $= (৮০ - ৬০)\% = ২০\%$

শুধু বাংলায় পাশ করে $= (৭০ - ৬০)\% = ১০\%$

গণিত বা বাংলা অথবা উভয় বিষয়ে পাশ করে

$= (২০ + ১০ + ৬০)\% = ৯০\%$

$\therefore$ উভয় বিষয়ে ফেল করে $= (১০০ - ৯০)\% = ১০\%$

সহজ শর্টকাট: উভয় বিষয়ে শতকরা ফেল করে= ১০০ - (দুটি বিষয়ে পাশের হার - উভয় বিষয়ে পাশে হার)

$\therefore$ উভয় বিষয়ে শতকরা ফেল করে= ১০০-(৮০+৭০-৬০) জন

বা, ১০০-৯০ জন,

অতএব, ১০০ জনে উভয় বিষয়ে ফেল করে= ১০ জন।

৫২. কোনো শ্রেণিতে ১০০ জন পরীক্ষার্থী ছিল। বার্ষিক পরীক্ষায় ৯৪ জন বাংলায় এবং ৮০ জন গণিতে পাস করেছে। ৭৫ জন উভয় বিষয়ে পাস করলে কত জন উভয় বিষয়ে ফেল করেছে?

ক. ৫ খ. ৩

গ. ২ ঘ. ১ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : শুধু বাংলায় পাস করে $= ৯৪ - ৭৫ = ১৯$ জন

শুধু গণিতে পাস করে $= ৮০ - ৭৫ = ৫$ জন

উভয় বিষয়ে পাস করে = ৭৫

$\therefore$ এক ও উভয় বিষয়ে পাস করে $= ১৯ + ৫ + ৭৫ = ৯৯$ জন

উভয় বিষয়ে ফেল করে $= ১০০ - ৯৯ = ১$ জন

সহজ শর্টকাট: উভয় বিষয়ে ফেল করে= ১০০ - (দুটি বিষয়ে পাশের হার - উভয় বিষয়ে পাশে হার)

$\therefore$ উভয় বিষয়ে ফেল করে= ১০০-(৯৪+৮০-৭৫) জন

বা, ১০০-৯৯ জন,

অতএব, উভয় বিষয়ে ফেল করে= ১ জন।

Scanned with CamScanner CamScanner

৬. সুদকষা [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. 4% হার মুনাফায় কোনো টাকার 2 বছরের সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য 1 টাকা হলে আসল কত? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. 625 টাকা খ. 650 টাকা
গ. 600 টাকা ঘ. 725 টাকা উ. ক

২. ১০% সরল মুনাফায় ২০০০ টাকার ১ বছরের মুনাফা কত টাকা হবে? [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. ২০০ টাকা খ. ৩০০ টাকা
গ. ৪০০ টাকা ঘ. ১০০ টাকা উ. ক

৩. $6\frac{১}{৪}$ % হার সুদে কত সময়ে ৯৬ টাকার সুদ ১৮ টাকা হবে? [১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. ২ বছরের খ. $2\frac{১}{২}$ বছরে
গ. ৩ বছর ঘ. ৪ বছরে উ. গ

৪. শতকরা বার্ষিক কত টাকা হার মুনাফায় ৬৫০ টাকার ৬ বছরের মুনাফা ২৭৩ টাকা হবে? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. ৭ খ. ৬.৫০
গ. ৬ ঘ. ৮ উ. ক

৫. একই সুদে 500 টাকার 4 বছরের সুদ এবং 600 টাকার 5 বছরের সুদ একত্রে 400 টাকা হলে সুদের হার কত? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. 12% খ. 10%
গ. 8% ঘ. 6% উ. গ

৬. বার্ষিক শতকরা কত হার সুদে ৪২৫ টাকা ৩ বছরে সুদে-আসলে ৪৭৬ টাকা হবে? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. ৩% খ. ৬%
গ. ৫% ঘ. ৪% উ. ঘ

৭. সরল সুদের হার শতকরা কত টাকা হলে যে কোনো মূলধন ৮ বছরে সুদে-আসলে তিনগুণ হবে? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ১২.৫০ টাকা খ. ২৫ টাকা
গ. ২০ টাকা ঘ. ১৫ টাকা উ. খ

৮. শতকরা বার্ষিক কত হার সুদে কোনো আসল ১০ বছরে সুদে-মূলে তিনগুণ হবে? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. ১০% খ. ১২%
গ. ১৫% ঘ. ২০% উ. ঘ

৯. বার্ষিক শতকরা ৫.৫০ টাকা হার সুদে ৮০০ টাকার ৩ বছরের সুদ-আসল কত হবে? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. ৯৩২ টাকা খ. ১৫০০ টাকা
গ. ১০০০ টাকা ঘ. ১২৪৫ টাকা উ. ক

১০. সুদের হারের সূত্র কোনটি? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. $\frac{১০০ \times \text{সুদ}}{\text{হার} \times \text{আসল}}$ খ. $\frac{১০০ \times \text{সুদ}}{\text{সময়} \times \text{আসল}}$
গ. $\frac{\text{সময়} \times \text{আসল}}{১০০ \times \text{সুদ}}$ ঘ. $\frac{১০০ \times \text{আসল}}{\text{সুদ} \times \text{সময়}}$ উ. খ

স্কুল পর্যায়

১. ৫% হারে ৫০০০ টাকার ২ বছরের সরল ও চক্রবৃদ্ধি সুদের পার্থক্য কত টাকা? [১৭তম স্কুল নিবন্ধন-২০২২]
ক. ১০ খ. ১২.৫০
গ. ১৫ ঘ. ২৫ উ. খ

২. ৬% বার্ষিক মুনাফায় কত টাকার বার্ষিক মুনাফা ১২০ টাকা? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. ১২০০ টাকা খ. ১০০০ টাকা
গ. ১৫০০ টাকা ঘ. ২০০০ টাকা উ. ঘ

৩. জামিল সাহেব ১০% মুনাফায় ব্যাংকে ৩,০০০ টাকা জমা রাখেন। প্রথম বছরান্তে তার চক্রবৃদ্ধি মূলধন- [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. ৩১০০ টাকা খ. ৩২০০ টাকা
গ. ৩২৫০ টাকা ঘ. ৩৩০০ টাকা উ. ঘ

৪. $6\frac{1}{4}$ % হার সুদে কত সময়ে 96 টাকার সুদ 18 টাকা হবে? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. 2 বছর খ. $2\frac{1}{2}$ বছর
গ. 3 বছর ঘ. 4 বছর উ. গ

৫. ১০০ টাকায় ৫ বছরে সুদে-আসলে ২০০ টাকা হলে, সুদের হার- [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. ৫% খ. ১০%
গ. ২০% ঘ. ২৫% উ. গ

৬. শতকরা বার্ষিক ১২ টাকা হারে ৬০০ টাকার ৬ মাসের সুদ কত? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. ২৪ টাকা খ. ৩৬ টাকা
গ. ৪৮ টাকা ঘ. ৬০ টাকা উ. খ

৭. ৪% হার মুনাফায় কোনো টাকার ২ বছরের মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য ১ টাকা হলে, মূলধন কত? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. ৬২৫ টাকা খ. ৪২৫ টাকা
গ. ৩২৫ টাকা ঘ. ৫২৫ টাকা উ. ক

Scanned with CamScanner CamScanner

বার্ষিক $৫\frac{১}{৩}$% হার সুদে ১৩৫০ টাকা কত বছরে সুদে-আসলে ১৬২০ টাকা হবে? *[১১তম কুল নিরীক্ষন ২০১৪]*

ক. ৫ বছরে খ. ৮ বছরে
গ. ৭ বছরে ঘ. ৬ বছরে **উ. ঘ**

শতকরা বার্ষিক ৫ টাকা হার সুদে কোন আসল কত বছরে সুদে আসলে দ্বিগুণ হবে? *[১০ম কুল নিরীক্ষন ২০১৪]*

ক. ১ বছরে খ. ২০ বছরে
গ. ৫ বছরে ঘ. ১০০ বছরে **উ. খ**

৩. শতকরা বার্ষিক কত হার সুদে ১ বছরের সুদ আসলের $\frac{১}{৫}$ অংশ হবে? *[১ম কুল নিরীক্ষন ২০১৩]*

ক. ১০% খ. ১৫%
গ. ২০% ঘ. ২৫% **উ. গ**

১. 425 টাকার 4 বছরের সুদ 85 টাকা হলে সুদের হার শতকরা বার্ষিক কত টাকা হবে? *[৭ম কুল নিরীক্ষন ২০১১]*

ক. 5% খ. 9%
গ. 4% ঘ. 7% **উ. ক**

১২. P টাকার P% হার সরল মুনাফায় 4 বছরের মুনাফা P টাকা হলে, P এর মান কত? *[৬ষ্ঠ কুল নিরীক্ষন ২০১০]*

ক. 15 খ. 20
গ. 25 ঘ. 50 **উ. গ**

১৩. সুদ নির্ণয়ের সূত্র কোনটি? *[৬ষ্ঠ কুল নিরীক্ষন ২০১০]*

ক. $\frac{\text{আসল} \times \text{সময়}}{১০০}$

খ. $\frac{১০০ \times \text{সুদ}}{\text{সময়} \times \text{আসল}}$

গ. $\frac{১০০ \times \text{সুদাসল}}{\text{সময়} \times \text{হার}}$

ঘ. $\frac{\text{সুদের হার} \times \text{আসল} \times \text{সময়}}{১০০}$ **উ. ঘ**

১৪. শতকরা ৬ টাকা হার সুদে কত বছরে ৫০০ টাকা সুদে-মূলে ৮০০ টাকা হয়? *[৬ষ্ঠ কুল নিরীক্ষন ২০১০]*

ক. ১০ বছর খ. ৫০ বছর
গ. $৩\frac{৩}{৪}$ বছর ঘ. $\frac{৩}{৪}$ বছর **উ. ক**

১৫. কিছু টাকা ৩০ বছরের সরল সুদে তিনগুণ হলো, সুদের হার কত? *[বিশেষ শিক্ষক নিরীক্ষন ২০১০]*

ক. $৬\frac{২}{৩}$% খ. $৬\frac{১}{৩}$%
গ. ১০% ঘ. ৯% **উ. ক**

স্কুল পর্যায়-২

১. 6% হারে নয় মাসে 10,000 টাকার উপর মুনাফা-মূলধন কত হবে? *[১৭তম কুল-২ নিরীক্ষন ২০২২]*

ক. 10,500 টাকা খ. 10,450 টাকা
গ. 10,650 টাকা ঘ. 10,600 টাকা **উ. খ**

২. শতকরা বার্ষিক 12 টাকা হার মুনাফায় 500 টাকার কত বছরের সরল মুনাফা 360 টাকা হবে? *[১৬তম কুল-২ নিরীক্ষন ২০১৯]*

ক. 5 বছর খ. 6 বছর
গ. 3 বছর ঘ. 2 বছর **উ. খ**

৩. চক্রবৃদ্ধি মুনাফার ক্ষেত্রে নিচের কোন সূত্রটি সঠিক? *[১৫তম কুল-২ নিরীক্ষন ২০১৯]*

ক. $C = P(1 + n)^r$ খ. $C = P(1 + r^n)$
গ. $P = C(1 + r)^n$ ঘ. $C = P(1 + r)^n$ **উ. ঘ**

৪. জাওয়াদ সাহেব ৫০০ টাকা ৩ বছরের জন্য ব্যাংকে জমা রাখলেন। $৮\frac{১}{৩}$% হারে তিনি কত টাকা সরল মুনাফা পাবেন? *[১৫তম কুল-২ নিরীক্ষন ২০১৯]*

ক. ১০০ টাকা খ. ১২৫ টাকা
গ. ৫২৫ টাকা ঘ. ৬২৫ টাকা **উ. খ**

৫. ৬% হারে ৪০০ টাকার মুনাফা কত বছরে ১২০ টাকা? *[১৪তম কুল-২ নিরীক্ষন ২০১৭]*

ক. ৫ বছর খ. ৪ বছর
গ. ৩ বছর ঘ. ২ বছর **উ. ক**

৬. একই হার মুনাফায় কোনো আসল ৭ বছরে মুনাফা-আসলে দ্বিগুণ হলে কত বছরে মুনাফা আসলে তিনগুণ হবে? *[১৩তম কুল-২ নিরীক্ষন ২০১৬]*

ক. ১১ খ. ১২
গ. ১৪ ঘ. ২১ **উ. গ**

৭. বার্ষিক ৮% সরল সুদে কত টাকা ৬ বছরে সুদে-আসলে ১০৩৬ টাকা হবে? *[১২তম কুল-২ নিরীক্ষন ২০১৫]*

ক. ৫৫০ টাকা খ. ৬৫০ টাকা
গ. ৬০০ টাকা ঘ. ৭০০ টাকা **উ. ঘ**

৮. মুনাফার হার ৮% হলে ৫০০ টাকার ৪ বছরের মুনাফা কত? *[১০ম কুল-২ নিরীক্ষন ২০১৪]*

ক. ৪০ টাকা খ. ৩২ টাকা
গ. ১৬০ টাকা ঘ. ২০ টাকা **উ. গ**

বিস্তারিত আলোচনা

- **আসল বা মূলধন (Principal/ Capital):** যে অর্থ ধার দেওয়া হয় বা কোনো খাতে খাটানো হয়, তাকে আসল বা মূলধন বলা হয়।
- **সুদ/মুনাফা (Interest/Profit):** অর্থ খাটানোর জন্য বিনিয়োগকারী প্রতি বছর বা মাসে মূলধনের অতিরিক্ত হিসেবে যা পায় সুদ বা মুনাফা বলা হয়।
- **সুদাসল (Amount):** সুদ ও আসলকে একসাথে সুদাসল বা সুদ-মূল বা সবৃদ্ধিমূল বলা হয়।

  সুদ-মূল (Amount)= আসল (Principal) + সুদ (Interest)
- **সুদের হার:** কোনো সুনির্দিষ্ট সময়ের জন্য কোনো সুনির্দিষ্ট মূলধনের উপর যে সুদ দেওয়া হয়, সেই সুদকে সময়ের আনুপাতিক হিসেবে সুদের হার বলা হয়।

  সাধারণত, সুদের হার বলতে ১০০ টাকার ১ বছরের সুদের পরিমাণকে বোঝায়। একে শতকরা বার্ষিক সুদের হার হিসেবেও অভিহিত করা হয়। তাই শতকরা সুদের হার 'বার্ষিক' না 'মাসিক' এ ধরনের কোনো কিছুর উল্লেখ না থাকলে শতকরা বার্ষিক ধরেই সুদ হিসাব করতে হয়। শতকরা বার্ষিক সুদের হার ৯ টাকা কে ৯% সুদেও লেখা হয়।
- **সুদের প্রকারভেদ ঃ** সুদ সাধারণত দুই প্রকার। যথা ঃ

ক) সরল সুদ (Simple Interest)

খ) চক্রবৃদ্ধি সুদ (Compound interest)

ক) **সরল সুদ ঃ** সরল সুদের ক্ষেত্রে প্রতি বছরে মূলধনের উপর সুদ দেওয়া হয় কিন্তু সেই সুদ আসলের সাথে যোগ করা হয় না। অর্থাৎ, সুদের উপর কোনো সুদ দেয়া হয় না, তাকে সরল সুদ বলে। এ কারণে সরল সুদে প্রত্যেক বছর আসল একই থাকে।

খ) **চক্রবৃদ্ধি সুদ ঃ** চক্রবৃদ্ধি সুদের ক্ষেত্রে প্রতি বছর আসলের সাথে সুদ যোগ করা হয়। অর্থাৎ, সুদের উপর সুদ দেয়া হয়। তাই চক্রবৃদ্ধি সুদে প্রত্যেক বছর আসল বৃদ্ধি পেয়ে থাকে।

১. বার্ষিক শতকরা ১০ টাকা হার সরলসুদে ৪৫০০ টাকার ৩ বছরের সুদ কত?

ক. ১৫০০ টাকা খ. ১৪৫০ টাকা
গ. ১৬২০ টাকা ঘ. ১৩৫০ টাকা **উত্তর : ঘ**

সমাধান : সরল মুনাফার ক্ষেত্রে,

$I = pnr$

$= ৪৫০০ \times ৩ \times \frac{১}{১০}$

$\therefore I = ১৩৫০$ টাকা।

এখানে, আসল $p = ৪৫০০$

$r = ১০\%$

$= \frac{১০}{১০০} = \frac{১}{১০}$ = সময় $n = ৩$ বছর।

২. বার্ষিক শতকরা কত হার সুদে ২০০০ টাকা ৩ বছরের সুদে-আসলে ২৩০০ টাকা হয়?

ক. ১৫% খ. ১০%
গ. ৭.৫% ঘ. ৫% **উত্তর : ঘ**

সমাধান : সুদ = (২৩০০ − ২০০০) টাকা = ৩০০ টাকা

এখন, $r = \frac{I \times ১০০}{pn} = \frac{৩০০ \times ১০০}{২০০০ \times ৩}$

$\therefore r = ৫\%$

৩. ১০০ টাকায় ১ বছরের সুদ ৫ টাকা। ২০০ টাকার ২ বছরের সুদ কত?

ক. ১০ টাকা খ. ৩০ টাকা
গ. ৪০ টাকা ঘ. ৫০ টাকা **উত্তর : ক**

সমাধান : ১০০ টাকার ১ বছরের সুদ ৫ টাকা

$\therefore ১$ " ১ " $= \frac{৫}{১০০}$ "

$\therefore ২০০$ " ২ " $= \frac{৫ \times ২ \times ১০০}{১০০}$ " $= ২০$ টাকা

৪. শতকরা বার্ষিক ১৫% সুদে ৮০০০ টাকার ৬ মাসের সুদ কত?

ক. ৫০০ টাকা খ. ৬০০ টাকা
গ. ৭০০ টাকা ঘ. ৮০০ টাকা **উত্তর : খ**

সমাধান : $I = ৮০০০ \times \frac{৬}{১২} \times \frac{১৫}{১০০} = ৬০০$

৫. ২% হার সুদে ১০০ টাকার ৩ বছরের সুদ অপেক্ষা ৩% সুদে ঐ টাকার ৩ বছরের সুদ কত বেশি হবে?

ক. ১ টাকা খ. ২ টাকা
গ. ৩ টাকা ঘ. ৪ টাকা **উত্তর : গ**

সমাধান : ২% হার সুদে, ১০০ টাকার ১ বছরের সুদ = ২ টাকা

১০০ " ৩ " " = (২ × ৩) টাকা
= ৬ টাকা

৩% হার সুদে, ১০০ টাকার ১ বছরের সুদ = ৩ টাকা

১০০ " ৩ " " = (৩ × ৩) টাকা
= ৯ টাকা

পার্থক্য = (৯ − ৬) টাকা = ৩ টাকা

৬. শতকরা ৫ টাকা হার সুদে ১২০ টাকা তিন বছরে সুদে-আসলে কত হয়?

ক. ১৩৫ খ. ১৩৭.৫
গ. ১৩৮ ঘ. ১৪৮ **উত্তর : গ**

সমাধান : ১০০ টাকার ১ বছরের সুদ = ৫ টাকা

১ " ১ " " $= \frac{৫}{১০০}$ টাকা

১২০ " ১ " " $= \frac{৫ \times ১২০}{১০০}$ টাকা

১২০ " ৩ " " $= \frac{৫ \times ১২০ \times ৩}{১০০}$ টাকা $= ১৮$ টাকা

$\therefore$ ১২০ টাকা ৩ বছরে সুদে আসলে হয় = (১২০ + ১৮) টাকা
= ১৩৮ টাকা

Scanned with CamScanner CamScanner

৭. ব্যাংকে ৮৫০০ টাকা রেখে ৪ বছর পরে সুদাসলে ১১২২০ টাকা পেলে বার্ষিক সরল সুদের হার কত ছিল?

ক. ১০%　　খ. ৯%

গ. ৮%　　ঘ. ৭%　　উত্তর : গ

সমাধান : সুদ = (১১২২০ − ৮৫০০) টাকা = ২৭২০ টাকা

$$\text{সুদের হার } r = \frac{I \times 100\%}{pn} = \frac{2720 \times 100}{8500 \times 4}\% = 8\%$$

৮. শতকরা বার্ষিক কত হার সুদে ৭৫০ টাকার ২ বছরের সুদ ২১০ টাকা?

ক. ১৫%　　খ. ১৪%

গ. ১২%　　ঘ. ১০%　　উত্তর : খ

সমাধান : $\text{সুদের হার} = \frac{\text{সুদ} \times 100}{\text{আসল} \times \text{সময়}} = \frac{210 \times 100}{750 \times 2} = 14$

৯. x টাকা x% সরল সুদে ৪ বছরের সুদ x টাকা হলে x =?

ক. ২০%　　খ. ২৫%

গ. ৫০%　　ঘ. ৫৫%　　উত্তর : খ

সমাধান : x% সরল সুদে x টাকা ৪ বছরের সুদ x টাকা

$$x\% \text{ সরল সুদে } 1 \text{ টাকা } 1 \text{ বছরের সুদ} = \frac{x}{4x}$$

$$x\% \text{ সরল সুদে } 100 \text{ টাকা } 1 \text{ বছরের সুদ} = \frac{100x}{4x} = 25\%$$

১০. শতকরা বার্ষিক কত হার সুদে কোনো আসল ১০ বছরে সুদে-মূলে তিনগুণ হবে?

ক. ১০%　　খ. ১২%

গ. ১৫%　　ঘ. ২০%　　উত্তর : ঘ

সমাধান : ধরি, আসল = ১০০ টাকা

১০০ টাকা ১০ বছরে সুদে আসলে হয় = (১০০ × ৩) টাকা
= ৩০০ টাকা

১০০ টাকার ১০ বছরের সুদ = (৩০০ − ১০০) টাকা
= ২০০ টাকা

$$100 \text{ " } 1 \text{ " " } = \frac{200}{10} \text{ টাকা} = 20\%$$

১১. কোনো মূলধন ৮ বছরের দ্বিগুণ হলে, বার্ষিক শতকরা লাভের হার কত?

ক. $10\frac{2}{3}\%$　　খ. $12\frac{1}{2}\%$

গ. $16\frac{3}{2}\%$　　ঘ. $11\frac{4}{3}\%$　　উত্তর : খ

সমাধান : ধরি, আসল = ১০০ টাকা

৮ বছর পর সুদাসলে হবে = (১০০ × ২) টাকা
= ২০০ টাকা

১০০ টাকার ৮ বছরের সুদ = (২০০ − ১০০) টাকা
= ১০০ টাকা

১০০ টাকার ৮ বছরের সুদ $= \frac{100}{8}$ টাকা

$= 12\frac{1}{2}$ টাকা

$= 12\frac{1}{2}\%$ (উত্তর)

১২. বার্ষিক শতকরা কত হার সুদে কোনো আসল ৫ বছরে সুদে আসলে দ্বিগুণ হবে?

ক. ১০%　　খ. ২০%

গ. ৫%　　ঘ. ৮%　　উত্তর : খ

সমাধান : ধরি, আসল p টাকা

সুদ = 2p − p = p টাকা

$$\therefore \text{সুদের হার} = \frac{\text{সুদ} \times 100}{\text{আসল} \times \text{সময়}}$$

$$= \frac{p \times 100}{p \times 5} = 20\%$$

১৩. শতকরা বার্ষিক কত হার সুদে ৪৫০ টাকার ১৭ বছরের সুদ ৪৫৯ টাকা হবে?

ক. ৩%　　খ. ৪%

গ. ৫%　　ঘ. ৬%　　উত্তর : ঘ

সমাধান : I = pnr

$\Rightarrow 459 = 450 \times 17 \times r$

$$\Rightarrow r = \frac{459}{17 \times 450} = 6\%$$

১৪. ৫০০ টাকার ৪ বছরের সুদ এবং ৬০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ৫০০ টাকা হলে, সুদের হার কত?

ক. ৫%　　খ. ৬%

গ. ১০%　　ঘ. ১২%　　উত্তর : গ

সমাধান : ৫০০ টাকার ৪ বছরের সুদ = ২০০০ টাকার ১ বছরের সুদ

৬০০ টাকার ৫ বছরের সুদ = ৩০০০ টাকার ১ বছরের সুদ

(২০০০ + ৩০০০) বা ৫০০০ টাকার ১ বছরের সুদ = ৫০০ টাকা

$$\therefore 1 \text{ " } 1 \text{ " " } = \frac{500}{5000} \text{ "}$$

$$\therefore 100 \text{ " } 1 \text{ " " } = \frac{500 \times 100}{5000} \text{ "}$$

= ১০ টাকা = ১০%

১৫. শতকরা বার্ষিক কত হার সুদে কোন মূলধন ১০ বছরে সুদে মূলে তিনগুণ হবে?

ক. ১০%　　খ. ১২%

গ. ১৫%　　ঘ. ২০%　　উত্তর :

সমাধান : ধরি, আসল = ১০০ টাকা

১০ বছর পর সুদাসলে হবে = (১০০ × ৩) টাকা
= ৩০০ টাকা

১০০ টাকার ১০ বছরের সুদ = (৩০০ − ১০০) টাকা
= ২০০ টাকা

১০০ টাকার ১ বছরের সুদ = $\frac{২০০}{১০}$ টাকা
= ২০ টাকা

১৬. কোনো আসল ৩ বছরে সুদ আসলে ৪৬০ টাকা এবং ৫ বছরে সুদে আসলে ৫০০ টাকা হলে শতকরা সুদের হার কত হবে?

ক. ১০ টাকা খ. ২০ টাকা
গ. ১৫ টাকা ঘ. ৫ টাকা **উত্তর : ঘ**

সমাধান : আসল + ৫ বছরের সুদ = ৫০০ টাকা
আসল + ৩ বছরের সুদ = ৪৬০ টাকা
২ বছরের সুদ = ৪০ টাকা

১ " " = $\frac{৪০}{২}$ টাকা
= ২০ টাকা

৩ " " = (২০ × ৩) টাকা
= ৬০ টাকা

আসল = (৪৬০ − ৬০) টাকা = ৪০০ টাকা
৪০০ টাকার ১ বছরের সুদ = ২০ টাকা

১ " ১ " " = $\frac{২০}{৪০০}$ টাকা

১০০ " ১ " " = $\frac{২০ \times ১০০}{৪০০}$ = ৫ টাকা

১৭. একই হার সুদে ৩০০ টাকার ৪ বছরের সুদ এবং ৫০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ১৮৫ টাকা হলে সুদের হার কত?

ক. ৪% খ. ৫%
গ. $৬\frac{১}{৪}$% ঘ. $৭\frac{১}{২}$% **উত্তর : খ**

সমাধান : ৩০০ টাকার ৪ বছরের সুদ = ১০০ টাকার ১২ বছরের সুদ
৫০০ টাকার ৫ বছরের সুদ = ১০০ টাকার ২৫ বছরের সুদ
৩০০ টাকার ৪ বছরে সুদ + ৫০০ টাকার ৫ বছরের সুদ = ১০০ টাকার ৩৭ বছরের সুদ
১০০ টাকার ৩৭ বছরের সুদ = ১৮৫ টাকা

১০০ টাকার ১ বছরের সুদ = $\frac{১৮৫}{৩৭}$ = ৫ টাকা

∴ সুদের হার ৫%

১৮. বার্ষিক ৫% সরল মুনাফায় ৬০০ টাকার ৪ বছরের সরল মুনাফা কত টাকা?

ক. ১২০ খ. ২৪০
গ. ৩৬০ ঘ. ৪৮০ **উত্তর : ক**

সমাধান : $I = prn = ৬০০ \times ৪ \times \frac{৫}{১০০}$

∴ সরল মুনাফা ১২০ টাকা

১৯. ১০% মুনাফায় ৩০০০ টাকা এবং ৮% মুনাফায় ২০০০ টাকা বিনিয়োগ করলে মোট মূলধনের উপর গড়ে শতকরা কত হারে মুনাফা পাওয়া যাবে?

ক. ৯% খ. ৯.২%
গ. ৮% ঘ. ৮.২% **উত্তর : খ**

সমাধান : ১০% মুনাফায়, ১০০ টাকার ১ বছরের মুনাফা ১০ টাকা

∴ ৩০০০ " ১ " " = $\frac{১০ \times ৩০০০}{১০০}$ "
= ৩০০ টাকা

আবার, ৮% মুনাফায়, ১০০ টাকার ১ বছরের মুনাফা ৮ টাকা

∴ ২০০০ " ১ " " = $\frac{৮ \times ২০০০}{১০০}$ "
= ১৬০ টাকা

∴ তিনি মোট মুনাফা পাবেন = (৩০০ + ১৬০) টাকা
= ৪৬০ টাকা

∴ তিনি মোট মূলধন = (৩০০০ + ২০০০) টাকা
= ৫০০০ টাকা

৫০০০ টাকা মূলধনে মুনাফা হয় = ৪৬০ টাকা

∴ ১ " " " " = $\frac{৪৬০}{৫০০০}$ "

∴ ১০০ " " " " = $\frac{৪৬০ \times ১০০}{৫০০০}$ "
= ৯.২ টাকা

২০. শতকরা ৫ টাকা হার সুদে ১২০ টাকা তিন বছরে সুদে-আসলে কত হয়?

ক. ১৩৫ টাকা খ. ১৩৭.৫ টাকা
গ. ১৩৮ টাকা ঘ. ১৪৮ টাকা **উত্তর : গ**

সমাধান : ১০০ টাকার ১ বছরের সুদ ৫ টাকা

∴ ১ " ১ " " = $\frac{৫}{১০০}$ টাকা

∴ ১ " ৩ " " = $\frac{৫ \times ৩}{১০০}$ টাকা

∴ ১২০ " ৩ " " = $\frac{৫ \times ৩ \times ১২০}{১০০}$ টাকা
= ১৮ টাকা

অতএব, সুদ = ১৮ টাকা,
আসল = ১২০ টাকা

∴ সুদ-আসল = ১৮ + ১২০
= ১৩৮ টাকা

২১. শতকরা বার্ষিক $১২\frac{১}{২}$ % টাকা সুদে কত টাকার ৪ বছরের সুদ ১০০ টাকা হবে?

ক. ১০০ টাকা খ. ২৫০ টাকা
গ. ৩০০ টাকা ঘ. ৪০০ টাকা **উত্তর : ক**

সমাধান : ১০০ টাকার ১ বছরের সুদ $= ১২\frac{১}{২}$ টাকা

$= \frac{২৫}{২}$ টাকা

১০০ " ৪ " " $= \frac{২৫ \times ৪}{২}$ টাকা

$= ৫০$ টাকা

সুদ ৫০ টাকা হলে আসল = ১০০ টাকা

১ " " " $= \frac{১০০}{৫০}$ টাকা

১০০ " " " $= \frac{১০০ \times ১০০}{৫০}$

$= ২০০$ টাকা

২২. শতকরা বার্ষিক ৬ টাকা হার সুদে ৩ বছরের সুদ ১০৮ টাকা হলে আসল কত?

ক. ৪০০ টাকা খ. ৫০০ টাকা
গ. ৬০০ টাকা ঘ. ৭০০ টাকা **উত্তর : গ**

সমাধান : ১০০ টাকায় ১ বছরে সুদ = ৬ টাকা

∴ ১০০ " ৩ " " $= ৬ \times ৩ =$ টাকা

$= ১৮$ টাকা

∴ সুদ ১৮ টাকা হলে আসল = ১০০ টাকা

সুদ ১ " " " $= \frac{১০০}{১৮}$ "

∴ সুদ ১০৮ " " " $= \frac{১০০ \times ১০৮}{১৮}$ "

$= ৬০০$ টাকা

২৩. মুনাফা ১২% থেকে হ্রাস পেয়ে ৮% হলে কত টাকার বার্ষিক মুনাফা ৫০০ টাকা হ্রাস পাবে?

ক. ১৫০০০ টাকা খ. ১২৫০০ টাকা
গ. ১২০০০ টাকা ঘ. ১৩৫০০ টাকা **উত্তর : খ**

সমাধান : ১০০ টাকায় ১ বছরে আয় কমে = ১২% − ৮% = ৪%

এখন ৪ টাকা আয় কমে যখন মূলধন = ১০০ টাকা

∴ ১ " " " " " $= \frac{১০০}{৪}$ টাকা

∴ ৫০০ " " " " " $= \frac{১০০ \times ৫০০}{৪}$ টাকা

$= ১২,৫০০$ টাকা

২৪. বার্ষিক ৮% হার সুদে কত বছরে সুদ আসলে সমান হবে?

ক. ৮ বছর খ. $১২\frac{১}{২}$ বছর
গ. ১০ বছর ঘ. $১৪\frac{১}{২}$ বছর **উত্তর : খ**

সমাধান : ধরি, n বছরে x টাকার সুদ হবে x টাকা

এখন, $I = pnr$ এখানে, $p = x$ টাকা

$\Rightarrow x = x \times n \frac{৮}{১০০}$ $I = x$ টাকা

$\Rightarrow ১ = n \times \frac{২}{২৫}$ $r = ৮\%$

$\Rightarrow n = \frac{২৫}{২}$ $= \frac{৮}{১০০}$

$\therefore n = ১২\frac{১}{২}$

২৫. কোনো আসল ২০ বছরে সুদে-মূলে দ্বিগুণ হলে কত বছরে সুদে-মূলে তিনগুণ হবে?

ক. ৩০ বছরে খ. ২৫ বছরে
গ. ৪০ বছরে ঘ. ৬০ বছরে **উত্তর : গ**

সমাধান : মনে করি, আসল ১০০ টাকা

∴ ২০ বছরে সুদে-মূলে হবে = ২০০ টাকা

∴ সুদ = (২০০ − ১০০) টাকা = ১০০ টাকা

সুদে-মূলে তিনগুণ = ৩০০ টাকা

সুদ = (৩০০ − ১০০) টাকা বা ২০০ টাকা

১০০ টাকা সুদ হয় = ২০ বছরে

∴ ১ " " " $= \frac{২০}{১০০}$ বছরে

∴ ২০০ " " " $= \frac{২০ \times ২০০}{১০০}$ বছরে $= ৪০$ বছর

২৬. শতকরা বার্ষিক কত হারে সুদে ৭০০ টাকার ৫ বছরের সুদ ১০৫ টাকা হবে?

ক. ৩% খ. ৫%
গ. ৭% ঘ. ১০% **উত্তর: ক**

গমাধান ঃ ৭০০ টাকার ৫ বছরের সুদ= ১০৫ টাকা

∴ ১০০ " ১ " " $= \frac{১০০ \times ১০৫}{৫ \times ৭০০}$ টাকা $= ৩$ টাকা

শর্টকাটঃ আমরা জানি,

$I = pnr$

$\therefore r = \frac{I}{pn} = \frac{১০৫}{৭০০ \times ৫} = \frac{৩}{১০০} = ৩\%$

মুনাফার হার ৩%।

২৭. শতকরা বার্ষিক কত হারে সুদে যে কোন আসল ৫ বছরে সুদে আসলে দ্বিগুণ হবে?

ক. ২৫% খ. ২০%

গ. ১৫% ঘ. ১০% উত্তর:খ

সমাধানঃ ধরি, আসল =১০০ টাকা

৫ বছরে পর সুদাসলে হবে =(১০০×২)টাকা= ২০০ টাকা

১০০ টাকার ৫ বছরের সুদ = (২০০-১০০)টাকা= ১০০ টাকা

১০০ টাকার ১ বছরের সুদ $=\frac{১০০}{৫}$ টাকা= ২০টাকা

শর্টকাটঃ সুদের হার $=\frac{\text{সুদে মূলে যত গুণ}-১}{\text{সময়}}\times ১০০\%$

$=\frac{২-১}{৫}\times ১০০\%$

$=\frac{১}{৫}\times ১০০\% = ২০\%$

২৮. শতকরা বার্ষিক কত হার সুদে ১ বছরে সুদ, সুদে - আসলে $\frac{১}{৫}$ অংশ হবে?

ক. ১০% খ. ১৫%

গ. ২০% ঘ. ২৫% উত্তর: ঘ

সমাধানঃ ধরি, সুদাসল = ১০০ টাকা; ১ বছরের সুদ =$(১০০\text{এর}\frac{১}{৫})$= ২০ টাকা।

আসল =(১০০-২০)টাকা=৮০ টাকা

৮০ টাকার ১ বছরের সুদ = ২০ টাকা

১ " ১ " " $=\frac{২০}{৮০}$ টাকা

১০০ " ১ " " $=\frac{২০\times ১০০}{৮০}=২৫$ টাকা

বিকল্প পদ্ধতিঃ ধরি, সুদাসল ৫ টাকা

∴ সুদ = ৫ এর $\frac{১}{৫}$ অংশ

= ১ টাকা

আসল = ৫-১ টাকা

= ৪ টাকা

আমরা জানি, I = pnr

$r=\frac{I}{pn}=\frac{১}{৪\times ১}=\frac{১}{৪}\times ১০০\% = ২৫\%$

২৯. চক্রবৃদ্ধি মুনাফা নির্ণয়ের সূত্র কোনটি?

ক. $P(1+r)^n - p$ খ. $p(1+r)^n - pnl$

গ. $p(1+r)^n \times p$ ঘ. $p(1+r)^n + p$ উত্তর : ক

সমাধান : চক্রবৃদ্ধি মুনাফার ক্ষেত্রে = $A - P = p(1+r)^n$ চক্রবৃদ্ধি মুনাফা = $A - p = p(1+r)^n - p$

৩০. আপনি পোস্ট অফিসে ১০% চক্রবৃদ্ধি সুদে ১৫০০০ টাকা জমা রাখলে ৩ বৎসর পরে কত টাকা সুদ পাবেন?

ক. ৪৫০০ খ. ৪৯৬৫

গ. ৪০০০ ঘ. ১৯৫০০ উত্তর : খ

ব্যাখ্যা : মূলধন, p = ১৫০০০ টাকা

সময় t = ৩ বছর

বছরে চক্রবৃদ্ধির সংখ্যা, n = ১

বার্ষিক শতকরা সুদের হার, r (%) = ১০

চক্রবৃদ্ধি সুদে সবৃদ্ধিমূল $= P\left(1+\frac{r}{100n}\right)^{n\cdot t}$ টাকা

$= ১৫০০০\left(১+\frac{১০}{১০০\times ১}\right)^{১\times ৩}$ টাকা

$= ১৫০০০\times (১.১)^৩$ টাকা = ১৯৯৬৫ টাকা

সুদ = (১৯৯৬৫ - ১৫০০০) = ৪৯৬৫ টাকা

ব্যাখ্যাঃ মূলধন p = ১৫০০০ টাকা

সময় n = ৩ বছর

মুনাফার হার r = ১০%

আমরা জানি, চক্রবৃদ্ধি মূলধন $c = p(১+r)^n$

$= ১৫০০০\left(১+\frac{১০}{১০০}\right)^৩$

$= ১৫০০০\left(১+\frac{১}{১০}\right)^৩$

$= ১৫০০০(১.১)^৩$

$= ১৫০০০\times ১.১\times ১.১\times ১.১$

$= ১৯৯৬৫$

∴ সুদ হবে = ১৯৯৬৫-১৫০০০ টাকা = ৪৯৬৫ টাকা।

৩১. বার্ষিক ১০% মুনাফায় ৮০০০ টাকার ৩ বছরের চক্রবৃদ্ধি মূলধন হবে–

ক. ১০৬৪৮ খ. ১০৮৫০

গ. ১৫৫৫০ ঘ. ১০৮০০ উত্তর : ক

ব্যাখ্যা : চক্রবৃদ্ধি মূলধন = আসল $\left(১+\frac{\text{হার}}{১০০}\right)^{\text{সময়}}$

$= ৮০০০\left(১+\frac{১০}{১০০}\right)^৩$

$= ৮০০০\ (১+০.১)^৩$

$= ৮০০০\ (১.১)^৩$

$= ৮০০০\times ১.১\times ১.১\times ১.১$

= ১০,৬৪৮ টাকা (সঠিক উত্তর)

৩২. এক ব্যক্তি বার্ষিক ১০% চক্রবৃদ্ধি সুদে ৬০০ টাকা ব্যাংকে জমা রাখলেন। ২য় বছর শেষে ঐ ব্যক্তি সুদসহ কত টাকা পাবেন?

ক. ৭২৭ খ. ৭৩০

গ. ৭২৫ ঘ. ৭২৬ উত্তর : ঘ

ব্যাখ্যা : চক্রবৃদ্ধি মুনাফার ক্ষেত্রে,

$C = P(১ + r)^n$ টাকা

$= ৬০০\left(১ + \frac{১০}{১০০}\right)^২$ টাকা

$= ৬০০\left(\frac{১১০}{১০০}\right)^২$ টাকা

$= ৬০০\left(\frac{১১}{১০}\right)^২$ টাকা

$= \frac{৬০০ \times ১১ \times ১১}{১০ \times ১০}$ টাকা

$= ৭২৬$ টাকা (উত্তর)

৩৩. ১ টাকায় x% হার সরল মুনাফার 8 বছরের মুনাফা x টাকা হলে x = কত?

ক. ৭৫ টাকা খ. ২৫.৫০ টাকা

গ. ২৫ টাকা ঘ. ৫০ টাকা **উত্তর : গ**

ব্যাখ্যা : দেয়া আছে, মুনাফা = x টাকা, সময় = 8 বছর, হার = x%

$\therefore$ আসল বা $x = \frac{১০০ \times \text{সুদ}}{\text{সময়} \times \text{সুদের হার}}$

$= \frac{১০০ \times x}{৪ \times x} = ২৫$

৩৪. 4% হার সুদে কত টাকার 2 বছরের সরল সুদ এবং চক্রবৃদ্ধি সুদের পার্থক্য 1 টাকা হবে?

ক. 600 খ. 650

গ. 625 ঘ. 620 **উত্তর : গ**

সমাধান : $I_1 = Pnr$

$= P \times 2 \times \frac{4}{100} = \frac{2p}{25}$

$I_2 = P\{(1 + r)^n - 1\}$

$= \{P\left(1 + \frac{1}{25}\right)^2 - 1\}$

$= P\left\{\left(\frac{26}{26}\right)^2 - 1\right\}$

$= P\left(\frac{676}{625} - 1\right)$

$\therefore I_2 = \frac{51P}{625}$

$\therefore \frac{51P}{625} - \frac{2p}{25} = 1$

$\Rightarrow \frac{51P - 50p}{625} = 1$

$\therefore P = 625$

n = সময় (বছর)
p = আসল
r = মুনাফার হার

অথবা, চক্রবৃদ্ধি ও সরল মুনাফার পার্থক্য = ১

$\Rightarrow P\{(1 + r)^n - 1 - nr\} = 1$

$\Rightarrow P\{(1 + 0.04)^2 - 1 - (2 \times 0.04)\} = 1$

$\Rightarrow p(1.0816 - 1 - 0.08) = 1$

$\Rightarrow P = \frac{১}{০.০০১৬}$ $\therefore p = 625$

৩৫. বার্ষিক ৬% হার সুদে ষাণ্মাসিক চক্রবৃদ্ধিতে ২০০০ টাকা একটি সঞ্চয়ী হিসাবে জমা রাখা হল। বছর শেষে কত টাকা পাওয়া যাবে?

ক. ২০৬০ টাকা খ. ২১২০ টাকা

গ. ২১২২ টাকা ঘ. ২২৪৭ টাকা **উত্তর : গ**

সমাধান : অর্ধ-বার্ষিক চক্রবৃদ্ধি সুদের ক্ষেত্রে,

সুদাসল $= \text{আসল}\left[১ + \frac{\text{সুদের হার}}{২০০}\right]^{২ \times \text{সময়}}$

$= ২০০০\left[১ + \frac{৬}{২০০}\right]^{২ \times ১}$ টাকা

$= ২০০০\,[১.০৩]^২$ টাকা

$= (২০০০ \times ১.০৬০৯)$ টাকা

৭. লাভ-ক্ষতি [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. একটি দ্রব্য x% ক্ষতিতে বিক্রয় করলে যে মূল্য পাওয়া যায় 3x% লাভে বিক্রয় করলে তার চেয়ে 18x টাকা বেশি পাওয়া যায়। দ্রব্যটির ক্রয়মূল্য কত? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]

ক. 400 টাকা খ. 500 টাকা
গ. 450 টাকা ঘ. 540 টাকা উ. গ

২. একজন ফল বিক্রেতা প্রতি হালি কলা ২৫ টাকা দরে ক্রয় করে প্রতি ২ হালি ৫৬ টাকা দরে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]

ক. ২৪% খ. ১২%
গ. ১৬% ঘ. ১৪% উ. খ

৩. একটি ঘড়ি ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ঘড়িটির ক্রয়মূল্য কত? [১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]

ক. ৩০০ টাকা খ. ৪০০ টাকা
গ. ৩৫০ টাকা ঘ. ৩৭৫ টাকা উ. ক

৪. একটি দ্রব্য ক্রয় করে ২৪% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য এবং ক্রয়মূল্যের অনুপাত কত? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]

ক. ১৯ ঃ ২৫ খ. ২৪ ঃ ২৫
গ. ২০ ঃ ২৫ ঘ. ১৮ ঃ ২৫ উ. ক

৫. একটি খাতা ৩৬ টাকায় বিক্রয় করলে যত ক্ষতি হয় ৭২ টাকায় বিক্রয় করলে তার দ্বিগুণ লাভ হয়, খাতাটির ক্রয়মূল্য কত? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]

ক. ৬০ টাকা খ. ৪৮ টাকা
গ. ২৪ টাকা ঘ. ১২ টাকা উ. খ

৬. এক ব্যক্তি 240 টাকায় কতগুলো পেন্সিল কিনে দেখল যে, যদি সে একটি পেন্সিল বেশি পেত তাহলে প্রতিটি পেন্সিলের মূল্য 1 টাকা কম হতো। ঐ ব্যক্তি কতটি পেন্সিল কিনেছিল? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]

ক. 13টি খ. 14টি
গ. 15টি ঘ. 16টি উ. গ

৭. একটি বই ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫টাকা বেশি হলে ৫% লাভ হয়। বাইটির ক্রয়মূল্য কত? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]

ক. ২০০ টাকা খ. ২৫০ টাকা
গ. ৩০০ টাকা ঘ. ৩৫০ টাকা উ. গ

৮. ১০ টাকায় ১ হালি লেবু কিনে ৬০ টাকায় কত হালি লেবু বিক্রয় করলে ২০% লাভ হবে? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]

ক. ৫ খ. ৬
গ. ৭ ঘ. ৪ উ. ক

৯. ১০০ টাকায় ১৫টি কমলা ক্রয় করে, ১০০ টাকায় ১২টি কমলা বিক্রয় করলে, শতকরা কত লাভ বা ক্ষতি হবে? [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]

ক. ২৫% ক্ষতি খ. ২০% লাভ
গ. ২৫% ক্ষতি ঘ. ২৫% লাভ উ. ঘ

১০. একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো। ক্ষতির শতকরা হার কত? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]

ক. ৪% খ. ৬%
গ. ৫% ঘ. ৭% উ. গ

স্কুল পর্যায়

১. একটি দ্রব্য বিক্রি করে বিক্রেতার ১০% ক্ষতি হলো। বিক্রয় মূল্য ১৩৫ টাকা বেশি হলে বিক্রেতার ২০% লাভ হতো। দ্রব্যটির ক্রয়মূল্য কত টাকা? [১৭তম স্কুল নিবন্ধন-২০২২]

ক. ৪২০ খ. ৪৫০
গ. ৪৬০ ঘ. ৪৮০ উ. খ

২. ২৫% লাভে কোনো জিনিস ১৫ টাকায় বিক্রয় করলে বিক্রেতার কত টাকা লাভ হবে? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]

ক. ২ খ. ৩
গ. ৪ ঘ. ৫ উ. খ

৩. একজন কমলা বিক্রেতা প্রতিশত কমলা ১২০০ টাকায় কিনে ১৮০০ টাকায় বিক্রি করলেন। তার শতকরা কত লাভ হলো? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]

ক. ৫০% খ. ৫৫%
গ. ৬০% ঘ. ৪০% উ. ক

৪. একটি লেবু ৪ টাকা কিনে ৫ টাকায় বিক্রি করলে লাভ– [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]

ক. ২৫% খ. ২০%
গ. ১০% ঘ. ২৫% উ. ক

৫. ১০০ টাকায় ১৫টি কমলা ক্রয় করে, ১০০ টাকায় ১২টি কমলা বিক্রয় করলে, শতকরা কত লাভ বা ক্ষতি হবে? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]

ক. ২০% ক্ষতি খ. ২০% লাভ
গ. ২৫% ক্ষতি ঘ. ২৫% লাভ উ. ঘ

৬. টাকায় ১০টি ও টাকায় ১৫টি দরে সমান সংখ্যক লিচু কিনে সবগুলো লিচু টাকায় ১২টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]

ক. ২৫% লাভ খ. ২৫% ক্ষতি
গ. ৩০% লাভ ঘ. লাভ বা ক্ষতি কিছুই হবে না উ. ঘ

৭. একটি দ্রব্য ক্রয় করে ২৪% ক্ষতিতে বিক্রয় করা হল। বিক্রয়মূল্য ও ক্রয়মূল্যের অনুপাত কত? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*

ক. ১৮ : ২৫ খ. ১০ : ১৭

গ. ১৪ : ২৫ ঘ. ১৯ : ২৫ উ. খ

৮. 5 টাকায় 2টি করে কমলা কিনে 35 টাকায় কয়টি কমলা বিক্রয় করলে x% লাভ হবে? *[৮ম স্কুল নিবন্ধন ২০১১]*

ক. $1400x$টি খ. $\frac{1400}{100+x}$টি

গ. $\frac{100+x}{1400}$টি ঘ. $\frac{1400+x}{100}$টি উ. খ

৯. টাকায় 10টি দরে লেবু ক্রয় করে ৪টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? *[৮ম স্কুল নিবন্ধন ২০১১]*

ক. 20% খ. 25%

গ. 10% ঘ. 15% উ. গ

১০. 10 টাকায় 12টি দরে জিনিস ক্রয় করে 10 টাকায় ৪টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*

ক. 25% লাভ খ. 25% ক্ষতি

গ. 50% ক্ষতি ঘ. 50% লাভ উ. ঘ

১১. একটি ভেড়া ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ভেড়াটির ক্রয়মূল্য কত? *[বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]*

ক. ৪০০ টাকা খ. ৯০০ টাকা

গ. ২০০ টাকা ঘ. ৩০০ টাকা উ. ঘ

স্কুল পর্যায়-২

১. একজন ঘড়ি বিক্রেতা 1200 টাকা দিয়ে একটি ঘড়ি ক্রয় করেছেন। ঘড়িটি কত টাকায় বিক্রয় করলে তার $17\frac{1}{2}\%$ লাভ হবে? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*

ক. 1365 টাকা খ. 1375 টাকা

গ. 1395 টাকা ঘ. 1410 টাকা উ. খ

২. টাকায় ৬টি লেবু ক্রয় করে টাকায় ৫টি লেবু বিক্রয় করলে লাভের হার কত? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*

ক. ১৫% খ. ২০%

গ. ২৫% ঘ. ৩০% উ. খ

৩. একটি কলম 10% লাভে বিক্রয় করা হল। কলমটির বিক্রয় মূল্য ও ক্রয় মূল্যের অনুপাত কত? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*

ক. 11 : 10 খ. 9 : 10

গ. 10 : 11 ঘ. 10 : 9 উ. ক

৪. আদ্রিত বাবু একটি ঘড়ি ১০% ক্ষতিতে বিক্রয় করলো। যদি বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশি হত তাহলে ৫% লাভ হত। ঘড়িটির ক্রয়মূল্য কত? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*

ক. ২৫০ টাকা খ. ৩০০ টাকা

গ. ৩২০ টাকা ঘ. ৪০০ টাকা উ. খ

৫. ৭৫ টাকায় ১৫টি কলম কিনে ৯০ টাকায় বিক্রয় করলে শতকরা লাভ কত? *[১৪তম স্কুল ও নিবন্ধন ২০১৭]*

ক. ২০% খ. ১৫%

গ. ১০% ঘ. ১৫% উ. গ

৬. ৫০০ টাকায় বিক্রয় করায় ১৫% লাভ হলো, ক্রয়মূল্য কত? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*

ক. ৬২৫ টাকা খ. ৫২৫ টাকা

গ. ৪০০ টাকা ঘ. ৩৭৫ টাকা উ. খ

৭. ৪% লাভে বিক্রয়মূল্য ৪৬৮ টাকা হলে ক্রয়মূল্য কত? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*

ক. ৪০০ টাকা খ. ৪২০ টাকা

গ. ৪৪০ টাকা ঘ. ৪৫০ টাকা উ. খ

৮. আয়ান সাহেব একটি মোবাইল সেট p টাকায় বিক্রয় করে x% লাভ করেছেন। তিনি মোবাইল সেটটি কত টাকায় ক্রয় করেছিলেন? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*

ক. $\frac{100x}{100+p}$ খ. $\frac{100p}{100+px}$

গ. $\frac{100}{100x+p}$ ঘ. $\frac{100p}{100+x}$ উ. খ

৯. একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো শতকরা ক্ষতির হার কত? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

ক. ৪% খ. ৬%

গ. ৭% ঘ. ৮%

১০. ক্রয়মূল্য ৩৫০ টাকা হলে ১২% লাভে বিক্রয়মূল্য কত? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

ক. ১১২ টাকা খ. ৩৬২ টাকা

গ. ৩৯২ টাকা ঘ. ৩৮৬ টাকা উ. গ

১১. লাভ ক্ষতির হিসেবে– *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

i. লাভ বা ক্ষতি শতকরায় প্রকাশ করা যায়

ii. ২০০ টাকায় ১০% ক্ষতি হলে, ক্ষতির পরিমাণ ১০ টাকা

iii. ১০% লাভে ৫০০ টাকার পণ্যের বিক্রয়মূল্য ৫১০ টাকা

ওপরের তথ্যের আলোকে নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii

গ. iii ঘ. i, ii, iii উ. ঘ

বিস্তারিত আলোচনা

- **ক্রয়মূল্য (Cost Price সংক্ষেপে C.P) ঃ** কোনো দ্রব্য বা অন্য কিছু ক্রয় করার সময় যে মূল্য পরিশোধ করা হয় তাকে ক্রয়মূল্য বলে।
- **বিক্রয় (Selling Price সংক্ষেপে S.P)ঃ** কোনো দ্রব্য বা অন্য কিছু বিক্রয় করার সময় যে মূল্য পাওয়া যায় তাকে বিক্রয়মূল্য বলে।
- **লাভ/ মুনাফাঃ** বিক্রয়মূল্য ক্রয়মূল্যের তুলনায় বেশি হলে তখন লাভ হয়। ক্রয়মূল্য তুলনায় বিক্রয়মূল্য যে পরিমাণ বেশি হয় সে পরিমাণকে লাভ বলে।

লাভ (Profit) = বিক্রয়মূল্য (S.P) - ক্রয়মূল্য (C.P)

ক্ষতি/ লোকসান : বিক্রয়মূল্য ক্রয়মূল্যের তুলনায় কম হলে তাকে ক্ষতি বা লোকসান বলে। বিক্রয় মূল্যের তুলনায় ক্রয়মূল্য যে পরিমাণ হয়, সে পরিমাণকে ক্ষতি বা লোকসান বলা হয়।

লোকসান (Loss) = ক্রয়মূল্য (C.P) - বিক্রয়মূল্য (S.P)

তুলনা করার জন্য লাভ বা ক্ষতি শতকরা হিসাবে প্রকাশ করা হয়। লাভ-ক্ষতি শতকরা হিসাব সবসময় ক্রয়মূল্যের উপর নির্ভর করে। অর্থাৎ, বিক্রয়মূল্য ক্রয়মূল্য চেয়ে কম হলে ক্ষতি হয়। বিক্রয়মূল্য ক্রয়মূল্য চেয়ে বেশি হলে লাভ হয় ।

১. একজন কমলা বিক্রেতা প্রতি শত কমলা ১০০০ টাকায় কিনে ১২০০ টাকায় বিক্রি করলে তার লাভ কত হবে?

ক. ১২০ টাকা খ. ২০০ টাকা
গ. ২৪০ টাকা ঘ. ৩০০ টাকা **উত্তর : খ**

ব্যাখ্যা : ক্রয়মূল্য ১০০০ টাকা; বিক্রয়মূল্য ১২০০ টাকা

∴ লাভ = (১২০০ − ১০০০) টাকা
= ২০০ টাকা

২. একটি জিনিস ৬০ টাকা বিক্রি করলে ২০% লাভ হয়। জিনিসটির ক্রয়মূল্য কত?

ক. ৪০ টাকা খ. ৫০ টাকা
গ. ৬০ টাকা ঘ. ৮০ টাকা **উত্তর : খ**

ব্যাখ্যা : ২০% লাভে, ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য = ১২০ টাকা

বিক্রয়মূল্য ১২০ টাকা হলে ক্রয়মূল্য = ১০০ টাকা

∴ বিক্রয়মূল্য ৬০ টাকা হলে ক্রয়মূল্য $= \frac{১০০ \times ৬০}{১২০}$ টাকা
$= ৫০$ টাকা

৩. একটি জিনিস ৩৬ টাকায় বিক্রি করায় যত ক্ষতি হলো, ৭২ টাকায় বিক্রি করলে তার দ্বিগুণ লাভ হতো। জিনিসটির ক্রয়মূল্য কত?

ক. ৪৮ টাকা খ. ৫০ টাকা
গ. ৫২ টাকা ঘ. ৪২ টাকা **উত্তর : ক**

ব্যাখ্যা : ধরি, জিনিসটি ৩৬ টাকায় বিক্রি করায় x টাকা ক্ষতি হলো

ফলে, " ৭২ " " " ২x " লাভ "

উভয় ক্ষেত্রে ক্রয়মূল্য সমান

∴ ৩৬ + x = ৭২ − ২x

বা, x + ২x = ৭২ − ৩৬

বা, ৩x = ৩৬ ∴ x = ১২

অর্থাৎ জিনিসটির ক্রয়মূল্য (৩৬ + ১২) বা ৪৮ টাকা।

৪. একটি জিনিস ৫৬ টাকায় বিক্রি করলে, জিনিসটির ক্রয়মূল্য যত টাকা, শতকরা তত টাকা লাভ হয়। জিনিসটির ক্রয়মূল্য কত?

ক. ৪০ টাকা খ. ৩৬ টাকা
গ. ৫০ টাকা ঘ. ৩২ টাকা **উত্তর : ক**

ব্যাখ্যা : ধরি, ক্রয়মূল্য x টাকা

তাহলে, বিক্রয় মূল্য ৫৬ টাকায় লাভ হয় x%

x% লাভে,

বিক্রয়মূল্য (১০০ + x) টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ " ১ " " " $= \frac{১০০}{১০০ + x}$ টাকা

∴ " ৫৬ " " " $= \frac{১০০ \times ৫৬}{১০০ + x}$ "

প্রশ্নমতে, $\frac{১০০ \times ৫৬}{১০০ + x} = x$

বা, $\frac{৫৬০০}{১০০ + x} = x$

বা, $x^2 + ১০০x = ৫৬০০$

বা, $x^2 + ১০০x - ৫৬০০ = ০$

বা, $x^2 + ১৪০x - ৪০x - ৫৬০০ = ০$

বা, $x(x + ১৪০) - ৪০(x + ১৪০) = ০$

বা, $(x - ৪০)(x + ১৪০) = ০$

∴ $x = ৪০$ অথবা $x = -১৪০$

অর্থাৎ দ্রব্যটির ক্রয়মূল্য ৪০ টাকা

৫. একটি কবিতার বই ১৫% কমিশনে বিক্রয় করা হয়। কবিতার বইটির প্রকৃত বিক্রয়মূল্য ১২০ টাকা হলে বইটি কত টাকায় ক্রয় করা যাবে?

ক. ১০০ টাকা খ. ১০৫ টাকা
গ. ৯৫ টাকা ঘ. ১০২ টাকা **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ১৫% কমিশনে,

প্রকৃত বিক্রয় মূল্য ১০০ টাকা হলে ক্রয় করা যাবে ৮৫ টাকায়

" " " ১ " " " " " $\frac{৮৫}{১০০}$ "

∴ " " " ১২০ " " " " $\frac{৮৫ \times ১২০}{১০০}$ "

$= ১০২$ টাকা।

৬. রাজু একটি বই হাসানের কাছে ১০% ক্ষতিতে বিক্রি করল। রাজু যদি বইটি ২০% কম দামে কিনত এবং ৪৪ টাকা বেশি দামে বিক্রি করত তবে তার ৪০% লাভ হত। রাজু বইটি কত দামে কিনেছে?

ক. ৫০ টাকা খ. ১০০ টাকা
গ. ২০০ টাকা ঘ. ৫০০ টাকা **উত্তর : গ**

ব্যাখ্যা : ১০% ক্ষতিতে বিক্রয় মূল্য (১০০ − ১০) বা ৯০ টাকা

২০% কমে বইটির ক্রয়মূল্য (১০০ − ২০) টাকা = ৮০ টাকা

৪০% লাভে বিক্রয়মূ্য (১০০ + ৪০) টাকা = ১৪০ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১৪০ টাকা

∴ " ৮০ " " " $\frac{১৪০ \times ৮০}{১০০}$ "

$= ১১২$ টাকা

∴ বিক্রয়মূল্য (১১২ − ৯০) টাকা বা ২২ টাকা

১২ টাকা বেশি মূল্যে বিক্রি করলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ ৪৪ টাকা " " " " " $\frac{১০০ \times ৪৪}{২২}$ "

= ২০০ টাকা

৭. ১টি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো। ক্ষতির শতকরা হার কত?

ক. ৪% খ. ৬%

গ. ৫% ঘ. ৭% উত্তর : গ

ব্যাখ্যা : দ্রব্যটির ক্রয়মূল্য (৩৮০ + ২০) বা ৪০০ টাকা

এখন, ৪০০ টাকায় ক্ষতি হয় ২০ টাকা

∴ ক্ষতির হার $\left(\frac{২০}{৪০০} \times ১০০\right)\% = ৫\%$

৮. তানজিম ৫টি কলম, ২০ টাকায় বিক্রয় করায় তার ৫ টাকা ক্ষতি হলো। তার ক্রয়মূল্য কত?

ক. ২০ টাকা খ. ২৫ টাকা

গ. ১৫ টাকা ঘ. ১০ টাকা উত্তর : খ

ব্যাখ্যা : ক্ষতির ক্ষেত্রে ক্রয়মূল্য = বিক্রয়মূল্য + ক্ষতি

= ২০ + ৫ = ২৫

৯. একটি দ্রব্য ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৮০ টাকা বেশি হলে ১০% লাভ হতো। দ্রব্যটির ক্রয়মূল্য কত?

ক. ২৮০ টাকা খ. ৩০০ টাকা

গ. ৩৮০ টাকা ঘ. ৪০০ টাকা উত্তর : ঘ

ব্যাখ্যা : দ্রব্যটির ক্রয়মূল্য ১০০ টাকা হলে,

১০% ক্ষতিতে বিক্রয়মূল্য = ১০০ − ১০ = ৯০ টাকা

১০% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ১০ = ১১০ টাকা

বিক্রয় পার্থক্য ২০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ " " ৮০ " " " $\frac{১০০ \times ৮০}{২০}$ "

= ৪০০ টাকা।

১০. এক দোকানদার ১২.৫% ক্ষতিতে একটি দ্রব্য বিক্রি করেন। যে মূল্য দিয়ে তিনি দ্রব্যটি বিক্রি করলেন তার চাইতে ৩০ টাকা বেশি মূল্যে বিক্রি করলে ক্রয়মূল্যের ওপর ২৫% লাভ হত। দ্রব্যটির ক্রয়মূল্য কত টাকা?

ক. ৭৫ খ. ৮০

গ. ৮৫ ঘ. ৯০ ঙ. ৯৫ উত্তর : খ

ব্যাখ্যা : ১২.৫% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ − ১২.৫) টাকা

= ৮৭.৫ টাকা

আবার, ২৫% লাভে বিক্রয়মূল্য (১০০ + ২৫) = ১২৫ টাকা

বিক্রয় পার্থক্য = (১২৫ − ৮৭.৫) = ৩৭.৫ টাকা

৩৭.৫ টাকা বিক্রয় পার্থক্য হলে ক্রয়মূল্য ১০০ টাকা।

∴ ৩০ " " " " " $= \frac{১০০ \times ৩০}{৩৭.৫} = ৮০$ টাকা

১১. একটি কলম ও পেন্সিলের একত্রিত মূল্য ৪২ টাকা। যদি পেন্সিলের মূল্য কলমের মূল্যের $\frac{১}{৬}$ অংশ হয়, তবে কলমের মূল্য কত?

ক. ৩০ খ. ৩২

গ. ৩৬ ঘ. কোনোটিই নয় উত্তর : গ

ব্যাখ্যা : ধরি, কলমের মূল্য x টাকা

∴ পেন্সিলের মূল্য $\frac{x}{৬}$ "

$\therefore x + \frac{x}{৬} = ৪২$

$\Rightarrow \frac{৬x + x}{৬} = ৪২$

$\Rightarrow ৭x = ৪২ \times ৬$

$\Rightarrow ৭x = \frac{৪২ \times ৬}{৭}$

$\therefore x = ৩৬$

১২. একটি ঘড়ি ১০% ক্ষতিতে বিক্রয় হলো। বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ঘড়িটির ক্রয়মূল্য কত?

ক. ২৫০ টাকা খ. ৩০০ টাকা

গ. ৩৫০ টাকা ঘ. ৪০০ টাকা উত্তর : খ

ব্যাখ্যা : ১০% ক্ষতি বিক্রয়মূল্য = (১০০ − ১০) টাকা = ৯০

৫% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ৫) টাকা = ১০৫ টাকা

দুই বিক্রয় মূল্যের পার্থক্য = (১০৫ − ৯০) টাকা = ১৫ টাকা

বিক্রয়মূল্য ১৫ টাকা বেশি হলে ক্রয়মূল্য = ১০০ টাকা

" ৪৫ " " " " $= \frac{১০০ \times ৪৫}{১৫}$ টাকা

= ৩০০ টাকা

১৩. একটি বইয়ের মূল্য ১০০ টাকা। বিক্রয়ের সুবিধার্থে বইটির মূল্যে ১০% হ্রাস করা হলো। তিন মাস পর বইটির নতুন মূল্যের উপর আরো ৬% ছাড় দিয়ে বইটি বিক্রয় করা হলো। বইটি কত টাকায় বিক্রয় হলো?

ক. ৮৪.৫ খ. ৮৪.৬

গ. ৮৪ ঘ. কোনোটিই নয় উত্তর : খ

ব্যাখ্যা : বইয়ের মূল্য = ১০০ টাকা ১০% হ্রাসে মূল্য = ১০০ − ১০

= ৯০ টাকা

১০০ টাকায় হ্রাস করা হয় = ৬ টাকা

∴ ১ " " $= \frac{৬}{১০০}$ টাকা

∴ ৯০ " " $= \frac{৬ \times ৯০}{১০০}$ টাকা = ৫.৪ টাকা

বইয়ের বিক্রয় মূল্য (৯০ − ৫.৪) টাকা = ৮৪.৬ টাকা

Scanned with CamScanner CamScanner

১৪. এক ব্যক্তি ডজন ১৮ টাকা হিসেবে কমলা ক্রয় করেন। তিনি তিনটি কমলার ক্রয়মূল্যে দুটি বিক্রয় করেন। প্রতি ডজন কমলার বিক্রয় মূল্য কত?

ক. ২৪ খ. ২৭
গ. ৩৬ ঘ. ৪২ **উত্তর : খ**

ব্যাখ্যা : ১২টি কমলার ক্রয়মূল্য = ১৮ টাকা

১টি " " $= \frac{১৮}{১২}$ টাকা

৩টি " " $= \frac{১৮ \times ৩}{১২}$ টাকা $= \frac{৯}{২}$ টাকা

২টি কমলার বিক্রয়মূল্য $= \frac{৯}{২}$ টাকা

১ " " " $= \frac{৯}{২ \times ২}$ টাকা

১২ " " " $= \frac{৯ \times ১২}{২ \times ২}$ টাকা = ২৭ টাকা

১৫. ৩৬ টাকা ডজন দরে ক্রয় করে ২০% লাভে বিক্রয় করা হল, এক কুড়ি কলার বিক্রয়মূল্য কত?

ক. ৬০ টাকা খ. ৭২ টাকা
গ. ৬২ টাকা ঘ. ৭৫ টাকা **উত্তর : খ**

ব্যাখ্যা : ৩৬ টাকায় ক্রয় করে = ১২ টি কলা

১ " " " $= \frac{১২}{৩৬}$ " "

১০০ " " " $= \frac{১২ \times ১০০}{৩৬}$ " $= \frac{১০০}{৩}$ টি কলা

২০% লাভে, ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয় মূল্য = (১০০ + ২০) টাকা = ১২০ টাকা

২০% লাভ করতে হলে, $\frac{১০০}{৩}$ টি কলার বিক্রয়মূল্য = ১২০ টাকা

১ " " " $= \frac{১২০ \times ৩}{১০০}$ "

২০ " " " $= \frac{১২০ \times ৩ \times ২০}{১০০}$ " = ৭২ টাকা

উঃ মুঘল শাসনের বিরুদ্ধে যে বারোজন ভূঁইয়া বাংলায় লড়াই করেছিলেন, তাঁদের বারো ভূঁইয়া বলা হয়। তবে কারো কারো মতে, 'বারো ভূঁইয়া' বলতে বারোজন ভূঁইয়াকে বোঝায় না বরং অসংখ্যকে বোঝায়।
প্রশ্ন: বাংলার বারোভূঁইয়ার মধ্যে শ্রেষ্ঠ ভূঁইয়া কে ছিলেন?
উঃ ঈসা খাঁ।
প্রশ্ন: ঈসা খাঁর রাজধানী ছিল কোথায়?
উঃ সোনারগাঁও।
প্রশ্ন: বারোভূঁইয়াদের পরাজিত করেন কোন মোঘল সম্রাটের শাসনামলে?
উঃ সম্রাট জাহাঙ্গীরের আমলে।
প্রশ্ন: বারোভূঁইয়াদের পরাজিত করেন কে?
উঃ মোঘল সুবেদার ইসলাম খান।

২.৪ মোঘল শাসনামল

প্রশ্ন: কোন যুদ্ধের মাধ্যমে ভারতবর্ষে মোঘল শাসনামল প্রতিষ্ঠিত হয়?
উঃ পানি পথের প্রথম যুদ্ধের মাধ্যমে।
প্রশ্ন: পানি পথের প্রথম যুদ্ধ কবে সংঘটিত হয়?
উঃ ১৫২৬ সালে। (উল্লেখ্য যে, পানি পথে মোট ৩টি যুদ্ধ হয়েছিল- ১৫২৬, ১৫৫৬ ও ১৭৬১ খ্রিস্টাব্দে)
প্রশ্ন: পানি পথের প্রথম যুদ্ধ কার মধ্যে সংঘটিত হয়?
উঃ ইব্রাহিম লোদী ও সম্রাট বাবরের মধ্যে।
প্রশ্ন: মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে?
উঃ জহিরউদ্দীন মুহাম্মদ বাবর ('বাবর' অর্থ ব্যাঘ্র বা বাঘ)।
প্রশ্ন: মুঘল সম্রাটদের মধ্যে প্রথম কে আত্মজীবনী লিখেন?
উঃ সম্রাট বাবর।
প্রশ্ন: সম্রাট বাবরের আত্মজীবনীর নাম কী?
উঃ 'তুজুক-ই-বাবর' বা 'বাবরনামা'।
প্রশ্ন: ভারতবর্ষে জন্মগ্রহণকারী প্রথম মোঘল সম্রাট কে?
উঃ সম্রাট আকবর।
প্রশ্ন: কোন যুদ্ধের ফলে বাংলাদেশ/বাংলা মুঘল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়?
উঃ রাজমহলের যুদ্ধের মাধ্যমে। (নোট: কিন্তু ভারতবর্ষ মোঘল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়- পানিপথের প্রথম যুদ্ধের মাধ্যমে)
প্রশ্ন: রাজমহলের যুদ্ধ সংঘটিত হয় কবে?
উ: ১৫৭৬ খ্রিস্টাব্দে।
প্রশ্ন: বাংলায় মোঘল শাসনের প্রতিষ্ঠাতা কে?
উঃ সম্রাট আকবর (নোট: ভারতবর্ষে মোঘল শাসনের প্রতিষ্ঠাতা- সম্রাট বাবর)।
প্রশ্ন: উপমহাদেশে প্রথম ব্যাংকিং ব্যবস্থা চালু হয় কোন আমলে?
উঃ মুঘল আমলে। (নোট: বিশ্বে প্রথম ব্যাংকিং ব্যবস্থা চালু হয়- ইতালিতে)

Scanned with CamScanner CamScanner

প্রশ্ন: লালবাগে পরীবিবির সমাধিসৌধ কে তৈরি করেন?
উঃ শায়েস্তা খান।
প্রশ্ন: পরীবিবি কে ছিলেন?
উঃ নবাব শায়েস্তা খানের কন্যা।
প্রশ্ন: পরীবিবির আসল নাম কী?
উঃ ইরান দুখত।
প্রশ্ন: কোন সালে সুবেদার ইসলাম খান ঢাকায় বাংলার রাজধানী স্থাপন করেন?
উঃ ১৬১০ সালে।
প্রশ্ন: কোন নামটী মুঘল আমলে সুবেহ বাংলার রাজধানী ছিল?
উঃ ঢাকা।
প্রশ্ন: কাদের রাজত্বকালে বিশ্ব বিখ্যাত মসলিন বস্ত্র তৈরি হত?
উঃ মুঘল আমলে।
প্রশ্ন: কোন আমলে মসলিন শাড়ির ব্যাপক প্রসার ঘটে?
উঃ মুঘল আমলে।
প্রশ্ন: ঈসা খাঁনের রাজধানী কোথায় ছিল?
উঃ সোনারগাঁয়ে।
প্রশ্ন: কোন আমলে সোনারগাঁও বাংলার রাজধানী ছিল?
উঃ মোঘল আমলে।
প্রশ্ন: রাজস্ব আদায়ের জন্য কে ইজারাদারী প্রথা প্রবর্তন করেন?
উঃ মুর্শিদকুলি খান।
প্রশ্ন: সম্রাট আকবর বাংলা জয় করেন কবে?
উঃ ১৫৭৬ সালে।
প্রশ্ন: চট্টগ্রামের নাম ইসলামাবাদ রাখেন কে?
উঃ সুবেদার শায়েস্তা খান। (কিন্তু ঢাকার নাম জাহাঙ্গীরনগর রাখেন সুবেদার ইসলাম খান)
প্রশ্ন: ইসলাম খান কোথা থেকে ঢাকায় রাজধানী স্থাপন করেন?
উঃ রাজমহল থেকে।
প্রশ্ন: কে বাংলার রাজধানী ঢাকা থেকে মুর্শিদাবাদে স্থানান্তর করেন?
উঃ নবাব মুর্শিদকুলি খান (মনে রাখুন: মুর্শিদাবাদে মুর্শিদকুলী)
প্রশ্ন: ঢাকার দোলাই খাল কে খনন করেন?
উঃ সুবেদার ইসলাম খান।
প্রশ্ন: পানিপথের তৃতীয় যুদ্ধ অনুষ্ঠিত হয় কোন সালে?
উঃ ১৭৬১ সালে।
প্রশ্ন: শেরশাহ কোন যুদ্ধে হুমায়ুনকে পরাজিত করে দিল্লির সিংহাসন দখল করেন?
উঃ কনৌজের যুদ্ধ। (১৫৪০ খ্রিস্টাব্দে)
প্রশ্ন: 'কবুলিয়ত' ও 'পাট্টা' প্রথার প্রচলন করেন কে?
উঃ শেরশাহ
প্রশ্ন: ভারতবর্ষে ঘোড়ার ডাকের প্রচলন করেন কে?
উঃ শেরশাহ। (তবে ভারতবর্ষে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করেন আলাউদ্দিন খিলজী)
প্রশ্ন: 'কবুলিয়ত' ও 'পাট্টা' প্রথার প্রচলন করেন কে?
উঃ শেরশাহ।
প্রশ্ন: কোন শাসক দিল্লি থেকে ইংরেজদের বিতাড়িত করেন?
উঃ শেরশাহ।
প্রশ্ন: 'গ্রান্ড ট্রাঙ্ক রোড' কে নির্মাণ করেন?
উঃ শেরশাহ।
প্রশ্ন: 'দাম' নামক মুদ্রা দিল্লির কোন সুলতানের সময় প্রচলিত ছিল?
উঃ শেরশাহ।
প্রশ্ন: বাংলাকে কে 'জান্নাতাবাদ' বলে ঘোষণা করেন?
উঃ সম্রাট হুমায়ুন।
প্রশ্ন: আকবর দিল্লির সিংহাসনে বসার সময় তার বয়স কত?
উঃ ১৩ বছর।
প্রশ্ন: সম্রাট আকবরের প্রবর্তিত ধর্মের নাম কী?
উঃ দ্বীন-ই-ইলাহী।
প্রশ্ন: 'মনসবদারি' প্রথা কে প্রবর্তন করেন?
উঃ সম্রাট আকবর।
প্রশ্ন: 'রাজপুত' প্রথা কে প্রবর্তন করেন?
উঃ সম্রাট আকবর।
প্রশ্ন: সম্রাট আকবরের জীবনী লিখেন কে?
উঃ আকবরের সভাকবি আবুল ফজল।
প্রশ্ন: সম্রাট আকবরের জীবনীর নাম কী?
উঃ আইন-ই-আকবরী।
প্রশ্ন: 'আইন-ই-আকবরী' গ্রন্থের লেখক কে?
উঃ আবুল ফজল।
প্রশ্ন: কার আমলে সমগ্র বাংলা 'সুবহ-ই-বাঙ্গালাহ' নামে পরিচিত ছিল?
উঃ সম্রাট আকবর। [নোট: তবে সুলতান শামসুদ্দীন ইলিয়াস শাহ এর শাসনামল থেকে সমগ্র বাংলা ভাষাভাষী অঞ্চল 'বাঙ্গালাহ' নামে পরিচিত হতে থাকে]
প্রশ্ন: বাংলা সনের/বাংলা নববর্ষের প্রবর্তন করেন কে?
উঃ মোঘল সম্রাট আকবর।
প্রশ্ন: কোন সালে বাংলা সন/বাংলা নববর্ষের প্রবর্তন করা হয়?
উঃ ১৫৮৪ খ্রিস্টাব্দে। তবে ১৫৫৬ খিস্টাব্দকে ভিত্তি বছর ধরে বাংলা সাল গণনা শুরু হয়। কারণ ১৫৫৬ খ্রিস্টাব্দে সম্রাট আকবর দিল্লির সিংহাসনে বসেন। [সূত্র: বাংলাপিডিয়া]
প্রশ্ন: কোন মুঘল সম্রাট 'জিজিয়া কর' রহিত করেন?
উঃ সম্রাট আকবর।
প্রশ্ন: 'অমৃতসর স্বর্ণ মন্দির' কোন সম্রাটের আমলে তৈরি হয়?
উঃ সম্রাট আকবরের।
প্রশ্ন: কোন মোঘল সম্রাট 'বুলান্দ দরওয়াজা' নির্মাণ করেন?
উঃ সম্রাট আকবর।
প্রশ্ন: সম্রাট আকবরের সমাধি কোথায় অবস্থিত?
উঃ সেকেন্দ্রায়।
প্রশ্ন: কোন মুঘল সম্রাট 'Prince of Builders' নামে খ্যাত?
উঃ সম্রাট শাহজাহান।
প্রশ্ন: দিল্লির 'দেওয়ান-ই-আম' ও 'দেওয়ান-ই-খাস' নির্মাণ করেন কে?
উঃ সম্রাট শাহজাহান।
প্রশ্ন: আগ্রার জামে মসজিদ নির্মাণ করেন কে?
উঃ সম্রাট শাহজাহান।

Scanned with CamScanner CamScanner

প্রশ্ন: ময়ূর সিংহাসনের নির্মাতা কে ছিলেন?
উঃ সম্রাট শাহজাহান।
প্রশ্ন: ময়ূর সিংহাসন কে লুণ্ঠন করেন?
উঃ পারস্যের নাদির শাহ (১৭৩৯)।
প্রশ্ন: ময়ূর সিংহাসন বর্তমানে রক্ষিত আছে?
উঃ ইরানে।
প্রশ্ন: দিল্লীর 'লাল কেল্লা' কে নির্মাণ করেন?
উঃ সম্রাট শাহজাহান।
প্রশ্ন: দিল্লীর 'কুতুব মিনার' কে নির্মাণ করেন?
উঃ কুতুবউদ্দিন আইবেক।
প্রশ্ন: সবশেষ মোগল সম্রাট কে?
উঃ বাহাদুর শাহ জাফর; যার অপর নাম দ্বিতীয় বাহাদুর শাহ।
প্রশ্ন: সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহের সমাধি কোথায় অবস্থিত?
উঃ রেঙ্গুন (ইয়াঙ্গুন), মিয়ানমার।
প্রশ্ন: হুসেনী দালান (ইমাম বাড়ি) কে নির্মাণ করেন?
উঃ মীর মুরাদ।
প্রশ্ন: ঢাকার সাত গম্বুজ মসজিদ কে নির্মাণ করেন?
উঃ সুবেদার শায়েস্তা খাঁ।
প্রশ্ন: কোন মুঘল সুবেদার পর্তুগিজদের চট্টগ্রাম থেকে বিতাড়িত করেন?
উঃ শায়েস্তা খান। (মনে রাখুন: চট্টগ্রাম থেকে পর্তুগিজদের **শায়েস্তা** করে বিতাড়িত করা হয়! মানে **শায়েস্তা** খান)
প্রশ্ন: মুঘল সাম্রাজ্যের পতন ঘটে কবে?
উঃ ১৮৫৭ সালে। (নোট: তবে ভারতবর্ষে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটে ১৮৫৮ সালে। অর্থাৎ, ১৮৫৭ সালে উপমহাদেশে সিপাহী বিপ্লব ব্যর্থ হওয়ার কিছু দিন পর ১৮৫৮ সালে ইংল্যান্ডের রানি ভিক্টোরিয়া কর্তৃক ভারতীয় উপমহাদেশের শাসনভার গ্রহণ করলে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটে। তখন ভারতবর্ষে সরাসরি রানি ভিক্টোরিয়ার শাসন শুরু হয়)

২.৫ উপনিবেশিক শাসন

প্রশ্ন: ইউরোপ থেকে সমুদ্র পথে ভারতবর্ষে আসার পথ আবিষ্কৃত হয় কত সালে?
উঃ ১৪৮৭ সালে।
প্রশ্ন:পর্তুগিজ নাবিক ভাস্কো-ডা-গামা ভারতবর্ষে আসেন কত সালে?
উঃ ১৪৯৮ সালে।
প্রশ্ন: বাংলায় ইউরোপীয় বণিকদের মধ্যে কারা প্রথম এসেছিল?
উঃ পর্তুগিজরা।
প্রশ্ন: পর্তুগিজদের পর কারা বাণিজ্যের জন্য বাংলায় আসেন?
উঃ ওলন্দাজরা।
প্রশ্ন: কোন সালে 'ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি' গঠিত হয়?
উঃ ১৬০০ সালে (ইংল্যান্ডে এটি গঠিত হয়েছিল)।
প্রশ্ন: ইংরেজরা ভারতবর্ষে আসেন কত সালে?
উঃ ১৬০৮ সালে
প্রশ্ন: ইংরেজরা বাংলায় প্রথম কোন স্থানে কুঠি স্থাপন করে?
উঃ সুরাটে।
প্রশ্ন: কোন মোগল সম্রাট ইংরেজদের বাণিজ্যিক কুঠি স্থাপনের অনুমতি দেন?
উঃ সম্রাট জাহাঙ্গীর।
প্রশ্ন: কোন মোগল সম্রাটের সাথে চুক্তির ফলে ইংরেজ কোম্পানি বিনা শুল্কে বাংলাদেশ ও মোগল সাম্রাজ্যের সর্বত্রে বাণিজ্য করার অধিকার লাভ করে?
উঃ সম্রাট জাহাঙ্গীর।
প্রশ্ন: কোন চুক্তির ফলে ইংরেজরা বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানী লাভ করে?
উঃ এলাহাবাদ চুক্তি।
প্রশ্ন: বাংলায় ইংরেজদের কোন কুঠিটি সবচেয়ে সুরক্ষিত ছিল?
উঃ কলকাতার ফোর্ট উইলিয়াম কুঠি বা দুর্গটি।
প্রশ্ন: কলকাতা নগরী কে প্রতিষ্ঠা করেন?
উঃ ইংরেজ কর্মচারী জন চার্নক।
প্রশ্ন: পলাশীর যুদ্ধ কবে সংঘটিত হয়?
উঃ ২৩ শে জুন, ১৭৫৭ সালে।
প্রশ্ন: নবাব মীর কাশিম ও ইংরেজদের মধ্যে কোন সালে যুদ্ধ বাধে?
উঃ ১৭৬৪ সালে বক্সার যুদ্ধ।
প্রশ্ন: উপমহাদেশের প্রথম ব্রিটিশ গভর্নর কে ছিল?
উঃ লর্ড ক্লাইভ।
প্রশ্ন: দ্বৈত শাসন ব্যবস্থার প্রবর্তন করেন কে?
উঃ লর্ড ক্লাইভ।
প্রশ্ন: দ্বৈত শাসন ব্যবস্থা কবে চালু করা হয়?
উঃ ১৭৬৫ সালে।
প্রশ্ন: দ্বৈত শাসন ব্যবস্থা কবে বাতিল করা হয়?
উঃ ১৭৭২ সালে।
প্রশ্ন: বাংলায় দ্বৈত শাসন ব্যবস্থা কে রহিত করেন?
উঃ লর্ড ওয়ারেন হেস্টিংস।
প্রশ্ন: দ্বৈত শাসন ব্যবস্থায় শাসন কর্তৃত্ব কার ওপর ন্যস্ত হয়?
উঃ নবাবের।
প্রশ্ন: দ্বৈত শাসন ব্যবস্থায় শাসন প্রজস্ব আদায়ের দায়িত্ব কার ওপর ন্যস্ত হয়?
উঃ লর্ড ক্লাইভ।
প্রশ্ন: নিলাম সূত্রে কে জমি বন্দোবস্তের প্রথা চালু করেন?
উঃ লর্ড ওয়ারেন হেস্টিংস।
প্রশ্ন: চিরস্থায়ী ভূমি বন্দোবস্ত প্রথা প্রবর্তন করেন কে?
উঃ লর্ড কর্নওয়ালিস।
প্রশ্ন: কত সালে চিরস্থায়ী ভূমি বন্দোবস্ত প্রথা প্রবর্তন করা হয়?
উঃ ১৭৯৩ সালে।
প্রশ্ন: চিরস্থায়ী বন্দোবস্তের ফলে ভূমির প্রকৃত মালিক হন কে?
উঃ জমিদারগণ।
প্রশ্ন: 'সূর্যাস্ত আইন' কীসের সাথে যুক্ত?
উঃ চিরস্থায়ী বন্দোবস্ত।
প্রশ্ন: 'ছিয়াত্তরের মন্বন্তর' এর মূল কারণ কী ছিল?
উঃ লর্ড ক্লাইভের দ্বৈত শাসন ব্যবস্থা।
প্রশ্ন: 'ছিয়াত্তরের মন্বন্তর' এর সময় বাংলার গভর্নর ছিলেন কে?
উঃ জন কার্টিয়ার।

Scanned with CamScanner CamScanner

প্রশ্ন: বাংলা কত সালে 'ছিয়াত্তরের মন্বন্তর' হয়েছিল?
উঃ ১১৭৬ খ্রিস্টাব্দে।
প্রশ্ন: ইংরেজি কত সালে 'ছিয়াত্তরের মন্বন্তর' হয়েছিল?
উঃ ১৭৭০ সালে।
প্রশ্ন: 'পঞ্চাশের মন্বন্তর' কখন হয়েছিল?
উঃ ১৩৫০ বঙ্গাব্দে এবং ১৯৪৩ খ্রিস্টাব্দে।
প্রশ্ন: বাংলায় নীল চাষ শুরু হয় কবে?
উঃ ১৭৭০ সালে।
প্রশ্ন: বাংলায় প্রথম নীল চাষ শুরু করে কোন ব্রিটিশ শাসন?
উঃ জন কার্টিয়ার।
প্রশ্ন: বাংলায় নীল চাষ চিরতরে বন্ধ করেন কোন ব্রিটিশ শাসক?
উঃ লর্ড ক্যাম্পডাউন (১৮৯২ সালে)
প্রশ্ন: 'অন্ধকূপ হত্যাকাণ্ড' কখন সংগঠিত হয়েছিল?
উঃ ১৭৫৬ সালে।
প্রশ্ন: 'অন্ধকূপ হত্যাকাণ্ড' এর কল্পিত কাহিনির মূল হোতা কে?
উঃ ইংরেজ সেনাপতি জে. জেড হলওয়েল। তিনি দাবি করেন যে নবাব সিরাজউদ্দৌলা কর্তৃক কলকাতা দখলের সময় একটি ছোট কামরায় ইংরেজ সৈন্যদের বন্দী করে রাখলে সেখানে ১২৩ জন মারা যায়। এটিকে 'অন্ধকূপ হত্যাকাণ্ড' বা 'Black Hole Tragedy'-ও বলা হয়।
প্রশ্ন: কে বাংলার রাজধানী মুর্শিদাবাদ থেকে কলকাতায় স্থাপন করেন?
উঃ লর্ড ওয়ারেন হেস্টিংস।
প্রশ্ন: 'বর্গী' নামে কারা পরিচিতি ছিল?
উঃ মারাঠারা।
প্রশ্ন: ইংরেজদের সাথে মীর কাসিমের যুদ্ধ সংঘটিত হয়েছিল কোথায়?
উঃ বক্সারে।
প্রশ্ন: বক্সারের যুদ্ধ হয়েছিল কোন সালে?
উঃ ১৭৬৪ সালে।
প্রশ্ন: উপমহাদেশে সর্বপ্রথম 'রাজস্ব বোর্ড' স্থাপন করেন কোন ইংরেজ শাসক?
উঃ লর্ড ওয়ারেন হেস্টিংস ।
প্রশ্ন: 'পাঁচশালা বন্দোবস্ত' কে প্রবর্তক করেন?
উঃ লর্ড ওয়ারেন হেস্টিংস।
প্রশ্ন: আদালতে ফার্সি ভাষার পরিবর্তে ইংরেজি ভাষার প্রচলন করেন কোন ইংরেজ শাসক?
উঃ লর্ড বেন্টিঙ্ক। (মনে রাখুন,লর্ড বেন্টিং ফার্সি ভাষাকে ব্যান করেছিল)
প্রশ্ন: কত সালে আদালতে ফার্সি ভাষার পরিবর্তে ইংরেজি ভাষার প্রচলন শুরু হয়?
উঃ ১৮৩৫ সালে।
প্রশ্ন: উপমহাদেশে সংস্কৃত ও ফরাসি পাশাপাশি ইংরেজি শিক্ষার প্রবর্তন করেন কে?
উঃ লর্ড বেন্টিঙ্ক।
প্রশ্ন: 'সতীদাহ প্রথার' বিলোপ সাধন কে?
উঃ লর্ড বেন্টিঙ্ক। (মনে রাখুন: কোনো জীবন্ত মানুষকে পুড়িয়ে মারা অত্যন্ত খারাপ কাজ তাই লর্ড বেন্টিং এটাকে ব্যান করেন।)
প্রশ্ন: 'সতীদাহ প্রথার' বিলোপ করা হয় কত সালে?
উঃ ১৮২৯ ।
প্রশ্ন: কোন বাঙালি 'সতীদাহ প্রথার' বিলোপ সাধনে অগ্রণী ভূমিকা পালন করেন?
উঃ রাজা রামমোহন রায় ।
প্রশ্ন: বিধবা বিবাহ আইন প্রচলন করেন কে?
উঃ লর্ড ডালহৌসি। (মনে রাখুন, বিধবা বিবাহ চালু করা করা কোনো ব্যাপার নয়, বিয়ে যে কেউ করতে পারে ডালভাতের মতো। মানে ডালহৌসি।)
প্রশ্ন: কত সালে বিধবা বিবাহ আইন প্রচলন করা হয়?
উঃ ১৮৫৬ সালে।
প্রশ্ন: কোন বাঙালি বিধবা বিবাহ আইন প্রচলনে অগ্রণী ভূমিকা পালন করেন?
উঃ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
(মনে রাখুন, বিদ্যাসাগর বিধবা বিবাহ; সতীদাহ প্রথা সং রাজা, মানে রাজা রামমোহন রায়)
প্রশ্ন: উপমহাদেশের সর্বপ্রথম রেল যোগাযোগ চালু করেন?
উঃ লর্ড ডালহৌসি।
প্রশ্ন: উপমহাদেশে প্রথম কাগজের মুদ্রার কে প্রচলন করেন?
উঃ লর্ড ক্যানিং।
প্রশ্ন: উপমহাদেশে ব্রিটিশ বিরোধী সিপাহী বিপ্লব কোন সালে ও কোথায় সংঘটিত হয়?
উঃ ১৮৫৭ সালে, বঙ্গদেশের ব্যারাকপুরে।
প্রশ্ন: ইংরেজদের বিরুদ্ধে বিদ্রোহকারী প্রথম বাঙালি কে?
উঃ সৈয়দ মীর নেসার আলী (তাঁর আরেক নাম হলো- তিতুমীর। তাঁর এই বিদ্রোহকে 'বারাসাত বিদ্রোহ' বলা হয়।)
প্রশ্ন: ব্রিটিশ শাসনের বিরুদ্ধে বাঙালিদের প্রথম বিদ্রোহ কোনটি?
উঃ ফকির-সন্ন্যাসী বিদ্রোহ।
প্রশ্ন: উপমহাদেশের প্রথম স্বাধীনতা সংগ্রাম কোনটি?
উঃ সিপাহী বিপ্লব।
প্রশ্ন: সিপাহী বিপ্লবের সময় ভারতীয় উপমহাদেশে ব্রিটিশ শাসক কে ছিলেন?
উঃ লর্ড ক্যানিং।
প্রশ্ন: সিপাহী বিদ্রোহের পর ইংরেজরা সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহ জাফরকে কোথায় নির্বাসন দেন?
উঃ মিয়ানমারের ইয়াঙ্গুনে।
প্রশ্ন: 'জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড' বা 'অমৃতসর হত্যাকাণ্ড' সংঘটিত হয় কবে?
উঃ ১৯১৯ সালে। [নোট: 'জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড' এর প্রতিবাদে ১৯১৯ সালে রবীন্দ্রনাথ ঠাকুর 'নাইট উপাধি' ত্যাগ করেছিলেন।]
প্রশ্ন: 'জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড' বা 'অমৃতসর হত্যাকাণ্ড' এর সময় উপমহাদেশে ব্রিটিশ শাসক কে ছিলেন?
উঃ লর্ড চেমসফোর্ড।
প্রশ্ন: পুরান ঢাকার বাহাদুর শাহ পার্কের পূর্বনাম কী ছিল?
উঃ ভিক্টোরিয়া পার্ক।
প্রশ্ন: ভিক্টোরিয়া পার্ক/ বাহাদুর শাহ পার্কের সাথে কোন স্মৃতি জড়িত?
উঃ সিপাহী বিপ্লব।
প্রশ্ন: কোন দেশের লোকদের ওলন্দাজ বলা হয়?
উঃ হল্যান্ড।
প্রশ্ন: উপমহাদেশের সর্বশেষ ব্রিটিশ ভাইসরয় কে ছিলেন?
উঃ লর্ড মাউন্টব্যাটন

Scanned with CamScanner CamScanner

২.৬ বঙ্গভঙ্গ

ব্রিটিশ শাসনের শুরু থেকেই বিহার ও উড়িষ্যা বাংলার সাথে যুক্ত ছিল তথা পশ্চিমবঙ্গের সাথে যুক্ত ছিল। এজন্য বাংলা প্রদেশ ছিলো খুবই বিশাল তুলনায় বড়। ফলে প্রশাসনিক কাজে সমস্যার সৃষ্টি হচ্ছিল। প্রশাসনিক কাজের সুবিধার্থে লর্ড কার্জনের এক আদেশে ১৯০৫ সালের ১৬ অক্টোবর বাংলাকে প্রশাসনিকভাবে ভাগ করা হয়। এই খণ্ডায়নের প্রক্রিয়াকেই 'বঙ্গভঙ্গ' বলে। এটি ছিল একটি প্রশাসনিক সংস্কার। পরবর্তীতে উগ্র হিন্দু জাতীয়তাবাদীদের তীব্র ক্ষোভ ও আন্দোলনের মুখে লর্ড হার্ডিঞ্জের সুপারিশে রাজা পঞ্চম জর্জের অভিষেক অনুষ্ঠানে রাজা পঞ্চম জর্জ ১৯১১ সালের ১২ ডিসেম্বর দিল্লির দরবারে বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন। যদিও, বঙ্গভঙ্গ রদের এই ঘোষণা কার্যকর হয় ১৯১২ সালের ২০ জানুয়ারি।

প্রশ্ন: বঙ্গভঙ্গ এর ঘোষণা দেন কে?
উঃ লর্ড কার্জন।
প্রশ্ন: কার সময়ে বঙ্গভঙ্গ হয়?
উঃ লর্ড কার্জনের সময়।
প্রশ্ন: বঙ্গভঙ্গ করেন কে?
উঃ লর্ড কার্জন।
প্রশ্ন: কবে সালে 'বঙ্গভঙ্গ' এর ঘোষণা দেয়া হয়?
উঃ ১৯০৫ সালের ১৯ জুলাই (লর্ড কার্জন কর্তৃক)।
প্রশ্ন: কত সালে বঙ্গভঙ্গ কার্যকর করা হয়?
উঃ ১৯০৫ সালের ১৬ অক্টোবর (লর্ড কার্জন কর্তৃক)।
প্রশ্ন: বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন কে?
উঃ রাজা পঞ্চম জর্জ। তার অভিষেক অনুষ্ঠানে দিল্লির দরবারে এই ঘোষণা দেন তিনি।)
প্রশ্ন: বঙ্গভঙ্গ রদ করেন কে?
উঃ লর্ড হার্ডিঞ্জ।
প্রশ্ন: কত সালে বঙ্গভঙ্গ রদ করা হয়?
উঃ ১৯১১ সালের ১২ ডিসেম্বর।
প্রশ্ন: বঙ্গভঙ্গ রদ কার্যকর হয় কবে?
উঃ ১৯১২ সালের ১ এপ্রিল। [সূত্র: বাংলাপিডিয়া]
প্রশ্ন: বঙ্গভঙ্গ রদ কার্যকর করেন কে?
উঃ লর্ড হার্ডিঞ্জ। [অর্থাৎ, রাজা পঞ্চম জর্জ বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন, কিন্তু তা কার্যকর করেন লর্ড হার্ডিঞ্জ।]
প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' কী ধরনের সংস্কার ছিল?
উঃ প্রশাসনিক সংস্কার।
প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' এর মাধ্যমে বাংলাকে কয়টি ভাগে বিভক্ত করা হয়?
উঃ দুটি ভাগে।
প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' এর মাধ্যমে সৃষ্ট দুটি প্রদেশের নাম কী?
উঃ ১. বাংলা প্রদেশ (রাজধানী: কলকাতা) ২. পূর্ববঙ্গ ও আসাম প্রদেশ (রাজধানী: ঢাকা)।
প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' এর মাধ্যমে সৃষ্ট নতুন প্রদেশটির নাম কী?
উঃ পূর্ববঙ্গ ও আসাম প্রদেশ। (নতুন প্রদেশের গভর্নর হিসেবে নিযুক্ত হন: ব্যামফিল্ড ফুলার)
প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' এর সময় বিহার ও উড়িষ্যা কোন প্রদেশের অন্তর্ভুক্ত ছিল?
উঃ পশ্চিমবঙ্গ
প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' এর সময় ব্রিটিশ ভারতের রাজধানী কোথায় ছিল?
উঃ কোলকাতা
প্রশ্ন: কোলকাতা থেকে বৃটিশ ভারতের রাজধানী দিল্লিতে স্থানান্তর করা হয় কত সালে?
উঃ ১৯১১ সালে (বঙ্গভঙ্গ কেন্দ্রিক সৃষ্ট বিরোধের জের ধরে)।
প্রশ্ন: কোলকাতা থেকে বৃটিশ ভারতের রাজধানী দিল্লিতে স্থানান্তর করেন কে?
উঃ লর্ড হার্ডিঞ্জ (বঙ্গভঙ্গ রদও করেন তিনি)
প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' এর মাধ্যমে মূলত কাদের স্বার্থ সংরক্ষিত হয়?
উঃ মুসলমানদের।
প্রশ্ন: কে সর্বপ্রথম বঙ্গভঙ্গকে মুসলমানদের স্বার্থের অনুকূলে বলে মতপ্রকাশ করে?
উঃ নবাব সুলিমুল্লাহ
প্রশ্ন: কোন সম্প্রদায় বঙ্গভঙ্গের বিরুদ্ধে আন্দোলন করে?
উঃ বর্ণ হিন্দুগণ।
প্রশ্ন: 'বঙ্গভঙ্গ'কে কেন্দ্র করে রবীন্দ্রনাথ ঠাকুর কোন কবিতাটি রচনা করেন?
উঃ 'আমার সোনার বাংলা' কবিতাটি।
প্রশ্ন: 'বঙ্গভঙ্গ'কে কেন্দ্র করে রবীন্দ্রনাথ ঠাকুর কোন উৎসব চালু করেন?
উঃ রাখী বন্ধন উৎসব।
প্রশ্ন: 'বঙ্গভঙ্গ'কে কেন্দ্র করে 'পরো না রেশমী চুড়ি, বঙ্গনারী, কভু হাতে আর পরো না' - এই গানটি গেয়ে গ্রামে গ্রামে ঘুরে বেড়াতেন কে?
উঃ মুকুন্দ দাস।
প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' বিরোধী আন্দোলন কোনটি?
উঃ স্বদেশী আন্দোলন।
প্রশ্ন: 'স্বদেশী আন্দোলন' এর সময়কাল কত?
উঃ ১৯০৫ সালে শুরু হয়ে ১৯০৮ সাল পর্যন্ত চলমান ছিল। [সূত্র: বাংলাপিডিয়া]
প্রশ্ন: 'স্বদেশী আন্দোলন' এর নেতৃত্ব প্রদান করেন কে?
উঃ সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, অরবিন্দ ঘোষ প্রমুখ।
প্রশ্ন: 'স্বদেশী আন্দোলন' এর শক্তিশালী সমর্থক ছিল কারা?
উঃ হিন্দু জমিদার শ্রেণি।
প্রশ্ন: বাংলার নারীসমাজ সর্বপ্রথম কখন সক্রিয়ভাবে রাজনীতিতে যোগদান করে?
উঃ স্বদেশী আন্দোলনের সময়।
প্রশ্ন: 'স্বরাজ আন্দোলন'-এর নেতা কে ছিলেন?
উঃ চিত্তরঞ্জন দাস।
প্রশ্ন: 'ভারত ছাড় আন্দোলন'-এর নেতা কে ছিলেন?
উঃ মহাত্মা গান্ধী।
প্রশ্ন: 'অহিংস আন্দোলন'-এর নেতা কে ছিলেন?
উঃ মহাত্মা গান্ধী।
প্রশ্ন: 'বঙ্গভঙ্গ'র বিরুদ্ধে বৈপ্লবিক আন্দোলন শুরু করে কোন রাজনৈতিক সংগঠন?
উঃ কংগ্রেস।

Scanned with CamScanner CamScanner

প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' রদের ফলে পূর্ব বাংলার অসন্তুষ্ট মুসলমানদের সন্তুষ্ট করার জন্য ব্রিটিশ সরকার পূর্ব বাংলায় কোন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের ঘোষণা দেন?
উ ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়
প্রশ্ন: ঢাকা বিশ্ববিদ্যায় প্রতিষ্ঠার লক্ষ্যে কোন কমিশন গঠন করা হয়?
উঃ 'নাথান কমিশন'।
প্রশ্ন: 'নাথান কমিশন' কবে গঠিত হয়?
উঃ ১৯১২ সালের ২৭ মে।
প্রশ্ন: 'নাথান কমিশন' এর সদস্য সংখ্যা কত ছিল?
উঃ ১৩জন। [সূত্র: বাংলাপিডিয়া]
প্রশ্ন: 'নাথান কমিশন' এর প্রেসিডেন্ট বা প্রধান কে ছিলেন?
উঃ আর. নাথানিয়েল (বার-অ্যাট-ল')।
প্রশ্ন: পূর্ব বঙ্গ তথা বাংলাদেশের প্রথম সরকারি বিশ্ববিদ্যালয়ের নাম কী?
উঃ ঢাকা বিশ্ববিদ্যালয়।
প্রশ্ন: ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় কবে?
উঃ ১৯২১ সালের ১ জুলাই নাথান কমিশনের সুপারিশে বাংলাদেশের প্রথম সরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম চ্যান্সেলর ছিলেন লর্ড ডানডাস (জেসিআই)। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভাইস চ্যান্সেলর (ভিসি) ছিলেন ফিলিপ জোসেপ (পি. জে) হার্টজ এবং ভারতীয় উপমহাদেশের প্রথম ভাইস চ্যান্সেলর (ভিসি)/প্রথম বাঙালি ভাইস চ্যান্সেলর (ভিসি)/ প্রথম মুসলিম ভাইস চ্যান্সেলর (ভিসি) ছিলেন স্যার এ এফ রহমান।
প্রশ্ন: বাংলাদেশের দ্বিতীয় সরকারি বিশ্ববিদ্যালয়ের নাম কী?
উঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়।
প্রশ্ন: রাজশাহী বিশ্ববিদ্যালয় কবে প্রতিষ্ঠিত হয়?
উঃ ১৯৫৩ সালে।
প্রশ্ন: ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় কে অগ্রণী ভূমিকা পালন করেন?
উঃ নওয়াব সলিমুল্লাহ
প্রশ্ন: ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য কে জমি দান করেন?
উঃ নওয়াব সলিমুল্লাহ।
প্রশ্ন: নওয়াব সলিমুল্লাহ এর মৃত্যুর পর কে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগকে বাস্তবায়ন করতে শক্ত হাতে হাল ধরেন?
উঃ নওয়াব আলী চৌধুরী
প্রশ্ন: প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত 'ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস' কবে পালিত হয়?
উঃ প্রতি বছরের ১ জুলাই।

২.৭ স্বাধিকার আন্দোলন ও ইংরেজ শাসনাবসান

প্রশ্ন: প্রথম দিকে ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের নেতৃত্ব কে প্রদান করেন?
উঃ শহীদ তিতুমীর।
প্রশ্ন: তিতুমীর এর প্রকৃত নাম কি?
উঃ সৈয়দ মীর নিসার আলী।
প্রশ্ন: নারিকেল বাড়িয়ার 'বাঁশের কেল্লা' নির্মাণ করেন কে?
উঃ শহীদ তিতুমীর।
প্রশ্ন: কার নেতৃত্বে বাঁশের কেল্লা ধ্বংস করা হয়?
উঃ লেফটেন্যান্ট কর্নেল স্টুয়ার্ট।
প্রশ্ন: কার নেতৃত্বে বারাসাত বিদ্রোহ হয়েছিল?
উঃ শহীদ তিতুমীর।
প্রশ্ন: বাংলাদেশে 'ওয়াহাবী আন্দোলনের' প্রবক্তা কে ছিলেন?
উঃ শহীদ তিতুমীর।
প্রশ্ন: বাংলাদেশে 'ফরায়েজী আন্দোলনের' প্রবক্তা কে ছিলেন?
উঃ হাজী শরীয়তউল্লাহ।
প্রশ্ন: হাজী শরীয়তউল্লাহর মৃত্যুর পর কে 'ফরায়েজী আন্দোলনকে' রাজনৈতিক আন্দোলনে রূপদান করেন?
উঃ হাজী শরীয়তউল্লাহর পুত্র হাজী দুদু মিয়া
প্রশ্ন: 'তেভাগা আন্দোলন'-এর নেতা কে ছিলেন?
উঃ হাজী মোহাম্মদ দানেশ ও ইলা মিত্র।
প্রশ্ন: ফকির-সন্ন্যাসীদের মধ্যে উল্লেখ্যযোগ্য নেতা কে ছিলেন?
উঃ ফকির মজনু শাহ ও ভবানী পাঠক।
প্রশ্ন: বাংলাদেশে ইংরেজি শিক্ষা চালু হওয়ায় কোন সম্প্রদায় সবচেয়ে বেশি উপকৃত হয়?
উঃ হিন্দু সম্প্রদায়।
প্রশ্ন: 'মুসলিম সাহিত্য সমাজ' বা 'মোহামেডান লিটারারি সোসাইটি' এর প্রতিষ্ঠাতা কে ছিলেন?
উঃ নওয়াব আব্দুল লতিফ।
প্রশ্ন: 'মুসলিম সাহিত্য সমাজ' বা 'মোহামেডান লিটারারি সোসাইটি' কত সালে প্রতিষ্ঠিত হয়?
উঃ ১৮৬৩ সালে।
প্রশ্ন: আলীগড় আন্দোলনের প্রবক্তা কে ছিলেন?
উঃ স্যার সৈয়দ আহমেদ খান।
প্রশ্ন: মুসলমানদের জন্য পৃথক নির্বাচনের দাবি কোন আইন দ্বারা স্বীকৃত হয়?
উঃ মর্লি মিন্টো আইন (১৯০৯)।
প্রশ্ন: কে বাংলায় 'ঋণ সালিশী আইন' প্রবর্তন করেন?
উঃ শেরে বাংলা এ.কে. ফজলুল হক।
প্রশ্ন: 'পূর্ববঙ্গ জমিদারি অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০' প্রণয়নে কে অগ্রণী ভূমিকা পালন করেন?
উঃ শেরে বাংলা এ.কে. ফজলুল হক।
প্রশ্ন: ব্রিটিশ ভারত বিভক্তির সময় বাংলার প্রধানমন্ত্রী কে ছিলেন?
উঃ হোসেন শহীদ সোহরাওয়ার্দী।
প্রশ্ন: নীল বিদ্রোহের সূচনা হয় কবে?
উঃ ১৮৫৯ সালে এবং অসান ঘটে ১৮৬০ সালে।
প্রশ্ন: বাংলার নীল বিদ্রোহে কারা অংশগ্রহণ করেন?
উঃ চাষীরা।
প্রশ্ন: বাংলায় নীল চাষ বিলুপ্তির জন্য কত সালে 'নীল কমিশন' গঠন করা হয়?
উঃ ১৮৬০ সালে।
প্রশ্ন: ইংরেজ শাসনামলে হিন্দু সমাজের পুনর্জাগরণের অগ্রনায়ক কে ছিলেন?
উঃ রাজা রামমোহন রায়।

প্রশ্ন: ব্রাহ্ম ধর্ম ও ব্রাহ্ম সমাজের প্রবর্তন করেন কে?
উঃ রাজা রামমোহন রায়।
প্রশ্ন: মুসলমানদের মধ্যে শিক্ষা বিস্তারের জন্য কে তাঁর সমস্ত সম্পত্তি ট্রাস্ট করে যান?
উঃ হাজী মুহম্মদ মুহসীন।
প্রশ্ন: ভারতের সবচেয়ে প্রাচীন দলের নাম কী?
উঃ ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস।
প্রশ্ন: ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস কোন সালে প্রতিষ্ঠিত হয়?
উঃ ১৮৮৫ সালে।
প্রশ্ন: ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস কে প্রতিষ্ঠা করেন?
উঃ এ্যালান অক্টোভিয়ান হিউম।
প্রশ্ন: 'নিখিল ভারত মুসলিম লীগ' তথা 'মুসলিম লীগ' এর প্রতিষ্ঠাতা কে ছিলেন?
উঃ নবাব সলিমুল্লাহ।
প্রশ্ন: 'মুসলিম লীগ' কখন গঠিত হয়?
উঃ ১৯০৬ সালের ৩০ ডিসেম্বর।
প্রশ্ন: 'মুসলিম লীগ' কোথায় গঠিত হয়?
উঃ ঢাকায়।
প্রশ্ন: কোন ঘটনার প্রেক্ষিতে 'মুসলিম লীগ' কখন গঠিত হয়?
উঃ বঙ্গভঙ্গ
প্রশ্ন: 'মুসলিম লীগ' গঠনের মূল উদ্দেশ্য কী ছিল?
উঃ ভারতীয় উপমহাদেশের মুসলিমদের দাবিদাওয়া তুলে ধরা।
প্রশ্ন: ভারতীয় উপমহাদেশে হিন্দু-মুসলিমের মধ্যে রাজনৈতিক সমঝোতা স্থাপনের জন্য কোন চুক্তি স্বাক্ষরিত হয়?
উঃ লক্ষ্মৌ চুক্তি।
প্রশ্ন: কত সালে 'লক্ষ্মৌ চুক্তি' স্বাক্ষরিত হয়?
উঃ ১৯১৬ সালে।
প্রশ্ন: ভারতীয় উপমহাদেশে হিন্দু-মুসলিমের মধ্যে সাম্প্রদায়িক বিভেদ দূর করার জন্য কোন চুক্তি স্বাক্ষরিত হয়?
উঃ বেঙ্গল প্যাক্ট।
প্রশ্ন: কত সালে 'বেঙ্গল প্যাক্ট' স্বাক্ষরিত হয়?
উঃ ১৯২৩ সালে।
প্রশ্ন: মহাত্মা গান্ধীর প্রকৃত নাম কী?
উঃ মোহন দাস করমচাঁদ গান্ধী।
প্রশ্ন: মহাত্মা গান্ধী ভারতের রাজনৈতিক অঙ্গনে প্রবেশ করেন কবে?
উঃ ১৯১৭ সালে।
প্রশ্ন: মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারতবর্ষে 'সত্যাগ্রহ আন্দোলন' শুরু হয় কবে?
উঃ ১৯১৭ সালে।
প্রশ্ন: মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারতবর্ষে 'অসহযোগ আন্দোলন' শুরু হয় কবে?
উঃ ১৯২০ সালে (শেষ হয়- ১৯২২ সালে)
প্রশ্ন: অসহযোগ আন্দোলনের নেতৃত্ব প্রদান করেন কে?
উঃ মহাত্মা গান্ধী।
প্রশ্ন: খেলাফত আন্দোলন কখন শুরু হয়?
উঃ ১৯১৯ সালে। (শেষ হয়- ১৯২৪ সালে)
প্রশ্ন: খেলাফত আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন কে?
উঃ মাওলানা মোহাম্মদ আলী, মাওলানা শওকত আলী ও মাওলানা আবুল কালাম আজাদ।
প্রশ্ন: ব্রিটিশ পার্লামেন্টে 'ভারত শাসন আইন' কবে পাশ হয়?
উঃ ১৯৩৫ সালে।
প্রশ্ন: ব্রিটিশ ভারতে প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় কবে?
উঃ ১৯৩৭ সালে।
প্রশ্ন: অবিভক্ত বাংলার প্রথম মন্ত্রিসভা গঠিত হয় কবে?
উঃ ১৯৩৭ সালে; শেরে বাংলা এ. কে. ফজলুল হকের নেতৃত্বে।
প্রশ্ন: 'দ্বি-জাতি তত্ত্বের' প্রবক্তা কে?
উঃ মুহম্মদ আলী জিন্নাহ।
প্রশ্ন: 'দ্বি-জাতি তত্ত্ব' ঘোষণা করা হয় কবে?
উঃ ১৯৩৯ সালে।
প্রশ্ন: 'লাহোর প্রস্তাব' উপস্থাপন করেন কে?
উঃ এ. কে. ফজলুল হক।
প্রশ্ন: 'লাহোর প্রস্তাব' কবে উপস্থাপন করা হয়?
উঃ ১৯৪০ সালের ২৩-ই মার্চ।
প্রশ্ন: 'লাহোর প্রস্তাব' কোথায় উপস্থাপন করা হয়?
উঃ মুসলিম লীগের অধিবেশনে পাকিস্তানের লাহোরে।
প্রশ্ন: অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী কে ছিলেন?
উঃ এ.কে. ফজলুল হক।
প্রশ্ন: অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী কে ছিলেন?
উঃ হোসেন শহীদ সোহরাওয়ার্দী। (মনে, শেষ শহীদ; প্রথম এ.কে (A.K) ইংরেজি বর্ণমালার প্রথম বর্ণ হলো A)
প্রশ্ন: ব্রিটিশ ভারতের শেষ ভাইসরয় কে ছিলেন?
উঃ লর্ড মাউন্ট ব্যাটেন। (তবে ব্রিটিশ ভারতের প্রথম ভাইসরয় ছিলেন- লর্ড ক্যানিং)
প্রশ্ন: মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারতবর্ষে ব্রিটিশ বিরোধী 'ভারত ছাড়' শুরু হয় কবে?
উঃ ১৯৪২ সালে। [এটি ছিল মূলত একটি আইন অমান্য আন্দোলন]
প্রশ্ন: স্বাধীন সার্বভৌম পাকিস্তান রাষ্ট্রের জন্ম হয় কবে?
উঃ ১৪ আগস্ট, ১৯৪৭ সালে।
প্রশ্ন: স্বাধীন সার্বভৌম ভারত রাষ্ট্রের জন্ম হয় কবে?
উঃ ১৫ আগস্ট, ১৯৪৭ সালে।
প্রশ্ন: কীসের ভিত্তিতে উপমহাদেশে ভারত-পাকিস্তান নামক দুটি পৃথক রাষ্ট্রের সৃষ্টি হয়?
উঃ দ্বি-জাতি তত্ত্বের ভিত্তিতে।

৩. ভাষা আন্দোলন [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. ১৯৪৮ সালে পাকিস্তান পরিষদে কে বাংলা ভাষাকে গণপরিষদের অন্যতম ভাষা হিসেবে ব্যবহারের প্রস্তাব রাখেন? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. ধীরেন্দ্রনাথ দত্ত খ. আবুল কাশেম
গ. মাওলানা ভাসানী ঘ. যোগেশচন্দ্র ঘোষ উ. ক

স্কুল পর্যায়

১. ভাষা শহিদদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন– [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. আব্দুস সালাম খ. রফিক উদ্দিন
গ. আবুল বরকত ঘ. সকলেই উ. গ

২. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বাংলাদেশ কেন্দ্রীয় শহীদ মিনারের ছবি সংবলিত ডাকটিকেট বিশ্বের কোন দেশ প্রকাশ করেছে? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. যুক্তরাষ্ট্র খ. যুক্তরাজ্য
গ. ভারত ঘ. কানাডা উ. ক

স্কুল পর্যায়-২

১১. ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. নুরুল আমিন খ. লিয়াকত আলী খান
গ. মোহাম্মদ আলী ঘ. খাজা নাজিমুদ্দীন উ. ঘ

২. দেশের বাহিরে প্রথম শহীদ মিনার নির্মিত হয় কোথায়? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. কানাডা খ. ইতালি
গ. জাপান ঘ. দক্ষিণ আফ্রিকা উ. গ

৩. ১৯৫২ সাল বাংলাদেশের ইতিহাসে যে জন্য বিখ্যাত– [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. মুক্তিযুদ্ধ খ. ভাষা আন্দোলন
গ. গণঅভ্যুত্থান ঘ. আগরতলা ষড়যন্ত্র মামলা উ. খ

৩.১ ভাষা আন্দোলনের ইতিহাস

প্রশ্ন: সর্বপ্রথম কে পাকিস্তানের গণপরিষদে বাংলা ভাষাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবি উত্থাপন করেন?
উঃ কুমিল্লার ধীরেন্দ্রনাথ দত্ত। (১৯৪৮ সালের ২৩ ফেব্রুয়ারি)

প্রশ্ন: উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার প্রস্তাব প্রথম কবে, কোথায় গৃহীত হয়?
উঃ ১৯৪৭ সালের ডিসেম্বরে পাকিস্তানের করাচিতে এক শিক্ষা সম্মেলনে।

প্রশ্ন: বাংলা ভাষাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে সংগঠিত প্রথম সংগঠনের নাম কী?
উঃ তমদ্দুন মজলিস

প্রশ্ন: ভাষা আন্দোলনের ফলে কোন প্রতিষ্ঠানটির সৃষ্টি হয়?
উঃ বাংলা একাডেমি।

প্রশ্ন: ভাষা আন্দোলনের মুখপাত্র ছিল কোন পত্রিকাটি?
উঃ সাপ্তাহিক সৈনিক।

প্রশ্ন: ভাষা আন্দোলনকে কেন্দ্র করে প্রকাশিত প্রথম পুস্তিকার নাম কী?
উঃ পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু।

প্রশ্ন: 'তমদ্দুন মজলিস' কী?
উঃ বাংলা ভাষাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে সংগঠিত একটি সাংস্কৃতিক প্রতিষ্ঠান।

প্রশ্ন: 'তমুদ্দিন মজলিস' কবে গঠিত হয়?
উঃ ১৯৪৭ সালের ০২ সেপ্টেম্বর।

প্রশ্ন: বাংলাকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার দাবিতে কবে 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয় ?
উঃ ১৯৪৭ সালের ০১ অক্টোবর।

প্রশ্ন: উর্দুকে রাষ্ট্রভাষা করার বিরুদ্ধে কবে 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয় ?
উঃ ১৯৫২ সালের ৩০ জানুয়ারি। (অপশনে ১৯৫২ সালের ৩০ জানুয়ারি না থাকলে উত্তর হবে ১৯৫২ সালের ৩১ জানুয়ারি)

প্রশ্ন: 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' এর আহ্বায়ক কে ছিলেন?
উঃ কাজী গোলাম মাহবুব (১৯৫২ সালে)।

প্রশ্ন: ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী কে ছিলেন ?
উঃ নুরুল আমিন।

প্রশ্ন: ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন?
উঃ খাজা নাজিমউদ্দিন।

প্রশ্ন: ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভিসি) কে ছিলেন?
উঃ সৈয়দ মোয়াজ্জেম হোসেন। [নোট: ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভিসি) ছিলেন- প্রফেসর সৈয়দ সাজ্জাদ হোসেন]

প্রশ্ন: ১৯৫২ সালের ভাষা আন্দোলনের প্রথম শহীদ কে?
উঃ রফিকউদ্দিন আহমদ (রফিক)

প্রশ্ন: ১৯৫২ সালের ভাষা শহীদদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন কে?

উঃ আবুল বরকত (রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ছাত্র)।

প্রশ্ন: ১৯৫২ সালের ভাষা আন্দোলনের শহীদের স্মরণে কবে প্রথম শহীদ মিনার নির্মাণ করা হয়?

উঃ ১৯৫২ সালের ২৩ শে ফেব্রুয়ারি।

প্রশ্ন: কে কেন্দ্রীয় শহীদ মিনার উদ্বোধন করেন?

উঃ শহীদ শফিউরের পিতা মৌলভী মাহবুবুর রহমান।

প্রশ্ন: ১৯৫২ সালের ভাষা আন্দোলনের পূর্বে কোন তারিখটি 'রাষ্ট্রভাষা দিবস' হিসেবে পালন করা হত?

উঃ ১১ মার্চ।

প্রশ্ন: ১৯৪৮-১৯৫২ সাল পর্যন্ত কোন তারিখটি 'রাষ্ট্রভাষা দিবস' হিসেবে পালন করা হত?

উঃ ১১ মার্চ। [১৯৫৩ সাল থেকে ভাষা ২১ ফেব্রুয়ারি]

প্রশ্ন: 'উর্দু এবং উর্দুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা'- এ কথাটি কে বলেছিলেন?

উঃ মুহম্মদ আলী জিন্নাহ।

প্রশ্ন: পাকিস্তানের গণপরিষদে বাংলা ভাষাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয় কবে?

উঃ ৯ মে, ১৯৫৪ সালে।

প্রশ্ন: পাকিস্তানের জাতীয় পরিষদে বাংলা ভাষাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয় কবে?

উঃ ১৬ ফেব্রুয়ারি, ১৯৫৬ সালে।

প্রশ্ন:পাকিস্তানের সংবিধানে বাংলা ভাষাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে/দ্বিতীয় রাষ্ট্রভাষা স্বীকৃতি দেয়া হয় কবে?

উঃ ২৯ ফেব্রুয়ারি, ১৯৫৬ সালে।

প্রশ্ন: কত সালে বাংলা ভাষাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয়?

উঃ ১৯৫৬ সালে।

প্রশ্ন: পাকিস্তানের সরকারি ভাষা হিসেবে বাংলা ভাষার ব্যবহার চালু হয় কবে?

উঃ ১৯৫৬ সালে।

প্রশ্ন: ইউনেস্কো ২১-শে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি দেয় কবে?

উ: ১৯৯৯ সালের ১৭ নভেম্বর। (ইউনেস্কোর ৩০তম অধিবেশন বা সাধারণ সভার মাধ্যমে)

প্রশ্ন: ২১-শে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে' পালন করা হয় কোন সাল থেকে?

উ: ২০০০ সাল থেকে।

প্রশ্ন: বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয় কোন দেশ?

উঃ আফ্রিকার দেশ সিওরালিয়ন।

প্রশ্ন: ভাষা আন্দোলনের ফলে কোন প্রতিষ্ঠানটির সৃষ্টি হয়?

উঃ বাংলা একাডেমি। (বাংলা একডেমি প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা রাখেন ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ)

প্রশ্ন: বাংলা একাডেমি কত সালে প্রতিষ্ঠিত হয়?

উঃ ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর।

প্রশ্ন: ১৯৫২ সালের ২১-শে ফেব্রুয়ারি বাংলা কত সাল, তারিখ ছিল?

উঃ ১৩৫৮ বঙ্গাব্দ, ৮ ফাল্গুন।

প্রশ্ন: ১৯৫২ সালের ২১-শে ফেব্রুয়ারি কী বার ছিল?

উঃ বৃহস্পতিবার।

প্রশ্ন: জহির রায়হান কর্তৃক নির্মিত ভাষা আন্দোলনভিত্তিক চলচ্চিত্রের নাম কী?

উঃ জীবন থেকে নেওয়া

প্রশ্ন: ভাষা শহীদের স্মরণে নির্মিত কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে?

উঃ হামিদুর রহমান। (কিন্তু, জাতীয় স্মৃতিসৌধের স্থপতি- সৈয়দ মাইনুল হোসেন।)

Scanned with CamScanner CamScanner

৪. মুক্তিযুদ্ধ [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. ১৯৭১ সালের ৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান প্রদত্ত ভাষণটি ইউনেস্কো কোন তারিখে "বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য" হিসেবে ঘোষণা করে? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. ৩০ শে অক্টোবর, ২০১৭ সাল
খ. ৩০ শে নভেম্বর, ২০১৭ সাল
গ. ৩০ শে সেপ্টেম্বর, ২০১৮ সাল
ঘ. ৩০ শে অক্টোবর, ২০১৮ সাল
উ. ক

২. আসাদ গেট নামের পটভূমির সাথে জড়িত কোন সন? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. ১৯৪৭ সন খ. ১৯৫২ সন
গ. ১৯৬৯ সন ঘ. ১৯৭১ জন উ. গ

৩. স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য 'বীর প্রতীক' উপাধি লাভ করে কত জন? [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. ৭ জন খ. ৬৮ জন
গ. ১৭৫ জন ঘ. ৪২৬ জন উ. ঘ

৪. 'কারাগারের রোজনামচা' গ্রন্থটির লেখক কে? [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
খ. মাওলানা ভাসানী
গ. জাহানারা ইমাম ঘ. ড. কামাল হোসেন উ. ক

৫. মহান নেতা শেখ মুজিবুর রহমানকে কত সালে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়? [১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. ১৯৭০ খ. ১৯৬৯
গ. ১৯৬৮ ঘ. ১৯৬৬ উ. খ

৬. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য কোন দুই নারীকে 'বীর প্রতীক' উপাধিতে ভূষিত করা হয়? [১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. তারামন বিবি ও ময়মুনা বিবি
খ. সিতারা বেগম ও ময়মুনা বিবি
গ. তারামন বিবি ও সিতারা বেগম
ঘ. মনসুরা বিবি ও তারামন বিবি
উ. গ

৭. বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর কোন বাহিনীতে চাকুরীরত ছিলেন? [১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. সেনাবাহিনী খ. নৌবাহিনী
গ. বিমান বাহিনী ঘ. পুলিশ বাহিনী উ. ক

৮. বাংলাদেশের অস্থায়ী সরকারের প্রথম প্রধানমন্ত্রী কে? [১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. শেখ মুজিবুর রহমান খ. এম. মনসুর আলী
গ. তাজউদ্দিন আহমেদ ঘ. আতাউর রহমান খান উ. গ

৯. বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ কোন তারিখে ইউনেস্কোর "মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল" রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হয়েছে? [১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. ২০ অক্টোবর ২০১৭ খ. ২৫ অক্টোবর ২০১৭
গ. ৩০ অক্টোবর ২০১৭ ঘ. ৩১ অক্টোবর ২০১৭ উ. গ

১০. বঙ্গবন্ধুর গ্রামটি কোন নদীর তীরে অবস্থিত? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. মধুমতি খ. বাইগার
গ. কুমার ঘ. ভৈরব উ. খ

১১. তারামন বিবি যুদ্ধ করেন কোন সেক্টরে? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. ৮ খ. ৯
গ. ১০ ঘ. ১১ উ. ঘ

১২. ১৯৫৪ সালে নির্বাচনে যুক্তফ্রন্টের কয় দফা ছিল? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. ৬টি খ. ১১টি
গ. ২১টি ঘ. ৮টি উ. গ

১৩. মহান নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে বঙ্গবন্ধু উপাধি লাভ করেছিলেন? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. ১৯৭০ খ. ১৯৬৯
গ. ১৯৬৮ ঘ. ১৯৬৬ উ. খ

১৪. মুজিবনগর কোন জেলায় অবস্থিত? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. যশোর খ. কুষ্টিয়া
গ. মেহেরপুর ঘ. চুয়াডাঙ্গা উ. গ

১৫. বঙ্গবন্ধু ৬-দফা দাবি পেশ করেন কত সালে? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. ১৯৪৭ খ. ১৯৫২
গ. ১৯৬৬ ঘ. ১৯৭১ উ. গ

১৬. বীরবিক্রম খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সংখ্যা কত? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. ৬৭৬ জন খ. ৬৮ জন
গ. ১৭৫ জন ঘ. ৪২৬ জন উ. গ

১৭. বঙ্গবন্ধুর আত্মজীবনীমূলক গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী' সর্বশেষ কোন ভাষায় অনূদিত? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. রুশ খ. ডাচ
গ. চীনা ঘ. ফ্রেঞ্চ উ. *
ব্যাখ্যা : ব্যাখ্যা : ১০ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত 'অসমাপ্ত আত্মজীবনী' ১৯টি ভাষায় অনূদিত হয়েছে। ১৯তম ভাষা হিসেবে অনূদিত হয় ত্রিপুরা ভাষা 'ককবরক' ভাষায়। ত্রিপুরা ভাষায় বইটির নাম 'পাইথাকয়া লাংমা' (২৫ অক্টোবর, ২০২২২)। এই অনুবাদ করেন- যুবরাজ দেববর্মা। (*নোট : এই তথ্যটি পরিবর্তনশীল)

১৮. তৎকালীন পাকিস্তানের শিক্ষা আন্দোলন হয় কত সালে? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. ১৯৫৬ খ. ১৯৬২
গ. ১৯৬৬ ঘ. ১৯৬৮ উ. খ

Scanned with CamScanner CamScanner

১৯. 'আমার বন্ধু রাশেদ'-বইটির লেখক কে? [১২তম কলেজ নিবন্ধন-২০১৮]
ক. তানভীর মোকাম্মেল খ. অনন্ত হীরা
গ. সোহেল আরমান ঘ. মোরশেদুল ইসলাম উ. *
ব্যাখ্যা : মুক্তিযুদ্ধভিত্তিক কিশোর উপন্যাস 'আমার বন্ধু রাশেদ' এর লেখক ড. মুহম্মদ জাফর ইকবাল। আর এটির চলচ্চিত্রায়ন করেন মোরশেদুল ইসলাম।

২০. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত গ্রন্থ কোনটি? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. সত্য মামলা আগরতলা খ. অবরুদ্ধ নয় মাস
গ. অসমাপ্ত আত্মজীবনী ঘ. বাংলাদেশ কথা কয় উ. গ

২১. বর্তমান মুজিবনগরের পূর্ব নাম কি ছিল? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. চন্দ্রবাড়ি খ. ভবেরপাড়া
গ. টুংগীপাড়া ঘ. শিমুলিয়া উ. খ

২২. বঙ্গবন্ধু কবে 'জুলিও কুরি' পুরস্কার লাভ করেন? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ১০ অক্টোবর ১৯৭২ খ. ৭ নভেম্বর ১৯৭২
গ. ১৬ ডিসেম্বর ১৯৭২ ঘ. ২৫ ডিসেম্বর ১৯৭২ উ. ক

২৩. মুজিবনগর সরকার গঠন করা হয়েছিল কবে? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ১০ এপ্রিল ১৯৭১ খ. ১১ এপ্রিল ১৯৭১
গ. ১২ এপ্রিল ১৯৭১ ঘ. ১৭ এপ্রিল ১৯৭১ উ. ক

২৪. ২০১৪ সালের স্বাধীনতা দিবসে জাতীয় প্যারেড গ্রাউন্ডে কতজন জাতীয় সঙ্গীত গেয়েছিল? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ২ লক্ষ ৫৪ হাজার ৬৮১ জন
খ. ২ লক্ষ ৫৫ হাজার ৮৬১ জন
গ. ২ লক্ষ ৫৪ হাজার ৮৬১ জন
ঘ. ২ লক্ষ ৫৩ হাজার ৬৮০ জন উ. ক

২৫. জাতীয় শিশু দিবস কবে পালিত হয়? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ১৭ মার্চ খ. ২৭ মার্চ
গ. ১৭ অক্টোবর ঘ. ২৭ অক্টোবর উ. ক

২৬. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে চরমপত্র পাঠ করতেন– [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. তোফায়েল আহমেদ খ. আব্দুল গাফফার চৌধুরী
গ. সুনীল গঙ্গোপাধ্যায় ঘ. এম. আর. আখতার মুকুল উ. ঘ

২৭. মুজিবনগর সরকারের ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী কে ছিলেন? [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. ক্যাপ্টেন এম. মনসুর আলী
খ. তাজউদ্দীন আহমদ
গ. খন্দকার মোশতাক আহমদ
ঘ. এ. এইচ. এম. কামারুজ্জামান উ. ঘ

২৮. মুক্তিযুদ্ধের সংরক্ষিত স্থান 'শহীদ সাগর' কোথায় অবস্থিত? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. বরগুনা খ. নোয়াখালী
গ. খুলনা ঘ. নাটোর উ. ঘ

২৯. 'মুক্তির গান' চলচ্চিত্রটি কে পরিচালনা করেছেন? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. জহির রায়হান খ. আলমগীর কবীর
গ. গীতা মেহতা ঘ. তারেক মাসুদ উ. ঘ

৩০. মুক্তিযুদ্ধের উপর রচিত কবিতা "সেপ্টেম্বর অন যশোর রোড" এর রচয়িতা কে? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. নোয়েল কাউয়ার্ড খ. বব ডিলান
গ. জর্জ হ্যারিসন ঘ. এলেন গিন্সবার্গ উ. গ

৩১. স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য বাংলাদেশে মোট কতজনকে রাষ্ট্রীয় খেতাব দেয়া হয়েছে? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. ৪১৬ খ. ৬৭৬
গ. ৬৭৫ ঘ. ৫৭৬ উ. খ

স্কুল পর্যায়

১. জাতির জনক শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেয়া হয়– [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. ২৩ মার্চ ১৯৭১ খ. ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯
গ. ২৩ ফেব্রুয়ারি ১৯৬৭ ঘ. ২৩ ফেব্রুয়ারি ১৯৬৬ উ. খ

২. মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খ. তাজউদ্দিন আহমদ
গ. সৈয়দ নজরুল ইসলাম
ঘ. খন্দকার মোশতাক আহমেদ উ. ক

৩. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৬ দফা ঘোষণা করা হয় ১৯৬৬ সালের– [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. জানুয়ারি মাসে খ. ফেব্রুয়ারি মাসে
গ. জুলাই মাসে ঘ. আগস্ট মাসে উ. খ

৪. কোন সময়কালকে মুজিব বর্ষ হিসেবে ঘোষণা করা হয়েছে? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. ২০১৯-২০ সালকে খ. ২০২০-২১ সালকে
গ. ২০২১-২২ সালকে ঘ. ২০২২-২৩ সালকে উ. *
ব্যাখ্যা : মুজিববর্ষের সময়কাল বেশ কয়েকবার পরিবর্তন করা হয়। চূড়ান্তভাবে মুজিববর্ষের সময়কাল ১৭ মার্চ ২০২০ থেকে ৩১ মার্চ ২০২২। মুজিববর্ষের ক্ষণ গণনা শুরু হয় ১০ জানুয়ারি ২০২০।

৫. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধকালে জাতিসংঘের মহাসচিব কে ছিলেন? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. কফি আনান খ. উথান্ট
গ. দ্যাগ হ্যামারশোল্ড ঘ. বুট্রোস ঘালি উ. খ

৬. 'আরেক ফাল্গুন' গ্রন্থটির রচয়িতা কে? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. জহির রায়হান খ. শওকত ওসমান
গ. সৈয়দ শামসুল হক ঘ. সেলিনা হোসেন উ. ক

৭. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বদেশ প্রত্যাবর্তন করেন– [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. ৯ জানুয়ারি ১৯৭২ খ. ১০ জানুয়ারি ১৯৭২
গ. ১১ জানুয়ারি ১৯৭২ ঘ. ১২ জানুয়ারি ১৯৭২ উ. খ

৮. স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয় কবে? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. ১০ এপ্রিল ১৯৭২ খ. ১৭ এপ্রিল ১৯৭১
গ. ১৮ এপ্রিল ১৯৭১ ঘ. ১০ এপ্রিল ১৯৭১ উ. ঘ

Scanned with CamScanner CamScanner

৯. মুজিবনগর কোন জেলায় অবস্থিত? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. ঝিনাইদহ খ. মেহেরপুর
গ. যশোর ঘ. কুষ্টিয়া উ. খ

১০. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ কয়টি সেক্টরে বিভক্ত ছিল? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. ১২ টি খ. ৯ টি
গ. ৮ টি ঘ. ১১ টি উ. ঘ

১১. মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. ১০ টি খ. ১১ টি
গ. ১২ টি ঘ. ১৩ টি উ. খ

১২. বাংলাদেশের অস্থায়ী সরকারের শপথ বাক্য কে পাঠ করান? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. এম হোসেন আলী খ. সৈয়দ নজরুল ইসলাম
গ. অধ্যাপক ইউসুফ আলী ঘ. তাজউদ্দীন আহমদ উ. গ

১৩. স্বাধীন বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. সৈয়দ নজরুল ইসলাম খ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
গ. আবু সাঈদ চৌধুরী ঘ. সাহাবুদ্দীন আহমদ উ. খ

১৪. বাংলাদেশের মুক্তিযুদ্ধের নৌ-কমান্ডোর সেক্টর- [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. সেক্টর ১ খ. সেক্টর ১০
গ. সেক্টর ১১ ঘ. সেক্টর ২ উ. খ

১৫. মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর কোন সেক্টরের অন্তর্ভুক্ত ছিল? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. ২ নং খ. ৮ নং
গ. ১০ নং ঘ. ১১ নং উ. খ

স্কুল পর্যায়-২

১. 'আমার দেখা নয়াচীন' গ্রন্থের রচয়িতা কে? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. মওলানা আবদুল হামিদ খান ভাসানী
খ. শেরে বাংলা এ কে ফজলুল হক
গ. হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উ. ঘ

২. বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী অনুষ্ঠান কত তারিখে শুরু হয়? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. ১৭ই মার্চ ২০২০ খ. ১৭ই মার্চ ২০১৯
গ. ১৭ই মার্চ ২০২১ ঘ. ১৭ই মার্চ ২০২২ উ. ক

৩. আগরতলা মামলা প্রত্যাহার করা হয়- [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ খ. ২০ মার্চ ১৯৬৯
গ. ১৮ ফেব্রুয়ারি ১৯৭০ ঘ. ৫ ডিসেম্বর ১৯৬৮ উ. ক

৪. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. ক্যাপ্টেন এম মনসুর আলী
খ. তাজউদ্দিন আহম্মদ
গ. সৈয়দ নজরুল ইসলাম
ঘ. খন্দকার মোশতাক আহমেদ উ. ক

৫. মহান মুক্তিযুদ্ধের সময় ঢাকা কত নম্বর সেক্টরের অধীন ছিল? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. ১ নং খ. ৩নং
গ. ২নং ঘ. ১০নং উ. গ

৬. স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য 'বীরপ্রতীক' উপাধি লাভ করে কত জন? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. ৭ জন খ. ৬৮ জন
গ. ১৭৫ জন ঘ. ৪২৬ জন উ. খ

৭. শান্তিতে অবদানের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন পদকটি পেয়েছিলেন? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. ফ্রিডম পদক খ. ম্যাগসেসে পদক
গ. জওহরলাল নেহেরু পদক ঘ. জুলিও কুরি পদক উ. ঘ

৮. স্বাধীন বাংলাদেশের নির্বাচিত প্রথম প্রধানমন্ত্রী ছিলেন কে? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. শেখ মুজিবুর রহমান খ. তাজউদ্দীন আহমদ
গ. সৈয়দ নজরুল ইসলাম ঘ. আতাউর রহমান খান উ. ক

৯. 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থটি কার রচনা? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৮]
ক. তাজউদ্দীন আহমেদ খ. শেরে বাংলা এ. কে. ফজলুল হক
গ. ক্যাপ্টেন মনসুর আলী ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উ. ঘ

১০. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় প্রথম কোন জেলা শত্রুমুক্ত হয়? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. মাগুরা খ. মেহেরপুর
গ. যশোর ঘ. ময়মনসিংহ উ. গ

১১. যুক্তফ্রন্টের ২১ দফার ১ম দফাটি ছিল- [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করা
খ. পাটকল জাতীয়করণ করা
গ. চাকরিতে সকলের সমান অধিকার নিশ্চিত করা
ঘ. পূর্ব পাকিস্তানের সুষমউন্নয়ন নিশ্চিত করা উ. ক

১২. 'জীবন থেকে নেয়া' চলচ্চিত্রের পরিচালক কে? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. চাষী নজরুল ইসলাম খ. আলমগীর কবির
গ. জহির রায়হান ঘ. সুভাষ দত্ত উ. গ

১৩. এগার-দফা আন্দোলন কখন হয়েছিল? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. ১৯৫৪ সালে খ. ১৯৬৬ সালে
গ. ১৯৬৮ সালে ঘ. ১৯৬৯ সালে উ. ঘ

১৪. 'মাটির ময়না' ছবি নির্মাণ করেন কে? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. অপর্ণা সেন খ. মৃণাল সেন
গ. তারেক মাসুদ ঘ. মুস্তফা মনোয়ার উ. গ

১৫. পূর্ব পাকিস্তান জাতীয় পরিষদে আসন সংখ্যা ছিল- [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. ১৬৮টি খ. ১৬৯টি
গ. ১৭০টি ঘ. ১৬৭টি উ. ঘ

১৬. বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয়েছিল কবে? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. ১৯৭০ সালের ১০ এপ্রিল খ. ১৯৭০ সালের ১৭ এপ্রিল
গ. ১৯৭১ সালের ১০ এপ্রিল ঘ. ১৯৭১ সালের ১৭ এপ্রিল উ. গ

Scanned with CamScanner CamScanner

১৭. জাতীয় স্মৃতিসৌধে কয়টি ফলক আছে? [১০ম ব্যাচ ২ ডিসেম্বর ২০১৪]
ক. ৫টি খ. ৬টি
গ. ৭টি ঘ. ৯টি
উ. গ

৪.১ পাকিস্তান শাসনামল

প্রশ্ন: পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন?
উঃ লিয়াকত আলী খান।
প্রশ্ন: পাকিস্তানের প্রথম প্রেসিডেন্ট কে ছিলেন?
উঃ ইস্কান্দার মির্জা।
প্রশ্ন: পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন?
উঃ মুহম্মদ আলী জিন্নাহ।
প্রশ্ন: পূর্ব পাকিস্তানের/পূর্ব বাংলার প্রথম মুখ্যমন্ত্রী কে ছিলেন?
উঃ খাজা নাজিম উদ্দিন।
প্রশ্ন: পূর্ব বাংলার প্রথম গভর্নর কে ছিলেন?
উঃ চৌধুরী খালেকুজ্জামান।
প্রশ্ন: পাকিস্তানের প্রথম গণপরিষদের প্রথম অধিবেশন কোথায় বসে?
উঃ করাচিতে।
প্রশ্ন: পাকিস্তানের গণপরিষদের প্রথম অধিবেশন কবে বসে?
উঃ ২৩ ফেব্রুয়ারি ১৯৪৮ সালে।
প্রশ্ন: পাকিস্তানের গণপরিষদে প্রথম বাংলায় বক্তৃতা প্রদান করেন কোন ব্যক্তি?
উঃ মাওলানা আব্দুর রশীদ তর্কবাগীশ।
প্রশ্ন: বাংলাদেশ কতবছর পাকিস্তানের অন্তর্ভুক্ত ছিল?
উঃ ২৪ বছর।
প্রশ্ন: 'পূর্ব-পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ' (বর্তমান- বাংলাদেশ আওয়ামী লীগ) কবে প্রতিষ্ঠিত হয়?
উঃ ২৩ জুন, ১৯৪৯ সালে। (নোট: কিন্তু ১৯৫৫ সালে দলটির নাম থেকে 'মুসলিম' শব্দটি বাদ দিয়ে ধর্মনিরপেক্ষতার নীতি গ্রহণ করে দলটি।)
প্রশ্ন: আওয়ামী লীগের প্রথম সভাপতি কে হন?
উঃ মাওলানা আবদুল হামিদ খান ভাসানী।
প্রশ্ন: আওয়ামী লীগের প্রথম সাধারণ সম্পাদক কে হন?
উঃ শামসুল হক।
প্রশ্ন: পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র/সংবিধান কবে গ্রহীত হয়?
উঃ ২৯ ফেব্রুয়ারি, ১৯৫৬ সালে।
প্রশ্ন: পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র/সংবিধান কবে কার্যকর হয়?
উঃ ২৩ মার্চ, ১৯৫৬ সালে।
প্রশ্ন: 'পূর্ব বাংলার' নাম 'পূর্ব পাকিস্তান' করা হয় কখন?
উঃ ২৩ মার্চ, ১৯৫৬ সালে।
প্রশ্ন: হোসেন শহীদ সোহরাওয়ার্দী কবে পাকিস্তানের প্রধানমন্ত্রী হন?
উঃ ১৯৫৬ সালে।
প্রশ্ন: ঐতিহাসিক কাগমারী সম্মেলন কবে অনুষ্ঠিত হয়?
উঃ ১৯৫৭ সালের ৭-১০ ফেব্রুয়ারি।
প্রশ্ন: ঐতিহাসিক কাগমারী সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
উঃ টাঙ্গাইল জেলার কাগমারীর সন্তোষ নামক স্থানে।
প্রশ্ন: কার সভাপতিত্বে কাগমারী সম্মেলন অনুষ্ঠিত হয়?
উঃ মাওলানা আবদুল হামিদ খান ভাসানী।
প্রশ্ন: কাগমারী সম্মেলনের মাধ্যমে গণতান্ত্রিক কোন দাবি তুলে ধরা হয়?
উঃ স্বায়ত্তশাসনের দাবি।
প্রশ্ন: পাকিস্তানের জাতীয় পরিষদের প্রথম অধিবেশন কোথায় বসে?
উঃ ঢাকায়। (কিন্তু পাকিস্তানের গণপরিষদের প্রথম অধিবেশন বসে করাচিতে)
প্রশ্ন: পাকিস্তানের প্রথম শাসনতন্ত্রের কে, কবে বাতিল করেন?
উঃ ইস্কান্দার মির্জা কর্তৃক ৭ অক্টোবর, ১৯৫৮ সালে।
প্রশ্ন: পাকিস্তানের প্রথম কে, কবে সামরিক আইন জারি করেন?
উঃ ইস্কান্দার মির্জা, ৭ অক্টোবর, ১৯৫৮ সালে।
প্রশ্ন: আইয়ুব খান কবে ইস্কান্দার মির্জার স্থলাভিষিক্ত হন?
উঃ ১৯৫৮ সালে।
প্রশ্ন: 'মৌলিক গণতন্ত্রের' প্রবর্তক কে?
উঃ আইয়ুব খান।
প্রশ্ন: প্রথম পাক-ভারত যুদ্ধ কবে শুরু হয়?
উঃ ১৯৪৭ সালে। [সূত্র: বাংলাদেশের ইতিহাস (১৯০৫-১৯৪৭), ড. আবু মোঃ দেলোয়ার হোসেন। উল্লেখ্য, অপশনে ১৯৪৭ না থাকলে ১৯৬৫ লিখতে হবে]
প্রশ্ন: প্রথম পাক-ভারত যুদ্ধের কারণ কী ছিল?
উঃ পাকিস্তানের ভারত অধিকৃত কাশ্মীর দখলের চেষ্টা।

৪.২ যুক্তফ্রন্টের নির্বাচন

প্রশ্ন: যুক্তফ্রন্ট কবে গঠিত হয়?
উঃ ১৯৫৩ সালের, ০৪ ডিসেম্বর।
প্রশ্ন: ১৯৫৪ সালে পূর্ব বাংলার প্রাদেশিক নির্বাচন তথা যুক্তফ্রন্টের নির্বাচন কবে অনুষ্ঠিত হয়?
উঃ ১৯৫৪ সালের ৮ মার্চ।
প্রশ্ন: যুক্তফ্রন্ট মন্ত্রিসভা কবে, কার নেতৃত্বে গঠিত হয়?
উঃ ০৩ এপ্রিল, ১৯৫৪। এ. কে. ফজলুল হকের।
প্রশ্ন: কয়টি দলের সমন্বয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়? উঃ ৪টি দল।
প্রশ্ন: কোন কোন দলের সমন্বয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়?
উঃ ১। আওয়ামী মুসলিম লীগ ২। কৃষক-শ্রমিক পার্টি
৩। নেজামে ইসলাম ৪। বামপন্থী গণতন্ত্রী দল।
প্রশ্ন: ১৯৫৪ সালে যুক্তফ্রন্টের নির্বাচনের সময় পূর্ব-বাংলার প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন কে?
উঃ মো: আজফার।
প্রশ্ন: কার নেতৃত্বে যুক্তফ্রন্ট মন্ত্রিসভা গঠিত হয়?
উঃ শেরে বাংলা এ.কে. ফজলুল হক।
প্রশ্ন: কিসের ভিত্তিতে যুক্তফ্রন্ট নির্বাচনী ইশতিহার গঠিত?
উঃ ২১-দফা।
প্রশ্ন: ২১-দফার প্রথম দফা কী ছিল?
উঃ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করা।

প্রশ্ন: যুক্তফ্রন্টের নির্বাচনী প্রতীক কী ছিল? উঃ নৌকা।

প্রশ্ন: ১৯৭৯ সালে পূর্ব বাংলার প্রাদেশিক নির্বাচন (যুক্তফ্রন্টের নির্বাচন) এর সময় পূর্ব বাংলার প্রাদেশিক পরিষদের আসন সংখ্যা কত ছিল?

উঃ মোট ৩০৯টি আসন। এর মধ্যে ২৩৭টি মুসলিম আসন এবং ৭২টি আসন অমুসলিমদের জন্য সংরক্ষিত ছিল।

প্রশ্ন: যুক্তফ্রন্ট কয়টি আসন লাভ করে?

উঃ পূর্ব-বাংলার প্রাদেশিক পরিষদের ৩০৯টি আসনের মধ্যে সংরক্ষিত আসনসহ মোট ২৩৬টি আসনে জয়লাভ করে যুক্তফ্রন্ট। তবে অমুসলিমদের জন্য সংরক্ষিত আসন ছাড়া ২৩৭টি মুসলিম আসনের মধ্যে যুক্তফ্রন্ট ২২৩টি আসন লাভ করে এবং অমুসলিদের জন্য সংরক্ষিত ৭২টি আসনের মধ্যে ১৩টি আসন লাভ করে যুক্তফ্রন্ট।

প্রশ্ন: যুক্তফ্রন্টের নেতৃত্বে কারা ছিলেন?

উঃ শেরে বাংলা এ.কে. ফজলুল হক, মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী, মাওলানা আতাহার আলী এবং হাজী মোহাম্মদ দানেশ। তবে যুক্তফ্রন্টের সমন্বয় হিসেবে ছিলেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী।

প্রশ্ন: যুক্তফ্রন্টের নির্বাচনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন আসন থেকে নির্বাচন করে জয়লাভ করেন?

উঃ গোপালগঞ্জ আসন থেকে।

প্রশ্ন: যুক্তফ্রন্টের মন্ত্রিসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন?

উঃ কৃষি, বন, সমবায় ও পল্লী মন্ত্রী।

প্রশ্ন: যুক্তফ্রন্টের মন্ত্রিসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন?

উঃ কৃষি, বন, সমবায় ও পল্লী মন্ত্রী।

৪.৩ ৬-দফা আন্দোলন ও গণঅভ্যুত্থান

প্রশ্ন: 'বাঙালির মুক্তির সনদ' নামে কোনটিকে অভিহিত করা হয়?

উঃ ছয় দফাকে।

প্রশ্ন: ইংল্যান্ডের 'ম্যাগনাকার্টার' সাথে কোনটিকে তুলনা করা হয়?

উঃ ছয় দফাকে।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান 'ছয় দফা' কর্মসূচি প্রথম কবে ঘোষণা করেন?

উঃ ৫ ফেব্রুয়ারি, ১৯৬৬ সালে।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম কোথায় 'ছয় দফা' কর্মসূচি কবে ঘোষণা করেন?

উঃ লাহোরে। (মনে রাখতে হবে,'লাহোর প্রস্তাব'-ও লাহোরে উত্থাপিত হয়)

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আনুষ্ঠানিকভাবে 'ছয় দফা' কর্মসূচি ঘোষণা করেন কবে?

উঃ ২৩ মার্চ, ১৯৬৬ সালে।

প্রশ্ন: আওয়ামী লীগের দলীয় কাউন্সিল অধিবেশনে 'ছয়-দফা' গৃহীত হয় কবে?

উঃ ১৮ মার্চ, ১৯৬৬ সালে।

প্রশ্ন: 'ছয় দফা' দিবস কবে?

উঃ ৭-ই জুন।

প্রশ্ন: কিসের ভিত্তিতে 'ছয় দফা' রচিত?

উঃ ঐতিহাসিক লাহোর প্রস্তাবের ভিত্তিতে।

প্রশ্ন: ছয় দফার প্রথম দফা কী ছিল?

উঃ প্রাদেশিক স্বায়ত্তশাসন।

প্রশ্ন: ছয় দফার দ্বিতীয় দফা কী ছিল?

উঃ কেন্দ্রীয় সরকারের ক্ষমতা

প্রশ্ন: ছয় দফার কতটি দফা অর্থনীতি বিষয়ক?

উঃ মোট ৩টি দফা অর্থনীতি বিষয়ক।

প্রশ্ন: ছয় দফার উপর প্রকাশিত পুস্তিকার নাম কী?

উঃ 'ছয় দফা: আমাদের বাঁচার দাবি' (প্রকাশিত হয় ১৯৬৬ সালের ২১ ফেব্রুয়ারি)

প্রশ্ন: ছয় দফা আন্দোলনের মুখপাত্র ছিল কোন পত্রিকা?

উঃ দৈনিক আওয়াজ [নোট : অপশনে দৈনিক আওয়াজ না থাকলে দৈনিক ইত্তেফাক দিতে হবে]

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলা কী নামে দায়ের করা হয়েছিল?

উত্তর: রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য।

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয়?

উঃ ৩ জানুয়ারি, ১৯৬৮।

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গ্রেফতার করা হয় কবে?

উঃ ১৮ জানুয়ারি, ১৯৬৮।

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলার বিশেষ আদালতের প্রধান বিচারক কে ছিলেন?

উঃ পাকিস্তানের প্রধান বিচারপতি এস.এ. রহমান।

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলার বিচার হয়?

উঃ ১৯৬৮ সালে।

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলার আসামির সংখ্যা কতজন ছিলেন?

উঃ ৩৫ জন।

প্রশ্ন: 'আগরতলা ষড়যন্ত্র' মামলার প্রধান আসামি কে ছিলেন?

উঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলা কবে প্রত্যাহার করা হয়?

উঃ ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯।

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলা থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে মুক্তি দেওয়া হয় কবে?

উঃ ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয় কবে?

উঃ ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯ সালে ঢাকার রেইসকোর্স ময়দানে।

প্রশ্ন: আইয়ুব খান কবে কেন পদত্যাগ করতে বাধ্য হয়?

উঃ ২৫ মার্চ, ১৯৬৯ সালে। রাজনৈতিক সংকটের জন্য।

প্রশ্ন: পুলিশের গুলিতে শহীদ আসাদ কবে নিহত হন?

উঃ ২০ জানুয়ারি, ১৯৬৯। শহীদ আসাদ এর স্মরণে ঢাকার মোহাম্মদপুরের 'আইয়ুব গেট' এর নাম পরিবর্তন করে রাখা হয়- 'আসাদ গেট।

প্রশ্ন: শহীদ আসাদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগের ছাত্র ছিলেন?

উঃ ইতিহাস বিভাগের।

প্রশ্ন: পুলিশের গুলিতে শহীদ মতিউর রহমান কবে শহীদ হন?

উঃ ২৪ জানুয়ারি, ১৯৬৯

প্রশ্ন: মতিউর রহমান কোন বিদ্যালয়ের ছাত্র ছিলেন?

উঃ নবকুমার ইনস্টিটিউটের নবম শ্রেণির ছাত্র ছিলেন।

প্রশ্ন: ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের সময় আগরতলা ষড়যন্ত্র মামলার ৬নাতম আসামী সার্জেন্ট জহুরুল হককে গুলি করে হত্যা করা হয় কবে?

উঃ ১৫ ফেব্রুয়ারি, ১৯৬৯

প্রশ্ন: ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের সময় শহিদ হওয়া প্রথম বুদ্ধিজীবীর নাম কী?

উঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের শিক্ষক অধ্যাপক শমসুজ্জোহা

প্রশ্ন: গণঅভ্যুত্থানের ফলে প্রেসিডেন্ট আইয়ুব খান কবে পদত্যাগ করেন?

উঃ ২৫ মার্চ, ১৯৬৯

প্রশ্ন: আইয়ুব খান কার নিকট পাকিস্তানের ক্ষমতা হস্তান্তর করেন?

উঃ আগা মুহম্মদ ইয়াহিয়া খানের নিকট।

প্রশ্ন: পাকিস্তান আমলে 'মৌলিক গণতন্ত্র' প্রবর্তন করেন কে?

উঃ জেনারেল আইয়ুব খান।

প্রশ্ন: ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থানের উপর রচিত আখতারুজ্জামান ইলিয়াসের বিখ্যাত উপন্যাসের নাম কী?

উঃ সিলেকোঠার সেপাই।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'জাতির জনক' ঘোষণা দেয়া হয় কবে?

উঃ ০৩ মার্চ, ১৯৭১।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'জাতির জনক' উপাধি দেন কে?

উঃ অ.স.ম আবদুর রব।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'রাজনীতির কবি' (Poet of Politics) উপাধি দেন কে?

উঃ যুক্তরাষ্ট্রের বিখ্যাত ম্যাগাজিন 'নিউজইউক' (Newsweek)

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'রাজনীতির কবি' (Poet of Politics) উপাধি দেয়া হয় কবে?

উঃ ১৯৭১ সালের ০৫ এপ্রিলে। এই উপাধি দেয়া বঙ্গবন্ধু ৭-ই মার্চের ঐতিহাসিক ভাষণের জন্য।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণকে ইউনেস্কো 'মেমোরি অব দ্য ওয়ার্ল্ড' হিসেবে স্বীকৃতি দেয় কবে?

উঃ ২০১৭ সালের ৩০ অক্টোবর।

বঙ্গবন্ধুর ছয় দফা দাবি সমূহ:

❶ **দফা-১ : শাসনতান্ত্রিক কাঠামো ও রাষ্ট্রের প্রকৃতি:** লাহোর প্রস্তাবের ভিত্তিতে সংবিধান রচনা করে পাকিস্তানকে একটি ফেডারেশনে পরিণত করতে হবে, যেখানে সংসদীয় পদ্ধতির সরকার থাকবে এবং প্রাপ্তবয়স্ক নাগরিকদের ভোটে নির্বাচিত আইন পরিষদ সার্বভৌম হবে।

❷ **দফা-২ : কেন্দ্রীয় সরকারের ক্ষমতা:** ফেডারেল সরকারের হাতে থাকবে শুধু দুটি বিষয়, প্রতিরক্ষা ও বৈদেশিক সম্পর্ক, এবং অপর সব বিষয় ফেডারেশনে অন্তর্ভুক্ত রাজ্যসমূহের হাতে ন্যস্ত থাকবে।

❸ **দফা-৩ : মুদ্রা বা অর্থ বিষয়ক ক্ষমতা:** পূর্ব ও পশ্চিম পাকিস্তানের জন্য দুটি পৃথক অথচ সহজে বিনিময়যোগ্য মুদ্রা চালু করতে হবে। যদি তা সম্ভব না হয় তাহলে সমগ্র পাকিস্তানের জন্য ফেডারেল সরকারের নিয়ন্ত্রণাধীন একটিই মুদ্রাব্যবস্থা থাকবে, একটি ফেডারেল রিজার্ভ ব্যাংক ও দুটি আঞ্চলিক রিজার্ভ ব্যাংক থাকবে। তবে এক্ষেত্রে পূর্ব পাকিস্তান থেকে পুঁজি যাতে পশ্চিম পাকিস্তানে পাচার হতে না পারে তার ব্যবস্থা সংবলিত সুনির্দিষ্ট বিধি সংবিধানে সন্নিবিষ্ট করতে হবে।

❹ **দফা-৪ : কর, রাজস্ব বা শুল্ক বিষয়ক ক্ষমতা:** দুই অঞ্চলের বৈদেশিক মুদ্রা আয়ের পৃথক হিসাব থাকবে এবং অর্জিত বৈদেশিক মুদ্রা রাজ্যের হাতে থাকবে। তবে ফেডারেল সরকারের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রা দুই অঞ্চল থেকে সমানভাবে কিংবা উভয়ের স্বীকৃত অন্য কোনো হারে আদায় করা হবে।

❺ **দফা-৫ : বৈদেশিক বাণিজ্য বিষয়ক ক্ষমতা:** দুই অংশের মধ্যে দেশীয় পণ্য বিনিময়ে কোনো শুল্ক ধার্য করা হবে না এবং রাজ্যগুলো যাতে যেকোন বিদেশি রাষ্ট্রের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক স্থাপন করতে পারে সংবিধানে তার বিধান রাখতে হবে।

❻ **দফা-৬ : আঞ্চলিক সেনাবাহিনী গঠনের ক্ষমতা:** প্রতিরক্ষায় পূর্ব পাকিস্তানকে স্বাবলম্বী করার লক্ষ্যে আধা-সামরিক রক্ষীবাহিনী গঠন, পূর্ব পাকিস্তানে অস্ত্র কারখানা স্থাপন এবং কেন্দ্রীয় নৌবাহিনীর সদর দফতর পূর্ব পাকিস্তানে স্থাপন করতে হবে।

ছয় দফা মনে রাখার সহজ টেকনিক: জানি, এই ৬টি দফা মনে রাখা, তা আবার সিরিয়ালি মনে রাখা আরও বেশি কষ্টসাধ্য ব্যাপার। তাই, আপনাদের সুবিধার্থে নিম্নে এই ৬টি দফা মনে রাখার সহজ টেকনিক দেয়া হল-

শাসন কেন্দ্রিক মুদ্রা কর বৈদেশিক অঞ্চলে (অর্থাৎ, শাসন কেন্দ্রিক মুদ্রা করো বৈদেশিক অঞ্চলে)

বিস্তারিত ব্যাখ্যা-

- দফা-১: শাসন = শাসনতান্ত্রিক কাঠামো ও রাষ্ট্রের প্রকৃতি
উ: কার্বন ডাই-অক্সাইড
প্রশ্ন: মাইটোসিস কোথায় সংগঠিত হয়?
উ: দেহ কোষে
প্রশ্ন: রক্তে লোহিত ও শ্বেত কণিকার অনুপাত কত?
উ: ৭০০ ঃ ১।

প্রশ্ন: দেহের শক্তির প্রধান মাধ্যম কী?
উ: শ্বসন।
প্রশ্ন: দেহে মেলানিনের প্রধান কাজ কি?
উ: সূর্য রশ্মির ক্ষতিকর প্রভাব থেকে দেহকে রক্ষা করা। দেহে মেলানিনের উপস্থিতির কারণে মানুষের গায়ের রঙ কালো বা ফর্সা হয়।
প্রশ্ন: কোন গ্রন্থির রসে রক্তে গ্লুকোজ হ্রাস পায়?
উ: অগ্ন্যাশয়।
প্রশ্ন: রক্তে প্রয়োজনের অতিরিক্ত গ্লুকোজ পাওয়া গেলে কোন রোগ বোঝা যায়?
উ: ডায়াবেটিস।
প্রশ্ন: চোখে আলো প্রবেশ করে কোন অংশ দিয়ে?
উ: কর্ণিয়া
প্রশ্ন: ইনসুলিন কোথায় তৈরি হয়?
উ: অগ্ন্যাশয়ে।
প্রশ্ন: মানবদেহের মিশ্র গ্রন্থির উদাহরণ কোনটি?
উ: অগ্ন্যাশয়।
প্রশ্ন: ইনসুলিন অগ্ন্যাশয়ের কোথায় তৈরি হয়?
উ: বিটা কোষে
প্রশ্ন: পাকস্থলী থেকে নিঃসৃত রসের নাম কী?
উ: পাচক রস।
প্রশ্ন: পাকস্থলীতে কোন এসিড থাকে?
উ: হাইড্রোক্লোরিক এসিড।
প্রশ্ন: শর্করা জাতীয় খাদ্যের পরিপাক কোথায় শুরু হয়?
উ: মুখে।
প্রশ্ন: আমিষ বা স্নেহ জাতীয় খাদ্যের পরিপাক কোথায় শুরু হয়?
উ: পাকস্থলীতে।
প্রশ্ন: এনজাইম কী দিয়ে তৈরি?
উ: এক ধনের আমিষ তথা প্রোটিন।
প্রশ্ন: আমিষ জাতীয় খাদ্য পরিপাক করে কোন জারক রস?
উ: পেপসিন।
প্রশ্ন: আমিষ জাতীয় খাদ্য পরিপাকের ফলে কী উৎপন্ন হয়?
উ: অ্যামাইনো এসিড ও ক্ষুদ্র ক্ষুদ্র পেপটাইড
প্রশ্ন: কার্বোহাইড্রেট তথা শর্করা জাতীয় খাদ্য পরিপাকের ফলে কী উৎপন্ন হয়?
উ: গ্লুকোজ, ফ্রুক্টোজ ও গ্যালোকটোজ
প্রশ্ন: চর্বি বা লিপিড জাতীয় খাদ্য পরিপাকের ফলে কী উৎপন্ন হয়?
উ: ফ্যাটি এসিড ও মনোগ্লিসারাইড।
প্রশ্ন: ক্যালসিয়ামের বিপাক নিয়ন্ত্রণকারী হরমোনের নাম কী?
উ: প্যারাথরমোন ও ক্যাসসিটোনিন।
প্রশ্ন: রক্তে ক্যালসিয়ামের পরিমাণ বাড়ায় কোন হরমোন?
উ: প্যারাথরমোন
প্রশ্ন: মানুষের লালারসে কোন এনজাইম থাকে?
উ: টায়ালিন।

Scanned with CamScanner CamScanner

প্রশ্ন: কোন জারক রস পাকস্থলীতে দুগ্ধ জমাট বাঁধায়?
উ: রেনিন।

প্রশ্ন: কোন রস শর্করা ও আমিষ উভয়কে পরিপাক করে?
উ: অগ্ন্যাশয় রস।

প্রশ্ন: রিকেটস রোগে দেহের কোন অংশে আক্রান্ত হয়?
উ: লিভার

প্রশ্ন: ইনসুলিন কী?
উ: এক ধরনের হরমোন।

প্রশ্ন: ইনসুলিন নিঃসৃত হয় কোথা থেকে?
উ: অগ্ন্যাশয় থেকে।

প্রশ্ন: বহুমূত্র বা ডায়াবেটিস রোগে কোন হরমোন দরকার?
উ: ইনসুলিন।

প্রশ্ন: মানব দেহে রাসায়নিক দূত হিসেবে কাজ করে কে?
উ: হরমোন।

প্রশ্ন: মানবদেহে পানির পরিমাণ কত?
উ: ৬০%-৭০%। সেজন্য প্রতিদিন একজন মানুষকে দৈনিক ২-৩ লিটার পানি পান করা প্রয়োজন।

প্রশ্ন: মানবদেহের স্বাভাবিক উষ্ণতা বা তাপমাত্রা কত?
উ: ৯৮.৪ ফারেনহাইট।

প্রশ্ন: দেহের বিপাকীয় বর্জ্য পদার্থ অপসারণের প্রক্রিয়াকে কী বলে?
উ: রেচন

প্রশ্ন: দেহ থেকে বর্জ্য পদার্থ ইউরিয়া বের করে দেয় কোনটি?
উ: কিডনি

১.৩ (ঙ) বিভিন্ন প্রকার কালচার (চাষ)

- এখানে সব ধরনের কালচার না দিয়ে কেবল পরীক্ষায় আসার মতো বাছাই করে Important culture-গুলো দেয়া হলো-
- এপিকালচার (Apiculture) = মৌমাছি পালন বিজ্ঞান
- এভিকালচার (Aviculture) = পাখি পালন বিজ্ঞান
- পিসিকালচার (Pisciculture) = মৎস্যচাষ বিজ্ঞান
- সেরিকালচার (Sericulture)= রেশম চাষ বিষয়ক বিজ্ঞান
- প্রনকালচার (Prawn cülture) = চিংড়ি চাষ বিষয়ক বিজ্ঞান
- ফ্রগকালচার (Frog culture) = ব্যাঙ চাষ বিষয়ক বিজ্ঞান
- পার্ল কালচার (Pearl culture) = মুক্তা চাষ বিষয়ক বিজ্ঞান
- হর্টিকালচার (Horticulture)= উদ্যান পালন বিদ্যা
- অ্যানিম্যাল হাজব্যানড্রি (Animal husbandry) = গবাদি পশুপালন বিদ্যা
- পোল্ট্রি ফার্মিং (Paultry farming) = হাঁস মুরগি পালন বিদ্যা

১.৩ (চ) বিজ্ঞান সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিদ্য

- অ্যান্থ্রোপোলজি- মানুষের উৎপত্তি ও বিকাশ সম্পর্কিত বি
- জেনেটিক্স- জীনতত্ত্ব ও বংশগতি সম্পর্কিত বিদ্যা।
- ইভোলিউশন- বিবর্তন ও অভিব্যক্তি সম্পর্কিত বিদ্যা।
- ইকোলজি- পরিবেশ ও জীবদেহের সম্পর্ক বিষয়ক বিদ্যা/বাস্তুসংস্থান বিদ্যা।
- টক্সিকোলজি- বিষবিষয়ক বিদ্যা।
- ইপিডিমিওলজি- রোগতত্ত্ব সম্পর্কিত বিদ্যা।
- অস্টিওলজি- হাড় বিষয়ক বিদ্যা।
- নিউরোলজি- স্নায়ু সম্পর্কিত চিকিৎসা বিদ্যা।
- নেফ্রোলজি- রেচন সম্পর্কিত চিকিৎসা বিদ্যা।
- ফাইকোলজি- শৈবাল সম্পর্কিত বিদ্যা।
- মাইকোলজি- ছত্রাক সম্পর্কিত বিদ্যা।
- মাইক্রোবায়োলজি- অণুজীব বিষয়ক বিদ্যা।
- বায়োলজি- জীব বিষয়ক বিদ্যা।
- জুলজি- প্রাণী সম্পর্কিত বিদ্যা
- জিওলজি- ভূতত্ত্ব বিষয়ক বিদ্যা।
- সোসিওলজি- সমাজ সম্পর্কিত বিদ্যা
- হাইড্রোলজি- ভূপৃষ্ঠ ও ভূগর্ভস্থ পানি সম্পর্কিত বিদ্যা।
- আর্কিওলজি- প্রত্নতত্ত্ব বিদ্যা।
- পমোলজি- ফলগাছ চাষাবাদ বিদ্যা।
- হেলমিনথোলজি- কৃমি সম্পর্কিত বিদ্যা।
- এমব্রায়োলজি- ভ্রূণ সম্পর্কিত বিদ্যা।
- হারপেটোলজি- উভচর ও সরীসৃপ বিষয়ক বিদ্যা।
- ভাইরোলজি- ভাইরাস সম্পর্কিত বিদ্যা।
- ক্যান্সার সংক্রান্ত বিদ্যা- অঙ্কোলজি
- ইকথায়োলজি- মাছ সম্পর্কিত বিদ্যা।
- অরনিথোলজি- পাখি সম্পর্কিত বিদ্যা।

পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে

- কোন রক্তের গ্রুপকে সর্বজনীন দাতা বলে= O গ্রুপ।
- কোন রক্তের গ্রুপকে সার্বজনীন গ্রহীতা বলে= AB গ্রুপ।
- হৃদপিন্ডের প্রকোষ্ঠের সংকোচনকে বলা হয়= সিস্টোল।
- হৃদপিন্ডের প্রকোষ্ঠের প্রসারণকে বলা হয়= ডায়াস্টোল।
- এপিকালচার বলতে কি বোঝায়?= মৌমাছি পালন।

Scanned with CamScanner CamScanner

২. স্বাস্থ্য, সাধারণ রোগ ব্যাধি ও চিকিৎসা [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. কোনটিতে রোবটের ব্যবহার করা হয়? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. জটিল সার্জারি চিকিৎসায়
খ. ব্যক্তির স্বাক্ষর শনাক্তকরণে
গ. নতুন জাতের বীজ উৎপাদনে
ঘ. টেনিস বলের আকৃতি তৈরিতে
উ. ক

২. চিকনগুনিয়া রোগটি কোন মাধ্যমবাহিত রোগ? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. পানিবাহিত খ. পতঙ্গবাহিত
গ. বায়ুবাহিত ঘ. রক্তবাহিত
উ. খ

৩. করোনাধী গ্রথসিস অসুখটি– [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. যকৃতের খ. হৃৎপিণ্ডের
গ. অগ্ন্যাশয়ের ঘ. কিডনীর
উ. খ

৪. নিচের কোনটিকে আদর্শ খাদ্য বলে? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. ভাত খ. মাছ
গ. দুধ ঘ. ফল
উ. গ

৫. সম্প্রতি বাংলাদেশে কোন বিরল রোগে আক্রান্ত রোগীর সন্ধান পাওয়া গিয়াছে? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. এ্যানথ্রাক্স খ. ট্রিম্যান
গ. চিকন গুনিয়া ঘ. ল্যাসা জ্বর
উ. খ

৬. 'ডাউন সিনড্রোম' বলতে বুঝানো হয়- [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. গর্ভস্থ শিশুর অপরিণত বিকাশ খ. ধানগাছের বিশেষ রোগ
গ. নৈতিক অবক্ষয়ের লক্ষণ
ঘ. ফলের অপরিণত বিকাশ
উ. ক

৭. হাড় ও দাঁতকে মজবুত করে কোনটি? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. ক্যালশিয়াম খ. আয়োডিন
গ. আয়রন ঘ. পটাশিয়াম
উ. ক

৮. কোন ভিটামিনের অভাবে স্কার্ভি রোগ হয়? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ভিটামিন'এ' খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'সি' ঘ. ভিটামিন 'ডি'
উ. গ

৯. ডেঙ্গু জ্বরের বাহক- [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ডিলেক্স মশা খ. এনোফিলিস মশা
গ. এডিস মশা ঘ. পুরুষ মশা
উ. গ

১০. ইনসোমনিয়া একটি– [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. নিদ্রাহীনতাজনিত রোগ খ. স্নায়ুরোগ
গ. চোখের রোগ ঘ. কোনোটিই নয়
উ. ক

১১. কোনটির সংক্রমণে যক্ষ্মা রোগ হয়? [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. ভাইরাস খ. ব্যাকটেরিয়া
গ. ছত্রাক ঘ. প্রোটোজোয়া
উ. খ

১২. গাছের পাতা সেগুলি রং ধারণ করে কোন কারণে? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. লৌহের অভাবে খ. ফসফরাসের অভাবে
গ. গ্লুকোজের অভাবে ঘ. কোনটিই নয়
উ. খ

১৩. কে প্রমাণ করেন যে অ্যানোফিলিস মশা ম্যালেরিয়া জ্বরের জন্য দায়ী? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. স্যার আইজ্যাক নিউটন খ. এডিসন
গ. লুই পাস্তুর ঘ. স্যার রোনাল্ড রস
উ. ঘ

১৪. ম্যালেরিয়ার ঔষধ 'কুইনিন' কোন গাছ থেকে পাওয়া যায়? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. নীম গাছ খ. পাথরকুচি
গ. সিনকোনা ঘ. তুলসী গাছ
উ. গ

১৫. দুধের রং সাদা হয় কেন? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. প্রোটিনের জন্য খ. কার্বোহাইড্রেটের জন্য
গ. মিনারেলের জন্য ঘ. ফ্যাটের জন্য
উ. ক

১৬. কোন হরমোনের অভাবে শিশু বামন হয়? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. থাইরক্সিন খ. ফাইরক্সিন
গ. অ্যাডরেনালিন ঘ. গ্যাস্টিন
উ. ক

১৭. অ্যানথ্রাক্স রোগের টিকা আবিষ্কার করেন– [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. ডারউইন খ. মার্কনী
গ. লুইপাস্তুর ঘ. আলেকজান্ডার
উ. গ

১৮. কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. ভিটামিন-এ খ. ভিটামিন-বি
গ. ভিটামিন-সি ঘ. ভিটামিন-ডি
উ. ক

স্কুল পর্যায়

১. বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) করোনা ভাইরাসের দাপ্তরিক নাম দিয়েছে– [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. করোনা-১ খ. কোভিড-১৯
গ. করোনা ভাইরাস ঘ. SARS-COV-1
উ. খ

২. কোন হরমোনের অভাবে গলগণ্ড রোগের সৃষ্টি হয়? [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. থাইরক্সিন খ. ইনসুলিন
গ. গ্লুকাগন ঘ. করটিসোল
উ. ক

৩. AIDS রোগের জন্য নিচের কোন ভাইরাসটি দায়ী? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. SARS খ. র‍্যাবিস
গ. HIV ঘ. ইবোলা
উ. গ

৪. কচু খেলে গলা চুলকায় কারণ কচুতে আছে– [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. ক্যালসিয়াম অক্সালেট খ. ক্যালসিয়াম কার্বনেট
গ. ক্যালসিয়াম ফসফেট ঘ. ক্যালসিয়াম সালফেট

Scanned with CamScanner

৫. চিকনগুনিয়ার বাহক কোনটি?
ক. অ্যানোফিলিস খ. কিউলেক্স
গ. এডিস ঘ. সকল ধরনের মশা উ. গ

৬. ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত গামা বিকিরণের উৎস হলো– [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. আইসোটোন খ. আইসোটোপ
গ. আইসোবার ঘ. রাসায়নিক পদার্থ উ. খ

৭. জাঙ্ক ফুডে নিচের কোন দ্রব্যের আধিক্য থাকে? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. চর্বি খ. ভিটামিন
গ. শর্করা ঘ. আমিষ উ. ক

৮. হিউম্যান প্যাপিলোমা কি? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. ছত্রাক খ. ব্যাক্টেরিয়া
গ. ভাইরাস ঘ. অণুজীব উ. গ

৯. ইনসুলিন কে আবিষ্কার করেন? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. ফ্রেডেরিক হপকিন্স খ. আলেকজান্ডার ফ্লেমিং
গ. গেরহার্ড ডোমাক ঘ. অ্যাড ওয়ার্ড জেনার উ. *
ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই ১৯২১ সালে ইনসুলিন আবিষ্কার কানাডীয় চিকিৎসা বিজ্ঞানী ফ্রেডরিক বেন্টিং এবং তার সহকারী চার্লস এইচ বেস্ট। ১৯২২ সালে ইনসুলিনের ব্যবহার শুরু হয়।

১০. কিসের অভাবে গলগণ্ড রোগ হয়? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. আমিষ খ. শর্করা
গ. আয়োডিন ঘ. ভিটামিন উ. গ

১১. আমিষ বেশি আছে কোনটিতে? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. মুগ ডাল খ. মসুর ডাল
গ. খাসির মাংস ঘ. ইলিশ মাছ উ. খ

১২. কোন ভিটামিনের অভাবে স্কার্ভি রোগ হয়? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. ভিটামিন এ খ. ভিটামিন বি
গ. ভিটামিন সি ঘ. ভিটামিন ডি উ. গ

১৩. তেঁতুলে কোন ধরনের এসিড থাকে? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. সাইট্রিক এসিড খ. টারটারিক এসিড
গ. এসকরবিক এসিড ঘ. ফসফরিক এসিড উ. খ

১৪. ইনসুলিনের অভাবে কী রোগ হয়? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. রাতকানা খ. রিকেট
গ. ডায়াবেটিস ঘ. স্কার্ভি উ. গ

১৫. পেনিসিলিন আবিষ্কার করেন– [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. আলেকজান্ডার ফ্লেমিং খ. লুই পাস্তুর
গ. আইকম্যান ঘ. উইলিয়াম হার্ভে উ. ক

১৬. সহজে সর্দিকাশি হয় কোন ভিটামিনের অভাবে? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. ভিটামিন-ই খ. ভিটামিন-কে
গ. ভিটামিন-সি ঘ. ভিটামিন-বি উ. গ

১৭. কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ভিটামিন-এ খ. ভিটামিন-বি
গ. ভিটামিন-সি ঘ. ভিটামিন-ডি উ. ক

১৮. কচুশাক বিশেষভাবে মূল্যবান যে উপাদানের জন্য তা কোনটি? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ফসফরাস খ. লৌহ
গ. ক্যালসিয়াম ঘ. আয়োডিন উ. খ

১৯. নিউমোনিয়া রোগে আক্রান্ত হয় মানবদেহের কোন অঙ্গ? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ফুসফুস খ. যকৃত
গ. পিওথলি ঘ. হৃৎপিণ্ড উ. ক

২০. সুষম খাদ্যের উপাদান কয়টি? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ৫ টি খ. ৬ টি
গ. ৭ টি ঘ. ৮ টি উ. খ

২১. কোন ডালের সাথে ল্যাথারিজম রোগের সম্পর্ক আছে? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. মসুর খ. খেসারী
গ. ছোলা ঘ. মুগ উ. খ

২২. কোন উপাদানের ঘাটতি থেকে ডায়াবেটিস রোগ হয়? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. হিমোগ্লোবিন খ. বিলিরুবিন
গ. ইনসুলিন ঘ. গ্লাইকোজেন উ. গ

২৩. মানবদেহে HIV প্রবেশ করার কতদিনের মধ্যে শরীরে এইডসের লক্ষণ দেখা যায়? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. ১ মাস থেকে ২ মাস খ. ১ বছর থেকে ২ বছর
গ. ৬ মাস থেকে ১০ বছর ঘ. ৩ মাস থেকে ৪ মাস উ. গ

২৪. দুধে থাকে কোন এসিড? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. ফোলিক এসিড খ. টারটারিক এসিড
গ. ল্যাকটিক এসিড ঘ. সাইট্রিক এসিড উ. গ

২৫. মেরাসমাস রোগের ফলে কী হয়? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. পেশী ও মেদ ক্ষয় হয় খ. দেহের ওজন বৃদ্ধি পায়
গ. দেহের অস্বাভাবিক বৃদ্ধি ঘটে
ঘ. রক্তনালী সরু হয়ে পড়ে উ. ক

২৬. হেপাটাইটিস 'বি' ভাইরাস শরীরের কোথায় আক্রমণ করে? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. ফুসফুস খ. হৃদপিণ্ড
গ. যকৃত ঘ. অগ্ন্যাশয় উ. গ

২৭. পেনিসিলিয়াম আবিষ্কার করেন কে? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. রবার্ট হুক খ. টমাস এডিসন
গ. আলেকজান্ডার ফ্লেমিং ঘ. জেমস্ ওয়াট উ. গ

স্কুল পর্যায়-২

১. সূর্য কিরণ থেকে কোন ভিটামিন পাওয়া যায়? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. ভিটামিন 'এ' খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'ই' ঘ. ভিটামিন 'ডি' উ. ঘ

২. এডিস মশা নিচের কোন রোগটির বাহন? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. গোদ রোগ খ. ম্যালেরিয়া
গ. চিকুনগুনিয়া ঘ. ফাইলেরিয়া উ. গ

Scanned with CamScanner CamScanner

৩. কোন খাদ্যে পচন ধরে না? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. ফল খ. মধু
গ. দুধ ঘ. চাল উ. খ

৪. ভিটামিন সি-এর অভাবে কোন রোগ হয়? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. রাতকানা খ. বেরিবেরি
গ. স্কার্ভি ঘ. রিকেটস উ. গ

৫. নিউমোনিয়া রোগে আক্রান্ত হয় মানবদেহের কোথায়? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. ফুসফুস খ. যকৃত
গ. কিডনী ঘ. প্লীহা উ. ক

৬. আইসিডিডিআর, বি হাসপাতালে কোন রোগের চিকিৎসা হয়? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. ম্যালেরিয়া খ. যক্ষ্মা
গ. নিউমোনিয়া ঘ. কলেরা উ. ঘ

৭. পানিতে কোন ভিটামিন দ্রবণীয়? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. A ও B খ. B ও C
গ. A ও C ঘ. B ও D উ. খ

৮. সূর্য কিরণ থেকে কোন ভিটামিন পাওয়া যায়? [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. ভিটামিন 'এ' খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'ই' ঘ. ভিটামিন 'ডি' উ. ঘ

২.১ স্বাস্থ্য

প্রশ্ন। কোন খাদ্যকে আদর্শ খাদ্য বলা হয়?
উত্তর ঃ দুধ।
প্রশ্ন। কোন খাদ্য উপাদান থেকে শক্তি পাওয়া যায়?
উত্তর ঃ শর্করা, আমিষ ও স্নেহ।
প্রশ্ন। একজন পূর্ণবয়স্ক ব্যক্তির দৈনিক গড়ে কত ক্যালরি শক্তির প্রয়োজন?
উত্তর ঃ ২২০০ ক্যালরি।
প্রশ্ন। আমাদের দেশে একজন পূর্ণবয়স্ক ব্যক্তির দৈনিক গড়ে কত ক্যালরি শক্তির প্রয়োজন?
উত্তর ঃ ২৫০০ ক্যালরি।
প্রশ্ন। শর্করা জাতীয় খাদ্য শরীরে কোন কাজে ব্যয় হয়?
উত্তর ঃ দেহের বৃদ্ধির জন্য
প্রশ্ন। অতিরিক্ত শর্করা জাতীয় খাদ্য উদ্ভিদদেহে কী হিসেবে জমা থাকে?
উত্তর ঃ স্টার্চ হিসেবে।
প্রশ্ন। অতিরিক্ত শর্করা জাতীয় খাদ্য প্রাণিদেহে কী হিসেবে জমা থাকে?
উত্তর ঃ গ্লাইকোজেন হিসেবে।
প্রশ্ন। মানবদেহে গ্লাইকোজেন কোথায় জমা থাকে?
উত্তর ঃ যকৃতে (লিভারে) ও পেশীতে।
প্রশ্ন। খাদ্য কাকে বলে?
উত্তর ঃ যা খেলে শরীরে শক্তি হয়, শরীরের ক্ষয়পূরণ করে এবং শরীরের বৃদ্ধি ঘটে তাকে খাদ্য বলে।
প্রশ্ন। সুষম খাদ্যের উপাদান কয়টি?
উত্তর ঃ ৬টি। যথা- শর্করা, আমিষ, স্নেহ , ভিটামিন, খনিজ লবণ এবং পানি।
প্রশ্ন। সুষম খাদ্যে শর্করা, আমিষ ও স্নেহজাতীয় খাবারের অনুপাত কত?
উত্তর ঃ ৪ : ১ : ১।
প্রশ্ন। কার্বোহাইড্রেটে (শর্করায়) C, H এবং O-এর (কার্বন, হাইড্রোজেন এবং অক্সিজেন) অনুপাত কত?
উত্তর ঃ ১ : ২ : ১।
প্রশ্ন। কার্বোহাইড্রেট হলো-
উত্তর ঃ কার্বন, হাইড্রোজেন ও অক্সিজেনের সমন্বয়ে গঠিত।
প্রশ্ন। আমিষ হলো-
উত্তর ঃ কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন ও নাইট্রোজেনের সমন্বয়ে গঠিত।
প্রশ্ন। আমিষে নাইট্রোজেনের হার কত?
উত্তর ঃ ১৬%।
প্রশ্ন। জীবদেহের শক্তির প্রধান উৎস হিসেবে কাজ করে কোনটি?
উত্তর ঃ কার্বোহাইড্রেট বা শর্করা।
প্রশ্ন। দুধের শ্বেতসার অংশকে কী বলে ।
উত্তর ঃ ল্যাক্টোজ।
প্রশ্ন। দুধের প্রোটিনের নাম কী?
উত্তর ঃ কেসিন।
প্রশ্ন। দুধে কোন ভিটামিন নেই?
উত্তর ঃ ভিটামিন সি।
প্রশ্ন। ডিমে কোন ভিটামিন নেই?
উত্তর ঃ ভিটামিন সি।
প্রশ্ন। অ্যামাইনো এসিড কী?
উত্তর ঃ প্রোটিনের মূল গাঠনিক একক।
প্রশ্ন। দেহে আমিষ বা প্রোটিনের প্রধান কাজ কী?
উত্তর ঃ দেহের বৃদ্ধি সাধন ও ক্ষয়পূরণ করা এবং কোষ গঠনে সহায়তা করা।
প্রশ্ন। দেহ গঠনে কোন উপাদানের প্রয়োজন সবচেয়ে বেশি?
উত্তর ঃ আমিষ বা প্রোটিন জাতীয় খাবার।
প্রশ্ন। রোগ প্রতিরোধের ক্ষমতা বাড়ায় প্রধানত কোনটি?
উত্তর ঃ ভিটামিন।
প্রশ্ন। আমিষ বা প্রোটিনের মূল উপাদান কী?
উঃ নাইট্রোজেন।
প্রশ্ন। জীব কোষের কোন স্থানে প্রোটিন বা আমিষ সংশ্লেষণ হয়?
উত্তর ঃ রাইবোজোম।
প্রশ্ন। Natural Protein-এর কোড নাম কী?
উত্তর ঃ Protein P-49।
প্রশ্ন। আমিষ জাতীয় খাবারের অভাবে কী রোগ হয়?
উত্তর ঃ কোয়াশিয়রকর ও মেরাসমাস।
প্রশ্ন। কোলেস্টেরল কী?
উত্তর ঃ এক ধরনের অসম্পৃক্ত অ্যালকোহল।

Scanned with CamScanner CamScanner

প্রশ্ন। কোলেস্টেরলের উৎস কী?
উত্তর ঃ ডিমের কুসুম, কলিজা, মগজ, গরুর মাংস, খাসির মাংস ইত্যাদি।
প্রশ্ন। মানব দেহে শতকরা কতভাগ খনিজ লবণ থাকে?
উত্তর ঃ ৪%।
প্রশ্ন। কোন শাকে লৌহের পরিমাণ সবচেয়ে বেশি?
উত্তর ঃ কচু শাক।
প্রশ্ন। মানবদেহে লৌহের কাজ কী?
উত্তর ঃ হিমোগ্লোবিনের হিম অংশ তৈরিতে লৌহ অপরিহার্য।
প্রশ্ন। লৌহের অভাবে কী রোগ হয়?
উত্তর ঃ রক্তশূন্যতা।
প্রশ্ন। হাড় ও দাঁত গঠনে কোন কোন মৌল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?
উত্তর ঃ ক্যালসিয়াম ও ফসফরাস ।
প্রশ্ন। মানুষের শরীরের কোন অঙ্গে বেশির ভাগ ফসফেট রয়েছে?
উত্তরঃ হাড়ে।
প্রশ্ন। কোন হরমোন তৈরিতে আয়োডিনের প্রয়োজন হয়?
উত্তর ঃ থাইরয়েড।
প্রশ্ন। দেহের বৃদ্ধিকারক হরমোন কোনটি?
উত্তর ঃ থাইরক্সিন
প্রশ্ন। কোন মৌল দাঁতের ক্ষয়রোধ করে?
উত্তর ঃ ফ্লুরাইড ।
প্রশ্ন। কোন খাবারে সবচেয়ে বেশি পটাসিয়াম পাওয়া যায়?
উত্তর ঃ ডাব।
প্রশ্ন। কলায় কোন উপাদান বেশি থাকে?
উত্তর ঃ লৌহ, পটাসিয়াম ।
প্রশ্ন। মানবদেহে অ্যান্টিবডির কাজ কী?
উত্তর ঃ রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করা।
প্রশ্ন। সর্বাধিক স্নেহ জাতীয় খাদ্য কোনটি?
উত্তর ঃ দুধ।
প্রশ্ন। মায়ের দুধে কোন খাদ্য উপাদান নেই?
উত্তর ঃ লৌহ।
প্রশ্ন। কোনটিকে 'খাদ্যপ্রাণ' বলা হয়?
উত্তর ঃ ভিটামিন।
প্রশ্ন। পানিতে দ্রবণীয় ভিটামিনগুলো কী কী?
উত্তর ঃ Vit-B, Vit-C।
প্রশ্ন। Vit-C এর অন্য নাম কী?
উত্তর ঃ অ্যাসকরবিক এসিড।
প্রশ্ন। আমাদের দেশে প্রাপ্ত সবচেয়ে বেশি Vit-C সমৃদ্ধ ফলের নাম কী?
উত্তর ঃ পেয়ারা।
প্রশ্ন। ডিমে কোন ভিটামিন নেই?
উত্তরঃ Vit-C।
প্রশ্ন। Vit-C এর অভাবে কি রোগ হয়?
উত্তর ঃ স্কার্ভি।

প্রশ্ন। কোন খাদ্যে Vit-A সবচেয়ে বেশি?
উত্তর ঃ গাজর।
প্রশ্ন। কোন খাদ্যে Vit-C সবচেয়ে বেশি?
উত্তর ঃ পেয়ারা।
প্রশ্ন। কোনটিতে আমিষের পরিমাণ সবচেয়ে বেশি?
উত্তর ঃ শুঁটকী মাছ।
প্রশ্ন। কোন আলোক রশ্মি Vit-D তৈরিতে সাহায্য করে?
উত্তর ঃ আল্ট্রাভায়োলেট রশ্মি বা অতিবেগুনী রশ্মি।
প্রশ্ন। চা পাতায় কোন ভিটামিন থাকে?
উত্তর ঃ ভিটামিন-বি কমপ্লেক্স।
প্রশ্ন। হাড় ও দাঁত তৈরির জন্য কোন ভিটামিন প্রয়োজন?
উত্তর ঃ ভিটামিন-ডি।
প্রশ্ন। কাঁচুশাকে কোন উপাদান সবচেয়ে বেশি থাকে?
উত্তর ঃ লৌহ।
প্রশ্ন। আয়োডিনের মূল উৎস কী?
উত্তর ঃ পানি ও মাটি।
প্রশ্ন। খাবারের বিভিন্ন উপাদানের মধ্যে আয়োডিনের মূল উৎস কী?
উত্তর ঃ খাবার লবণ।
প্রশ্ন। কোথায় সবচেয়ে বেশি আয়োডিন থাকে?
উত্তর ঃ সমুদ্রের পানিতে কিংবা সামুদ্রিক মাছে।

২.২ সাধারণ রোগ ব্যাধি

প্রশ্নঃ যে সব অণুজীব রোগ সৃষ্টি করে তাদের কী বলা হয়?
উঃ প্যাথোজেনিক।
প্রশ্নঃ ভেক্টর কী?
উঃ যে সকল প্রাণী এক মানবদেহ থেকে অন্য মানবদেহে রোগ জীবাণু বহন করে, তাদের ভেক্টর বলে।
প্রশ্নঃ বন্যার পর কোন রোগের প্রাদুর্ভাব বেশি দেখা দেয়?
উঃ ডায়রিয়া।
প্রশ্নঃ ডাক্তাররা কেন ডায়রিয়া রোগীকে বেশি করে ডাব খাওয়ার পরামর্শ দেন?
উঃ ডাবের পানিতে প্রচুর পরিমাণে পটাশিয়াম থাকে যা ডায়রিয় রোগীর জন্য অনেক উপকারী।
প্রশ্নঃ নরমাল স্যালাইন কী?
উঃ সোডিয়াম ক্লোরোইডের ০.৯% জলীয় দ্রবণ।
প্রশ্নঃ শরীরের কোনো স্থান পুড়ে গেলে তৎক্ষণিকভাবে কী করা উচিত?
উঃ তাৎক্ষণাৎ পরিষ্কার ঠান্ডা পানি দিয়ে ধুয়ে ফেলা।
প্রশ্নঃ কোনো বিষধর সাপ কামড় দিলে ক্ষতস্থান কেমন দেখায়?
উঃ বড় বড় দুটি দাঁতের দাগ থাকে।
প্রশ্নঃ অ্যান্টিবায়োটিক কী?
উঃ যে ঔষুধ ব্যাক্টেরিয়া ধ্বংস করে তাকে অ্যান্টিবায়োটিক বলে।

Scanned with CamScanner CamScanner

প্রশ্ন: অ্যান্টিবায়োটিক কে আবিষ্কার করেন?

উ: আলোকজেন্ডার ফ্লেমিং

প্রশ্ন: কোত্থেকে আলোকজেন্ডার ফ্লেমিং অ্যান্টিবায়োটিক আবিষ্কার করেন?

উ: পেনিসিলিয়াম নামক ছত্রাক থেকে।

প্রশ্ন: অ্যান্টিবায়োটিক পেনিসিলিন ঔষুধ তৈরি হয়-

উ: ছত্রাক থেকে।

প্রশ্ন: ভায়াগ্রা কী?

উ: এক প্রকার যৌন উত্তেজক ওষুধ; যার আসল নাম হলো সিলডেনাফিল।

প্রশ্ন: 'স্পিরুলিনা' কী?

উ: শৈবাল জাতীয় এক প্রকার খাদ্য ও ঔষুধ।

প্রশ্ন: স্বাস্থ্যের জন্য অপরিহার্য ভিটামিন কয়টি?

উ: ১৩টি।

প্রশ্ন: ভূ-অভ্যন্তরের পানি ব্যবহারের ক্ষতিকর দিক কী?

উ: আর্সেনিক দূষণ।

প্রশ্ন: আর্সেনিক দূষণের প্রধান কারণ কী?

উ: ভূ-তাত্ত্বিক।

প্রশ্ন: বাংলাদেশে কত সালে পরিবার পরিকল্পনা কর্মসূচি গ্রহণ করা হয়?

উ: ১৯৭৬ সালে।

প্রশ্ন: বাংলাদেশে সম্প্রসারিত টিকাদান কর্মসূচি কবে চালু হয়?

উ: ১৯৭৯ সালে।

প্রশ্ন: সম্প্রসারিত টিকাদান কর্মসূচির আওতায় বিনামূল্যে কতটি টিকা দেয়া হয়?

উ: ১০টি।

প্রশ্ন: বর্তমানে রোবটকে কোন ধরনের চিকিৎসায় ব্যবহার করা হচ্ছে?

উ: জটিল সার্জারি চিকিৎসায়

প্রশ্ন: জন্ডিসের অন্যতম কারণ কী?

উ: হেপাটাইটিস গোত্রের ভাইরাস।

প্রশ্ন: হেপাটাইটিস ভাইরাস কোথায় আক্রমণ করে?

উ: লিভার বা যকৃতে।

প্রশ্ন: কখন, কীভাবে 'হেপাটাইটিস-বি'-এর টিকা নেয়া যায়?

উ: প্রথম ডোজ টিকা নেওয়ার এক মাস পর দ্বিতীয়টি এবং প্রথম ডোজ নেওয়ার দিন থেকে ছয় মাস পর তৃতীয় ডোজটি নিতে হয়। তিনটি ডোজ সম্পন্ন হওয়ার পর রক্ত পরীক্ষার মাধ্যমে নিশ্চিত হতে হয় যে টিকা নেওয়ার ফলে রক্তে ভাইরাসের বিরুদ্ধে পর্যাপ্ত রোগপ্রতিরোধ ক্ষমতা গড়ে উঠেছে কি না। তিনটি ডোজ সম্পন্ন হওয়ার পর পর্যাপ্ত রোগপ্রতিরোধ ক্ষমতা গড়ে না উঠলে পাঁচ বছর পর চতুর্থ ডোজ (বুস্টার ডোজ) নিতে হয়।

প্রশ্ন: কারা 'হেপাটাইটিস-বি' এর টিকা নিতে পারে?

উ: জন্মের পর থেকে ৭০ বছর বয়স পর্যন্ত যে কেউ এই টিকা নিতে পারে। তবে কেউ যদি পূর্বেই হেপাটাইটিস-বি রোগে আক্রান্ত হয়ে যায় তাহলে সে আর হেপাটাইটিস-বি টিকা নিতে পারবে না। আবার কোনো মায়ের হেপাটাইটিস-বি দেহে থাকলে নবজাতক জন্মের ১২ ঘণ্টার মধ্যে অর্থাৎ যত দ্রুত সম্ভব ভ্যাকসিন ও এইচ.বি.আই.জি (HBIG) শট দিতে হবে।

প্রশ্ন: জন্ডিস বা হেপাটাইটিস এর কারণ কি?

উ: Hepatitis A, B, C, D, E virus.

প্রশ্ন: কোন হেপাটাইটিস ভাইরাস বেশি খারাপ?

উ: হেপাটাইটিস-B, হেপাটাইটিস-C (Chronic Hepatitis) এর জন্য দায়ী।

প্রশ্ন: খাদ্য, পানির মাধ্যমে ছড়ায় কোন হেপাটাইটিস ভাইরাস?

উ: Hepatitis -A, Hepatitis-E.

প্রশ্ন: রক্ত, যৌন সংগমের মাধ্যমে ছড়ায় কোন Hepatitis ভাইরাস?

উত্তরঃ Hepatitis- B, C, D.

প্রশ্ন: Chronic Hepatitis হলে ক্ষতি কী হয়?

উত্তরঃ লিভার সিরোসিস বা লিভার ক্যান্সার হয়ে মানুষ মারা যেতে পারে।

প্রশ্ন: AIDS রোগীর মৃত্যুর কারণ কি?

উ: মানুষের রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস পেয়ে ধীরে ধীরে মৃত্যুর মুখে পতিত হয়।

প্রশ্ন: HIV/AIDS কী ধরনের রোগ?

উ: HIV/AIDS একটি ভাইরাসজনিত রোগ।

প্রশ্ন: HIV দ্বারা কী বোঝায়?

উ: Human Immunodeficiency Virus

প্রশ্ন: AIDS দ্বারা কী বোঝায়?

উ: Acquired Immune Deficiency Syndrome

প্রশ্ন: HIV/AIDS হলে কী হয়?

উ: HIV/AIDS হলে মানুষ রোগ প্রতিরোধ ক্ষমতা হারিয়ে ফেলে ধীরে ধীরে মৃত্যুর মুখে পতিত হয়।

প্রশ্ন: AIDS এর জন্য কোন ভাইরাস দায়ী?

উত্তরঃ HIV ভাইরাস(Human Immunodeficiency Virus).

প্রশ্ন: AIDS কিভাবে ছড়ায়?

উ: এইডস প্রধানত তিন ভাবে ছড়ায়:

- HIV+ve রোগীর রক্ত কোন সুস্থ মানুষের শরীরে প্রবেশ করলে। যেমনঃ এইডস রোগীর রক্ত গ্রহণ, এইডস রোগীর ব্যবহৃত সিরিঞ্জ ব্যবহার করা ইত্যাদি।
- HIV+ve রোগীর সঙ্গে যৌন সংগম।
- HIV+ve মায়ের কাছে থেকে অমরার মাধ্যমে বাচ্চার শরীরে প্রবেশ করতে পারে।

প্রশ্ন: বর্তমানে কোন ঔষুধ এইডস রোগীদের চিকিৎসায় ব্যবহার করা হচ্ছে?

উ: এজিডোথাইমেডিন।

প্রশ্ন: জলাতঙ্ক রোগের কারণ কী?

উ: Rabies virus.

প্রশ্ন: জলাতঙ্ক রোগ কেন হয়?

উত্তরঃ কুকুর, বিড়াল, শিয়াল, বাঘ, সিংহ, বেজি ইত্যাদির কামড় থেকে জলাতঙ্ক হতে পারে।

প্রশ্ন: ডেঙ্গু জ্বরের কারণ কী?

উ: Dengue virus.

প্রশ্ন: ডেঙ্গু জ্বরের বাহক কে?

উত্তরঃ Aedes aegypti নামক মশা।

Scanned with CamScanner CamScanner

প্রশ্ন: কোন মশা কী রোগের বাহক হিসেবে কাজ করে?
উত্তরঃ এডিস মশাঃ ডেঙ্গু জ্বর
অ্যানোফিলিস মশাঃ ম্যালেরিয়া
প্রশ্ন: ডেঙ্গু জ্বরের লক্ষণ কী?
উত্তরঃ উচ্চজ্বর, পেশী, হাড় ও মাথা ব্যথা ও শরীরের বিভিন্ন স্থান হতে রক্তপাত হতে পারে। এ রোগ রোগীর মৃত্যুও হতে পারে।
প্রশ্ন: কোন ভাইরাসকে স্ট্রিট ভাইরাস বলে?
উত্তরঃ রেবিস।
প্রশ্ন: নিপাহ ভাইরাসের প্রধান বাহক কি?
উত্তরঃ বাদুড়।
প্রশ্ন: নিউমোনিয়া কী?
উত্তরঃ ফুসফুসের প্রদাহকে নিউমোনিয়া বলে।
প্রশ্ন: নিউমোনিয়ার কারণ কী?
উত্তরঃ নিউমোনিয়ার কারণ নিম্নরূপঃ
ক) ব্যাক্টেরিয়া, খ) ভাইরাস, গ) গোলকৃমি।
প্রশ্ন: ডিপথেরিয়া রোগে দেহের কোন অংশে আক্রান্ত হয়?
উত্তরঃ গলা।
প্রশ্ন: কুষ্ঠরোগের লক্ষণ কী?
উত্তরঃ ত্বকে বিশেষ ধরনের ক্ষতে ব্যথাহীনতা।
প্রশ্ন: কিসের অভাবে ডায়াবেটিস হয়?
উত্তরঃ ইনসুলিনের অভাবে।
প্রশ্ন: ইনসুলিন আবিষ্কার করেন কে?
উত্তরঃ ফ্রেডরিক গ্র্যান্ট বেন্টিং ও চালর্স এইচ বেস্ট।
প্রশ্ন: কত সালে ইনসুলিন আবিষ্কার করা হয়?
উত্তরঃ ১৯২১ সালে।
প্রশ্ন: কত সালে ইনসুলিনের ব্যবহার শুরু হয়?
উত্তরঃ ১৯২২ সালে।
প্রশ্ন: ইনসোমনিয়া কোন ধরনের রোগ?
উত্তরঃ নিদ্রাহীনতাজনিত রোগ। এটি বেশিভাগ ক্ষেত্রে বয়স্কদের মাঝে দেখা যায়।

২.৩ জেনে নিন কিসের অভাবে কোন রোগ হয়-

১। কিসের অভাবে মানুষের কোয়াশিয়রকর রোগ হয়?
উত্তরঃ আমিষের।
২। কোন ভিটামিনের অভাবে স্কার্ভি রোগ হয়?
উত্তরঃ ভিটামিন সি।
৩। কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়?
উত্তরঃ ভিটামিন এ [মনে রাখুন, রাতে না দেখে এ এ করে।]
৪। কোন ভিটামিনের অভাবে বেরিবেরি রোগ হয়?
উত্তরঃ ভিটামিন বি।
৫। কোন ভিটামিনের অভাবে রিকেটস রোগ হয়?
উত্তরঃ ভিটামিন ডি।
৬। আয়োডিনের অভাবে কি রোগ হয়?
উত্তরঃ গলগণ্ড রোগ।
৭। কোনটির অভাবে রক্তশূন্যতা দেখা দেয়?
উত্তরঃ হিমোগ্লোবিনের অভাবে।
৮। কোন ভিটামিনের অভাবে রক্তশূন্যতা দেখা দেয়?
উত্তরঃ ভিটামিন-বি$_{১২}$।
৯। চর্মরোগ হয় কিসের অভাবে?
উত্তরঃ চর্বি বা স্নেহ।
১০। কিসের অভাবে ঠোঁটে ও জিহ্বায় ঘা হয়?
উত্তরঃ ভিটামিন বি$_{২}$।
১১। কোন ভিটামিন রক্ত জমাট বাঁধতে সাহায্য করে?
উত্তরঃ ভিটামিন 'কে'। [মনে রাখুন এইভাবে, কে এবার রক্তের জমাট বাঁধালো?]
১২। পানি কম পান করলে কী রোগ হয়?
উত্তরঃ কোষ্ঠকাঠিন্য।
১৩। ভিটামিন 'সি' এর অভাবে কোন কোন রোগের সৃষ্টি হয়?
উঃ ওজন কমে যাওয়া, মুখে ঘা, স্কার্ভি হয়ে থাকে।
১৪। ভিটামিন 'ডি' এর অভাবে কোন কোন রোগের সৃষ্টি হয়?
উঃ কুঁজো হওয়া, শিশুদের রিকেটস রোগ, দাঁতের ক্ষয় ইত্যাদি হয়ে থাকে।
১৫। ভিটামিন 'ই' এর অভাবে কোন কোন রোগের সৃষ্টি হয়?
উঃ গর্ভস্থ সন্তানের মৃত্যু, অসময়ে গর্ভপাত ও গর্ভস্রাব, হৃৎপিণ্ড ও ধমনীর কর্মক্ষমতা হ্রাস পাওয়া ইত্যাদি হয়ে থাকে।
১৬। কিসের অভাবে প্রজনন ক্ষমতা হ্রাস পায়?
উঃ ভিটামিন-ই এর অভাবে।
১৭। কিসের অভাবে অধিক রক্তক্ষরণ হয়?
উঃ ভিটামিন-কে এর অভাবে।
১৮। কিসের অভাবে পেলেগ্রা হয়?
উঃ ভিটামিন বি-৩।
১৯। কিসের অভাবে টিটেনি হয়?
উঃ ক্যালসিয়ামের অভাবে।
২০। কিসের অভাবে দাঁতের ক্ষয়রোগ হয়?
উঃ ফ্লুরাইডের অভাবে।
২১। কিসের অভাবে হাইপোগ্লাইসোমিয়া হয়?
উঃ রক্তের গ্লুকোজের অভাবে।

২.৪ জেনে নিন কোন রোগ কিসের মাধ্যমে ছড়ায়-

- ইবোলা ভাইরাস - শূকর
- জিকা ভাইরাস - এডিস ইজিপ্টি নামের মশার কামড়ে।
- চিকুনগুনিয়া- এডিস মশা
- ডেঙ্গু জ্বর - এডিস ইজিপটি মশা (ফ্লাভি ভাইরাস)
- অ্যানথ্রাক্স (জীবাণু অস্ত্র) - গরু
- ফাইলেরিয়া/গোঁদরোগ - কিউলেক্স মশা
- ম্যালেরিয়া - অ্যানোফিলিস মশা
- বার্ড ফ্লু - মুরগিসহ অন্যান্য পাখি
- নিপাহ ভাইরাস - বাদুড়
- জলাতঙ্ক -কুকুর, বিড়াল
- সোয়াইন ফ্লু - শূকর



Scanned with CamScanner CamScanner

২.৫ ব্যাক্টেরিয়া দ্বারা সৃষ্ট বিভিন্ন প্রকার রোগ

মনে রাখার স্পেশাল টেকনিক: নিউ মার্কেটের ডিপ কলে কোট টাই ধুইলে আমার যক্ষা, কাশি হবে।

এবার মিলিয়ে নিন-
- নিউমার্কেটের - নিউমোনিয়া
- ডিপ - ডিপথেরিয়া
- কলে - কলেরা
- কোট - কুষ্ঠ রোগ
- টাই- টাইফয়েড
- ধুইলে - ধনুষ্টংকার
- আমার - আমাশয়
- যক্ষা - যক্ষা
- কাশি- হুপিংকাশি

২.৬ ভাইরাস দ্বারা সৃষ্ট রোগ

মনে রাখার স্পেশাল টেকনিক: হায়! হায়! দেশে বসন্ত এলো ভাইকে ইনফ্লুয়েঞ্জা জ্বরে পেল।

এবার মিলিয়ে নিন-
- হায় = হাম
- হায় = হার্পিস
- দেশে = ডেঙ্গু
- বসন্ত = বসন্ত
- এল = এইডস
- ভাইকে = ভাইরাস হেপাটাইটিস
- ইনফ্লুয়েঞ্জা = ইনফ্লুয়েঞ্জা
- জ্বরে = জলাতঙ্ক
- পেল = পোলিও।

[বিশেষভাবে মনে রাখতে হবে, HIV(AIDS) একটি ভাইরাসজনিত রোগ।]

২.৭ টেকনিকে মনে রাখুন ভিটামিনের নাম

- পানিতে দ্রবণীয় Vitamin-B এবং Vitamin-C [বাচ্চা (বা-B, চ্চা-C) পোলাপান পানিতে সহজে ডুবে যায়! অথবা মনে রাখতে পারেন ভিসি পানিতে ডুবে মারা গেছে।]
- পানিতে অদ্রবণীয় ভিটামিন- ADEK (ভিটামিন-এ, ডি, ই, কে)
- তেল/স্নেহ পদার্থে দ্রবণীয় ভিটামিন- ADEK (ভিটামিন-এ, ডি, ই, কে)
- যকৃতে জমা থাকে ভিটামিন- ADEK (ভিটামিন-এ, ডি, ই, কে)
- ডিম ও দুধে ভিটামিন 'সি' থাকে না।
- বৃষ্টির পানি, চা, কফিতে 'ভিটামিন-বি কমপ্লেক্স' থাকে। [সবসময় বৃষ্টির পানি পাওয়া, চা-কফি বানানো জটিল বা কমপ্লেক্স বিষয় নয় কি?]
- মাছের তেল, ডিমের কুসুম, মাখনে Vitamin-D থাকে।
- সূর্যের আলো Vitamin-D উৎপাদনে সহায়তা করে।

২.৮ বিভিন্ন ভিটামিনের নাম ও তাদের অভাবে কী কী রোগ হয়-

- ভিটামিন A: ভিটামিন A এর অভাবে রাতকানা হয়, দেহের বৃদ্ধি ব্যাহত হয়, ত্বক খসখসে হয়, স্নায়ুতন্ত্রের ক্ষতি হয়।
- ভিটামিন B_1: ভিটামিন B_1 এর অভাবে বেরিবেরি রোগ হয়, হাত পা ফুলে যায়, ক্ষুধা মন্দা, স্নায়ু দুর্বল, দেহের সার্বিক বৃদ্ধি ব্যাহত হয়।
- ভিটামিন B_2: ভিটামিন B_2 এর অভাবে মুখে, জিহ্বায় ও ঠোঁটের কোণে ঘা হয়। চুল উঠতে থাকে।
- ভিটামিন B_{12}: ভিটামিন B_{12} এর অভাবে রক্তস্বল্পতা হয়, বৃদ্ধি ব্যাহত হয় ও আন্ত্রিক শোষণে ব্যাঘাত ঘটে।
- ভিটামিন C: ভিটামিন C এর অভাবে দাঁতের গোঁড়া ফুলে উঠে, দাঁত থেকে রক্ত পড়ে বা দাঁত পুঁজ জমে, সহজে সর্দি-কাশি হয় এবং এর অভাবে স্কার্ভি রোগ হয়।
- ভিটামিন D: ভিটামিন D এর অভাবে শিশুদের রিকেটস রোগ হয়। এই ভিটামিনের অভাবে অস্থি ও দাঁতের বিকৃতি ঘটে।
- ভিটামিন E: ভিটামিন E এর অভাবে বন্ধ্যাত্ব ও জনন অঙ্গের বৃদ্ধি ব্যাহত হয়।
- ভিটামিন K: ভিটামিন K এর অভাবে রক্ত জমাট বাঁধে না। ফলে কাটা স্থান বা ক্ষত থেকে ক্রমাগত রক্তক্ষরণ হতে থাকে।

■ বিভিন্ন ফলমূলে কী এসিড থাকে তা বিভিন্ন পরীক্ষায় বহুবার এসেছে আর বহু বার আসবেও। গুছিয়ে পড়লে মনে থাকবে বেশি দিন। তাই নিচে গুছিয়ে দেয়া হয়েছে-

২.৯ জেনে নিন কোন খাদ্যে কোন এসিড থাকে-

খাদ্যের নাম	এসিডের নাম
তেঁতুল	টারটারিক এসিড।
টমেটো	অক্সালিক এসিড।
আঙ্গুর	সাইট্রিক এসিড।
কলা	ম্যালিক এসিড ও সাইট্রিক এসিড।
লেবু	সাইট্রিক এসিড।
দুধ	ল্যাক্টিক এসিড।
কমলালেবু	সাইট্রিক এসিড।
সিরকা	এসিটিক এসিড।
আনারস	ম্যালিক এসিড।
আমলকি	এসকরবিক এসিড।
আপেল	ম্যালিক এসিড।
কচুশাক	লৌহ।
গাজর	ম্যালিক এসিড।
ডাব	পটাশিয়াম।

Scanned with CamScanner CamScanner

৩. পরিবেশ বিজ্ঞান সংশ্লিষ্ট [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. SMOG হচ্ছে– [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. সিগারেটের ধোয়া খ. কুয়াশা
গ. কালোধোঁয়া ঘ. দূষিত বাতাস উ. ঘ

২. ওজোনস্তর ক্ষয়ের জন্য দায়ী কোনটি? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. CO_2 খ. SO_2
গ. CO ঘ. CFC উ. ঘ

৩. সূর্য হতে পৃথিবীতে আলো এসে পৌছাতে সময় লাগে প্রায়- [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. ৭ মিনিট খ. ৮ মিনিট
গ. ৯ মিনিট ঘ. ১০ মিনিট উ. খ

৪. বায়ু দূষণের জন্য প্রধানত দায়ী– [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. অক্সিজেন খ. নাইট্রোজেন
গ. কার্বন মনোক্সাইড ঘ. কার্বন ডাইঅক্সাইড উ. ঘ

৫. সমুদ্র বায়ু কখন প্রবল বেগে প্রবাহিত হয়? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. শেষরাতে খ. মধ্যাহ্নে
গ. অপরাহ্নে ঘ. সবসময় উ. গ

৬. পৃথিবীকে সমান দুই অংশে ভাগ করেছে কোন রেখা? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. সমাক্ষরেখা খ. নিরক্ষরেখা
গ. মেরুরেখা ঘ. দ্রাঘিমা রেখা উ. খ

৭. কোন তারিখে উত্তর গোলার্ধে দিন সবচাইতে বড় এবং রাত সবচাইতে ছোট হয়? [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. ২১ মার্চ খ. ২১ জুন
গ. ২৩ জুলাই ঘ. ২১ সেপ্টেম্বর উ. খ

৮. শ্বেত বামন (White Dwarf) কি? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. ইউরোপের একটি উপজাতি
খ. একটি উপন্যাস
গ. একটি পাহাড়ের নাম
ঘ. মৃততারা উ. ঘ

৯. শান্ত সাগর কোথায় অবস্থিত? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. বুধগ্রহ খ. পৃথিবীতে
গ. চাঁদে ঘ. শনিগ্রহে উ. গ

স্কুল পর্যায়

১. প্রাকৃতিতে সবচেয়ে বেশি পাওয়া যায় কোন ধাতু? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. লোহা খ. দস্তা
গ. পটাশিয়াম ঘ. অ্যালুমিনিয়াম উ. ঘ

২. বায়ুমণ্ডলে কোন গ্যাস সর্বাধিক পরিমাণে পাওয়া যায়? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. অক্সিজেন খ. কার্বন ডাই অক্সাইড
গ. নাইট্রোজেন ঘ. হাইড্রোজেন উ. গ

৩. লাল গ্রহ কাকে বলা হয়? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. মঙ্গল গ্রহ খ. বুধ গ্রহ
গ. বৃহস্পতি গ্রহ ঘ. শনি গ্রহ উ. ক

৪. কোনো দেশের ভারসাম্য রক্ষার জন্য সেই দেশের কতভাগ বনভূমি থাকা প্রয়োজন? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. শতকরা ২০ ভাগ খ. শতকরা ২৫ ভাগ
গ. শতকরা ৩০ ভাগ ঘ. শতকরা ৩৫ ভাগ উ. খ

৫. নিচের কোনটি জীবাশ্ম জ্বালানি নয়? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. পেট্রোল খ. কয়লা
গ. প্রাকৃতিক গ্যাস ঘ. বায়োগ্যাস উ. ঘ

৬. কোন গ্যাস ওজনস্তর ক্ষয়ের জন্য দায়ী? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. CO_2 খ. CH_4
গ. CFC ঘ. N_2 উ. গ

৭. কোনো দেশের পরিবেশ রক্ষার জন্য মোট ভূমির শতকরা কত ভাগ বনভূমি থাকা প্রয়োজন? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ২৫ খ. ৩০
গ. ৩৫ ঘ. ৪০ উ. ক

৮. পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধির জন্য দায়ী কোনটি? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. নাইট্রোজেন খ. মিথেন
গ. কার্বন ডাই অক্সাইড ঘ. নাইট্রাস গ্যাস উ. গ

৯. কত বছর পর পর হ্যালির ধূমকেতু দেখা যায়? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. ৫৬ বছর খ. ৬৫ বছর
গ. ৭৬ বছর ঘ. ৮৫ বছর উ. গ

১০. Meteorology কী সম্বন্ধীয় বিজ্ঞান? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. বিষ সম্পর্কিত বিদ্যা
খ. উদ্যান বিষয়ক বিজ্ঞান
গ. পরিবেশের সাথে জীবের সম্পর্ক সম্বন্ধীয় বিজ্ঞান
ঘ. আবহাওয়া ও জলবায়ু সম্বন্ধীয় বিজ্ঞান উ. ঘ

১১. ভূপৃষ্ঠের সৌরদীপ্ত ও অন্ধকারাচ্ছন্ন অংশের সংযোগস্থলকে বলে- [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. উষা খ. গোধূলি
গ. গুরুবৃত্ত ঘ. ছায়াবৃত্ত উ. ঘ

১২. গ্রিনহাউজ প্রভাব সৃষ্টির জন্য বিভিন্ন গ্রিন হাউজ গ্যাসগুলোর মধ্যে কোনটি অন্যতম?
ক. নাইট্রাস অক্সাইড খ. সি. এফ. সি
গ. মিথেন ঘ. কার্বন ডাই-অক্সাইড উ. ঘ

Scanned with CamScanner CamScanner

১৩. মহাশূন্য থেকে পৃথিবীতে আগত রশ্মির কণাকে কী বলে? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*

ক. আলফা রশ্মি খ. বিটা রশ্মি
গ. কসমিক রশ্মি ঘ. গামা রশ্মি উ. গ

স্কুল পর্যায়-২

১. সবচেয়ে বড় দিন কোনটি? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*

ক. ২২ ডিসেম্বর খ. ২১ মার্চ
গ. ২৩ সেপ্টেম্বর ঘ. ২১ জুন উ. ঘ

২. কোনটি গ্রিন হাউজ গ্যাস নয়? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

ক. নাইট্রাস অক্সাইড খ. কার্বন ডাই-অক্সাইড
গ. ক্লোরোফ্লোরো কার্বন ঘ. নাইট্রোজেন উ. ঘ

৩. বায়ুমণ্ডলে অক্সিজেনের পরিমাণ কত? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

ক. ২০.০১% খ. ২১.০১%
গ. ২০.৭১% ঘ. ২১.৭১% উ. গ

৩.১ বায়ুমণ্ডল

▶ **বায়ুমণ্ডল বলতে কী বোঝায়?**
উত্তর: ভূ-পৃষ্ঠের চারপাশে বেষ্টন করে যে বায়ুর আবরণ আছে, তাকে বায়ুমণ্ডল বলে।

▶ **বায়ুমণ্ডলের বয়স কত?**
উত্তর: প্রায় ৩৫ কোটি বছর।

▶ **বায়ুগুলের গভীরতা কত?**
উত্তর: বায়ুমণ্ডলের গভীরতা প্রায় ১০,০০০ কিলোমিটার। তবে বায়ুমণ্ডলের প্রায় ৯৭% ভূপৃষ্ঠ থেকে ৩০ কিলোমিটার এর মধ্য সীমাবদ্ধ।

▶ **বায়ুর ঘনত্ব কোথায় সবচেয়ে বেশি?**
উত্তর: বায়ুর চাপের কারণে সমুদ্রপৃষ্ঠে বায়ুর ঘনত্ব সবচেয়ে বেশি এবং ওপরের দিকে ঘনত্ব খুবই কম।

▶ **বায়ুমণ্ডল ভূপৃষ্ঠের সঙ্গে লেপ্টে থাকে কেন?**
উত্তর: পৃথিবীর মাধ্যাকর্ষণ শক্তির জন্য।

▶ **বায়ুমণ্ডলের স্তর কয়টি ও কী কী?**
উত্তর: বায়মন্ডল যে সমস্ত উপাদানে গঠিত তাদের বৈশিষ্ট্যের ভিত্তিতে ভূপৃষ্ঠ থেকে ওপরের দিকে একে ৫টি স্তরে ভাগ করা হয়। যথা:

১. ট্রপোমণ্ডল (Troposphere)
২. স্ট্রাটোমণ্ডল (Stratosphere)
৩. মেসোমণ্ডল (Mesosphere)
৪. তাপমণ্ডল (Thermosphere)
৫. এক্সোমণ্ডল (Exosphere)



চিত্র : বায়ুমণ্ডলের স্তরবিন্যাস

[তথ্যসূত্র: ভূগোল ও পরিবেশ, নবম-দশম শ্রেণি, পৃ.৭০]

▶ **ট্রপোমণ্ডল কী এবং এর গভীরতা কত?**
উত্তর: ভূ-পৃষ্ঠের নিকটতম বায়ুস্তরকে বলে ট্রপোমণ্ডল। মেঘ, বৃষ্টিপাত, বজ্রপাত, বায়ুপ্রবাহ, ঝড়, তুষারপাত, শিশির, কুয়াশা সবকিছু এই স্তরে সৃষ্টি হয়। এ স্তরের গভীরতা মেরু এলাকায় ৮ কিলোমিটার এবং নিরক্ষীয় এলাকায় ১৬ থেকে ১৯ কিলোমিটার।

▶ **আবহাওয়া ও জলবায়ুজনিত যাবতীয় প্রক্রিয়ার বেশির ভাগ বায়ুমণ্ডলের কোন স্তরে ঘটে?**
উত্তর: ট্রপোমণ্ডলে।

▶ **স্ট্রাটোমণ্ডল কী?**
উত্তর: বায়ুমণ্ডলের দ্বিতীয় স্তরটির নাম স্ট্রাটোমণ্ডল যা ওপরের দিকে প্রায় ৫০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত।

▶ **ওজন (O_3) স্তর বায়ুমণ্ডলের কোন স্তরে অবস্থিত?**
উত্তর: স্ট্রাটোমণ্ডলে।

▶ **মেসোমণ্ডল কী?**
উত্তর: স্ট্রাটোবিরতির ওপরের স্তর থেকে প্রায় ৮০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত অংশকে মেসোমণ্ডল বলে।

▶ **তাপমণ্ডল কী?**
উত্তর: মেসোবিরতির উপরে প্রায় ৫০০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত বায়ুস্তরকে তাপমণ্ডল বলে। এই মণ্ডলে বায়ুস্তর অত্যন্ত হালকা ও চাপ ক্ষীণ। তাপমণ্ডলের নিম্ন অংশকে আয়নমণ্ডল (Ionosphere) বলে।

▶ **বেতার তরঙ্গ কোথায় প্রতিফলিত হয়?**
উত্তর: আয়নোস্ফিয়ারে।

▶ **বায়ুমণ্ডলের কোন স্তরে উল্কা ও কসমিক কণার সন্ধান পাওয়া গিয়েছে?**
উত্তর: আয়নোমণ্ডলের উর্ধ্বস্তরে।

▶ **এক্সোমণ্ডল কী?**
উত্তর: তাপমণ্ডলের উপরে প্রায় ৯৬০ কিলোমিটার পর্যন্ত যে বায়ুস্তর আছে তাকে এক্সোমণ্ডল বলে। এই স্তরে হিলিয়াম ও হাইড্রোজেন গ্যাসের প্রাধান্য দেখা যায়।

Scanned with CamScanner CamScanner

▶ বায়ুর উপাদানগুলো কী কী?

উত্তর: বায়ুমণ্ডলের উপাদানগুলোকে মূলত ৩টি ভাগে ভাগ করা যায়। যথা:

ক) গ্যাসীয় উপাদান:

নাইট্রোজেন (N_2)	৭৮.০২%
অক্সিজেন (O_2)	২০.৭১%
কার্বন ডাই অক্সাইড (CO_2)	০.০৩%
ওজোন (O_3)	০.০০০১%
আরগন (Ar)	০.৮০%
নিয়ন (Ne)	০.০০১৮%
হিলিয়াম (He)	০.০০০৫%
ক্রিপটন (Kr)	০.০০০১২%
জেনন (Xe)	০.০০০০৯%
হাইড্রোজেন (H_2O)	০.০০০০৫%
নাইট্রাস অক্সাইড (N_2O)	০.০০০০৫%
মিথেন (CH_4)	০.০০০০২%

(বি.দ্র: আমাদের মনে রাখতে হবে যে, কার্বন, রেডন, ফসফরাস বায়ুমণ্ডলের উপাদান নয়।)

খ) জলীয় বাষ্প গ) ধূলিকণা

▶ কৃত্রিম উপগ্রহ বায়ুমণ্ডলের কোন স্তরে স্থাপন করা হয়?

উত্তর: তাপমণ্ডলে।

▶ রকেট বায়ুমণ্ডলের কোন স্তর দিয়ে চলাচল করে?

উত্তর: তাপমণ্ডল। তবে উড়োজাহাজ চলাচল করে স্ট্রাটোমণ্ডল দিয়ে।

▶ বায়ু দূষণকারী পদার্থগুলো প্রধানত বায়ুমণ্ডলের কোন স্তরে অবস্থান করে?

উত্তর: ট্রপোমণ্ডলে অর্থাৎ বায়ুমণ্ডলের প্রথম স্তরে, যা ভূ-পৃষ্ঠের সবচেয়ে নিকটবর্তী।

▶ পৃথিবীর আবহাওয়া গঠনকারী বেশিরভাগ ঘটনা বায়ুমণ্ডলের কোন স্তরে ঘটে থাকে?

উত্তর: ট্রপোমণ্ডলে অর্থাৎ বায়ুমণ্ডলের প্রথম স্তরে, যা ভূ-পৃষ্ঠের সবচেয়ে নিকটবর্তী।

▶ বায়ুমণ্ডলের কোন গ্যাস সূর্যের অতিবেগুনী রশ্মি পৃথিবীতে আসতে বাধা দেয়?

উত্তর: ওজোন

[বি.দ্র: বায়ুমণ্ডল, জলবায়ু ও পরিবেশ বিষয়ে বিস্তারিত দেখুন এই বইয়ের ভূগোল, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা অংশে।]

৩.২ গ্রিন হাউজ গ্যাস

প্রশ্ন। 'গ্রিন হাউজ' বলতে কী বোঝায়?

উত্তর: কাঁচের ঘরকে বোঝায়। শীত প্রধান দেশে তীব্র ঠান্ডা থেকে উদ্ভিদকে রক্ষা করতে এই কাঁচের ঘরে চারা লাগানো হয়।

প্রশ্ন। যে সকল গ্যাস গ্রিন হাউজ প্রতিক্রিয়ার জন্য দায়ী, তাদের বলে.

উত্তর: গ্রিন হাউজ গ্যাস।

প্রশ্ন। গ্রিন হাউজ কয়টি ও কী কী?

উত্তর: গ্রিনহাউজ গ্যাস মোট ৬টি। যথা: CO_2, CH_4, CFC, O_3, N_2O, H_2O।

১। কার্বন ডাই-অক্সাইড (CO_2) = প্রায় ৪৯%।

২। মিথেন (CH_4) = প্রায় ১৯%।

৩। CFC (ক্লোরোফ্লোরোকার্বন) = প্রায় ১৭%।

৪। ওজোন (O_3) = প্রায় ৮%।

৫। নাইট্রাস অক্সাইড (N_2O) = প্রায় ৪%।

৬। জলীয় বাষ্প (H_2O) = প্রায় ২%।

প্রশ্ন। প্রধান দুটি গ্রিনহাউজ গ্যাস কী কী?

উত্তর: কার্বন ডাই-অক্সাইড ও মিথেন। (মনে রাখতে হবে, পৃথিবীর উষ্ণতার জন্য দায়ী- কার্বন ডাই অক্সাইড। কিন্তু ওজোন স্তর ক্ষয়ের জন্য/ফাঁটলে জন্য দায়ী- CFC).

প্রশ্ন। গ্রিন হাউজ ইফেক্টের জন্য প্রধানত দায়ী কোন গ্যাস?

উত্তর: কার্বন ডাই-অক্সাইড।

প্রশ্ন। সিএফসি গ্যাস কত বছর পর্যন্ত সক্রিয় থাকে

উত্তর: ৮০ বছর-১৭০ বছর।

প্রশ্ন। কোন গ্যাস সূর্য থেকে আগত ক্ষতিকর অতি বেগুনী রশ্মি শোষণ করে?

উত্তর: ওজোন।

☞ গ্রিন হাউজ প্রতিক্রিয়া অস্তিত্বের পক্ষে সর্বপ্রথম জোসেফ ফুরিয়ার যুক্তি পেশ করেন।

☞ স্যভান্তে আরহেনিয়াস ১৮৯৬ সালে এটি সম্পূর্ণভাবে বা বিস্তারিতভাবে গ্রিন হাউজ গ্যাসের অস্তিত্ব প্রমাণ করেন এবং তিনি ১৮৯৬ সালে সর্বপ্রথম "Green House" শব্দটি ব্যবহার করেন।

☞ গ্রিন হাউজ প্রতিক্রিয়ার সৃষ্টির জন্য মেঘ হচ্ছে প্রধান অপ্যাসীয় উপাদান যা অবলোহিত রশ্মি শোষণ ও নির্গত করে।

☞ সৌরজগতে পৃথিবী ছাড়াও শুক্র গ্রহে ও টাইটান উপগ্রহে (শনির উপগ্রহ) এই গ্রিন হাউস প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়। যার মধ্যে শুক্রতে সবচেয়ে বেশি পরিলক্ষিত হয়। কারণ শুক্রর বায়ুমণ্ডল কার্বন ডাই-অক্সাইড দ্বারা গঠিত।

☞ 'Green Climate Fund' গঠন করা হয় ২০১০ সালে। এটি ২০০৯ সালের কোপেনহেগেনের COP-15 সম্মেলনের মাধ্যমে গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

Scanned with CamScanner CamScanner

৪. তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

প্রথমে এক নজরে দেখে নেওয়া যাক বিগত কলেজ পর্যায়, স্কুল পর্যায় ও স্কুল পর্যায়-২ নিবন্ধন পরীক্ষায় তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি বিষয়ে কী ধরনের প্রশ্ন এসেছে-

কলেজ পর্যায়

১. প্রোগ্রাম থেকে কপি করা ডেটা কোথায় সংরক্ষিত থাকে? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. হার্ডডিস্ক খ. RAM
গ. ক্লিপবোর্ড ঘ. ROM **উ. গ**

২. বাংলাদেশের প্রথম ইন্টারনেট সার্চ ইঞ্জিন কোনটি? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. পিপীলিকা খ. দোয়েল
গ. পদ্মা ঘ. অনুসন্ধান **উ. ক**

৩. কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদান প্রযুক্তিকে কী বলা হয়? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. ইন্টারকম খ. ইন্টারনেট
গ. ই-মেইল ঘ. ইন্টারস্পীড **উ. খ**

৪. কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদান প্রযুক্তিকে কী বলা হয়? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. ইন্টারকম খ. ইন্টারনেট
গ. ই-মেইল ঘ. ইন্টারস্পীড **উ. খ**

৫. ফেসবুক প্রতিষ্ঠা করা হয় কত সালে? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. ২০০০ খ. ২০০৩
গ. ২০০৪ ঘ. ২০০৫ **উ. গ**

৬. কম্পিউটারের মূল মেমোরি তৈরি হয় কি দিয়ে? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
ক. আয়রন খ. সিলিকন
গ. কার্বন ঘ. অ্যালুমিনিয়াম **উ. খ**

৭. নিচের কোন বিষয়টির সাথে কম্পিউটার সম্পৃক্ত? *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. ফ্যাক্স খ. ই-মেইল
গ. টেলিফোন ঘ. টেলিভিশন **উ. খ**

৮. বাংলাদেশের প্রথম 'সার্চ ইঞ্জিন'- *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. পিপীলিকা খ. ফড়িং
গ. মৌমাছি ঘ. দোয়েল **উ. ক**

৯. নিম্নের কোনটি দিয়ে কম্পিউটার কমান্ড বা নির্দেশ দেয়? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. সিপিইউ খ. কী বোর্ড
গ. প্রিন্টার ঘ. মনিটর **উ. খ**

১০. UNIX কি? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. এক ধরনের সফ্টওয়্যার
খ. একটি অপারেটিং সিস্টেম
গ. একটি গ্রাফিক্স প্রোগ্রাম
ঘ. এক ধরনের প্যাকেজ প্রোগ্রাম **উ. খ**

১১. প্রথম কম্পিউটার প্রোগ্রামার কে? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. চার্লস ব্যাবেজ খ. বিল গেট্স
গ. অ্যাডা আগাস্টা ঘ. কেউ নয় **উ. গ**

১২. ইন্টারনেটের জনক কে? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. Charles Babej খ. Vinton Gray Cerf
গ. Vinton Gray ঘ. Bill Gates **উ. খ**

১৩. টুইটার কী? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. এক প্রকার সামাজিক নেটওয়াকিং
খ. এক প্রকার সফটওয়ার
গ. এক প্রকার কম্পিউটার প্রোগ্রাম
ঘ. এক প্রকার কম্পিউটার ভাইরাস **উ. ক**

১৪. নিচের কোনটি বাংলা লেখার সফটওয়্যার? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. বিজয় খ. সুলেখা
গ. সুতনী ঘ. রূপসা **উ. ক**

স্কুল পর্যায়

১. দৃষ্টিহীনদের জন্য আবিষ্কৃত বাংলায় প্রথম সফ্টওয়্যার এর নাম কী? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. আইলিপ খ. আইসাইট
গ. আইডট ঘ. আইলাইট **উ. খ**

২. বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন হয়ে গেলে কোন মেমোরি থেকে তথ্য চলে যায়? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. ROM খ. Secondary storage
গ. RAM ঘ. কোনোটিই নয় **উ. গ**

৩. GIS-এর পূর্ণরূপ কোনটি? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. Geographic Information System
খ. Geological information System
গ. Geographic Integrated System
ঘ. Geological Integrated System **উ. ক**

৪. SMS এর পূর্ণরূপ কী? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. Short Message Service
খ. Short Mail Service
গ. Simple Message Service
ঘ. Simple Mail Service **উ. ক**

Scanned with CamScanner CamScanner

৫. কম্পিউটারের স্থায়ী স্মৃতিশক্তি কোনটি? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. RAM খ. ROM
গ. হার্ডডিস্ক ঘ. অপারেটিং সিস্টেম উ. খ

৬. স্ক্যানার কী ধরনের ডিভাইস? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. ইনপুট খ. মেমোরি
গ. আউটপুট ঘ. প্রসেসিং উ. ক

৭. সুইফট কোডের সংখ্যা কত? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. ৬ খ. ৮
গ. ১০ ঘ. ১২ উ. খ

৮. HTML এর পূর্ণরূপ কী? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. High Time Made up Language
খ. Hyper Test Multi Language
গ. Hyper Text Markup Language
ঘ. High Teller Maximum Language উ. গ

৯. http-এর সংক্ষিপ্ত রূপ কোনটি? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. Hyper Text Transfer Protocol
খ. High Test Termination Procedure
গ. Harvard Teletext Proof
ঘ. Highest Times Technical Professional উ. ক

১০. ROM-এর পূর্ণ অর্থ কী? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. Random Only Memory
খ. Read Only Memory
গ. Radio Only Memory
ঘ. Ranging One Memory উ. খ

১১. গোলক ভরাট করা খাতা পড়তে পারে কোন ইনপুট ডিভাইস? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. বারকোড রিডার খ. স্ক্যানার
গ. ও এম আর ঘ. ওয়েব ক্যাম উ. গ

১২. ইন্টারনেট কত সালে শুরু হয়? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. ১৯৫৯ সালে খ. ১৯৬৯ সালে
গ. ১৯৭৯ সালে ঘ. ১৯৮৯ সালে উ. খ

১৩. ল্যাপটপ কি? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. ছোট কুকুর খ. পর্বতারোহণ সামগ্রী
গ. বাদ্যযন্ত্র ঘ. ছোট্ট কম্পিউটার উ. ঘ

১৪. ১ মেগাবাইট = কত কিলোবাইট? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. ১০০০ খ. ৫১২
গ. ১০২৬ ঘ. ১০২৪ উ. ঘ

১৫. কম্পিউটারের মস্তিষ্ক বলা হয় কোন অংশকে? [৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]
ক. সিপিইউ (CPU) খ. মনিটর
গ. কীবোর্ড ঘ. মাউস উ. ক

১৬. ই-কমার্স কী? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. নতুন বাজারজাতকরণ পদ্ধতি খ. পরিবহণ ব্যবস্থা
গ. প্রেষণাদানের নতুন পদ্ধতি ঘ. বাণিজ্যিক ব্যাংকিং উ. ক

১৭. কম্পিউটারে কাজের গতি কী দ্বারা প্রকাশ করা হয়? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. মিনিট খ. ন্যানো সেকেন্ড
গ. সেকেন্ড ঘ. ঘন্টা উ. খ

স্কুল পর্যায়-২

১. WIMAX-এর পূর্ণ কী? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. Worldwide Interoperability for Microwave Access
খ. Worldwide Internet for Microwave Access
গ. Worldwide Interconnection for Microwave Access
ঘ. কোনোটিই নয় উ. ক

২. কম্পিউটারের স্থায়ী স্মৃতিকে বলে– [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. ROM খ. RAM
গ. Hard Disc ঘ. Compact Disc উ. ক

৩. কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে কী বলা হয়? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. ই-মেইল খ. ইন্টারকম
গ. ইন্টারনেট ঘ. টেলিগ্রাম উ. গ

৪. সামাজিক যোগাযোগ মাধ্যম 'ফেসবুক' এর প্রতিষ্ঠাতা কে? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. স্টিফেন হকিংস খ. মার্ক জুকারবার্গ
গ. মার্টিন কুপার ঘ. আলেকজান্ডার উ. খ

৫. Mouse (মাউস) একটি– [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. Software খ. Output device
গ. Input device ঘ. Input output device উ. গ

৬. VDU এর পূর্ণরূপ হচ্ছে– [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. Video Display Unit খ. Video Device Unit
গ. Visual Display Unit ঘ. Visual Device Unit উ. গ

৭. সিরিয়াল পোর্ট মাউসে পিন থাকে– [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. ৯টি খ. ১০টি
গ. ১১টি ঘ. ১২টি উ. ক

৮. গুগল কী? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. সার্চ ইঞ্জিন খ. সফটওয়্যার প্রতিষ্ঠান
গ. ওয়েব সাইট ঘ. হার্ডওয়্যার প্রতিষ্ঠান উ. ক

৯. সামাজিক যোগাযোগের মাধ্যম 'ফেসবুক' এর প্রতিষ্ঠাতা হচ্ছেন– [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. বিল গেটস খ. টিম বার্নার্স লি
গ. মার্ক জুকারবার্গ ঘ. এন্ডি গ্রোভ উ. গ

৪.১ কম্পিউটার

কম্পিউটার (Computer): কম্পিউটার হলো এক প্রকার গণনাকারী যন্ত্র, যার সহজে হিসাব-নিকাশ, গণনা করা যায়। কম্পিউটারে পুনরাবৃত্তিমূলক কাজ করা সুবিধাজনক। তবে কম্পিউটারের কোনো বুদ্ধিমত্তা নেই, তাই কম্পিউটারে প্রদত্ত ইনপুট তথা ডেটার উপর এর আউটপুট তথা ফলাফল নির্ভর করে। এখানে উল্লেখ্য যে, বিশ্বের প্রথম গণনাযন্ত্রের নাম হলো 'অ্যাবাকাস'।

কম্পিউটারের বৈশিষ্ট্য:

১. কম্পিউটার হলো এক প্রকার গণনাকারী তথা হিসাব-নিকাশকারী যন্ত্র
২. কম্পিউটারের কোনো বুদ্ধিমত্তা নেই
৩. কম্পিউটারের কোনো আবেগ-অনুভূতি নেই

অচল, এর কোন মূল্য নেই। কম্পিউটারের কম্পিউটার হার্ডওয়্যারকে প্রাথমিকভাবে তিন ভাগ করা যায়। যথা:

১। ইনপুট ডিভাইস
২। কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ ইউনিট (সিপিইউ)
৩। আউটপুট ডিভাইস

সফটওয়্যার (Software) : কোনো সমস্যা সমাধান বা কার্য সম্পাদনের উদ্দেশ্যে কম্পিউটারের ভাষায় ধারাবাহিকভাবে লিখিত সুশৃঙ্খল নির্দেশনাবলির সমষ্টিকে প্রোগ্রাম বলে। প্রোগ্রাম বা প্রোগ্রাম সমষ্টি যা কম্পিউটারের হার্ডওয়্যার এবং ব্যবহারকারীর মধ্যে সম্পর্ক সৃষ্টির মাধ্যমে হার্ডওয়্যারকে কর্মক্ষম রাখে, তাকে সফটওয়্যার বলে। সফটওয়্যার এক অদৃশ্য শক্তি, যা ছাড়া কম্পিউটারের হার্ডওয়্যার অর্থহীন।

৪.২ কম্পিউটারের স্মৃতি (Computer Memory)

Scanned with CamScanner CamScanner

📖 **র‍্যাম/ প্রধান/ প্রাথমিক/ Volatile মেমোরি ঃ** Random Access Memory এর সংক্ষিপ্তরূপ হলো RAM। র‍্যামে তথ্য পড়া ও লেখা উভয় কাজই সম্পাদন করা যায় বলে একে লিখন-পঠন স্মৃতি বা Read Write Memory-ও বলা হয়। মাদারবোর্ডের সঙ্গে সরাসরি সংযুক্ত যে মেমোরিতে Read (পঠন) এবং write (লিখন) দুটি কাজই সম্পন্ন করা যায়, সে মেমোরিকে র‍্যাম বলা হয়। এটি একটি অস্থায়ী মেমোরি। কম্পিউটারে যতক্ষণ বিদ্যুৎ প্রবাহ থাকে, ততক্ষণ র‍্যামে তথ্যসমূহ সংরক্ষিত থাকে। বিদ্যুৎ প্রবাহ বন্ধ হওয়ার সাথে সাথে র‍্যাম তার সমস্ত তথ্য মুছে ফেলে। এজন্য র‍্যামকে কম্পিউটারের অস্থায়ী বা Volatile Memory-ও বলা হয়। আবার র‍্যামকে প্রধান সংরক্ষক (Main Storage) এবং কোর স্টোরেজ (Core Storage) নামেও অভিহিত করা হয়ে থাকে। RAM হচ্ছে কম্পিউটারের কর্ম এলাকা। মাইক্রোপ্রসেসর প্রাথমিকভাবে র‍্যাম এলাকার প্রয়োজনীয় তথ্য জমা করে। মাইক্রোপ্রসেসর সরাসরি র‍্যামের নানা অবস্থান বা ঠিকানা থেকে তথ্য সংগ্রহ করে বা তথ্য প্রক্রিয়াজাত করে। এখানে সরাসরি (Random) তথ্য সংগ্রহের জন্য যাওয়া যায় (Access) বলে, একে Random Access Memory বলে। র‍্যামের Failure ঝুঁকি অনেক বেশি। RAM-কে 'Random Access Memory' বলা হয়; কারণ কম্পিউটারের প্রসেসর RAM-এর যে কোনো জায়গা থেকে সরাসরি তথ্য-উপাত্ত সংগ্রহ করতে পারে।

❑ **ড্রাম মেমোরিঃ** DRAM এর পূর্ণ নাম Dynamic Random Access Memory। ধারক (Capacitor) ব্যবহার করে এই ধরনের র‍্যাম তৈরি করা হয়। প্রতিটি আইসি চিপে একটি ধারক ও একটি ট্রানজিস্টর থাকে। বিদ্যুৎ প্রবাহ থাকা অবস্থানেও ধারকের চার্জ ধীরে ধীরে নষ্ট হয়ে যায়। তাই কয়েক মিলি সেকেন্ড পর পর ড্রাম কন্ট্রোলারের সাহায্যে প্রত্যেক মেমোরি কোষে লেখা তথ্য নতুন করে লিখতে হয় কম্পিউটারের পরিভাষায় একে মেমোরি রিফ্রেশিং (Memory Refreshing) বলা হয়।

❑ **রম (ROM)/Non-Volatile:** Read Only Memory-এর সংক্ষিপ্ত রূপ হলো ROM। এটি একটি স্থায়ী প্রধান মেমোরি। রমের স্মৃতিতে রক্ষিত তথ্যসমূহ কেবল ব্যবহার করা যায় কিন্তু সংযোজন, সংশোধন বা পরিবর্তন করা যায় না। তাই একে Read Only Memory- ROM বলা হয়। কম্পিউটারে নিয়ন্ত্রণমূলক কাজের জন্য মাইক্রোপ্রসেসরে বিশেষ ধরনের মেমোরির ব্যবস্থা রয়েছে; তাকে রম বলে। কোনো কম্পিউটার চালু করার জন্য প্রয়োজনীয় প্রোগ্রাম অর্থাৎ চালু করার নির্দেশনাবলি রম স্মৃতিতে স্থায়ীভাবে সংরক্ষিত থাকে। এক্ষেত্রে এসব নির্দেশ যতবার প্রয়োজন রম চিপ থেকে ততবার পাঠ করা যায়; কিন্তু এতে নির্দেশ প্রবেশ করানো যায় না। তবে বর্তমানে এটা মুছে পুনঃপুনঃ প্রোগ্রাম করা যায় এমন রমও আছে। বিদ্যুৎ সরবরাহ বন্ধ হলে রমে রক্ষিত তথ্যাদি মুছে যায় না। এখানেই রম-এর সাথে র‍্যামের মূল পার্থক্য। অর্থাৎ, রম হলো একপ্রকার 'Non-Volatile Memory' কিন্তু র‍্যাম হলো 'Volatile Memory'।

৪.৩ মেমোরির ধারণক্ষমতা (Storage Capacity)

কম্পিউটার মেমোরিতে ডেটা সংরক্ষণের পরিমাণকে মেমোরির ধারণক্ষমতা বলে। একে প্রকাশ করা হয় বাইট, কিলোবাইট, মেগাবাইট, গিগাবাইট ইত্যাদি দ্বারা।

1 বাইট (Byte)	8 বিট (Bit)
1 নিবল (Nibble) বা অর্ধ বাইট	4 বিট (Bit)
1 কিলোবাইট (KB)	1024 বাইট বা 2^{10} বাইট
1 মেগাবাইট (MB)	1024 কিলোবাইট বা 2^{20} বাইট
1 গিগাবাইট (GB)	1024 মেগাবাইট বা 2^{30} বাইট
1 টেরাবাইট (TB)	1024 গিগাবাইট বা 2^{40} বাইট
1 পিটাবাইট (PB)	1024 টেরাবাইট বা 2^{50} বাইট

৪.৪ ইনপুট-আউটপুট ডিভাইস (Inpute-Output Device)

ইনপুট ডিভাইস: যে ডিভাইসগুলোর সাহায্যে কম্পিউটারে কোনো ডেটা ইনপুট দেয়া, তাকে ইনপুট ডিভাইস বা কম্পিউটারের গ্রহণ মুখ বলা হয়। অর্থাৎ, এসব ডিভাইস দ্বারা কম্পিউটার কোনো ডেটা গ্রহণ করে।

আউটপুট ডিভাইস: যে ডিভাইসগুলোর সাহায্যে কম্পিউটার কোনো আউটপুট প্রদান করে, তাকে আউটপুট ডিভাইস বা কম্পিউটারের বহির্গমন মুখ বলা হয়। অর্থাৎ, এসব ডিভাইস দ্বারা কম্পিউটার কোনো ডেটা প্রসেসিংয়ের পর বের করে দেয় বা প্রদর্শন করে।

তবে আমরা MICR এর মাধ্যমে মুদ্রিত কোনো লেখাকে সরাসরি ইনপুট হিসেবে ব্যবহার করতে পারি। আবার এমন কিছু ডিভাইস আছে, যা একই সাথে ইনপুট এবং আউটপুট ডিভাইসের কাজ করতে পারে। যেমন-

যে ডিভাইসগুলো শুধু ইনপুট ডিভাইস হিসেবে কাজ করে	যে ডিভাইসগুলো শুধু আউটপুট ডিভাইস হিসেবে কাজ করে
*** Keyboard *** Mouse *** Scanner *** Joy Stick ** Light Pen *** OMR **OCR **MICR **Microphone **Sensor **Webcam **Barcode Reader *Punch Card Reader *Digitizer *Magnetic Tape Drive *Graphics Tablet	*** Monitor (LCD Monitor, LED Monitor) *** Plotter * Projector ** Speaker ** Headphone *** Printer (Inkjet Printer, Laser Printer, Dot Matrix Printer) * Film Recorder * Microfiche * Visual Display Unit(VDU)

Scanned with CamScanner CamScanner

যে ডিভাইসগুলো ইনপুট এবং আউটপুট উভয় ডিভাইস হিসেবে কাজ করে	
*** Touch Screen	*** Modem
** Camera	** Digital Camera,
** Smartphone	* TV
* Tape Recorder	* Network Card
* VCR, VCP, VTR	

৪.৫ কম্পিউটার রক্ষণাবেক্ষণ (Computer Maintenance)

কম্পিউটার ভাইরাস (Computer VIRUS) : কম্পিউটার ভাইরাস এক ধরনের ক্ষতিকর প্রোগ্রাম বা সফটওয়্যার, যা কম্পিউটারের ক্ষতি করার তৈরি করা হয়। VIRUS-এর পূর্ণরূপ হলো 'Vital Information Resources Under Seize' অর্থাৎ 'গুরুত্বপূর্ণ উৎসগুলো বাজেয়াপ্ত করা হয়েছে'। ভাইরাস স্বয়ংক্রিয়ভাবে নির্বাহ, সংক্রমণ, নিজস্ব সংখ্যাবৃদ্ধি করতে পারে। এই প্রোগ্রাম এমন কিছু নির্দেশ বহন করে যা কম্পিউটারের সিপিইউ কর্তৃক গ্রহণ করে কম্পিউটারকে অস্বাভাবিক, অগ্রহণযোগ্য এবং ক্ষতিকর কাজ করতে বাধ্য করে। কম্পিউটার ভাইরাস আবিষ্কৃত হয়েছিল ১৯৭১ সালে।

অ্যান্টি-ভাইরাস (Anti-Virus): ভাইরাসের বিপরীত প্রোগ্রাম সফটওয়্যার হলো অ্যান্টি-ভাইরাস। অ্যান্টি-ভাইরাস মূলত এক ধরনের ভাইরাস প্রতিষেধক সফটওয়্যার বা প্রোগ্রাম, যা কোনো কম্পিউটার বা ডিভাইসের ভাইরাসকে সনাক্ত করতে পারে এবং তাকে আক্রান্ত কম্পিউটার থেকে মুছে ফেলতে বা ভাইরাস মুক্ত করতে পারে। এজন্য অ্যান্টি-ভাইরাসকে বলা হয় 'Utility Software'। অর্থাৎ, অ্যান্টি-ভাইরাস হলো এক প্রকার 'Utility Software'। বর্তমানে প্রচলিত কিছু জনপ্রিয় ও কার্যকরী এন্টি-ভাইরাস সফটওয়্যার হলো- Kaspersky, McAfee, Norton, Panda, Avast, Symantec, AVIRA, Bitdefender, eSet, AVG ইত্যাদি।

হ্যাকিং (Hacking): প্রোগ্রাম রচনা ও প্রয়োগের মাধ্যমে অনুমতি ব্যতীত কোনো কম্পিউটার নেটওয়ার্কে প্রবেশ করে অন্যের কম্পিউটার ব্যবহার করা বা পুরোপুরি কম্পিউটার সিস্টেমকে ফাঁকি দিয়ে কম্পিউটার সিস্টেম বা নেটওয়ার্কের কোনো ক্ষতি করাকে হ্যাকিংক বলা হয়। আর যে হ্যাকিং করে তাকে হ্যাকার বলা হয়।

ব্যাক-আপ (Backup): যে সব ক্ষেত্রে বহুৎ পরিমাণে ডেটা সংরক্ষণ ও প্রক্রিয়াকরণের কাজ করা হয়, সেসব ক্ষেত্রে বিকল্প পন্থা হিসেবে ডাটার হুবহু বা অবিকল কপি ব্যাক-আপ রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ এক্ষেত্রে কোনো কারণে সেকেন্ডারি স্টোরেজ ডিভাইস নষ্ট হয়ে গেলে বা ভাইরাসজনিত কারণে ডাটা হারিয়ে গেলে বা বিকৃত হলে ব্যাক-আপ কপি থেকে ডেটাকে পুনরুদ্ধার করা যায়। সাধারণত স্টোরেজ ডিভাইস যেমন-হার্ড ডিস্ক, ফ্লপি ডিস্ক, কম্প্যাক্ট ডিস্ক বা চৌম্বক টেপে ডাটা বা প্রোগ্রাম, ব্যাক-আপ কপি রাখা হয়। ব্যাক-আপ কমান্ডের সাহায্যে ডস এবং উইন্ডোজ উভয় পরিবেশের প্রোগ্রাম, ডেটা বা পুরো সিস্টেমকে ব্যাক-আপ করা যায়। Restore কমান্ডের সাহায্যে ফাইল পুনরুদ্ধার করা সম্ভবপর হয়।

ফায়ারওয়াল (Firewalls): ফায়ারওয়াল (Firewall) হলো এক বিশেষ নিরাপত্তা ব্যবস্থা যা এক নেটওয়ার্ক থেকে আরেক নেটওয়ার্কে ডেটা প্রবাহ নিয়ন্ত্রণ করে। ডেটা প্রবাহের সময় এটি ডেটা পরীক্ষা করে দেখে যে এর ওই গন্তব্যে যাওয়ার অনুমতি (Authorized access) আছে কিনা, থাকলে সেটিকে যেতে দেয়। অনির্দিষ্ট (Unauthorized) বা অবাঞ্ছিত ব্যবহারকারীর (Intruder) হাত থেকে কম্পিউটার সিস্টেমকে রক্ষা করা বা সাইবার আক্রমণ এড়াতে ফায়ারওয়াল ব্যবহার করা হয়। ফায়ারওয়ালকে বিশেষ কিছু বৈশিষ্ট্য সম্পন্ন একটি সিস্টেম হিসেবে গণ্য করা হয় যার সাহায্যে ব্যবহারকারীকে সংরক্ষিত কোন নেটওয়ার্কে প্রবেশ করার অনুমতি প্রদান করা কিংবা বাধা প্রদান করা হয়। ফায়ারওয়াল প্রটেক্টেড সিস্টেমে সাধারণত নেটওয়ার্কের ভিতর থেকে বাইরের সবকিছু ব্যবহার করা যায়, তবে অন্য কোন অনির্দিষ্ট ব্যবহারকারী এই নেটওয়ার্কে প্রবেশ করতে পারে না। শুধু বৈধ ব্যবহারকারীগণ এটি ব্যবহার করতে পারেন। যেমন- কোন একটি ওয়েবসাইট সেই সব ডোমেইন বিশিষ্ট প্রতিষ্ঠান ব্যবহার করতে পারবে যারা এর সাথে চুক্তিবদ্ধ। বর্তমানে বিভিন্ন ধরণের ফায়ারওয়াল আছে যা বিভিন্ন লেভেলে নিরাপত্তা প্রদান করে থাকে। তাদের মধ্যে সিম্পল ট্রাফিক লগিন সিস্টেম (Simple Traffic Logging Systems), আইপি প্যাকেট স্ক্রিনিং রাউটার (IP Packet Screening Routers), হার্ডেন্ড ফায়ারওয়েল হোস্ট (Hardened Firewall Host), প্রক্সি অ্যাপ্লিকেশন গেটওয়ে (Proxy Appication Gateways) উল্লেখযোগ্য। সবচেয়ে বেশি গ্রহণযোগ্য ফায়ারওয়াল হলো অভ্যন্তরীণ নেটওয়ার্ক ও ইন্টারনেটের মাঝে একটি কম্পিউটার বা রাউটার ব্যবহার করে সমস্ত ট্রাফিক পর্যবেক্ষণ বা নিয়ন্ত্রণ করা। সাধারণত লোকাল এরিয়া নেটওয়ার্ক-এর ক্ষেত্রে এটি বেশি ব্যবহৃত হয়। তবে মনে রাখতে হবে যে, Firewall এবং Fireware কখনো এক জিনিস নয়। ফায়ারওয়্যার (Fireware) হলো কম্পিউটার তৈরি করার সময় কম্পিউটার নির্মাণকারী কোম্পানি কম্পিউটারের সাথে যে প্রোগ্রাম বা সফটওয়্যার ইন্সটল করে দেয় এবং যা ব্যবহারকারী কোনোরূপ পরিবর্তন করতে পারে না তাকে ফায়ারওয়্যার (Fireware) বলে।

ডিস্ক ডিফ্রাগমেন্টেশন (Disk Defragmentation): কম্পিউটার হার্ড ডিস্ক অত্যধিক ব্যবহারের ফলে হার্ড ডিস্কের লেখাগুলো বিভিন্ন জায়গায় ছড়িয়ে ছিটিয়ে যায়। এ অবস্থাকে হার্ড ডিস্ক অসজ্জিত বা Defrag বলে। তখন কম্পিউটারকে কোনো কিছু পড়তে বললে অপেক্ষাকৃত সময় প্রয়োজন হয়। এ অবস্থায় ডিস্কের সর্বোচ্চ কার্যকারিতা নিশ্চিত করতে Disk Defragmentation কমান্ডটি ব্যবহার করা হয়। Defragmentation কমান্ডটি ফাইলের তথ্যাবলিকে সাজিয়ে গুছিয়ে পুনরায় লিপিবদ্ধ করে; ফলে কোন ফাইল পড়তে গেলে কম্পিউটারের অপেক্ষাকৃত কম সময়ের প্রয়োজন হয়। এক কথায়, কম্পিউটারের অসজ্জিত হার্ডডিস্ককে সাজিয়ে গতি বৃদ্ধি করার পদ্ধতিকে Disk Defragmentation বলা হয়।

হার্ডডিস্ক ফরমেটিং (Hard Disk Formatting): কম্পিউটারে লাগানো হার্ডডিস্কটি নতুন অবস্থায় ফরমেট করা থাকে। ডিস্ককে তথ্য ধারণের উপযোগী করাকে ফরমেট বলে। ডিস্ককে

Scanned with CamScanner CamScanner

ফরমেট করায় তাতে সূক্ষ্ম ট্র্যাক তৈরি হয়। এ ট্র্যাকে ডিস্ক তথ্য ধারণ করে। ফরমেট করা কোন ডিস্কের মধ্যে প্রোগ্রাম বা ডেটা রাখার পর আবার ডিস্ক ফরমেট করা হলে ঐ ডিস্কের আগের সব তথ্য হারিয়ে যায়, যা আর পুনরায় ফিরে পাওয়া যায় না। আমাদের মনে রাখতে হবে যে, Hard Disk Formatting দ্বারা ডিস্ককে তথ্য ধারণের উপযোগী করা হয়; কিন্তু Disk Defragmentation দ্বারা ডিস্ককের অসজ্জিত ফাইলকে সাজানো হয়।

৪.৬ ইন্টারনেট (Internet)

📖 **ইন্টারনেট :** International Network এর সংক্ষিপ্ত রূপ হলো 'Internet'। আন্তজাল বা ইন্টারনেট হলো এমন এক ধরনের টেলিযোগাযোগ প্রযুক্তি, যা সারা বিশ্বজুড়ে বিস্তৃত, পরস্পরের সাথে সংযুক্ত কম্পিউটার নেটওয়ার্কের সমষ্টি; যেখানে IP (Internet Protocol) এর মাধ্যমে ডাটা বা তথ্য আদান-প্রদান করা যায়। সংক্ষেপে বলতে গেলে, টেলিযোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে ইন্টারনেট বলা হয়। ১৯৬৯ সালে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর Advance Research Projects Agency Network (ARPAnet) চালু করে। ARPAnet-এর জনক বলা হয় লিকলাইডারকে (Licklider)। তবে Internet-এর জনক বলা হয় ভিন্টন গ্রে সার্ফকে (Vinton Gray Cerf)। এই ARPAnet হলো কম্পিউটার নেটওয়ার্ক জগতে মানুষের প্রথম পদক্ষেপ। ইন্টারনেটের ব্যাপক ব্যবহার ১৯৯০ সাল থেকে। ১৯৯০ সালেই ইন্টারনেট শব্দটি ব্যবহৃত হয় এবং তা ব্যাপকভাবে পরিচিতি হতে থাকে। বর্তমানে বিশ্বে ইন্টারনেট

২. **মডেম (Modem):** মডেম হলো এমন একটি ডিভাইস যা অ্যানালগ সিগন্যালকে ডিজিটাল সিগন্যালে এবং ডিজিটাল সিগন্যালকে অ্যানালগ সিগন্যালে পরিণত করে। মডেমের মাধ্যমে কম্পিউটারকে ইন্টারনেটের সঙ্গে সংযোগ স্থাপন করা হয়।

৩. **সফটওয়্যার:** ইন্টারনেট ব্যবহার করার জন্য এর কাজের ধরন অনুযায়ী বিভিন্ন ধরনের সফটওয়্যারের দরকার হয়।

৪. **আইএসপি (ISP):** Internet Service Provider-এর সংক্ষিপ্তরূপ হলো ISP। ইন্টারনেট সার্ভিস তথা সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানকে ISP বলা হয়। তাদের কাজ হলো সাধারণ গ্রাহকের ইন্টারনেটের সংযোগ ও এ সংক্রান্ত সব ধরনের সেবা প্রদান করা। সাধারণত আইএসপিদের নিজস্ব ASAT এবং সার্ভার থাকে। বাংলাদেশে Internet এর সেবাপ্রদানকারী এরূপ কিছু ISP হলো অগ্নি সিস্টেম,আইএসএন, গ্রামীণ সাইবার নেট, প্রশিকা নেট ইত্যাদি।

৪.৭ ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেম (Wireless Communication System)

📖 **ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেম:** কোনো প্রকার Wire বা তার ব্যবহার না করেই ডেটা বা তথ্য আদান-প্রদান তথা যোগাযোগ করার পদ্ধতিকে ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেম বলে। এর সাহায্যে বিশ্বের যেকোন প্রান্তে অবস্থান করেই একে অন্যের সাথে বিভিন্ন প্রকার যোগাযোগ যেমন- কথা বলা, টেক্সট মেসেজিং, চ্যাটিং, ভিডিও কনফারেন্স ইত্যাদি খুব সহজেই করা যায়। বর্তমানে ২ ধরনের ওয়্যারলেস কমিউনিকেশন দেখা যায়। যথা- ক. হটস্পট ও খ. মোবাইল নেটওয়ার্ক।

Scanned with CamScanner CamScanner

📖 ওয়াই-ম্যাক্স (WiMAX) : Wi-Fi ও Bluetooth এর তুলনায় WiMAX হলো দ্রুতগতিসম্পন্ন একটি তারবিহীন যোগাযোগ প্রযুক্তি। WiMAX এর পূর্ণরূপ হলো Worldwide Interoperability for Microwave Access। ওয়াইম্যাক্স মূলত একটি উচ্চ গতির ব্রডব্যান্ড যোগাযোগ প্রযুক্তি, যা বিস্তৃত অঞ্চলে দ্রুতগতির তারবিহীন ইন্টারনেট সেবা প্রদান করে। WiMAX এটি প্রযুক্তিগতভাবে IEEE 802.16 নামে পরিচিত। সারা বিশ্বে WiMAX চালু হয় ২০০১ সালে; আর বাংলাদেশে WiMAX চালু হয় ২০০৯ সালে।

৪.৮ ই-মেইল (E-mail)

ই-মেইল: Electronic Mail এর সংক্ষিপ্ত রূপ হচ্ছে 'E-mail'। রেমন্ডটমলিনসন হলেন 'E-mail' এর আবিষ্কারক। ই-মেইলের মূল কাজ হচ্ছে একটি কম্পিউটার হতে অন্য কম্পিউটারে বা ফ্যাক্স মেশিনে তথ্য প্রেরণ বা গ্রহণ করা; অথবা প্রেরণ-গ্রহণ দুটিই করা।

❑ **ই-মেইল ঠিকানা (E-mail Address) :** ই-মেইল ঠিকানা হল ইন্টারনেটের মাধ্যমে যোগাযোগ করার একটি Address বা ঠিকানা। যেমন, কারো কাছে কোনো চিঠি পৌছাতে হলে তার একটি পোস্টাল ঠিকানা থাকা লাগে, ঠিক তেমনিভাবে কেউ ই-মেইলের মাধ্যমে তথ্য আদান-প্রদান করতে চাইলে তার একটি E-mail ঠিকানা থাকা আবশ্যক। এ ঠিকানা User name@Domain নিয়ে গঠিত হয়। যেমন: mizan35bcs@gmail.com একটি E-mail ঠিকানা। এখানে উল্লেখ্য যে, E-mail ঠিকানাটি @ চিহ্ন (at sign) দ্বারা দুইভাগে বিভক্ত। প্রথম ভাগে অর্থাৎ @ চিহ্নের আগের অংশে User name অর্থাৎ ব্যবহারকারীর ঠিকানা থাকে। E-mail ঠিকানায় @ চিহ্নের পরের অংশটি হলো Domain name। ডোমেইন নেইম (.) চিহ্ন দ্বারা কয়েকটি অংশে বিভক্ত হয়ে থাকে। @ চিহ্নের পরের প্রথম শব্দটিকে হোস্ট মেশিনের নেইম বলা হয়। উক্ত ঠিকানায় gmail হল হোস্ট মেশিনের নেম। ১৯৭২ সালে ই-মেইল ঠিকানায় সর্বপ্রথম @ চিহ্ন (at sign) ব্যবহৃত হয়। @ চিহ্ন (at sign) ব্যতীত বর্তমানে কোনো E-mail Address হতে পারে না। অর্থাৎ @ চিহ্নটি ইমেইলের ঠিকানায় অবশ্যয়ই থাকতে হবে। যদিও ১৯৭১ সালে ই-মেইল ব্যবস্থা চালু হয়; কিন্তু ইমেইল ঠিকানায় @ চিহ্ন (at sign)-টি সর্বপ্রথম ব্যবহার করা হয় ১৯৭২ সালে।

❑ **ই-মেইল সার্ভার (E-mail Server):** নেটওয়ার্কের যে কম্পিউটারটি যা ভার্চুয়াল পোস্ট অফিস হিসেবে কাজ করে তাকে ই-মেইল সার্ভার বা সংক্ষেপে মেইল সার্ভার বলে। মেইল সার্ভারে POP বা IMAP এবং STMP প্রোটোকল ব্যবহার করা হয়।

❑ **ই-মেইল পাঠানো:**

➲ **Cc:** Cc এর পূর্ণরূপ হলো Carbon copy। ইমেইলের Cc ঘরে সে সব ঠিকানা টাইপ করা হয়, যাদের নিকট প্রেরক ই-মেইল কপি পাঠাতে চায়। এখানে ই-মেইল ঠিকানাগুলো পরপর কমা দিয়ে টাইপ করতে হয়। এক্ষেত্রে যতজনের নিকট প্রেরক ইমেইলটি পাঠিয়ে, তা ইমেইল গ্রহণকারী সবাই জানতে পার।

➲ **Bcc:** Bcc এর পূর্ণরূপ হলো Blind carbon copy। Bcc এর ঘরে সেসব ঠিকানা টাইপ করা হয় যাদেরকে প্রেরক ই-মেইল কপি পাঠাতে চায় কিন্তু প্রাপকদের জানাতে চায় না কাকে কাকে এর কপি পাঠানো হয়েছে। Cc এবং Bcc এর কাজ প্রায় একই রকম তবে Cc যাদের উল্লেখ থাকে ই-মেইলের প্রাপক ডকুমেন্টের শেষে তাদেরকে প্রত্যেকের ঠিকানা ছাপানো অবস্থায় দেখতে পায়। অর্থাৎ প্রাপক ই-মেইলটি পেয়ে বুঝতে পারে কাকে কাকে এর কপি প্রেরণ করা হয়েছে। কিন্তু Bcc তে টাইপ করা ঠিকানাসমূহ ডকুমেন্টের সাথে যায় না। ফলে প্রাপক জানতে পারবে না কাকে কাকে প্রেরক এই ই-মেইলটি পাঠিয়েছেন।

➲ **অ্যাটাচমেন্ট (Attachment):** অ্যাটাচমেন্ট ই-মেইল সিস্টেমেরই একটি অংশবিশেষ। একটি আলাদা ফাইল কোনো ই-মেইলের সঙ্গে সংযুক্ত করে পাঠাতে চাইলে ইমেইলের **'Attachment'** অপশনে ক্লিক করে সেই ফাইলকে যুক্ত করতে হয়। অ্যাটাচমেন্ট ফাইল বিভিন্ন রকমের হতে পারে। যেমন- ওয়ার্ড ছবি, ভিডিও, ডকুমেন্ট, পাওয়ারপয়েন্ট ফাইল ইত্যাদি।

➲ **Spam Mail:** ভুয়া এবং অযাচিত মেইলকে Spam Mail বলে। যেকোনো Email আইডিতে Spam নামে একটি ফোল্ডার থাকে; ভুয়া এবং অযাচিত মেইল সেখানে জমা হয়।

বিভিন্ন ধরনের ওয়েব মেইল (Web mail) বা ওয়েব বেজড মেইল (Web based mail) সেবা-

- জিমেইল (Gmail)
- ইয়াহুমেইল/ওয়াইমেইল (Yahoomail/Ymail)
- হটমেইল (Hotmail)
- এওএলমেইল (AOLmail)

৪.৯ কম্পিউটার সফটওয়্যার (Computer Software)

📖 **সফটওয়্যার (Software):** কোনো সমস্যা সমাধানের উদ্দেশ্যে সম্পাদনের অনুক্রমে সাজানো নির্দেশনাবলিকে প্রোগ্রাম বলা হয়। যে প্রোগ্রাম বা প্রোগ্রামের সমষ্টি কম্পিউটারের হার্ডওয়্যার এবং ইউজারের মধ্যে সম্পর্ক সৃষ্টির মাধ্যমে হার্ডওয়্যারকে কর্মক্ষম করে, তাকে সফটওয়্যার বলে। সফটওয়্যার এক অদৃশ্য শক্তি, যা ছাড়া হার্ডওয়্যার অকার্যকর। তাই কম্পিউটারের প্রাণ বলা হয় সফটওয়্যারকে। তবে মোবাইল ডিভাইসের প্রাণ বলা হয় অ্যাপকে (App)।

❑ **সফটওয়্যারের প্রকারভেদ:** সফটওয়্যারের কাজের প্রকৃতি অনুসারে কম্পিউটার সফটওয়্যারকে প্রধানত ২ ভাগে ভাগ করা যায়। যথা-

ক. সিস্টেম সফটওয়্যার (System Software)

খ. ব্যবহারিক সফটওয়্যার (Application Software)

Scanned with CamScanner CamScanner

📖 **সিস্টেম সফটওয়্যার (System Software):** সিস্টেম সফটওয়্যার হলো এমন কতকগুলো প্রোগামের সমষ্টি, যেগুলোর মাধ্যমে কম্পিউটার সকল হার্ডওয়্যার ও সফটওয়্যার নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং কার্যকরি করতে সহায়তা করে। সিস্টেম সফটওয়্যার ছাড়া কম্পিউটার পরিচালনা করা অসম্ভব। এটি কম্পিউটার ইউজারের সঙ্গে সফটওয়্যার ও হার্ডওয়্যারের যোগাযোগ স্থাপন করে দেয়। সেজন্য সিস্টেম সফটওয়্যারকে 'অপারেটিং সিস্টেম' নামেও অভিহিত করা হয়। অর্থাৎ, সিস্টেম সফটওয়্যারের আরেক নাম এগুলো 'অপারেটিং সিস্টেম'। এখানে উল্লেখ্য যে, কম্পিউটারের যে ডিস্কে সিস্টেম সফটওয়্যার থাকে তাকে 'স্টার্ট আপ ডিস্ক' বলা হয়।



উদাহরণস্বরূপ বলা যায় যে, বাজার থেকে নতুন কেনা কোনো স্ক্যানার কম্পিউটারে লাগিয়ে স্ক্যান করতে হলে ঐ স্ক্যানারের ডিভাইস ড্রাইভার বা সফটওয়্যার ড্রাইভার ইন্সটল করতে হবে।

৩) **ইউটিলিটি প্রোগাম (Utility Program):** কম্পিউটারকে বিভিন্ন প্রকার ভাইরাস থেকে সুরক্ষা, রক্ষণাবেক্ষণ, ডেটা ও প্রোগ্রামের ব্যাক-আপ, ডিজাস্টার রিকোভারিসহ বিভিন্ন ধরনের কাজের সুবিধা প্রদানকারী প্রোগ্রামকে ইউটিলিটি সফটওয়্যার বলা হয়। ইউটিলিটি সফটওয়্যারের উৎকৃষ্ট উদাহরণ হলো অ্যান্টিভাইরাস সফটওয়্যার। নিম্নে আরো কিছু গুরুত্বপূর্ণ ইউটিলিটি সফটওয়্যারের উদাহরণ দেয়া হলো-

✓ ডিস্ক ডিফ্রাগমেন্টেশন (Dish Defragmentation)
✓ ফাইল হ্যান্ডেলার (File Handler)
✓ লিংকার প্রোগ্রাম (Linker Program)
✓ লাইব্রেরি প্রোগ্রাম (Library Program)

Scanned with CamScanner CamScanner

৪.১০ বাংলা লেখার সফটওয়্যার

'বিজয়' হলো কম্পিউটারে বাংলা লেখার জন্য পূর্ণাঙ্গ প্রথম সফটওয়্যার। বিজয়ের উদ্ভাবক হলেন মোস্তফা জব্বার। এটি ১৯৮৮ সালে প্রথম রিলিজ করেন অ্যাপেলের মেকিনটশ কম্পিউটারের জন্য। অবশ্য পরে অন্যান্য কম্পিউটারে ব্যবহারের উপযোগী করা হয়। এর পর ২০০৩ সালে মেহেদি হাসান উদ্ভাবন করেন বাংলা লেখার সফটওয়্যার 'অভ্র'। এই 'অভ্র' সফটওয়্যারের কারণে ইন্টারনেটে বাংলা লেখালেখি বেশ সহজলভ্য ও জনপ্রিয় হয়ে ওঠে। অতএব, বিজয়, অভ্র হলো বাংলা লেখার দুটি জনপ্রিয় সফটওয়্যার। মনে রাখুন- সুতনী, সুলেখা, রূপসা ইত্যাদি হলো বাংলা লেখার ফন্ট।

উল্লেখ্য যে, দৃষ্টিহীনদের জন্য আবিষ্কৃত বাংলায় প্রথম সফটওয়্যারের নাম 'আইসাইট'। বাংলায় প্রথম সার্চ ইঞ্জিনের নাম 'পিপীলিকা'।

১. নিচের কোনটি বাংলা লেখার সফটওয়্যার?
ক. সুতনী খ. রূপসা
গ. বিজয় ঘ. সুলেখা উত্তর : (গ)

২. নিচের কোনটি বাংলা লেখার সফটওয়্যার?
ক. সুতনী খ. অভ্র
গ. রূপসা ঘ. সুলেখা উত্তর : (খ)

৩. বাংলা লেখার সফটওয়্যার 'বিজয়' এর উদ্ভাবক কে?
ক. মেহেদি হাসান খ. হানিফ মিয়া
গ. মোস্তফা জব্বার ঘ. রফিকুল ইসলাম উত্তর : (গ)

৪.১১ সামাজিক যোগাযোগ সাইট

- **ফেইসবুক:** বিশ্বের সবচেয়ে জনপ্রিয় সামাজিক যোগাযোগ সাইট হলো- ফেইসবুক। এখানে ছবি, ভিডিও, টেক্সট সবই শেয়ার করা যায়। এটি ২০০৪ সালে মার্ক জুকারবার্গ প্রতিষ্ঠা করেন। ফেইসবুকের সদর দপ্তর ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র।
- **ইউটিউব:** ইউটিউব হলো বিশ্বের সবচেয়ে জনপ্রিয় ভিডিও শেয়ারিং সাইট। ইউটিউবের সহ-প্রতিষ্ঠাতা হলেন বাংলাদেশি বংশোদ্ভূত জাবেদ করিম। তিনি চ্যাড হার্লি ও স্টিভেন চেনের সাথে মিলিভাবে ২০০৫ সালে ইউটিউব প্রতিষ্ঠা করেন। ইউটিউবের সদর দপ্তর ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র।
- **ইন্সটাগ্রাম:** ছবি শেয়ারিং এর জন্য বিশ্বের সবচেয়ে জনপ্রিয় সামাজিক যোগাযোগ সাইট হলো- ইন্সটাগ্রাম। ইন্সটাগ্রাম প্রতিষ্ঠিত হয়- ২০১০ সালে। এটির বর্তমান মালিকানা ফেইসবুক কর্তৃপক্ষের। এর সদর দপ্তর ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র।
- **লিংকেডইন:** পেশাজীবীদের অন্যতম জনপ্রিয় সামাজিক যোগাযোগ সাইট হলো - লিংকডইন।
- **টুইটার:** টুইটার হলো একটি মাইক্রোব্লগ ও অন্যতম জনপ্রিয় সামাজিক যোগাযোগ সাইট।
- **টিকটক:** টিকটক হলো চীন ভিত্তি স্বল্প দৈর্ঘ্যের ভিডিও শেয়ারিং এর অন্যতম জনপ্রিয় সামাজিক যোগাযোগ সাইট।

*বি.দ্র: মনে রাখবেন- 'উইকিপিডিয়া' হলো একটি উন্মুক্ত বিশ্বকোষ। এটি কোনো সামাজিক যোগাযোগ সাইট বা সার্চ ইঞ্জিন নয়। আর বাংলাদেশের প্রথম সামাজিক যোগাযোগ সাইট হলো- বেশ্‌তো। এটি ২০১৩ সালে যাত্রা শুরু করে।

১. নিচের কোনটি অন্য তিনটি থেকে আলাদা ওয়েবসাইট?
ক. ফেসবুক খ. ইউটিউব
গ. টুইটার ঘ. ইন্সটাগ্রাম
উত্তর : (খ)। ইউটিউব হলো একটি ভিডিও শেয়ারিং সাইট। অন্যদিকে, ফেসবুক, টুইটার, ইন্সটাগ্রাম হলো সামাজিক যোগাযোগ সাইট।

২. নিচের কোনটি সামাজিক যোগাযোগ সাইট নয়?
ক. ফেসবুক খ. টুইটার
গ. উইকিপিডিয়া ঘ. ইন্সটাগ্রাম উত্তর : (গ)

৪.১২ কম্পিউটারের গুরুত্বপূর্ণ Abbreviation

** DOCSIS- Data Over Cable Service Interface Specification
** PC- Personal Computer
** OS- Operating System
* DOS- Disk Operating System
* OSI- Open Systems Interconnection
*** DB- Database
** DBMS- Database Management System
*** CMS- Content Management System
*** CSS- Cascading Style Sheet
** IC- Integrated Circuit
* QUEL- Query Language
*** SQL- Structured Query Language
*** PDF- Portable Document File
*** BIOS- Basic Input Output System
*** IPOS- Input, Processing, Output and Storage
** Cc- Carbon Copy
** Bcc- Blind Carbon Copy
*** RAM- Random Access Memory
** DRAM- Dynamic Random Access Memory
** SRAM- Static Random Access Memory
*** ROM- Read Only Memory
** PROM- Programmable Read Only Memory
** SSD- Solid State Device
** CD-ROM: Compact Disc Read Only Memory
*** LAN- Local Area Network
** MAN- Metropolitan Area Network
*** WAN- Wide Area Network

Scanned with CamScanner CamScanner

* WLAN- Wireless Local Area Network
** PAN- Personal Area Network
*** VPN- Virtual Private Network
** LCD- Liquid Crystal Display
** LED- Light Emitting Diode
** GPU- Graphics Processing Unit
*** CPU- Central Processing Unit
*** ALU- Arithmetic Logic Unit
*** FTP- File Transfer Protocol
** SMTP- Simple Mail Transfer Protocol
*** HTTP- Hypertext Transfer Protocol
*** HTTPS- Hypertext Transfer Protocol Secure
*** HTML- Hypertext Markup Language
** XHTML- Extensible Hypertext Markup Language
** XML- Extensible Markup Language
*** OMR- Optical Mark Reader
*** OCR- Optical Character Recognition
*** MICR- Magnetic Ink Character Recognition (Reader)
*** ISP- Internet Service Provider

* DPI- Dot per Inch
*** URL- Uniform Resource Locator
** IBM- International Business
*** PDA- Personal Digital Assistant
*** VLSI-Very Large Scale integration
*** NIC- Network Interface Card
** VDU- Video Display Unit
** VGA- Video Graphics Array
** CRT- Cathode Ray Tube
** PCI- Peripheral Component Interconnect
** BCD- Binary Coded Decimal
** ARPANET- Advanced Research Project Network Agency
** Internet- International Network
** ICANN- The International Corporation for Assigned Names and Numbers
** DNS- Domain Name System
** TLD- Top Level Domain
** IMAP- Internet Message Access Protocol

*** GUI- Graphical User Interface
*** ASCII- American Standard Code for Information Interchange
*** SPSS- Statistical Package for the Social Sciences
*** POST- Power-On Self Test
*** USB- Universal Serial Bus
** WWW- World Wide Web
** W3C- World Wide Web Consortium
*** WiFi- Wireless Fidelity
** WiMAX- Worldwide Interoperability for Microwave Access
** IP- Internet Protocol
** IP Address- Internet Protocol Address
*** TCP- Transmission Control Protocol
*** WAP- Wireless Application Protocol
*** ATM- Automated Teller Machine
*** VoIP- Voice over Internet Protocol
** POP- Post Office Protocol

** CDMA- Code Division Multiple Access
** RFID- Radio Frequency Identification
* EDGE- Enhanced Data rates for GSM Evolution
*** GPRS- General Packet Radio Service
*** GPS- Global Positioning System
** GSM- Global System for Mobile Communication
* GIS- Geographic Information System
** HSPA- High Speed Packet Access
** HD- High Definition
*** HDMI- High Definition Multimedia Interface
*** SIM- Subscriber Identity Module
*** SMS- Short Message Service
*** MMS- Multimedia Message Service
** PAL- Phase Alternate by Line
** UMTS- Universal Mobile Telecommunication System
** DSLR- Digital Single-Lens Reflex
** PIXEL- Picture Element
** 3G- 3rd Generation

Scanned with CamScanner CamScanner

সাম্প্রতিক সাধারণ জ্ঞান : বাংলাদেশ

জাতীয় বাজেট ২০২৩-২০২৪

বাংলাদেশের জাতীয় বাজেট থেকে প্রায়ই প্রশ্ন থাকে। তাই ২০২৩-২৪ সালের অর্থবছরের বাজেটের শুধু গুরুত্বপূর্ণ অংশটুকু দিলাম (সব পড়ে মাথা নষ্ট করবেন না!)।

- তম: ৫৩তম বাজেট (একটি অন্তবর্তীকালীন বাজেটসহ)
- বাজেট ঘোষণা/উপস্থাপন করা হয়: ১ জুন, ২০২৩।
- জাতীয় সংসদে বাজেট পাশ : ২৬ জুন, ২০২৩।
- বাজেট কার্যকর : ১ জুলাই, ২০২৩।
- বাজেটের আকার: ৭,৬১, ৭৮৫ কোটি টাকা (জিডিপি এর ১৫.২০%)
- বৈদেশিক অনুদান : ৩,৯০০ কোটি টাকা।
- বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (ADP) বরাদ্দ : ২ লাখ ৬৩ হাজার কোটি টাকা। (বাজেটের ৩৪.৫%)
- জিডিপি এর আকার ধরা হয়েছে: ৫০,০৬,৭৮২ কোটি টাকা।
- জিডিপি প্রবৃদ্ধির হার ধরা হয়েছে : ৭.৫%
- মূল্যস্ফীতির হার ধরা হয়েছে : ৬.০০%
- সবচেয়ে বেশি বাজেট বরাদ্দ: জনপ্রশাসন খাতে
- দ্বিতীয় সর্বোচ্চ বরাদ্দ : শিক্ষা ও প্রযুক্তি খাতে
- করমুক্ত সাধারণ আয়সীমা (ব্যক্তি শ্রেণি) : ৩ লক্ষ ৫০ হাজার টাকা; মহিলা ও ৬৫+ বয়সীদের জন্য করমুক্ত আয়সীমা ৪ লক্ষ টাকা।
- দেশে বৈধ চ্যানেলে রেমিট্যান্স পাঠালে নগদ ২.৫% প্রণোদনা

অর্থনৈতিক সমীক্ষা ২০২৩

অর্থনৈতিক সমীক্ষা প্রায়ই প্রশ্ন থাকে। তাই অর্থনৈতিক সমীক্ষা ২০২৩-এর শুধু গুরুত্বপূর্ণ অংশটুকু দিলাম (সব পড়ে মাথা নষ্ট করবেন না!)

১। মোট জনসংখ্যা: ১৬৯.৮৩ মিলিয়ন বা ১৬.৯৮৩ কোটি।
২। জনসংখ্যা বৃদ্ধির হার: ১.৩০%
৩। পুরুষ-মহিলা অনুপাত: ৯৮.১ ঃ ১০০
৪। জনসংখ্যার ঘনত্ব: ১,১৫৩ জন (প্রতি বর্গ কিলোমিটারে)
৫। এক বছরের কম বয়সী শিশু মৃত্যুহার: ২২ জন (প্রতি হাজারে)
৬। প্রত্যাশিত গড় আয়ু: ৭২.৩ বছর
৭। সাক্ষরতার হার: ৭৬.৪%
৮। দারিদ্র্যের হার: ১৮.৭%
৯। চরম দারিদ্র্যের হার: ৫.৬০%
১০। GDP প্রবৃদ্ধির হার: ৬.০৩%
১১। গড় মূল্যস্ফীতি: ৭.৫%
১২। চলতি মূল্যে মাথাপিছু আয়: ২, ৭৬৫ মার্কিন ডলার
১৩। চলতি মূল্যে মাথাপিছু জিডিপি: ২,৬৫৭ মার্কিন ডলার
১৪। চলতি মূল্যে জিডিপি'র পরিমাণ: ৪৪,৩৯,২৭৩ কোটি টাকা
১৫। স্থির মূল্যে জিডিপি'র পরিমাণ: ৩২,১৮,০৩১ কোটি টাকা
১৬। GDP-তে কৃষি খাতের অবদান: ১১.৩৮% (প্রবৃদ্ধি : ২.৬১%)
১৭। GDP-তে শিল্প খাতের অবদান: ৩৫.৫৫% (প্রবৃদ্ধি : ৮.১৮%)
১৮। GDP-তে সেবা খাতের অবদান: ৫৩.০৭% (প্রবৃদ্ধি : ৫.৮৪%)
২০। মোট শ্রমশক্তি : ৭.৩৪ কোটি

সর্বজনীন পেনশন কর্মসূচি

১. 'সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা বিল-২০২৩' জাতীয় সংসদে পাশ হয়- ২৪ জানুয়ারি, ২০২৩
২. নতুন করে 'জাতীয় পেনশন কর্তৃপক্ষ কবে গঠিত হয়?- ২ এপ্রিল, ২০২৩। ১ জন নির্বাহী চেয়ারম্যান ও ৪ জন সদস্য। অর্থাৎ, মোট ৫ সদস্য বিশিষ্ট। তাদের পদের মেয়াদ ৩ বছর করে।
৩. 'সর্বজনীন পেনশন স্কিম বিধিমালা, ২০২৩' জারি করা হয়- ১৩ আগস্ট, ২০২৩।
৪. সর্বজনীন পেনশন কর্মসূচির উদ্বোধন করা হয়- ১৭ আগস্ট, ২০২৩
৫. কত সালের মধ্যে সবার জন্য সর্বজনীন পেনশন ব্যবস্থা বাধ্যতামূলক করা হবে- ২০৩০ সালের মধ্যে
৬. সর্বজনীন পেনশন স্কিমে মোট কত ধরনের স্কিম রয়েছে- ৪ ধরনের
৭. বাংলাদেশে কত বছর থেকে কত বছর বয়স পর্যন্ত সর্বজনীন পেনশন ব্যবস্থা চালুর উদ্যোগ নিয়েছে সরকার- ১৮-৫০ বছর বয়স্কদের জন্য। তবে কেউ পেনশন পলিসি গ্রহণ করলে ৬০ বছর বয়স অতিক্রম করলে পেনশন পাওয়া শুরু করবেন।
৮. সর্বজনীন পেনশন সুবিধার আওতায় জমানো অর্থের কত শতাংশ পর্যন্ত ঋণ সুবিধা পাওয়া যাবে- ৫০% পর্যন্ত

মুজিববর্ষ ও বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী

প্রশ্ন: মুজিববর্ষের সময়কাল কত?
উত্তর : ১৭ মার্চ ২০২০-৩১ মার্চ ২০২২।
প্রশ্ন: মুজিব শতবর্ষের লোগোটির ডিজাইনার কে?
উত্তর : সব্যসাচী হাজরা।
প্রশ্ন: বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এর লোগোর ডিজাইনার কে?
উত্তর : রামেন্দ্র মজুমদার ও প্রদীপ চক্রবর্তী
প্রশ্ন: 'মুজিববর্ষ'র থিম সং এর রচয়িতা (গীতিকার) কে?
উত্তর : কামাল আবদুল নাসের চৌধুরী (কবি কামাল চৌধুরী)
প্রশ্ন: 'মুজিববর্ষ'র থিম সং এর সুরকার কে? উত্তর : নকীব খান
প্রশ্ন: 'মুজিববর্ষ' উপলক্ষে ইউনেস্কো কর্তৃক প্রবর্তিত 'UNESCO-Bangladesh Bangabandhu Sheikh Mujibur Rahman International Prize for the Creative Economy' এর আর্থিকমূল্য কত ডলার?
উত্তর : ৫০ হাজার ডলার। [এটি প্রতি ২ বছর পর পর দেয়া হবে তরুণদের অর্থনীতির ক্ষেত্রে সৃজনশীল অবদানের জন্য।]

Scanned with CamScanner CamScanner

বঙ্গবন্ধু স্যাটেলাইট

➢ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর গুরুত্বপূর্ণ প্রশ্ন ও উত্তর-

প্রশ্ন: বাংলাদেশের প্রথম স্যাটেলাইটের নাম কী?

উঃ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১। (কিন্তু বাংলাদেশের প্রথম ন্যানো স্যাটেলাইটের নাম- ব্র্যাক অন্বেষা)

প্রশ্ন: বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করা হয় কবে?

উ: ১২ মে, ২০১৮ সালে। (বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণ করা হবে ২০২৩ সালে)

প্রশ্ন: বিশ্বের কততম দেশ হিসেবে বাংলাদেশ স্যাটেলাইটের যুগে প্রবেশ করলো?

উ: ৫৭তম দেশ।

প্রশ্ন: 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২' কোন ধরনের স্যাটেলাইট?

উত্তর : ভূ-পৃষ্ঠ পর্যবেক্ষণ স্যাটেলাইট। ইংরেজিতে যাকে বলে 'Earth Observation Satellite' (EOS)। 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' ছিল মূলত 'কমিউনিকেশন স্যাটেলাইট'।

প্রশ্ন: 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২' কবে উৎক্ষেপণ করা হবে?

উত্তর : ২০২৩ সালের ডিসেম্বরে

শীর্ষ ও সর্বনিম্ন জেলা ও বিভাগ

ক্যাটাগরি	শীর্ষ/বৃহত্তম		সর্বনিম্ন/ক্ষুদ্রতম	
সাক্ষরতা	শীর্ষ বিভাগ	ঢাকা	সর্বনিম্ন বিভাগ	ময়মনসিংহ
সাক্ষরতা	শীর্ষ জেলা	পিরোজ পুর	সর্বনিম্ন জেলা	জামালপুর
জনসংখ্যা বৃদ্ধি	শীর্ষ বিভাগ	ঢাকা	সর্বনিম্ন বিভাগ	বরিশাল
জনসংখ্যা বৃদ্ধি	শীর্ষ জেলা	গাজীপুর	সর্বনিম্ন জেলা	বাগেরহাট

বাংলাদেশ বিষয়াবলির অতি গুরুত্বপূর্ণ সাম্প্রতিক প্রশ্ন

১. ২০২৩ সালের বর্ষপণ্য (প্রোডাক্ট অব দ্য ইয়ার) কোনটি?- পাটজাত পণ্য।

২. স্মার্ট বাংলাদেশের স্তম্ভ কয়টি?- স্মার্ট বাংলাদেশের ৪টি স্তম্ভ বা ভিত্তি। সেগুলো হলো- ১। স্মার্ট সিটিজেন, ২। স্মার্ট সোসাইটি, ৩। স্মার্ট ইকোনমি ও ৪। স্মার্ট গভর্নমেন্ট।

৩. কত সালের মধ্যে বাংলাদেশকে 'স্মার্ট বাংলাদেশ' হিসেবে গড়ে তোলা হবে?- ২০৪১ সালের মধ্যে।

৪. বাংলাদেশে প্রথমবারের মতো 'খাদ্য ও কৃষি সংস্থা' (FAO) এ ৩৬তম এশিয়া-প্যাসিফিক অঞ্চলের সম্মেলন (APRC) অনুষ্ঠিত হয়- ৮-১১ মার্চ, ২০২২।

৫. হাইকোর্ট 'জয় বাংলা'কে 'জাতীয় স্লোগান' হিসেবে ঘোষ করে চূড়ান্ত রায় প্রদান করে কবে?- ১০ মার্চ ২০২০।

৬. 'জয় বাংলা'কে 'জাতীয় স্লোগান' হিসেবে মন্ত্রিসভায় অনুমোদ দেয়- ২ মার্চ ২০২২।

৭. বাংলাদেশকে শতভাগ বিদ্যুতায়নের দেশ ঘোষণা করা হয়- ২ মার্চ, ২০২২।

৮. বর্তমানে দেশে স্থলবন্দর কতটি?- ২৫টি।

৯. দেশের ২৫তম স্থল বন্দরের নাম কী?- মুজিবনগর স্থলবন্দ মেহেরপুর।

১০. বর্তমানে দেশে নদীবন্দর কতটি?- ৪৩টি। ৪৩তম নদীবন্দ নাজিরগঞ্জ স্থলবন্দর, পাবনা

১১. বর্তমানে দেশে উপজেলার সংখ্যা কতটি?- ৪৯৫টি। ৪৯৫ত উপজেলা- 'ডাসার উপজেলা', মাদারীপুর।

১২. বর্তমানে দেশের গ্যাসক্ষেত্র কয়টি?- ২৯টি।

১৩. বাংলাদেশের ২৯তম গ্যাসক্ষেত্রের নাম কী?- ইলিশা-১, ভোলা

১৪. বর্তমানে (১৫ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত) দেশের জিআই পণ্য- ১৭টি। দেশের ১৭তম জিআই পণ্য কোনটি?- নাটোরের কাঁচাগোল্লা।

১৫. এখন পর্যন্ত কতটি অর্থনৈতিক অঞ্চলকে সরকার অনুমোদ দিয়েছে?- ৯৭টি।

১৬. 'মারমা-বাংলা অভিধান'- এর সংকলক কে- জুয়েল বড়ুয়া

১৭. বাংলাদেশের সবচেয়ে বড় বায়ু বিদ্যুৎ কোথায় স্থাপন হবে- কক্সবাজার

১৮. নাটোরের 'দিঘাপাতিয়া রাজবাড়ি' এর নাম থেকে 'উত্তরা গণভবন' নামকরণ করেন কে- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (১৯৭২ সালে)

১৯. নাটোরের 'দিঘাপাতিয়া রাজবাড়ি' নির্মাণ করেন- দয়ারাম রায় (১৭৩ সালে)

২০. বাংলাদেশে প্রথম 'আশ্রয়ণ প্রকল্প' চালু হয় কত সালে- ১৯৯ সালে। কক্সবাজার জেলার সেন্ট মার্টিনে প্রথম চালু করা হয়।

২১. 'আশ্রয়ণ প্রকল্প-২' চালু করা হয় কবে- ২০১০ সালে

২২. সেন্ট মার্টিন ও তার আশেপাশের কত বর্গ কিলোমিটার এলাকাকে 'সেন্ট মার্টিন প্রটেক্টেড এরিয়া' হিসেবে ঘোষণা করা হয়- ১,৭৪৩ বর্গ কিলোমিটার

২৩. বাংলাদেশে প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য কমিশনার হতে ন্যূনতম কত বছর বয়সী হতে হবে- ৫০ বছর।

২৪. বাংলাদেশের সবচেয়ে বড় ও আধুনিক আন্ডার পাসের নাম কী- সুরসপ্তক

২৫. বাংলায় দেশের সর্বপ্রথম ইন্টারনেট ব্রাউজারের নাম কী?- দুখ

Scanned with CamScanner CamScanner

৬. আইসিটি শিল্পের বিকাশের জন্য সারাদেশে স্থাপিত হচ্ছে- ২৮টি হাইটেক পার্ক

২৭. প্রকাশিতব্য গ্রন্থ 'বঙ্গবন্ধুর স্মৃতিকথা'-এর রচয়িতা- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

২৮. কারাগার থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান লিখিত চিঠিপত্র নিয়ে সংকলিত গ্রন্থের নাম কী?- চিঠিপত্র : শেখ মুজিবুর রহমান।

২৯. বঙ্গবন্ধুর ২০০টি ভাষণ সংকলিত বই 'ভায়েরা আমার' গ্রন্থের ভূমিকা লিখেন কে?- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৩০. "My Father, My Bangladesh" গ্রন্থের লেখক কে?- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৩১. বঙ্গবন্ধু মানমন্দির কোথায় নির্মাণ/বঙ্গবন্ধু মহাকাশ অবলোকন কেন্দ্র করা হবে?- ভাঙ্গা, ফরিদপুর।

৩২. "BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN : Philosophy, Politics and Policies" নামক গ্রন্থের লেখক কে- অধ্যাপক রেহমান সোবহান ও অধ্যাপক রওনক জাহান

৩৩. "Mujib : The Making of a Nation" নামক বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক চলচ্চিত্রটির পরিচালক কে- ভারতের বিখ্যাত চলচ্চিত্র নির্মাতা শ্যাম বেনেগাল

৩৪. বঙ্গবন্ধুকে নিয়ে বাংলাদেশ-ভারতের যৌথ প্রযোজনায় নির্মিত চলচ্চিত্রের নাম কী- "মুজিব : একটি জাতির রূপকার" (চলচ্চিত্রটির পরিচালক- ভারতের বিখ্যাত চলচ্চিত্র নির্মাতা শ্যাম বেনেগাল)

৩৫. 'বঙ্গবন্ধু লাইভ ম্যাংগো' মিজিয়াম কোথায় অবস্থিত- শিবগঞ্জ, চাপাইনবাবগঞ্জ

৩৬. 'বঙ্গবন্ধু সামরিক জাদুঘর' কোথায় অবস্থিত- বিজয় সরণি, ঢাকা (উদ্বোধন করা হয়- ৬ জানুয়ারি ২০২২)

৩৭. 'শেখ হাসিনা ধরলা সেতু' সেতুবন্ধন করেছে- কুড়িগ্রাম ও লালমনিরহাট জেলাকে

৩৮. শেখ কামাল ইন্টারন্যাশনাল স্পোর্টস কমপ্লেক্স কোথায় নির্মিত হচ্ছে- কক্সবাজার

৩৯. 'শেখ হাসিনা নকশিপল্লি' অবস্থিত- জামালপুর জেলায়।

৪০. প্রস্তাবিত 'প্লাস্টিক নগরী' হবে- ঢাকার কেরানীগঞ্জে

৪১. প্রস্তাবিত 'পোশাক শিল্প পার্ক' নির্মিত হবে- মুন্সিগঞ্জের গজারিয়া থানা বাউশিয়াতে।

৪২. বাংলাদেশের 'ট্যানারি শিল্প নগরী' অবস্থিত- ঢাকার সাভারে।

৪৩. দেশের প্রথম পোষাপ্রাণীর হাসপাতাল- ঢাকার পূর্বাচলে অবস্থিত।

৪৪. বাংলাদেশের সর্বাধুনিক কমপ্লেক্স 'বঙ্গবন্ধু কমপ্লেক্স' নির্মিত হচ্ছে- সিলেটে

৪৫. জাতীয় ডেটা সেন্টার বা তথ্যভাণ্ডার- কালিয়াকৈর, গাজীপুর।

৪৬. যে তিনটি অর্থনৈতিক অঞ্চল বা 'ইকোনমিক জোন' নিয়ে 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর' গঠিত- ফেনী, মিরসরাই ও সিতাকুণ্ড।

৪৭. 'নিকলী হাওর' অবস্থিত- কিশোরগঞ্জ।

৪৮. মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য 'বীর'- নিকুঞ্জ গেট, ঢাকায় অবস্থিত; নকশাকার- হাজ্জাজ কায়সার।

৪৯. দেশের বৃহত্তম যুদ্ধ বিমানঘাঁটির নাম- বিমানবাহিনী বঙ্গবন্ধু

৫০. 'বানৌজা শেখ মুজিব নৌঘাঁটি' অবস্থিত- ঢাকার খিলক্ষেত।

৫১. সরকার ঘোষিত দেশের প্রথম আধুনিক থানা- ঢাকার হাতিরঝিল থানা

৫২. বাংলাদেশে আশ্রিত শিশুদের লেখাপড়ার দায়িত্বে জাতিসংঘের যে সংস্থাটি কাজ করছে- ইউনিসেফ

৫৩. হাইকোর্ট বিভাগ প্রকৃতির কোন উপাদানকে জীবন্ত সত্তা (লিগ্যাল পারসন) ঘোষণা করেছে- নদ-নদীকে।

৫৪. বাংলাদেশের চতুর্থ সমুদ্রবন্দর ও প্রথম গভীর সমুদ্রবন্দর নির্মিত হচ্ছে- কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার মাতারবাড়িতে।

৫৫. নির্মিতব্য বাংলাদেশের প্রথম গভীর সমুদ্রবন্দর মাতারবাড়ি সমুদ্রবন্দর নির্মাণে বাংলাদেশকে আর্থিক ও কারিগরি সহায়তা করছে কোন দেশ- জাপান

৫৬. বাংলাদেশের দীর্ঘতম রানওয়ে হতে যাচ্ছে- কক্সবাজার আন্তর্জাতিক বিমানবন্দরে

৫৭. ঢাকা, চট্টগ্রাম ও সিলেটের পর সরকার ৪র্থ আন্তর্জাতিক বিমানবন্দর নির্মাণ করছে- কক্সবাজার আন্তর্জাতিক বিমানবন্দর

৫৮. বাংলাদেশে 'বে-টার্মিনাল' নির্মিত হচ্ছে- চট্টগ্রাম বন্দরে। বে-টার্মিনালকে বলা হচ্ছে - 'আজ এবং আগামীর বন্দর'। বঙ্গোপসাগরের বুকে ২,৫০০ একর জায়গার উপর এই টার্মিনাল নির্মিত হচ্ছে।

৫৯. 'বঙ্গবন্ধু বস্ত্র ও পাট জাদুঘর' স্থাপিত হবে- নরায়াণগঞ্জ জেলার রূপগঞ্জ থানার তারাবোয়

৬০. 'দ্য স্ট্যাচু অব স্পিচ অ্যান্ড ফ্রিডম' নামের বঙ্গবন্ধুর ভাস্কর্যটি অবস্থিত- ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলায়। (উচ্চতা: ১২৩ ফুট। স্থপতি- কীর্তিবাস রায় ও আজাদ রানা)

৬১. বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত দেশের প্রথম 'গ্রিনবন্ড' হলো- সাজেদা ফাউন্ডেশন

৬২. বিশ্বের প্রথম দেশ হিসেবে কোন দেশ 'সিঙ্গেল-ইউজ প্লাস্টিক' এর ব্যবহার নিষিদ্ধ করে- বাংলাদেশ

৬৩. বর্তমানে সরকারি তালিকামুক্ত মুক্তিযোদ্ধাদের মাসিক সম্মানী ভাতা- ২০ হাজার টাকা

৬৪. 'অসমাপ্ত আত্মজীবনী' অবলম্বনে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের নাম- চিরঞ্জীব মুজিব (পরিচালক- নজরুল ইসলাম)

৬৫. মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্প্রতি যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড অঙ্গরাজ্যে উদ্বোধন করেন- 'বাংলাদেশ হাউজ' এর।

Scanned with CamScanner CamScanner

৬৬. সম্প্রতি 'বাংলাদেশ রোড' এর উদ্বোধন করা হয়- দক্ষিণ সুদানের রাজধানী জুবা।

৬৭. বিশ্বের দীর্ঘতম মেরিন ড্রাইভ নির্মিত হচ্ছে- চট্টগ্রামের মিরসরাই থেকে কক্সবাজার পর্যন্ত প্রায় ২৫০ কিলোমিটার দৈর্ঘ্যের মেরিন ড্রাইভ।

৬৮. বাংলাদেশে পরীক্ষামূলকভাবে ৫জি চালু হয়- ১২ ডিসেম্বর ২০২১ (চালু করে- টেলিটক বাংলাদেশ লিমিটেড)

৬৯. বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ নিয়ে ইংরেজি ভাষায় নির্মিতব্য প্রথম পূর্ণাঙ্গ চলচ্চিত্রের নাম- জ্যাঁ কুয়ে ১৯৭১ (পরিচালক- ফখরুল আরেফীন খান)

৭০. বাংলাদেশের একমাত্র 'Living Entity' মর্যাদাপ্রাপ্ত নদী - তুরাগ নদী

৭১. বাংলাদেশ তৃতীয় সাবমেরিন ক্যাবল 'SEA-ME-WE 6' কনসোর্টিয়ামে যুক্ত হবে কবে- ২০২৪ সালে (এই বিষয়ে চুক্তি স্বাক্ষরিত হয় ২৩ সেপ্টেম্বর ২০২১)

৭২. সর্বশেষ নিয়োগপ্রাপ্ত জাতীয় অধ্যাপক (৩০ আগস্ট, ২০২২)- এম কিউ কে তালুকদার

৭৩. আলোচিত ঘুমধুম ও তুমব্রু সীমান্ত কোথায় অবস্থিত- নাইক্ষ্যছড়ি, বান্দরবান জেলা। (এটি মিয়ানমারের সীমান্তবর্তী)

৭৪. বাংলাদেশের প্রথম ৬ লেন-বিশিষ্ট সেতুর নাম কী- মধুমতি সেতু (মধুমতি নদীর উপর নির্মিত। এই সেতুর পূর্ব পাড়ে গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলা এবং পশ্চিম পাশে নড়াইলের লোহাগড়া উপজেলা অবস্থিত। মধুমতি সেতুর দৈর্ঘ্য ৬৯০ মিটার।

৭৫. বাংলাদেশের শেয়ারবাজারে প্রথমবারের মতো সরকারি বন্ডের লেনদেন শুরু হয় কবে- ১০ অক্টোবর ২০২২।

৭৬. বাংলাদেশ কত সাল পর্যন্ত ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহে শুল্কমুক্ত রপ্তানি সুবিধা পাবে?- ২০২৯ সালে।

৭৭. ২০২২ সালে কোন দেশ বাংলাদেশের সাথে ভিসা অব্যাহতি চুক্তি কার্যকর করে?- ওমান।

৭৮. মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রথম কোন দুটি জেলাকে প্রথম ভূমিহীনও গৃহহীনমুক্ত ঘোষণা করেন?- মাগুরা ও পঞ্চগড় জেলাকে।

৭৯. বাংলাদেশের প্রথম 'স্মার্ট উপজেলা' হিসেবে কোন উপজেলাকে ঘোষণা করা হয়- শিবচর উপজেলা, মাদারীপুর।

৮০. বাংলাদেশের সবচেয়ে বড় কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র কোনটি?- পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র। এটি বর্তমানে বাংলাদেশের সর্ববৃহৎ তাপবিদ্যুৎ কেন্দ্রও বটে।

৮১. বাংলাদেশের সবচেয়ে বড় সৌরবিদ্যুৎ প্রকল্প কোনটি?- গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলায় অবস্থিত 'তিস্তা সোলার লিমিটেড'। (উৎপাদন ক্ষমতা: ২০০ মেগাওয়াট। নির্মিত হয়েছে ৬৫০ একর জমির উপর। উল্লেখ্য যে, দেশের প্রথম সরকারি সৌর বিদ্যুৎ কেন্দ্রের নাম- 'কাপ্তাই সৌর বিদ্যুৎ কেন্দ্র', রাঙামাটি জেলা।)

৮২. বাংলাদেশের প্রথম ও বিশ্বের সর্ববৃহৎ জলবায়ু উদ্বাস্তু আশ্রয়কেন্দ্র উদ্বোধন করা হয় কোথায়?- কক্সবাজার জেলায় 'খুরুশকুল আশ্রয়ণ প্রকল্প'

৮৩. জলবায়ু গবেষণায় বাংলাদেশের প্রথম ক্লাইমেট সেন্টার কোথায় অবস্থিত?- শ্রীপুর, গাজীপুর।

৮৪. জলবায়ু গবেষণায় বাংলাদেশের প্রথম ক্লাইমেট সেন্টার এর যাত্রা শুরু হয় কবে?- ১ অক্টোবর ২০২২।

৮৫. বাংলাদেশের হালদা নদীর বর্তমান নাম কী?- বঙ্গবন্ধু মৎস্য হেরিটেজ।

৮৬. বর্তমানে বাংলাদেশ ব্যাংকের গভর্নরদের অবসরের সর্বোচ্চ বয়সীমা কত?- ৬৭ বছর (পূর্বে ছিল- ৬৫ বছর)

৮৭. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন চলচ্চিত্রে অভিনয় করেছিলেন?- চাষী নজরুল ইসলাম পরিচালিত 'সংগ্রাম' চলচ্চিত্রে।

৮৮. দেশের সপ্তম ব্যাংক নোট কত টাকা মূল্যমানের?- ২০০ টাকা। (বাজারে ছাড়ে ১৭ মার্চ ২০২০ সালে)

৮৯. বাংলাদেশে প্রথম পরিবেশবান্ধব e-SIM (Embedded SIM) চালু করে কোন মোবাইল অপারেটর?- গ্রামীণফোন (৭ মার্চ)

৯০. বাংলাদেশ 'নিউ ডেভেলপমেন্ট ব্যাংক' (NDB) এর সদস্যপদ লাভ করে- ১৬ সেপ্টেম্বর ২০২১।

৯১. ২০২২ সালে 'গ্লোবাল অ্যাম্বাসেডর ফর ডায়াবেটিস' উপাধিতে ভূষিত হন কে?- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

৯২. 'জয় বাংলা' চলচ্চিত্রের পরিচালক কে?- কাজী হায়াৎ

৯৩. বাংলাদেশের ২২তম ও বর্তমান রাষ্ট্রপতি কে?- মোহাম্মদ শাহাবুদ্দিন চুপ্পু (জন্ম: পাবনা জেলায়)।

৯৪. দেশের বর্তমান ও ২৪তম প্রধান বিচারপতি- ওবায়দুল হাসান

৯৫. বাংলাদেশে আর্জেন্টিনা দূতাবাস পুনরায় চালু হয়- ২৭ ফেব্রুয়ারি, ২০২৩। (প্রথম চালু করেছিল ১৯৭৪ সালে পরে আর্জেন্টিনার সামরিক সরকার ১৯৭৮ সালে দূতাবাসটি বন্ধ করে দিয়েছিল)

৯৬. ২০২৩ সালে কোন সংস্থার শীর্ষ সম্মেলনে 'গেস্ট কান্ট্রি' হিসেবে বাংলাদেশ অন্তর্ভুক্ত হয়?- জি-২০। ২০২৩ সালের ৯-১০ সেপ্টেম্বর তারিখে ১৮তম 'G-20' শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় ভারতের নয়া দিল্লির প্রগতি ময়দানে।

৯৭. ২০২৩ সালে কোন বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধুকে মরণোত্তর 'ডক্টর অব লজ' ডিগ্রি প্রদান করে- ঢাকা বিশ্ববিদ্যালয়।

৯৮. ২০২২ সালের ১৯ নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কততম সমাবর্তন অনুষ্ঠিত হয়?- ৫৩তম।

Scanned with CamScanner CamScanner

৯৯. ২০২২ সালের ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৩তম সমাবর্তনে কাকে 'ডক্টর অব লজ' ডিগ্রি প্রদান করা হয়?- ফরাসি অর্থনীতিবিদ ডা. জেন টেরোল। তিনি সমাবর্তনের প্রধান বক্তা ছিলেন।

১০০. সম্প্রতি বাংলাদেশের বিজ্ঞানী কোন ফলের জীবনরহস্য উন্মোচন করেন?- কাঁঠালের জীবনরহস্য অধ্যাপক তোফাজ্জল ইসলামের নেতৃত্বে।

১০১. ১৯৭১ সালে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে অবদানের জন্য ২০২২ সালে কাকে 'মুক্তিযুদ্ধ মৈত্রী সম্মাননা' বা 'ফ্রেন্ডস অব লিবারেশন ওয়ার অনার' প্রদান করা হয়?- এডওয়ার্ড টেড কেনেডি।

১০২. বাংলাদেশ-ভারত মৈত্রী পাইপলাইনের দৈর্ঘ্য কত?- ১৩০ কিলোমিটার।

১০৩. বাংলাদেশের জাতীয় সংসদে 'আয়কর বিল, ২০২৩' পাস হয় কবে?- ১৮ জুন, ২০২৩।

১০৪. ব্রিটিশ সাময়িকী 'দি ইকোনোমিস্ট' ২৪ মে, ২০২৩ তারিখে কাকে 'এশিয়ার আয়রন লেডি' হিসেবে সম্বোধন করে?- প্রধানমন্ত্রী শেখ হাসিনা

১০৫. ২০২৩ সালের ২২ মার্চ তারিখে বাংলাদেশ কোন দেশের সঙ্গে ট্রানজিট চুক্তি স্বাক্ষর করে?- ভুটানের সঙ্গে

১০৬. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'জুলিও কুরি পদক' প্রাপ্তির ৫০ বছর উদযাপন করা হয় কবে?- ২৩ মে, ২০২৩ সালে

১০৭. বাংলাদেশের কোথায় প্রথম নলেজ পার্ক এর ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়?- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ

১০৮. বাংলাদেশের কোথায় বৃহত্তর পাটকল কোথায় অবস্থিত?- গোপালগঞ্জ জেলার মকসুদপুর উপজেলায়। নাম : পাটকল আকিজ জুট মিলস।

১০৯. বাংলাদেশ ও ভারতের মধ্যে রুপিতে লেনদেন শুরু হয় কবে? – ১১ জুলাই ২০২৩।

১১০. এশীয় উন্নয়ন ব্যাংকের (ADB) প্রথম বাংলাদেশি ভাইস প্রেসিডেন্ট হিসেবে নিয়োগ পান কে? – ফাতিমা ইয়াসমিন।

১১১. দেশের প্রথম নারী হিসাব মহানিয়ন্ত্রক (CGA) কে? – ফাহমিদা ইসলাম।

১১২. ২০২২-২৩ অর্থবছরে দেশের গড় মূল্যস্ফীতি কত? – ৯.০২%।

১১৩. ২০২৩ সালের জরিপ অনুযায়ী, দেশে প্রায়োগিক সাক্ষরতার হার (৭+) কত?- ৬২.৯২%।

১১৪. ২০২২ সালের খানা আয় ও ব্যয় জরিপ অনুযায়ী, উচ্চ দারিদ্র্যের হারে শীর্ষ বিভাগ কোনটি? – বরিশাল।

১১৫. ২০২২ সালের খানা আয় ও ব্যয় জরিপ অনুযায়ী, উচ্চ দারিদ্র্যের হার কম কোন বিভাগে? – খুলনা।

১১৬. বাংলাদেশের প্রথম টাকার ও মুদ্রার নকশাকার কে? – কে জি মুসতাফা।

১১৭. দেশের একক বৃহত্তম পয়ঃশোধনাগার কেন্দ্র কোথায় অবস্থিত? – খিলগাঁও, ঢাকা।

১১৮. দেশের বৃহত্তম রাবার ড্যাম নির্মাণ করা হচ্ছে কোথায়? – চাঁপাইনবাবগঞ্জ।

১১৯. পদ্মা সেতুতে পরীক্ষামূলকভাবে Electronic Toll Collection (ETC) কার্যক্রম চালু হয় কবে? – ৫ জুলাই ২০২৩।

১২০. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কিশোর বয়সের কাহিনি নিয়ে নির্মিত চলচ্চিত্রের নাম কী? – দুঃসাহসী খোকা (পরিচালক মুশফিকুর রহমান গুলজার)।

১২১. শেখ ফজিলাতুন নেছা মুজিবকে নিয়ে নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের নাম কী? – বঙ্গমাতা।

১২২. চ্যানেল ২৪-এ দেশে প্রথম বারের মতো কৃত্রিম বুদ্ধিমত্তার (AI) রোবট সংবাদ পাঠিকার নাম কী? – অপরাজিতা।

১২৩. দেশের একমাত্র চতুর্দেশীয় স্থলবন্দর কোনটি? – বাংলাবান্ধা স্থলবন্দর (তেঁতুলিয়া, পঞ্চগড়)।

১২৪. হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল কবে উদ্বোধন করা হবে? – ৭ অক্টোবর ২০২৩।

১২৫. বৈজ্ঞানিক পদ্ধতিতে নির্মিত বাংলাদেশের প্রথম উদ্যানের নাম কী? – চৈতন্য নার্সারি ও ফোরটাঙ্কস গার্ডেন, জামালপুর।

১২৬. দেশের দ্বিতীয় এলিভেটেড এক্সপ্রেসওয়ের নাম কী? – চট্টগ্রাম এলিভেটেড এক্সপ্রেসওয়ে।

১২৭. দেশের তৃতীয় চা নিলাম কেন্দ্র কোথায় অবস্থিত? – পঞ্চগড়।

১২৮. দেশের প্রথম শুল্ক নীতি গেজেট আকারে প্রকাশিত হয় কবে? – ১০ আগস্ট ২০২৩।

১২৯. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল উদ্বোধন করা হবে কবে? – ২৮ অক্টোবর ২০২৩।

১৩০. জাতিসংঘের কোন সংস্থা ২০২৩ সালে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে 'ইউএন বাংলা ফন্ট' নামে বাংলা ইউনিকোড ফন্ট উন্মুক্ত করে?- জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি)

১৩১. রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র অবস্থিত- ঈশ্বরদী, পাবনা

১৩২. বাংলাদেশের প্রথম পাতাল রেলের পথের দৈর্ঘ্যঃ ৩১.২৪ কি.মি. এবং স্টেশনের সংখ্যা- ২২টি

১৩৩. সম্প্রতি ২ দিনের সফরে ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ ঢাকায় আসেন কবে?- ১০ সেপ্টেম্বর, ২০২৩ ঢাকা ত্যাগ করেন ১১ সেপ্টেম্বর। ৩৩ বছর পর কোনো ফরাসি প্রেসিডেন্ট ঢাকায় সফরে এসছেন। উক্ত সফরে ২টি চুক্তি স্বাক্ষরিত হয়। বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণ ও স্থানীয় সরকার প্রকল্পে ঋণ প্রদানে এই ২টি চুক্তি স্বাক্ষরিত হয়।

সাম্প্রতিক সাধারণ জ্ঞান : আন্তর্জাতিক

ভারতের চন্দ্রাভিযান

- ভারতের 'চন্দ্রযান-৩' কবে উৎক্ষেপণ করা হয়? – ১৪ জুলাই ২০২৩: অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটায় সতীশ ধাওয়ান স্পেস সেন্টার থেকে এটি উৎক্ষেপণ করা হয়। চাঁদের বুকে অবতরণ করে- ২৩ আগস্ট, ২০২৩। ভারতের 'চন্দ্রযান-৩' ল্যান্ডারের নাম 'বিক্রম' এবং মুন রোভারের নাম 'প্রজ্ঞান'। উল্লেখ্য যে, ২০০৮ সালে প্রথম ভারত 'চন্দ্রাভিযান-১' উৎক্ষেপণ করেছিল।
- বিশ্বের প্রথম চাঁদের দক্ষিণ মেরুতে অবতরণ করে কোন দেশ? – ভারত। তবে, চাঁদের বুকে পা রাখা দেশে হিসেবে ভারতের অবস্থান -৪র্থ। এর আগে যুক্তরাষ্ট্র, রাশিয়া ও চীন চাঁদের বুকে পা রেখেছে। উল্লেযে, সম্প্রতি চাঁদের দক্ষিণ মেরুতে বিজ্ঞানীরা পানির অস্তিত্ব খুঁজে পয়েছেন।
- ভারতের মহাকাশ গবেষণা সংস্থার নাম- Indian Space Research Organisation (ISRO); প্রতিষ্ঠিত হয়- ১৯৬৯ সালে। বেঙ্গালুর, কর্নাটক। ভারতের মহাকাশ গবেষণার পথিকৃৎ বিজ্ঞানী বিক্রম সারাভাই এর প্রতিষ্ঠাতা।

রাশিয়া-ইউক্রেন যুদ্ধ

প্রশ্ন: সম্প্রতি রাশিয়া কবে ইউক্রেনে হামলা চালায়/যুদ্ধ শুরু হয়?
উত্তর : ২৪ ফেব্রুয়ারি, ২০২২।
প্রশ্ন: রাশিয়া ও ইউক্রেন যুদ্ধের কেন্দ্রবিন্দু কোন অঞ্চল?
উত্তর : পূর্ব ইউক্রেনের দানবাস অঞ্চল।
প্রশ্ন: রাশিয়া-ইউক্রেন যুদ্ধে ইউক্রেনের আলোচিত শহরগুলো কী কী?
উত্তর : ক্রিমিয়া, দোনেৎস্ক, লুহানস্ক, বারদিয়ানস্ক, মারিউপোল, খারকিভ, খেরসন, ওডেসা, মিকোলাইভ, চেরনিহিভ, ইরপিন, মাকারিভ, বুচা।
প্রশ্ন: ইউক্রেনে রাশিয়ার গণহত্যা চালানোর অভিযোগে জাতিসংঘের কোন সংস্থা থেকে রাশিয়ার সদস্যপদ বাতিল করা হয়?
উত্তর : UNHRC (United Nations Human Rights Council. এটি ২০০৬ সালে প্রতিষ্ঠা করা হয়। এর সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ড)
প্রশ্ন: রাশিয়া-ইউক্রেন যুদ্ধকালে কৃষ্ণসাগরে ডুবে যাওয়া যুদ্ধজাহাজটির নাম কী?
উত্তর : মস্কভা
প্রশ্ন: 'অলভিয়া সমুদ্রবন্দর' কোথায় অবস্থিত?
উত্তর : কৃষ্ণসাগর, ইউক্রেন।
প্রশ্ন: আলোচিত ওডেসা বন্দর কোথায় অবস্থিত?
উত্তর : ইউক্রেনে। এই কৃষ্ণসাগরের তীরবর্তী একটি বন্দর।
প্রশ্ন: ২০১৪ সালের ১৮ মার্চ রাশিয়া ইউক্রেনের পূর্বাঞ্চলের কোন দ্বীপ দখল করে নেয়?
উত্তর : ক্রিমিয়া উপদ্বীপ। এটি কৃষ্ণ সাগরে অবস্থিত। এর আয়তন ২৭,০০০ বর্গ কিলোমিটার। ক্রিমিয়া উপদ্বীপকেক ১৯৫৪ সালে নিকিতা ক্রুশ্চেভ এক ডিক্রির মাধ্যমে ইউক্রেনকে উপহার দেন। ২০১৪ সালের ১৮ মার্চ রাশিয়া ক্রিমিয়া উপদ্বীপকে দখল করে নেয় এবং আনুষ্ঠানিভাবে রাশিয়ার সাথে ক্রিমিয়া উপদ্বীপকে যুক্ত করে- ২০১৪ সালের ২১ মার্চ। 'সেভাস্তোপোল বন্দর' কৃষ্ণসাগরের তীরে অবস্থিত ক্রিমিয়ার একটি বন্দর। বর্তমানে এখানে রাশিয়ার সামরিক নৌ-ঘাঁটি রয়েছে।
প্রশ্ন: রাশিয়া ও ক্রিমিয়া সংযোগকারী সেতুর নাম কী?
উত্তর: কার্চ সেতু।
প্রশ্ন: রাশিয়া-ইউক্রেন যুদ্ধকে কেন্দ্র করে রাশিয়া কোন দুটি দেশে তাদের বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দিয়েছে?
উত্তর: প্রথমে ফিনল্যান্ডে; দ্বিতীয় দেশ হিসেবে লিথুয়ানিয়ায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দেয় রাশিয়া।
প্রশ্ন: ইউক্রেন-রাশিয়া যুদ্ধ শুরু হওয়ার পর ইউক্রেনের প্রেসিডেন্ট ভ্লাদিমির জেলেনস্কি প্রথম কোন দেশ সফর করেন?
উত্তর: যুক্তরাষ্ট্র।

প্রাণঘাতী নতুন ভাইরাস করোনা

প্রশ্ন: চীনে করোনাভাইরাস প্রথম সংক্রমণ করে কবে?
উত্তর: ৩১ ডিসেম্বর ২০১৯ সালে।
প্রশ্ন: বিশ্ব স্বাস্থ্য সংস্থা 'করোনাভাইরাস' এর আনুষ্ঠানিক কী নাম দিয়েছে?
উত্তর: 'COVID-19'
প্রশ্ন: 'COVID-19' এর মূল নাম কী?
উত্তর: SARS-CoV-2
প্রশ্ন: 'COVID-19' কোন ধরনের ভাইরাস?
উত্তর: RNA
প্রশ্ন: চীনের কোন শহরে সর্বপ্রথম করোনাভাইরাস প্রথম সংক্রমণ করে?
উত্তর: হুবেই প্রদেশের রাজধানী উহান শহরে

বিশ্বের গুরুত্বপূর্ণ সাম্প্রতিক সম্মেলন

প্রশ্ন: স্বল্পোন্নত দেশসমূহের (LDCs) ৫ম জাতিসংঘ সম্মেলন কবে ও কোথায় অনুষ্ঠিত হয়?
উত্তর : ৫-৯ মার্চ, ২০২৩: কাতারের রাজধানী দোহাতে।
প্রশ্ন: ২৬তম কমনওয়েলথ শীর্ষ সম্মেলন কবে অনুষ্ঠিত হয়?
উত্তর : ২০-২৬ জুন ২০২২: কিগালি, রুয়ান্ডা।।
প্রশ্ন: ২৭তম জাতিসংঘ বিশ্ব জলবায়ু পরিবর্তন সম্মেলন (COP-27) কবে অনুষ্ঠিত হয়?
উত্তর : ৬-২০ নভেম্বর ২০২২: শারম আল শেখ, মিসর।
প্রশ্ন: ২৮তম জাতিসংঘ বিশ্ব জলবায়ু পরিবর্তন সম্মেলন (COP-28) কবে অনুষ্ঠিত হবে?
উত্তর : ৩০ নভেম্বর-১২ ডিসেম্বর ২০২৩: সংযুক্ত আরব আমিরাতে।

Scanned with CamScanner CamScanner

প্রশ্ন: ৪৯তম জি-৭ সম্মেলন অনুষ্ঠিত কবে অনুষ্ঠিত হয়?
উত্তর : ১৯-২১ মে, ২০২৩; হিরোশিমা, জাপান

প্রশ্ন: ৫০তম জি-৭ সম্মেলন অনুষ্ঠিত কোথায় অনুষ্ঠিত হবে
উত্তর : পাগলিয়া, ইতালি; ২০২৪ সালে।

প্রশ্ন: ২০২৩ সালে ১৮তম 'G-20' শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
উত্তর: নয়া দিল্লি, ভারত। ৯-১০ সেপ্টেম্বর ২০২৩। উক্ত সম্মেলনে ভারত জি-২০ ভুক্ত দেশের বাইরে ৯টি দেশকে বিশেষ আমন্ত্রণ জানায়। তারমধ্যে বাংলাদেশ একটি। উক্ত সম্মেলনের আগে ৮ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও নরেন্দ্র মোদির মধ্যে বৈঠক হয়। উক্ত বৈঠকে ৩টি সমঝোতা স্মারক সই হয়। সমঝোতা স্মারকগুলো হল- কৃষি খাতে গবেষণা, সাংস্কৃতিক বিনিময় ও দুই দেশের মধ্যে রুপিতে লেনদেন। উল্লেখ্য যে, উক্ত সম্মেলনে ভারতের প্রধানমন্ত্রী আফ্রিকান ইউনিয়নকে জি-২০ এর সদস্য হতে আমন্ত্রণ জানায়।

প্রশ্ন: ১৯তম 'G-20' শীর্ষ সম্মেলন কবে ও কোথায় অনুষ্ঠিত হবে?
উত্তর: ২০২৪ সালে; রিও ডি জেনিরো, ব্রাজিল।

প্রশ্ন: ১৫তম BRICS সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
উত্তর: ২২-২৪ আগস্ট, ২০২৩; দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গ শহরের 'স্যান্ডটন কনভেনশন সেন্টার'।

প্রশ্ন: ১৬তম BRICS সম্মেলন কবে ও কোথায় অনুষ্ঠিত হবে?
উত্তর: ২০২৪ সালে; কাজান, তাতারস্তান, রাশিয়া।

প্রশ্ন: ভার্চুয়ালি ৫ম বিমস্টেক শীর্ষ সম্মেলন কবে অনুষ্ঠিত হয়?
উত্তর : ৩০ মার্চ, ২০২২ (আয়োজক দেশ- শ্রীলংকা)

প্রশ্ন: সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন (SCO) এর ২০২২ সালের শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?
উত্তর: ১৫-১৬ সেপ্টেম্বর ২০২২, সমরখন্দ, উজবেকিস্তান।

সাম্প্রতিক রিপোর্ট-সমীক্ষা

প্রশ্ন: 'EIU' এর ২০২৩ সালে প্রকাশিত রিপোর্ট অনুযায়ী, ২০২২ সালের 'গণতন্ত্র সূচকে' শীর্ষ দেশ- নরওয়ে; সর্বনিম্ন দেশ- আফগানিস্তান; গণতন্ত্র সূচকে বাংলাদেশের অবস্থান- ৭৩তম।

প্রশ্ন: ২০২৩ সালের অর্থনৈতিক স্বাধীনতা সূচকে শীর্ষ দেশ- সিঙ্গাপুর; সর্বনিম্ন- উত্তর কোরিয়া; অর্থনৈতিক স্বাধীনতা সূচকে বাংলাদেশের অবস্থান- ১২৩তম

প্রশ্ন: রিপোর্টার্স উইদাউট বর্ডারস (আরএসএফ) "বিশ্ব সংবাদ মাধ্যমের স্বাধীনতা সূচক-২০২৩" অনুযায়ী, শীর্ষ দেশ- নরওয়ে; সর্বনিম্ন দেশ- উত্তর কোরিয়া; সূচকে বাংলাদেশের অবস্থান- ১৬৫তম।

প্রশ্ন: 'আইনের শাসন সূচক-২০২২' অনুযায়ী, শীর্ষ দেশ- ডেনমার্ক, সর্বনিম্ন দেশ- ভেনিজুয়েলা। বাংলাদেশের অবস্থান- ১২৭তম। 'আইনের শাসন সূচক-২০২২' অনুযায়ী, সার্কভুক্ত দেশগুলোর মধ্যে শীর্ষ দেশ- নেপাল (৪র্থ- বাংলাদেশ); সর্বনিম্ন দেশ- আফগানিস্তান।

প্রশ্ন: 'বৈশ্বিক লিঙ্গবৈষম্য প্রতিবেদন-২০২৩' (Global Gender Gap Report-2023) অনুযায়ী, শীর্ষ দেশ- আইসল্যান্ড, সর্বনিম্ন দেশ- আফগানিস্তান। বাংলাদেশের অবস্থান- ৫৯তম। বাংলাদেশ সার্কভুক্ত দেশসমূহের মধ্যে শীর্ষে রয়েছে।

প্রশ্ন: 'বৈশ্বিক শান্তি সূচক-২০২৩' অনুযায়ী, শীর্ষ দেশ- আইসল্যান্ড, সর্বনিম্ন দেশ- আফগানিস্তান। বাংলাদেশের অবস্থান- ৮৮তম। 'বৈশ্বিক শান্তি সূচক-২০২২' অনুযায়ী, সার্কভুক্ত দেশগুলোর মধ্যে শীর্ষ দেশ- ভুটান (৩য়- বাংলাদেশ; সর্বনিম্ন দেশ- আফগানিস্তান।

প্রশ্ন: 'বিশ্ব ভাষাচিত্র প্রতিবেদন-২০২৩' অনুযায়ী, বিশ্বে সর্বাধিক ব্যবহৃত ভাষা- ইংরেজি

প্রশ্ন: 'বিশ্ব ভাষাচিত্র প্রতিবেদন-২০২৩' অনুযায়ী, মাতৃভাষা হিসেবে সর্বাধিক ব্যবহৃত ভাষা- চীনের মান্দারিন ভাষা

প্রশ্ন: 'বিশ্ব ভাষাচিত্র প্রতিবেদন-২০২৩' অনুযায়ী, বিশ্বে সর্বাধিক ব্যবহৃত ভাষার তালিকায় বাংলা ভাষার অবস্থান- ৭ম।

প্রশ্ন: 'বিশ্ব ভাষাচিত্র প্রতিবেদন-২০২৩' অনুযায়ী, মাতৃভাষা হিসেবে সর্বাধিক ব্যবহৃত ভাষার তালিকায় বাংলা ভাষার অবস্থান- ৫ম

প্রশ্ন: 'বিশ্ব বাণিজ্য সংস্থা' (WTO) এর 'বিশ্ব বাণিজ্য পরিসংখ্যান রিভিউ-২০২৩' অনুযায়ী, বিশ্বে আমদানিতে শীর্ষ দেশ- যুক্তরাষ্ট্র, বিশ্বে রপ্তানিতে শীর্ষ দেশ- চীন। পোশাক আমদানিতে শীর্ষ দেশ- যুক্তরাষ্ট্র, পোশাক রপ্তানিতে শীর্ষ দেশ- চীন। পোশাক রপ্তানিতে বিশ্বে বাংলাদেশের অবস্থান- ২য়।

প্রশ্ন: 'আঙ্কটাড' (UNCTAD) এর 'বিশ্ব বিনিয়োগ প্রতিবেদন-২০২৩' অনুযায়ী, বিশ্বে বিনিয়োগ প্রাপ্তিতে শীর্ষ দেশ- যুক্তরাষ্ট্র; বিশ্বে বিনিয়োগে শীর্ষ দেশ- চীন; বাংলাদেশে বিনিয়োগে শীর্ষ দেশ- যুক্তরাজ্য। বিদেশি বিনিয়োগ প্রাপ্তিতে স্বল্পোন্নত দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান- ৩য়।

